Vol. 146, No. I

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

(Budget Session, 2017)

(From 3rd February to 20th February, 2017)

(The 3rd, 6th, 7th, 8th, 9th, 10th, 13th, 14th, 15th, 16th, 17th and 20th February 2017)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price : ₹ 525/-

Vol. 146, No. I

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

(Budget Session, 2017)

(From 3rd Feb to 20th Feb, 2017)

(The 3rd, 6th, 7th, 8th, 9th, 10th, 13th, 14th, 15th, 16th, 17th and 20th Feb – 2017)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI K. N. TRIPATHI

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Smt. Mamata Banerjee,** Chief Minister and Minister-in-Charge, Home Department, Department of Hill Affairs, Department of Personnel and Administrative Reforms, Department of Health and Family Welfare, Department of Information and Cultural Affairs, Department of Land and Land Reforms, Minority Affairs and Madrasah Education Department, Department of Micro, Small and Medium Enterprises and Textiles.
2. **Dr. Amit Mitra,** Minister-in-Charge, Finance Department, Department of Excise, Department of Commerce and Industries, Department of Public Enterprises, Department of Industrial Reconstruction.
3. **Dr. Partha Chatterjee,** Minister-in-Charge, Department of School Education, Department of Higher Education, Department of Parliamentary Affairs.
4. **Shri Subrata Mukherjee,** Minister-in-Charge, Department of Public Health Engineering, Department of Panchayats and Rural Development.
5. **Shri Sobhandeb Chattopadhyay,** Minister-in-Charge, Department of Power and Non-conventional Energy Sources.
6. **Shri Abani Mohan Joardar,** Minister-in-Charge,
7. **Shri Firhad Hakim,** Minister-in-Charge, Department of Municipal Affairs and Department of Urban Development.
8. **Shri Aroop Biswas,** Minister-in-Charge, Public Works Department, Department of Youth Services, Department of Sports.
9. **Shri Goutam Deb,** Minister-in-Charge, Department of Tourism.
10. **Shri Sovan Chatterjee,** Minister-in-Charge, Department of Fire and Emergency Services, Department of Housing, Department of Environment.
11. **Shri Javed Ahmed Khan,** Minister-in-Charge, Department of Disaster Management, Department of Civil Defence.
12. **Shri Abdur Razzak Molla,** Minister-in-Charge, Department of Food Processing Industries and Horticulture.

13. **Shri Jyotipriya Mallick,** Minister-in-Charge, Department of Food and Supplies.

14. **Shri Suvendu Adhikari,** Minister-in-Charge, Transport Department.

15. **Shri Binay Krishna Barman,** Minister-in-Charge, Department of Forests.

16. **Shri Sadhan Pande,** Minister-in-Charge, Department of Consumer Affairs, Department of Self-Help Group and Self-Employment.

17. **Shri Purnendu Basu,** Minister-in-Charge, Department of Agriculture.

18. **Shri Rabindra Nath Ghosh,** Minister-in-Charge, North Bengal Development Department.

19. **Shri Bratya Basu,** Minister-in-Charge, Department of Information Technology and Electronics.

20. **Shri Arup Roy (Apu),** Minister-in-Charge, Department of Co-operation.

21. **Shri Shantiram Mahato,** Minister-in-Charge, Department of Paschimanchal Unnayan Affairs.

22. **Shri Chandranath Sinha,** Minister-in-Charge, Department of Fisheries.

23. **Shri Churamani Mahata,** Minister-in-Charge, Backward Classes Welfare Department.

24. **Shri Moloy Ghatak,** Minister-in-Charge, Department of Labour, Law Department, Judicial Department.

25. **Dr. Saumen Kumar Mahapatra,** Minister-in-Charge, Department of Water Resources Investigation and Development.

26. **Shri Rajib Banerjee,** Minister-in-Charge, Department of Irrigation and Waterways and Correctional Administration, Department of Refugee Relief and Rehabilitation.

27. **Dr. Asish Banerjee,** Minister-in-Charge, Department of Biotechnology, Department of Science and Technology, Department of Planning, Department of Statistics & Programme Implementation.

28. **Shri Tapan Dasgupta,** Minister-in-Charge, Department of Agricultural Marketing.

29. **James Kujur,** Minister-in-Charge, Department of Tribal Development.

30. **Shri Swapan Debnath,** Minister-of-State, Department of Animal Resources Development (Independent Charge), Department of Micro,

Small and Medium Enterprises and Textiles, Department of Land and Land Reforms.

31. **Dr. Shashi Panja,** Minister-of-State, Department of Child Development (Independent Charge), Department of Women Development and Social Welfare (Independent Charge), Department of Health and Family Welfare.

32. **Shri Manturam Pakhira,** Minister-of-State, Department of Sundarban Affairs (Independent Charge).

33. **Md. Chowdhury Siddiqullah,** Minister of State, Department of Mass Education Extension and Library Services (Independent Charge), Department of Parliamentary Affairs.

34. **Smt. Asima Patra,** Minister of State, Technical Education, Training and Skill Development Department (Independent Charge).

35. **Shri Giasuddin Molla,** Minister-of-State, Minority Affairs and Madrasah Education Department.

36. **Shri Bachchu Hansda,** Minister of State, North Bengal Development Department.

37. **Md. Ghulam Rabbani,** Minister of State, Department of Panchayats and Rural Development.

38. **Smt. Sandhya Rani Tudu,** Minister of State, Backward Classes Welfare Department.

39. **Shri Shyamal Santra,** Minister of State, Department of Panchayats and Rural Development, Department of Public Health Engineering.

40. **Md. Jakir Hossain,** Minister of State, Department of Labour.

41. **Shri Indranil Sen,** Minister of State, Department of Information and Cultural Affairs and Department of Tourism.

42. **Laxmi Ratan Shukla,** Minister of State, Department of Sports, Department of Youth Services.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker **: Shri Biman Banerjee**

Deputy Speaker **: Shri Haider Aziz Safwi**

Secretary **: Shri Jayanta Koley**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

1. Abdul Khaleque Molla, [Shri 157, Metiaburuz, S- 24 Parganas]
2. Abdul Mannan, [Shri 187-Champdani, Hooghly]]
3. Abdur Rahaman(Liton), [Shri 294-Murarai, Birbhum]]
4. Abdur Rahim Quazi, [Shri 99-Baduria, N-24 Parganas]
5. Abdur Razzak, [Shri 76-Jalangi, Murshidabad]

*6 Abdur Razzak Molla, [Shri 148-Bhangar, S-24 Parganas]

7. Abu Hena, [Shri 61-Lalgola, Murshidabad]
8. Abu Taher Khan, [Shri 74- Nowda, Murshidabad]
9. Acharjee, [Shri Amal 36-Itahar, Uttar Dinajpur]
10. Adhikari, [Shri Ananta Deb 16-Maynaguri(SC), Jalpaiguri]
11. Adhikari, [Shri Anil 13-Falakata (SC), Jalpaiguri]
12. Vacant

*13. Adhikari, [Shri Suvendu 210-Nandigram, P.medinipur]

14. Agarwal, [Shri Kanaia Lal]

29. Islampur, U.dinajpur

15. Akhruzzaman, [Shri 59-Raghunathganj, Murshidabad]
16. Alberuni Zulkarnain [Shri, 47-Malatipur, Malda]
17. Aliimran Ramz, [Shri 31-Chakulia, Uttar Dinajpur]
18. Anisur Rahaman, [Shri 75-Domkal, Murshidabad]
19. Asif Mehbub, [Shri 45-Chanchal, Malda]
20. Amirul Islam, [Shri 56-Samserganj, Murshidabad]

B

21. Bag, Shri Nabin Chandra [259-Khandaghosh (SC), Burdwan]
22. Bakshi, [Smt. Smita 165-Jorasanko, Kolkata]
23. Bandopadhyay, [Smt. Nayna, 162-Chowrangee , Kolkata]

**24. Banerjee, [Dr. Asish, 291-Rampurhat, Birbhum]

+25 Banerjee, [Shri Biman 140-Baruipur Paschim, South 24-Parganas]

*26. Banerjee, [Smt Mamata 159 - Bhabanipur , Kolkata]

*27. Banerjee, [Shri Rajib 184-Domjur, Howrah]

28. Banerjee, [Shri Tapas 280-Asansol Dakshin, Burdwan]
29. Baraik, [Shri Bulu Chik, 20-Mal (St), Jalpaiguri]
30. Bar, Shri Dulal Chandra, [94-Bagda(SC), N-24 Parganas]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

31. Barma Basunia, Shri Jagadish Chandra [6, Sitai(SC), Coochbehar]
32. Barma, Dr. Sukhbilas, [17- Jalpaiguri (SC), Jalpaiguri]
*33. Barman, Shri Binay Krishna, [2-Mathabhanga (SC), Cooch Behar]
34. Barman, Shri Hiten [5-Sitalkuchi (SC), Cooch Behar]
*35. Basu, Shri Bratya, [114-Dum Dum, North 24-Parganas]
*36. Basu, Shri Purnendu, [117-Rajarhat Gopalpur, North 24 Parganas]
37. Bauri, Shri Naresh Chandra, [284-Dubrajpur(SC), Birbhum]
38. Bauri, Shri Purna Chandra, [246-Raghunathpur (SC), Purulia]
39. Bauri, [Shri Umapada 245-Para (SC), Purulia]
40. Begum Nargis [Smt. 265-Memari, Burdwan]
41. Beltharia, [Shri Swapan Kumar, 244-Kashipur, Purulia]
42. Bhattacharjee, [Shri Amiya Kanti 211-Chandipur, Purba Medinipur]
43. Bhattacharya, [Shri Asok 26-Siliguri, Darjeeling]
44. Bhattacharya, [Shri Arindam 86-Santipur, Nadia]
45. Bhattacharya, [Shri Rabindranath, 188-Singur, Hooghly]
46. Bhattacharya, [Shri Tanmoy, 110-Dumdum(Uttar), N-24 Parganas]
47. Bhattacharya, [Shri Tushar Kanti, 255-Bishnupur, Bankura]
48. Bhowmick, [Shri Partha 104-Naihati, North 24-Parganas]
49. Bhunia, [Smt. Mamata 230-Daspur, Paschim Medinipur]
50. Bhunia, [Dr. Manas Ranjan 226-Sabang, Paschim Medinipur]
*51. Biswas, [Shri Aroop 152-Tollygunge, South 24 -Parganas]
52. Biswas, [Smt. Dipali, 44-Gazcle(SC), Malda]
53. Biswas, Shri Dipendu (Mithu), [124-Basirhat Dakshin, N-24 Parganas]
54. Biswas, [Smt. Rama 90-Ranaghat Dakshin(SC), Nadia]
55. Biswas, Dr. Ramendra Nath, [92-Kalyani (SC), Nadia]
56. Biswas, [Shri Satyajit 88-Krishnaganj(SC), Nadia]
57. Biswas, [Shri Surajit Kumar, 96-Bangaon Dakshin, N-24 Parganas]
58. Biswas, Shri Ujjal [85-Krishnanagar Dakshin, Nadia]
59. Bose, Shri Sujit, [116-Bidhan Nagar, North 24-Parganas]
60. Bouri, Shri Swapan [247-Saltora(SC), Bankura]

C

61. Chakrabarti, [Shri Chiranjeet 119-Barasat, North 24-Parganas]
62. Chakrabarty, [Shri Ashis (Nanti), 233-Garbeta, Paschim Medinipur]
63. Chakraborty, [Shri Manoj 72-Baharampur, Murshidabad]
64. Chakraborty, [Shri Samir 251-Taldangra, Bankura]
65. Chakraborty, [Shri Sourav(Ghutish), 12-Alipurduars, Jalpaiguri]
66. Chakraborty, [Shri Snehasis 195-Jangipara, Hooghly]
67. Chakraborty, [Shri Sujan 150-Jadavpur, S-24 Parganas]
68. Chakraborty, [Shri Sujit 253-Barjora, Bankura]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

69. Champramary, [Shri Wilson 11-Kalchini (ST), Jalpaiguri]
70. Chatterjee, [Shri Kamalesh(Gopal), 69-Bharatpur, Murshidabad]
*71. Chatterjee, [Dr. Partha, 154-Behala Paschim, South 24-Parganas]
72. Chatterjee, [Shri Rabindranath, 270-Katwa, Burdwan]
*73. Chatterjee, [Shri Sovan 153-Behala Purba, South 24-Parganas]
74. Chatterjee, [Shri Ujjal 282-Kulti, Burdwan]
75. Chattopadhyay, [Shri Asok Kumar 285-Suri, Birbhum]
76. Chattopadhyay, [Dr. Rabiranjan, 260-Bardhaman Dakshin, Burdwan]
*77. Chattopadhyay, [Shri Sobhandeb 160-Rashbehari, Kolkata]
78. Chowdhury, [Shri Biswanath 39-Balurghat, Dakshin Dinajpur]

D

79. Dalmiya, [Smt. Baishali 169-Bally, Howrah.]
80. Daripa, [Smt. Shampa 252-Bankura, Bankura]
81. Das, [Shri Biswajit, 95-Bongaon Uttar (SC), North 24-Parganas]
82. Das, [Shri Biswanath, 136- Joynagar(SC), S-24 Parganas]
83. Das, [Shri Goutam 41-Gangarampur(SC), D-Dinajpur]
84. Das, [Smt. Kasturi 155-Maheshtala, South 24-Parganas]
85. Das, [Shri Samares 218-Egra, Purba Medinipur]
*86. Dasgupta, [Shri Tapan 193-Saptagram, Hooghly]
87. Datta, [Shri Silbhadra 108-Barrackpur, North 24-Parganas]
88. De, [Shri Sukumar 207-Nandakumar, Purba Medinipur]
89. Deb, [Shri Ashok Kumar 156-Budge Budge, South 24-Parganas]
*90. Deb, [Shri Gautam 19-Dabgram-Phulbari, Jalpaiguri]
**91. Debnath, [Shri Swapan 268-Purbasthali Dakshin, Burdwan]
92. Debray, [Shri Santosh 276-Durgapur Purba, Burdwan]
93. Dinda, [Shri Ashok 203-Tamluk, Purba Medinipur]
94. Dolai, [Smt. Chhaya 232-Chandrakona(SC),Paschim Medinipur]
95. Dolai, [Shri Sangram Kumar 206-Moyna, Purba Medinipur]
96. Dolai, [Shri Shankar 231- Ghatal(SC), Paschim Medinipur]
97. Dutta, [Shri Gouri Sankar 78-Tehatta, Nadia]
98. Dutta, [Shri Parash 106-Jagaddal, North 24-Parganas]
99. Dutta, [Shri Runu 278-Raniganj, Burdwan]
100. Dutta, [Shri Sabyasachi 115-Rajarhat New Town, North 24-Parganas]

F

101. Fazal Karim Miah [Shri 9-Tufanganj, Coochbehar]
102. Firdousi Begum, [Smt. 151-Sonarpur Uttar, South 24-Parganas]

*103. Firhad Hakim, [Shri 158-Kolkata Port, Kolkata]
104. Firoza Begam, [Smt. 63-Raninagar, Murshidabad]

G

*105. Ghatak, [Shri Moloy 281-Asansol Uttar, Burdwan]
106. Ghorui, [Shri Nepal 261-Raina(SC), Burdwan]
107. Ghosal, [Shri Prabir Kumar 185-Uttarpara, Hoogly]
108. Ghose, [Shri Madhusudan 107-Noapara, N-24 Parganas]
109. Ghosh, [Shri Dilip Kumar 224-Kharagpur Sadar, Paschim-Medinipur]
110. Ghosh, [Shri Nihar Ranjan 51-English Bazar, Malda]
111. Ghosh, [Shri Nirmal 111-Panihati, North 24-Parganas]
112. Ghosh, [Shri Pradyut Kumar 225-Narayangarh, Paschim Medinipur]
*113. Ghosh, [Shri Rabindra Nath 8-Natabari, Cooch Behar]
114. Ghosh, [Shri Rathin 118-Madhyamgram, North 24-Parganas]
115. Ghosh, [Shri Tamonash 144-Falta, South 24-Parganas]
116. Ghosh Dastidar, [Dr. Sudarsan 208-Mahisadal, Purba Medinipur]
117. Ghosh Kar, [Smt. Ratna 91-Chakdah, Nadia]
**118. Gias Uddin Molla, [Shri 142-Mograhat Paschim, South 24-Parganas]
119. Giri, [Shri Akhil 217-Ramnagar, Purba Medinipur]
120. Goswami, [Shri Mihir 4, Coochbehar Dakshin, Coochbehar]
121. Guha (Bose), [Smt. Sonali 145-Satgachhia, South 24-Parganas]
122. Guha, [Shri Udayan 7-Dinhata, Cooch Behar]
123. Gulsan Mullick, [Shri 175-Panchla, Howrah]

H

++124. Haider Aziz Safwi, [Shri 176-Uluberia Purba, Howrah]
125. Haldar, [Shri Bhupendra Nath 50-Maldaha (SC), Malda]
126. Halder, [Shri Dipak Kumar 143-Diamond Harbour, South 24-Parganas]
127. Halder, [Shri Jogaranjan 133-Kulpi, South 24-Parganas]
128. Halder, [Shri Joydeb 135-Mandir Bazar(SC), South 24-Parganas]
129. Halder, [Shri Ram Sankar 129-Kultali (SC), South 24 Parganas]
130. Hamidul Rahaman, [Shri 28-Chopra, Uttar Dinajpur]
**131. Hansda, [Shri Bachchu 40-Tapan (ST), Dakshin Dinajpur]
132. Hansda, [Dr. Sukumar 222-Jhargram, Paschim Medinipur]
133. Hasanuzzaman Sk [Shri 80-Kaliganj, Nadia]
134. Hazra, [Shri Bankim Chandra 132-Sagar, South 24-Parganas]
135. Hazra, [Shri Samar 262-Jamalpur(SC), Burdwan]
136. Hembram, [Shri Khagendranath 237-Binpur(ST), Paschim Medinipur]
137. Humayun Reza Shri, [57-Suti, Murshidabad]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

I

138. Iqbal Ahmed, [Shri 202-Khanakul, Hooghly]
139. Isha khan Choudhury, [Shri 53-Suiapur, Malda]

J

140. Jahanara Khan, [Smt. 279-Jamuria, Burdwan]
**141. Jakir Hossain [Shri 58-Jangipur, Murshidabad]
142. Jana, [Shri Samir Kumar 130-Patharpratima, South 24-Parganas]
*143. Javed Ahmed Khan, [Shri 149-Kasba, South 24-Parganas]
*144. Joardar, [Shri Abani Mohan 83-Krishnanagar Uttar, Nadia]

K

145. Kar, [Shri Jyotirmoy 212- Patashpur, Purba Medinipur]
146. Khan, [Shri Arup Kumar 254-Onda, Bankura]
147. Khan, [Shri Kallol 81-Nakashipara, Nadia]
*148. Kujur, [Shri James 10, Kumargram(ST), Jalpaiguri]
149. Kundu, [Shri Biswajit 264-Kalna (SC), Burdwan]

L

150. Lahiri, [Shri Jatu 172-Shibpur, Howrah]
151. Layek, [Shri Dhirendra Nath 248-Chatna, Bankura]

M

152. M. Nuruzzaman, [Dr. 199-Pursurah, Hooghly]
*153. Mahapatra, [Dr. Saumen Kumar 227-Pingla, Paschim Medinipur]
154. Mahasin Ali, [Shri 62-Bhagabangola, Murshidabad]
155. Mahata, [Shri Nepal 240-Baghmundi, Purulia]
156. Mahata, [Shri Srikanta 234-Salboni, Paschim Medinipur]
*157. Mahata, [Shri Churamani 221-Gopiballavpur, Paschim Medinipur]
158. Mahata, [Shri Sukumar 123-Sandeshkhali(ST), N-24 Parganas]
*159. Mahato, [Shri Shantiram 239-Balarampur, Purulia]
160. Mahato, [Shri Shaktipada 241-Joypur, Purulia]
161. Mainul Haque, [Shri 55-Farakka, Murshidabad]
162. Maiti, [Shri Mrigendra Nath 236-Medinipur, Paschim Medinipur]
163. Maity, [Shri Ardhendu 214-Bhagabanpur, Purba Medinipur]
164. Maity, [Smt. B 213-Kanthi Uttar, Purba Medinipur]
165. Majhi, [Shri Alok Kumar 274-Galsi(SC), Burdwan]
166. Majhi, [Shri Ashim Kumar 191-Balagarh (SC), Hooghly]
167. Maji, [Dr. Nirmal 177-Uluberia Uttar (SC), Howrah]

168. Mazumdar, [Shri Asit (Tapan) 190-Chunchura, Hooghly]
169. Majumder, [Shri Brajamohan 173- Howrah Dakshin, Howrah]
170. Majumder, [Shri Manas 201-Goghat(SC), Hooghly]
171. Malakar, [Shri Sankar 25-Matigara-Naxalbari(SC), Darjeeling]
172. Malik, [Shri Nisith Kumar 266-Bardhaman Uttar (SC), Burdwan]
*173. Mallick, [Shri Jyoti Priya 100-Habra, North 24-Parganas]
174. Mandal, [Smt. Bina 98-Swarupnagar(SC), North 24-Parganas]
175. Mandal, [Shri Debes 126-Hingalganj(SC), N-24 Parganas]
176. Mandal, [Shri Kalipada 179-Shyampur, Howrah]
177. Mandi, [Shri Jyotsna 249-Ranibandh(St), Bankura]
178. Manna, [Shri Becharam 196-Haripal, Hooghly]
179. Marjit, [Shri Ashis 66-Khargram (SC), Murshidabad]
180. Md. Abdul Ghani, [Shri 183-Jagatballavpur, Howrah]
**181. Md. Ghulam Rabbani, [Shri 30-Goalpokhar, Uttar Dianajpur]
182. Md. Mottakin Alam [Shri 49-Manikchak, Malda]
183. Mete, [Shri Gurupada 257-Indus(SC), Bankura]
184. Milton Rasid Shri, [292-Hansan(SC), Birbhum]
*185. Mitra, [Dr. Amit 109-Khardaha, North 24-Parganas]
186. Mitra, [Shri Asit 181-Amta, Howrah]
187. Moitra, [Smt. Mahua 77-Karimpur, Nadia]
188. Moinuddin Shams [Shri, 293-Nalhati, Birbhum]
189. Mondal, [Shri Dilip 146-Bishnupur (SC), South 24-Parganas]
190. Mondal, [Shri Kanai Chandra 65-Nabagram (SC), Murshidabad]
191. Mondal, [Shri Nirmal Chandra 137-Baruipur Purba(SC), South 24-Parganas]
192. Mondal, [Shri Ranajit 215-Khejuri (SC), Purba Medinipur]
193. Mondal, [Shri Shyamal 138-Canning Paschim (SC), South 24-Parganas]
194. Mondal, [Shri Subhas 267-Bhatar, Burdwan]
195. Mondal, [Smt. Tapasi 209-Haldia(SC), Purba Medinipur]
196. Mondal, [Smt. Usha Rani 122-Minakhan (SC), North 24-Parganas]
197. Monirul Islam, [Shri 288-Labpur, Birbhum]
198. Mostaque Alam, [Shri 46-Harishchandrapur, Malda]
199. Mukherjee, [Shri Manash 112-Kamarhati, N-24 Parganas]
200. Mukherjee, [Shri Samar 48-Ratua, Malda]
*201. Mukherjee, [Shri Subrata 161-Ballygunge, Kolkata]
202. Mukherjee, [Shri Sudip Kumar 242-Purulia, Purulia]
203. Mukhopadhyay, [Shri Jiban 147-Sonarpur Dakshin, South 24-Parganas]
204. Munda, Sukra [Shri 21-Nagrakata(ST), Jalpaiguri]

205. Murmu, [Shri Dulal 220-Nayagram (ST), Paschim Medinipur]
206. Murmu, [Shri Khagen 43-Habibpur (ST), Malda]
207. Murmu, [Shri Paresh 223-Keshiary(ST), Paschim Medinipur]

N

208. Nag (Mallick), [Smt. Nilima 93-Haringhata (SC), Nadia]
209. Naskar, [Shri Gobinda Chandra 128-Basanti(SC), S-24Parganas]
210. Naskar, [Shri Jayanta 127-Gosaba (SC), South 24-Parganas]
211. Niamot Sheikh, [Shri 73-Harihar Para, Murshidabad]

P

**212. Pakhira, [Shri Manturam 131-Kakdwip, South 24-Parganas]
*213. Pande, [Shri Sadhan 167-Maniktala, Kolkata]
214. Panja, [Shri Saikat 263-Monteswar, Burdwan]
215. Panja, [Shri Samir Kumar 182-Udaynarayanpur, Howrah]
**216. Panja, [Dr. Shashi 166-Shyampukur, Kolkata]
217. Parial, [Shri Bishwanath 277-Durgapur Paschim, Burdwan]
**218. Patra, [Smt. Asima 197-Dhanekhali (SC), Hooghly]
219. Paul, [Shri Paresh 164-Beleghata, Kolkata]
220. Phiroja Bibi, [Smt. 205-Panskura Paschim, Purba Medinipur]
221. Poddar, [Shri Samir Kumar 89-Ranaghat Uttar Purba (SC), Nadia]
222. Pradhan, [Shri Bikram Chandra 219-Dantan, Paschim Medinipur]
223. Pradhan, [Smt. Shyamali 287-Nanoor(SC), Birbhum]

R

224. Rabiul Alam Chowdhury [Shri '70-Rejinagar, Murshidabad]
225. Rafikul Islam, [Shri 42-Harirampur, D-Dinajpur]
226. Rafikul Islam Mondal, [Shri 125-Basirhat Uttar, N-24 Parganas]
227. Rafiqur Rahaman, [Shri 102-Amdanga, North 24-Parganas]
228. Rahima Mondal Smt. [120-Deganga, N.24 Parganas]
229. Rai, [Smt. Sarita 22-Kalimpong, Darjeeling]
230. Rajak, [Smt. Protima 67-Burwan (SC), Murshidabad]
231. Ray, [Shri Ajit 258-Sonamukhi(SC), Bankura]
232. Ray, [Shri Pramatha Nath 34-Kaliaganj(SC), Uttar Dinajpur]
233. Ray, [Shri Pulin Bihari 97-Gaighata(SC), N.24 Parganas]
234. Roy, [Shri Abhijit 290-Mayureswar, Birbhum]
235. Roy, [Shri Arup(Apu) 171-Howrah Madhya, Howrah]
236. Roy, [Smt. Debasree 134-Raidighi, South 24-Parganas]
237. Roy, [Shri Debendra Nath 33-Hemtabad(SC), U-Dinajpur]
238. Roy, [Shri Dinen 228-Kharagpur, Paschim Medinipur]

239. Roy, [Shri Dhiman 101-Ashoknagar, North 24-Parganas]
240. Roy, [Shri Khageswar 18-Rajganj (SC), Jalpaiguri]
241. Roy, [Smt. Mitali 15-Dhupguri(SC), Jalpaiguri]
242. Roy, [Shri Nagendra Nath 3-Cooch Behar Uttar (SC), Cooch Behar]
243. Roy, [Shri Narmada Chandra 37- Kushmandi (SC), Dakshin Dinajpur]
244. Roy, [Shri Pulak 178-Uluberia Dakshin, Howrah]
245. Roy, [Shri Subhranshu 103-Bijpur, North 24-Parganas]
246. Roy, [Dr. Sudipto 186-Sreerampur, Hooghly]
247. Roy, [Shri Tapas 113-Baranagar, North 24-Parganas]
248. Roy Pradhan, [Shri Arghya L-Mekhliganj(SC), Cooch Behar]
249. Rukbanur Rahman, [Shri 82-Chapra, Nadia]

S

250. Sabina Yeasmin, [Smt. 52-Mothabari, Malda]
251. Saha, [Smt. Mala 168-Kashipur-Belgachhia, Kolkata]
252. Saha, [Smt. Nilabati 289-Sainthia(SC), Birbhum]
253. Saha, [Smt. Namita 141-Magrahat Purba (SC), South 24-Parganas]
254. Saha, [Shri Pradip Kumar 269-Purbasthali Uttar, Burdwan]
255. Saha, [Shri Pundarikakshya 84-Nabadwip, Nadia]
256. Saha, [Smt. Seuli 235-Keshpur(SC), Paschim Medinipur]
257. Saha, [Shri Subrata 60-Sagardighi, Murshidabad]
258. Saha, [Shri Swarna Kamal 163-Entally, Kolkata]
259. Saha, [Shri Tapas Kumar 79-Palashipara, Nadia]
260. Santra, [Shri Krishna Chandra 200-Arambagh (SC), Hooghly]
**261. Santra, [Shri Shyamal 256-Katulpur(SC) , Bankura]
262. Saokat Molla [Shri, 139-Canning Purba, S-24 Parganas]
263. Sardar, [Shri Sital Kumar 174-Sankrail (SC), Howrah]
264. Saren, [Shri Rajib Lochan 238-Bandwan(ST), Purulia]
265. Sarkar, [Shri Apurba(David) 68-Kandi, Murshidabad]
266. Sarkar, [Shri Swadhin Kumar 54-Baisnabnagar, Malda]
267. Seikh Safiujjaman, Shri 71-Beldanga, Murshidabad]
268. Sekh Sahonawez, [Shri 271-Ketugram, Burdwan]
269. Selima Khatun(Bibi) [229-Debra, Paschim Medinipur]
270. Sen, Shri Arunava (Raja) [180-Bagnan, Howrah]
**271. Sen, [Shri Indranil 189- Chandannagar, Hooghly]
272. Sengupta, [Shri Mohit 35-Raiganj, Uttar Dinajpur]
273. Sharma, [Dr. Rohit 24-Kurseong, Darjeeling]
**274. Shukia, [Shri Laxmi Ratan 170-Howrah Uttar, Howrah]
**275. Siddiqullah Chowdhury [Shri, 272-Mangalkot, Burdwan]
276. Singh, [Shri Arjun 105-Bhatpara, North 24-Parganas]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

277. Singh, [Shri Rachhpal 198-Tarakeswar, Hooghly]
278. Singha, [Shri Sankar 87- Ranaghat Uttar Paschim, Nadia]
279. Singh Rai, [Shri Amar 23-Darjeeling, Darjeeling]
280. Singha Roy, [Smt. Shaoni 64- Murshidabad, Murshidabad]
*281. Sinha, [Shri Chandra Nath 286-Bolpur, Birbhum]
282. Sinha, [Shri Manodeb 32-Karandighi, U-Dinajpur]
283. Sk. Amjad Hossain, [Shri 192-Pandua, Hooghly]
284. Sk. Ibrahim Ali, [Shri 204-Panskura Purba, Purba Medinipur]
285. Sk. Nurul Islam(Hazi), [Shri 121-Haroa, N-24 Parganas]
286. Swati Khandoker, [Smt. 194-Chanditala, Hooghly]

T

287. Tewari, [Shri Jitendra Kumar 275-Pandebeswar, Burdwan]
288. Thander, [Shri Abhedananda 273-Ausgram(SC), Burdwan]
289. Tigga, [Shri Manoj 14, Madarihat(ST), Jalpaiguri]
290. Tirkey, [Shri Sunil Chandra 27-Phansidewa (ST), Darjeeling]
291. Toraf Hossain Mandal [Shri 38-Kumarganj, D-Dinajpur]
292. Tudu, [Shri Birendra Nath 250-Raipur(ST), Bankura]
**293. Tudu, [Smt. Sandhya Rani 243-Manbazar (ST), Purulia]

U

294. Upadhyay, [Shri Bidhan 283-Barabani, Burdwan Nominated Member]
295. Mr. Michael Shane Calvert

---

* DENOTES MINISTER -IN-CHARGE
** DENOTES MINISTER-OF-STATE
*** DENOTES CHIEF GOVERNMENT WHIP
\# DENOTES PARLIAMENTARY SECRETARIES
\+ DENOTES HON'BLE SPEAKER
++ DENOTES HON'BLE DEPUTY SPEAKER
+++ DENOTES HON'BLE LEADER OF THE OPPOSITION

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 3rd February, 2017 at 4:30 p.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 23 Ministers-in Charge, 13 Ministers of State and 229 Members.

[3:00 – 3.10 p.m.]

Mr. Speaker received the Governor at the Entrance Hall where a procession was formed in the following order:

Marshal

Secretary

Speaker

Governor

Secretary to the Governor

ADC

All the Honourable Members present in the House rose in their seats as the procession entered the Chamber and remained standing until the Governor took his seat.

The Governor ascended the dais by the steps on the west and took his seat and the Speaker occupied the seat to the right of the Governor. Members resumed their seats. The National Anthem was then played and all present rose in their seats, and resumed their seats after the National Anthem was over.

The Governor then addressed the West Bengal Legislative Assembly.

(GOVERNOR'S ADDRESS)

[3rd February, 2017]

Address delivered

by

Shri Keshari Nath Tripathi

Governor of West Bengal

at the

Fourth Session of the Sixteenth
Legislative Assembly of the State of West Bengal
under Article 176 of the Constitution of India
on the

3rd Day of February, 2017.

Hon'ble Speaker and Hon'ble Members,

I welcome all of you to this Budget Session of the West Bengal Legislative Assembly and convey my greetings and best wishes to all of you.

At the outset, I would like to offer my deepest respect and condolences at the demise of Shrimati Jayaraman Jayalalithaa, Chief Minister of Tamil Nadu and former screen legend and a mass leader popularly known as Amma to her followers. I also convey my sense of profound loss at the tragic death of Shri Kalikho Pul, Chief Minister of Arunachal Pradesh. I am saddened at the passing away of Shri Surjit Singh Barnala, former Chief Minister of Punjab and who also served as Governor in many States of India. I also deeply condole the demise of Dr. Akhlaqur Rehman Kidwai, who served as Governor of West Bengal, Shri Sunderlal Patwa, former Chief Minister of Madhya Pradesh and I also offer my deepest condolences for those former ministers of this State and representatives of the West Bengal Legislative Assembly who have left us for the heavenly abode.

I recall with a heavy heart the sad demise of Fidel Alejandro Castro Ruz, the revolutionary leader and former President of Cuba, Akbar Hashemi Rafsanjani, former President of Iran, Roman Herzog, former President of Germany and Shimon Peres, former Prime Minister of Israel. I also offer my respect and condolence at the death of Bhumibol Adulyadej, the King of Thailand.

I am deeply distressed to note the sad loss at the sudden demise of veteran film and theatre personality Shri Om Puri and I also express my profound grief at the death of Smt. Manimala Devi, screen queen of Oriya cinema.

I deeply regret to recall the demise of Smt. Mahashweta Devi, legendary writer and a champion for the causes of the downtrodden. I would also like to

offer my condolences at the death of Syed Haider Raza and Kalpathi Ganpathi Subramanyan, both famous painters, sitar maestro Ustad Abdul Halim Jaffer Khan, tabla legend Lacchu Maharaj and India's first jazz pianist of international repute Shri Madhav Chari.

I express my deepest sense of grief at the passing away of Carnatic legend Mangalampalli Balamurali Krishna and playback singer of yesteryear Mubarak Begum.

I deeply mourn the death of exponent of diamond system' on Kolkata maidan Shri Amal Dutta, the drag-flick badshah of Indian hockey Mohammed Shahid and former cricketer and international umpire Shri Subrata Banerjee.

I also express my condolences for the departed souls of media personalities Shri Cho Srinivasa Iyer Ramaswamy and Shri Dilip Padgaonkar, quiz pioneer Neil O'Brien, designer of national emblem Shri Dinanath Bhargava and veteran nun of Sarada Math Prabrajika Dibyaprana.

Demonetisation has had its own effect in West Bengal. A large number of people faced hardship and sufferings. The State Government apprehends a substantial fall in revenue income. Lakhs of workers have lost their jobs and livelihood. Hard hit are the Small and Medium Industries Sector, beedi, jute and tea garden workers, traders, shopkeepers and workers of unorganised sectors. Farmers of the State are also facing difficulties. Co-operatives are badly hit, for which agricultural activities are suffering due to unavailability of credit and cash crunch. Workers of organised sector are also facing hardships as they were unable to draw their salaries because of shortage of cash in the banks and restrictions on cash withdrawals.

Despite all adversities my Government has succeeded in taking the inconveniences posed by the unprecedented challenge of demonetisation in its stride and all possible measures were adopted to provide some much needed relief to the cash-starved populace of the State. My Chief Minister has left no stone unturned in her untiring effort to keep the morale of the people high in these trying times.

It is a matter of great satisfaction to me as well as to the people of West Bengal that the Government under the bold and dynamic stewardship of the Hon'ble Chief Minister is well and truly on its way to fulfil the aspirations of the people of the State by bringing about an ambience of all-inclusive economic prosperity coupled with industrial revival and agricultural growth. My Government is firmly committed to the task of designing a clear road map for building a bright future for West Bengal, which was initiated during the preceding tenure five years back. My Government has also resolved to

carry forward its plan of implementing the pro-people policies, especially directed towards the upliftment of the downtrodden and marginal sections of the society with renewed vigour.

In a landmark judgement passed by the Hon'ble Supreme Court, the rights of the farmers of Singur to their agricultural land was restored, vindicating the farmers' mass movement against acquisition of tilling land for industry. The verdict of the apex court has also vindicated the stand of my Government which has successfully returned land *pattas* to the farmers before completion of timeline stipulated by the Hon'ble Supreme Court.

The days of never ending unrest and political turmoil in the hills that existed in the previous Left Front regime are a thing of remote past now and the people in the hills of Darjeeling, Kurseong and Kalimpong are living peacefully. The indomitable Chief Minister of our State in her second tenure too is repeatedly visiting the hills to keep up the good work and also to continue in her mission unabated. The North Bengal Development Department of my Government has taken up quite a number of development projects and introduced various schemes to cater to the needs of the people living there across the seven districts of North Bengal, covering sectors like rural and urban infrastructure, health, education, power, minor irrigation, women and child development, sports, tourism etc. State Government programme celebrating the birth anniversary of the great leader, Netaji Subhas Chandra Bose, is now being held at Darjeeling every year. Involving the 7 districts of North Bengal, the 'Uttarbanga Utsav' introduced by my Government is being held every year with great enthusiasm.

[3:10 – 3.20 p.m.]

My Government shortly after assuming office in its preceding term had set in motion the process of development by constituting a number of development boards in respect of different tribes and communities living for centuries in the hills and forests of North Bengal. Consequently the people of North Bengal have reaped the benefit of such a well-thought move of the Government and now our Chief Minister has made another announcement for constitution of three more development boards for three communities, namely Khas, Gurung and the Pahadia minority communities. My Government has released fund to the tune of nearly Rs.300 Crore for undertaking various development and welfare activities by the Boards. Kalimpong will commence functioning as a separate district very shortly. A new subdivision will be formed in Mirik. Thousands of youth from the districts of Darjeeling, Jalpaiguri and Alipurduar took part in archery, martial arts, football and volleyball competitions under the Himal Terai Dooars Sports Festivals that my Government had introduced

to encourage sports and games in the area and unlock the tremendous potential. Apart from this, works for restoration of the National and State Highways damaged due to recent landslides have commenced.

Leaving behind the nightmarish days of murder, mayhem and left-wing-extremism, Jangal Mahal is now for all round development. Chief Minister visited the Jangal Mahal areas again and again for development review meetings. Jangal Mahal is now peaceful and stable. All the schemes announced by my Chief Minister under the Jangal Mahal package have been completed. These include roads and bridges, Nutritional Rehabilitation Centres, housing, minor irrigation etc. Rs. 500 Crore has been allotted for "Jaltirtha" project in the 4 districts of Jangal Mahal area to create check dams to facilitate water conservation for irrigation and other purposes. My Government has been organising Jangal Mahal sports among the local youth and Jangal Mahal Utsav to preserve the rich cultural heritage of the area. Jhargram will commence functioning as a separate district shortly. Among other initiatives, I must mention livelihood generation programmes, employment schemes for self help groups belonging to the Scheduled Caste and Scheduled Tribe communities and financial assistance to students.

The Paschimanchal Unnayan Affairs and Sunderban Unnayan Affairs Departments are implementing a number of welfare projects for introduction of different livelihood programmes among the local people.

Although the Central Government has withdrawn the Integrated Action Plan for development activities in the Jangal Mahal areas, my Government is continuing the same with budgetary support from the State under Jangal Mahal Action Plan.

West Bengal is a very lovable and peaceful State. My Government is always taking full care of the common people cutting across caste, creed and communities. The administration is alert so that harmony and peace is maintained throughout the State in times of provocations and intolerance.

My Government provided funding to minorities, SC, ST, OBC and other general categories for betterment of their lives, education and livelihoods. The budget allocation to the Minority Affairs Department has been augmented to an unprecedented Rs. 2500 crore. Scholarships to the tune of Rs. 2350 crore have been provided to 1.1 Crore minority students, which is No. 1 in India. Loans to the tune of Rs 880 crore have been provided to 5 lakh minority people towards self employment. Scholarships have also been provided to 1.6 million SC/ST students under "Sikshashree' scheme.

This is a matter of great pride and optimism that my Government never forgets to look after the needs of the Minority, SC, ST and OBC communities

and as a result implementation of various development related activities are carried out all the year round like ensuring reservations in Government jobs and educational institutions, providing scholarship to meritorious students, conducting special coaching classes, launching schemes for enhancing livelihood and also providing critical support to health sector and infrastructure.

Nearly 3 lakh pattas have been given under 'Nijo Griha Nijo Bhumi Prakalpa' launched in 2011, homestead, agriculture, forest and other categories. More than 2 lakh 93 thousand people have been assisted under our 'Gitanjali' scheme for the shelter-less. Data of land records stored in the offices of BL & LRO (Block Land & Land Reforms Officer) across the State have been digitised and transferred to the central database of the Land and Land Reforms Department. The land bank of the Government has been further consolidated, which may be utilised by the investors for setting up new industries.

My Government has achieved employment generation to the tune of 128 percent of proportionate labour budget under MGNREGA (Mahatma Gandhi National Rural Employment Guarantee Act) which is the highest among the major States of the country. Expenditure of more than Rs. 5,600 crore on the scheme was the highest in the country. There are more than 37 lakh medium and small enterprises in the State. There has been a remarkable rise in credit flow to the MSME (Micro, Small and Medium Enterprises) sector reaching nearly Rs 1.2 lakh crore during the last five years which is the highest in the country. We have taken necessary steps for employment of about 68 lakh people during the last few years.

In the Public Health Engineering sector we have completed 77 piped water supply schemes during the year benefitting more than 7.5 lakh people in the State. Work on 475 such schemes are going on. Special emphasis is given to supply of drinking water in schools and Anganwadis, salinity affected blocks, arsenic and fluoride affected blocks and draught-prone blocks. An innovative concept of "Water-ATMs" has become very popular. We have already installed 206 such water-ATMs in different schools.

To ensure that the farmers get adequate price for their produce and do not fall prey to the market-forces especially in view of the recent demonetisation, the Food and Supplies Department has decided to transfer money for procurement of paddy directly to the farmers through a transparent process.

Fisheries sector continues to play a vital role as far as the livelihood aspect of the rural populace of West Bengal is concerned. Production of fish has increased from 14.72 Lakh tonnes to about 16 Lakh tonnes during 2016. The 'Jal Dharo, Jal Bharo' programme of my Government is making a fairly positive impact on pisciculture in the State. Nearly 1.5 lakh water bodies

created under this programme against a target of 50,000 in the first 5 years are being utilised for fish rearing and for production of big fish.

Kanyashree, Sabujshree, Sabuj Sathi, Khadya Sathi, Ma Bhoi and Swasthya Sathi are all Government Schemes introduced by my Government to support from students to young generation to workers in different categories to common people at large through various welfare schemes.

The Lok Prasar Prakalpa has been immensely successful with nearly 80 thousand folk artists having been registered and receiving monthly allowances. More applications are under process. The rural handicrafts are reaching out to new clientele through the Biswa Bangla stores and crafts hub.

[3:20 – 3.34 p.m.]

My Government has already fenced over 2,000 Muslim burial grounds. A scheme, 'Baitarani' has been undertaken to renovate the cremation ghats of the Hindus. We have started 'Samabyathi' scheme to offer financial aid to underprivileged people to enable them to perform the last rites of their near and dear ones.

In the health sector, My Government has launched a scheme of free treatment for all in the Government hospitals by withdrawing all kinds of charges for diagnostic investigations, medicines and beds. Expenditure under this head has been increased from Rs. 403 Crore in 2015-16 to Rs. 757.39 Crore in 2016-17. The Government attaches topmost priority to human lives and has taken adequate measures. In order to overcome the multitude of challenges faced by the pregnant mothers residing in remote areas of Sunderbans, 3 Waiting Huts have been set up in a first ever such step for providing a safe motherhood. Moreover, 13 mother and child facilities have been established across the State to ensure a qualitative as well as quantitative change in maternal as well as child care services at hospitals. With an aim to provide intensive care to ailing newborn babies a total number of 61 SNCUS (Sick New-born Care Unit) have now become functional in the State. To reduce infant mortality rate and to provide comprehensive neonatal care 303 SNSUS (Sick New-born Stabilization Unit) and 472 NBCC (New-born Care Corner) have been made operational at 472 Delivery Points in our State.

The health parameters have witnessed significant improvements ushering in positive changes in the socio-economic fabric of the society. Infant Mortality Rate has improved from 32 to 26, institutional delivery has increased from 65% to nearly 90% over the last 5 years.

My Government has successfully implemented the Nirmal Bangla Mission under which 4 districts – Nadia, Hooghly, North 24 Parganas and

Purba Medinipur and a total of 16,220 villages have been declared open defecation free with the construction of 16.49 lakh toilets till date towards a healthier and more hygienic environment.

My Government is of the view that education should never be the prerogative of a chosen few and this is why steps have been taken to set up new colleges and universities across the State. 15 new universities and 46 new colleges have come up in state since 2011.

Retirement age for college and university teachers has been raised to 62 from 60. They have also been inducted in the health scheme so that they also receive assistance for treatment like other government employees. The budgetary allocation for the Swami Vivekananda Merit cum Means Scholarship Scheme has been enhanced from Rs. 40 Crore in the preceding year to Rs. 200 Crore in 2016-17.

In order to create more job opportunities in Government service for our youth, my Government had raised the upper age limit for recruitment to Group C and D posts under the Government to 40 years. For SC and ST candidates, the upper age limit was made 45 and for OBC candidates the upper age limit was made 43. Now, for creating more job opportunities for the youth, my Government has raised the upper age limit for entry to government services from 32 to 36 for Group - A posts and from 32 to 39 for Group - B posts. For SC/ST candidates, the upper age limit will be 41 for Group - A posts and 44 for Group-B posts. For OBC candidates, the upper age limit will be 39 for Group - A posts and 42 for Group - B posts.

My Government has taken up a number of development projects to take full care of the road infrastructure of the State from North Bengal to South Bengal.

The entire transport system of the State is being revamped. As many as 255 new buses have been added to increase the fleet strength during 2016. E-Rickshaws and Green Buses have been launched to encourage environment-friendly transportation systems. Aiming to curb the menace of rash driving and resultant loss of lives, a "Safe Drive, Save Life" campaign has been introduced in the State for ensuring greater road safety.

My Government is taking full care to ensure that quality power is available and problems of low voltage, wherever they exist, are taken care of as soon as possible.

The Gangasagar Mela in 2017 saw nearly 20 lakh pilgrims coming from all over the country and beyond. My administration handled the Mela efficiently

and ensured a smooth and peaceful conduct of this huge congregation of pilgrims.

Bengal Global Business Summit, 2017 was held on 20th and 21st January in Kolkata. The improved industrial scenario in the State and the 'Ease of Doing Business' in Bengal have generated a new found interest in Brand Biswa Bangla. My Government has also proposed to set up a sea port at Tajpur of Purba Medinipur district to establish a smooth transportation system for the benefit of the users of this new port.

This Global Business Summit 2017 was attended by scores of industrialists and diplomatic community representing 29 foreign countries. Investment proposals amounting to Rs. 2 lakh 35 thousand 290 Crore covering a wide spectrum of sectors like manufacturing, infrastructure development, information technology, telecommunication, food processing, urban development, small and medium scale industries, transport etc. have been received.

I may mention in this context that during the last five years the size of economy in West Bengal has grown from Rs 4.6 Lakh Crore to Rs. 9.5 Lakh Crore.

The e-governance initiatives of my Government have won the prestigious National e-Governance Award of the Government of India and that of Computer Society of India.

You will be happy to know that our SDP (State Domestic Product) is growing at 12% whereas the GDP (Gross Domestic Product) grew only by 7.6% during 2015-16. We have outperformed the national rate in many of the spheres namely agriculture, industry and services sectors. The rate of our per capita income grew at double that of the national rate.

During the preceding tenure of this Government, investment in agriculture and allied sectors grew by five and a half times, expenditure on plan sector witnessed a fourfold increase, that in infrastructure sector grew by three and a half times and investment in building permanent assets increased by seven folds. Through reforms in the tax collection mechanism and application of information technology, tax collection has risen from Rs. 21,000 crore to Rs. 42,000 crore in just four years.

Despite the huge debt burden left behind by the legacy of the previous Left Front government and the - recent adverse effect of demonetisation on reducing the State's revenue earnings, my Government has been able to achieve all the milestones of development. Even this year, my Government has to pay nearly Rs. 40,000 Crore for payment of interest and repayment of loan of the previous Left Front regime.

In order to create a more efficient and people oriented administrative set-up my Government has, of late, reformed the administrative structure thereby reducing the number of Departments and created two new Divisions at Malda and Medinipur. My Government has decided to create 3(three) new districts, namely Kalimpong, Jhargram and Burdwan (Industrial) with the objective of bringing the administration closer to the people. Such restructuring will ensure faster process of decision making as well as closer monitoring of development programmes.

Honourable Speaker and Members, I am very much optimistic that West Bengal after an era of political disruptions, violent trade unionism, vanishing industries, isolation of the farmers and above all a lopsided industrial policy has now emerged out of the shadows of its past legacy and is fully prepared to march forward on its road to a new dawn. My Government has opened up new avenues for exploring the possibilities of all round development of the State. I am confident that the slogan of *'Bangla hobey Biswa Sera'* will be realised if we continue to progress at this pace.

I extend my best wishes for the year 2017 and hope that this New Year will bring you all round prosperity and happiness.

With these words, I leave the floor of this august House for further deliberations by the Honourable Members.

JAI HIND

The Governor having finished his speech, the National Anthem was again played and all the Honourable Members rose in their seats. The Governor then left the Chamber in procession in the same order in which it came in.

[4:30 – 4.35 a.m.]

MOTION ON THE GOVERNOR'S SPEECH

Mr. Speaker: I beg to report that the Governor has been pleased to make a speech today. Now I lay a copy of the speech on the Table.

Motion, if any, under rule 16(3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly may now be moved.

I have received one Notice of Motion of Thanks in reply to Governor's Address from Dr. Partha Chatterjee and it is seconded by Shri Nirmal Ghosh.

Now I call upon Dr. Partha Chatterjee to move his Motion.

ডঃ পার্থ চ্যাটার্জী : "রাজ্যপাল মহোদয় তাঁর ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হোক। 'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ৩রা ফেব্রুয়ারি ২০১৭ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন, সেইজন্য এই সভা তাঁকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।' "

Mr. Speaker: Now I call upon Shri Nirmal Ghosh to second the Motion.

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ পার্থ চট্টোপাধ্যায় মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি।

Mr. Speaker: Hon'ble Members, amendments to this Motion of Thanks will be received in the office upto 12 noon on Monday, the 6th February, 2017.

শ্রী শ্রীকান্ত মাহাতো : স্যার, আজকে রাজ্যপালের ভাষণের পরে যখন রাজ্যপাল মহোদয় বিধানসভা থেকে প্রস্থান করছিলেন সেই সময় সি পি এম পরিষদীয় দল যে অসভ্য, অসংসদীয় আচরণ করেছে, এই সভা তার তীব্র নিন্দা করে।

...(noise)...

মিঃ স্পীকার : এইসব নিয়ে আলোচনা হবে না,এখন।

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker: Hon'ble Members, I beg to present the 11th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber on the 31st January, 2017 and recommended the Programme of Business from the 6th to the 10th February, 2017 as follows:

6.2.2017, Monday:	(i) Obituary References	
	(ii) Laying of Rules, Reports, etc.	
7.2.2017, Tuesday:	(i) Business remaining from 6.2.2017, if any	
	(ii) Discussion on Governor's Address	6 hours
8.2.2017, Wednesday:	(i) Discussion on Governor's Address	2 hours
	(ii) The West Bengal Maintenance of Public Order (Amendment) Bill, 2017 **(Introduction, Consideration and Passing)**	2 hours
9.2.2017, Thursday:	The West Bengal Universities and Colleges (Administration and Regulation) Bill, 2017 **(Introduction, Consideration and Passing)**	2½ hours
10.2.2017, Friday:	(2.00 p.m.) Presentation of Annual Financial Statement of the Government of West Bengal for the year 2017-2018	

N.B.: There will be no Question for Oral Answer, Calling Attention and Mention Case on 7th and 8th February, 2017.

Mr. Speaker: Now the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the Motion for acceptance.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় , কার্য উপদেষ্টা কমিটির ১১তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker: I think the Motion is adopted. The Motion is adopted.

ADJOURNMENT

The House was then adjourned at 4.35 p.m. till 11.00 a.m. on Monday, the 6th February, 2017 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 6th February, 2017 at 11-00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 14 Ministers-in-Charge, 08 Ministers of State and 174 Members.

[11:00 – 11.15 a.m.]

OBITUARY

Mr. Speaker: Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of former Governor of West Bengal, former Ministers of Government of West Bengal, former Member of West Bengal Legislative Assembly, former Principal Secretary of West Bengal Legislative Assembly and an eminent personality who breathed their last recently.

Dr. Akhlaqur Rehman Kidwai, former Governor of West Bengal,passed away on the 24th August, 2016 in New Delhi after a prolonged illness. He was 96.

Born on the 1st July, 1920 in Baragaon village of Barabanki District in Uttar Pradesh. Dr. Kidwai did his graduation from Jamia Millia Islamia University and Masters Degree in Science from University of Illinois, US. He started his professional career as a professor and Dean of Faculty of Science at Aligarh Muslim University. He later served as Chairman of Union Public Service Commission from 1974 to 1977 and Chancellor of Aligarh Muslim University from 1983 to 1992. He was a Member of Rajya Sabha during the period from 2000 to 2004.

Dr. Kidwai served as Governor of several States for a record period of 17 years, including the State of West Bengal from 1998 to 1999. He was associated with many organizations and institutions at the National and International level.

Dr. Kidwai was awarded the Padma Vibhushan, the second highest civilian award of the country in the year 2011 for his valuable contribution towards Public Affairs.

With the demise of Dr. Kidwai the country has lost not only an able administrator but also a revered academician.

Shri Nisith Adhikary, former Minister of Government of West Bengal passed away on the 4th February, 2017 at a Private Nursing Home in Kolkata. He was 74.

Born on the 2nd November, 1943 at Krishnanagar in Nadia District Shri Adhikary had his education at Burdwan Municipal School, Krishnanagar Government College and Calcutta University. After completing LL.B from that University he entered into the Legal Profession at the Calcutta High Court and earned reputation. He was associated with the Leftist Movement in the State. He had been a Member of Bar Council of West Bengal. He served as the Chairman of West Bengal Democratic Lawyers' Association for a long time. He played a key role in organizing the activities of the All India Lawyers' Union.

Shri Adhikary was elected to the West Bengal Legislative Assembly in 1996 and 2001 from Burdwan (North) Assembly Constituency as a candidate of Communist Party of India (Marxist). He held the portfolio of the Minister-in-Charge of Law and Judicial Departments of the Government of West Bengal during the period from 1996 to 2006. He served as the Advocate General for the State of Tripura for a brief period.

With the demise of Shri Adhikary the State has lost a veteran politician as well as an able administrator.

Shri Saral Deb, former Minister of Government of West Bengal breathed his last on the 7th January, 2017 at his residence at Madhyamgram in North 24 Parganas District following a severe heart attack. He was 83.

Shri Deb was born on the 11th November, 1934 at Khulna, now in Bangladesh. He did his graduation from Scottish Church College. He came into politics through his involvement in Students movement and joined the Forward Bloc. As an active worker of the party, he played a key role in organizing the party's activities in the state. He suffered imprisonment for his active participation in the Food Movement. Besides, he was associated with the Trade Union activities.

Shri Saral Deb was elected to the West Bengal Legislative Assembly in 1969 and 1971 from Barasat Assembly Constituency as a candidate of Forward Bloc. He was also elected to the West Bengal Legislative Assembly in 1977, 1982, 1987, and 1991 from the same Constituency as a candidate of the same party. Shri Deb held the portfolio of the Minister-of-State in charge of Library Services in the Department of Mass Education Extension and Book Fairs other than those relating to Higher Education in the Department of Education, Government of West Bengal during the period from 1987 to 1991

and Minister-in-Charge of Department of Co-operation, Government of West Bengal during the period from 1991 to 1996.

With the demise of Shri Deb the State has lost a veteran politician as well as an able administrator.

Shri Suniti Chattaraj, former Deputy Minister of the Government of West Bengal breathed his last on the 9th January, 2017 after suffering from prolonged illness. He was 74.

Shri Chattaraj was born on the 30th November, 1943 at Kandi in Birbhum District. He was educated at Suri R.K. Vidyapith, Suri Vidyasagar College, University of Calcutta and University of Burdwan. By profession he was an advocate. He came into politics under the banner of Congress Party and played a key role in organizing the party's activities successfully. Besides politics, he was involved in many philanthropic and cultural activities.

Shri Chattaraj was elected to the West Bengal Legislative Assembly in 1972, 1977, 1982 and 1996 from Suri, Birbhum Assembly Constituency as a candidate of Congress Party. He was appointed the Deputy Minister for Department of Irrigation and Waterways and Department of Power, Government of West Bengal in the year 1972.

With the demise of Shri Chattaraj the State has lost a veteran politician as well as an able administrator.

Shri Asok Ghosh, former Member of West Bengal Legislative Assembly died on the 13th January, 2017 at his residence in Howrah. He was 76.

Shri Ghosh was born on the 12th January, 1942 in Kolkata. He was educated at Jangalpara B.C.K.M. High School, Narsingha Dutta College and Calcutta University. He started his political career under the banner of Congress Party and later, joined the All India Trinamool Congress. As a dedicated Trade Union worker he was associated with many Trade Union activities in the State. Besides, he was involved in many social and cultural activities. He was appointed the Chairman of Howrah Improvement Trust and held that post till his death. He had a keen interest in acting and recitation.

Shri Ghosh was elected to West Bengal Legislative Assembly in 1982 and 1987 from Howrah North Assembly Constituency as a candidate of Congress Party. He was also elected to the West Bengal Legislative Assembly in 2011 from the same constituency as a candidate of All India Trinamool Congress.

With the demise of Shri Ghosh the State has lost a veteran politician and an ardent social worker.

Shri Monoranjan Sarker, former Principal Secretary of West Bengal

Legislative Assembly breathed his last on the 17th January, 2017 at a private Nursing Home in Kolkata after a prolonged illness. He was 72.

Shri Sarker was born on the 1st February, 1945 at village Chandpur in the District of Kishore Ganj of undivided India, now in Bangladesh. He did his Masters Degree in Commerce from Calcutta University. He joined the West Bengal Legislative Assembly Secretariat in 1966 and served in different capacities. He served as Principal Secretary of West Bengal Legislative Assembly from 24th February, 2003 to 31st January, 2006. He attended various training programmes and seminars apart from conferences of Presiding Officers and Secretaries of Legislative Bodies in India held during the period from 2001 to 2005. He also attended a number of International Conferences of Commonwealth Parliamentary Association held in Republic of Maldives, United Kingdom, Sri Lanka and Bangladesh.

At the demise of Shri Sarker the State has lost an efficient administrator.

Om Prakash Puri, popularly known as 'Om Puri', died on the 6th January, 2017 at his residence in Mumbai following a severe heart attack. He was 67.

Born on the 18th October, 1950 in Ambala in a Punjabi family, Om Puri joined the National School of Drama in Pune to study theatre acting and later studied at the Film and Television Institute of India.

Om Puri made his debut in the main stream films genre in the year 1976 and worked in numerous Indian films and in many films produced in the United Kingdom and the United States. He was critically acclaimed for his performances in many unconventional roles in films like 'Sadgati', 'Aakrosh', 'Ardh Satya', 'Hera Pheri', Bengali Films 'Arohan', 'Chokh' etc. He became internationally famous by starring in many British and Hollywood films such as 'East is East', 'The Parole Officer', 'City of Joy', 'Wolf', 'Charlie Wilson's War' etc.

Om Puri was the recipient of many awards and accolades which include two National Film Awards in 1981 and 1983, two Film Fare Awards in 1984 and 1988 and Life Time Achievement Award in 2015. He was honoured with 'Grand Prix Special des Ameriques' for his exceptional contribution to the cinematographic art in 1998. He was awarded Padma Shri in 1990.

With the demise of Om Puri, the country has lost an exceptional talent in the arena of cinematography.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

.....(At this stage, all the Hon'ble Members rose in their seats for two minutes).....

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

ADJOURNMENT

The House was then adjourned at 11.15 a.m. till 11.00 a.m. on Tuesday, the 7th February 2017.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 7th February, 2017 at 00:00.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 21 Ministers-in-Charge, 12 Ministers of State and 201 Members.

[11:00 – 11.10 a.m.]

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker: Hon'ble Members, I have received an application from Shri Amiya Kanti Bhattacharjee desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

To
The Hon'ble Speaker
West Bengal Legislative Assembly
Assembly House
Kolkata

Sub: Prayer for Medical Check up and treatment in a Higher Institution as advised by the M.O. (WBLA) with due permission and for Leave of absence from the running Assembly Session with effect from 03.02.2017.

Respected Sir,

With due respect, I like to draw your kind attention to the above matter that I have been suffering from Cardiac problem for a long period. At present, I require to go for better treatment and check up out side the State. As such, I like to attend Dr. Devi Sethy at Bangalore with an immediate effect from 07.02.2017 to 15.02.2017.

So, you are requested to allow me for going outside the State for my medical treatment and check-up along with granting me leave of absence for the current ongoing Budget Session, 2017.

With regards,

Yours faithfully,

[Amiya Kanti Bhattacharjee]

I now ask whether Shri Amiya Kanti Bhattacharjee has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Shri Amiya Kanti Bhattacharjee has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 3rd February, 2017 till the last sitting of the Current Session of the Assembly.

Hon'ble Members, I have also received an application from Shri Parash Dutta desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

To

The Hon'ble Speaker,

West Bengal Legislative Assembly

Hon'ble Sir,

My elder brother who was in Delhi has expired on 26.01.2017 to perform his 'Shradh'. I shall have to be Delhi on 06.02.17 and 07.02.17. Hence I shall not be available from 05.02.17 to 09.02.17. My absence from the Assembly session till 09.02.17 may kindly be condoned.

Thanking you, Yours faithfully,

Sd/ Parash Dutta

I now ask whether Shri Parash Dutta has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Shri Parash Dutta has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 6th February, 2017 to the 9th February, 2017.

(এইসময় বিরোধী দলনেতা মাননীয় সদস্য শ্রী আব্দুল মান্নান মহাশয় কিছু বলতে ওঠেন।)

মিঃ স্পীকার : হ্যাঁ, বলুন।

শ্রী আব্দুল মান্নান : কয়েকজন আমাদের দলের মেম্বার ছিলেন তাঁরা অন্য দলে যোগ দিয়েছেন। গণতান্ত্রিক অধিকার আছে, আমি সেই ব্যাপারে কোনো হস্তক্ষেপ করতে চাই না। আইন তার নিজের পথে চলবে। আপনিও সেই ব্যাপারটা দেখছেন। আমিও সেটা আপনাকে request করেছি। কিন্তু দেখা যাচ্ছে, আমাদের এই হাউস চলাকালীন যারা আমাদের দলে এখনও আছে বলে মনে করি, তাদের ....

মিঃ স্পীকার : এই প্রসঙ্গটা আগে হতে দিন না। Let me finish this first. আপনি তো বলেছেন।

বলুন, আপনি বলুন।

শ্রী আব্দুল মান্নান : আমি বলছি যে, আমাদের দলের যারা সদস্য বলে দাবি করেন বা আছেন, তাদের আমরা হুইপ দিই এবং আমরা ভোটাধিকারে বা এতে যেটা বিধানসভার নিয়মকানুন বা রীতি। দেখা যাচ্ছে, তারা অসুস্থ বলে ছুটি নিচ্ছেন, অথচ বাইরে লবিতে বসে থাকছেন এবং ঠিক এই সময়টায়....

মিঃ. স্পীকার : আপনারতো proceedings-টা pending রয়েছে। আপনি তখন বলবেন। এই subject matter-টা এখন যাবে না।

শ্রী আব্দুল মান্নান : House-এ তো আপনি place করছেন ছুটিটা।

মিঃ স্পীকার : শুনুন, না না। This matter is pending. আপনি আমাকে একটা ওদের membership খারিজ করার জন্য আবেদন করেছেন এবং সেইটা বিচারাধীন রয়েছে। সেইখানে আপনার যা বলার বলবেন। আপনি সুযোগ পাবেন।

শ্রী আব্দুল মান্নান : তাহলে আমি অন্যভাবে বলছি। অন্যভাবে বলছি। যারা ছুটির জন্য দরখাস্ত করছেন, স্যার, তাদের চিকিৎসা হোক, তারা সুস্বাস্থ্যের অধিকারী হোক - তাদের দ্রুত আরোগ্য কামনা করি। কিন্তু তারা ছুটি নিয়ে বাইরে ঘোরাফেরা করবে এটাওতো ঠিক নয়। সেটা আপনাকে দেখতে হবে তাহলে।

মিঃ স্পীকার : এখন এই প্রসঙ্গটা যাবে না। This will not go. ঠিক আছে।

LAYING OF REPORT

First Report of the Committee of Privileges (2016-2017)

Shri Haider Aziz Safwi: Hon'ble Speaker, Sir, I beg to lay the First Report of the Committee of Privileges (2016-2017), West Bengal Legislative Assembly, presented to the Speaker on the 27th January, 2017.

Government Business

Laying of Ordinance

The West Bengal Universities (Control of Expenditure) (Amendment) Ordinance, 2017

Shri Sobhandeb Chattopadhyay: Hon'ble Speaker, Sir, with your kind permission I beg to lay the West Bengal Universities (Control of Expenditure) (Amendment) Ordinance, 2017, West Bengal Ordinance No. 1 of 2017.

LAYING OF REPORT

The Annual Report of the West Bengal Pollution Control Board for the year 2011-2012

Shri Sobhandeb Chattopadhyay: Hon'ble Speaker, Sir, with your kind permission I beg to lay the Annual Report of the West Bengal Pollution control Board for the year 2011-2012.

Discusion on Governor's Address

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় ৩রা ফেব্রুয়ারি ২০১৭ যে ভাষণ দিয়েছিলেন এবং সেই ভাষণের ওপর সরকার পক্ষ থেকে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে, যে প্রস্তাব মুভ করেছিলেন মাননীয় পরিষদীয় মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী এবং সমর্থন করেছিলেন শ্রী নির্মল ঘোষ মাননীয় সদস্য এবং সরকারী চিফ হুইপ, আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। স্যার, রাজ্যপালের ভাষণের ওপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব, এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের সময়সীমা আমার ধারণা কমতে কমতে কমতে কমতে যে জায়গায় এসেছে, বিশেষ করে এই সরকারের আমলে, সেটা কিন্তু অত্যন্ত আশ্চর্যজনক। স্যার, আমরা যখন প্রথম এখানে আসি, অনেকে এসেছেন, আমিও তাদের সঙ্গে বিধানসভায় এসেছি। বিধানসভায় এসে দেখেছি যারা আজকে এই সরকারের মন্ত্রী হয়েও আছেন, বা সদস্য হয়েও আছেন, তারা দেখেছেন যে ১৬ ঘণ্টা ডিবেট হত, ১৬ ঘণ্টা বিতর্ক হত। কিন্তু অত্যন্ত দুঃখের কথা স্যার যে এই ১৬ ঘণ্টা কখনো ১২ ঘণ্টা হয়েছে। স্যার, আবার ১২ ঘণ্টা থেকে ৮ ঘণ্টা এবারে ডিবেট হয়েছে। একদিন ৬ ঘণ্টা, আর একদিন ২ ঘণ্টা। আমি বলছি স্যার, একটা কাজ করলে তো ভালো হয়, এই ৮ ঘণ্টা থেকে কমিয়ে আবার ৪ ঘণ্টা করবেন, তার থেকে বরং আমরা যেটা দেখি যে গিলোটিনে যেমন ভাবে বাজেট পাশ হয়, Ayes-Noes করে, আমি আপনার কাছে অনুরোধ করবো এটা যদি ঠিক না হয় তাহলে মাননীয় রাজ্যপালের ভাষণটাও গিলোটিনের মধ্যে পাশ করিয়ে দেওয়া উচিত। এর বাইরে অন্য কোনো কিছু করার দরকার নেই। কে বলবে স্যার। স্যার, অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, আপনার প্রতি শ্রদ্ধা রেখে বলছি, এই ধরনের অবস্থা যেন না হয়। এটা হলে যারা বলতে চান, যাদের মনে অনেক কথা আছে, সেটা সরকার পক্ষের হোক বা বিপক্ষের হোক, তারা বলার সুযোগ পাচ্ছেন না। স্যার, আমি এই অল্প সময়ের মধ্যে আপনাকে আরো একটি কথা বলতে চাই, সেটা হল, আমি অন্য বিষয়ে যাওয়ার আগে বলছি। আপনি তো বলেন এবং সকলেই বলেন যে House belongs to Opposition. This is the fact that the House belongs to Opposition. তার মানে অপোজিশান একটা গুরুত্বপূর্ণ রোল প্লে করে। তারা বাঁদিকে বসে একটা গুরুত্বপূর্ণ রোল প্লে করেন। এইজন্য যে তারা সঠিক বিষয়টা তুলে ধরার চেষ্টা করেন, সব মানুষের কথাগুলো তুলে ধরার চেষ্টা করেন। আমি অত্যন্ত দুঃখিত, আমরা যখন তুলে ধরার চেষ্টা করি, তখন অনেক সময়ে আমাদের সময় কেটে নেওয়া হয়েছে। আপনি যতটুকু সময় আগে দিতেন, ৫০-৫০ টাইম, এখন বোধহয় ৫০-৫০ টাইম নেই।

[11.10 – 11:20 a.m.]

মাননীয়া নেতা আমাদের শ্রী আব্দুল মান্নান সাহেব এই বিষয় আপনাদের সঙ্গে কথা বলেছেন। কিন্তু তা সত্ত্বেও আর একটি কথা আমি বলব রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গী কবে পরিবর্তিত হবে, রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গীতে - শাসক গোষ্ঠীতে যারা আছেন, তারা সরকারের সমস্ত অধিকার ভোগ করবেন, আর রাজ্য সরকার এই বিধানসভায় হাউস বিলংস টু অপোজিশান অর্থাৎ যাদের দায়িত্বের উপর হাউসের মর্যাদা নির্ভর করে, আমরা যখন গীতাঞ্জলির কথা বলব, গীতাঞ্জলি বলা যাবে না, আমরা যখন কোন অধিকার চাইব, তখন অধিকারের কথা বলা যাবে না। যখন মাননীয়া মুখ্যমন্ত্রী অ্যাডমিনিস্ট্রেশনের মিটিং ডাকবেন, সেদিনও আমরা ডাক পাব না। অথচ আপনারা বলবেন হাউস বিলংস টু অপোজিশান। স্যার আমার বক্তব্যের শুরুতে আমি এটার তীব্র বিরোধিতা করছি। আমি আপনাকে আর

একটি কথা বলতে চাই, আজকে সবার আগে যে কথাটা বলতে চাইছি সেটা হল আজকে সব থেকে আগে যে ঘটনাটা আমাদের সামনে এসেছে, ভাঙ্গড়ের ঘটনা, আউসগ্রামের ঘটনা এবং বোলপুরের ঘটনা। ভাঙ্গড়ের ঘটনার কথা বলতে গিয়ে আপনাকে বলতে ইচ্ছা করে এখানে রাজ্য সরকারের মাননীয় সদস্যরা আছেন, মাননীয় যিনি ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রিফর্মসের মিনিস্টার, অ্যাজ হোল অ্যাজ, সি ইজ দ্য চিফ মিনিস্টার অফ আওয়ার স্টেট, আনফরচুনেটলি সি ইজ অ্যাবসেন্ট টু'ডে। বাট আমি আপনাকে যেটা বলতে চাইছি যে আজকে যখন পাওয়ার গ্রীড, মাননীয় বিদ্যুৎমন্ত্রী শোভনবাবু আছেন, দীর্ঘদিনের সদস্য এখানে, পাওয়ার গ্রীডের আপনি যখন মন্ত্রী ছিলেন না, তখন কিন্তু এই পাওয়ার গ্রীডের জায়গাটা অধিগ্রহণ করা হয়নি। আমি জিজ্ঞাসা করতে পারি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে, আমি উত্তর চাইতে পারি যে কেন এটা অধিগ্রহণ করা হল না। অধিগ্রহণ করতে গেলে তাকে নোটিশ ধরাতে হয় এবং তারা আসেন। এই অধিগ্রহণ করার পরেও অধিগ্রহণের বিরুদ্ধে সিঙ্গুরে লড়াই হয়েছে, অধিগ্রহণের বিরুদ্ধে নন্দীগ্রামে লড়াই হয়েছে। এটা যদি সত্যি হয়, সঠিক হয় তাহলে এটাকে কি অ্যাভয়েড করার জন্য সরাসরি জমি কিনতে- স্যার আপনি তো মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বারুইপুরে প্রতিনিধিত্ব করছেন, আপনার এলাকার মধ্যে বা মিউনিসিপ্যালিটির বাইরে অনেক জায়গা আছে, সেই জায়গা যদি অধিগ্রহণ করতে হয়, তাহলে সেই জায়গাতে নিশ্চয়ই তাকে আগের থেকে অধিগ্রহণের ফর্মুলা নিতে হবে। অথচ অন্য একটা জায়গায় অধিগ্রহণ হচ্ছে, শিল্পের দায় অধিগ্রহণের জন্য ল্যান্ড ব্যাঙ্ক করে রাখা হয়েছে ,ওই জায়গাটার জন্য জমির মাফিয়াদের উপর নির্ভর করে পাছে তারা জমি না দেয়, পাছে জমি পেতে দেরি হয়, হয়ত অন্য কোন কারণে সেখানকার যিনি মেইন মাফিয়া তাকে সন্তুষ্ট করার জন্য কিছু গুণ্ডা মাফিয়াদের সন্তুষ্ট করার জন্য আপনাকে সেখানে জমি সরাসরি কিনতে হল। কৃষকদের কাছ থেকে সরকার জমি কিনছে, পাওয়ার গ্রীড কিনছে। এই রকম উদাহরণ এর আগে আমি কখনও দেখিনি। সেই জায়গায় এত অত্যাচার হল, এত অবিচার হল এবং চাষীরা যখন জানতে পারল, ১৭ তারিখে তারা সেখানে গিয়ে বিরোধিতা করল, তখন থেকেই তাদের উপর অত্যাচার শুরু হল এবং সবশেষে এখনও পর্যন্ত যা অবস্থা হচ্ছে অত্যাচার হচ্ছে, দু'জন খুন হয়ে গেছে, দু'জন মজুর গুলি খেয়ে খুন হয়েছে এবং সেখানকার মানুষকে প্রতিদিন রাত্রে জেগে থাকতে হচ্ছে, কখন পুলিশ আসবে, কখন জমির মাফিয়ারা আসবে। স্যার, আজকের খবরেও দেখেছি ওখানকার যিনি মেইন জমি মাফিয়া, তিনি আরও অনেক জায়গা অধিগ্রহণ করে রেখেছেন তার নিজের ক্ষমতাবলে এবং সে জায়গাগুলি তিনি অত্যন্ত অল্প দামে কিনেছেন। স্যার, আমি আপনার কাছে, আপনার মাধ্যমে এই হাউসে জানাতে চাই, কেন এই জিনিসটা চলছে, কেন এই জিনিসটা চলবে। এত অত্যাচার, এত অবিচার, এত অন্যায়, তার বিরুদ্ধে যখন মানুষের রক্তপাত ঘটছে, তখন রাজ্য সরকারের পক্ষ থেকে দুটো কথা বলা হচ্ছে। একটা বহিরাগতরা আসছেন, আর একটা নকশালরা এসেছেন। স্যার, আমি আপনার কাছে জানতে চাইছি, নকশালরা যদি কোন সত্যি কথা বলে, নকশালদের খুনকে আমরা বরদাস্ত করি না, মাননীয় শোভনদেববাবু আছেন, তিনিও সেই সময় রাজনীতি করেছেন, এখানে মান্নান সাহেব আছেন তিনিও করেছেন। এখানকার অনেক বামফ্রন্টের পুরনো মেম্বার আছেন তারাও করেছেন। আমরা দেখেছি তাদের রক্তপাত,কখনও যাদবপুরে কখনও অন্য জায়গার, ঠিক আছে। কিন্তু তারা যদি কোন কৃষকের হয়ে সত্যিকারের কথা বলেন, তাহলে সেটা কি স্যার কোন অন্যায় হবে ? আমি স্যার আপনাকে বলছি, বহিরাগত যদি হয়, তাহলে বহিরাগত যারা এসেছেন, ওখানে গিয়ে যারা অর্গানাইজ করেছেন, আপনাদের কথা যদি সত্যি হয়, আমায় মাফ করবেন স্যার, এদের কথা যদি সত্যি হয়, তাহলে এটা কি আমি ধরে নেব যে তারা এটা করেছেন বলেই এটা ভুল হয়েছে , আর এখান থেকে যারা যাচ্ছেন তারা বহিরাগত নয়।

তখন মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী ছিলেন না। তিনি ছুটে গিয়েছিলেন নন্দিগ্রামে। তিনি বহিরাগত ছিলেন, না ঐ জায়গার মানুষ ছিলেন? ওখানে আরও যাঁরা গেছেন তাদের মধ্যে আছেন মেধা পাটেকর। তিনি গেছেন, তিনি কি বহিরাগত, না তিনি ঐ জায়গার মানুষ? এ রকম অসংখ্য উদাহারণ আছে। আমি গিয়েছি। আমরা কি বহিরাগত, না আমরা ওখানে গিয়েছিলাম? কেউ মমতা বন্দ্যোপাধ্যায় জিন্দাবাদ বলে যেতে পারে, কেউ প্রিয়রঞ্জন দাসমুন্সি জিন্দাবাদ বলে যেতে পারে। কেউ কংগ্রেসের কথায় যেতে পারে। কেউ অন্য কোন দলের কথায় যেতে পারে। তার মানে তারা বহিরাগত হয়ে গেল? তাহলে সেই আন্দোলন যখন সাকসেসফুল হয় তখন আমরা বলি গণতান্ত্রিক আন্দোলন সাকসেসফুল হয়েছে। আর যখন এরা আন্দোলন করে তখন বলে, বহিরাগতরা গিয়ে প্রভোক করেছে। তাই তাঁরা আজকে এই লড়াই করছে। স্যার, এর থেকে দুঃখের কথা আর কিছু হতে পারে না। এর থেকে দুঃখের কথা আর কিছু হতে পারে না। আমি বোলপুরের ক্ষেত্রেও একই কথা বলব, সেখানে আমাদের প্রদেশ কংগ্রেসের সভাপতি গেছেন। তাঁকে পুলিশ দিয়ে আঁটকে দেওয়া হয়েছে। বাড়িতে বাড়িতে বলা হয়েছে, ওখানে কেউ যাবেন না। উনি বহিরাগত? আমরা যদি ওখানে বহিরাগত হই তাহলে উনাদের ওখানে যিনি সভাপতি আছেন বীরভূম জেলার তৃণমূল সভাপতি, তিনি কি বহিরাগত, না অন্য জায়গা থেকে এসেছে ওখানে? কে উত্তর দেবে ? কে উত্তর দেবে? তাই আমি মনে করি স্যার, এর উল্লেখ থাকা উচিত ছিল মাননীয় রাজ্যপালের ভাষণে। নেই মাননীয় রাজ্যপালের ভাষণে।

আমি আপনাদের কাছে রাজ্যের আইন-শৃঙ্খলার অবস্থার কথা বলব। এই আইন-শৃঙ্খলার অবস্থা নামতে নামতে নামতে আমরা এমন একটা জায়গায় এসে গেছি যেখানে আউসগ্রামে পুলিশকে কাঁদতে হচ্ছে। আমি আলিপুরের পুলিশকে দেখেছিলাম, আপনিও হয়তো কাগজে ছবি দেখেছেন, পুলিশ টেবিলের তলায় বসে নিজেকে বাঁচানোর চেষ্টা করছেন। আর এবারের পুলিশকে দেখলাম, ২০১৭ই চার-পাঁচ বছর পর আমি কি দেখলাম, তিনি কাঁদতে কাঁদতে বলছেন, আমাকে মেরে ফেলত। আমি কি করব। এস.আই কাঁদতে কাঁদতে বলছে। এই যদি অবস্থা হয় তাহলে এখানেও দাঁড়িয়ে একদিন আমাদের চিৎকার করে বলতে হবে- save us, save us, save us from the cruelty. এর বাইরে কি বলব আমি আপনার কাছে? সুতরাং এই অবস্থার মধ্য দিয়ে আমাদের এই চলছে।

আমি আপনাদের কাছে আর একটা কথা বলতে চাই যে, আজকে সংবাদপত্রে দেখেছেন? আজকে সংবাদপত্রে একটি মেয়ের মর্মন্তুদ কাহিনী আছে, একটি মেয়ের মর্মন্তুদ কাহিনী আছে। আমি আপনাকে বলছি যে, সেই মেয়েটি সোনারপুরের। সেটা আপনার কন্সটিটিউশান কিনা জানি না। সোনারপুরে সেই মেয়েটি রাত জেগে পড়ছিল। তার সামনে মাধ্যমিক পরীক্ষা। তাকে মারা হয়েছে, মাথা থেঁতলে দেওয়া হয়েছে এবং তার আগে তাকে রেপ্ করা হয়েছে। এই ঘটনার কেউ নিন্দা না করুক আমরা যারা বিরোধী দলে আছি, আমরা এর প্রতিবাদ করছি এবং অন্যায় বলে মনে করছি। এর বিরুদ্ধে সমস্ত রকম ব্যবস্থা নেওয়া উচিত। আমি আপনাদের কাছে বলছি। ...(নয়েজ)... আপনি একজন মহিলা হয়ে, একটি মেয়ে অত্যাচারীত হয়ে মারা গেছে, আপনি বলছেন। আপনি এ কথা বলছেন। আমি বলতে চাই না। বলে যান আপনারা। যত পারবেন বলে যান। ...(নয়েজ)... যে মেয়েটা দু'মাস পর পরীক্ষা দিত সেই মেয়েটা আজকে মারা গেছে। আমি শুধু আপনাদের কাছে এইটুকু বলব যে, এটা দেখতে হবে। এই জন্যই, এই কারণেই মলেস্টেশানে আমরা সারা ভারতবর্ষে এক নম্বর জায়গায় আছি।

স্যার, শিক্ষার বিষয়ে এইটুকুই বলব, শিক্ষা নিয়ে অনেকে অনেক কথাই বলছেন। প্রাইমারি এডুকেশানে একটি জিনিস হচ্ছে, আমি জানি না, এটা নিয়ে শেষ পর্যন্ত পার্থবাবুরা কি করবেন, কোথায় নিয়ে যাবেন। শিক্ষার ক্ষেত্রে শিশু এবং মধ্যশিক্ষার যে আলাদা করে সেন্টার ছিল সেগুলো বন্ধ করে দেওয়ার কথা হচ্ছে। এটা যদি হয় তাহলে পুরুলিয়ার নেপালবাবুরা কি করবেন? যাঁদের দু'-তিন কিলোমিটার দূরে স্কুল আছে - শিশু শিক্ষা কেন্দ্র, তারা গিয়ে কি করবেন? এই যে মইনুল সাহেব আছেন, ফারাক্কার এম.এল.এ, তারা কি করবেন? যাঁরা অনেক দূরে বাস করেন। যারা মাইনোরিটি সম্প্রদায়ের আছেন। যে এম.এল.এ. দের কথা বললাম তাদের মধ্যে মইনুল সাহেব সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ এবং নেপাল মাহাতো মহাশয় ও.বি.সি. সম্প্রদায়ের মানুষ। তাহলে আমি কি বলব স্যার, আপনাদের কাছে। সেটা বন্ধ করে দেওয়ার চেষ্টা হচ্ছে।

স্যার, আপনাদের কাছে আমি ড্রপ-আউটের বিষয়ে বলছি। ন'টি জেলায় একাদশ শ্রেণিতে ড্রপ-আউট হচ্ছে। সর্বশিক্ষা রিপোর্টে বলছে, সংখ্যা ঊর্ধ্বমুখী। কি রকম? বর্ধমানে ২০১৩-১৪ সালের ড্রপ-আউট ছিল 1.39।

[11.20 – 11:30 a.m.]

2014-15 সালে ড্রপ-আউট হয়েছে 12.29। দক্ষিণ দিনাজপুরে ড্রপ-আউট ছিল 7.38। 2014-15 সালে হয়েছে 9.42 । দার্জিলিঙে 24.29 ছিল। সেটা কমেছে। কলকাতায় 9.39। মাত্র এক পয়েন্ট মতো কমেছে। কমে 8.58 হয়েছে। মুর্শিদাবাদে 10.46 ছিল '13-'14তে। সেটা হয়েছে 10.57.

আমি আপনাদের কাছে আরেকটা কথা বলব। সেটা হচ্ছে কালকে তৃণমূলের এম.পি.-রা গিয়ে বলেছেন যে 'ট্রাম্পের বিরুদ্ধে আমাদের বিক্ষোভ'। আমি আপনাদের কাছে একটা কথা বলতে চাই, আমি অনুরোধ করতে চাই। ট্রাম্পের বিরুদ্ধে আমাদের নিশ্চয় বিক্ষোভ হবে ওখানে আই.টি. সেক্টরে যদি আমাদের ছেলেরা কাজ না পায়। তাহলে আমরা শুধু ক্ষতিগ্রস্ত হব তাই নয় গোটা আমেরিকা ক্ষতিগ্রস্ত হবে। আমি বলছি, এত দক্ষ আই.টি.-র কারিগর আর কোথাও নেই সারা বিশ্বে। আজকে এই কাগজে আছে স্যার ৯৭টা কেস হয়েছে ট্রাম্পের বিরুদ্ধে। ট্রাম্পের বিরুদ্ধে ৯৭টা কেস করেছে। এটা করার আগে মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে আমি জিজ্ঞাসা করে বলতে চাই, মাননীয়া মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, ইনফোসিস, যে ইনফোসিস কাজ করলে, এখানে দাঁড়িয়ে স্যার আপনার সামনে বলেছিলেন মাননীয় ববি হাকিম সাহেব, তিনি বলেছিলেন তাঁর বক্তব্যে একদিন - "ইনফোসিস আসছে, ইনফোসিস আসছে ; ৩০ হাজার, ৪০ হাজার লোকের কাজ হবে।" যদি আসে মঙ্গল। কিন্তু তা নয়। ইনফোসিসকে SEZ দিতে হবে। সেখানে ৫০ একর জমি কেনা হয়েছে কী ৭০ একর জমি কেনা হয়েছে আমি বলতে পারছি না। জমি আছে। শুধু SEZ সম্পর্কে তাদের সঙ্গে আলোচনা করলে ৪০ হাজার বেকার চাকরী পাবে এবং অন্যান্য ব্যবস্থাগুলো করতে পারলে আরো অনেকে চাকরী পাবে। সুতরাং, আমি অনুরোধ করব, বেকারত্বের জ্বালা বহন না করে ইনফোসিসের সঙ্গে আলোচনা করে অবিলম্বে, ঐখানকার আন্দোলন চলে চলুক কিন্তু তার আগে আমাদের এখানকার আই.টি. সেক্টরকে আরো বেশী শক্তিশালী যদি করা যায় তাহলে আমরা বাঁচবো। তাই আমি মহামান্য রাজ্যপালের ভাষণের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী

মহাশয় কর্তৃক প্রদত্ত ভাষণের ওপরে আমাদের পরিষদীয় দলের মাননীয় মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী প্রস্তাবিত এবং আমাদের মুখ্যসচেতক মাননীয় নির্মল ঘোষ সমর্থিত ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপনের পরিপ্রেক্ষিতে জানাই, মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার ছত্রে ছত্রে পত্রে পত্রে বক্তব্য বিবেক থেকে বেরিয়ে এসেছে। বিরোধীরা বলছেন সরকার পক্ষ লিখে দিয়েছে তাই বলেছেন। না স্যার, রাজ্যপালের ভাষণ, রাজ্যপালের পদ-টা এত অবমূল্যায়নের পদ নয়। বিরোধীরা সেটা বোঝেন না। রাজ্যপালের পদের মর্যাদা-টাও বোঝেন না, রাজ্যপালকেও বোঝেন না। এই প্রথম মাননীয় রাজ্যপাল মহাশয় যে সরকারের সুপারিশক্রমে রাজ্যপাল হয়েছেন সেই সরকারের সমালোচনা করে এবং রাজ্য সরকারের ভূয়সী প্রশংসা করে তিনি প্রমাণ করে দিয়েছেন যে, যা তিনি বলেন বিবেকের তাড়নায় বলেন, যা তিনি বলেন বিবেকের টানে বলেন, যা তাঁর অন্তর-আত্মা বলে তাই তিনি বলেন। কেউ ডিক্টেট করলে তিনি বলেন না। কেউ লিখে দিলে বলেন না। বিরোধীরা যেটা বলছেন ঠিক নয়।

স্যার, আপনি সংবাদপত্রে, টি.ভি.-তে দেখবেন দলে দলে বিরোধীরা রাজ্যপালের কাছে বিভিন্ন অভিযোগ নিয়ে যান। বাইরে বেরিয়ে এসে দূরদর্শনে মুখ দেখিয়ে বলেন 'রাজ্যপাল এই বললেন, সেই বললেন'। মাননীয় রাজ্যপাল তখন কাউন্টার করার সুযোগ পান না। কিন্তু এখানে তাঁর বক্তৃতায় তিনি মুখের ওপর জবাব দিয়ে দিয়েছেন স্যার। তাঁরা যা বলেন সেটা ভুয়ো, যা বলেন তা অসত্য মহামান্য রাজ্যপালকে কোড করে। তাই আজকে মুখের ওপর জবাব হয়েছে মহামান্য রাজ্যপালের এই ভাষণ।

স্যার, মাননীয় সদস্য আজকে যেটা বলছিলেন, আপনি জানেন স্যার, কাটা ঘা হলে কী হয় ? দগদগে যন্ত্রণা হয়। ওঁরা ২ লক্ষ কোটি টাকা ঋণ রেখে গিয়েছিলেন, আগের সরকার। আমাদের সরকারকে আজকে উন্নয়নমূলক কাজ করতে হচ্ছে অতি কষ্টে, সমস্ত উন্নয়নমূলক কাজ। এই বছর ৪০ হাজার কোটি টাকা আসল আর সুদ দিতে হয়েছে এই সরকারকে। স্যার, এর পরে কী হল ? এই কাটা ঘায়ে ওঁরা আরো নুনের ছিটে দিলেন।

কেন না স্যার, এটা নীতিগত সিদ্ধান্ত নয়। নিজেদের লজ্জা ঢাকতে আরো যন্ত্রণা, স্যার কেন বলছেন এরা? এরা বলছেন কি? ডঃ সুজন চক্রবর্তী বলেছেন পঞ্চায়েত সম্মেলনে কেন মুখ্যমন্ত্রী বেতন বৃদ্ধির কথা বলবেন? পঞ্চায়েত সম্মেলনে বলবেন না কি আগের মতন আলিমুদ্দিন থেকে বলবেন? পঞ্চায়েত প্রতিনিধিদের বেতন বৃদ্ধির কথা - তিনি পঞ্চায়েত সম্মেলনে বলেছেন। এটা নীতিগত সিদ্ধান্ত নয়। নীতিগত সিদ্ধান্ত হলে বিধানসভায় বলতে হয়। এটা নীতিগত সিদ্ধান্ত নয়, এটা একটা বেতন বৃদ্ধির পেশাগত সিদ্ধান্ত। তাই এতে নুনের ছিটে পড়ল বিরোধীদের ওপর। মুখ্যমন্ত্রী যখন পঞ্চায়েত সম্মেলনে প্রতিনিধিদের বললেন -৩৫ বছরে যারা নজর দেয়নি, দীর্ঘ শাসনে যা করেনি, আমি "স্বাস্থ্যসাথী" প্রকল্পে প্রতিনিধিদের অন্তর্ভুক্ত..(গোলমাল)... - যাহা ৫২ তাহা ৫৩- সুতরাং আজকে পঞ্চায়েত সম্মেলনে তিনি যখন "স্বাস্থ্যসাথী প্রকল্পে এদের অন্তর্ভুক্ত করলেন তখন ওদের গায়ে নুনের ছিটে পড়ল। আজকে অসিতদা বললেন, কেন ভাঙড়ের উল্লেখ নেই? স্যার, এরা ভাঙড়কে ভাগাড় করতে চেয়েছিল। এরা ভাঙড়কে জ্বালিয়ে দিতে চেয়েছিলেন। তাকে আজকে কঠিন হস্তে দমন করেছেন। উনি বলছেন কেন নানুর। উল্লেখ নেই? যারা আজকে জ্বালাতে চায়, যারা আজকে রাজ্যে অশান্তি করতে চায় তাদের ভুতের মুখে রাম নাম স্যার। এরা আজকে রাজ্যে নতুন করে আইন শৃঙ্খলার অবনতি করতে চাইছে। অথচ আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী দলমত নির্বিশেষে সবাইকে দিয়েছেন। সরকারী সম্পত্তি ধ্বংস করবে, আজকে বিধানসভায় নতুন আইন আসছে। কঠিন আইন করতে হবে। সরকারী সম্পত্তি যারা ধ্বংস করবে বা জনগণের

সম্পত্তি যারা ধ্বংস করবে, পাবলিক প্রপার্টি যারা ধ্বংস করবে আন্দোলনের নামে অসিতদা তাকে কোনভাবেই রেয়াত করা হবে না। এদের পাগলামি বন্ধ করতে হবে। স্যার, এদের পাগলামি বন্ধ করতে হবে। এদের গায়ে জ্বালা ধরেছে। কারণ এরা আগুন জ্বালাতে গিয়ে জ্বালাতে পারেনি। স্যার, এরা হরবোলা। হরবোলারা বহু কণ্ঠে ডাকে। একই ব্যক্তি কখনও কাক ডাকছে, কখনও কোকিল ডাকছে, কখনও বাঘ ডাকছে। তেমনই সিপিএমের কণ্ঠে বিজেপির কণ্ঠস্বর, বিজেপির কণ্ঠে কংগ্রেসের কণ্ঠস্বর। এরা একই ব্যক্তি স্যার। আমার একটা প্রস্তাব আছে স্যার। এদের তিনটে ঘর দেবেন না। স্যার, এদের এক ঘরে ঢুকিয়ে দিন, এতে সুবিধা হবে। তিনটে ঘর নিয়ে আছে, এরা তো একই। বিধানসভায় দেখুন স্যার, বিধানসভার চিত্রটা দেখুন স্যার। এদের তিনটে ঘর দেওয়ার দরকার নেই স্যার। এদের একটা ঘরই আপনি দিয়ে দিন স্যার। স্যার, গোদের উপর বিষফোঁড়া- আমাদের অর্থনীতিতে আজকে কোটি কোটি টাকা ঋণ নিয়ে এই রাজ্য সরকারকে চলতে হচ্ছে। এরপরে কি হয়েছে স্যার? এর পরে কি হল? একটা কথা অসিতবাবুরা বললেন না? আজকে বিমুদ্রাকরণের জন্য রাজ্যের অর্থনীতির উপর চাপ পড়েছে। গরীবের উপর পড়েছে, কৃষকের উপর পড়েছে, মধ্যবিত্তের উপর পড়েছে, ছাত্র, যুবক, শ্রমিকের উপর পড়েছে। একটা কথাও এরা বললেন না। এর দ্বারা কি বোঝায় স্যার? বিমুদ্রাকরণের কথা একবারও বললেন না। স্যার, একটা কথা আছে শুনে রাখুন- পৃথিবীর নয়, সর্বকালের সর্বশাস্ত্রে যিনি মন্ত্রণাদাতা 'চাণক্য' তাঁর একটা উদ্ধৃতি আমি দিচ্ছি- "চলত্যেকেন পাদেন তিষ্ঠত্যে কেন বুদ্ধিমান। ন সমীক্ষ পরং স্থানং পূর্বমায়েতনং ত্যজেৎ". স্কুল ফাইনালে পড়েছিলেন সুজনবাবু। মনে আছে তো? এর মানেটা কি? এক পা ফেলে যদি আর এক পা ফেলতে হয় তাহলে ভেবেচিন্তে ফেলতে হয়। রিঅ্যাকশানটা জেনে অ্যাকশানটা নিতে হয়। রিঅ্যাকশান না জেনে অ্যাকশান যে দেয় সে ড্রামাটিস্ট হতে পারে সে কখনও আসল রাষ্ট্রবোত্তা হয় না। আজকে তাই আপনার কাছে আমার আবেদন, আজকে রাজধর্ম তো পালন করলেনই না, স্যার ডাইনে একটা পা ফেলে দিলেন তখন বললেন কোন জায়গায় যাচ্ছে। ভারতবর্ষের অর্থনীতি কোন জায়গায় গেল? কোন জায়গায় গেল? শতাধিক ব্যক্তি প্রাণ দিলেন। Act like dramatist and talking with....। কি মন কি বাত দিচ্ছেন স্যার?

[11.30 – 11:40 a.m.]

মন কি বাত দিচ্ছেন স্যার, দেশ কি বাত হল স্যার ? দেশ কি বাত নেহি, মন কি বাত শুনুন - আর এরা একবারও বললেন না। একবারও বললেন না, আজকে দেশের বাত বলতে হবে, উন্নয়নের বাত বলতে হবে, ছাত্রের বাত বলতে হবে, স্যার, শ্রমিকের বাত বলতে হবে - সেটাই তো আজকে কাজ স্যার। আজকে তাই উলটো পুরাণ গেয়ে গেলেন। স্যার, মূল কথা জানেন, আজকে কেন্দ্র কেন্দ্রীকতার পথে চলছে। নিশ্চয় সুজনবাবুরা এর বিরোধিতা করবেন না। আজকে রাষ্ট্রের কাঠামোটাকে ধ্বংস করার চেষ্টা হচ্ছে স্যার। অথচ আমাদের সরকার, আমাদের মুখ্যমন্ত্রী শ্রদ্ধেয় মমতা বন্দ্যোপাধ্যায় দেখুন ডি-সেন্ট্রালাইজ করে চলেছেন স্যার। আমরা জঙ্গল মহলের মানুষের পরিষেবার জন্য নতুন ঝাড়গ্রাম জেলা করেছি। শুনে রাখুন উত্তরবঙ্গে আলিপুরদুয়ার নতুন জেলা দিয়েছি। শুনে রাখুন, দার্জিলিং-এ ডি-সেন্ট্রালাইজের জন্য ৪টি উন্নয়ন পর্ষদ ইতিমধ্যে গড়া হয়েছে এবং যারা পার্বত্য উপজাতি - গুরুং,পাহাড়িয়া, অরো তিনটি উন্নয়ন পর্ষদ গড়া হচ্ছে। বড় যন্ত্রণা স্যার, আগুন জ্বলছে না। আজকে আমাদের মুখ্যমন্ত্রীকে নৃত্যের তালে তালে পুষ্প স্তবক দিচ্ছে, উত্তরীয় দিচ্ছেন, নাচ গানের মাধ্যমে অভ্যর্থনা জানাচ্ছেন - সহ্য হচ্ছে না স্যার, বড় জ্বালা, বড় জ্বালা। সুতারাং

আজকে তো এরা বলবেনই। আজকে আপনাদের ওখানে নতুন মহকুমা হয়েছে। নতুন জেলা হবে, নতুন পৌরসভা হয়েছে। আমরা স্পষ্ট বিকেন্দ্রীকরণের মাধ্যমে মানুষের কাছাকাছি যেতে চাইছি। আর এরা উলটো পুরাণ গাইছে। মানুষের কাছ থেকে ক্ষমতা কেন্দ্রীভূত করতে চাইছে কেন্দ্র। আমরা এর তীব্র বিরোধিতা করি। পঞ্চায়েতের টাকা জানবে না, রাজ্যের কর্মচারী রাজ্য জানবে না উইথ ড্র হয়ে যাবে, ডেপ্রাইভ হবে। অর্থাৎ রাজ্যকে অন্ধকারে রেখে আমাদের যে ইনফ্রাস্ট্রাকচার -সেভারেল ইনফ্রাস্ট্রাকচারকে ধ্বংস করে আজকে ভারতবর্ষে ঘোর অন্ধকারের রাজত্ব ঘনিয়ে আসছে। এর বিরুদ্ধে আমি ভেবেছিলাম দলমত নির্বিশেষে- আজকে অসিত দা কিছু কথা বলবেন। তিনি চলে গেলেন জালের বাইরে। তিনি চলে গেলেন রেঞ্জের বাইরে। এটা কেন হল ? আপনার মত প্রবীণ বিধানসভার সদস্যের কাছ থেকে এটা আশা করিনি। পয়েন্টে বলুন, এক দিকে স্যার, আপনি ফিজিক্যালি দেখছেন সিরিয়াল কিলার। সেই সিরিয়াল কিলার কে জানেন ?

আমাদের কেন্দ্রের সরকার। কি রকম ? স্যার, আমরা ছেলেবেলায় একটা গান শুনেছিলাম - " তেলের শিশি ভাঙ্গলো বলে শিশুর পরে রাগ করো। তোমরা যে সব ধেড়ে খোকা ভারত ভেঙ্গে ভাগ করো তার বেলা? " ঠিক সেই রকম স্যার, ক্ষমতায় এসে এরা একটা কথা বলছেন না। ক্ষমতায় এসে পরিকল্পনা যে কমিশন, প্ল্যানিং কমিশনকে ভাঙ্গলো। একটা ইন্সটিটিউশানকে কে ভাঙ্গলো ? স্যার, পরিকল্পনার ইতিহাস মানে ভারতবর্ষের ইতিহাস। পরিকল্পনা কমিশনের ইতিহাস মানে জাতীয় আন্দোলনের ইতিহাস। পরিকল্পনা কমিশনের আন্দোলনের সঙ্গে হৃদয়ের আত্মা, হৃৎপিণ্ড, অর্থনীতি লুকিয়ে আছে। নেতাজি সুভাষচন্দ্র- ১৯৩৮ সালে বোম্বেতে কংগ্রেস সভাপতি হওয়ার পরে পরেই জহরলাল নেহেরুর নেতৃত্বে পরিকল্পনা কমিশন গঠন করেছিলেন। আপনারা আজকে বাপ ঠাকুরদার নাম ধরেন না, আমরাই ধরি,। সুতরাং তিনি প্রথমেই বললেন, আমি ইন্সটিটিউশান মানি না। আমি ইন্সটিটিউশান মানি না। দ্বিতীয়, এই বাজেটে বললেন, পরিকল্পনা খাতে ব্যয় এবং পরিকল্পনা বিহীন খাতে ব্যয় এক- একাকার। স্যার, রাজ্যপাল তো ঠিকই বলেছেন পরিকল্পনা মানে পারমানেন্ট স্টেবেল ডেভালপমেন্ট। পারমানেন্ট স্টেবল ডেভালপমেন্ট চান না। অথচ আমাদের পারমানেন্ট স্টেবল ডেভালপমেন্ট চাইতে গেলে আমাদের বিত্তমন্ত্রী চারগুণ পরিকল্পনা খাতে ব্যয় বাড়িয়েছেন। সাত গুণ বিনিয়োগ করেছেন পরিকল্পনা উন্নয়নের জন্য। সেপারেট করে দিয়েছেন দেখো চোখে আঙুল দিয়ে। প্ল্যানিং সেক্টরে আমি এই ডেভালপমেন্টে নিয়ে যাচ্ছি। নন-প্ল্যানিং সেক্টরে আমি এই ডেভালপমেন্ট নিয়ে যাচ্ছি। নন- প্ল্যান সেক্টর মানে কি ? বন্যা হল, খরা হল, দুর্যোগ হল আমাকে টাকা লাগাতে হবে কিন্তু স্থায়ী উন্নয়নের জন্য ইনফ্রাস্ট্রাকচারের জন্য, পারমানেন্ট ইনফ্রাস্ট্রাকচারের জন্য আজকে প্ল্যানিং কমিশনের টাকা চাই। স্যার, আজকে তাই আমি আপনার কাছে বলি, রাজ্যপাল সঠিকভাবে বলেছেন বিকেন্দ্রীকতা কেন্দ্র উন্নয়ন মানে কি বুঝছে স্যার ? কর্পোরেট জগতের উন্নয়ন। কেন্দ্র উন্নয়ন মানে কি বোঝে স্যার ? ৫০টি ফ্যামিলির হাতে ৭৫ ভাগ প্রপার্টি থাকবে।

কেন্দ্র উন্নয়ন মানে কি স্যার? আগামীর উন্নয়ন। আমাদের রাজ্য সরকার উন্নয়ন মানে কি বোঝে স্যার।৫০-৬০ কি সরকারের - শিশু, আপনি বললেন, কোথায় এই তথ্যটা পেলেন আমি জানি না। আপনি বললেন ছুট বেড়েছে, আপনি যেটা পড়ে গেলেন। দেখবেন একের পর এক জেলার ছুট কমেছে। কিন্তু আর একটা বললেন না যে আজকে অ্যাডমিশানের - যে শিশুরা পড়তে যাচ্ছিল, তার থেকে অনেক বেশিভাগ পড়তে যাচ্ছে। আজকে সেটা আপনি বললেন। না। আপনি দুটো বললেন না। শিক্ষা, সাহিত্য সব কিছু দিয়ে হল। স্যার,ওরা বলতে

পারতেন খাদ্য উৎপাদনে শীর্ষে কে? সারা ভারতবর্ষে বাংলা। স্যার, মৎস্য উৎপাদনে শীর্ষে কে? ছিল, আছে, বাংলা। স্যার, মহাত্মা গান্ধী কর্মসংস্থান প্রকল্পে ৫৬০০ কোটি টাকা খরচা করে সারা দেশের শীর্ষে কে? বাংলা।নির্মল ভারতে নির্মল বাংলায় ফাস্ট প্রাইজ, সেকেন্ড প্রাইজ, থার্ড প্রাইজ - সবেতেই বাংলা স্যার। স্যার, ওরা কর্মদিবস নষ্ট করতেন। কর্মদিবসের ক্ষেত্রে ফাস্ট কে? বাংলা। সংখ্যালঘু উন্নয়নে প্রথম কে? বাংলা। ২৩০০ কোটি টাকা খরচা করে আমরা এককোটি সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্রযুবককে বৃত্তি দেওয়া হয়েছে। স্যার, একদিকে ধ্বংস, আর একদিকে কি?স্যার, আপনি বলুন কন্যাশ্রী প্রকল্প - বাংলা। সবুজশ্রী প্রকল্প - বাংলা। সবুজসাথী প্রকল্প-বাংলা, মমতা বন্দ্যোপাধ্যায়। আজকে স্বাস্থ্যসাথী প্রকল্প - বাংলা, মমতা বন্দ্যোপাধ্যায়। প্রত্যেকটি জায়গার ক্ষেত্রে আজকে বাংলাকে ভারতবর্ষে শুধু নয় বিশ্ব বাংলার দিকে নিয়ে যাচ্ছি। ভাবের ঘরে চুরি করছেন স্যার। কোরাপশানের কথা বলেন। একটি তথ্য দিই স্যার। কংগ্রেস লাস্ট যে দু'বছর মন্ত্রীসভায় ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে, তাতে কি ছিল? কংগ্রেসের আয়ের ৮৫% অথাৎ ৩৩৯ কোটি ২৯লক্ষ টাকা ছিল। যার আয়ের উৎসটা জানা ছিল না, অজ্ঞাতসূত্র সেটা। ৩৩৯ কোটি, স্যার, বিজেপির কথা বলছি, উনি দুধ খেয়ে রাজনীতি করেন বলেন, উনি জানেন না ওটা জল দুধ। ওনারা আসল দুধ খান না। আপনারা জলে দুধ মিশিয়ে খান, আসল দুধ খান না। স্যার, বিজেপির কথা শুনুন। মাত্র আড়াই বছর হয়নি। ওদের অজানা সূত্রে আয়ের হিসাবটা শুনুন স্যার। আপনার যা আয় তার ৬৫% হচ্ছে অজানা, আননোন সোর্স। আননোন সোর্স কার এবং তার পরিমাণ কত? ২১২৫ কোটি টাকা স্যার। ২১২৫ কোটি টাকা আপনার অজানা সূত্রের আয়। আপনি। বলবেন কালোর বিরুদ্ধে, আপনি বলবেন আলোর বিরুদ্ধে। স্যার, সি পি এম, সুজনবাবুরা,৩৪ বছরের কথা বলি, ভালো লাগবে না শুনতে।(গোলমাল) স্যার, ৪৭১ কোটি, অজানা সূত্র। আর আমাদেরটা আপনি বলবেন, আমি কেন বলতে যাব।(গোলমাল) ছয় বছরে ১৮ কোটি, এই হচ্ছে অজানা সূত্রের আয়। সেইজন্য কালো টাকার উৎস বন্ধ করতে হয়। নির্বাচনে ব্যয় করতে হয়। সেই নির্বাচনটা স্টেট ফাইনান্স কর, একবারও বললেন না। নির্বাচনে স্টেট ফাইনান্স কর। নিবার্চনে স্টেট ফাইনান্স করলে ....

(গোলমাল)

মাননীয় রাজ্যপাল ছত্রে ছত্রে যে কথা বলেছেন, বিবেকের তাড়নায় স্যার। যারাই তাঁকে অ্যাপোয়েন্টমেন্ট দিয়েছেন,তাঁকে তুলোধনা করে দিয়েছেন,অর্থনীতিকে তুলোধনা করেছেন। আর মমতা বন্দ্যোপাধ্যায়কে সর্বশ্রেষ্ঠ মুখ্যমন্ত্রী প্রতিষ্ঠিত করছেন, তাই সমর্থন করছি। ধন্যবাদ।

[11.40 – 11:50 a.m.]

ডঃ সুজন চক্রবর্তী : স্যার রাজ্যপালের ভাষণের উপরে আমরা সবাই চর্চা করছি। রাজ্যপালের ভাষণের উপর এই আলোচনাটা ১৬-১৮ ঘণ্টা হয় , ১২-১৪ ঘণ্টা হয় সেখানে ৮ ঘণ্টা। আমার আগে অসিতবাবু এই সংক্রান্ত বিষয়ে যা বলেছেন আমি রিপিট করছি না, তারসঙ্গে সহমত পোষণ করছি। স্যার এটা এক বছরের ভাষণ না গত ছয় বছরে – এক বছরে কি এমন। কিছু পাওয়া গেল না যে এক বছর বললে ব্যাপারটা বড্ড খেলো হয়ে যাবে। তাই কি ছয় বছরের কিউমিউল্যাটিভ ভাষণ দেওয়া হল। আপনি নিশ্চয়ই ভাষণটা খেয়াল করেছেন, ছত্রে ছত্রে তা স্পষ্ট হচ্ছে। আমি দেখলাম গতবারে মা-মাটি-মানুষের সরকারের বন্দনা করা হয়েছিল। এইবারে রাজ্যপাল বুঝেছেন হয়তো, মা-মাটি-মানুষের সরকার আর উল্লেখ করেননি, আমাদের সরকার বলে উল্লেখ করেছেন। গতবারে আমি বলেছিলাম মা-মাটি মানুষের সরকার হয় না, রাজ্যপালের মুখে ওটা আমাদের সরকার হয়। গতবারে করেননি এইবারে অন্তত মান্য করেছেন। স্যার মুখ্যমন্ত্রীর বন্দনা যথেষ্ট আছে। সেটা রাজ্যপালকে বলতে

হবে কারণ রাজ্যপালকে বলানো হয় এবং এটা স্পষ্ট আপনি যদি স্যার যে কোন একটা প্রসঙ্গ ধরেন - যে কোন প্রসঙ্গ আমি এই বছরের রাজ্যপালের ভাষণে আসছি। স্যার আপনি আইনের বিশারদ। Self contradictory বক্তব্য - বিরোধমূলক, বিপরীতমুখী কেন? দুই নম্বর পাতায় স্যার নির্দিষ্ট করে বলা হচ্ছে - শেষের দিকে দেখবেন যে রাজস্ব উল্লেখযোগ্যভাবে হ্রাস পাবে আবার তিন নম্বর পাতায় বলা হচ্ছে যে মুদ্রারহিতকরণের অভূতপূর্ব সমস্যার মোকাবিলায় সফল হয়েছে। এদিকে সফল হয়েছে অথচ হ্রাস পাচ্ছে। মেলানো সম্ভব নয়। আপনিও পারবেন বলে আমার মনে হয় না, কেউই পারবে না। স্যার দুই নম্বর পৃষ্ঠায় নির্দিষ্টভাবে বলা হচ্ছে যে লক্ষ লক্ষ কর্মী তাঁদের চাকরি ও জীবিকা খুইয়েছেন। Even if it is fact, তিন নম্বর পৃষ্ঠায় বলা হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রীর বলিষ্ঠ ও কঠোর তত্ত্বাবধানে সরকার শিল্পের পুনরুজ্জীবন ও কৃষির ক্রমোন্নতি দারুণভাবে করতে পারছে। এটা করতে পারছে অথচ লক্ষ লক্ষ লোক কাজ হারাচ্ছে-Self contradictory to the point of infinity এর চাইতে বড় বৈপরীত্যমূলক বক্তৃতা রাজ্যপালের কখনও কোনদিন এই বিধানসভায় হয়নি। স্যার একই রকম ভাবে আপনি যদি দেখেন খুব গুরুত্ব দিয়েই এখানে বলা হয়েছে সিঙ্গুর ইত্যাদির প্রসঙ্গ টেনে। তিন নম্বর পৃষ্ঠায় শিল্পের জন্য কৃষিজমি অধিগ্রহণের বিরুদ্ধে কৃষকদের গণ আন্দোলন ইত্যাদি ইত্যাদি এবং আমাদের পরিষদীয় মন্ত্রী একাধিকবার বলেছেন, সরকারী মন্ত্রী একাধিকবার বলেছেন ভাঙ্গরে কৃষিজমি আমরা অধিগ্রহণ করিনি। কৃষিজমি অধিগ্রহণের বিরুদ্ধে সিঙ্গুরের সাফল্যে যে সরকার সোচ্চারে প্রকাশ করতে চায় land aquisition notification for Bhangar আনফরচুনেটলি মন্ত্রীরা বলছেন land aquisition হয়নি। নোটিশটা কীসের ? আমি আপনাকে দিনক্ষণ ধরে জমা দিয়ে যাব স্যার। এত অসত্য কেন ? এত বৈপরীত্য কেন ? এখানে বলব অধিগ্রহণের বিরুদ্ধে আমরা সফল অথচ ভাঙরে বলব ওই কারণে আমরা অধিগ্রহণ করিনি অথচ land aquisition -এর নোটিশ আমার কাছে কপি আছে, সরকারের কাছে আছে। আমি আপনার কাছে জমা দিয়ে যাব স্যার। তাতে আপনি দেখবেন এটা হতে পারে আসলে এটা land aquisition কিন্তু জমি মাফিয়াদের স্বার্থ রক্ষা করার সুবন্দবস্ত রাখা হয়েছে। যে কারণে ভাঙরের মানুষদের মধ্যে বিক্ষোভটা স্বতত স্বাভাবিক আমরা তা স্পষ্ট বুঝতে পারছি। কোনটা ঠিক - রাজ্যপালের ভাষণের কোন অংশটা ঠিক ? প্রথমটা না দ্বিতীয়টা ? দ্বিতীয়টা না তৃতীয়টা ? নিশ্চয়ই সেটা আমাদের খেয়াল করা দরকার। স্যার এই বক্তব্যে, ভাষণে বাস্তবের প্রতিফলন নেই। আমাদের রাজ্যের অর্থনীতির চেহারাটা কি দাঁড়াচ্ছে! কিছু লোকের সম্পদ পনেরো গুণ, বিশ গুণ , পঁচিশ গুণ, ত্রিশ গুণ হয়ে যাচ্ছে আয়ের উৎস নেই। বোঝা যাচ্ছে না - তারা আপনার ডান দিকে আছেন আপনি আমার চেয়ে ভাল জানেন।

কিছু মানুষের সম্পত্তি বহুগুণ বেড়ে যাচ্ছে, আর লাখ - লাখ আমজনতার নুন আনতে পান্তা ফুরচ্ছে। কোন প্রতিফলন আছে ভাষণে ? নেই। স্যার , অর্থনীতির কি চেহারা ? মূল্যবৃদ্ধি ভয়ংকর। সারা দেশে বিদ্যুতের দাম সবচেয়ে বেড়েছে যে রাজ্যে - পশ্চিমবাংলায়। কর্মসংস্থান নেই। অস্থায়ী কর্মী বাড়ছে। সমকাজে সমবেতন সুপ্রিম কোর্ট বলেছে - কোন রেফারেন্স নেই। আমার এই রাজ্য কি করছে ? রাজ্যের মানুষের জন্য তো রাজ্য সরকার এবং রাজ্যের মানুষের দায় নিয়েই তো বিধানসভা। রাজ্যপাল সাংবিধানিক প্রধান। কোন উল্লেখ নেই। ডি.এ পাচ্ছে না। স্যার , আপনার যারা কর্মচারী তারাই বঞ্চিত - গোটা রাজ্য বঞ্চিত ভয়ংকরভাবে। কোন উল্লেখ নেই। স্যার শিল্প নেই , গালগল্প চলছে। শিক্ষক নিয়োগ হল স্যার। আপনি আইনের বিশারদ , কোনদিন কখনও শুনেছেন মাধ্যমিক পরীক্ষায় কারা পাস করেছে ? না, রেজাল্ট পাবলিশ করা হবে না , ওয়েবসাইটে দেওয়া হবে না। তোমাকে এস.এম.এস-এ জানিয়ে দেওয়া হবে তুমি পাস করেছ, না ফেল করেছ। তুমি ৬০০ পেয়েছ, না ৫০০ পেয়েছ।

স্যার প্রাইমারী একটা এ্যাপয়েন্টমেন্ট নাকি হচ্ছে - নো ওয়েবসাইট, নো পাবলিকেশান অফ রেজাল্ট। শুধু এস.এম.এস। অস্বচ্ছতার কত চূড়ান্ত পরিনামের জন্য এইরকম পদক্ষেপ নিতে হয়, রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ আমরা পেলাম না। স্যার পাবলিক সার্ভিস কমিশন একটা কনস্টিটিউশানাল বডি। সবাই জানি আমরা। কনস্টিটিউশানাল বডি - পাবলিক সার্ভিস কমিশন - যার মাধ্যমে সরকারী কর্মচারী এবং আধিকারিক নিয়োগ করা হয়। সেটাকে কার্যত সরকারী দপ্তরে পরিণত করার এতো জরুরী প্রয়োজন ছিল ? রাজ্যপালের নয় - রাজ্যপাল সাহস দেখাতে পারেননি, সেকথা উল্লেখ করেননি, উল্লেখ করতে পারেননি। আইন - শৃঙ্খলার অবস্থা ভয়ংকর - অন্যরা বলবেন, আপনিও জানেন। অশোক বাবু বলেছেন। আমরা যখন হাউসে এসছি, তখন সোনারপুরের বাচ্চা মেয়েটা মাধ্যমিক পরীক্ষার্থী - রেপড দেন মাডারড। এটা নিত্যদিনের ঘটনা স্যার, এটা একটা মাত্র জায়গায় না। গোটা রাজ্যে ভয়ংকর অবস্থা।স্যার কলেজে ভোট হচ্ছে, শিক্ষামন্ত্রী নেই – উনি পরিষদীয় মন্ত্রীও।বেচারা শিক্ষামন্ত্রীর জন্য আমার খুব কষ্ট হয়। বিরোধী কেউ থাকবে না, থাকলে তার হাত-পা ভেঙ্গে দেওয়া হবে। যদি বিরোধী কেউ না থাকে তাহলে কে বেশি সরব হবে ? 'এ' এবং ' বি' একই দলের লোক। তাই নিয়ে বিপুল মারামারি এবং শেষমেষ শিক্ষামন্ত্রী বাকি সব কাজ সেরে দলে গিয়ে ইউনিয়নের কে কোথায় মাতব্বর হবেন, জি.এস হবেন, ভাইস প্রেসিডেন্ট হবেন তাঁকে সিদ্ধান্ত নিতে হচ্ছে-আমাদের শিক্ষামন্ত্রীকে। বেচারা শিক্ষামন্ত্রীর জন্য আমার কষ্ট হয়। আইন- শৃঙ্খলা আজকে এইরকম জায়গায় এসে দাঁড়িয়েছে। স্যার বাংলা জ্বলছে। স্যার পুলিশ কাঁদছে। স্যার আমি জানি না কার কি মনে হয়েছে - আউশগ্রামের পুলিশটা যখন ভ্যা ভ্যা করে কাঁদছে কি এক সাব ইন্সপেক্টার - আমি বিশ্বাস করি আপনারও কষ্ট হয়েছে, আমারও কষ্ট হয়েছে। ওরা মধ্যবিত্ত পরিবারের মানুষ। কেন কাঁদছে স্যার? অপরাধটা ওর? না। মানুষ বলছে জমি মাফিয়াদের উপর আমার রাগ। জমি মাফিয়াদের হয়ে তুমি দালালি করছ কেন? এটা তোমার পুলিশের কাজ নয়। বলছে-যে অন্যায় করছে, তারজন্য তুমি প্লিড করে চলছ কেন? পুলিশটা টেবিলের তলায় লুকিয়ে পড়ছে। পুলিশ হাত তুলে বলছে, বাবা আমি কোন অন্যায় করিনি। পুলিশের হাতে লাঠি নেই। লাঠি আছে - পুলিশকে পেটাতে হবে জমি মাফিয়ার বাহিনীর হাতে। এর চাইতে দুর্ভাগ্যজনক অবস্থা আমাদের পশ্চিমবাংলায় কখনও হয়নি। অতীতে কোনদিন হয়নি। নিশ্চয়ই আপনি খেয়াল করবেন যে রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ নেই। স্যার সম্প্রদায়গত বিরোধ কি বাড়ছে? সবাই আমরা একমত হব। আমাদের দ্বিমত হবার কোন সুযোগ নেই।ধূলাগড় হতে পারে, খড়গপুর হতে পারে, হাজিরাপুর হতে পারে - কেন হচ্ছে? এই রাস্তায় যাচ্ছি কেন? আর.এস.এস. - এর শাখা তিনগুণ বেড়ে গেল। স্যার আমরা নিজের জন্য স্কুলঘর পাব না। আর.এস.এস -এর ক্যাম্প হবে, স্কুল ঘর পাচ্ছে। সরকার তৃণমূলের, পশ্চিমবাংলার সরকার তৃণমূলের। আর.এস.এস - এর ক্যাম্প করার জন্য জায়গা পাওয়া যায়। আর.এস.এস-এর শাখা সংখ্যা বৃদ্ধি হয়। বি.জে. পি-র বাড়বাড়ন্ত হতে পারে এবং গোটা রাজ্য জুড়ে একটা সাম্প্রদায়িকতার বাতাবরণ তৈরী হচ্ছে - এটা আমাদের গোটা রাজ্যের জন্য বিষ। এই বিষের বিরুদ্ধে আমরা রুখে দাঁড়াব। রাজ্যপালের ভাষণে তার কোন ইঙ্গিত আমরা পেলাম না। স্যার আপনি রাজ্যপালের ভাষণেই আসুন -আবারও আসুন, ৫ পৃষ্ঠা। হত্যা নাশকতামূলক কাজকর্ম ও বাম চরমপন্থা কণ্টকিত দুঃস্বপ্নের দিনগুলিকে পিছনে ফেলে জঙ্গলমহলে সর্বাত্মক উন্নতি সাধিত হয়েছে।

[11.50 – 12:00 Noon.]

স্যার, এখানে উল্লেখ করা হয়েছে জঙ্গলমহল ক্রীড়া উৎসব। আমি ওয়েলকাম করি। এখানে উল্লেখ করা হয়েছে জঙ্গলমহল উৎসব। আমি ওয়েলকাম করি। উৎসব হোক, মানুষের

মেলামেশার বন্দোবস্ত হোক। কিন্তু বাম চরমপন্থা কণ্টকিত দুঃস্বপ্নের দিনগুলি রাজ্যপাল যা উল্লেখ করলেন, রাজ্যপাল কাকে ইঙ্গিত করলেন? রাজ্যপাল যখন এটা লিখছেন এবং পড়ছেন তখন কি রাজ্যপালের স্মৃতিপটে সেই ছবিটা আছে যে ছত্রধর মাহাত বলে একজন, যে এখন জেলের মধ্যে আছে, তার বাইকের পিছনে কোন নেত্রী ঘুরে বেড়াচ্ছিলেন গোটা জঙ্গলমহলে, সেটা কি রাজ্যপালের স্মৃতিপটে ভেসে উঠেছে? স্যার, রাজ্যপাল কাকে ইঙ্গিত করলেন? রাজ্যপাল যখন লিখছেন, পড়ছেন তখন কি তিনি খেয়াল করছেন যে বাম চরমপন্থা কণ্টকিত পথের সর্বোচ্চ নেতা যিনি ছিলেন, যিনি পুলিশের এনকাউন্টারে অথবা অন্য কোনো কারণে খুন হয়ে গিয়েছেন, যার নাম আমরা সবাই জানি, মারা গিয়েছেন বলতে কোনো অসুবিধে নেই, কৃষাণজি। তিনি চেয়েছিলেন আমাদের মুখ্যমন্ত্রী, মুখ্যমন্ত্রী হোক। বাম কণ্টকাকীর্ণ এই চরমপন্থার পথের যারা নেতা এবং নেত্রী তারা যাদের ভরসা করছিলেন, যাদের ভষায় তারা চলছিলেন, ৩৫০ জন বামপন্থী আন্দোলনের কর্মী জঙ্গলমহল এলাকায় খুন হয়ে গিয়েছে। যখন লিখেছেন রাজ্যপালের স্মৃতিপটে সেটা কি আর একবার ভেসে উঠেছে? তাহলে এদের সঙ্গে নিয়ে বামপন্থী আন্দোলনের কর্মীদের খুন করা হয়েছে? যারা বাম চরমপন্থার নেতৃত্ব দিয়েছেন আজকে এরকম ২৪৭ জন, একজন আধজন না তারা স্যারেন্ডার করেছেন এবং তারা সরকারের ঘেরাটোপের মধ্যে আছেন। তাদের সবচাইতে বড় কোয়ালিটি তারা বামপন্থীদের খুন করেছেন। তারা আমাদের শাসকদলের নেতাদের সঙ্গে ঘুরেছেন এবং তারা এই বাম চরমপন্থার পথকে উস্কে দেওয়ার জন্য বন্দোবস্ত করেছেন। তাদের বিরুদ্ধে কথা উচ্চারণ করে রাজ্যপাল কী তৎকালীন বিরোধী নেত্রীকে খোঁচা দেওয়ার ব্যবস্থা করলেন? না কি নিজের অজান্তে একটা সত্যকে স্বীকার করে ফেললেন। স্যার, ইতিহাস বড় নির্মম। ৩৫০ জন মানুষ খুন হয়েছে ক্রিমিনাল কেস। ইতিহাস বড় নির্মম, ইতিহাস কাউকে ছেড়ে দেয় না। ইতিহাস বড় নির্মম আমাকেও ছাড়বে না, আমাকেও ছাড়বে না। আমি চাই না আমাকে ছাড়ুক। ইতিহাস বড় নির্মম কাউকে ছাড়ে না। ইতিহাসের সেই নির্মম বাস্তবতায় এই খুন। যারা হয়েছেন ক্রিমিনালদের হাতে, চরমপন্থীদের হাতে, যাদের বদান্যতায় শাসক দলের যারা বাড়তে চেয়েছেন গোকুলে, তারা একদিন আগুনে পুড়ে মরবে। এটা বোধহয় রাজ্যপাল বুঝতে পারছেন। সেই কারণে কথাটাকে এখানে উল্লেখ করেছেন। স্যার, আমি কথা বাড়াব না। রাজ্যপালের ভাষণ আমি সমর্থন করতে পারলে খুশি হতাম। কিন্তু রাজ্যপাল, রাজ্যে এতবড় ঘটনা আমাদের মুখ্যমন্ত্রী ফিরছেন ভুবনেশ্বর থেকে প্লেনে, সেই প্লেনটাকে অ্যাকসিডেন্ট করিয়ে, ডিলে করিয়ে মুখ্যমন্ত্রীকে খুনের চক্রান্ত হল, মুখ্যমন্ত্রীর এই অভিযোগ গোটা রাজ্যের সমস্ত মানুষ জানে, রাজ্যপালের স্যার মনে পড়ল না? স্যার, রাজ্যপালের মনে পড়ল না? আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী সারা রাত জেগে নবান্নে পাহারা দিলেন একা একা- কেননা পশ্চিমবঙ্গে সেনা অভ্যুত্থান ঘটতে যাচ্ছে, এত বড় ঘটনা সারা দেশে হইচই হয়ে গেল, রাজ্যপাল একবারও উল্লেখ করলেন না? রাজ্যপাল কী আসলে মুখ্যমন্ত্রী যা বলছেন তাকে মানতে চান না? সেনা অভ্যুত্থান, তাকে মানতে চাননি? তাহলে কে ঠিক? হয় রাজ্যপাল ঠিক, নাহলে মুখ্যমন্ত্রী ঠিক। হয় সেনা অভ্যুত্থানের কথা বলে নাটকিয়তা করা হয়েছে তার দায় মুখ্যমন্ত্রীর, তার দায় মুখ্যমন্ত্রীর। এইরকম গুরুত্বপূর্ণ ঘটনাকে যদি রাজ্যপাল গ্রহণ করতে না পারে তাহলে রাজ্যপালের সেই ভাষণকে সমর্থন করা যায় না। এই বৈপরীত্য ভাষণের বিরোধিতা করছি, সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রী কালিপদ মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভায় চতুর্থ অধিবেশনে মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠি কর্তৃক যে ভাষণ দিয়েছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমার

পূর্ববর্তী বক্তারা বলছেন রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে কোনো দিশা দেখতে পাননি। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি মূল জায়গাটা হচ্ছে ৩৪ বছর রাজ্যপাট চালানোর পরে এখন কংগ্রেসী বন্ধুরা বামপন্থী বন্ধুদের হাত ধরেছেন।

এখন কংগ্রেসী বন্ধুরা বামপন্থী বন্ধুদের হাত ধরেছে। নতুন যুগের সূচনা করবে। পাঁচ বছরে উন্নয়নের যে পরিকল্পনাগুলো, আপনারা একটা পরিকল্পনা বার করে দিন রাজ্যপালের ভাষণ থেকে, যেটার ইমপ্লিমেন্টেশন সার্থকতার সঙ্গে হয়নি। একটা ! সেটা আপনাদের আসছে না। আপনারা ৬০ হাজার মানুষের খুনী। আজকে বিচার করছেন পাঁচ বছরের ইতিহাসের ছোটখাটো ঘটনাগুলো ! এই ব্যাপারে .....(নয়েজ)..

(এই সময়ে ডঃ সুজন চক্রবর্তী সহ মাননীয় সদস্যরা কিছু বলতে থাকেন।)

(গণ্ডগোল .....)

মিঃ স্পীকার : বসুন, বসুন সুজন বাবু। আই উইল নট অ্যালাউ। প্লিজ, টেক ইওর সীট। নো, প্লিজ টেক ইওর সীট। আপনি অনেক বলেছেন, আপনি বসুন। আই উইল নট অ্যালাউ ইউ। আপনি বসুন। ওনাকে বলতে দিন। ইনটারাপ্ট করবেন না। ডোন্ট ইনটারাপ্ট প্লিজ। প্লিজ টেক ইওর সীট। আপনাকে কেউ ইনটারাপ্ট করেনি। আপনি আপনার বক্তব্য রেখেছেন। ওনাকে বলতে দিন।

(.....নয়েজ .....)

শ্রী কালিপদ মন্ডল : এই ব্যাপারে আমার বক্তব্য - একটা ঘটনার কথা বলতে হয়। পুরাণে স্যার লেখা আছে। আজকে যদি মহিলা নির্যাতিত হয় ওঁদের প্রাণ কেঁদে ওঠে। স্যার, পুরাণে লেখা আছে - এদের যন্ত্রণাটা কোথায় জানেন - যন্ত্রণাটা হচ্ছে, পুরাণে লেখা আছে দেবদেবীরা মর্ত্যভূমিতে আবির্ভূত হয়েছিলেন অশুভ শক্তির বিনাশ করতে। তারা বহু যুদ্ধ করে রক্তের হোলিখেলা খেলে তারা অশুভ শক্তিকে বিনাশ করে মর্ত্যভূমিতে শুভ শক্তিকে স্থাপন করেছিলেন। দেবদেবীরা পূজিত হয়েছেন। এখনও পূজিত হচ্ছেন। কৃষ্ণও বলেছেন,'ধর্ম সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে '। এদের বিধান হল - একজন মানবিক মুখ্যমন্ত্রী একা অশুভ শক্তি, অশুভ জোটের বিরুদ্ধে লড়াই করে দুই-তৃতীয়াংশের বেশি সীট নিয়ে তিনি পশ্চিমবঙ্গের মানুষের কাছে পূজিতা হচ্ছেন। এটা ওদের সহ্য হচ্ছে না। এটা ওদের সহ্য হচ্ছে না। এই হচ্ছে মূল জায়গা। আপনি দেখুন একজন মহিলা দেবীরূপে আবির্ভূতা হয়ে কি ভাবে একটা অশুভ জোটকে পর্যুদস্ত করল সেটা পশ্চিমবাংলার মানুষ দেখেছে। আবার এ ও বিপজ্জনক ৬মাস বাদে সেই মানুষের রায়কে অগ্রাহ্য করে আবার এই বিধানসভায় অনাস্থা প্রস্তাব মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে। লজ্জাকর ঘটনা। আবার খবরের কাগজে দেখছি স্পীকার মহাশয়ের বিরুদ্ধেও অনাস্থা প্রস্তাব আনছে। খবরে দেখছি। সার্বিকভাবে আমি বলি যে কাজগুলো - আপনারা এখানে কত ব্যঙ্গ করেছিলেন সিঙ্গুরের জমি নিয়ে আমাদের মানবিক মুখ্যমন্ত্রী বলেছিলেন " সিঙ্গুরের জমি আমি চাষীদের ফেরত দেব"। কথাটা রেখেছেন। সে কথাটা তো রেখেছেন। আপনাদের ফানুস চুপসে গেছে।সিঙ্গুরের কৃষকদের যে অধিকার সেই অধিকার প্রতিষ্ঠিত হয়েছে। তাদেরকে সম্মান দেওয়া হয়েছে। তাদেরকে পাট্টা সুপ্রীম কোর্টের নির্দেশমত যথাসময়ে পৌঁছে দেওয়া হয়েছে। বাংলার কৃষ্টি, সংস্কৃতিকে আপনারা ধ্বংস করেছিলেন। আজকে শুধু ভাষাগত নয়, জাতিগত নয়, সার্বিক ক্ষেত্রে লোক প্রসার কর্মরচনার মধ্যে দিয়ে বাংলা আজ আনন্দের জোয়ারে ভাসছে। এটাও আপনাদের ভাবতে হবে। আজকে শুধু লোক প্রসার শিল্পেই কত মানুষ, আজকে ৮০ হাজার লোক শিল্পী গ্রামে

গঞ্জে তাদের আনন্দের বার্তা বহন করে দিচ্ছে। সুস্থ সংস্কৃতি বোধ মানুষের মধ্যে জাগিয়ে তুলতে পেরেছে। যেটা একদিন হারিয়ে গিয়েছিল। এই বাস্তব ঘটনাগুলো আপনাদের ভাবতে হবে। শিক্ষার্থী কর্মপ্রকল্পের মাধ্যমে ১৬ লক্ষ তফশিলী জাতি, উপজাতি ভুক্ত ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান করা হয়েছে।

[12.00 Noon – 12:10 p.m.]

শুধু তাই নয়, আগের থেকে অনেক বেশি বেড়েছে এবং ১.১ কোটি সংখ্যালঘু তেইশশো পঞ্চাশ কোটি বৃত্তি পেয়েছে। ৫ লক্ষ মানুষ স্ব-নিযুক্তির ক্ষেত্রে ৮৮০ কোটি টাকা ঋণ পেয়েছে। আপনারা একটা কথা বলতেন, সি.পি.এম.এর বন্ধুরাও প্রায়ই বলতেন, মানুষের বাঁচার জন্য মূল অধিকার খাদ্য-বস্ত্র-পানীয়-বাসস্থান-শিক্ষা। খাদ্যসাথী প্রকল্পের মাধ্যমে আজকে তাদের কাছে কিন্তু খাদ্য পৌঁছে যাচ্ছে। আজকে গীতাঞ্জলীর মাধ্যমে বাসস্থান পৌঁছে যাচ্ছে। যাইহোক, পরিষেবাগুলো পৌঁছে যাচ্ছে। আজকে নিজভূমি, নিজ গৃহ প্রকল্পের মাধ্যমে ৩ লক্ষ পাট্টা প্রদান বসৎ বাড়ির জন্য, কৃষি বা বনভূমির জন্য দেওয়া হয়েছে। ২ লক্ষ ৯৩ হজার মানুষকে গীতাঞ্জলীর আওতায় আনা হয়েছে। সার্বিক ক্ষেত্রে কৃষকদের ফসলের অভাবি বিক্রি রোধ করার জন্য গ্রামে-গঞ্জে প্ল্যান করে ধান সংগ্রহ করা হচ্ছে। মৎস্য চাষে উৎসাহ দেওয়ার জন্য জল ধরো, জল ভরো প্রকল্পে ১.৫ লক্ষ জলাশয় খনন করতে সমর্থ হয়েছে। লক্ষ্যমাত্রা যদিও ১৪.৭২ লক্ষ ছিল উৎপাদন, তাকে উত্তীর্ণ করে ১৬ লক্ষ টন মৎস্য উৎপাদিত হচ্ছে। কবর স্থান বেড়া দিয়ে ঘেরা হচ্ছে। শুধু কবর স্থান নয়, হিন্দুদের শ্মশান ঘাটের সংস্কারেরও বন্দোবস্ত হচ্ছে। আজকে নির্মল বাংলা মিশনকে সামনে রেখে বাড়ি বাড়ি স্যানিটেশনের আওতায় যাতে ১০০% মানুষ আসতে পারে, সেই ব্যবস্থাগুলো করা হচ্ছে। সার্বিক ক্ষেত্রে আজকে জন-স্বাস্থ্য-কারিগরীর ক্ষেত্রে মানুষ সুষ্ঠু পরিষেবা পাচ্ছে, চিকিৎসা পরিষেবা পাচ্ছে, বিনা পয়সায় চিকিৎসা পরিষেবা পাচ্ছে। ওষুধপত্র পাওয়ার ক্ষেত্রে গরীব মানুষদের যে অসুবিধা হ'ত, আজকে যথোপযুক্ত ভাবে সাপ্লাই আসছে। আজকে ৭৭টি নলবাহিত জল প্রকল্পের মাধ্যমে জল দেওয়া হচ্ছে এবং ৪৭৫টির কাজ এখনো চলছে। আর্সেনিক এবং ফ্লোরাইড যেখানে বেশি আছে, পানীয় জলের ক্ষেত্রে আমাদের সরকার যথেষ্ট গুরুত্ব সহকারে বিবেচনা করছে। রাজস্ব আদায়ের ক্ষেত্রেও আমরা দেখছি, ২১ হাজার কোটি টাকা আগে হ'ত। এখন সেই জায়গায় ৪২ হাজার কোটি টাকায় উত্তীর্ণ হয়েছে। কৃষি নির্ভর ক্ষেত্র এবং কৃষিতে বিনিয়োগের পরিমাণ ৫ গুণ বেড়েছে এবং আরো পরিকাঠামো বৃদ্ধিতে ৩ গুণ সম্পদ সৃষ্টিতে ৬০% বৃদ্ধি পেয়েছে। সার্বিক ক্ষেত্রে কিন্তু একটা উন্নয়নের পরিকল্পনা ঘটেছে। এটা ভাবতে হবে। আপনাদের যেটা বলি, অযথা রাজ্যপালের ভাষণের উপরে - অসিতদা বললেন বটে - ভাঙরের ঘটনা, হাওড়ায় এত ঘটনা ঘটলো, আপনি হাওড়ার মানুষ, কোথায়, বললেন না তো এখানে ! তাহলে ডাল মে কুছ কালা হ্যা। সাঁকরাইলের ঘটনা ঘটলো, সরস্বতী পূজা নিয়ে এত ঘটনা ঘটলো, রাস্তা অবরোধ হয়ে গেলো। এখানে ডাল মে কুছ কালা হ্যায়। দেখুন, আপনারা ভালো ভাবে চললে রাজ্যটাও ভালো ভাবে চলবে। ওখানে কংগ্রেস, বি.জে.পি., সি.পি.এম. এক হয়ে গেছে। যার জন্য অসিতদা কথাটা তোলেননি ইচ্ছা করেই। এটা তো মারাত্মক ঘটনা। আপনারা তিনজন অ্যাড হয়ে গণ্ডগোল পাকাচ্ছেন, ধর্না দিচ্ছেন, মানুষকে বোঝাতে পারছেন না। আপনাদের এটা ভাবতে হবে। বলুন ওখানে কি ঘটনা ঘটেছে? সরকার যদি খারাপ করে থাকে, তাহলে সেটা উত্থাপনের আগে থাকবে। আগে ঘরের কথা। ভাঙর ছুটে গেলেন, আউশগ্রাম ছুটে গেলেন। আর ঘরের কথা বললেন না। এটা আমার কাছে বড় অদ্ভুত লাগছে। আমি যদি হাওড়াবাসী হতাম তাহলে হাওড়ার কথা আগে বলতাম। সমস্যার

কথা আগে বলতাম। বিষয়টা আপনাদের ভাবতে হবে। আপনাদের একটা কথা এখন মনে আমি আপনাদের বলি, আপনাদের মন এখন ব্যস্ত হয়ে পড়েছে যে -

আশার ছলনে ভুলি কি ফল,
লভিনু হায় তাই ভাবি মনে,
জীবন প্রবাহ কাল সিন্ধু পানে যায়,
ফেরাবো কেমনে।

এই ধারণা ছিল, আর দুদিন বাদে কি বলল? -

ধন্য আশা কুহকিনী,
তোমার মায়ের মন্ত্রবল,
মুগ্ধ ত্রিভুবন।

ধন্যবাদ।

শ্রীমতী ফিরোজা বেগম : স্যার, আপনার মাধ্যমে ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে রাজ্যপালের ভাষণ নিয়ে কিছু বলছি। আমার পূর্ববর্তী ট্রেজারির বক্তা কালিপদদা অনেক কথা বললেন - সুস্থ সংস্কৃতি বোধ। আমরা পশ্চিমবঙ্গের মানুষ। আমি জানি বিধায়ক হলেও কালিপদ মন্ডল পেশায় শিক্ষক ছিলেন। সুস্থ সংস্কৃতি বোধ বলতে আমরা কি বুঝি? আজকের পেপার যদি দেখেন, সোনারপুরের ঘটনা - দশম শ্রেণির ছাত্রী, তার নিজের ঘরে পড়াশুনা করছে - রেপড্ অ্যান্ড মার্ডারড্। দুষ্কৃতীদের মরূদ্যানে পরিণত হয়েছে আমাদের রাজ্য। সারা রাজ্যে যেভাবে জঙ্গলরাজ প্রতিষ্ঠিত হচ্ছে, আমার বাংলার মা-বোনেরা, স্কুলছাত্রী, কলেজ ছাত্রী - একটার পর একটা ঘটনা আছে, যার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই। বিগত দিনে ঘটলেও কামদুনি থেকে শুরু করে কাটোয়া থেকে শুরু করে লোবা থেকে শুরু করে - গতকালের ঘটনা - সোনারপুরের ঘটনা, হৃদয়স্পর্শী ঘটনা - এগুলো কি সুস্থ সংস্কৃতি বোধের লক্ষণ বলে আপনার মনে হয়? আমার অন্তত তা জানা নেই। উনি আরো অনেক কিছু বললেন। হসপিটালে সমস্ত ওষুধ বিনা পয়সায় দেওয়া হয়। সমস্ত চিকিৎসা বিনা পয়সায় দেওয়া হয়। আমি শুধু কোয়েশ্চেন করতে চাই, রাজ্যপালের ভাষণে এটা উল্লেখ নেই - তাহলে এতদিন যে আমাদের স্বাস্থ্য তথা মুখ্যমন্ত্রী বললেন যে, হসপিটালে ফেয়ার প্রাইসের দোকানগুলোতে অপেক্ষাকৃত কম দামে ওষুধ পাবে, যেখানে প্রত্যেকটা হাসপাতালে বিনা পয়সায় ওষুধ দেওয়া হচ্ছে। তাহলে ফেয়ার প্রাইসের দোকানগুলো কি কারণে রাখা হয়েছে ওখানে? ওখানে কি মানুষ ঘুরতে যায়? রেষ্টুরেন্টে যায়? রাজ্যপালের ভাষণে এগুলোর উল্লেখ থাকলে ভালো হ'ত। ডিমানিটাইজেশন্ নিয়ে বলা হয়েছে। সারা ভারতবর্ষ তথা বাংলার যে অর্থনৈতিক হাহাকার তৈরি হয়েছিল, তার খেসারত সাধারণ মানুষকে এখনো দিতে হচ্ছে বলে আমার মনে হয়। লক্ষ লক্ষ মানুষ দুর্ভোগের শিকার হয়েছেন। এদের জন্য রাজ্যপালের ভাষণে লিখেছেন যে, রাজ্য সরকার প্রকল্প নিয়েছে, কি তা আমার জানা নেই।

[12.10 – 12:20 p.m.]

রাজ্যপালের ভাষণে কি কি, এখানে বলছেন যে, মাননীয়া মুখ্যমন্ত্রীর বলিষ্ঠ পদক্ষেপে আমরা নাকি বেরিয়ে এসেছি। আমি অন্তত ব্যক্তিগতভাবে যেটা লক্ষ্য করি, প্রতিদিনই কিন্তু

আমরা ATM-এ গেলে কোনো অর্থ পাই না। ৩টে-৪টে ATM ঘোরার পর হয়তো কোথাও আমরা পাই। অথচ রাজ্যপালের ভাষণে বলা হয়েছে, - আমি তো মনে করি যে কেন্দ্রীয় সরকারের স্তুতিই গাওয়া হয়েছে। আমরা নাকি ডিমানিটাইজেশানের থেকে সমস্ত ব্যাপারে বেরিয়ে এসেছি। বেরিয়ে এসেছি কি আদৌ? কিন্তু প্রকৃত - একদিকে বলা হচ্ছে যে, লক্ষ্য লক্ষ্য শ্রমিক বেকার হয়েছে, বিড়ি শ্রমিক বেকার হয়েছে, অসংগঠিত ক্ষেত্রে শ্রমিকরা কাজ হারিয়েছে। আবার পাশাপাশি আর এক জায়গায় বলা হচ্ছে, সেই একই ভাষণের দু'রকম দুটো রূপ। একবার বলছে, বেরিয়ে এসেছি, আর একবার বলছে এতগুলো মানুষ তাদের কাজ হারিয়েছেন। কোনটা সত্য? প্রকৃত সত্য কি রাজ্যপালের ভাষণে তুলে ধরা হয়েছে? যদি থাকত, তাহলে আমি খুশি হতাম। আমার জেলা মুর্শিদাবাদ জেলা, সেখানে আমাদের জানা আছে বিভিন্ন পত্র পত্রিকায় বেরিয়েছে, শুধুমাত্র ৬ লক্ষ বিড়ি শ্রমিক তারা ঠিকমতো কাজ পাচ্ছেন না। তাদেরকে মিনিমাম ওয়েজে কাজ করানো হয়। আমরা কিছুদিন আগে সেখানে ১৮ থেকে ২৪ তারিখ ফারাক্কা থেকে লালগোলা পর্যন্ত পদযাত্রা করে ডিমান্ড করেছি যে, বিড়ি শ্রমিকের মজুরী এত কম - আমরা ডিমান্ড করেছি বিড়ি শ্রমিককে মিনিমাম তাদের ১৯১ টাকা মজুরী দিতে হবে। কিন্তু সেই ব্যাপারে কোনো উল্লেখ নেই। ওখানকার একজন মন্ত্রী আছেন, যিনি নিজেই বিড়ি শ্রমিকদের মালিক। রক্ষকই ভক্ষক। সেখানে কিন্তু ঠিকমতো ওয়েজ পায় না। সে ব্যাপারে কিন্তু রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই। একটার পর একটা ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, মাঝারি শিল্প, চা শ্রমিক, ব্যবসায়ী, দোকানদার, অসংগঠিত ক্ষেত্র - সর্বত্র একদিকে বলছে যে, দুর্ভাগ্যের শিকার হচ্ছে, আর একদিকে বলছে আমরা ডিমানিটাইজেশান থেকে বেরিয়ে এসেছি। আমরা কিন্তু দেখতে পাচ্ছি, আমরা ডিমানিটাইজেশানের শিকার এখনও আমরা হচ্ছি - বেরিয়ে আসতে পারিনি।

সারা রাজ্যে ধান কেনা নিয়ে বললেন, ক'টা কেন্দ্রে ধান কেনা হচ্ছে? যেক'টা কেন্দ্রে কিষাণ মান্ডি আছে। উনি বললেন, প্রত্যেকটা অঞ্চলে সেখানে ক্যাম্প করে ধান কেনা হচ্ছে। না, কোথাও কেনা হচ্ছে না। শুধুমাত্র কিষাণ মান্ডিগুলোতে স্টার্ট হয়েছে। তাও আমি মুর্শিদাবাদ জেলায় যেটা জানি। এই জানুয়ারীর ৩-৪ তারিখে কান্দিতে শুরু হয়েছে। ডোমকল সাব-ডিভিশনে শুরু হয়নি। অন্যান্য সাব-ডিভিশনে শুরু হয়নি। অন্য জেলার কথা বলতে পারব না। নিজের জেলাটা আমি বললাম। তার কথা যদি উল্লেখ থাকতো ভালো হত। আপনারা প্রত্যেকে জানেন চাষীরা অভাবে বিক্রি করছে। ৭০০-৮০০ টাকা দরে বিক্রি করেছে। আজকে জানুয়ারী ফেব্রুয়ারী মাসে এসে ধান কেনা হচ্ছে। ধান উঠেছে কবে। তারফলে, এগুলোর থেকে কোনো সুরাহাই করতে পেরেছেন বলে মনে হয় না। এত যে মানুষ যারা শ্রমিক তারা কাজ হারালেন - ডিমানিটাইজেশানের কথা উল্লেখই নেই এখানে। এতগুলো মানুষের প্রাণহানি হল, তাদের পরিবারের ক্ষতিপূরণের জন্য কোনো ডিমান্ড, at least নিজেরা না দিতে পারলেও কেন্দ্রীয় সরকারের কাছেও তো ডিমান্ড করা যেত। সেটারও উল্লেখ নেই রাজ্যপালের ভাষণে।

আমরা সমস্ত জায়গায় কৃষকদের হাহাকার দেখতে পাচ্ছি। আজকের পেপারে আছে, আলু, আলুর দাম ৬ টাকা কেজি। অথচ আজকেই দেখুন, ধান একদিকে কেনা হচ্ছে না, সরকারের যে সহায়ক মূল্য সেই দামে কেনা হচ্ছে না। সর্বত্র চাষীরা অভাবে বিক্রি করছে। কিন্তু চালের দাম চর চর করে আকাশছোঁয়া হচ্ছে। আজকেই সমস্ত ধরনের চাল মিনিমাম একদম লো কোয়ালিটি সেখানেও ২-৩ টাকা রেট বেড়ে গেছে। হায়ার কোয়ালিটির চালের দাম পার কেজি ১০ টাকা বৃদ্ধি পেয়েছে। এত মূল্য বৃদ্ধি - সে ব্যাপারেও কিন্তু রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই। একদিকে মূল্য বৃদ্ধি হচ্ছে। অন্যদিকে সারা রাজ্যের যে সরকারি কর্মচারী

employee তাদের - ৪৬ শতাংশ DA বকেয়া আছে। সে ব্যাপারে কোনো উল্লেখ নেই। কেন্দ্রীয় সরকার পে কমিশন দিয়ে দিয়েছে। রাজ্যপালের ভাষণে রাজ্যের কর্মচারীদের পে কমিশনের কোনো উল্লেখ নেই। আমি মুর্শিদাবাদ জেলার মেয়ে। যে জেলায় ১২০ কিলোমিটার সীমান্তবর্তী - বডার লাইন আছে। গত ২৬শে নভেম্বর মাননীয়া মুখ্যমন্ত্রী মুর্শিদাবাদ জেলায় মিটিং করে ওখানে বলে এসেছিলেন যে, গরু পাচার চলছে, সেই ব্যাপারে তিনি কোনো কিছু সহ্য করবেন না। Law and order maintain করবেন এবং সেখানে বর্ডার এরিয়ায় যাতে কোনোরকম গরু পাচার না হয়।

কিন্তু তার পরের দিনই মুর্শিদাবাদ জেলার বিভিন্ন সীমান্তবর্তী এরিয়া দিয়ে তার দশ গুণ গরু পাচার বৃদ্ধি পেয়েছে, সেই উল্লেখ কিন্তু রাজ্যপালের ভাষণে নেই। এবং এখনো প্রতিদিন গরু পাচার হচ্ছে। সে ব্যাপারেও কোনোরকম নজরদারি আমরা দেখতে পাচ্ছি না। কারণ এই কাজগুলো যারা করে তারা ম্যাক্সিমামই শাসক দলের সঙ্গে জড়িয়ে আছে। আপনি আশ্চর্য হয়ে যাবেন, এক জোড়া গরু পিছু বিভিন্ন সিন্ডিকেটরাজ থেকে ৩০৪০ হাজার টাকা তোলা হয়। এই তোলাবাজি রক্ষার ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই।

এবারে আমরা আইন শৃঙ্খলার ব্যাপারে আসি। আমাদের ট্রেজারি বেঞ্চ থেকে বললেন, মাননীয়া মুখ্যমন্ত্রী সিঙ্গুরের আন্দোলনের ফলে সেখানকার কৃষকদের জন্য জমি ফেরত দিয়ে তাঁর কথা রেখেছেন। সিঙ্গুরের কৃষকদের আন্দোলন যদি জমি ফেরতের আন্দোলন হয় তাহলে ভাঙড়ের আন্দোলনটা, কৃষকদের আন্দোলনটা তাদের কি কৃষিজমি রক্ষার আন্দোলন নয়? সিঙ্গুরের আন্দোলনে অনেকে যখন আন্দোলন করে তারা তখন বহিরাগত হয় না, কিন্তু ভাঙড়ে যখন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী যান, বা বিরোধী দলের নেতারা যাচ্ছেন তখন তারা বহিরাগত হচ্ছেন। তারা কিভাবে উস্কানি দিচ্ছেন। সংখ্যালঘু সম্প্রদায় নিয়ে অনেক বড় বড় কথা বলা হচ্ছে। ভাঙড়ের মানুষ ম্যাক্সিমাম সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ। সেখানকার মা বোনেদের ওপরে যে পুলিশের অত্যাচার, তার সাথে গুন্ডা বাহিনীর অত্যাচার, যাদের পায়ে জুতো ছিল না, তারা কারা ছিলেন - রাজ্যপালের ভাষণে সেই ব্যাপারে কোনো উল্লেখ নেই। সেই ভাঙড়ের মফিজুল শেখ, আরো একজন সংখ্যালঘু সম্প্রদায়ের আলমগীর তাদের যে হত্যা করা হল সেই ব্যাপারে কোনো উল্লেখ নেই। আরো একটা আশ্চর্যজনক ঘটনা - ভাঙড়ের যে মসজিদ, সেই মসজিদের ইমাম কাঁদতে কাঁদতে বলছেন যে আমার জীবনে কোনোদিন দেখিনি পুলিশ মসজিদে ঢোকে এবং তালা না ভাঙলে সেই ইমামকে মারধর করে অজুর যে বদনা বা ঘটি সেটা পর্যন্ত ভেঙে দিয়েছে। সেই ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই।

শিক্ষার ক্ষেত্রে আসি। আমার আলোচনার জন্য আরো দু মিনিট সময় চাইছি।

...(এইসময় লালবাতি জ্বলে ওঠে।)...

এই রাজ্যে পারসেন্টেজ অফ ড্রপ আউটের ব্যাপারে মাননীয় সদস্য অসিতদা বলেছেন। আমি আর সেই ব্যাপারে কিছু বলব না। ২০১১ সালে যখন এই পরিবর্তনের সরকার এল, সেইসময় আমরাও ছিলাম। সেইসময় অনেকগুলি প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। পার্শ্ব শিক্ষক, কনট্রাকচুয়াল শিক্ষক, এস এস কে, এম এস কে, অন্যান্য অনেক ব্যাপারে এই দীর্ঘ ছয় বছরে এর আগে বিধানসভায় থারটি ফাইভ পারসেন্ট এ্যালাউন্স বাড়ানোর কথা ঘোষণা করা হলেও আজও পর্যন্ত প্যারা টিচাররা সেই বর্ধিত বেতন পাননি। তাদের কোনো বেতন বাড়েনি। সেই ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই। এস এস কে, এম এস কে-গুলোর অবস্থা একই। অনেক এস এস কে, এম এস কে আছে। অন্যান্য রাজ্যে এস এস কে, এম এস কে-র

যে বেতন হার, তারা কত বেশি পায় সেটা বলছি। বিহারে একজন এম এস কে শিক্ষক পান ২৮ হাজার টাকা, এস এস কে শিক্ষক পান ২৩ হাজার টাকা। ত্রিপুরায় এম এস কে শিক্ষক পান ২২ হাজার টাকা, এস এস কে পান ১৯ হাজার টাকা। ঝাড়খণ্ডে এম এস কে শিক্ষক পান ২৬ হাজার টাকা, এস এস কে পান ২১ হাজার টাকা। ওড়িশায় এম এস কে শিক্ষক পান ২৬ হাজার টাকা, এস এস কে শিক্ষক পান ২১ হাজার টাকা। হরিয়াণায় এম এস কে শিক্ষক পান ২৯ হাজার টাকা, এস এস কে শিক্ষক পান ২২ হাজার টাকা। পশ্চিমবঙ্গে সর্বসাকুল্যে পান ৮৯৩০ টাকা একজন এম এস কে শিক্ষক, মাত্র ৬৫০০ টাকা পান। একজন এস এস কে শিক্ষক। সেকেন্ডারি স্কুলের প্যারা টিচার পান সাত হাজার সামথিং, প্রাইমারি প্যারা টিচারদের সাড়ে পাঁচ হাজার টাকার মত। স্যার এই অবস্থা। ...

.....(এইসময় মাইক বন্ধ হয়ে যায়।).....

Smt. Mahua Moitra: Hon'ble Speaker, Sir, I rise for the Vote of Thanks to our Hon'ble Governor for address to this House on the 3rd of February. His words struck a chord at these uncertain times. I wish to expound on two things which stand out is the burning issues of the day not just facing our state but facing our nation. The first issue is the issue of demonetization and the second more important is the brutal intolerance and dictatorial tendencies which are being passed off as patriotism and nationalism today. I urge my colleagues in the CPI (M) and in the Congress to realize what the true battle is today, where the true fight is and where the real enemy is.

[12.20 – 12:30 p.m.]

I am not saying that this Government of West Bengal is perfect in every way. I am not saying that all our Legislators and our Chief Minister always do the right thing - that is not the point. But learn to differentiate between smaller errors and between the larger dark dangers which are facing our democracy today because the people of this State will judge you which side were you on, whether you are on the side of democracy; whether you are on the side of terrorism or on the side of dictatorship - please make up your mind.

Before I begin, I wish to say one thing that my colleague Smt. Firoza Begam spoke before me. I have to point out two things. When I first joined the Assembly in June 20/16, we attended in a little Training Session in the সৈয়দ নৌশর আলি Hall where all of us were reminded of the Rules of the House. If I remember there are two rules. The one is, you cannot mention by name anybody who is not a member in this House. Yes or No? You Madam have mentioned the name of your State President who is not present in this House. That is breach of protocol.

..Noise...

Please let me finish it. I did not interrupt you, I did not interrupt you Sir. Please allow me to finish. I did not interrupt you.

The second - you said that গরু পাচার ১০গুণ বেড়েছে, আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই বিনা তথ্যে এ রকম তথ্য,-what is the source of your তথ্য, এই House -এ place করুন, I am asking you to place it in the House.

Let me now start on Demonetisation. Our Hon'ble Governor said and I quote

...Noise..

মিঃ স্পীকার : প্লীজ বসুন, প্লীজ বসুন।

...Noise...

Smt. Mahua Moitra: Sir, you will get a chance to counter me. Please seat down. On demonetization, Hon'ble Governor said and I quote - Demonetization has had its own effect in West Bengal. A large number of people are facing hardship and sufferings". Let me give two examples from two sectors close to home and I tell you this is not the time to forget. This is special our memory. This is not the time to forget. Judge of nations; be with us yet, lest we forget, lest we forget.

I will speak on two instances. The one is - Mr. Mitra, I urge you to stay, I am talking about your own district, I am talking about Howrah district, and Jari Embroidery in Howrah district. In Uluberia, Bauria, Panchla, Bagnan, Amta, Sankrail, and Shampur, Jari Embroidery is a self sufficient booming business. The peak business is before Diwali and then from Diwali to February is the marriage season. In 2016, we got orders from Dubai from Afghanistan, Pakistan, and Bangladesh and from all over the World, every single Jari Embroiderer earns between three hundred and five hundred Rupees a day and the work via Ostagars who are the commission agents.

On November, 8th just after Diwali, the demonetization shock came as a death knell. The President of the All India Jari Union has written to our Chief Minister saying that one hundred crores, I ask you, one hundred crores worth of orders have been cancelled. People who are working between three hundred and five hundred rupees a day and are now begging for work for one hundred rupees a day.

...Noise....

Please here we are with you in this kind of demonetization. Your Vice President has stood with our Chief Minister at a press conference, have the grace to be with us on demonetization instead of speaking on our arguments.

The second instance is that I will give you the path breaking Khadya Sathi Programme that we are running, Two rupees a KG. The Government procures paddy. We need 3 lakh tonne per month to run the Khadya Sathi Programme. What happened as a result of demonetization?

...Noise...

Our minimum support price of paddy please hear the numbers of, please counter me on numbers, do not counter me on rhetoric, counter me on data. Fourteen hundred and seventy rupees per quintal is what our MSP is. But we pay the farmers by cheque which goes into their bank accounts.

Now during the sowing season, the farmers take up money, they take it out and reinvest it for the next season. When demonetization came, we are putting money in the banks. The Rural Banks are not giving more than five thousand rupees a week. As a result of which the farmers are not be able to pay the labourers and they are selling it at eight hundred rupees a quintal, twelve hundred rupees a quintal to middle men. So what happens? Where we should have procured three lakhs tones. Today we have been able to procure only two lakhs tones. This entire cycle is going to disrupt the food chain in 2017. This is a serious issue. Please understand this. The Prime Minister said there are three reasons behind demonetization. One is corruption, the second is Black Money and the third is counterfeit currency. He asked for fifty days. It has been seventy days in demonetization. This country, this state and we would like to know how much black money has come back. How much corruption has decreased by and how much counterfeit currency has reduced.

He asked for 50 days. It has been 70 days since demonetisation. This country, this state and we would like to know how much black money has come back. How much corruption has decreased and by how much counterfeit currency has reduced and how many terror strikes have been prevented - the nation wants to know. You removed 15.7 lacs crores in five hundred and thousand rupee notes from circulation. What is the quantum of money that has come back? The RBI Governor is unable to tell us till today how much money has come back. For the greatest democracy in this world is this not a shame? Please understand the dangers that are facing our country; understand what the real danger is. We have a Prime Minister today who refuses to give answers. We have a Central Government that is destroying every institution. The Finance Minister himself is not aware when the demonetisation was happening. People are talking about the budget. I am asking you what budget, 1st of February was no budget. The Prime Minister delivered the budget on 31st of December in his nation's address on television. He made plan allocation. He made sector allocation. The Finance Minister is jobless today. The RBI Governor does

not have a job because the Prime Minister is doing everybody's job. Please understand this. The cost of demonetisation was Rs.42,000 crore, the cost of replacement of the currency. The loss in GDP, the IMF says it one per cent. Centre for monitoring Indian economy says it 2.2% even if we take the midpoint i.e. 2.5 lac crores. So we are looking at three lac crores in just costs. How much money has come back by December? The Bloomberg estimated 15 lac crores that already has come back. So, there was no huge windfall for this Government. The demonetisation has only costs, has had no benefits. So please understand where the real fight is. I went to Punjab to campaign. I was going door to door. You know what the people of Quotla told us; what the people of Barnala told us? They told us - *Mamata Banerjee ekhi hemmatwali hai jo larh rahi hai or to baki choop ho gaye'*. Please understand this. Today all over India, our Chief Minister is the face of anti-demonetisation. Please take pride in the fact, your leaders are in Delhi, your leaders are in Delhi sitting with us on the same bench and thanking us for leading this fight. Please have the grace to do that. Please have the grace to do that. The second thing I would like to bring up is the truth and untruth that were told by the Prime Minister in his address to the nation on 31st December and we, as elected representatives, must make sure that every single person in our own constituency is aware of this half truth. Please aware of them. One thing that the Prime Minister said that the ravi sowing is up by 6.8%. Please understand one thing. The ravi sowing season in India is from the beginning of October till end of December. Most of the crops are sown between beginning of October to mid-November. So by the time he made the declaration on 8th November, Most of the ravi sowing have been done which is why it was up by 15.7%. But rice which is done from mid-November till end-November is down 28% since last year, nobody mentioned this. The Prime Minister did not mention this. 14.8 lacs hectors was done in 2016. Only 10.7 lac hectors was done in the ravi season in 2017 as a result of demonetisation i.e. 28% in rice and Bengal as you know is one of the largest producer of rice. This is what the effect of the demonetisation has been. The another thing what the Prime Minister said. He said 'I am introducing a scheme for pregnant women and for mothers'. The scheme is that they will get Rs.6000/- in their bank accounts. There has been no greater untruth spoken by a Prime Minister than this because Section 4B of the National Food Security Act of 2013 already provided for this provision. So there is no question of introduction' when a provision is already existed. In fact, in October 2015, the department of Women & Children Welfare was called by the Supreme Court and asked why you have not implemented this programme? In an affidavit signed by the Hon'ble Minister of The Women & Children Development,

[12.30 – 12:40 p.m.]

They filed an affidavit in the Supreme Court telling them that by 2016-2017 we will have full coverage in all the districts. Not only have you not implemented the programme, not only have you committed perjury in a court which happened to be the highest court of the land, you are trying to pass on old programmes as the introduction of the new programmes. Please understand. Please understand the depths of the lies and the untruth that have been spoken in the name of demonitization. The third thing is that he announced that the Senior Citizens aged 60 and above will get 8% in Fixed Term Deposits for a minimum of 10 years. Please understand the average life expectancy in our country is 68 years. আপনি ৬০ বছর হলে আপনাকে ১০ বছর রাখবেন কি করে? কিন্তু আপনার অ্যাভারেজ আয়ু তো ৬৮ বছর।তো আপনি ১০ বছর রাখবেন কি করে? This is nothing but a joke. Please learn to read between the numbers. Most important topic which I would like to draw on my speech today is that of communal disharmony. The very serious threat of communal disharmony. President Obama in several addresses mentioned one universal truth. He said that democracy can buckle when there is fear. ভয় যেখানে থাকে সেখানে গণতন্ত্র নষ্ট হতে পারে। আজকে সারা ভারতবর্ষে একটা ভয়, একটা ফিয়ার হয়ে গেছে। What is this fear? Everywhere the social media and the propaganda machine of the ruling party at the Centre is spreading lies. We wake up every morning to hear fake news on the electronic media, face book post that if a brother is fighting with the brother, if a neighbour is fighting with the neighbour we are told that it is communal disharmony. And today in the manifesto of Uttar Pradesh the ruling party has said if they come to power they will bring in "Nari Rakshaks". We do not need "Nari Rakshaks", we do not need "Gau Rakshaks". We need "Secularism Rakshaks". We need dharma nirapakhsha. ধর্ম নিরপেক্ষতা যাতে রক্ষা করে, আমাদের সেটা দরকার। আমাদের আপনাদের "Gau Rakshak" ও দরকার নেই, আপনাদের নারী রক্ষকও দরকার নেই। আজকে আমাদের মুখ্যমন্ত্রী ছাড়া আর কেউ ভারতবর্ষে কিন্তু সাম্প্রদায়িক সম্প্রীতিকে রক্ষা করছেন না। So we are proud of it and please support us on this fight against anti-democatric forces. Thank you.

শ্রী অশোক দিন্দা : মাননীয় স্পীকার স্যার, আমি রাজ্যপালের ভাষণের বক্তব্য শুনছিলাম। এই ভাষণের প্রথমেই বলি, যতই গলায় চিৎকার করি না কেন, এ কথা বলতে হবে, প্রথমেই আমি রাজ্যপালের ভাষণের উপর ৬ নং পেজে যা বলা হয়েছে, সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ১.১ কোটি ছাত্রছাত্রীদের মোট ২৩৫০ কোটি টাকা বৃত্তি প্রদান করা হয়েছে। আমার প্রশ্ন হল একটু ভেবে দেখুন অ্যাজ পার সেনসাস আমাদের রাজ্যে ২৭% সংখ্যালঘু সম্প্রদায় বাস করলে প্রায় দু' কোটি, আড়াই কোটি মানুষ বাস করেন। অথচ উল্লেখ হয়েছে ১.১ কোটি ছাত্র-ছাত্রীদের তারা বৃত্তি প্রদান করেছেন। ১ কোটি ১০ লক্ষ, যদি জিরো থেকে নাইন্টি নাইন ইয়ারস ধরা হয়, আড়াই কোটি মানুষের মধ্যে এক কোটি দশ লক্ষ ছাত্র-ছাত্রীর তারা বৃত্তি প্রদান করেছেন। তাহলে আমার প্রশ্ন হল, এক কোটি দশ লক্ষ ছাত্র-ছাত্রী পেলেন কোথায়? আর এত টাকা

কোথায় গেল? কত বড় দুর্নীতি হয়েছে। এটাই প্রমাণ করে ১.১ ক্রোড়স। এই কথাটাই প্রমাণ করে দেয় বিড়াল বেরিয়া পড়েছে ঝুলি দিয়ে। এই কথাটা আমি পয়েন্ট আউট করলাম পেইজ নং - ৬। আর একটা কথা আমি বলি, আমার একজন বন্ধু, আমাদের মহুয়া ম্যাডাম বলছিলেন, সাম্প্রদায়িক সম্প্রীতির কথা। সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার প্রশ্নে বামপন্থীরাও কোন অংশে কম পিছিয়ে থাকেননি। কংগ্রেস দলও পিছিয়ে থাকেন নি। সাম্প্রদায়িক সম্প্রীতির কথা আপনি বলছেন। সরকারকে সুন্দরভাবে আইন-শৃঙ্খলার প্রশ্নে একটা স্ট্যান্ড পয়েন্ট নিতে হয়। কোন স্কুলের দেওয়ালে বাচ্চা ছাত্র ছাত্রী স্কুলের দেওয়ালে সরস্বতী পুজো বন্ধ থাকবে। এই বলে একটা ধর্মকে অনুৎসাহিত করা হয়, আর একটি ধর্মকে বলা হয় বিশ্ব নবি দিবস নিশ্চয়ই পালন করবেন। হিন্দু মুসলিম দু'জন একই বৃন্তে দুটি কুসুম, আমরা স্বীকার করি, ধর্ম নিরপেক্ষতার কথা আমরা নিশ্চয়ই বলি।

কিন্তু একটা বিশেষ ধর্মকে দিয়ে বলে দেওয়া হ'ল বন্ধ আর একটা বিশেষ ধর্মের জন্য। এইটা আজকে রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে কোনও সরকারের এই ধরনের ভূমিকা হতে পারে না। এইটাতে আসলে দিলিপবাবুদের উৎসাহিত করেন। আর আস্তে আস্তে দিলিপবাবুরই শক্তিকে বৃদ্ধি করতে সাহায্য করছেন। তাই আমি মনে করি, সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার প্রশ্নে সরকারের সদর্থক ভূমিকা থাকা উচিত। এই ব্যাপারে সরকার পুরোপুরি ব্যর্থ। সাম্প্রীদায়িক-সম্প্রীতি রক্ষার প্রশ্নে পুরোপুরি ব্যর্থ।

আমি একটা কথা বলি, আইন-শৃঙ্খলার কথা বলছেন, কি আইন-শৃঙ্খলা দেখছেন? শুনতে পারছেন তো বাড়িতে বাড়িতে মায়েদের, মেয়েদের কান্নার রোল। সোনারপুরের ঘটনা, একটা দশমশ্রেণির ছাত্রিকে যে ভাবে ধর্ষণ করে হত্যা করা হয়েছে। এর পরেও বাংলার সম্মান, বাংলার মর্যদা, বাংলার সংস্কৃতি - আপনারা ভারতবর্ষের বুকে খুব গর্ব অনুভব করবেন? ম্লান হয়ে যায় নি? সুতরাং আমার প্রশ্ন হ'ল, এরপর যে ভাবে নির্বাচিত জনপ্রতিনিধিদের পঞ্চায়েত থেকে জেলাপরিষদ, যে ভাবে নির্বাচিত প্রতিনিধিদের ভয় দেখিয়ে, চাপ দিয়ে, মিথ্যা মামলা দিয়ে পুলিশ আধিকারিকদের দিয়ে বাড়ি পর্যন্ত ধাওয়া করিয়ে যে ভাবে একের পর এক নিয়ে গিয়ে ক্ষমতা দখল করেছেন চোরাপথে, এটা কি ভারতবর্ষের গৌরবোজ্জ্বল ইতিহাস? লিখতে পারতেন তো। লিখে দিতে পারতেন, আমরা কতগুলো পঞ্চায়েত, আমরা কতগুলো জেলাপরিষদ দখল করেছি। সব স্বেচ্ছায় নয়, মামলার ভয়ে। মামলার ভয়ে, চাপ দিয়ে প্রলুব্ধ করেছেন। একজন তো আমার পাশেই বসতেন। নাম ধরতে কোনো বাধা নেই। কংগ্রেসের মানসবাবু। খুনের কেসে আসামি। আপনারাই অভিযোগ করেছিলেন আর আপনারাই ফাইনাল রিপোর্ট সাবমিট করে এ্যাক্সেপ্ট করিয়েছিলেন। মানসবাবু নাচতে নাচতে এখানে আসেন, কংগ্রেসের আসনেই বসেন। অথচ তৃণমূল কংগ্রেসে জয়েন করেছেন। এটা আপনারাই দেখিয়েছেন রাস্তা। আর আপনারা বলছেন, আপনারা গণতন্ত্রের পূজারি। গণতন্ত্রের যদি পূজারি হয় আমার যারা পশ্চিমবঙ্গের সদস্য, আমরা কোন কলকাতা কেন্দ্রের নই, ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেম্বিলির যারা মেম্বার তাদের সকলেরই মর্যাদা আছে, মূল্যবোধ আছে। আপনাদের যখন সরকারের প্রোগ্রাম হয় সেটা নিশ্চয় তৃণমূল কংগ্রেসের প্রোগ্রাম নয়। তৃণমূল কংগ্রেস গভর্মেন্ট পরিচালনা করেন। আমার বিধানসভা কেন্দ্রের পাশে পাঁশকুড়া বিধানসভা কেন্দ্রে মাননীয়া মুখ্যমন্ত্রী সরকারি প্রোগ্রাম করলেন তথ্য-জনসংযোগ দপ্তর থেকে। পত্রিকা প্রকাশ পেল। মাননীয়া মুখ্যমন্ত্রী প্রোগ্রাম করছেন। সেখানে সমস্ত বিধায়কদের নামের তালিকা বেরিয়ে গেল। তিনজন লোকের নামের তালিকা বেরল না। তমলুক কেন্দ্রের অশোক দিন্দা, বিরোধীপক্ষ। তাপসী মন্ডল, হলদিয়া থেকে নির্বাচিত, বিরোধীপক্ষ। ইব্রাহিম আলি।

যেখানে উনি প্রোগ্রাম করছেন মাঠে দাঁড়িয়ে সেখানে এই বিধায়কদের ডাকা হ'ল না। কি ধরনের গণতন্ত্র? কি ধরনের গণতন্ত্র চলছে? সমস্ত ডি.এম থেকে আরম্ভ করে সমস্ত আধিকারিকদের বলে দেওয়া হয়েছে যে, কোনরকম বিরোধী দলের বিধায়কদের ডাকবেন না। কোন প্রোগ্রামে দেখাবেন না।

সমস্ত রকম এ্যাভোয়েড করুন। এটা কি ধরনের গণতন্ত্র চলছে? সুতরাং আমরা মনে করি, এনারা দলতন্ত্র চালাচ্ছেন। গণতন্ত্রের নামে পূজারি বলছেন, আসলে দলতন্ত্র চালাচ্ছেন। ভাঙ্গর- রাজ্যপাল ভুয়সী প্রশংসা করছেন। শ্রুতি করুন, বন্দনা করুন। সবটা আপনারা বলুন। কিন্তু কেন গুলি চলল? কেন কৃষকদের মারলেন? কেন আউসগ্রাম হয়, কেন সোনারপুর হয়? তারপরেও উল্লেখ থাকবে না। সুতরাং আমরা মনে করি, ন্যায়সঙ্গত ভাবে আমরা মনে করি, আপনারা যত বড়ই গণতন্ত্রের পূজারি বলেন, আসলে আপনারা দলতন্ত্র চালাচ্ছেন। শিক্ষা ব্যবস্থাকে ভেঙ্গে দিয়েছেন। নিজেদের মধ্যে মারামারি করছেন। শুধু তাই নয়, গোটা ব্যবস্থাটাকে ভেঙ্গে চুরমার করে দিয়েছেন। একটা কথা বলেই শেষ করি, যত বড়ই গণতন্ত্রের পূজারি হন সবাইকে নিয়ে চলার চেষ্টা করুন। সবাইকে মর্যাদা দিন। সবাইকে সম্মান দিন। তাহলেই সর্বাঙ্গিন ভাবে বাংলা সুন্দর হবে। আমরা নিশ্চয় বাংলার স্বার্থে লড়তে চাই। কেন্দ্রীয় সরকারের প্রোগ্রামগুলিকে আপনারা রাজ্যসরকার নিজেদের লোগো ব্যবহার করে চালাচ্ছেন। কেন্দ্রের অর্থকে রাজ্যের অর্থ বলে চালাচ্ছেন। এই রাজনীতি থেকে দূরে থাকুন। পরিহার করুন। সত্যকে সত্য বলুন। অসত্যকে সত্য বলে চালাবেন না। সবাইকে ধন্যবাদ, নমস্কার জানিয়ে আমি এই ভাষণ সমর্থন করতে পারছি না যা অসম্পূর্ণ।

[12.40 – 12:50 p.m.]

শ্রী সমীর কুমার জানা : শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহোদয় আপনাকে আন্তরিক শ্রদ্ধা জানিয়ে আজকে ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় যে ভাষণ দিয়েছিলেন এবং যে ভাষণের ওপর মাননীয় পরিষদীয় মন্ত্রী পার্থ চ্যাটার্জী মহাশয় প্রস্তাব করেছিলেন এবং সমর্থন করেছিলেন নির্মলবাবু তাকে পূর্ণাঙ্গ ভাবে সমর্থন করেন। আজকে মাননীয় রাজ্যপালের ভাষণের ওপরে বক্তব্য উত্থাপন করছি। বক্তব্য রাখার আগে বিরোধী দলের যে সমস্ত মাননীয় ব্যক্তিত্ব ইতিপূর্বে ভাষণ উপস্থাপন করেছেন তার কতিপয় বিষয়-বস্তু সম্পর্কে আলোকপাত করার চেষ্টা করছি। পরবর্তীকালে মূল বক্তব্যে আসার চেষ্টা করব। যাঁরা আজকে বার বার করে বলার চেষ্টা করছেন পশ্চিমবঙ্গের এই মাটিতে দাঁড়িয়ে, ২০১১ সালে মা-মাটির সরকার প্রতিষ্ঠিত হওয়ার আগে পর্যন্ত যাঁরা দায়িত্ব পালন করছিলেন ৩৪ বছর ধরে, যাঁরা বার বার করে বলবার চেষ্টা করছেন যে এখানকার যে অবস্থা সেটা নিতান্ত খারাপ জায়গায় পৌঁছে গেছে, এখানে আইন-শৃঙ্খলা বিঘ্নিত হয়ে গেছে। এই আইন-শৃঙ্খলা বিঘ্নিত হওয়ার ব্যাপারে আপনারা যে প্রতিবেদন উপস্থাপন করবার চেষ্টা করেছেন তাতে আমি আপনাদের স্মরণ করে দিতে চাই, মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার আগে পর্যন্ত গোটা পশ্চিমবঙ্গ জুড়ে ৩৪-টা বছর ধরে যে অন্যায়-অবিচার-অত্যাচার আপনারা চালিয়েছিলেন, একের পর এক যে হত্যাকাণ্ড চালিয়েছিলেন, আপনাদের স্মৃতিশক্তি যদি রোমন্থন করেন তাহলে দেখতে পাবেন মরিচঝাঁপির সেই ঘটনা, আপনাদের নিশ্চয় স্মরণে থাকবে বিজন সেতুতে সন্ন্যাসী নিগ্রহের ঘটনা, অনীতা দেওয়ানকে কী নির্মম ভাবে হত্যা করেছিলেন। আপনাদের বোধ হয় স্মরণে থাকবে নেতাই কাণ্ডের কথা। আপনাদের নিশ্চয় স্মরণে থাকবে নানুরে যে ভাবে হত্যাকাণ্ড চালিয়েছিলেন, একের পর এক, নন্দীগ্রাম থেকে সিঙ্গুর আন্দোলনে

যে ভাবে ক্যাডারদের লেলিয়ে দিয়ে নৃশংস হত্যাকাণ্ড চালিয়েছিলেন, এইসব ঘটনা যাঁরা ঘটিয়ে থাকেন এবং তার বিরুদ্ধে যে মা-মাটি-মানুষের সরকারের বর্তমান মাননীয়া মুখ্যমন্ত্রী যিনি তিনি তাঁর জীবন-বাজী করে লড়াই করে মানুষের দরবারে গিয়ে যে আবেদন জানিয়েছিলেন সেই আবেদনের ভিত্তিতে আপনাদের দুর্নীতি, আপনাদের অপশাসনের বিরুদ্ধে মানুষ রায় দিয়েছিলেন। তার পরিপ্রেক্ষিতে ২০১১ সালে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হয়েছিল। আজকে ধর্ষণের কথা বলছেন? একের পর এক ধর্ষণের কথা বলছেন? আপনাদের সময় অনীতা দেওয়ানকে যখন রাস্তায় ফেলে ধর্ষণ করা হয়েছিল তখন কোথায় ছিলেন আপনারা? যখন নন্দীগ্রামে আন্দোলন করতে গিয়ে রাধারানী আড়ীকে উলঙ্গ করে নৃশংস ভাবে ধর্ষণ করা হয়েছে তখন কোথায় ছিলেন আপনারা? আজকে আপনারা আবার ধর্ষণের কথা তোলার চেষ্টা করছেন। মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর এটা নিশ্চয় উপলব্ধি করতে পেরেছেন যে যখন যেখানে যে অন্যায় সংগঠিত হয়েছে তা সে ধর্ষণ হতে পারে, অন্য কোন দুর্নীতির ব্যাপার হতে পারে মাননীয়া মুখ্যমন্ত্রী সেগুলো শক্ত হাতে, বলিষ্ঠ ভাবে মোকাবিলা করেছেন। এমন কোন ঘটনার কথা বলতে পারবেন না যেখানে ঘটনা ঘটে যাওয়ার পরে মুখ্যমন্ত্রীর দায়িত্ব নিয়ে কোন কাজ-কর্ম করেননি। সুতরাং, এই ভাবে কথা-বার্তা বলে যে ভাবে সভাকে ভ্রান্ত নীতির ওপর পর্যবসিত করার চেষ্টা করছেন এটা বোধ হয় সঠিক নয়। মা-মাটি-মানুষের সরকার বিগত পাঁচ বছর এবং পরবর্তীকালের যদি পরিসংখ্যানগুলো দেখেন তাহলে দেখতে পাবেন ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা এই মা-মাটি-মানুষের সরকারের ওপর আপনারা চাপিয়ে দিয়েছিলেন। এবং যার জন্য বিগত পাঁচ বছরে ১ লক্ষ কোটি টাকার বোঝা এই সরকারকে বহন করতে হচ্ছে এবং এই বছরে ৪০ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের কাছ থেকে কেটে নিয়েছে। এই রকম একটা পরিস্থিতির আমাদের মোকাবিলা করতে হচ্ছে। আমাদের মা-মাটি-মানুষের সরকারের প্রথম লক্ষ্য ছিল পশ্চিমবঙ্গে শান্তি প্রতিষ্ঠা করা।

সেই শান্তি প্রতিষ্ঠিত হয়েছে কিনা আপনারা নিশ্চয়ই সেটা জানতে পারবেন। আপনাদের সময়ে আপনারা জঙ্গলমহলে যেতে পারতেন না। জঙ্গলমহলে প্রতিদিন যেভাবে রক্তক্ষয়ী সংগ্রাম চলত, টিভির পর্দায় দেখতে পেতাম যেভাবে মানুষ খুন হত, সেই জায়গায় আজকে কেমন শান্তি বিরাজমান থেকে গেছে। দিনের বেলায়, রাতের অন্ধকারে, সারা রাত ধরে উৎসবের সংঙ্গে আজকে সেখানে নির্বাচন প্রক্রিয়া চলে। আজকে সেখানকার মায়েরা দুটাকা কিলোদরে চাল পাচ্ছে, যারা পিঁপড়ের ডিম খেয়ে জীবনযাপন করত। আজকে সেখানে যথেষ্ট উন্নয়ন সাধিত হয়েছে। এই কারণেই আজকে দার্জিলিং-এ শান্তি ফিরে এসেছে। আজকে পশ্চিমবাংলার সব জায়গায় অভাবনীয় পরিবর্তন আমরা দেখতে পাচ্ছি। এটাও দেখতে পেয়েছেন যেভাবে আপনারা অর্থনৈতিক দেউলিয়া অবস্থায় ফেলে দিয়ে যাবার পরেও আমরা আস্তে আস্তে করে উত্তরণ সংগঠিত করেছি। সেখানে আমরা ই-ট্যাক্সেশান থেকে আরম্ভ করে, ই-অডিট থেকে আরম্ভ করে, এই ভাবে ট্যাক্সেশানকে সরলীকরণের মধ্য দিয়ে - আপনাদের সময়ে মাত্র ২১ হাজার কোটি টাকা রাজস্ব আদায় হত। সেই জায়গায় আমরা ৪২ হাজার কোটি টাকা রাজস্ব আদায় করতে সক্ষম হয়েছি। এটাই তো আমাদের অ্যাচিভমেন্ট। আমাদের অ্যাচিভমেন্টের মধ্য দিয়ে আপনারা দেখতে পাচ্ছেন জিডিপি অনুসারে ২০১৫ সালে জিডিপি ছিল ৭.৩ শতাংশ সেখানে রাজ্যের ছিল ১২ শতাংশ। এটার দ্বারা প্রমাণিত হয়ে যায় - এটা তো গল্পের কথা নয়, এটা অর্থনীতির হিসাবনিকাশের ব্যাপার। এর মধ্য দিয়ে প্রমাণ করা যায় পশ্চিমবঙ্গ কতটা উত্তরোত্তর এগিয়ে যেতে সক্ষম হয়েছে। আপনারা জানেন মাথাপিছু আয় জাতীয় স্তরের থেকে দ্বিগুণ সম্পন্ন হয়েছে। সরকারের পূর্ববর্তী অবস্থানের

মেয়াদে যে কাজগুলোতে আমরা দেখতে পেয়েছি কৃষির ক্ষেত্রগুলোতে বিনিয়োগ বেড়েছে সাড়ে পাঁচগুণ। পরিকল্পনা খাতে চারগুণ বরাদ্দ বাড়ানো সম্ভব হয়েছে, পরিকাঠামো খাতে সাড়ে তিনগুণ এবং স্থায়ী সম্পদ সৃষ্টিতে সাতগুণ বৃদ্ধি করা হয়েছে। এটা কেবলমাত্র গল্পের জন্য গল্প নয়। এর বিষয়বস্তু আপনারা ভালোভাবে উপলব্ধি করতে পেরেছেন। আপনারা ডিমানিটাইজেশানের উপর কথা বলার চেষ্টা করেছেন। মাননীয়া ফিরোজাদি বলছিলেন - আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ডিমানিটাইজেশানের ব্যাপারে তেমন কোন ব্যবস্থা গ্রহণ করেননি। ...(গোলমাল)....আপনি ভালো করে পড়ে দেখবেন। মাননীয় প্রধানমন্ত্রী ২০১৬ সালের ৮ ই নভেম্বর ডিমানিটাইজেশানের কথা ঘোষণা করলেন। ডিমানিটাইজেশানের সংঙ্গে সংঙ্গে এক ঘণ্টার উপরে মমতা ব্যানার্জী তার তীব্র প্রতিবাদ জানিয়েছিলেন। শুধু পশ্চিমবঙ্গ নয়, গোটা ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে এই অন্যায়ের বিরুদ্ধে তিনি তীব্র প্রতিবাদ করেছেন। ফলে রাজস্বের ক্ষতি হচ্ছে পশ্চিমবঙ্গের। এটাকে কি তিনি অস্বীকার করেন? তা সত্ত্বেও যেভাবে অস্বস্তিকর পরিবেশ তৈরি হয়েছিল তাকে মোকাবিলা করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী প্রত্যেকটি জায়গায় গিয়েছেন। চেষ্টা করেছেন স্বাভাবিকতা গড়ে তোলবার জন্য। তার মানে তিনি বলেননি যে তিনি এ ব্যাপারে কোন ভূমিকা গ্রহণ করেননি। এভাবে কথাবার্তা বলা ঠিক হচ্ছে বলে আমি মনে করি না। মাননীয় বিধায়করা জানেন আজকে সিঙ্গুর আন্দোলন এটা একটা ঐতিহাসিক আন্দোলন। এটা কি আপনারা স্বীকার করবেন? যিনি আজকে মুখ্যমন্ত্রী হয়েছেন তিনি সিঙ্গুর আন্দোলন নিয়ে ২৬ দিনের অনশন করেছিলেন। ১৬ দিন অবস্থান কর্মসূচীর মধ্য দিয়ে, আজকে ভূমিহীন কৃষকদের জমি ফেরত দিতে হবে এই দাবি নিয়ে গোটা পশ্চিমবঙ্গে যে নতুন নজির সৃষ্টি করেছিলেন সেটা একটা ইতিহাস। সেই ইতিহাসের পরিপ্রেক্ষিতে আমাদের আজকে জয় হয়েছে। আজকে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে মাননীয়া মুখ্যমন্ত্রী চেষ্টা করেছিলেন এই আইনটা তৈরি করে গরীব দুঃস্থ চাষিদের কাছে জমিটা ফেরত দেওয়ার জন্য। সেই কাজে বাধা পড়ল। কোর্ট হয়ে গেল। শেষ পর্যন্ত সুপ্রিম কোর্টের রায়ের ফলে মমতা ব্যানার্জীর সেই আন্দোলনটা স্বীকৃতি পেয়েছে। এটা আমাদের কাছে গর্বের বিষয় নয়? কেবলমাত্র সমালোচনা করতে হয় বলে সমালোচনা করে যাবেন। এতবড় একটা ভূয়সীর কাজ করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তার সম্পর্কে আপনারা একটা কথাও বলতে পারলেন না। এটাই আমাদের সবচেয়ে বড় অ্যাচিভমেন্ট। এই অ্যাচিভমেন্টের জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীকে বাহবা দেওয়া উচিত। মা-মাটি-মানুষের সরকারকে আজকে বাহবা দেওয়া উচিত। আজকে সিঙ্গুর আন্দোলন তাই একটা উল্লেখযোগ্য পর্যায়ে পৌঁছেছে। সুপ্রিম কোর্ট যে অর্ডার দিয়েছিলেন সময়ের মধ্যে পাট্টাগুলোকে বিতরণ করতে হবে। তার অনেক আগে সেগুলো আমরা দিতে সক্ষম হয়েছি। সেখানে আজকে কৃষিনির্ভর হচ্ছে সেখানে আজকে আস্তে আস্তে কৃষি সম্পদ গড়ে উঠছে। সেটা আজকে নতুন করে বলার অপেক্ষা রাখে না। আমরা দেখতে পাচ্ছি দার্জিলিংয়ের অশান্ত পরিবেশ - সেখানে উপজাতি সম্প্রদায়গুলোকে আস্তে আস্তে তুলে আনার জন্য বিভিন্ন পর্ষদ গঠনের বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

[12.50 – 1:00 p.m.]

বিভিন্ন পর্ষদ গঠন করার উদ্যোগ গ্রহণ করেছেন। এই উদ্যোগকে কি আপনারা বলবেন সঠিক উদ্যোগ গ্রহণ করেন নি? আজকে গুরুং থেকে পাহাড়িয়া সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে তিনটি পর্ষদ গঠনের জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন। তারজন্য ৩০০ কোটি টাকা আজকে ব্যয় করবার জন্য সুযোগ করে দিয়েছেন। নিজ ভূমি, নিজ গৃহ-সেখানে আমরা দেখতে পাচ্ছি ৩ লক্ষ পাট্টা প্রদান করা হয়েছে, এটার জন্য আজকে গুরুত্ব আরোপ করবেন না? গীতাঞ্জলী

প্রকল্পে ২ লক্ষ ৯৩ হাজার মানুষ আজকে উপকৃত হয়েছে - এটা আপনারা বলবেন না। MGNREGA প্রকল্পে গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ যদি সম্মানিত হয়ে থাকে - সবচেয়ে বেশি ৫ হাজার ৬০০ কোটি টাকা বেশি ব্যয় করেছে, এটা আজকে দেশের মধ্যে সর্বোচ্চ। এটা আজকে গুরুত্ব সহকারে দেখার দরকার বলে আমি মনে করি। আজকে স্বচ্ছভাবে ধান সংগ্রহ ব্যবস্থার মধ্যে দিয়ে, আজকে খাদ্যসাথী প্রকল্পের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ আজকে একটা নতুন দিশা তৈরি করতে পেরেছে এই মা-মাটি-মানুষের সরকার। আমরা আজকে স্বাস্থ্যের বিকাশের ক্ষেত্রে দেখতে পাচ্ছি প্রত্যেকটি মানুষের কাছে বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবাটাকে পৌঁছে দেওয়ার জন্য মা-মাটি-মানুষ সরকার ব্যবস্থা গ্রহণ করেছে- এটিকে আপনারা সাবাশি দেবেন না, এতে সহযোগিতা করবেন না। কোথায় আছে? কে করেছে? আজ একের পর এক স্বাস্থ্য সচেতনার মধ্যে দিয়ে আমরা গর্বিত হয়ে ৩টে মাদার হাব তৈরি করা হয়েছে। যেখানে আজকে দূরবর্তী এলাকা থেকে প্রেগনেন্ট মাদাররা ইন্সটিটিউশানাল ডেলিভারির জন্য হসপিটাল আসতে অসুবিধা হবে সেইজন্য তাদেরকে ৭-১০ দিন আগে থেকে মাদার হাবে নিয়ে এসে পরিষেবা দেওয়া হচ্ছে। আমাদের পাথরপ্রতিমায় এই মাদার হাবের ব্যবস্থা করা হয়েছে। মায়েরা সেখানে যাচ্ছে। তাদের জন্য আজকে আমরা দেখতে পাচ্ছি যেভাবে করে একের পর স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে কাজের অগ্রগতি হয়েছে। আজকে শিশুসাথী প্রকল্পের মধ্যে দিয়ে, স্বাস্থ্য প্রকল্পের মধ্যে দিয়ে, কন্যাশ্রী প্রকল্পের মধ্যে দিয়ে, সবুজসাথী প্রকল্পের মধ্যে দিয়ে গোটা পশ্চিমবঙ্গে এক একটা ক্ষেত্রে নতুন যুগান্তকারী ঘটনা সৃষ্টি করেছে। আজকে শিশু মৃত্যুর হার হাজার পিছু যেখানে ৩২ থেকে ২৬ - এ নেমেছে এবং ইন্সটিটিউশানাল ডেলিভারি যেখানে ৬২ ছিল সেখান থেকে আজকে ৯০% - এর উপরে চলে গেছে। এটার বাহবা দেবেন না? এটা একটা গুরুত্বপূর্ণ কাজ, অনুভব করবেন না?

আজকে কলেজের ক্ষেত্রে দেখতে পাচ্ছি, ৪৭টি নতুন কলেজ তৈরি করা সম্ভব হয়েছে। ১৫টি বিশ্ববিদ্যালয় হয়েছে। স্বাস্থ্য প্রকল্পের আওতায় শিক্ষকদের নিয়ে আসার চেষ্টা হয়েছে। একটা যুগান্তকারী অধ্যায়ের মধ্যে দিয়ে শিক্ষার পরিবেশ সুন্দর করে গড়ে তুলবার জন্য চেষ্টা করা হয়েছে। আরো বেশি করে লক্ষ্য রাখবেন - পরিবহন ব্যবস্থা - ২৫৫টি নতুন বাস আজকে নামানো হয়েছে। সেখানে আমরা দেখতে পাচ্ছি ই- রিক্সা এবং গ্রীন বাস - এগুলোর মধ্যে দিয়ে আজকে সুন্দর পরিবেশ, পরিবেশ বান্ধব এই বাসগুলির মাধ্যমে এলাকার জনগণের সুবিধা হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সবচেয়ে উল্লেখযোগ্য বিষয়, ৩ তারিখ এবং ২১ তারিখ বেঙ্গল গ্লোবাল সামিট যেটা আমাদের এই মুহূর্তে পশ্চিমবঙ্গের উল্লেখযোগ্য ব্যাপার বলে আমরা মনে করি। ২৯টি দেশের শিল্পপতিরা, রাষ্ট্রদূতরা যারা এসেছিলেন তারা এখানে আসার পরে আমাদের কাছে ২ কোটি ৩৬ লক্ষ ২৯০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব দিয়েছিলেন এবং এই প্রস্তাব গৃহীত হয়েছে। আমরা উৎপাদন, পরিকাঠামো উন্নয়ন, তথ্য প্রযুক্তি,টেলি যোগাযোগ,খাদ্য প্রক্রিয়াকরণ, নগর উন্নয়ন প্রভৃতি কাজে ব্যয়িত করবো। বিভিন্ন সময়ে বিভিন্ন মুখ্যমন্ত্রীরা বিদেশে গেছেন। মমতা ব্যানার্জী বিদেশে যখন গিয়েছেন তখন সেখান থেকে শিল্প কিভাবে আনা যায় তার বাস্তব রূপায়ণ হয়েছে। আমরা কেবলমাত্র তর্কের খাতিরে তর্ক না করে একদিকে সিপিএম, কংগ্রেস, বিজেপি এক সূত্রে গ্রথিত হয়ে, একত্রিত হয়ে সরকারের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার জন্য নানাভাবে চেষ্টা করে চলেছেন। কিন্তু আপনারা জানেন, অনেকে এর আগে চেষ্টা করেছেন কোন চেষ্টা সফল হতে পারে নি। বিগত বিধানসভা নির্বাচনে আপনারা একসঙ্গে সবাই লড়াই করেছেন। সিঙ্গুর থেকে আন্দোলন এই আন্দোলনের পরিপ্রেক্ষিতে যে জনমত তৈরি হয়েছিল আপনারা বিধানসভা নির্বাচনে সকলে একসঙ্গে লড়ে চেষ্টা করেছিলেন মা-মাটি-মানুষের সরকারকে পর্যুদস্ত করবার

জন্য কিন্তু পারেন নি। পিছিয়ে গেছেন, মানুষের রায় আছে মা-মাটি-মানুষের সরকারের পক্ষে। অতএব, ঘরের ভাতের চাল আগে তৈরি করুন, মানুষের সঙ্গে সংযোগ করুন, মানুষের প্রতি ভালবাসা করুন না হলে কোথায় গণ্ডগোল হয়েছে, কোথায় উস্কে দিয়ে অন্য একটা প্রান্ত খুলে দিয়ে এলাকাকে অন্য জায়গায় পৌঁছে দেওয়ার চেষ্টা করলে মানুষ কোনদিন আপনাদের ক্ষমা করবে না।

দীর্ঘদিন ধরে আপনারা রাজনীতির আবর্তে কাটিয়েছিলেন কিন্তু মানুষের সঙ্গে সংযোগ রাখেননি। সেই সৌজন্য হারিয়ে ফেলেছেন, মানুষের কাছ থেকে ভালবাসা হারিয়েছেন। সেই ভালবাসাটা গড়ে তুলতে আমাদের নিশ্চয় কষ্ট হবে। ৩৪ বছরের অধ্যায়টাকে শেষ করে গ্রাসরুট লেভেল থেকে উঠে যাওয়া আপনাদের যথেষ্ট কষ্টের কারণ। সেটাকে অভ্যাস করুন, তবেই মা-মাটি-মানুষের সঙ্গে চ্যালেঞ্জ নেবেন। আমি এই ....

..... (এই সময়ে মাইক অফ হয়ে যায়।) .....

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রীযুক্ত কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় যে ভাষণ রেখেছেন, তার উপরে সংক্ষিপ্ত আলোচনা করছি। স্যার, বারো পাতার একটু বেশি পুস্তিকার আয়তন,এই পুস্তিকার ছত্রে ছত্রে অসত্য বিবরণ দেওয়া হয়েছে এবং রাজ্যপালের মুখ দিয়ে বলানো হয়েছে। এই পুস্তিকা পাঠ করে আমি যেটা বুঝতে পেরেছি যে ভাঙর, বোলপুর এবং আউশগ্রাম, যে কাণ্ডগুলি সেখানে ঘটেছে তার উল্লেখ এই রাজ্যপালের ভাষণে নেই। সেখানে যারা মারা গিয়েছেন, তাদের প্রতি ন্যূনতম শ্রদ্ধাবোধ এখানে আমি লক্ষ্য করছি না। তাদের প্রতি অন্তত একটু সমবেদনা জানানো উচিত ছিল। মাননীয়া মুখ্যমন্ত্রী যখন পাহাড়ে গিয়েছেন, তখনই পাহাড় হাসছে। যখনই তিনি সেখানে গিয়েছেন, একের পর এক উন্নয়ন পর্ষদ তিনি সেখানে ঘোষণা করেছেন, আরও তিনটি পর্ষদ সেখানে দেওয়া হবে, তিনি এর মধ্যে প্রতিশ্রুতি দিয়ে এসেছেন। উত্তরবঙ্গের মানুষ হিসাবে আমরা যেটা লক্ষ্য করেছি যে দার্জিলিংয়ে শান্তিশৃঙ্খলা, ঐক্য এবং সম্প্রীতির একটা বাতাবরণ তৈরি হয়েছিল, সেটা নষ্ট করে দেওয়ার চক্রান্ত চলছে। সেখানকার মানুষকে টুকরো করে দেওয়ার একটা ষড়যন্ত্র সেখানে চলছে। স্যার,বলছেন যে পশ্চিমবঙ্গ খুবই সুন্দর এবং শান্তিপূর্ণ। আমি মনে করি বিগত ৩৪ বছরে যে শান্তির বাতাবরণ পশ্চিমবঙ্গে ছিল, এখন গোটা পশ্চিমবঙ্গে তা নেই। সম্প্রীতি এবং ঐক্য নষ্ট হয়েছে। এবারে আমি ক্ষুদ্র এবং মাঝারি শিল্পের কথাতে আসছি। আমার জেলা কোচবিহারে চকচকা শিল্প বিকাশ কেন্দ্রে, সেখানে জমি অধিগৃহীত হয়েছে। সেখানে আজ পর্যন্ত জুটমিল হল না। আমি সংবাদপত্রে দেখেছি যে জুটমিলের অধিগৃহীত জমি, সেখানে অন্য ধরনের শিল্পকারখানা গড়ে উঠবে। সেখানকার জমিতে যেন কোনমতেই অন্য শিল্প না হয়। কারণ জুট মিল হলে সেখানে যে জুট পার্ক, সেই জুট পার্ক হলে উত্তরবঙ্গের পাটচাষীরা উপকৃত হবে। তাই আমি মনে করছি এটা উত্তরবঙ্গের মানুষের কাছে একটা দুঃসংবাদ।

'নির্মল বাংলা মিশন' আমার মতে কোনদিন এই বাংলা নির্মল হতে পারবে না। আমি দেখেছি আমার জেলায় মন্ত্রী এবং এম.এল.এ -রা তারা বাঁশি বাজিয়ে ভোরের দিকে পরিদর্শন করেছেন কোথায় শৌচাগার হয়েছে কি না। আমি এইকথা বলতে চাই যারা বিরোধী দলের মানুষ কি কংগ্রেস, কি বামফ্রন্টের তাদের বাড়িতে এই পর্যন্ত শৌচাগার হয়নি আমার কাছে যেটা খবর। তাহলে নির্মল হবে কি করে? অথচ আমি দেখতে পাচ্ছি কোচবিহার জেলা এবং পশ্চিমবঙ্গের আরো তিনটি জেলা পুরস্কৃত হয়েছে। কাজেই এই 'নির্মল বাংলা মিশন' তাকে

সাকসেস করতে গেলে অন্তত এই মনোভাব পরিবর্তন করতে হবে। আমার সময় শেষ তাই আমার বক্তব্য এখানেই শেষ করছি ধন্যবাদ।

শ্রী সমীর চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় চলতি বাজেট অধিবেশনে মাননীয় রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় তার প্রারম্ভিক ভাষণে যে বক্তব্য রেখেছেন তার উপর আলোচনা করতে আজকে আমরা এই যে আলোচনায় অংশগ্রহণ করার আপনি যে সুযোগ দিয়েছেন তারজন্য আমি আপনার কাছে কৃতজ্ঞতা জানাই। প্রত্যেকটি ছত্রে ছত্রে মমতা ব্যানার্জীর উন্নয়ন প্রতিফলিত হয়েছে, বাংলার উন্নয়ন প্রতিফলিত হয়েছে কিন্তু অত্যন্ত উদ্বেগের সঙ্গে জানাই যে আপনারা যদি বাজেট বক্তৃতাটা শুনে থাকেন, নিশ্চয়ই সবাই শুনেছেন বা পড়েও থাকেন obituary-র পরে যাঁরা যাঁরা মারা গেছেন তাঁদের প্রতি শ্রদ্ধার্ঘ্যের পরে প্রথম যে প্যারাটি রয়েছে সেটা হচ্ছে ডিমানিটাইজেশানের জন্য পশ্চিমবাংলার অর্থনীতি প্রবলভাবে বিপর্যস্ত সেটা কিন্তু উল্লিখিত। রাজস্ব আদায় কমেছে, লক্ষ লক্ষ শ্রমিক বেকার হয়েছে। চা শিল্প, বিড়ি শিল্প, পাট শিল্প অচলাবস্থার মধ্যে গিয়ে পড়েছে। স্মল অ্যান্ড মিডিয়াম স্কেল ইন্ডাষ্ট্রি আজকে কিন্তু বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। আমরা সবাই জানি যে গত ৮ই নভেম্বর ২০১৬ সালে ভারতবর্ষের প্রধানমন্ত্রী আচমকা ঘোষণা করলেন নোট বাতিল। কারণ হিসাবে তিনি বললেন যে কালো টাকা রোধ করার জন্য ভারতবর্ষে ৫০০ টাকা এবং ১০০০ টাকার নোট সেদিন রাত ১২টা থেকে বন্ধ করে দেওয়া হল। স্যার আপনার অবগতির জন্য জানাই যে টাকার রংটা একই হয়। ধরুন আমার পকেটেও একটা টাকা আছে। আমি দেখাচ্ছি সেটা (এই সময় মাননীয় বিধায়ক একটা দুই হাজার টাকার নোট নিয়ে দেখাতে থাকেন) আপনি দেখে বলতে পারবেন এটা সাদা না কালো। এটা যখন উপার্জিত হয়েছে, আমি যখন উপার্জন করেছি এটার বিনিময়ে যদি আমি ট্যাক্স দিয়ে থাকি তাহলে এটা সাদা আর যদি ট্যাক্স না দিয়ে থাকি তাহলে কালো। আজকে একটা খুব পরিষ্কার কথা বলার প্রয়োজন আছে মমতা ব্যানার্জী, তৃণমূল পরিষদীয় দল এবং তৃণমূল পার্টী এবং ব্যাক্তিগতভাবে আমি নিজেও কালো টাকার বিরুদ্ধে, পরিষ্কারভাবে এই কথা বলার প্রয়োজন আছে। কিন্তু যে পদ্ধতির মধ্যে দিয়ে ভারতবর্ষের ১২৫ কোটি মানুষকে ব্যাংকের লাইনে দাঁড় করিয়ে দিয়ে ১১৭জন মানুষকে ব্যাংকের লাইনে মেরে ফেলে দিয়ে যে নতুন অর্থনীতির সূচনা করলেন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ধিক্কার জানানোর কোন ভাষা আমার অন্তত জানা নেই। তার কারণ আমি যে পদ্ধতির কথা বলছিলাম কালো টাকা তার উৎস কোথায় ম্যানুফ্যাকচারিং সোর্সটা কি সেটা আগে ধরুন। যারা ব্যাংক থেকে লক্ষ-লক্ষ, কোটি-কোটি টাকা ধার নেয় ধার নিয়ে, শোধ না দিয়ে গণেশ উল্টে দেয় ঘুর পথে সেটাই হয়ে যায় কালো টাকা আগে তাদেরকে ধরুন। আজকে ভারতবর্ষের ৫০টি পরিবারকে বাঁচাতে গিয়ে ১২৫ কোটি মানুষের উপর এই নির্যাতন কেন? এই প্রশ্ন আমি আপনার সামনে রাখতে চাইছি। ভারতবর্ষের প্রথম অর্থমন্ত্রী হয়েছিলেন পণ্ডিত জওহরলাল নেহেরুর ক্যাবিনেটে ১৯৪৭ সালের ২৬শে নভেম্বর যিনি স্বাধীন ভারতবর্ষের - আমি তারিখটা আবার বলছি ১৯৪৭ সালের ২৬শে নভেম্বর প্রথম অর্থমন্ত্রী ভারতবর্ষে যিনি হয়েছিলেন সেই মাদ্রাজে সেই ভদ্রলোকের কথা আমার মনে হচ্ছে এবং পরবর্তীকালে তিথি কৃষ্ণমাচারী ১৯৫২ সালে সেদিন থেকে শুরু করে আজ পর্যন্ত যতজন ভারতবর্ষের অর্থমন্ত্রী হয়েছেন। কখনও মুরারজী দেশাই, কখনও ভেংকট রমণ - যিনি পরবর্তীকালে দেশের রাষ্ট্রপতি হয়েছেন, কখনও প্রণব মুখোপাধ্যায় - যিনি ভারতবর্ষের রাষ্ট্রপতি হয়েছেন, কখনও মনমোহন সিং - যিনি পরবর্তীকালে ভারতবর্ষের প্রধানমন্ত্রী হয়েছেন। প্রথম অর্থমন্ত্রী ছিলেন RKShanmukhan Chetty। ১৯৪৭ সালের ২৬ শে নভেম্বর স্বাধীন ভারতবর্ষের প্রথম বাজেট যিনি পেশ করেছিলেন। RKShanmukhan Chettyথেকে শুরু করে একেবারে হালফিলে প্রণব মুখার্জী - এরা কি সবাই মুর্খ ছিলেন? এতো সহজে কালো টাকা উদ্ধার করা যায় তারা কি জানতেন না? না কি এক

উর্বর মস্তিষ্কপ্রসূত এই সরকার সেটা প্রথম আবিষ্কার করলেন। আমি একটা পরিসংখ্যান আপনাদের কাছে দিচ্ছি। কেন এই কথাটা বললাম? তার কারণ এই বছরের যখন বাজেট এই কিছুদিন আগে সরস্বতী পূজার দিনে ১লা ফেব্রুয়ারী দেশের অর্থমন্ত্রী অরুণ জেটলী পেশ করলেন, আমি দেখলাম সেখানে সেই বাজেট বক্তৃতা শুনছিলাম টিভিতে - তিনি এক জায়গায় বললেন যারা ঋণ খেলাপী হবে তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করা হবে। আবার মিথ্যাচার। এটা তা চিরকালের নীতি। কেউ যদি একটা বাস বার করার জন্য ব্যাংকের কাছে টাকা ধার চান, তাহলে তাকে সমপরিমাণ সম্পত্তির দলিল ব্যাংকে জমা রাখতে হয়। এটা ব্যাংকের আইন। তাহলে নতুন কথা কি বলছেন? ওল্ড ওয়াইন ইন এ নিউ বটল? পুরনো মদ নতুন বোতলে পরিবেশিত হচ্ছে ভারতবর্ষের মানুষের কাছে। ইউ ক্যান মেক ফুল সাম পিপল ফর সামটাইম, বাট নট অল পিপল ফর অল টাইম। কিছু মানুষকে কিছুদিনের জন্য বোকা বানানো সম্ভব কিন্তু সারা ভারতবর্ষের ১২৫ কোটি মানুষকে সারা জীবনের জন্য বোকা বানানো সম্ভব নয়। আমার প্রশ্ন তো সেই জায়গাটায়। ঋণ খেলাপী যারা, তাদেরকে ধরলেন না কেন? স্যার একটা হিসাব আমার কাছে রয়েছে। রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়ার সার্কুলার দেওয়া এই হিসাব। শুধু এন. পি.এ -এর কথা বলা হয়েছে গত দু বছরের। নন পারফরমিং এ্যাসেট - কাদের কাছে কোন ব্যাংক কত টাকা পাবে। আমার কাছে ২১টি ন্যাশানালাইজড ব্যাংকের হিসাব রয়েছে, আমি শুধু দু-তিনটি বলে দিচ্ছি। ৪ লক্ষ কোটি টাকা - এই টাকাটা আগে কেন উদ্ধার করা হল না? সেই ব্যক্তিগুলোকে কেন গ্রেফতার করা হল না? তাহলে তো ভারতবর্ষে কালো টাকার হদিশ পেতেন। তার কারণ ওটাই তো মানুষের ঋণ শোধ। ওটাই হচ্ছে কালো টাকার উৎস স্থল। সেটাকে বাদ দিলেন কেন? আমি শুধু বলে দিচ্ছি আপনাদের সামনে ২০১৫ সালের মার্চ মাসে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার অনাদায়ী ছিল ৩৫ হাজার ৪২২ কোটি টাকা। ২০১৬ সালে মার্চ মাসে সেটাই বেড়ে হল ৫৫ হাজার ৮০৭ কোটি টাকা - শুধু স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার। পরের ব্যাংকে আসুন - পাঞ্জাব ন্যাশানাল ব্যাংক। ২০১৫ সালের মার্চ মাসে ছিল১৫হাজার ৩৯৬ কোটি টাকা এবং ২০১৬ সালের মার্চ মাসে সেটা এসে দাঁড়াল ৩৫ হাজার ৪২২ কোটি টাকা। প্রত্যেক বছর ২০ হাজার, ২৫ হাজার কোটি টাকা করে এক - একটি রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের ঋণ বেড়ে যাচ্ছে - অনাদায়ী ঋণ। আমি শুধু ঋণের কথা বলব না, যেটা ব্যাংকের পরিভাষায় এন.পি. এ বা নন্ পারফর্মিং এ্যাসেট বলা হয়। যাতে ঘুরপথে ব্যাবসায়ীরা কালো টাকাকে সাদা টাকায় রূপান্তরিত করে। আজকে তাদের বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে শুধু আজকে ১২৫ কোটি মানুষকে ব্যাংকের লাইনে দাঁড় করিয়ে দিয়ে পরিহাসের পাত্র হলেন, ১১৭ জন মানুষকে মেরে ফেলে ভারতবর্ষকে কোন্ দিশা দেখালেন সে প্রশ্নের উত্তরটা কিন্তু দিয়ে যেতে হবে। আমার দ্বিতীয় কথা, এই প্রাসঙ্গিকতার মধ্যে আমার যেটা প্রশ্ন আপনাদের কাছে যে, জিনিসটা যদি এতই সোজা হত, তাহলে অন্যরা কি সেটা করতে পারতেন না? এটা আমার প্রশ্ন এই সদনের কাছে। আজকে ডিমানিটাইজেশানের জন্য সারা ভারতবর্ষ আজকে আর্থিকভাবে দুর্বল হয়েছে ক্ষতিগ্রস্ত হয়েছে। ইন্টারন্যাশনাল মনিটরি ফান্ড বলছে আমাদের ইকনমিক গ্রোথ রেট ১.১% কমে গেছে। ৭.৬% ছিল। ডিমানিটাইজেশানের পরে হয়ে দাঁড়িয়েছে ৬.৫%। ১% কমা বা বাড়া মানে আর্থিক গ্রোথ দেড় লক্ষ কোটি টাকা - এই হিসাবটা মাথায় রাখবেন। ১% কমা বা বাড়া মানে দেড় লক্ষ কোটি টাকার ফারাক। সুতরাং এক টুকরো কি সিদ্ধান্ত ১লক্ষ ৬৫ হাজার কোটি টাকা হাপিশ করে দিয়ে চলে গেলেন ভারতবর্ষের কোষাগার থেকে। আমরা সবাই জানি ২০০৮ সালের সেপ্টেম্বর মাসে সারা আন্তর্জাতিক দুনিয়ায় একটা আমেরিকান ব্যাংক তার নাম হচ্ছে লেম্যান ব্রাদার্স তার পতনের সঙ্গে সঙ্গে আমেরিকা, ইউরোপ ও মধ্যপ্রাচ্যে এক চরম রিসেশান বা আর্থিক মন্দা নেমে এসেছিল।

[1.10 -- 1:20 p.m.]

আজ তো ভারতবর্ষে নতুন করে আর্থিক মন্দাকে ইনভাইট করে নিয়ে আসা হল কার স্বার্থে এবং কার প্রয়োজনে? তার থেকেও মজার ব্যাপার হচ্ছে আজকের দিনটা পেরিয়ে গেলে তিনমাস অতিক্রান্ত। ৮ই নভেম্বর থেকে আজ ৭ই ফেব্রুয়ারি কত কালো টাকা উদ্ধার হয়েছে নরেন্দ্র মোদির সরকারকে জবাব দিতে হবে ভারতবর্ষের বুকে। ভারতবর্ষের মানুষ কিন্তু জানতে চাইছে, ভারতবর্ষের মানুষ প্রশ্ন করছে। এর মধ্যে দাঁড়িয়ে পয়লা ফেব্রুয়ারি আপনি জানেন স্যার কেন্দ্রের বাজেট পেশ করা হল। আমি তো মনেকরি এটা ভুয়ো বাজেট। তার কারণ হচ্ছে আপনি জানেন একটা অর্থবর্ষ শুরু হয় পয়লা এপ্রিল থেকে পরবর্তী বছরের ৩১ মার্চ পর্যন্ত। চারটে কোয়ার্টারে ভাগ করা হয় তিন মাস অন্তর। ফার্স্ট কোয়ার্টার এপ্রিল-মে-জুন, সেকেন্ড কোয়ার্টার জুলাই-আগস্ট-সেপ্টেম্বর, থার্ড কোয়ার্টার অক্টোবর-নভেম্বর-ডিসেম্বর এবং লাস্ট কোয়ার্টার জানুয়ারি-ফেব্রুয়ারি-মার্চ। আমার প্রশ্ন আপনার কাছে এই যে থার্ড কোয়ার্টার ৩১ ডিসেম্বর পর্যন্ত আর্থিক রিপোর্টটা অর্থ দপ্তরে এসে পৌঁছোয় ফেব্রুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহে। সেই রিপোর্টটাইতো আসেনি। সেই আর্থিক রিপোর্ট, তার মানে থার্টি সেপ্টেম্বর পর্যন্ত যে রিপোর্ট এসেছে তার পরিপ্রেক্ষিতেই এই বাজেটটা পেশ করা হয়েছে। আমি তো স্যার আশঙ্কা করছি যে মনশুন সেশান যখন হবে লোকসভায় আর একটা বাজেট না পেশ হয়! আবার শুনছি আর একটা অভিসন্ধিও চলছে তলে তলে ভারতবর্ষের ফাইনানসিয়াল ইয়ারটাকে চেঞ্জ করে দেওয়ার একটা চেষ্টা হচ্ছে। এই যে আমরা ছোটো বেলা থেকে জেনে এসেছি যা স্বাধীন ভারতবর্ষের জন্মলগ্ন থেকে হয়ে এসেছে পয়লা এপ্রিল থেকে একত্রিশে মার্চ, এটা কিন্তু পরিবর্তন করার একটা ষড়যন্ত্র চলছে। আগামী বছর থেকে দেখতে পাবেন পয়লা জানুয়ারি থেকে একত্রিশে ডিসেম্বর আর্থিক বছর। সুতরাং এই বাজেটটা নয় মাসের জন্য করা হয়েছে। এই ফাইনানসিয়াল জাগলারি শুরু হয়েছে। তার বিরুদ্ধে আমাদের প্রতিবাদ। সেটা প্রতিধ্বনিত হওয়ার দরকার আছে। আমার প্রশ্ন এখানে বি.জে.পি. র যারা সদস্য রয়েছেন, দিলীপবাবু রয়েছেন তাদের কাছে আমার প্রশ্ন এই বাজেটে পশ্চিমবাংলাকে কী দেওয়া হয়েছে? কী দেওয়া হয়েছে পশ্চিমবাংলাকে? আপনি তো খড়গপুর থেকে নির্বাচিত, আপনার জনসভায় তো এসেছিলেন প্রধানমন্ত্রী। বলেছিলেন খড়গপুরে রেলের কারখানার জন্য টাকা দেবেন। কী প্যাকেজ ঘোষণা হয়েছে তা আজকে ঘোষণা করুন বিধানসভার মধ্যে দাঁড়িয়ে খড়গপুরের মানুষের জন্য। আসানসোল থেকে নির্বাচিত সাংসদ সদস্য বাবুল সুপ্রিয়। যিনি আজকে প্রধানমন্ত্রী তিনি সেদিন এসে আসানসোলে বলেছিলেন যে বাবুল সুপ্রিয় যদি জেতে তাহলে এখানে ইকোনমিক প্যাকেজ ঘোষণা করা হবে এই অঞ্চলের মানুষের জন্য, রুগ্‌ণ কারখানার জন্যে। একটি টাকাও ঘোষণা হয়েছে? সুরিন্দর সিংহ আলুআলিয়া, আপনাদের দার্জিলিং-এর সাংসদ সদস্য। আজকে দিনের পর দিন যখন চা বাগানগুলো রুগ্‌ণ হচ্ছে, বন্ধ হচ্ছে কেন্দ্রীয় সরকার কী ব্যবস্থা নিয়েছে এই বাজেটে? আগে সেটা মানুষকে বলুন। দিলীপবাবু, আপনাদের কাছে বলছি বাংলার মানুষকে সম্মান জানিয়ে, দার্জিলিং, আসানসোল এবং খড়গপুরের মানুষকে সম্মান জানিয়ে আপনারা পদত্যাগ করুন। সেটাই হবে গণতন্ত্রের প্রতি শ্রদ্ধার শ্রেষ্ঠ নিদর্শন। তাই আপনাদের পদত্যাগ দাবি করছি। এখানে শুধু রাম-রোহিমের ঝগড়া লাগিয়ে দিয়ে আর সরস্বতী পুজো, দুর্গা পুজো, ঈদ, মহরমের মধ্যে বিভেদ সৃষ্টি করে স্ফুলিঙ্গ না জ্বালিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের আর্থিক উন্নয়ন, মমতা বন্দ্যোপাধ্যায়ের যে উন্নয়নের রথ বাংলার বুকে চলছে তাকে দমানো যাবে না। বাংলার মাটি দুর্জয় ঘাঁটি, বুঝেনিক দুর্বৃত্ত। যতই আপনারা চেষ্টা করুন বাংলার বুকে আপনাদের কোনো ঠাঁই হবে না আগামী দিনে। এইকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ধীরেন্দ্র নাথ লায়েক : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে রাজ্যপাল কর্তৃক যে প্রদত্ত ভাষণ দেওয়া হয়েছে সেই বিষয়ে কিছু আলোচনা করার চেষ্টা করছি। স্যার, বিধানসভা নির্বাচনের পর যারা বিধায়ক হন তারা পশ্চিমবাংলার সমস্ত মানুষের প্রতিনিধি এবং সমস্ত পশ্চিমবাংলার উন্নয়ন এবং ভালোর জন্য তারাও যেমন অংশীদার, খারাপ হলে তারাও কিন্তু ব্যথিত বোধ করেন। তাই আমাদের ভাবতে হবে ভালো কাজ গুলি করার জন্য শুধু একজনই তার দাবিদার নয়, আমরা বিধানসভায় যারা নির্বাচিত সকলেরই কিন্তু সমান দায়িত্ব। কোনো জায়গাতে যদি কোনো দুর্ঘটনা ঘটে সেখানে যদি আমাদের কোনো বিধায়ক যান আমার মনে হয় না সেটা কোনো অগণতান্ত্রিক।

তার খবর নেওয়ার অধিকার নিশ্চয় আমাদের ২৯৪ জন বিধায়ক সবার আছে। এটা যদি আমাদের না থাকে তাহলে পশ্চিমবাংলার মানুষের কথা আমরা ভাবব কি করে? আজ যদি কলকাতার মানুষ পুরুলিয়ায় গিয়ে বিধায়ক হতে পারেন, তাহলে যে কোন বিধায়ক যে কোন জায়গাতে গিয়ে সেখানে কোন ঘটনা ঘটলে সেটা পর্যালোচনা করার অধিকার তার আছে।

দ্বিতীয়তঃ, উন্নয়ন যদি কিছু হয় সেটা প্রকাশ করার দরকার হয় না, মানুষের কাছে। তার প্রতিফলন ঘটে। গ্রামাঞ্চল থেকে যেসব বিধায়ক নির্বাচিত হয়েছেন, তারা বুকে হাত দিয়ে বলুন তো চাষীরা তাদের উৎপাদিত ধান ঠিক মত বিক্রি করতে পারছে কিনা। তারা তাদের ধানের উপযুক্ত মূল্য পাচ্ছে কিনা। আমাদের বাঁকুড়া জেলায় যেসব কিষাণ মাণ্ডি হয়েছে, কৃষকের ঘর থেকে সেসবের দূরত্ব কোথাও ৮ কিলোমিটার, কোথাও ২০ কিলোমিটার, কোথাও ২৫ কিলোমিটার। আগের বিধানসভায় মাননীয় খাদ্যমন্ত্রীকে বলেছিলাম অঞ্চলে অঞ্চলে ক্যাম্প করুন। কোথায় হয়েছে বলবেন। আমাদের বাঁকুড়া জেলায় হয়নি। ভালো কাজ করার দায়িত্ব সমস্ত বিধায়ক, মন্ত্রীর আছে, সেটা ভুলে যাবেন। শিক্ষার ক্ষেত্রে আমরা দেখলাম কিছু জায়গায় নিয়োগ প্রক্রিয়া হয়েছে, সেটা স্বচ্ছ বলে মানছি। অনেক প্রাথমিক শিক্ষক নিয়োগ হয়েছে, তার জন্য টাকা পয়সা লাগেনি। সরকারের এই সাফল্য ধরে রাখার জন্য যদি তালিকা প্রকাশ করতেন তাহলে আরও বেশী প্রতিফলিত হত। সেটা জানানো দরকার ছিল। শিশু, নারীদের অসম্মানে আমাদের সকলেরই অসম্মান বোধ হওয়া উচিত। সরকারের একার পক্ষে সমস্ত জায়গা নিয়ন্ত্রণ করা যায় না। মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বদিচ্ছা আছে। সেখানে পঞ্চায়েত, জেলা পরিষদের সদস্যদেরও দায়িত্ব আছে, কিন্তু সেটা দেখতে পাচ্ছি না। সরকারের উদ্যোগে অনেক টাকা ব্যয় করে যুব উৎসব, কৃষি মেলা, ইত্যাদি হচ্ছে, কিন্তু সেখানে যদি নির্বাচিত সদস্যদের যাওয়ার অধিকার না থাকে। তাহলে সেসব উৎসবের প্রতিফলন আমরা বলব কি করে। আমরা প্রত্যেকেই জনগণের ভোটে নির্বাচিত হয়ে এসেছি। ভালো কাজ যেগুলো করছেন সেইগুলোকে ভালো বলি। ছাত্র-ছাত্রীদের সাইকেল দেওয়া হয়েছে, সেটা ভালো। আমাদের সরকার পারেনি, আপনারা পেরেছেন। কিন্তু খাদ্যসাথী নিয়ে কি হচ্ছে দেখুন। গ্রামাঞ্চলে দেখছি শতকরা ৪০ শতাংশ মানুষের হাতে এখনও রেশনকার্ড পৌঁছয়নি। দু'সপ্তাহ রেশন পৌঁছয়নি, খবর নিয়ে দেখুন।

যে রেশন কার্ড সত্যি তারা পেয়েছেন কিনা? তাই ভাল কাজ করার অধিকার যেমন আপনাদের আছে। কিন্তু সমস্ত ক্ষেত্রেই ভাবতে হবে যে সকলের সম্মিলিত মতামত নিয়ে যদি আমরা এগিয়ে যাই তাহলে পশ্চিমবঙ্গের এই যে সরকারটা চলছে তার সুনাম ছড়িয়ে পড়া সম্ভব।সর্বশেষে আমি বলি ডিমানিটাইজেশনের বিষয়টা নিশ্চয়ই মানুষ আঁচ করতে পেরেছে, আমরাও কিছুটা আঁচ করেছি যেটা আমাদের বিধানসভার সদস্যদের ভাতাটা এক তারিখে পেত সেটা আজও দেয়নি। হয়তো সরকার দুরবস্থার মধ্যে আছেন। এটা আমরা বুঝতে পারছি। পরিশেষে আর কিছু না বলে সকলকে আমার তরফ থেকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[1.20 – 1:32 p.m.]

শ্রী কল্লোল খাঁ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল মাননীয় শ্রী কেশরীনাথ ত্রিপাঠি যে ভাষণ ৩রা ফেব্রুয়ারি, ২০১৭ এই পবিত্র সদনে দিয়েছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই বলতে চাই যে অনেকক্ষণ ধরেই বিরোধীদলের বক্তব্য শুনলাম। মানুষ পশ্চিমবাংলায় যখন তাদের ত্যাগ করেছে, আশীর্বাদ, দোয়া, শুভেচ্ছা থেকে বঞ্চিত করেছে, তখন তাদের কাছ থেকে পশ্চিমবাংলার উন্নয়নের কথা কি করে শুনব? এটা আমি আশা করি না। তাই সমস্ত বিরোধীদলের যাঁরা রাজ্যপালের ভাষণে বক্তব্য রাখলেন - আমরা ভেবেছিলাম যে পবিত্র সদনে রাজ্যপাল তাঁর স্বভূমিকায় পশ্চিমবঙ্গের মা- মাটি-মানুষের-সরকারের বাংলার দশ কোটি মানুষের উন্নয়নের যে রথযাত্রা, বাংলার মানুষের আশীর্বাদ, দোয়া, শুভেচ্ছা ২০১১সালে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ক্ষমতায় আসীন করেছেন তার নতুন বাংলা তৈরী করবার দিশা মমতা বন্দ্যোপাধ্যায় ২০১১সালের শপথের মধ্যে দিয়ে বলেছিলেন যে ' আমি বাংলাকে বিশ্ববাংলায় রূপান্তরিত করব'। বিগত পাঁচ বছরে সে শিক্ষায় বলুন, স্বাস্থ্য বলুন, শিল্পে বলুন, সেচে বলুন আনুষঙ্গিক সমস্ত সার্বিক উন্নয়নে বাংলা একটা জায়গায় পৌঁছে গেছে। উন্নয়ন বাংলার মানুষের কাছে পৌঁছে গেছে। যে মানুষগুলো পিছিয়ে পড়া - তফশিলী সম্প্রদায়ের মানুষ, সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ, তফশিলী উপজাতি সম্প্রদায়ের মানুষ এবং অনগ্রসর শ্রেণীর মানুষ যাদের নিয়ে বামফ্রন্ট সরকার ৩৪ বছর ধরে মায়াকান্না কেঁদেছেন, আমরা ৩৪ বছরের শাসন ব্যবস্থায় শুধু - নেতাই বলুন, সিঙ্গুর বলুন, শান্তিপুরের কৃষক হত্যা বলুন, মরিচঝাঁপি বলুন সেই কান্নার ভেতরে আমরা শুধু দেখেছি - আমি নদীয়া জেলার নাকাশিপাড়া বিধানসভা কেন্দ্র থেকে সব ধর্মের মানুষের আশীর্বাদ নিয়ে নির্বাচিত হয়ে আমরা বিরোধী দলের সদস্য ছিলাম। তখন শুধু রাহাজানি, অনুন্নয়ন এবং কঙ্কালরাজ পশ্চিমবাংলায় কয়েম হয়েছিল। বাংলার মানুষের কাছে আমাদের জনগণমনন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সার্বিকভাবে এই অন্যায়ের বিরুদ্ধে,এই অত্যাচারের বিরুদ্ধে দৈনন্দিন যে হাহাকার তার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করে আবেদন করেছিলেন বাংলার মানুষের কাছে। তিনি আবেদন করেছিলেন যে 'আপনারা পরিবর্তন আনুন' বাংলার অন্ধকার কারাগারে বাংলার মানুষকে বন্দী করে রেখে এই কঙ্কালসার রাজত্ব থেকে আমরা মুক্তি পেতে চাই। তাই ২০১১সালে বাংলার সব ধর্মের মানুষের আশীর্বাদ, দোয়া, শুভেচ্ছায় আমরা ক্ষমতায় আসীন হই এবং মা-মাটি-মানুষের সরকার শপথ নিয়ে প্রথম দায়িত্ব নিয়ে বলেছিলেন যে সার্বিকভাবে বাংলা আজকে মুক্ত। বাংলার মানুষ আজ শ্বাস-প্রশ্বাস নিয়ে শান্তিতে বসবাস করছে। মানুষকে সঙ্গে নিয়ে আমরা উন্নয়ন মানুষের কাছে পৌঁছে দেব। তাই অত্যন্ত গর্বের সঙ্গে বলতে চাই।

তাই অত্যন্ত গর্বের সঙ্গে বলতে চাই যে আজকে আমাদের বন্ধুবর সমীর চক্রবর্তী ডিমানিটাইজেশানের বিরুদ্ধে বিস্তৃতভাবে বলেছেন, আমি সেদিকে যেতে চাই না। তবে ইতিহাস ভারতের মোদী সরকারকে ক্ষমা করবে না। শুধু পশ্চিমবাংলায় আমাদের নেত্রী মমতা বন্দোপাধ্যায় বাংলায় সব ধর্মের মানুষকে নিয়ে এই ডিমানিটাইজেশনের যে আন্দোলন এবং সারা ভারতের বিভিন্ন রাজ্যে আন্দোলন তা আজকে প্রমাণ করেছে একটা দিন আসবে যে এই আন্দোলন সফল হবে। নিশ্চিতভাবে আপনারা জেনে রাখুন যে পশ্চিমবাংলায় পাহাড় শান্ত, পাহাড়ের মানুষের কাছে আজকে উন্নয়ন আমাদের নেত্রী মমতা বন্দোপাধ্যায় সেখানে বারবার গিয়ে সেখানকার কৃষ্টি সংস্কৃতিকে সঙ্গে নিয়ে তাদের দুঃখ দুর্দশাকে কাঁধে বহন করে পৌঁছে দিয়েছে। আজকে পাহাড়ের মানুষ হাসছে। উন্নয়নকে আজকে তিনি তড়িৎ গতিতে পৌঁছে দিয়েছেন সেখানে। ফেব্রুয়ারি

মাসেও আর একটি কালিম্পং জেলা সেখানে ঘোষিত হতে চলেছে। যেটা বিগত ৩৪ বছরের শাসনব্যবস্থাতেও বামফ্রন্ট সরকার ভাবতে পারেনি। আজকে শিক্ষাক্ষেত্রে দেখুন এই ছয় বছরে ভারতের কাছে একটা উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারের শিক্ষা দপ্তর। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এবং উদ্যোগে ১৫ টি ইউনিভার্সিটি আজকে ঘোষণা করে শিক্ষার পথকে আরও উজ্জ্বল করে তুলেছে। ৪৬টি সরকারী কলেজ আজকে বিভিন্ন জেলার প্রত্যন্ত গ্রামেও স্থাপিত হয়েছে। আমার নাকাশিপাড়া বিধানসভা কেন্দ্রে আমার নিজের গ্রামেও একটি সরকারী মহাবিদ্যালয় তৈরী হয়েছে। নিশ্চিতভাবে এইজন্য আজকে নদীয়ার মানুষ খুশি।আজকে চারটি সরকারী কলেজ এই পাঁচ বছরে নদীয়া জেলায় ঘোষিত করেছে। যেটা বামফ্রন্ট সরকারের আমলে আমরা ভাবতেও পারতাম না। আমি সেইসময় বিরোধীদলের সদস্য ছিলাম।বহুবার আবেদন নিবেদন করেছি।তখন শুধু খুনের হোলিখেলা, আর তখন আমরা কংগ্রেস করতাম, আমাদের উপরে অত্যাচার হত। তৃণমূল কংগ্রেসও অত্যাচারিত হয়েছে।তখন আমাদের বিরোধী দলনেতারা বাংলার মানুষের সুখদুঃখের কথা বলতেন। আমরা কম অত্যাচারিত হই নি বামফ্রন্ট সরকারের কাছে। তাই পশ্চিমবাংলার বামফ্রন্টের বিধায়করা, বিজেপির বিধায়করা, কংগ্রেসের বিধায়করা অনুভব করুন যে, আপনারা শান্তিতে বসবাস করছেন কিনা। পশ্চিমবাংলার ছয় বছরের শাসনকালে আজকে সমস্ত সম্প্রদায়ের মানুষরা উপকৃত হয়েছে। আজকে খাদ্যসাথীতে, কন্যাশ্রীতে, শিশুশিক্ষাতে। আজকে উন্নয়নকে বাংলার মা-মাটি-মানুষের সরকার তাদের কাছে পৌঁছে দিচ্ছে। আজকে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ যারা পিছিয়ে ছিল ৩৪ বছরের শাসন। ব্যবস্থায়, জেলখানা ছাড়া আমার মনে হয় না যে বামফ্রন্ট সরকার তাদের ব্যবহার করত।জেলখানা ছাড়া তাদের আর স্বপ্ন কিছু ছিল না। আজকে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষরা অনুভব করতে পারছেন যে শিক্ষায় দীক্ষায় আজকে সংখ্যালঘু সম্প্রদায় এগোতে পারছেন এবং এই সম্প্রদায়ের মানুষরা অত্যন্ত গর্বিত।যেটা কোনদিন বামফ্রন্ট সরকার ভাবতে পারেনি। তফশিলী সম্প্রদায়ের মানুষরা আজকে পশ্চিমবাংলায় শান্তিতে বসবাস করছে। উন্নয়নের স্বাদ তারা পেয়েছে। কি শিক্ষায়, কি স্বাস্থ্যে, কি শিল্পে সব জায়গাতেই তারা উন্নয়নের স্বাদ পেয়েছে। তারা স্বাস্থ্যের ক্ষেত্রে বিনা পয়সায় চিকিৎসার সুযোগ পাচ্ছে। গ্রাম থেকে গ্রামান্তরে বিভিন্ন হাসপাতাল, আমি মনে করি যে বিভিন্ন জেলায় সদর হসপিটালগুলি বামফ্রন্ট সরকারের আমলে যে ছন্নছাড়া অবস্থায় ছিল, তার শ্রীবৃদ্ধি ঘটিয়েছেন বাংলার স্বাস্থ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নিশ্চিতভাবে রোগী আজকে বিভিন্ন মহকুমা হাসপাতাল, জেলা হাসপাতালে গিয়ে সুস্থ হচ্ছে এবং তারা তাদের সমাজজীবনে ফিরছে অর্থাৎ তারা কাজে কর্মে লিপ্ত হচ্ছে। ৩রা ফেব্রুয়ারী পশ্চিমবাংলার সম্মানীয় রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন, মমতা বন্দ্যোপাধ্যায় আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর যে উচ্ছ্বসিত প্রশংসা করেছেন আজকে আপনারাও বুকে হাত দিয়ে বলুন, যে নিজের বিধানসভাতে তার স্বাদ আপনারা পেয়েছেন কিনা। এটা বলার দরকার। বিরোধীতা করতে হবে বলে আপনারা বিরোধীতা করছেন। আমরা মনে করি যে, পশ্চিমবাংলায় আর মনে হয় আপনারা ফিরবেন না।

তার কারণ পঞ্চায়েত নিবার্চন দোড়গোরায়। আপনাদের নিজেদের মধ্যে কংগ্রেস দলের যা খাওয়া খাওয়ি সেটা আগে দেখুন। সাইন বোর্ডে পরিণত হয়েছেন সেই সাইন বোর্ডটাও উঠে যাবে। সেই কারণেই তো আজকে সি.পি.এমের সঙ্গে এত ভাব। এত আলাপ-আলোচনা। আমরা তো বিধানসভার ভেতরেও দেখছি। এসব করে কিছু হবে না। তার কারণ মানুষ বিগত '১১ সাল থেকে এবং গত বিধানসভা নির্বাচনেও, পৌরসভার নির্বাচনেও প্রমান করেছে যে, পশ্চিম বাংলায় মানুষ উন্নয়ন চায়। অনুন্নয়ন চায় না। মানুষ স্বাস্থ্য চায়, শিক্ষা চায়, কৃষিক্ষেত্রে উন্নয়ন চায়, সেচ ব্যবস্থার উন্নয়ন চায়, রাস্তা-ঘাটের উন্নয়ন চায়। তাই সার্বিক ভাবে আজকে বাংলা ভারতবর্ষের ভেতরে উন্নয়নের ক্ষেত্রে এত আর্থিক অনটনের ভেতর দিয়েও পশ্চিম বাংলার

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে, মা-মাটি-মানুষের সরকার মানুষকে সঙ্গে নিয়ে উন্নয়নকে পৌঁছে দিয়েছে। নিশ্চিতভাবে আপনারা জোট করুন আর ঘোঁট করুন, জোট করুন আর ঘোঁট করুন আগামী দিনে মানুষ আপনাদের আবার বিতাড়িত করবে। এই পবিত্র সদনে বলবার সুযোগ পাচ্ছেন পাঁচ বছর বলে নিন। আগামী দিনে আপনি ফিরবেন কিনা আগে ঠিক করুন। সেই কারণে আজকে রাজ্যপাল সঠিক ভাবে এই পবিত্র সদনে বাংলার সত্য চেহারাটা প্রমাণ করে দিয়েছেন। মমতা বন্দ্যোপাধ্যায় গণতান্ত্রিক পদ্ধতিতে ধর্মনিরপেক্ষতাকে বজায় রেখে উন্নয়নকে সার্বিক ভাবে মানুষের কাছে পৌঁছে দিচ্ছে। তাই নতুন করে আমরা এখানে আর বলতে চাইবো না তার কারণ বাংলার মানুষ বিভিন্ন ভাবে রায় দিয়ে প্রমাণ করেছে যে, মা-মাটি-মানুষের সরকার আজকে মানুষকে সঙ্গে নিয়ে উন্নয়ন করছে। যেটা আপনারা ৩৪ বছর থেকেও কিছু করতে পারেননি। তাই মানুষ বিদায় দিয়েছে। আগামী দিনে যে কয় পিস আছেন সেই কয় পিসও বোধ হয় থাকবেন কিনা সন্দেহ। তাই পঞ্চায়েত নিবার্চনেই অনুভব করতে পারবেন যে বাংলার উন্নয়নকে কিভাবে মানুষ সমর্থন করেছেন। আমি রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণ ভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

(At this stage the House was adjourned till 2.15 pm)

[2.15 – 2:30 p.m.]

শ্রী মইনুল হক : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে সমস্ত বক্তারা গভর্নরের বক্তৃতার উপর অংশগ্রহণ করেছেন, আজকে যে বিষয়গুলো উল্লেখ করা হয়েছে আমার মনে হয় যে মূল সমস্যা, রাজ্যের যে মূল সমস্যা সেই সমস্যা থেকে সরকারের যে লিখিত ভাষণ, সেটা আমরা জানি যে পশ্চিম বাংলা নয় সারা ভারতবর্ষে, পার্লামেন্টেও যখন রাষ্ট্রপতি বক্তৃতা করেন সেটা সরকারেরই ভাষণ। আমরা সকলেই জানি। কিন্তু একটা অসত্য ভাষণ যেটা এখানে দেওয়া হয়েছে, রাজ্যে নাকি শান্তি বিরাজ করছে। পাহাড়ে শান্তি হয়েছে, স্বীকার করছি। জঙ্গলমহলে হয়েছে। কিন্তু রাজ্যে শান্তি বিরাজ করছে এটা সম্পূর্ণ অসত্য। সারা পশ্চিম বাংলা জুড়ে - জ্যোতির্ময়বাবু বলছিলেন, সরকারের গুণকীর্তনের ফিরিস্তি দিচ্ছিলেন। আমি জ্যোতির্ময়বাবুকে বলতে চাই কারণ আপনারা তো কেন্দ্রে যেমন প্রতিটা মন্ত্রী থেকে প্রতিটা সদস্য লোকসভা বা রাজ্যসভায় বক্তৃতা করলে অন্তত সাতবার নরেন্দ্র মোদীর নাম নিতে হয়। পশ্চিম বাংলায় একই অবস্থা। কি কি উন্নয়ন হচ্ছে? এতসব রথী-মহারথী আছে, আমরা জানি সুব্রতবাবু থেকে শুরু করে পার্থবাবু থেকে শুরু করে অনেক অভিজ্ঞ মন্ত্রী এমন কি যারা মেম্বার আছেন আমরা জানি যে তাদের কোন ব্যাপারে নাম নেওয়া যাবে না। পশ্চিম বাংলায় এটা একটা নতুন জিনিস আমদানি করা হয়েছে। যে এটা তাপস রায় করেছে, বলা যাবে না। মমতা ব্যানার্জীর অনুপ্রেরণায় এইসব হচ্ছে। টোটাল। ঐ একজন বক্তা বলছিল একটু আগে শুনলাম যে, পোস্ট একটাই বাকি সব ল্যাম্প পোস্ট। ব্যাপারটা তাই। আপনারা দিদির নামে আর কত কীর্তন করবেন? আমার মনে হয় যে গুণকীর্তন শুরু হয়েছে আগামী দিনে এটাই পতনের কারণ হবে। আমরা পশ্চিম বাংলায় বাম জামানার তথা সি.পি.এমকে উৎখাত করার জন্য যে লড়াই - আপনারাও কিছু কিছু করেছেন আপনাদের মত। আমরা প্রথম থেকে ছিলাম সেই লড়াইয়ে।

এটা ভাবলে হবে না। আজকে নতুন নতুন গল্প শুনছি। কখনও আপনারা বলছেন, আমাদের সঙ্গে সি পি এমের দহরম মহরম, কখনও বলছেন বি জে পির সঙ্গে। আমি জানি না যে, আজকে - আপনারা কাদের সঙ্গে আছেন আগে ঠিক করুন। আজকে কংগ্রেসকে নাকি আপনারা দূরবীন দিয়ে দেখছিলেন কংগ্রেসকে খোঁজার জন্য। আমরা নাকি কোথাও নেই। আজকে রাহুল গান্ধীর হাত ধরতে হচ্ছে তৃণমূলকে - নিজেকে বাঁচাবার জন্য। ওইসব বাজে কথা বলে লাভ নেই। একদম

বাজে কথা বলে লাভ নেই। আমরা জানি যে, আগামীদিনে যারা বলছিলেন যে, কংগ্রেস সাইনবোর্ড হয়ে গেছে। কংগ্রেসকে নাকি খুঁজে পাওয়া যাবে না। আমি দায়িত্ব নিয়ে বলছি, সেই কংগ্রেসের হাত ধরে আগামীদিনে আপনাদেরকে বাঁচতে হবে, দায়িত্ব নিয়ে বলছি হাউসে। আজকে মাথায় রাখবেন, এখানে প্রতি বছর, আমি জ্যোতিবাবুর আমল থেকে বুদ্ধদেব বাবুর আমল থেকে দেখেছি তারাও একইভাবে শিল্প করার নামে মানুষকে একটা ধোঁকা দেওয়া, শিল্প - এইতো কিছুদিন আগে আবার শিল্প মেলা হল, বঙ্গ সম্মেলন হয়ে গেল শিল্পপতিদের নিয়ে। ২.৫ লক্ষ কোটি টাকা invest করা হয়েছে। কোথায় বাঁচবো। দেওয়ালে মাথা ঠুকতে হবে আমাদেরকে। শিল্প? কোথায় শিল্প হবে? পশ্চিমবাংলায় সেই শিল্পের পরিস্থিতি তৈরি করতে পেরেছেন এই ক'বছরের মধ্যে? বাম জমানায় যা ছিল, এখনও সেই তিমিরে রয়েছে। কিছু এগোয়নি কিচ্ছু হয়নি। শিল্প হবে না দায়িত্ব নিয়ে বলছি। আজকে টাটা নিয়ে সিঙ্গুর নিয়ে আপনারা খুব সাবাসি নিচ্ছেন - জমি ফেরত করে দিয়েছেন। জানেন, কি বলছে শিল্পপতিরা? কি বলছে আড়ালে? যতই আপনাদের সম্মেলনে আসুন। টাটার মতো একটা কোম্পানীকে আপনারা উৎখাত করে দিলেন। তার স্ট্রাকচারগুলোকে মেশিন দিয়ে ভেঙ্গে - দুরমুশ দিয়ে লেবেল করে দিলেন, ডিনামাইট দিয়ে গুঁড়িয়ে দিলেন। আর আজকে শিল্পপতিরা বলছে টাটা যেখানে করতে পারেনি সেখানে আমরা কে? কেউ আসবে না আপনাদের এখানে। আর শিল্প তো হয়েছে এখানে। প্রতিটা ব্লকে প্রতিটা থানা এলাকায়। ইন্ডাস্ট্রি তৈরি করেছেন আপনারা। তোলা – তোলাবাজি। তোলাবাজি ইন্ডাস্ট্রি। এটাই হচ্ছে। ইন্ডাস্ট্রি। সিন্ডিকেট - কে চিপস্ দেবে, কে বালি দেবে, কে মাটি কাটবে, কে মোরাম কাটবে। আর ম্যাডাম মহুয়া, মহুয়া ম্যাডাম বলছিলেন যে, গরুপাচার কোত্থেকে নাকি - কোথায় হচ্ছে ওনার নাকি জানা নেই, - আমি জানি না। গরুপাচার, আমি স্যার, সরকারকে বলব যে, মহুয়া মৈত্র-র নেতৃত্বে একটা তদন্ত কমিটি হোক। মুর্শিদাবাদ, মালদা, নদিয়া, নর্থ ২৪ পরগণা, দিনাজপুর টোটাল এলাকা নিয়ে কত গরু যায় আপনাদের জানা আছে? পার জোড়া গরু সাত হাজার। ছ'হাজার ছিল বিধানসভা ভোটের আগে। এখন রেট বেড়ে আট হাজার হয়ে গেছে পার জোড়া গরু। আট হাজার - টাকাটা যাচ্ছে কোথায়? কোথায় যাচ্ছে। এই টাকা? কয়লা পাচারের টাকা, আরে আপনার থানার পুলিশ প্রতিটা থানা এলাকায় গাড়ি দাঁড় করিয়ে, কোথায় বালির গাড়ি, কোথায় পাথরের গাড়ি, ৫০০ টাকা হাজার টাকা করে কালেকশান করছে। জানেন আপনারা? খোঁজ রাখেন আপনারা? বলুন আগে। আজকে তাই ...(গোলমাল)... আরে নার্গিস তুমি জানবে কি ...

মিঃ স্পীকার : আপনারা কথা বলবেন না, Please. আপনারা ওনাকে বলতে দিন। বসুন। বসুন আপনারা বসুন।

শ্রী মইনুল হক : আজকে সেই কারণে, আমি বলতে চাই যে, আপনাদের বলার কোনো রাইট নেই।

মিঃ স্পীকার : আপনি বসুন, আপনি বসুন তো। মহা মুশকিল। Please, বসুন আপনি বসুন। আপনারা বসুন। একজন যখন বক্তব্য রাখছেন তখন কেউ interrupt করবেন না। এটা হচ্ছে কি। আপনি বলুন, মইনুল সাহেব, Please.

শ্রী মইনুল হক : আজকে সেই কারণে আমি বলতে চাই যে আপনাদের বলার কোন রাইট নেই।

(নয়েজ)

মিঃ স্পীকার : প্লীজ বসুন আপনি, বসুন। বসুন,আপনারা বসুন। একজন যখন বক্তব্য রাখছেন। আপনারা কেউ ওকে ইন্টারাপ্ট করবেন না, এটা কি, হচ্ছেটা কি? প্লীজ আপনারা কেউ ইন্টারাপ্ট করবেন না, উনি বলছেন। আপনি বলুন মইনুল সাহেব, আপনি বলুন।

শ্রী মইনুল হক : আজকে আমি জানি - দেখুন, এই যে ঔদ্ধত্য, আপনাদের হাঁটাচলা, আমি মনে করি একটা গ্রাম্য প্রবাদ শুনে থাকি আমরা, ' যে কি ছিলু রে মা, কি হনু রে মা।' এই বিষয়টা আপনাদের মধ্যে প্রায়, প্রায় প্রতিটা জনপ্রতিনিধি, কি পঞ্চায়েত মেম্বার, কি পঞ্চায়েত সমিতি, কি জেলা পরিষদ, কি কাউন্সিলার, কি এম এল এ, এম পি একটা ঔদ্ধত্যভাব ! বন্ধু, মনে রাখবেন, ২০০৬ সালে বুদ্ধদেব বাবুর নেতৃত্বে ২৩৫টি আসন নিয়ে যখন ক্ষমতায় এসেছিল, আমি দেখেছি বুদ্ধদেব বাবুর আচরণ। এবং সেই সময় অনেক রাজনৈতিক বিশেষজ্ঞরা বলেছিলেন ৩০বছর ক্ষমতায় থাকবে, ৪০বছর থাকবে, ৫০বছর থাকবে। কেউ কেউ বলছিল যে আমরা সারা জীবন থাকব ক্ষমতায়। কি হল? ২০০৭ সাল নন্দীগ্রাম দিয়ে পতনের সূচনা হয়েছিল। তারপরে সিঙ্গুর। তারপরে নিতাই-টিতাই অনেক কিছু হয়েছিল। আজকে এটা জেনে রাখুন বন্ধুরা, শাসক দলের বন্ধু, যে। ভাঙড় নিয়ে, আউসগ্রাম নিয়ে, বোলপুর নিয়ে এটা শুরুয়াত হয়েছে,সূচনা। এতো ট্রেলার হ্যয়,পিকচার আভি বাকি হ্যায় বন্ধু,দোস্ত পিকচার আভি বাকি হ্যায়। এ টেলার হ্যায়। আজকে সূচনা হয়েছে, এত লম্ফঝম্প করে লাভ নেই। দুর্নীতি, দুর্নীতির কথা আপনাদের কাছে শুনবো ! আপনাদের বড় বড় এম পি, এম এল এ.রা, আপনাদের নেতা-নেত্রীরা সব জেলে, আর বড় বড় কথা দুর্নীতি নিয়ে আপনাদের মুখে এসব মানায় না এগুলো। এগুলো আপনাদের মুখে মানায় না। আজকে মনে রাখবেন যে প্রতিশ্রুতি ছিল এই সরকারের - আপনি ভাবছেন, এক জোড়া ঐ স্কুলের বাচ্ছার জুতো দেওয়া, একটা ব্যাগ দেওয়া, থালা দেওয়া, ও আমাদের গরীব মানুষেরা যারা দিন আনে দিন খায় বাচ্ছাদের স্কুলে পাঠায়, ঐ একটা ব্যাগের জন্য নয়, একটা ঐ থালার জন্যও নয়, জুতোর জন্য নয়, শিক্ষার মানটা কোথায় গিয়েছে? আজকে এই তো গতকালকেও মথুরা কলেজে আপনাদেরই লোকরা হামলা করেছে, প্রিন্সিপালের উপর। আজকে ভাবতে হবে আপনাদের। মিথ্যা ভাষণ আজকে রাজ্যপালকে দিয়ে শুনিয়ে দিয়ে, সাব্বাসি নেওয়া, টেবিল চাপড়ানো, এইসব করে লাভ হবেনা। জানি, সংখ্যা-সংখ্যা করে আমরা সব জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছি, এইসব গল্প করে লাভ নেই। ঐ একই গল্প। ঐ বাম জমানায় এত দেনা হয়েছে, দেনার দায়ে জর্জরিত সরকার। এখন তো এক বছর পূর্ণ হয়নি, এরই মধ্যে বাম জমানায় চৌত্রিশ বছরের দেনা আর আপনাদের দেনাতে আমি কোন পরিসংখ্যানে যাচ্ছি না, প্রায় কাছাকাছি। কোথায়, কি বলবেন আপনারা? আজকে সারা বারো মাস জুড়ে শুধু উৎসব, উৎসব, টাকা নেই একদিকে বলছেন, উৎসব করবেন। আবার কখনো বলছেন টাকা হিসাব করে খরচ করতে হবে। প্রতি বছরে উৎসব করবো। উৎসব করুন আর ক্লাবে টাকা দিন, টাকা দিয়ে পশ্চিমবাংলার উন্নয়ন হয়ে যাবে, এত টাকা, এত টাকা, একদিকে বলছেন টাকা নেই, কোনটা ঠিক?

[2.30 – 2:40 p.m.]

ঠিক করে বলুন মুখ্যমন্ত্রী - একদিকে বলছেন টাকা নেই, আর একদিকে আপনি টাকা অপচয় করছেন। আজকে জনপ্রতিনিধি....

....(এইসময় লালবাতি জ্বলে ওঠে।)....

স্যার, আমার টাইম এত তাড়াতাড়ি শেষ হয়ে গেল। আমি অবাক হয়ে যাচ্ছি যে আপনি বলছেন টাকা নেই। আপনি উন্নয়ন করার জন্য সবাইকে সামিল করবেন আমাদের বাদ দিয়ে। আমরা উন্নয়ন বুঝি না? আপনাদের থেকে কম উন্নয়ন আমরা বুঝি? আপনারা সব বুঝে গেছেন! আপনারা সব জানতা গামছাওয়ালা হয়ে গেছেন। আজকে জনপ্রতিনিধিদের বাদ দিয়ে বিরোধীদের শূন্য করবেন? ২১১ - আর কত চাই? সবই তো আছে। আর কি কি চাই আপনাদের ঠিক করে দিন। একটা লিস্ট করে পাঠিয়ে দিন আমাদের কাছে আর কত কি দরকার আছে। তাই এই ভাষণ আমার মনে হয় এটা মানুষকে ধোঁকা দেওয়ার জন্য। আপনাদের আমি বলতে

চাই পশ্চিমবাংলায়। আপনারা যে অবস্থা তৈরি করেছেন, সেটা শিক্ষায়নে বলুন, সমস্ত জায়গায়, রাজনীতিকে যেভাবে জড়িয়ে দেওয়া হচ্ছে, যেভাবে বিরোধীদের কোণঠাসা করা হচ্ছে তারজন্য আগামীদিনে পশ্চিমবাংলার মানুষ আপনাদের ক্ষমা করবেন না। ধন্যবাদ।

মিঃ স্পীকার : আপনারা যারা বলছেন, আপনারা একটু দেখবেন, মইনুল সাহেব আপনি দেখবেন, আপনাকে পনেরো মিনিট সময় অ্যালাউ করা হয়েছে। আপনি ২-১৬ মিনিটে শুরু করেছেন। ২-৩১ মিনিট পর্যন্ত টাইম। আপনি ২-৩১ মিনিট পর্যন্ত বলেছেন। তাও আপনি বলছেন যে আপনার সময় ফুরিয়ে গেল। আপনি একটু দেখে পড়বেন তাহলে আপনি সময়টা বুঝতে পারবেন।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুযায়ী আমাদের রাজ্যের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় ৩রা ফেব্রুয়ারি ২০১৭ যে ভাষণ দিয়েছিলেন তার সমর্থনে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি সেই প্রস্তাবের সমর্থনে আমার কিছু বক্তব্য রাখছি। রাজ্যপাল সঠিকভাবেই মুদ্রারহিতীকরণের ফলে যে সমস্যা তৈরি হয়েছে সে সম্পর্কে দৃষ্টিপাত করেছেন। আমরা জানি, গত লোকসভা নির্বাচনের আগে আমাদের দেশের বর্তমান প্রধানমন্ত্রী ভারতবর্ষের মানুষকে বুঝিয়েছিলেন যদি ভারতীয় জনতাবাদী পার্টি ক্ষমতায় আসে তাহলে বিদেশে যে কালো টাকা জমা আছে সেই টাকা উদ্ধার করে এনে তিনি ভারতবর্ষের প্রত্যেকটি মানুষের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ১৫ লক্ষ টাকা করে জমা করে দেবেন। কিন্তু আড়াই বছর পেরিয়ে যাওয়ার পর যখন তিনি বিদেশী ব্যাঙ্ক থেকে টাকা উদ্ধার করে আনতে পারলেন না, তখন ভারতবর্ষের মানুষকে বোকা বানানোর জন্য রাতারাতি ৫০০ টাকা এবং হাজার টাকার নোট বাতিল করে দিলেন। এরফলে সারা দেশে একটা অচল অবস্থা সৃষ্টি হল। বিশেষ করে যারা খেটে খাওয়া সাধারণ মানুষ তারা দারুণভাবে ক্ষতিগ্রস্ত হলেন। নোটের আকারে আমরা দেখলাম ৫০০ টাকার নোট বাজারে প্রথমে আসেনি। ফলে একশো টাকার পরেই দু'হাজার টাকা। যে সমস্ত শ্রমিক, কৃষক, যারা দৈনিক মজুরিতে কাজ করেন তাদের পারিশ্রমিক মিটিয়ে দেওয়ার ক্ষেত্রে একটা অসুবিধা সৃষ্টি হল। বহু মানুষ যারা দৈনিক কাজ করেন তারা তাদের কাজ হারাতে শুরু করলেন। এখন ধান কেনা শুরু হয়েছে। এই বছরে রাজ্য সরকার সরাসরি কৃষকের কাছে ধান কিনে তিন দিনের মধ্যে সেই ধানের দাম ব্যাঙ্ক অ্যাকাউন্ট জমা করে দিচ্ছেন। খোলা বাজারে ধানের দাম কম হওয়া সত্ত্বেও দেখা যাচ্ছে প্রথম দিকে কৃষকেরা যেভাবে সরকারী ব্যবস্থাপনার মধ্যে ধান বিক্রি করেছিলেন এখন তা অনেকটা কমে গেছে।

কৃষকরা বলছেন, সরকারী ব্যবস্থাপনায় ধান বিক্রি করলে আমরা দাম বেশী পাচ্ছি এটা ঠিক, কিন্তু সবচেয়ে বড় বিপদ হয়েছে সেই টাকাটা সরকার ব্যাঙ্কের মাধ্যমে দিচ্ছেন। আমরা যখন ব্যাঙ্কে যাচ্ছি, সেখান থেকে আমরা টাকা পাচ্ছি না। এর ফলে আমরা সরকারী ব্যবস্থাপনায় বেশী দাম পেলেও ধান বিক্রি করতে পারছি না। এই যে অবস্থা তৈরী হচ্ছে এর ফলে সাধারণ মানুষ কিভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে এটাই হচ্ছে তার জ্বলজ্যান্ত প্রমাণ। কৃষকরা বেশী দাম পেয়ে সরকারের কাছে ধান বিক্রি করবে, সরকার তার টাকা ব্যাঙ্কে জমা করে দেবে, কিন্তু ব্যাঙ্ক থেকে সে টাকা তুলতে পারছে না বলে সে সরকারের কাছে ধান বিক্রি করছে না। এইভাবে আজকে সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। আমরা দেখলাম আমাদের দেশের প্রধানমন্ত্রী জনধন প্রকল্প ঘোষণা করলেন এবং বললেন প্রত্যেকটা মানুষের ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলে দিতে হবে। আর আজকে মানুষ ব্যাঙ্কে টাকা জমা করতেই ভয় পাচ্ছে। দেশের অর্থনৈতিক ব্যবস্থাপনায় ব্যাঙ্ক হচ্ছে একটা বড় সিস্টেম। সেই সিস্টেমের প্রতি মানুষের একটা অবিশ্বাস জন্মে গেছে। মানুষের নিজস্ব টাকা ব্যাঙ্কে জমা আছে, সেই টাকা সে তার ইচ্ছামত তুলতে পারবে না। কত টাকা সে

ব্যাঙ্ক থেকে তুলতে পারবে সেটা দেশের প্রধানমন্ত্রী ঠিক করে দেবে। এই অবস্থার মধ্যে দেশের অন্যান্য রাজ্যের মত আমাদের রাজ্যেও সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছেন, দেশের রাজস্ব ক্ষতিগ্রস্থ হচ্ছে, রাজ্যের রাজস্বও ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেই কথা মাননীয় রাজ্যপাল তার ভাষণের মধ্যে উল্লেখ করেছেন। ঠিক তেমনি জমি অধিগ্রহণের প্রশ্নে মাননীয় রাজ্যপাল সিঙ্গুর জমি আন্দোলনের কথা তার ভাষণে উল্লেখ করেছেন। জমি অধিগ্রহণের ব্যাপারে আমরাও ভুক্তভোগী, আমাদের এলাকায় কাটোয়াতেও আমরা দেখেছিলাম রাজ্য সরকারের সংস্থা। PDCL তারা বিদ্যুৎ উৎপাদনের জন্য জমি অধিগ্রহণ শুরু করেছিলেন। তিন ফসলি জমি অত্যন্ত কম দামে অধিগ্রহণ করে নেওয়ার ফলে কৃষকরা সংগঠিত হয়েছিলেন, সেই আন্দোলনের সাথী আমরাও ছিলাম। দীর্ঘ আন্দোলনের পর সরকার যখন একটা নির্দিষ্ট দাম দেয় তখন কৃষকরা স্ব-ইচ্ছায় জমি বিক্রি করতে রাজী হয়। সিঙ্গুরের ক্ষেত্রে সেই একই ঘটনা ঘটেছে, আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যখন সিঙ্গুর আন্দোলন সংগঠিত হয় তখন অনেকে প্রশ্ন তুলেছিলেন, জমি অধিগ্রহণ ছাড়া কোনমতেই শিল্প তৈরী করা যাবে না। কিন্তু তার আন্দোলন যে সঠিক ছিল সেটা সুপ্রীম কোর্ট বলে দিয়েছে। ঠিক তেমনি আমরা দেখছি, কাটোয়াতে বিদ্যুৎ কেন্দ্র যখন PDCL করতে পারল না, NTPC কে হস্তান্তর করল, সেখানে কিছু জমি বামফ্রন্ট সরকার ক্ষমতায় থাকতে থাকতেই অধিগ্রহণ করেছিল। পরবর্তী সময়ে সরকার যখন হস্তান্তর হল, বর্তমান সরকার যখন বলল, না আমরা জমি অধিগ্রহণ করব না, যারা কারখানা তৈরী করছে তাদেরই জমি কিনে নিতে হবে। তখন অনেকেই আশঙ্কিত হয়েছিলেন, বোধহয় এই প্রোজেকটটা আর তৈরী হবে না। কিন্তু আমরা দেখলাম NTPC একটা কেন্দ্রীয় সরকারের সংস্থা, সরাসরি জমি কিনে নেবার কোন ব্যবস্থা তাদের নেই। কিন্তু তা সত্ত্বেও রাজ্য সরকারের সহযোগিতায় বাকি যেটুকু জমি তাদের প্রয়োজন ছিল সেটা কৃষকের সঙ্গে দরদাম করে জমি অধিগ্রহণ তারা করেছেন। অর্থাৎ জমি অধিগ্রহণ না করলে শিল্প হবে না, এটা যে একটা অসত্য কথা সেটা আজকে প্রমাণ হয়ে গেছে। জমি বিক্রি করার অধিকার কৃষকের, আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী সে কথাই বলেছেন। তিনি কখনোই বলেননি শিল্পের স্বার্থে জমি ব্যবহার করা যাবে না। তার প্রথম কথা হচ্ছে তিন ফসলী জমিকে শিল্পের জন্য ব্যবহার না করাই ভালো। তার দ্বিতীয় কথা কৃষক জমি বিক্রি করবে তার ইচ্ছামতো। সে যদি মনে করে জমি বিক্রি করবে, করবে, সে যদি মনে করে জমি বিক্রি করবে না, করবে না। কিন্তু সেই ব্যবস্থাপনার জন্য স্কীমটা আটকে যাবে সে কথা ঠিক নয়। সেটা কাটোয়ায় NTPC প্রোজেক্ট যে তৈরী হচ্ছে তার মাধ্যমেই এটা প্রমাণ হয়ে গেছে। সরাসরি কৃষকের কাছ থেকে জমি কেনার ফলে আজকে NTPC-র প্রোজেক্ট হচ্ছে এবং এটা বাস্তব বলে প্রমাণিত হয়েছে।

[2.40 – 2:50 p.m.]

ঠিক তেমনি আইন-শৃঙ্খলার কথা অনেকেই বলছেন, বিরোধীরাও বলছেন। দার্জিলিঙে শান্তি স্থাপন হয়েছে এই কথা আমরা সবাই ভালভাবেই জানি। যারা বিরোধী, তারাও জানেন। এখন শান্তি বললেই তো আর শান্তি হয় না। আমরা এটা লক্ষ্য করে দেখেছি যে, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের আগে আমাদের রাজ্যের অন্য কোন মুখ্যমন্ত্রী দার্জিলিঙে গিয়ে এ কথা বলতে পারেননি যে দার্জিলিং বাংলার অবিচ্ছেদ্য অঙ্গ। দার্জিলিংকে কোন অবস্থাতেই পশ্চিমবঙ্গ থেকে আমরা বিচ্ছিন্ন হতে দেব না, এই কথা দার্জিলিঙে দাঁড়িয়ে পশ্চিমবাংলার অন্য কোন মুখ্যমন্ত্রী বলতে পারেননি। তিনি বলেছিলেন, বলার পরে অনেকেই আশঙ্কিত হয়েছিলেন। আগে গোর্খাল্যান্ড আন্দোলনের ফলে দার্জিলিঙে যে একটা অস্থির অবস্থা তৈরী হয়েছিল, হয়ত সেই অবস্থা ফিরে আসবে। কিন্তু তিনি বাস্তব অবস্থাটা উপলব্ধি করেছিলেন। দার্জিলিংয়ে মানুষের যে

উন্নয়ন, সেই উন্নয়নের প্রতি বামফ্রন্ট সরকার নজর না দেওয়ার ফলে ৩৪ বছর ধরে সেখানে যে মানুষের অবজ্ঞার প্রাপ্তি, তার থেকে যে ক্ষোভ, সেই ক্ষোভ থেকেই গোর্খাল্যান্ড আন্দোলন তৈরী হয়েছিল। সেই কথা বুঝে মাননীয়া মুখ্যমন্ত্রী যখন দার্জিলিং মানুষের বাস্তব যে সমস্যা, সেই সমস্যাগুলো দূর করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে শুরু করলেন। তখন গোর্খাল্যান্ড আন্দোলন শুধু স্তিমিত হয়ে গেছে তাই নয়, আজকে দার্জিলিয়ে দাঁড়িয়ে দার্জিলিংয়ের মানুষও গোর্খাল্যান্ড আন্দোলনের কথা বলছেন না। মাননীয়া মুখ্যমন্ত্রী বারেবারে দার্জিলিং যাচ্ছেন এবং তাঁকে সাদর অভ্যর্থনা জানাচ্ছেন। এটা একটা বিরাট অ্যাচিভমেন্ট যে, শুধু কথায় শান্তি ফিরেছে তাই নয়, সেখানকার মানুষের যে বাস্তব অসুবিধা, সেই অসুবিধাগুলোকে দূর করার জন্য যে তিনি ব্যবস্থা গ্রহণ করেছেন, সেই ব্যবস্থাপনার মাধ্যমে একদিকে যেমন দার্জিলিংয়ে শান্তি স্থাপিত হয়েছে, ঠিক তার সঙ্গে সঙ্গে দার্জিলিংয়ের মানুষ মাননীয়া মুখ্যমন্ত্রীকে নিজের মুখ্যমন্ত্রী বলে মেনে নিয়েছেন। আমরা দেখেছি কয়েকদিন আগেও আমাদের মুখ্যমন্ত্রী দার্জিলিং যাওয়ার পর তিনটি কমিশন গঠন করেছেন এবং তাদের উন্নয়নের জন্য টাকা বরাদ্দ করেছেন। আমরা দেখেছি শিক্ষা ক্ষেত্রেও মাননীয়া মুখ্যমন্ত্রী সেই ব্যবস্থা গ্রহণ করেছেন। সুজনবাবু একটু আগে বলছিলেন, এবারকার যে রাজ্যপালের ভাষণ, সেই ভাষণ শুনে মনে হচ্ছে গত পাঁচ বছরের ইতিহাসের পুনরাবৃত্তি করা হয়েছে। কিন্তু ঘটনাটা কি। গত পাঁচ বছরে নতুন করে ১৫ টি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে। ৪৮ টি কলেজ স্থাপিত হয়েছে। কিন্তু তার তো কোন পরিকাঠামো ছিল না। এই পাঁচ বছরে তার পরিকাঠামোগুলো তৈরী করে সেগুলো এখন স্বয়ংসম্পূর্ণ হয়েছে। সেই কলেজগুলোতে এখন পুরোদমে ক্লাস চলছে। ইউনিভার্সিটিগুলো এখন পুরোদমে চলছে। আবার নতুন করে তৈরী করার ব্যবস্থা নেওয়া হয়েছে। আমরা দেখেছি আমাদের রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের জন্য যে বাজেট, এর আগে কোনদিন বাজেটে সেই টাকা ধরা হয়নি। আড়াই কোটি সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের জন্য বাজেট,যার মধ্যে ২৩৫০ কোটি টাকা সংখ্যালঘু সম্প্রদায়ের যুবক যুবতীদের বৃত্তি দেওয়ার জন্য দেওয়া হয়েছে। ঠিক একইভাবে আমাদের রাজ্যে যে সমস্ত মেধাবী ছাত্র ছাত্রী, যাদের পড়াশোনার জন্য অর্থাভাব আছে, তাদের সাহায্য করার জন্যও মাননীয়া মুখ্যমন্ত্রী লক্ষ্য রেখে তাঁর বরাদ্দ ৪০ কোটি টাকা থেকে ২০০ কোটি টাকা বাড়িয়েছেন। স্বাভাবিকভাবে রাজ্যপাল সেই কথাগুলো এখানে তুলে ধরেছেন বলেই রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী প্রদীপ কুমার সাহা : মাননীয় স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল গত ৩ তারিখ আমাদের এই হাউসে যে ভাষণ দিয়েছেন, তাকে তো সমর্থন করতে পারছি না, তার মূল কারণ রাজ্য সরকার কর্তৃক তিনি একটা অসত্য ভাষণ দিয়েছেন। এই ভাষণটা পড়তে পড়তে আমার মনে হচ্ছিল, আমরা হনুমান চালিসার নাম শুনেছি, লালু চালিসার নাম শুনেছি, আগামী দিনে কি আমাদের রাজ্যে মুখ্যমন্ত্রী চালিসা তৈরী হবে? আর বোধ হয় মুখ্যমন্ত্রী চালিসা তৈরীর একটা সূত্রপাত হচ্ছে। আমাদের এই রাজ্যে এবারের বাজেট অধিবেশনের যে ভাষণ, এটা এক ধরনের সেই চালিসা।

স্তুতি বাক্য করার জন্যই এই কাজ করা হয়েছে। এখানে ভাষণের মধ্যে যে বক্তব্য রাখা হয়েছে, একেবারে ছত্রে ছত্রে মিথ্যা কথা। আজকে যাঁরা বসে আছেন ট্রেজারি বেঞ্চের দিকে। তাদের কাছে বিনীত প্রশ্ন আমার, আপনারা একদিন রাস্তায় দাঁড়িয়ে বলতেন, এ রাজ্যে পঁঞ্চান্ন হাজার কল-কারখানা বন্ধ। আর আপনারা ক্ষমতায় আসার পর বলছেন, এ রাজ্যে একটিও কল-কারখানা বন্ধ নেই। আপনাদের চোখের সামনে আপনারা দেখছেন, হিন্দমোটর, যেশফ, ডানলপ, এইচ.এম.টি, কানোরিয়া সহ আটটি জুটমিল কিছুদিনের মধ্যে বন্ধ হয়েছে। আমাদের

এই পশ্চিমবঙ্গে ২৯টি চা বাগান আজকে বন্ধ। আপনারা শিল্পের বিকাশ ঘটাচ্ছেন। আপনারা বাংলাকে বিশ্বসেরা করবেন- ভারতবর্ষের বাইরে আলাদা করবেন কিনা জানি না, আপনারা এই সম্মেলন করলেন-শিল্প, আর সেখানে বললেন যে, আমাদের আড়াই লক্ষ কোটি টাকা, না আর কত টাকা বিনিয়োগ হচ্ছে। গত বছর একই ক্যাসেট বাজিয়েছেন। বলেছেন, আড়াই লক্ষ কোটি টাকা বিনিয়োগ হবে। বাস্তবে বিনিয়োগ হয়েছে, পাঁচ হাজার কোটির টাকার প্রস্তাব এসেছে আর বিনিয়োগ হয়েছে ০.৮৮৩ শতাংশ। আপনারা এই বিনিয়োগের ক্ষেত্রে ২০০৭ সালে পশ্চিমবঙ্গ ভারতবর্ষে প্রথম হয়েছিল। আর ২০১৭ সালে তেরো ধাপ নীচে গিয়ে পশ্চিমবঙ্গকে কোথায় নিয়ে গেছেন আপনারা একটু ভাববেন। একটুও ভাবতে ইচ্ছা করে না। বেঙ্গল কেমিক্যালস বন্ধ হয়ে যাচ্ছে। আপনারা এই নিয়ে কোনদিন একটা উচ্চবাচ্য করেছেন? আপনারা দেখেছেন, দুর্গাপুর রূঢ় ছিল, আমাদের সেই দুর্গাপুরের এস.পি. বন্ধের মুখে। তৃণমূল কংগ্রেসবাহী রাজ্যসরকারের কেউ একটাবারের জন্য বলছে না, দুর্গাপুর মরুভূমিতে পরিণত হয়ে যাচ্ছে। দুর্গাপুরের কি অবস্থা হবে, একটাবারের জন্য আপনাদের মুখে নেই। আপনারা প্রত্যেকদিন শিল্পের বিকাশের কথা বলছেন। হলদিয়া ডক রুগ্‌ণ হচ্ছে। গোটা পশ্চিমবঙ্গ ধ্বংসের দিকে এগোচ্ছে।

আপনারা বলছেন, কৃষি দারুণ দারুণ ভাবে এগিয়ে চলছে। আপনারা আপনাদের ঔদাসিন্যে গত খারিফ মরশুমে আমাদের পশ্চিমবঙ্গের একজন কৃষকও বিমার সুবিধা পাইনি। এ বছর ২৬শে ডিসেম্বর থেকে ৩১শে ডিসেম্বর আপনারা বলেছেন, রবিশস্যের বিমা করার ব্যবস্থার কথা। আর আপনারা জেনে রাখুন, এই পাঁচদিনে ক'টা কৃষক এই বিমার সুযোগ পেয়েছে, বলতে পারেন? আমাদের এখানে বার বার ডিমানিটাইজেশানের তথ্য আনছেন কিন্তু আপনারা কি করছেন? আপনার রাজ্যসরকার কি করছে এই জায়গায় দাঁড়িয়ে থেকে?

আপনারা মাটি উৎসব করছেন বর্ধমান জেলার বুকে। যে বর্ধমান জেলা ছিল একসময় 'ধানের গোলা'। সেই বর্ধমান জেলার বুকে যখন আপনারা মাটি উৎসব করছেন, আপনারা ধানের সহায়ক মূল্য ঠিক করেছেন ১৪৭০ টাকা, আপনি জানেন, মাটি উৎসবের সময় আমাদের রাজ্যে কত শতাংশ ধান কেনা হয়েছে? মাত্র তেরো শতাংশ ধান কেনা হয়েছে। অভাবি কৃষক ন'শো টাকার বিনিময়ে ধান বিক্রি করতে বাধ্য হয়েছেন। আপনারা বলুন তো, আজকে যখন আলুর দাম পড়ে গেছে তখন এই রাজ্যসরকার কি ভূমিকা পালন করছে? একদিকে জমিতে আলু চাষ করতে গেলে আঠারো হাজার টাকা খরচ হচ্ছে বর্তমান বাজারে। আজকে আলুর দাম কত হচ্ছে? আজকে একশো পঞ্চাশ কেজি আলু একশো কুড়ি থেকে একশো চল্লিশ টাকায় বিক্রি হচ্ছে। আর এই অবস্থায় দাঁড়িয়ে ১৪২জন কৃষক শুধু বর্ধমান জেলাতে আত্মহত্যা করছে। আপনারা বলছেন, কৃষিতে এগিয়ে চলছি। আপনারা বলছেন, শিল্পে এগিয়ে চলছি। আর শুধু বর্ধমান জেলাতে ১৪২জন কৃষককে আপনাদের আমলে আত্মহত্যা করতে হয়েছে। আপনারা কৃষকদের দরদ দেখাচ্ছেন। রাজ্য কৃষির জন্য কত খরচ করছে? আপনারা বিগত চার বছরে ২৭২.৮৯ কোটি টাকা ক্লাবকে অনুদান দিয়েছেন মদ খেয়ে মহোৎসব করার জন্য। আর ২৭২.৪৮ কোটি টাকা আপনারা কৃষিতে ভর্তুকি দিয়েছেন। এই রকম জায়গাতে ভর্তুকি দেওয়া হয়েছে। আপনারা বলছেন, শিল্পের উন্নয়ন হয়েছে। হ্যাঁ, শিল্পের উন্নয়ন হয়েছে। সেই শিল্পটার নাম হচ্ছে আমাদের মদের শিল্প। আর সেই শিল্পে আপনারা ব্যাপক উন্নয়ন করেছেন। আমাদের পাড়ায় পাড়ায় সমস্ত মদের ঠেক তৈরি হয়েছে। আর এই সঙ্গেই যুক্ত আমাদের রাজ্যের আইন-শৃঙ্খলা।

আমাদের রাজ্যে প্রত্যেকদিনের যে আইন-শৃঙ্খলা, কালকে যা ঘটেছে, এখানে তো সব মদের ব্যাপার। এইসব মদশিল্পের ব্যবস্থা করা হয়েছে। তা একটাবারের জন্যও বলা হচ্ছে না। বর্ধমানের গলসীর রামগোপালপুরে মৃত্যু হয়েছে, ৬ জন মদ খেয়ে মারা গেছে। ৬ তারিখ, দক্ষিণ

২৪ পরগণার নোদাখালিতে ৫ জনের মৃত্যু হয়েছে। এই সমস্ত মদের ঠেকের সঙ্গে তারা যুক্ত আছে। একটু খুঁজে দেখবেন। শাসক দলের সব অনুচরেরা এই সব মদের ঠেকের সঙ্গে যুক্ত আছে।*** ... (হৈ চৈ) .....

মিঃ স্পীকার : এই পোর্সান-টা বাদ যাবে। শাসক দলের সদস্যরা মদের ঠেকের সঙ্গে যুক্ত আছে। এই অংশ বাদ যাবে।

[2.50 – 3:00 p.m.]

শ্রী প্রদীপ কুমার সাহা: আপনারা এক সময় এই সব কথা-বার্তা বলতেন। এখন আপনারা বুঝুন আমাদের রাজ্যে কী রকম ভাবে ওয়াইন ফ্লু আপনারা চালু করে দিয়েছেন। এটা একটু আপনারা দেখবেন। আপনারা বলছেন, আমাদের রাজ্য এগোবে কী করে ঋণের বোঝায় আমাদের পশ্চিমবঙ্গ একেবারে জর্জরিত করে দিয়েছে বামফ্রন্ট সরকার। কিন্তু কী অবস্থা? ২০১০ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের ঋণ ছিল ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা। আপনি বলুন ২০১১ থেকে ২০১৬ সাল পর্যন্ত আপনারা কত ঋণ নিয়েছেন? ১ লক্ষ ২৫ হাজার ৫০০ কোটি টাকা। আচ্ছা, কংগ্রেস আর বামের জমানায় কত? ৬০ বছরে গড়ে ঋণ কত? ৩ হাজার ২০০ কোটি টাকা। আর, T M C-র ৬ বছরে গড়ে ঋণ কত? ২০ হাজার ৯১৭ কোটি টাকা। আজকে বছরের এই সময় দাঁড়িয়ে আপনারা গড়ে ঋণ নিয়েছেন, আমি ৬ বছর ধরে নিয়েছি, এই ৬ বছরে আপনারা ঋণ নিয়েছেন। কীসের জন্য এই ঋণ নিচ্ছেন? কারখানা। হচ্ছে না, শিল্পের বিকাশ নেই। আপনারা কীসের জন্য এই ঋণ নিচ্ছেন? উত্তর দিতে পারেন?

রাজ্যের সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার ক্ষেত্রে বি.জে.পি., আর.এস.এস.-কে দরকার নেই। রাজ্যে সম্প্রীতি নষ্ট করার জন্য আমার মনে হয় আপনারাই যথেষ্ট। আর, আপনারা যথেষ্ট বলেই আজকে আপনাদের সময়ে ২০১১ সালের আর.এস.এসের যে শাখা সংগঠন ছিল, এরা '১১ সালে, আমি বামফ্রন্টের সময় পর্যন্ত হিসাব দিচ্ছি, ৪৮০টি। কিন্তু আজকে আর.এস.এসের শাখা-সংগঠন তৈরী হয়েছে ১৪৯২টি। রাজ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার জন্য তাই আপনাদের ভূমিকা-টা কেমন তা আপনারা দেখবেন ধুলাগড়কে চিন্তা করে। আপনারা ধুলাগড়ে, দু'জন এম.এল.এ পাশাপাশি, পাঁচলা আর সাঁকরাইল, আপনাদের এম.এল.এ, তাঁদের ভূমিকা কী আপনারা দেখবেন। একটু ভেবে-চিন্তে দেখবেন।

আপনারা নোট বাতিল, কর্মসংস্থান নিয়ে অনেক কথা বলছেন। আমার বক্তব্য 'প্রধানমন্ত্রী এমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম', এই প্রোগ্রামে চলতি বছরে এই রাজ্য থেকে একটি নামও আপনারা প্রস্তাব পাশ করেননি। কেন পাশ করেননি? কেন্দ্রীয় সরকারের টাকা আপনি কেন পাশ করাবেন না। কার টাকা সেটা বিষয় নয়। আমাদের রাজ্যের বেকার-রা কেন সেই স্কীমে সুযোগ পাবে না? কেন সেই সুযোগ থেকে আপনারা এই রাজ্যের বেকারদের বঞ্চিত করার চেষ্টা করছেন?

ন্যাশনাল ক্রাইম ব্যুরোর রিপোর্ট অনুযায়ী ২০১৫ সালে মহিলাদের ওপর আক্রমণ ও শ্লীলতাহানির ঘটনা ঘটেছে ৫ হাজার ৬৯টি। একটু আগে এখানে বলছিলেন না, আমাদের রাজ্য এগিয়ে চলেছে। তা এক সময় রাজ্য এগিয়ে ছিল। এক সময় রাজ্য শিল্পে এগিয়ে ছিল। এরাজ্য কৃষিতে প্রথম হয়েছিল। অনেক কিছু ঘটেছিল এ রাজ্যে। অগ্রগতি ঘটেছিল। আর, আজকে দুঃখের বিষয়, সেটাকে ভাঙিয়ে খাচ্ছেন কিন্তু একবারও দেখছে না কী রকম অ্যাসিড হামলা বেড়ে

***'অধ্যক্ষের আদেশ ক্রমে বাতিল'

গেল। কেন রাজ্যে অ্যাসিড হামলা এমন ভাবে হবে? কেন তারা বিচার পাবে না? বিচার পাচ্ছেনা বলে যারা এই ধরনের মানুষ, হামলাকারি, দুষ্কৃতি, তারা আশ্রয় পেয়ে যাচ্ছে।

আমি শেষ করব শুধু এই কথা বলে, মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন সেখানে দাঁড়িয়ে এই কথা বলতে চাই, এই রাজ্যের যে গণতান্ত্রিক পরিবেশ সেই পরিবেশে দাঁড়িয়ে এই যে মাননীয় বিধায়করা বসে আছেন এখানে, সুজিত চক্রবর্তী, খগেন মুর্মু, অজিত বাগ এঁরা প্রত্যেকে আক্রান্ত। এব্যাপারে কী ভূমিকা পালন করেছেন? আমাকে থানায় ডেকে বলা হচ্ছে যে, আপনাকে তৃণমূল কংগ্রেস করতে হবে। (... হৈ চৈ) ... কেন করতে হবে? এই যে পরিবেশ তৈরী করা হচ্ছে তাতে এখানে কোন গণতান্ত্রিক ব্যবস্থা আছে?

গীতাঞ্জলি স্কীমে আমরা সমস্ত কিছু নাম পাঠাব। কেন গীতাঞ্জলি স্কীমে আমাদের নাম বাস্তবায়িত হবে না? আমাদেরকে কেন দেওয়া হবে না? কেন বিধায়করা গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত হবে?

স্বাভাবিক ভাবেই মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে পারলাম না। বিরোধীদের আনা সংশোধনীকে সমর্থন করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে আমার কথা আমি শেষ করলাম।

শ্রীমতী রত্না ঘোষ (কর) : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল তেসরা ফেব্রুয়ারি আমাদের এই পবিত্র সদনে যে ভাষণ রেখেছেন, সেই ভাষণের পরিপ্রেক্ষিতে যে ধন্যবাদসূচক প্রস্তাব পেশ করা হয়েছে আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণে বর্তমান বাংলা উন্নয়নের কোথায় পৌঁছেছে, বাংলার শিক্ষা, বাংলার স্বাস্থ্য, বাংলার সামাজিক পরিস্থিতি আজ বাংলাকে কোন জায়গায় নিয়ে গিয়েছে আমরা মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্য দিয়েই তার প্রতিফলন দেখতে পেয়েছি। মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা চলছে। স্যার, আমি বলতে চাই পশ্চিমবাংলায় ক্ষমতায় থাকা ৩৫ বছরের একটা দল যাদের নেতৃত্বে সাতাত্তরের পর থেকে দুহাজার দশ সাল এবং এগারো সালের মার্চ মাস পর্যন্ত এই পশ্চিমবাংলা চলেছিল। আজকে তারা এই সদনে বসে শুধুমাত্র বিরোধিতা করার জন্যই তারা অনেক বড় বড় ভাষণ দিচ্ছেন। আমি তাদেরকে বলবো আপনারা একটা নিরাপদ জায়গা পেয়েছেন অন্তত ভাষণ দেওয়ার, কারণ এই জায়গাটা অত্যন্ত নিরাপদ। আপনারা যা খুশি বলতে পারেন। কিন্তু যে কথাগুলো আপনারা বলছেন, আপনারা যদি মাইকে দাঁড়িয়ে বলতে যান তাহলে বাংলার সাধারণ মানুষ আপনাদের কাছ থেকে মাইকটা কেড়ে নেবে। কারণ বাংলার উন্নয়ন এমন জায়গায় পৌঁছেছে যেখানে দাঁড়িয়ে বাংলার মানুষ বলছে – বাংলায় আজকে কৃষক থেকে শ্রমিক, মেহনতী মানুষ থেকে সাধারণ মানুষ উন্নয়নকে সংগে নিয়ে দু মুঠো অন্ন আর শিক্ষার আলো জ্বেলে বাংলার মাটিতে পদচারণ করতে পারছে। আমাদের এখানে বিরোধী দলের নেতৃত্ব মাননীয় সুজনবাবু বলছিলেন ইতিহাস বড় নির্মম। আমরা বলি ইতিহাস কারো কারো কাছে নির্মম, আর কারো কারো কাছে গর্বের। আপনারা যে ইতিহাস বাংলার মাটিতে তৈরি করেছিলেন সেটা আপনাদের কাছে নির্মম হয়ে ফিরে এসেছে, বাংলার মানুষ প্রমাণ করে দিয়েছে যে বাংলাকে ধ্বংস করার জন্য আপনারা মানুষের কাছ থেকে প্রত্যাখ্যাত হয়েছেন। অনেক বড় বড় কথা। সিন্ডিকেট- অনেক বড় বড় লেকচার চলছে। বাংলার উন্নয়ন নাকি হয়নি। বাংলা নাকি পিছিয়ে গেছে। কারা সিন্ডিকেট তৈরি করেছিল? বাংলায় খুনের সিন্ডিকেট তৈরি করেছিলেন আপনারা, সিপিএমের নেতারা। বাংলায় কঙ্কালের রাজত্ব তৈরি করেছিলেন। মানুষকে জ্যান্ত পুঁতে দিয়েছিলেন বাংলার মাটিতে। বাংলায় আইনের শাসন বলতে কিছু ছিল না। বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদত। আজকে বড় দরদ দেখাচ্ছেন। বাংলায় নাকি মা বোনেদের ইজ্জত লুণ্ঠিত হচ্ছে। আমরা বলি বাংলায় মায়েরা, বোনেরা মাথা উঁচু করে বাঁচার জায়গা পেয়েছে। মমতা ব্যানার্জীর

নেতৃত্বে বাংলায় আইনের শাসন চালু হয়েছে। আমরা সমাজের মানুষ, সমাজে দু-একটা ঘটনা ঘটবে। কিন্তু আমরা দেখব সরকার সেখানে কি করছে? আমরা আপনাদেরও দেখেছি, বাংলার মানুষ মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বাংলার প্রশাসনকেও দেখছে। আমরা দেখেছি এই বাংলায় আপনারা ক্ষমতায় থাকাকালীন মানুষকে খুন করে বাড়িতে ফেলে রাখা হয়েছে, তাকে নিয়ে একটা কমপ্লেইন পর্যন্ত থানায় করতে দেওয়া হয়নি। ধর্ষিতা হয়ে মায়েরা ঘরের মধ্যে গুমরে মরেছে। তাদের আইনের দরজায় পৌঁছে দেওয়ার সামান্যটুকু সুযোগ দেওয়া হয়নি। আজকে বাংলার প্রশাসন সক্রিয়, কোন অত্যাচার, কোন অন্যায় বাংলার মাটিতে আজকে প্রশ্রয় পায় না। মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার প্রশাসনকে সেইভাবে মানুষের কাছে পৌঁছে দিয়েছেন। কংগ্রেসের নেতৃত্ব- যারা এখানে বসে আছেন তারাও দেখলাম সিপিএমের সংগে গলা মিলিয়েছেন।

[3.00 – 3:10 p.m.]

আপনারা বিগত নির্বাচন ২০১৬ সালে এত ক্ষমতা লিপ্সা বাংলায় হাজার হাজার কংগ্রেসের পতকা হাতে নেওয়া মানুষ খুন হয়ে গিয়েছিল। তাদের কথা ভুলে আপনারা সি পি এম -এর সঙ্গে জোট বেঁধে ভোট করেছিলেন, মানুষ জবাব দিয়েছে। ২০১৬ - এর নির্বাচনে ২১১ টা আসনে জিতিয়ে মানুষ আপনাদের বার্তা পাঠিয়ে দিয়েছে যে শেষ ঘণ্টা বাজিয়ে দিলে, আগামীদিনে তোমাদের অস্তিত্বও থাকবে না তাই সি পি এম -এর গুণগান করতে গিয়ে নিজেদের সর্বনাশ আপনারা নিয়ে এসেছেন। আজকে বাংলায় কৃষকের উন্নয়ন হয়নি, বড় বড় কথা। কিষাণ ক্রেডিট কার্ড - আজকে পশ্চিমবাংলার মাটিতে কৃষকরা পেয়ে তারা চাষ করতে পারছে। তারা লোন পাচ্ছে ব্যাংক থেকে। আজকে কৃষকের ফসল সুনিশ্চিতভাবে বিক্রি করার জন্য কিষাণ মান্ডি তৈরি হয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বাংলার কৃষক মাথা তুলে দাঁড়িয়েছে। সি পি এম - এর এক বন্ধু বলছিলেন, কত জন মানুষ নাকি মারা গেছে। ভুল তথ্য সংসদে দেবেন না। আপনাদের সময় হাজার হাজার কৃষক মারা গেছে। নিঃস্ব হয়ে গিয়েছিল কৃষক। আর লাঙল যার জমি তার স্লোগান তুলে বাংলার চাষীর সর্বনাশ করেছিলেন আপনারা। বর্গার নাম করে নেতারা গরীব মানুষের জমি কেড়ে নিয়ে লাল ঝান্ডা পুঁতে দিয়ে বাংলার কৃষককে শেষ করে দিয়েছিলেন। আজকে পশ্চিমবাংলার রাস্তাঘাটের উন্নয়ন আপনারা করতে পারেননি। পরিশুদ্ধ পানীয় জল দিতে পেরেছিলেন না। মাননীয় রাজ্যপালের ভাষণে আমরা আজকে দেখছি যে আমাদের পশ্চিমবাংলার ৭৭টি জায়গায় আমাদের সরকারের মাধ্যমে পরিশুদ্ধ পানীয় জল দিয়ে মানুষকে বাঁচার অধিকার এই সরকার তৈরি করে দিয়েছে। সুস্থভাবে মানুষকে বাঁচার অধিকার মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে হয়েছে। আজকে পশ্চিমবাংলায় শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন এসেছে। আমি আপনাদের কাছে প্রশ্ন রাখতে চাই, প্রাথমিক বিদ্যালয়গুলো যে বিদ্যালয়গুলো গ্রামের পাঠশালা, যে বিদ্যালয়গুলো থেকে বাংলার প্রাথমিক পাঠ শুরু করতো ছেলেমেয়েরা। সেই প্রাথমিক বিদ্যালয়গুলোকে রাজনীতিকরণের মাধ্যমে আপনাদের ৩৪ বছরের সরকার কোন জায়গায় নিয়ে গিয়েছিলেন।

আর মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার, আমাদের মুখ্যমন্ত্রী আজকে বাংলার সমাজে শিক্ষার উন্নয়ন যেমন ঘটিয়েছেন পাশাপাশি বাংলার প্রাথমিক শিক্ষাকে আজকে ইংরাজি স্কুলের সম জায়গায় এনে মানসিকতার দিক থেকে সমভাবাপন্ন করার জন্য প্রাথমিক বিদ্যালয়ে আজকে ড্রেস দেওয়া হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের আজকে জুতো দেওয়া হয়েছে। কই আপনাদের বক্তৃতায় তো একবারও শুনলাম না যে এটা প্রশংসার যোগ্য। আজকে গ্রামের প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ইংলিশ মিডিয়াম স্কুলগুলোর মতে গলায় টাই ঝুলিয়ে মানসিকভাবে তাদের সম জায়গায় পৌঁছে আজ স্কুলে যাচ্ছে। তাই প্রাথমিক বিদ্যালয়গুলোতে আমরা দেখছি

ভর্তির হার, পড়াশুনায় ছাত্রছাত্রীদের সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে। শুধু মিথ্যা কথা বলে, ভুল তথ্য দিয়ে একটা সরকারকে তার কাজের যে প্রসংশার জায়গা তা থেকে সরিয়ে দেওয়া যায় না। কর্মসংস্থান বাংলার বুকে হয়েছে। আমরা জোর দিয়ে বলতে পারি ক্ষুদ্র শিল্প আপনাদের কাছে হতে পারে, আপনারা ভাবছেন আমরা সিন্ডিকেট প্রথা চালু করেছিলাম সেটা আপনাদের কাছে শিল্প ছিল। পাড়ায় পাড়ায় বেআইনি মদের ঠেক। আপনারা ৩৪ বছরে তৈরি করেছিলেন, ওটা আপনাদের কাছে শিল্প ছিল। আমাদের কাছে শিল্প আমাদের মুখ্যমন্ত্রী তার উদ্যোগে গ্রামগঞ্জে যেসব মেয়েরা সেলফ হেল্প গ্রুপের তাদের হাতের কাজের যে শিল্প সেই শিল্পকে তিনি প্রতিষ্ঠা করেছেন। আমাদের ক্ষুদ্র শিল্পের যিনি মন্ত্রী মাননীয় স্বপন দেবনাথ গ্রামে গ্রামে ঘুরে সেই ক্ষুদ্র শিল্পকে যাতে স্থায়ীভাবে শক্তিশালী করা যায় তার জন্য তিনি চেষ্টা করেছেন। আমি চাকদার মানুষ আমার এলাকায় চারটে জায়গায় কোথায়ও পুঁথির কাজ করার জন্য শিল্প, কোথায়ও সেলাইয়ের কাজ করার জন্য ক্ষুদ্র শিল্প - এগুলোকে প্রতিষ্ঠিত করা হয়েছে। আজকে এটা প্রশংসার যোগ্য নয়? বাংলা এগিয়ে চলেছে, আপনারা ভাবছেন যে মমতা বন্দ্যোপাধ্যায়কে তো কোনভাবে টেনে পিছিয়ে আনা যাবে না। শুধুমাত্র সমালোচনা, কুৎসা আর বাংলার মাটিতে আজকে সাম্প্রদায়িকতার বীজ বপন করে এলাকা এলাকায় শান্তিকে বিনষ্ট করার জন্য আপনাদের চক্রান্ত চলছে।

আমরা জানি পশ্চিমবঙ্গের মাটিতে সি পি এম, কংগ্রেস, যাদের কোন আদর্শ নেই, নীতি নেই, আর সঙ্গে আছে বি জে পি, যারা এলাকায় এলাকায় অর্থ দিয়ে। মানুষের বিবেককে কিনে নিয়ে বাংলার মাটিতে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করার চেষ্টা করছেন, আমরা পরিষ্কার ভাবে বলে দিতে চাই বাংলার মাটিতে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সম্প্রীতির উৎসব চলছে। বাংলার মানুষ আজকে বাংলার মাটিতে কাজী নজরুল ইসলাম, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের এই বাংলায় মানুষ আজকে সম্প্রীতির বন্ধনে আবদ্ধ হয়েছে। দু-চারটি জায়গায় অশান্তির পরিবেশ তৈরি করে বাংলাকে অশান্ত করা যাবে না। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে প্রশাসন সজাগ আছে, আমরা সজাগ আছি। আর বাংলার মানুষ তৈরি আছেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের বিশ্ব বাংলা তৈরি করার জন্য উন্নয়নকে এগিয়ে নিয়ে যাওয়ার যে জয়যাত্রা তিনি শুরু করেছেন, তাকে প্রতিষ্ঠিত করার জন্য। তাই আপনাদের বক্তব্য - মনের মধ্যে আপনাদের শান্তি প্রতিষ্ঠা করে রাখুন। ভুল করেও ভাববেন না বাংলার মানুষ আমাদের জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতি বিরূপ হবে। এ কথা ভুলেও ভাববেন না। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বাংলা এগিয়ে চলেছে এবং মাননীয় রাজ্যপালের এই ভাষণ, এর মধ্যে সম্পূর্ণ সততা আছে, সত্য আছে। তাই এই ভাষণকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী শংকর মালাকার : মাননীয় স্পীকার মহোদয়, গত তিন তারিখে পশ্চিমবঙ্গ বিধানসভায় মাননীয় রাজ্যপালের যে ভাষণ, সেই ভাষণকে আমরা সমর্থন করতে পারছি না। তার কারণ উত্তরবঙ্গকে বরাবরই বঞ্চিত করা হয়। রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে এটা আর একবার প্রমাণিত। আমরা শিল্পের কথা বলি, কর্মসংস্থানের কথা বলি।কিন্তু উত্তরবঙ্গের সবচেয়ে বড় শিল্প হচ্ছে চা শিল্প। আজকে চা শিল্প ধ্বংসের মুখে, উল্লেখ নেই। ডিমানিটাইজেশানের জন্য আমার বিধানসভা কেন্দ্রে তিনখানা চা বাগান বন্ধ। রাজ্যসরকারও কিছু করলেন না। বিশেষ ভাবে উল্লেখ করা হচ্ছে উৎসবের কথা। খুব ভাল কথা, বাংলার সব জায়গায় উৎসব হোক। সব রকম উৎসব হোক। কিন্তু একটু খবর নিয়ে দেখবেন কি যে উৎসবে কোন বিরোধীরা নিমন্ত্রণ পায় না। এই উৎসবে কোন বিরোধীরা নিমন্ত্রণ পায় না। এই উৎসব কার উৎসব? একদিকে টাকার অভাব, অর্থের অভাব, এখানে উৎসব করে এই টাকা নষ্ট করার যুক্তি কি? সবচাইতে বড় উল্লেখযোগ্য বিষয় কিছুক্ষণ আগে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রীকে দেখেছিলাম। উনি থাকলে খুশি হতাম। আজকে উত্তরবঙ্গ

উন্নয়ন দপ্তর- বাংলার মুখ্যমন্ত্রী অনেক আশা নিয়ে 'উত্তরকন্যা' তৈরি করেছিলেন। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর তৈরি করেছিলেন। কিন্তু গত সাত মাস উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরে কোন মন্ত্রী বসেন না, যান না। আগের মন্ত্রী ছিলেন, ডাবগ্রাম-ফুলবাড়ি বিধানসভা কেন্দ্রের মন্ত্রী। এখনকার যিনি মন্ত্রী, তিনি হচ্ছেন নাটাবাড়ির মন্ত্রী। উত্তরবঙ্গের উন্নয়ন স্তব্ধ হয়ে আছে। তাই এই বক্তব্যের মধ্য দিয়ে - যারা সরকারের প্রতিনিধিরা এখানে আছেন, তারা অন্ততঃ একটু গুরুত্ব দেবেন যে উত্তরবঙ্গের একজন মন্ত্রী গত কয়েকদিন আগে আগের উন্নয়ন মন্ত্রী যে কাজ করেছিলেন, সেই কাজ নিম্নমানের কাজ। কয়েকশো কোটি টাকা খরচা করে উত্তরবঙ্গের বিভিন্ন প্রান্তে যে রাস্তা-ঘাট তৈরি করা হয়েছিল, সেই রাস্তা-ঘাট ভেঙ্গে চুরমার হয়ে গেছে। বর্তমানে যিনি উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী, তিনি কমিশন বসিয়েছেন। আগের উন্নয়ন দপ্তরের মন্ত্রী যে কাজ করেছেন, সেগুলি নিম্নমানের। এটা তো অত্যন্ত গুরুতর বিষয়। এটা অত্যন্ত গুরুতর বিষয় যে একজন মন্ত্রী - খবরের কাগজে প্রতিদিন প্রকাশ পাচ্ছে, যদিও বা আপনাদের নজরে আসবে না। তার কারণ এখন অনেকগুলো অ্যাডিশান বের হচ্ছে। উত্তরকন্যা অ্যাডিশান, মালদা অ্যাডিশান, দক্ষিণবঙ্গ অ্যাডিশান। আজকে সবথেকে বেশি গুরুত্বপূর্ণ উত্তরবঙ্গের মানুষের বহুদিনের চাহিদা ছিল একটা হিন্দি কলেজ।

[3.10 – 3:20 p.m.]

কলেজটা হয়ে গেছে কিন্তু উদ্বোধন হচ্ছে না। কেন উদ্বোধন হচ্ছে না? সেখানেও একই কারণ - যিনিই উদ্বোধন করতে যান না কেন মাননীয়া মুখ্যমন্ত্রী যান, শিক্ষামন্ত্রী যান সেখানে কয়েকশো লোক প্ল্যাকার্ড নিয়ে দাঁড়িয়ে থাকবে। বলবে আগে টাকা ফেরত দাও নয়তো চাকরি দাও তারপর কলেজ উদ্বোধন করুন। এই অবস্থায় দাঁড়িয়ে আছে। আজকে উত্তরবঙ্গে চা শিল্পের অবস্থা ভয়াবহ। ডিমানিটাইজেশানের জন্য ত্রিহানা চা বাগান বন্ধ আর কি করছেন? উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ একটা মাত্র পূর্ণাঙ্গ মেডিক্যাল কলেজ যে কলেজটার উপর উত্তরবঙ্গের প্রায় পনে দুই কোটি মানুষের স্বাস্থ্য পরিষেবা দেওয়া হয়। সেখানে ১৯৭৩ সালে কংগ্রেস সরকারের আমলে ৫৯০টা বেড নিয়ে হাসপাতাল তৈরি করা হয়েছিল। আজকে ৪০ বছর পরেও একটা বেড বাড়েনি। এর আগের সরকারও করেনি আর এই সরকারের মুখ্যমন্ত্রী তিনি স্বাস্থ্যমন্ত্রী তার কাছে মানুষের প্রত্যাশা অনেক বেশি। কিন্তু উত্তরবঙ্গের মেডিক্যাল কলেজের দৈন্যদশা রোগী, কুকুর একসঙ্গে ঘুমায়। ডাক্তার থাকে না, ৭০০-এর মতন স্টাফ নেই। যারা উত্তরবঙ্গের প্রতিনিধি।

.....(হইচই).....

শুনুন, শুনুন। গণতন্ত্রের অন্তত এই সম্মানটা বিরোধীদের দিন। গণতন্ত্রে শাসকদল থাকবে, বিরোধীদল থাকবে। এটার মানেই গণতন্ত্র। আপনি বসে আছেন অন্তত বিরোধীদের এই সম্মানটা দিন। বলতে দিন, এত ভয় কেন? ২১১টা আছে আপনাদের সরকার পড়বে না। কেউ পারবে না। কারণ এই গরম, এই মেজাজ ১৯৭২ থেকে ১৯৭৭ সালে আমরা দেখিয়েছিলাম। ৭৭ সালে ২১৬ নেমে এসেছিল ২১-এ। এই কথাটা মাথায় রেখে ৭৭ সালে ১৬তে নেমে এসেছিল। ৭২ সালে ২১৬ ছিলাম। আমার কথা হচ্ছে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে গিয়ে দেখুন। আপনারা আসুন না। উত্তরবঙ্গেতো রাজ্যপাল বেড়াতে যান মাসে একবার, মুখ্যমন্ত্রী দার্জিলিংয়ে যান। হাসপাতাল গুলি একটু দেখুন না। কয়েক কোটি টাকা খরচ করে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে একটা রাজবাড়ীর গেটের মতন তৈরি করা হয়েছে। কয়েক কোটি টাকা। জিজ্ঞাসা করলাম কিসের জন্য ভাই? এই কয়েক কোটি টাকা দিয়ে কয়েকটা বেড বাড়ানো যেত। কয়েক কোটি টাকা দিয়ে কোলকাতা থেকে ভাল ডাক্তার আনা যেত। যে হাসপাতালে ৭০০ নার্স নেই, যে হাসপাতালে ৪০০ উপর GDS

...(হইচই)...

অর্থমন্ত্রী যেদিন থাকবেন সেদিন বলবেন তাতে পুরস্কার পেতে পারেন।

.....(হইচই).....

আজকে পাবেন না পুরস্কার। আপনাদের কেউ পুরস্কার দেবেন না। কয়েক কোটি টাকা খরচ করে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজের সামনে একটা বিরাট গেট - এর কি যুক্তি জানি না। শিলিগুড়ি তৈরি করেছেন শ্রী বিধান রায়। উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ তৈরি করেছেন। সিদ্ধার্থবাবুর সরকার আর আপনারা গেট লাগিয়ে মেড ইন তৃণমূল সরকার - এটাই তো প্রমাণ করতে চান। শিলিগুড়ি উত্তরবঙ্গের সবচেয়ে গুরুত্বপূর্ণ শহর। সবাই জানে। উত্তরবঙ্গের অলিখিত রাজধানী যেখানে প্রতিদিন আঠারো খানা বিমান নামে। সেই শিলিগুড়িকে জেলা ঘোষণা করলেন না। যে শিলিগুড়ির উপর উত্তরবঙ্গ, বিহার, সিকিম, ভুটান সমস্ত নর্থ ইস্টান রিজিওয়ানের সমস্ত ট্রান্সপোর্ট ব্যবস্থা থেকে শুরু করে হাসপাতাল, মেডিক্যাল কলেজ সমস্ত কিছু। কালিম্পংকে জেলা ঘোষণা করেছেন ধন্যবাদ কিন্তু শিলিগুড়ি কেন জেলা হবে না? এই বিষয়গুলি আমাদের নজরে আসছে। রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে এই বিষয়গুলির উপর কোন গুরুত্ব দেওয়া হয়নি। আর কি হচ্ছে? প্রতিদিন শাসক দলের মারামারি দেখছে উত্তরবঙ্গের মানুষ। এমন দুরবস্থা উত্তরবঙ্গের যে আলিপুরদুয়ারের বিধায়ককে এনে শিলিগুড়ির SJDA চেয়ারম্যান করতে হচ্ছে। কোথায় নিয়ে দাঁড় করিয়েছেন, একটু ভেবে দেখুন। শিলিগুড়ি, জলপাইগুড়িতে কি লোক নেই? আজকে তাই বলছি যে উন্নয়নের নাম করে যে রাস্তা গুলি তৈরি করা হয়েছে প্রায় দুশো কোটি টাকার উপরে। সেই রাস্তা ভেঙ্গে চুরমার। কয়েকদিন আগে দেখলাম এক মন্ত্রী আর এক মন্ত্রীকে উদ্দেশ্য করে বলছে এই পথ যারা করেছে তাদের খুঁজে বার করতে হবে। তারা কারা? তার পরের দিন এক কনট্রাকটার বুক ফুলিয়ে বললেন আমি ব্লক সভাপতি এই কাজটা আমি করেছি। তাহলে খবর নিন, দেখুন এই অবস্থায় দাঁড়িয়েছে আর কি?

সমস্ত জায়গায় কনট্রাকটাররাজ তৈরী হয়েছে। আমি বলব না। সব খারাপ কাজ করছেন। আমি বলব না মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্দেশ্য খারাপ। উত্তর কন্যায় আজকে কেউ যায় না। ৫জন মন্ত্রী আছেন, তাদের বসার জায়গা নেই। তাহলে উত্তরকন্যা কিসের জন্য? একটু আগে বলেছিলাম যে, অহংকার থাকা ভাল কিন্তু অতি অহংকার ভাল নয় এই কারণে যে, আমরা বঞ্চিত মানুষরা -উত্তরবঙ্গ থেকে যারা আসছি, আজকে আমাদের বলার জায়গা এটাই। উত্তর বাংলার মানুষ আমাদের নির্বাচিত করে পাঠিয়েছে আপনার মাধ্যমে এই জায়গাটায় বলার জন্য, এই সরকারের কাছে আমাদের এই বক্তব্য তুলে ধরার দরকার এই কারণে যে আজকে রাস্তাঘাট ভেঙ্গে চুরমার। কারা কাজগুলো করেছে? কারা এই কাজ করেছে খবর নিয়ে দেখুন। আপনারা যদি তালিকা চান - সেই দপ্তরের মন্ত্রী চলে গেলেন জানিনা কেন - আগের মন্ত্রী কাজ করেছেন, পরের মন্ত্রী বলছেন এগুলো নিম্নমানের কাজ,কমিশন বসানো লোক। তাতে কি আপনার সরকারের সম্মান বাড়ল? যারা চিৎকার করছেন বলতে দিন। শুনুন, নিজের দলটাকে একটু যাচাই করুন। আমরাও চাই আপনার সরকার ৫ বছর থাকুক। কিন্তু ৫ বছর থেকে শুধু উৎসব করবেন, মন্ত্রী, নেতা, নেত্রীর জয়গান গাইবেন তাতে করে একটা সরকার চলতে পারে না। তাতে করে একটা সরকার মানুষের প্রত্যাশা পূরণ করতে পারে না। আমি এই কথাটা এই কারণে বলছি যে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থা যদিওবা দক্ষিণবঙ্গে অনেক ভাল কিন্তু উত্তরবঙ্গে ডেঙ্গু আক্রান্ত মানুষের চিকিৎসার জায়গা নেই। এনকেফেলাইটিসে প্রতি বছর লোক মরে যাচ্ছে। তার চিকিৎসার ব্যবস্থা নেই। রোগী কল্যাণ সমিতির মাথার উপরে আগে ছিল মন্ত্রী, এখন মাথার উপরে ডি.এম। ডি.এম-এর তো সকাল থেকে রাত্রি পর্যন্ত তার দপ্তরের হাজারও সমস্যার সমাধান করতে তার দিন চলে যায়। তাকে বসানো হল মেডিকেল কলেজের রোগী কল্যাণ সমিতির মাথায়। যেখানে আগে ছিল মন্ত্রী।

তাহলে স্থানীয় বিধায়করা কেন হতে পারবে না? স্থানীয় বিধায়করা হাসপাতালে রোগী কল্যাণ সমিতির সভাপতি কেন হতে পারবে না? এখানেও বৈষম্য। এই বৈষম্য করতে গিয়ে কি করলেন? সমস্ত জায়গায় সমস্যার পাহাড় তৈরি করেছেন। বৈষম্য সৃষ্টি করতে গিয়ে সমস্ত জায়গায় আজকে আপনারা প্রতিযোগিতায় নেমেছেন। কীসের? একটাই প্রতিযোগিতা যে দিদিকে কি করে খুশি করব। বাংলা জাহান্নামে যাক, দল জাহান্নামে যাক, নদী, বালি, জমি - সমস্তকিছু আজকে দখল হয়ে যাচ্ছে। আজকে নদীতে জল নেই। তার কারণ কি? সমস্ত নদীর চরগুলো আগে আমার বাঁ পাশে যারা সরকারে ছিলেন, তারা দখল করে বিক্রী করেছেন। আর এখন যারা সরকারে আছেন তারা নদীটাকেও বিক্রী করে দিচ্ছেন। আজকে জলের সমস্যা দেখা দিয়েছে উত্তরবঙ্গে। আজকে চর আর নদী এক। তাই মাননীয় স্পীকার মহোদয়, আমার এই উত্তরবঙ্গের মানুষের প্রতিনিধিরা আপনার কাছে একটা কথা তুলে ধরতে চাই - অনেকগুলো মন্ত্রী আছেন, সেই মন্ত্রীদের মধ্যে এখন একটাই প্রতিযোগিতা কার ক্ষমতা বেশি, কে ঐ উত্তরকন্যায় বসবে? বসুননা। উত্তরবঙ্গকে দিন না। উত্তরবঙ্গের সমস্যা সমাধান করুন না। কিন্তু কি হচ্ছে? হচ্ছে একটাই - শুধু একটাই - সেটা হচ্ছে দিদিকে খুশি করা। দিদিকে খুশি করুন, বাংলার মানুষকে খুশি করুন।

শ্রী স্নেহাশিস চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, গত ৩রা ফেব্রুয়ারি এই পবিত্র সদনে বাংলার মহামান্য রাজ্যপাল যে মূল্যবান ভাষণ রেখেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কয়েকটা কথা বলতে চাই। স্যার, আর কয়েকদিন পরেই পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী ডক্টর অমিত মিত্র পেশ করতে চলেছেন ২০১৭- '১৮ আর্থিক বছরের রাজ্য বাজেট। সন্দেহ নেই যে, সেই বাজেট বিগত কয়েকটা বছরের তার নিজস্ব ঐতিহ্য এবং ধারাকে অনুসরণ করেই আবির্ভূত হবে। আমি বিশেষ করে ধন্যবাদ জানাব মাননীয় রাজ্যপাল মহাশয়কে এই কারণে যে তিনি এই বাজেটকে সেশনের প্রারম্ভিক ভাষণে বর্তমান ভারতে বিমুদ্রাকরণত্তর যে পরিস্থিতি সেটা এড়িয়ে যাননি। আর এড়িয়ে যাননি বলেই এই বাজেট সেশনের সূচনাটা অনেক যুক্তিগ্রাহ্য হয়ে উঠেছে।

[3.20 – 3:30 p.m.]

স্যার, স্বাধীনতার পরবর্তীকালে একমাত্র ৭৫ সালে। জরুরি অবস্থা ছাড়া আর কোনো সরকারি সিদ্ধান্ত এই ডিমানিটাইজেশানের মতো ভারতবর্ষের আম জনতাকে বিপর্যস্ত করে দিতে পারেনি, ঝটকা লাগিয়ে দিতে পারেনি। স্যার, ৫০ জন দিনে এ.টি.এম. এর সামনে, ব্যাংকের সামনে সকাল থেকে রাত পর্যন্ত দাঁড়িয়ে থাকা জনগণের এটাই কি ছিল শেষ লাইন? ১২৩ জনের উপর মানুষের মৃত্যুর মধ্যে দিয়ে কি শেষ হয়ে গেল ভারতবর্ষের মৃত্যুর মিছিল? স্যার, সত্যিই কি কালোবাজারিদের কোমরে দড়ি পড়ল গত দুই মাসে? নাকি জাল টাকার যে মেশিন গুলো আছে সেগুলো অকেজো করে দেওয়া সম্ভব হল? নাকি সমস্ত হয়রানি, দুর্ভোগ মুখবুজে সহ্য করার পর ভারতবর্ষের সামনে সমস্তটাই বুমেরাং হয়ে গেল। নাকি অর্থনৈতিক দিক থেকে ভারতবর্ষ তলিয়ে গেল এক গভীর অন্ধকারে? এগুলো প্রশ্ন উঠছে। মাননীয় রাজ্যপাল তার ভাষণে সেগুলোর ইঙ্গিত দিয়ে গেলেন। স্যার, একটা সরকারি আর্থিক সিদ্ধান্ত নেওয়ার সময় একটা সরকারের কোনো হিসেব নিকেশ থাকবে না? কতটা লাভ হতে পারে, কতটা লোকশান হতে পারে তার ক্যালকুলেশান থাকবে না? আমি গর্বিত এই সদনের একজন মেম্বার হিসেবে। এই অগাস্ট হাউসে অতীতে অনেক বড় বড় বিষয় নিয়ে আলোচনা হয়েছে, অনেক বিতর্ক হয়েছে এবং সেগুলো ভারতবর্ষকে নতুন করে পথ দেখিয়েছে। এই অগাস্ট হাউসেই দুই মাসের মধ্যে একটা সেশান হয়েছে। ডিমানিটাইজেশানের উপর সেশান। সেখানে বিস্তারিত ভাবে মুখ্যমন্ত্রী সহ সকলে প্রায় আশঙ্কা করেছিলেন যে এই আর্থিক সিদ্ধান্ত কিভাবে ভারতবর্ষকে একটা খারাপ দিকে নিয়ে যাচ্ছে। আজকে কিন্তু সেই আশঙ্কা গুলো বাস্তবে রূপান্তরিত হয়ে গেল। রাজ্যপাল

মহাশয় তার ভাষণে সেগুলো উল্লেখ করেছেন, একেবারে প্রথমেই উল্লেখ করেছেন। ভাবা হল পুরনো নোট বাতিল করে দেওয়া হবে, নতুন নোট ছাপিয়ে নেওয়া হবে ১৫ লক্ষ ৪৪ হাজার কোটি টাকা ৫০০, ১০০০ টাকা। তারপর specified bank notes sensation of liabilities একটা ordinance জারি করে সেন্ট্রাল গভর্নমেন্ট। যারা ব্যাংকে পুরনো নোট জমা করতে পারবে না, ৩-৪ লক্ষ কোটি টাকা অনুমান। করেছিলেন সেটা লভ্যাংশ হিসেবে চেয়ে নেওয়া হবে। কি হল? ১৫ লক্ষ ৪৪ হাজার কোটি টাকা ৫০০, ১০০০ টাকার নোট, জমা পড়ে গেল বেসরকারি সুত্রমতে প্রায় ১৪ লক্ষ ৯৭ হাজার কোটি টাকা। মাত্র ৪৭ হাজার কোটি টাকা লাভ হওয়ার কথা। নতুন নোট ছাপাতে কত খরচা হয়েছে? ১০ হাজার কোটি টাকা। থাকল কত ৩৭ হাজার কোটি টাকা। প্রায় ৭ লক্ষ কোটি টাকার উপর এই পুরনো নোট জমা পড়ল তাতে ফোর পার্সেন্ট হলেও সেভিংস রেট অনুযায়ী ইন্টারেস্ট দিতে বাধ্য ব্যাঙ্ক গুলো। তাতে খরচা হবে ৯-১০ হাজার কোটি টাকা। থাকল কত ২৭ হাজার কোটি টাকা। এখনও ৩১ মার্চ সময় আছে, আরো ২-৩ হাজার কোটি টাকা জমা পড়বে। থাকল কত ২০-২৫ হাজার কোটি টাকা লাভ হবে। এত মানুষের হয়রানি! এত মানুষের মৃত্যু! এত শিল্প, ব্যাবসা, বাণিজ্য নষ্ট হয়ে যাওয়া! ১ লক্ষ ২৮ হাজার কোটি টাকা রেভিনিউ লস করল রাজ্যসরকারগুলো। আমাদের রাজ্যে প্রায় ৭ হাজার কোটি টাকার মতো রেভিনিউ লস হয়েছে। সম্পূর্ণভাবে দেশকে একটা আর্থিক দিক থেকে, সামাজিক দিক থেকে, উন্নয়নের দিক থেকে প্রায় ১০-২০ বছর পিছিয়ে দেওয়া হল। স্যার, আমাদের দেশের মোট যা কর্মসংস্থান তার ৮০ পার্সেন্ট আছে অসংগঠিত ক্ষেত্রে। যত রেভিনিউ কালেকশান হয় তার ৪০ পার্সেন্ট আসে অসংগঠিত ক্ষেত্র থেকে। সমস্ত লেনদেন হয় ক্যাসে। একেবারে বিপর্যস্ত হয়ে গেল। সমবায় ব্যাঙ্ক গুলোর উপর নির্ভর করে গ্রামীণ অর্থনীতি। গ্রামীণ লেনদেনের আধার ঘর হচ্ছে সমবায় ব্যাঙ্ক গুলো। বন্ধ করে দেওয়া হল। আমাদের হুগলী জেলার ৩৪৭ টা সমবায় ব্যাঙ্ক আছে। ৩ লক্ষ ৭৫ হাজার কৃষক তার উপর নির্ভর করে। সেগুলোকে বন্ধ করে রাখা হয়েছে।

রবি শস্য, আলু চাষে ব্যাপক ভাবে যে সহযোগিতা পাওয়ার কথা, সেটা পেল না। অর্থাৎ সব রকম ভাবেই ক্ষতি হ'ল। রাজ্যপাল মহাশয় উল্লেখ করেছেন কীভাবে ক্ষতি হ'ল একেবারে ক্ষুদ্রশিল্প থেকে, শ্রমিক থেকে সকলের। আমরা একে তুঘলকি সিদ্ধান্ত বলেছি। মহম্মদ বিন তুঘলক তার রাজধানী দিল্লী থেকে দৌলতাবাদে তুলে নিয়ে গিয়েছিলেন। তাকে উন্মাদ রাজা বলা হয়েছে। রাজধানী স্থানান্তর করা যেতেই পারে এক জায়গা থেকে আর এক জায়গায়। বৃটিশরা তো কলকাতা থেকে দিল্লীতে নিয়ে গেল রাজধানী। রাজধানী স্থানান্তর করলে শুধু প্রশাসনিক ভবনটা নতুন করে নির্মাণ করে নিলেই হয়। এই তো রাইটার্স বিল্ডিংস থেকে প্রশাসন চালানো হত, এখন নাবান্ন থেকে চালানো হয়। কি করা হ'ল? সমস্ত ফাইলপত্র, কাগজপত্র নবান্নতে নিয়ে গিয়ে সেখান থেকে চালানো হচ্ছে। আমাদের সরকার কি বলেছে, মাননীয়া মুখ্যমন্ত্রী কি বলেছিলেন কলকাতার সব মানুষকে হাওড়ায় যেতে হবে? বলেননি। মহম্মদ বিন তুঘলক যখন তার রাজধানী দিল্লী থেকে দৌলতাবাদে নিয়ে গেল, তখন সব মানুষকে বাধ্য করলেন - চল, সবাইকে দৌলতাবাদে যেতে হবে। তখন তো এত রাস্তাঘাট ছিল না,এত গাড়ি ঘোড়া ছিল না, বন জঙ্গল পাহাড়ের মধ্যে দিয়ে হাজার হাজার মানুষ হেঁটে হেঁটে যাচ্ছে দৌলতাবাদে। যেতে গিয়ে কত মানুষ মারা গেল, কত মানুষ হারিয়ে গেল, কত মানুষ অসুস্থ হয়ে পড়ল। তাই তো তিনি উন্মাদ রাজা। আর কালো টাকার কারবারি ক'জন? ৬% মাত্র ক্যাশ কালো টাকা আছে। সমস্ত টাকা আছে বিদেশে আর রিয়েল এস্টেট ব্যাবসার মধ্যে। এই সামান্য কয়েকজন কালো টাকার কারবারিকে ধরার জন্য একেবারে ১২৩ কোটি মানুষকে আর্থিক দিক থেকে বিপর্যস্ত করা হ'ল ! তাই তুঘলকি সিদ্ধান্ত। রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে সেটাই তো বলেছেন যে কীভাবে মানুষের এই হয়রানি, মানুষের এই আর্থিক দিক থেকে বিপর্যয়ের মধ্যে চলে যাওয়া। এটাকে কীভাবে

মোকাবিলা করল রাজ্য সরকার? পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তাদের মনোবল বাড়ালেন, মনোবল অটুট রাখার চেষ্টা করলেন বাংলার মানুষের, এই হয়রানির মধ্যে দাঁড়িয়েও যাতে মানুষ দিশাহারা না হয়ে যায়, সেটা সুন্দর ভাবে সামাল দিয়েছেন, সেটাই রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে বলেছেন। স্যার, ১৯৪৭ সালের ১৫ ই আগস্ট ভারতবর্ষ স্বাধীন হ'ল। তার কয়েকদিনের মধ্যে ২৯ শে আগস্ট স্বাধীন ভারতবর্ষের নতুন সংবিধান তৈরী করার জন্য একটা ড্রাফটিং কমিটি গঠন করা হ'ল। সেই ড্রাফটিং কমিটিতে ছিলেন কৃষ্ণস্বামী আয়ার, এন. গোপালস্বামী আয়েঙ্গার, কে.এম. মুন্সী, এম.মাধবনের মত বিখ্যাত সব মানুষেরা। সেই ড্রাফটিং কমিটির চেয়ারম্যান কাকে করা হয়েছিল? বি.আর.আম্বেদকরকে। তিনি জন্মেছিলেন সামাজিক, আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া দলিত পরিবারে, অস্পৃশ্য মাহার জাতিভুক্ত। এই বি.আর.আম্বেদকরকে সেই কমিটির মাথার উপরে বসিয়ে সেইসময় ঠিক করা হয়েছিল বর্তমান ভারতবর্ষের দর্শনের অভিমুখ কি হবে। অর্থাৎ, শ্রেণী শত্রুতা নয়, শ্রেণী সমন্বয়ের ভাবনা। যারা পিছিয়ে আছে। তাদের কল্যাণের মধ্যে দিয়ে, তাদের অধিকার প্রতিষ্ঠার মধ্যে দিয়ে উপরে তুলে নিয়ে আসা। স্যার, ৬৯ বছর স্বাধীন হয়েছে ভারতবর্ষ, এই লক্ষে আমরা কতটা পৌঁছতে পেরেছি সেটা বিতর্কের বিষয়। কিন্তু পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ২০১১ সালে ক্ষমতায় আসার পর থেকেই বাংলার এস.সি., এস.টি., তফসিলি জাতি, উপজাতি, আদিবাসী সম্প্রদায় সকলের কল্যাণের জন্য একের পর এক সরকারি প্রকল্প তৈরী করেছেন এবং সেইগুলো কাজ করছে বাংলার বুকে। আজকে উত্তরবঙ্গের খস, গুরুং, পাহাড়িয়া, তিনটি সম্প্রদায়ের জন্য তিনটি পর্ষদ গঠনের ঘোষণা করলেন এবং ৩০০ কোটি টাকা দিলেন। জঙ্গলমহলে আদিবাসী সম্প্রদায়ের উন্নয়নের লক্ষে, তাদের শিক্ষা থেকে স্বাস্থ্য, ক্রীড়া থেকে পরিকাঠামো তৈরী, রাস্তাঘাট তৈরী সব দিয়ে জঙ্গল মহলকে সাজিয়ে দেওয়া হ'ল সেই পিছিয়ে পড়া মানুষদের এগিয়ে যাওয়ার জন্য। তাই তো আজকে শান্ত হয়ে গেল জঙ্গলমহল, তাই স্বাভাবিক জীবনের স্রোতে ফিরে এল জঙ্গলমহল। রাজ্যপাল তাঁর ভাষণে সেইগুলোরই প্রশংসা করেছেন। যারা বলছে এখানে দাঁড়িয়ে অসত্য ভাষণ, এইগুলো বিধানসভায় বলা যায় না। কোন অসত্য ভাষণই রাজ্যপাল তাঁর বক্তব্যে রাখেননি। বলতে পারবেন বামফ্রন্টের আমলে একেবারে নন্দীগ্রামের খুন থেকে শুরু করে, একেবারে নেতাই থেকে শুরু করে, সুচপুর, বানতলা থেকে শুরু করে কোন খুনের কথা তখনকার রাজ্যপালের ভাষণে থাকত? আবার নতুন করে গল্প শোনাচ্ছেন? এই যে বাংলা, এই বাংলা স্বাধীনতা আন্দোলনের পথ দেখিয়েছে।

[3.30 – 3:40 p.m.]

ভারতবর্ষের কৃষ্টি সংস্কৃতি সব কিছুতেই বাংলার অবদান বিরাট। ১৮৫০সাল থেকে ১৯০০সাল ৫০ বছর বাংলার নবজাগরণের ইতিহাস। রবীন্দ্রনাথ এলেন। নজরুল এলেন,বিবেকানন্দ এলেন, নেতাজী এলেন, নন্দলাল বসু এলেন। কে আসেননি? বড় বড় সব মানুষেরা। গোখলে বললেন, ' হোয়াট বেঙ্গল থিংকস টুডে, ইন্ডিয়া থিংকস টুমরো'। রবীন্দ্রনাথ ১৯০৫সালে বঙ্গভঙ্গের সময়ে নিজে পায়ে হেঁটে রাখী পরিয়ে দিতে দিতে মসজিদ পর্যন্ত পৌঁছে গেলেন। হিন্দু মুসলমানের মধ্যে সৌভ্রাতৃত্ব স্থাপনের কথা বলে। কি ভাবনা দিয়েছেন রবীন্দ্রনাথ। কাজী নজরুল ইসলাম লিখলেন যে, ' হিন্দু না ওরা মুসলিম ! ওই জিজ্ঞাসে কোন জন? কান্ডারী বলো ডুবিছে মানুষ সন্তান মোর মার'। আমরা সেই নজরুলের বাংলার মানুষ। এই বাংলায় নেতাজী সুভাষচন্দ্র বসু আপোসহীন সংগ্রাম করলেন ব্রিটিশের বিরুদ্ধে। ব্রিটিশের চোখে ধুলো দিয়ে তিনি চলে গেলেন ভারতের বাইরে। গিয়ে সমস্ত ভারতীয়দের নিয়ে চারটে সৈন্যবাহিনী গঠন করলেন। ডাক দিলেন দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে যে ' দিল্লী চলো'। আমরা নেতাজী মানে দিল্লী চলো ডাকের কথা জানি। সেদিন

সাংবাদিকরা সুভাষচন্দ্রকে জিজ্ঞাসা করল যে আপনি তো দিল্লী চলো ডাক দিয়েছেন, আপনার সৈন্যবাহিনীর স্লোগান কি হবে? ধ্বনি কি হবে? কাল বিলম্ব করলেন না সুভাষচন্দ্র বললেন আমার সৈন্যবাহিনীর ধ্বনি হবে, ' ইত্তিফাক হিকমত কুরবানি'। সাংবাদিকরা তাঁকে আবার জিজ্ঞাসা করল যে আপনি হিন্দু পরিবারের সন্তান, গীতার প্রতিটি শ্লোক আপনার মুখস্ত। হিন্দু ধর্ম সাহিত্যে এত ভাল ভাল কথা আছে সেখান থেকে কোন উদ্ধৃতি পেলেন না? আপনি কোরান থেকে উদ্ধৃতি নিয়ে আপনারা সৈন্যবাহিনীর মুখে বসালেন কেন? তখন সুভাষচন্দ্র তাঁর ডান দিকে দাঁড়িয়ে থাকা হবিবুর রহমানকে দেখিয়ে বললেন আমার ডান দিকে হাবিবুর রহমান রয়েছে, ওরা ভারতবর্ষে সংখ্যালঘু, সংখ্যা লঘিষ্ঠ। আমরা সংখ্যাগুরু। আমরা যদি আমিত্ব ফলাই তাহলে হবিবুর রহমানরা নিজেদের বিচ্ছিন্ন মনে করবে। সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হবে। এই শিক্ষা দিয়েছিলেন নেতাজী সুভাষচন্দ্র বসু। আমরা সেই বাংলায়, সেই কৃষ্টি, সেই সংস্কৃতি, সেই শিক্ষা যিনি প্রবহমান, স্রোতস্বিনী নদীর মত আজকে বয়ে নিয়ে চলেছেন বাংলার বুকে তাঁর নাম মমতা বন্দ্যোপাধ্যায়, বাংলার মুখ্যমন্ত্রী। তাই রাজ্যপাল সংগতভাবেই বলেছেন যখন সারাদেশে প্ররোচনা দেওয়ার একটা প্রবণতা দেখা যাচ্ছে, যখন সাম্প্রদায়িক সম্প্রীতি ভাঙ্গার একটা চেষ্টা দেখা যাচ্ছে, তখন এই পশ্চিমবঙ্গে আমাদের সরকার বাংলার সাম্প্রদায়িক সম্প্রীতিকে সুন্দরভাবে রাখতে পেরেছেন। তাই রাজ্যপালের ভাষণকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুজিত চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সদনে উপস্থিত সমস্ত সদস্যকে আমি অভিনন্দন জানাচ্ছি। দীর্ঘক্ষণ ধরে রাজ্যপালের ভাষণের উপরে আলোচনা হচ্ছে। বিভিন্ন বক্তা বিভিন্ন ধরনের আলোচনা করেছেন। বিষয়টা হচ্ছে আমরা যাঁরা বিধানসভার সদস্য আছি,তাঁরা ম্যাকসিমাম হচ্ছি গ্রামাঞ্চলের সদস্য। আপনারা কেউ আপনাদের আলোচনার মধ্যে একটা বিষয় উল্লেখ করলেন না, যেটা হচ্ছে যে গ্রামাঞ্চলের যে পঞ্চায়েত ব্যবস্থা, পঞ্চায়েত সমিতি। বিশেষ করে এই দুটো স্তরে, এই দুটো স্তর প্রায় অচল হবার মুখে। গ্রাম পঞ্চায়েতগুলোতে কোন কাজ হয় না। গ্রাম পঞ্চায়েতে শুধুমাত্র প্রধানের সারটিফিকেট ছাড়া প্রধান আর কিছু দিতে পারে না। একশো দিনের কাজ নেই। একশো দিনের কাজের যে বাকি টাকা, প্রায় নশো পঁচিশ কোটি টাকা সেই টাকা পেমেন্ট করার কোন পরিকল্পনা আমরা এখনও পর্যন্ত দেখতে পাচ্ছি না। এ তো গেল পঞ্চায়েত ব্যবস্থার কথা। আপনারা জানেন বাঁকুড়া জেলার মেজিয়া থানার কালিদাসপুরের কালিকাপুর কোলিয়ারি এলাকা। একটা বে-আইনী কয়লা খাদান ধ্বসে গেল এবং সেখানে প্রায় ৭০জন শ্রমিক চাপা পড়ে মারা গেছে। এই বিষয়টা নিয়ে আমরা গত ১১তারিখে ঘটনা ঘটার পরে ১২ তারিখে আমাদের বাঁকুড়া জেলারা এস পি সুখেন্দু হীরার কাছে আমরা যখন লিখিতভাবে বিষয়টা জানাই, প্রশাসনিকভাবে কোনরকম কোন উদ্যোগ নেওয়া হল না। অথচ রাতের অন্ধকারে চার পাঁচজন শ্রমিকের ডেডবডি পাওয়া গেছে যেগুলো হচ্ছে বীরভূম জেলার। আমরা জানি না যে প্রশাসনিক উদ্যোগ কেন নেওয়া হল না। আমি এই সদনের সকলের কাছে বলতে চাই।

আমি এই সদনে এখানে যাঁরা উপস্থিত আছেন,সবার কাছে বলতে চাই যে, এই বিষয়টা কীসের অঙ্গুলিহেলনে হচ্ছে না ! এখনও পর্যন্ত কোন প্রশাসনিক স্টেপ নেওয়া হয়নি। আমি অনুরোধ করব যে আমরা যেহেতু এস পি কে জানিয়েছি, এই সদনের মাধ্যমে অন্তত এই দাবিটুকু উঠক এই বে -আইনি কয়লা খাদানগুলি যাতে বন্ধ হয় তার ব্যবস্থা করা হোক। সাথেসাথে আমাদের বড়জোড়া বিধানসভা এলাকায় আমরা দীর্ঘদিন ধরে দেখছি যে রাস্তা আমাদের চওড়া হয়েছে। কিন্তু বর্তমানে কোন উন্নয়ন ছাড়াই বেশ কিছু হকারকে উচ্ছেদ করা হচ্ছে ফুটপাথের ধারে যারা ব্যাবসা করে। এখন বিষয়টা হচ্ছে আমাদের বড়জোড়া বিধানসভা

এলাকার বেলিয়াতোড় নাম ওই এলাকাটার।ওখানে কোনরকম শিল্প নেই, কোন রকম কৃষিও নেই। অথচ কোন আলোচনা ছাড়াই জেলা প্রশাসন হঠাৎ করে একটা সিদ্ধান্ত নিয়ে এদের উচ্ছেদ করতে শুরু করেছে। এই বিষয়ে আমি যখন এস ডি ও সাহেবের কাছে আলোচনা করতে যাই যে কেন এদেরকে তুলে দেওয়া হচ্ছে। উনি কোন উন্নয়নের কথা তুললেন না। ওখানে রাস্তা চওড়া হবে, বা কোন পাইপলাইন তৈরী হবে এই বিষয়ে কিছু তুললেন না।কিন্তু উনি বললেন যে এটা আমাদের কাছে অর্ডার আছে যে এটা আমাদের কাছে অর্ডার আছে যে এটা আমাদের ভাঙতে হবে। এই রকম একটা প্রশাসনিক ব্যবস্থা চলছে। সেখানে জনপ্রতিনিধিদের কোন রকম গুরুত্ব দেওয়া হচ্ছে না। আবার আগামী ১৪ তারিখে হসপিটালের জায়গাকে কেন্দ্র করে সেখানে কিছু সাবজুডিশ কেস আছে। সেই জায়গাগুলিতে আবার নোটিফিকেশন হচ্ছে যে আগামী ১৪ তারিখে এগুলিকে ভ্যাকান্ট করা হবে। আমি এই সদনের মাধ্যমে জানাতে চাই যে এই বিষয়গুলি নিয়ে একটু আলোচনা করে নিয়ে যদি পরিকল্পনাগুলি করা হয়, তাহলে এই যে বিভিন্ন জায়গাতে জমি জায়গা নিয়ে যে ধরনের জট ও ঝামেলা হচ্ছে এগুলি অন্তত হয় না। সেইজন্য আমি অনুরোধ করব যে আগামী ১৪ তারিখের যে সিদ্ধান্ত সেটা যদি এখান থেকে কোন অর্ডার পাঠিয়ে সেটা বন্ধ করে আলোচনা করে যাতে করা হয় তারজন্য আমি অনুরোধ রাখব মাননীয় স্পীকারের মাধ্যমে। আপনারা জানেন যে বর্তমানে কিছুদিন আগে কলেজগুলিতে নির্বাচন হয়ে গেল। আমার এলাকায় তিনটি কলেজ আছে। বড়জোড়া, বেলিয়াতোড় এবং অমরকানন- এই তিনটি কলেজে নির্বাচনকে কেন্দ্র করে বিরোধীদেরকে যেভাবে কলেজে ঢুকতে না দেওয়ার জন্য একেবারে শাসকদলের সমত নেতা এম এল এ পর্যন্ত উপস্থিত হয়ে সবাইকে বিভিন্নভাবে প্রতিহত করছে। এইভাবে কলেজের শিক্ষার পরিবেশগুলিকে নষ্ট করে দেওয়ার একটা চক্রান্ত চলছে। শাসকদলের একশ্রেণীর নেতা ও এম এল এ দের মাধ্যমে এই চক্রান্ত চলছে। এগুলি ইমিডিয়েট বন্ধ হওয়া উচিত। রাজ্যপালের ভাষণে বলা আছে যে সারা পশ্চিমবাংলাতে খুব শান্তি শৃঙ্খলা বজায় আছে। আমারই বাঁকুড়া জেলার তালডাংরায় আপনারা জানেন কিছুদিন আগেই একজন ১০ বছরের কিশোরীকে কয়েকদিন ধরে খুঁজে পাওয়া যাচ্ছিল না।সমীরবাবু বিষয়টা জানেন। (ভয়েজঃ- গ্রেপ্তার হয়েছে)।

...(গোলমাল)...

গ্রেপ্তার হোক। কিন্তু উল্লেখ হওয়ার দরকার ছিল। এটার উল্লেখ হওয়ার দরকার ছিল যে ওই কিশোরীর বাবা থানাতে দু দিন আগে ডায়েরী করতে যায়। থানার পুলিশ তাকে ফিরিয়ে দেয় যে, না কোন ডায়েরী নেওয়া হবে না। তারপরে চারদিন পরে কিশোরীর ডেডবডি পাওয়া যাচ্ছে। এইভাবে যদি প্রশাসন চলে তাহলে কি করে পশ্চিমবাংলায় শান্তিশৃঙ্খলা বজায় থাকে! আমি আশা করেছিলাম যে সমীরবাবু ওই এলাকার বিধায়ক, উনি অন্তত এই কথাটা উল্লেখ করবেন। কিন্তু উনি এটা উল্লেখ করলেন না। আমি বিশেষ কিছু বলতে চাই না। আমি সদনের সবাইকে অভিনন্দন জানিয়ে রাজ্যপালের ভাষণের সম্পূর্ণভাবে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3.40 – 3:50 p.m.]

শ্রী প্রবীর কুমার ঘোষাল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি প্রায় ৩০ বছর এই সদনের নামি অনামি যাঁরা সদস্য, তাদের বক্তৃতা শুনেছি আমার পেশার কল্যাণে। এখন আমাকে বক্তা হিসেবে ভূমিকা পালন করতে হচ্ছে, এর জন্য আমি গর্বিত। অধ্যক্ষ সহ সদনের সমস্ত সদস্যকে আমি আমার কৃতজ্ঞতা জানাই। রাজ্যপাল মহোদয় শ্রী কেশরী নাথ ত্রিপাঠী গত ৩রা ফেব্রুয়ারি তাঁর ভাষণ দিয়েছেন। সেই ভাষণের পরিপ্রেক্ষিতে একটা ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে। এই দুটি বিষয়ের মধ্যে আমি কিছু নতুনত্ব দেখছি না। আমি এই প্রস্তাবকে সমর্থন করছি তিনি

বলিষ্ঠভাবে, অত্যন্ত সংক্ষেপে পশ্চিমবঙ্গের বর্তমান এবং ভবিষ্যতের কথা বলেছেন বলে। আমার মনে হচ্ছে খুব মামুলি বিবৃতি তিনি দেননি, তিনি একটা দিশা দিয়েছেন এবং রাজ্যে বর্তমান যে সঙ্কটজনক পরিস্থিতি হয়েছে এই নোট বন্দিকে কেন্দ্র করে, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলিষ্ঠভাবে এই পরিস্থিতির মোকাবিলা করছেন। তিনি অত্যন্ত সুন্দরভাবে সেই কথাটা বলেছেন। আমি অবাক হয়ে যাচ্ছি যে, এখানে যে সমস্ত বিরোধী সদস্যরা এই বিতর্কে অংশ নিয়ে কথা বলছেন, তারা অনেকেই অন্যভাবে বিরোধিতা করতে হবে বলে বিরোধিতা করছেন। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। রাজ্যপাল কেশরি নাথ ত্রিপাঠী মহোদয় তাঁর বক্তৃতার সারমর্মে যেটা বলেছেন, বাংলা হবে বিশ্বসেরা। কেন এই শ্লোগানটাকে আমরা বাংলার শ্লোগান হিসেবে সকলে মেনে নিতে পারছি না? আপনারা অস্বীকার করতে পারেন, ৩৪ বছর একটা সরকার। ছিল। একজন ২৩ বছর মুখ্যমন্ত্রী ছিলেন, একজন ১১ বছর মুখ্যমন্ত্রী ছিলেন। এই যে প্রকল্পগুলো নিয়ে আলোচনা হচ্ছে - কন্যাশ্রী, সবুজসাথী - এইরকম একটা কোনো প্রকল্প বলতে পারবেন যা এই ৩৪ বছরে হয়েছে? যে প্রকল্পের সুফল সাধারণ মানুষ, গ্রামের মানুষ পেয়েছে? কয়েক মাস আগে বিধানসভা নির্বাচনের সময় কি দেখলাম? একদিকে মমতা বন্দোপাধ্যায়, মা-মাটি-মানুষের সরকার, আর অন্যদিকে সব পক্ষ। সব পক্ষ কারা, কি ছিল ? আমরা এখানে যারা আছি, তাদেরকে আর আলাদা করে বুঝিয়ে বলার কিছু নেই এবং মনে হ'ল - আমি নিজে প্রচার মাধ্যমে ছিলাম দীর্ঘদিন। মনে হ'ল যে, সরকার চলে গেলো। কিন্তু বাস্তব যে অন্য কথা বলে সেটা বুঝলাম। আমার সাংবাদিকতার দীক্ষাগুরু মিহির গঙ্গোপাধ্যায়, শিক্ষাগুরু বরুণ সেনগুপ্ত। তাঁরা একটা কথা বলতেন, "তুমি তোমার মতটা সাধারণ মানুষের মত বলে কখনো চালাবে না।" বাস্তবে যেটা দেখছেন, তুমি একদিন কাউকে অগ্নিকন্যা বানাতে পারো, কিন্তু ইচ্ছা করলেই কাউকে অগ্নিপুত্র বানাতে পারবে না। তুমি বানাতে পারবে না কাউকে অগ্নিকন্যা, কাউকে অগ্নিপুত্র। মানুষ বানাবে। এই যে কয়েক মাস আগে বিধানসভার সাধারণ নির্বাচন হ'ল, তাতে আমরা সেটাই দেখলাম। এত কুৎসা, এত অপপ্রচার, এত ষড়যন্ত্র - সব ভেদ করে দিলো একটা শক্তি, তার নাম জনগণ। এত অপপ্রচার, কুৎসা, কিচ্ছু হয়নি, কিচ্ছু হয়নি, কিচ্ছু হয়নি - কিন্তু যে সাধারণ মানুষ, গরীব মানুষ, মেহনতি মানুষ - তার বুঝতে পারলেন যে, এই সরকারটাকে - আপনারা এক সময় বলতেন বামফ্রন্ট সরকারকে চোখের মণির মতো রক্ষা করতে হবে। আপনাদের শিখিয়ে দেওয়া কথাটাই আমাদের কাজে লাগলো। এই গ্রামবাংলার মানুষ, শহরের মানুষ, মফঃস্বলের মানুষ অন্ধভাবে মমতা বন্দোপাধ্যায়ের সমর্থনে এগিয়ে এলো এবং তৃণমূলের আসন আপনারা জানেন, আপনাদের বিরোধীতা সত্ত্বেও সাধারণ মানুষের ভোটে বেড়ে গেলো। এই যে নোট বন্দির কাণ্ড, যেটা নভেম্বরে ঘটল, এই তুঘলকি কাণ্ড, ৯ই নভেম্বর ভারতবর্ষের যে রাজনৈতিক ব্যক্তিত্বের কণ্ঠ থেকে প্রথম প্রতিবাদ ধ্বনিত হয়েছিল, তাঁর নাম হচ্ছে মমতা বন্দ্যোপাধ্যায়।

তারপর সবাই মমতা বন্দ্যোপাধ্যায়কে ঘিরে তাঁর কথাকে আন্দোলিত করে সারা ভারতবর্ষে আলোড়ন সৃষ্টি করেছিল। আপনি ভাবুন। আমি হুগলী জেলার ছেলে। হুগলীর মত অনেক জেলা আছে। আলু চাষ কৃষকদের কাছে একটা অর্থকরী বিষয়। আজকে মাঠে আলু উঠছে। এই আলুর ব্যাবসা সবটাই কাঁচা টাকার উপর নির্ভরশীল। তারা কোথায় যাবে? সেই ৫০ দিনের প্রতিশ্রুতি, এখনও চলছে। এখনও নোট সমস্যায় আমরা জর্জরিত। কি করছে সরকার? যেহেতু মমতা বন্দ্যোপাধ্যায় সবচেয়ে বলিষ্ঠভাবে তাঁর এই সিদ্ধান্তের প্রতিবাদ করেছেন, সারা দেশে আন্দোলনের মাধ্যমে একটা দাগ কেটেছেন,তাই তাকে, তার সরকারকে, তার দলকে হেয় করতে হবে এবং অত্যন্ত প্রতিহিংসাপরায়ণ হয়ে সি বি আইকে লেলিয়ে দেওয়া হচ্ছে। চিটফান্ড - আপনারা কেন চিটফান্ড নিয়ে এখানে কথা বলেন? আমি কয়েকদিন আগে আমাদের একটা পড়শি রাজ্যে গিয়েছিলাম। সেখানকার মুখ্যমন্ত্রী, যে চিটফান্ড নিয়ে এখন সবচেয়ে বেশি আলোচনা হচ্ছে, সেই

চিটফাণ্ডের তিনটে প্রোজেক্ট উদ্বোধন করেছিলেন। তার সরকারের একজন মন্ত্রী, তিনি ছিলেন ঐ চিটফান্ডের এজেন্ট। যখন গোলমাল শুরু হল তার ভাইকে এজেন্ট করে দেওয়া হল। এবং তার ভাইয়ের বাড়িতে যখন টাকা-পয়সা চাওয়ার জন্য পাওনাদাররা দিনের পর দিন হানা দিতে শুরু করল তিনি আত্মহত্যা করলেন। তিনি মন্ত্রী আছেন, উনি মুখ্যমন্ত্রী আছেন। সেখানে কিন্তু সি বি আই এখনও যায়নি। তাহলে এটা প্রতিহিংসাপরায়ণ নয়? আমি বলবো, কেন্দ্রীয় সরকার অত্যন্ত নির্লজ্জভাবে মমতা বন্দ্যোপাধ্যায়ের মা-মাটি-মানুষের সরকারের যে উজ্জ্বল ভাবমূর্তি তাকে মলিন করার চেষ্টা করছে। আমি তো বলছি আপনারা স্টাডি করুন, দেখুন এই যে কন্যাশ্রী, সবুজসাথি ইত্যাদি সমস্ত প্রকল্পগুলোকে নিয়ে আজকে পৃথিবীর আন্তর্জাতিক যে আর্থিক সংগঠনগুলো আছে - তারা পর্যালোচনা করছে, সমীক্ষা করছে যে অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া দেশগুলোতে, তারা বলছে- এই সমস্ত প্রকল্পগুলোকে যদি আমরা বাস্তবায়িত করতে পারি তাহলে গরীব মানুষ, পিছিয়ে পড়া মানুষদের সাহায্য করতে পারবো"। আমি বলছি, ডেভলপমেন্টের এটা মডেল তৈরী করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। আপনারা সমালোচনা করছেন? সমালোচনা করুন, যেগুলো সমালোচনার বিষয় নিশ্চয়ই সমালোচনা করবেন। যেগুলো সমর্থন করার বিষয় সেগুলো সমর্থন করে বলুন যে, না এই কাজটা ভালো হয়েছে, এই কাজটা আমরা সমর্থন করি। কেন বলতে পারছেন না? কেন সংকীর্ণতা! কেন রাজনৈতিক সংকীর্ণতার মধ্যে আটকে রয়েছেন? আসুন না, বাংলাকে বিশ্বসেরা করার যে স্লোগান মুখ্যমন্ত্রী তুলেছেন, রাজ্যপাল তার ভাষণে সেটা বলেছেন, আমরা সেইভাবে সামিল হই। আমাদের পশ্চিমবঙ্গ অনেক পিছিয়ে গেছে। এখানে আমাদের একজন মাননীয় সদস্য বলছিলেন, দুর্গাপুর শ্মশান হয়ে যাচ্ছে। আমি শিল্পাঞ্চলের ছেলে। আমি হিন্দুস্থান মোটোরস, ডানলপের মত কারখানা উঠে যেতে দেখেছি। শ্মশান হয়ে গেছে আপনাদের আমলে। শিল্পাঞ্চল শ্মশান হয়েছে আপনাদের আমলে।।

...(গোলমাল)...

একজন মুখ্যমন্ত্রী ২৩ বছর শুধু শিল্প ধরতে গরমকালে ইউরোপে ছুটি কাটাতে যেতেন। একটাও শিল্প এসেছে? একটা শিল্পের নাম বলুন। ২৩ বছর। গরমকাল হলেই ইউরোপে ছুটি কাটাতে চলে যেতেন। তাঁর আমলের উন্নয়ন কি ছিল - নন্দন আর চন্দন। তাই তারা এখানে বসে শিল্পের কথা, উন্নয়নের কথা বলবেন, আর আমরা শুনবো এটা হতে পারে না। আমি বলছি, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মা-মাটি-মানুষের সরকারের যে সমস্ত উন্নয়নমূলক কাজ তাকে সমর্থন করুন। আপনারা এই সরকারের উন্নয়নের যে কর্মসূচী, তাকে বাস্তবায়িত করার যে কাজ, তার গতি বাড়াতে আরও সাহায্য করুন। তাহলে আমাদের পশ্চিমবঙ্গ এবং আমরা অনেকটাই এগিয়ে যেতে পারবো। আমরা পিছিয়ে গেছি সর্বক্ষেত্রে, শুধু রাজনীতি করতে করতে, শুধু রাজনীতি, শুধু সংকীর্ণতা করতে করতে। আমাদের কিন্তু আজকে বোধ হয় ভাবার সময় এসেছে। এত বড় একটা শিল্প সম্মেলন হচ্ছে, দেশের সমস্ত, প্রায় সমস্ত নামী শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিরা এসেছেন, বিদেশের প্রতিনিধিরা এসেছেন। একটা ৫০ জনের মিছিল বার করে - সেই জায়গাটায় আপনারা এখনও আটকে আছেন? আজও তো চীনে শক্তভাবে কমিউনিস্ট পার্টি টিকে আছে। চীনের ভাইস চেয়ারম্যান এসেছিল ২০১৫ সালের নভেম্বর মাসে।

[3.50 – 4:00 p.m.]

কোনো গোপন টোপোন নয়, প্রেস কনফারেন্স করে তিনি বললেন, আমরা - আমার সরকার চিনে একটা সমীক্ষা চালিয়েছে। সেই সমীক্ষায় দেখেছি ভারতবর্ষের সবচেয়ে সৎ রাজনীতিবিদের নাম মমতা বন্দ্যোপাধ্যায়। হেড কোয়ার্টার, এখনও আপনাদের হেড কোয়ার্টার। আর তো সারা পৃথিবী থেকে মুছে গিয়েছে। সুতরাং আপনারা এটা চিন্তা করে দেখুন। আপনারা বলছেন

রাজ্যপালের যে ভাষণ তা মিথ্যা। কোনটা মিথ্যা, উনি তো কম কথা বলেছেন development-এর কাজ। যেসমস্ত ভালো ভালো কাজ হয়েছে। সেতো কম বলেছেন। সংক্ষেপে বলেছেন। এবং সেগুলো আপনারা জানেন, এবং জনগণ জানেন। জনগণ জানেন বলেই, ওই বিগত বিধানসভা নিবার্চনে তারা চোখের মণির মতো মমতা বন্দ্যোপাধ্যায়কে রক্ষা করেছেন মা-মাটি-মানুষের সরকারকে রক্ষা করেছেন। তারজন্য আমরা গর্বিত। আমি আবারও এই সদনের কাছে এবং এটাও আপনাদের খেয়াল রাখতে হবে যে পশ্চিমবঙ্গে কি নির্বাচন হত আর বিগত বিধানসভা নির্বাচনটা কি নির্বাচন হয়েছে। ঘটনাচক্রে বলতে গিয়ে জানিয়ে রাখি ২০০৪ সালে নির্বাচনের পরে আমি একটা বই লিখেছিলাম, সেই বইটা বোস্টন ইউনিভার্সিটি এবং আরো কয়েকটি জায়গার সমস্ত যারা গবেষক তারা নিয়ে গিয়ে গবেষণা করে আমাকে উত্তরও পাঠিয়েছেন। যে, এরকম ভোটে হতে পারে আমরা কখনও কোনো কল্পনা করিনি। যাকগে সেসব কথা নিয়ে যত চর্চা করবেন আপনাদের অস্বস্তি বাড়বে। ওসব দরকার নেই। ওসব দরকার হয়েছে। আপনারা বলুন, আপনারাতো শরিক হয়েছেন আপনিওতো এই রিগিং-এর শিকার হয়েছেন একটা সময়। যাগে ছেড়ে দিন। ওসব কথা এখন আলোচনা করে লাভ নেই। এখন রাজ্যপালের ভাষণ সেই ভাষণকে এইজন্যই সমর্থন করছি যে, পশ্চিমবঙ্গের যে ছবি, আজকের যে ছবি, ভবিষ্যতের যে ছবি সেই ছবি সুন্দরভাবে এই ভাষণে ফুটে উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহোদয় এবং সমস্ত সদস্যকে নরস্কার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : Respected Speaker Sir, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে সম্মানীয় পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠি মহাশয় যে ভাষণ রেখেছেন আমি তার উপর সামান্য দু'একটি কথা বলতে চাই। উনি যখন ভাষণটি পাঠ করেন, আমি অত্যন্ত মনোযোগের সঙ্গে শোনার চেষ্টা করি। আমার ভাষণটি শুনে মনে হয়েছে যে, কেবলমাত্র সরকারের গুণগানই সমৃদ্ধ এই ভাষণ। অর্থাৎ ছোটো করে যদি বলি, তাহলে বলতে পারি এই ভাষণ হল সাফল্যের একটা ফুলঝুরি। প্রশংসার গীতিমালা। নেই কোনো পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ। ভালোটাকে ভালো, আর মন্দটাকে মন্দ বলার মতো কোনো ব্যবস্থা এর ভেতরে নেই। সুতরাং, আমি এই ভাষণটাকে সমর্থন করতে পারলাম না। সামান্য দু'একটি কথা বলব। কারণ বেশি বললে, বিরোধী বন্ধুরা হয়তো মনোক্ষুণ্ণ হয়ে যেতে পারে। তাই দু'একটি কথা বলব। আমরা কৃষকরা, কৃষকদের ধান কেনা হচ্ছে। আমরা এই সদনে জানলাম যে, কৃষকদের ধান কেনা হবে, চাষীদের থেকে নাম নেওয়া হবে। এবং তারা ওই মান্ডিতে গিয়ে ধান বিক্রি করতে পারবে। কিন্তু দুঃখের বিষয় হল, প্রকৃত যারা চাষী তাদের নামগুলো নেওয়া হচ্ছে না। অফিসে যাচ্ছে, ফিরে আসতে হচ্ছে। বিডিও অফিসে যাচ্ছে, ফিরে আসতে হচ্ছে। CPC-তে যাচ্ছে, ফিরে আসতে হচ্ছে। এবং শুধু তাই নয়, গত বছরে যে ধান কেনা হয়েছিল, যেখানে সুযোগ ছিল চাষীরা গিয়ে সরাসরি CPC-তে তাদের কাগজপত্র জমা দিয়ে ধান বিক্রি করতে পারবে। এবারে সেটাও বন্ধ হয়ে আছে। যেসমস্ত পঞ্চায়েত যারা সরকারের পঞ্চায়েত নয়, সেই পঞ্চায়েত-এর নামের তালিকাও বিডিও অফিসে গৃহীত হচ্ছে এবং CPC-তে তাদের ধান নেওয়া হচ্ছে না। প্রমাণ যদি চান, দয়া করে লিখে নিন। আমি গ্রাম পঞ্চায়েত-এর নাম বলছি, লিখে নিন। ঘোড়ারাস কুলীনগ্রাম গ্রাম পঞ্চায়েত। ভেরিফাই করবেন।

এখানে বসেই সেই ব্লকের বিডিওকে ফোন করে জেনে দেখুন। যে তাহাদের লিস্ট কার্যকরী হচ্ছে না। বসিরহাট উত্তর বিধানসভা কেন্দ্রে ঘোড়ারাস কুলিনগ্রাম আছে, একটি গ্রাম পঞ্চায়েত, যে পঞ্চায়েতে সরকারের লোক নেই, সরকার পক্ষ চালাচ্ছে না, সেই পঞ্চায়েত থেকে পাঠানো

লিস্টের কোন কার্যকরী করা হয়নি। বিডিও সাহেবকে বলেও কোন সুরাহা মিলছে না। সি পি সি কে বলেও কোন সুরাহা মিলছে না। চাষীদের কাছ থেকে সরাসরি নাম নেওয়া হচ্ছে না। আমি গ্রাম পঞ্চায়েতের নাম বললাম। মাননীয় মন্ত্রী যদি থাকেন, দয়া করে তদন্ত করে দেখবেন এবং যাতে গরীব চাষীরা তাদের উৎপাদিত ফসল পঞ্চায়েতের মাধ্যমে অথবা সরাসরি সি পি সি তে বিক্রি করতে পারে, দয়া করে তার বন্দোবস্ত করবেন। অত্যন্ত লজ্জার বিষয়, আমরা দেখছি, এই মুহূর্তে অনেক সুপার স্পেশালিস্ট হসপিটাল এখানে তৈরী হচ্ছে, যার ঘোষণা এই সদনে বারবার দেওয়া হচ্ছে, কিন্তু এটা কি আপনারা ভেবে দেখেছেন গ্রামে যে সমস্ত ব্লক, মেডিকেল অফিসগুলো আছে, প্রাইমারী হেল্থ সেন্টারগুলো আছে, যার অধিকাংশ জায়গাগুলোতে ডাক্তার নেই। ডাক্তারের অভাবে আউটডোর বন্ধ করে দিতে হচ্ছে। যেখানে ফার্মাসিস্ট দিয়ে ঐ প্রাইমারী হেল্থ সেন্টারগুলোকে চালাতে হচ্ছে। আমরা সুপার স্পেশালিস্ট হসপিটাল তৈরী করছি। অথচ তৈরী স্ট্রাকচারে কোন ডাক্তার দিতে পারছি না, চিকিৎসার পরিষেবা দিতে পারছি না। আমি দয়া করে সরকার পক্ষকে বলব, লিপিবদ্ধ করে রাখুন, ঘোড়ারাস কুলিনগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই, ফার্মাসিস্ট দিয়ে দীর্ঘদিন ধরে ঐখানে পরিষেবা দেওয়া হচ্ছে। আমি সরকারকে অনুরোধ করবো দয়া করে সেখানে ডাক্তারের ব্যবস্থা করুন। হাজার হাজার রোগী সেখানে হাজির হয় প্রতিদিন চিকিৎসার জন্যে, তারা চিকিৎসা পাচ্ছে না। চিকিৎসা থেকে তাদের ফিরে যেতে হচ্ছে। আমাদের অত্যন্ত লজ্জার বিষয়, আজকে সরকার কর্তৃক প্রদত্ত নিয়ম অনুসারে আমরা জানি সমস্ত জায়গায় রোগী কল্যাণ সমিতি আছে, যে রোগী কল্যাণ সমিতিতে এত দিন নির্বাচিত প্রতিনিধিরা তারাই ছিলেন তার চেয়ারম্যান। এ বছর থেকে শুরু হল হেরে যাওয়া বিধায়করা তার চেয়ারম্যান হয়েছেন, এর থেকে লক্কা উন্নয়ন কি হবে - আর কিছু হতে পারেনা, এর উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই, তাই আমি এর সঙ্গে এক মত হতে পারলাম না।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী কর্তৃক প্রদত্ত ভাষণ,তাঁকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। বিরোধীদের যে সংশোধনী আছে, যদি থাকে, তার বিরোধিতাও আমি এক সাথে করছি। আমি গতকাল রাত্রে অধ্যক্ষ মহাশয়, শ্রী শ্রী রামকৃষ্ণের কথামৃত পড়ছিলাম। শ্রী শ্রী রামকৃষ্ণের কথামৃত পড়তে গিয়ে একটা জায়গায় আটকে গেল, সেই জায়গাটায় আমি দেখলাম শ্রী রামকৃষ্ণ পরমহংসদেব দুই ধরনের মানুষের কথা বলেছেন। এক ধরনের মানুষ যারা আম খায়,খেয়ে মুখটা মুছে নেয়। আর এক ধরনের মানুষ আম খেয়ে কিছুটা আম রেখে দেয়, যাতে পাড়া প্রতিবেশী খেতে পায়। রামকৃষ্ণদেব বলেছেন, যে কিছু মানুষ আছে পাতকুয়ো খুঁড়তে আসে, তারা ঝুড়ি কোদাল নিয়ে আসেন, ঝুড়ি কোদাল দিয়ে পাতকুয়োটা খোঁড়ার পরে সেটা পাতকুয়োর মধ্যেই ফেলে চলে যায়। আর এক দল মানুষ আছেন ঝুড়ি কোদালটা সরিয়ে রাখেন, যদি পাশের বাড়ীর লোকের দরকার হয়,সেটাকে ব্যবহার করতে দেন। আমি দেখলাম বিরোধী রাজনৈতিক দলের নেতারা এখানে বলতে গিয়ে শুধুই বিরোধিতার কথা বললেন, তার মেয়ে বা ছেলে যে কন্যাশ্রী প্রকল্পে সাইকেলটা পেয়েছে,সেই সাইকেল নিয়ে নেতাদের ডাকা জাঠায় মিছিলে উপস্থিত হয়ে বাড়ীতে এসে সেই সাইকেলের সামনের যে এমব্লেমটা খুলে ফেলে দিচ্ছেন, কারণ ঐটা মমতা ব্যানার্জীর কন্যাশ্রী প্রকল্পের দেওয়া সাইকেল। ঐটাকে বলা যাবে না, মানুষের কাছে তোলা যাবে না।

[4.00 – 4:10 p.m.]

আমি দেখলাম এখানে ফিরোজাদি বলতে গিয়ে বললেন স্বাস্থ্য ব্যবস্থায় সবই যদি ফ্রি হয় তাহলে ফেয়ার প্রাইস শপ হয়েছে কেন। ওনারা স্বাদ নিচ্ছেন। সহযোগিতার। আমার নিজের

এলাকার হসপিটালে ডায়ালিসিস ইউনিট আছে। সেই ডায়ালিসিস ইউনিটে আগে ৭০০-৮০০ টাকা দিতে হত। ওটাও এই সরকারের আমলেই তৈরি। আগের সরকারের আমলে নয়। মাননীয়া মুখ্যমন্ত্রী সেই টাকাটা দেওয়াও বন্ধ করে দিয়েছেন। মানে এখন সম্পূর্ণ বিনা পয়সায় মানুষের ডায়ালিসিস হচ্ছে। তাই সমস্ত সুযোগ ওরা নিচ্ছেন। কিন্তু নিয়েই মুখটা মুছে ফেলছেন। মানুষকে বলছেন না। কারণ তাহলে মানুষ যদি মমতা ব্যানার্জীর হয়ে কথা বলেন। এটা অদ্ভুত। আমি দেখলাম রামকৃষ্ণদেব অতদিন আগে যা বলেছেন সেই উদাহরণ এখন এই বিরোধী দলের মানুষগুলোর সঙ্গে মিলে যাচ্ছে। রামকৃষ্ণদেব আবার আর একটা কথা বলেছেন। দু ধরনের প্রাণী আছে পৃথিবীতে। রামকৃষ্ণদেব রাজহংসের কথা বলেছেন। রাজহংসের গলায় একটা বিশেষ টকরস আছে। যে রসটা দিয়ে সে দুধ আর নোংরা জল মিশে থাকলে দুধটাকে আলাদা করে খেতে দেয়। ওনারা রামকৃষ্ণ দেবের সেই গল্প থেকে এখানে মনে পড়ছে এরা অন্যভাবে চলবে, এরা দুধকে আলাদা করে খাবে না। গুলিয়ে দিয়ে সেই গোলানো জলটাকে খাবেন। এরা শুধু বিরোধিতার কথাই বলবেন, অন্য কিছু বলতে পারবেন না। আমি বক্তৃতা শুনছিলাম, সুজনবাবু ভাঙড়ের কথা বলছিলেন। অসিতবাবু ভাঙড়ের কথা বলেছেন। আমি দেখছি। বিরোধীদল জোর করে ঘোট করেছেন। কাঁধে কাঁধ মিলিয়ে চলেছেন। কিন্তু এখানে বলতে গিয়ে অসিতবাবু বলছেন যে জমি অধিগ্রহণ হয়নি। জমি হাঙরদের কাছ থেকে কেনা হয়েছে। সুজনবাবু বলেছেন জমি অধিগ্রহণ হয়েছে। আগে ঠিক করুন কোনটা হয়েছে। আমি এই আলোচনাতে যেতে চাইছি না। আমি ওই কথা বলতে চাইছি না। সুজনবাবুও বলছেন যে এই কাজটা হয়েছে, সরকার সবকিছু কেড়ে নিয়েছেন। আগে ভাঙড়ের জমি নিয়ে শুধুমাত্র সেই এলাকায় যেখানে দাঁড়িয়ে সুজনবাবুরা বক্তৃতা দিতে গিয়েছিলেন। যে মানুষগুলো প্রচার করা শুরু করেছিলেন যে পাওয়ার গ্রিডের ইলেকট্রিকের লাইন ওপর দিয়ে গেলে তোমার বাড়ির বউয়ের বাচ্চা হবে না। সেই নেতাদের সামনে দাঁড়িয়ে সুজনবাবুরা হাসি হাসি মুখে বিরোধিতা করার কথা বলছেন। কিন্তু সুজনবাবুরা কি জানেন বা সুজনবাবুরা এটা বলছেন না যে ১৪.৪৪ একর জমি নেওয়ার জন্য পাওয়ার গ্রিড প্রকল্প যারা করছে কেন্দ্রীয় সরকারের তারা ৪.৩৬ কোটি টাকা দিয়েছিলেন ওদের ওখানে দেওয়ার জন্য। কিন্তু আমাদের সরকার মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন এই টাকাতে হয় না। ওখানে একটা কমিটি তৈরি করে দেওয়া হল। সেই কমিটি বলবে আরো কত টাকা দিতে হবে। সেই কমিটি বললো আরো ১৫ কোটি টাকা ওই চাষীদের দিতে হবে। তাহলে ১৫ আর ৪.৩৬ কোটি মিলে কত হল - ১৯.৩৬ কোটি টাকা, ১৪.৪৪ একর জমির জন্য দেওয়া হল। তাহলে কত দিল। ১.৪১ কোটি টাকা পার একরে জমির দাম উঠলো। দামটা ঠিক হয়নি? চাষীরা টাকা পায়নি? সেদিকে যাচ্ছেন না সুজনবাবুরা। পেয়েছি একটা সুযোগ, বিরোধিতা করি। মানুষের বিদ্যুৎ পৌঁছানোর দরকার নেই। যে সরকার পাঁচ বছরে পশ্চিমবাংলার প্রায় সব গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়েছে, সুন্দরবনের কয়েকটা দ্বীপের কয়েকটা গ্রাম ছাড়া বাংলার কোনো গ্রামে বিদ্যুৎ নেই বলা যাবে না। সেই জায়গায় ধাক্কা মেরে পাওয়ার গ্রিড প্রকল্পের কাজ বন্ধ করে দাও, বিদ্যুতের পোস্ট পোঁতা বন্ধ করে দাও, তাহলে উন্নয়নটা আটকে যাবে। মমতা ব্যানার্জীর সরকারের বিরুদ্ধে আমরা কিছু করতে পারব। এই জায়গাটায় আমার শুধু দয়া করে ওদের বলতে ইচ্ছে করে বিরোধিতার জন্যই শুধু বিরোধিতা? আমাদের মমতা বন্দ্যোপাধ্যায় সিঙ্গুরের আন্দোলন নিয়ে যে বিরোধিতা করেছিলেন সেই বিরোধিতা যে সঠিক ছিল আজকে সুপ্রিম কোর্ট বলে দিয়েছে। আজকে প্রমাণ করে দিয়েছে আরো একটা দিক দিয়ে আমার মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিতে হয় যে উনি সবার আগেই আন্দোলন শুরু করেন। ডিমানিটাইজেশান নিয়েও করেছেন, সিঙ্গুর নিয়েও করেছেন। আবার আজকে বোঝা যাচ্ছে যে টাটা এখন বলছে যে ন্যানো প্রকল্পটাই বাতিল করে দেব কিনা। সাধারণ মানুষের কাছে ন্যানো চলবে না। পশ্চিমবাংলায় ন্যানো চালু হল। সেটাও হয়তো বন্ধ হত। এটাও

বোধহয় বাংলার মুখ্যমন্ত্রী ঠিক সময় বুঝতে পেরেছিলেন যে ন্যানো প্রকল্প দিয়ে বাংলায় শিল্প হবে না। কিন্তু যারা বলছেন যে শিল্প হচ্ছে না, তাদের কাছে আমি বলছি একটু খবর নিয়ে দেখবেন, একটু খবর নিয়ে দেখবেন।

একটু খবর নিয়ে দেখবেন, 46% পাওয়ার কনজাম্পশান বেড়েছে, শুধুমাত্র ইন্ডাসট্রিয়াল প্রকল্পে, শুধুমাত্র কারখানার জন্য 46% পাওয়ার কনজাম্পশান বেড়েছে। কোম্পানিগুলো যে বিদ্যুৎ নেয় তার 46% পাওয়ার কনজাম্পশান বেড়েছে। সেই জায়গায় দাঁড়িয়ে আপনারা বলছেন কোন ইন্ডাস্ট্রি হয়নি। আপনাদের কথার সঙ্গে তো বাস্তবের কোন মিল খুঁজে পাওয়া যাচ্ছে না। ধান কেনা নিয়ে রফিকুল সাহেব বলতে গিয়ে বললেন, তার আগে ফিরোজা বিবিও বলেছেন। রফিকুল সাহেবের দুঃখটা আমি বুঝি। কারণ হাসনহাবাদে বামফ্রন্টের মন্ত্রীর বিরুদ্ধে লড়তে গিয়ে যখন জোর করে ভোট নেওয়ায় উনি হারতেন তখন ওনার কষ্টটা আমরা বুঝেছিলাম, এখন নতুন করে সেই দলের মানুষ হয়ে তাদের হয়ে বলতে গিয়ে ওনার কষ্ট হচ্ছে, আপনি বলছেন ধান কেনা হয়নি এবং উনি হিসাব দিলেন অনেক জায়গায় ধান কেনা হচ্ছে না। রফিকুল সাহেব একটা হিসাব আমি আপনাকে দিচ্ছি, পশ্চিমবাংলায় সরসরি ধান কেনার জন্য কেন্দ্রীয় ধান ক্রয় কেন্দ্র তৈরী হয়েছে ৩২৯টি। ৪১৫টি কো-অপারেটিভ ডি.পি.সি-র মাধ্যমে ধান কিনছি। আজ পর্যন্ত ২৬২ কোটি টাকা RTGS-এর মাধ্যমে কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পৌঁছেছে। কিন্তু কৃষকরা ব্যাঙ্ক থেকে টাকা পাচ্ছেন না। তার কারণ ডিমানিটাইজেশান। একজন কৃষক ১৪৭০ টাকা ধানের দাম পাচ্ছেন, আর ২০ টাকা মুখ্যমন্ত্রীর উৎসাহ ভাতা, সব মিলিয়ে মোট ১৪৯০ টাকা তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে ঢুকছে, কিন্তু ব্যাঙ্ক থেকে সে টাকা পাচ্ছেন মাত্র ৫০০। তাও অনেক সময় ব্যাঙ্ক বলছে দিতে পারব না। আমরা বুঝতে পারছি,এর ফলে কৃষকদের অসুবিধা হচ্ছে। এখনো পর্যন্ত ১ লক্ষ ১১ হাজার কৃষকের কাছ থেকে ধান কেনা হয়েছে, আর ৩ লক্ষ ১২ হাজার কৃষক নাম রেজিস্ট্রেশান করেছেন। তাহলে ধান কেনা হচ্ছে না কোথায়? আমি কালকের রাত অবধি পাওয়া হিসাব দিচ্ছি, এখনো পর্যন্ত কৃষকদের কাছ থেকে ২ লক্ষ ৬২ হাজার ৫০০ মেট্রিক টন ধান কালেকশান হয়েছে। আর অভাবি বিক্রি কোথাও নেই। আমাদের সমবায় সমিতিগুলো এই ব্যাপারে তৎপর রয়েছেন। আমি রফিকুল সাহেবকে বলছি, যদি কোন সমস্যা হয়ে থাকে তাহলে টোল ফ্রি নাম্বার নিশ্চয় আপনাদের সবার কাছে আছে, একবার সেখানে ফোন করে দেখুন, আপনার বাড়ির পাশে ধান ক্রয় কেন্দ্র তৈরী হয়ে যাবে। আজকে এই জায়গাগুলোতে কাজ হচ্ছে। কিন্তু ওনারা এসব দেখতে পাচ্ছেন না। আর ফিরোজা বিবি বলছিলেন, স্বাস্থ্য দপ্তরে নাকি কোন কাজ হয়নি। আমি প্রথমেই বলা শুরু করেছিলাম স্বাস্থ্যের কাজ নিয়ে, যেখানে বিনা পয়সায় ডায়ালিসিস হচ্ছে, যেখানে বিনা পয়সায় হার্টের অপারেশান হচ্ছে, যেখানে বিনা পয়সায় ক্যানসার রোগের চিকিৎসা হচ্ছে, সেই জায়গায় দাঁড়িয়ে যখন ওরা বলেন, কোন কাজ হয়নি, তখন সত্যি আমাদের অদ্ভুত লাগে, আমাদের ভাবতে ইচ্ছে করে ওরা কেন ভাবের ঘরে চুরি করছে। আর অশোক দিন্দা সাহেব একটা হিসাব দিয়েছিলেন, পশ্চিমবাংলায় কত পারসেন্ট মুসলিম বাস করে, আর কত পার্সেন্ট লোক স্কলারশিপ পেয়েছেন তার উপরে। দিন্দা সাহেবের একটু হিসাবে ভুল হয়েছে। উনি মাইনরিটি বলতে শুধুমাত্র মুসলমানদেরই বোঝেন। মাইনরিটির মধ্যে যে খৃস্টানরা পড়েন, মাইনরিটির মধ্যে যে বৌদ্ধরা পড়েন, মাইনিরিটির মধ্যে যে জৈনরা পড়েন, সেই হিসাবটা অশোক দিন্দা সাহেব রাখেননি। তার হিসাবেই গোলমাল হয়ে গেছে। তাই পরের চুরি ধরতে গিয়ে নিজেই যখন ফাঁকা পড়েছেন, সেটা উনি বুঝতে পারেননি। দিন্দা সাহেব এখানে বলতে আসার আগে একটু হিসাবগুলো বুঝে নিয়ে বলতে আসাই ভালো। আজকের দিনে দাঁড়িয়ে আমরা এমন একটা অবস্থার মধ্যে আমরা আছি, আপনারা দেখতে পাচ্ছেন না, আমরা আপনাদের বলছি, আমি যদি ক্রীড়া দপ্তরের দিকে যাই, সকালে অনেকক্ষণ ধরে অনেকে

বক্তব্য রেখেছেন,অনেক কথাই বলেছেন। আমি ডিমানিটাইজেশানে ঢুকছি না, আমি অন্য কোন জায়গায় যাচ্ছি না, আমি একটা ছোট্ট ক্ষেত্রে যাচ্ছি। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর মানবিক রূপটাকে তুলে ধরার জন্য। কারণ শঙ্কর মালাকার সাহেব বলেছেন এই সরকারের মন্ত্রীদের কাজ হচ্ছে শুধুমাত্র মুখ্যমন্ত্রীকে খুশী করা। খুব ঠিক কথা বলেছেন, শংঙ্করবাবু।

[4.10 – 4:20 p.m.]

একদম ঠিক কথা বলেছেন। কারণ বাংলার মুখ্যমন্ত্রীর কাজ হচ্ছে বাংলার মানুষকে সুখে রাখা। আর বাংলার মানুষের সুখে রাখার কাজ করতে গেলে বাংলার মুখ্যমন্ত্রী খুশী হচ্ছেন। বাংলার মুখ্যমন্ত্রীর খুশী হওয়া দেখেই সমর্থন জানাচ্ছে বাংলার আমজনতা। তাই ১৮৪ থেকে ২১১ -য় পৌঁছায় দলটা। আর আপনারা কমতে থাকেন। এটাই ফারাক। এখানে অনেকে দাঁড়িয়ে বলছিলেন নারীদের সব সম্মানের কথা। এই আমলে ধর্ষণ হয়, তার বিরুদ্ধে আমরা। কিন্তু এখানে কামদুনির শাস্তি হয়। এখানে কামদুনির দোষীরা শাস্তি পায়। এখানে মধ্যমগ্রামের দোষীরা শাস্তি পায়। এখানে পার্ক স্ট্রীটের দোষীরা শাস্তি পায়। কিন্তু ফিরোজা বিবি, যখন আপনার নন্দীগ্রামের বুকে আত্মজা মা ধর্ষিতা হন, তখন তারা শাস্তি পায় না। তখন আপনাদের বিবেক কাঁদে না। তখন আপনারা খুশী হন। আমি কয়েকজন খেলোয়াড়ের নাম বলব। শরওয়ান সেন - গোল্ড মেডেল পেয়েছিলেন। ১১০ মিটার হার্ডেলসে ১৯৫৪ সালে এশিয়ান গেমসে। ইউসুফ খান - গোল্ড মেডেল পেয়েছিলেন ১৯৬২ সালে এশিয়ান গেমসের রিলে রেসে। এছাড়াও মাখন সিং রিলে গেমসে ১৯৬২ সালে ফাইনালে সোনা পাওয়ার দলে ছিলেন। এই মানুষগুলো আজকে ভিক্ষে করছেন। কেউ কৃষি জমির কাজ করছেন। পশ্চিমবাংলার একজন খেলোয়ারও যদি অভাবে থাকে, বাংলার মন্ত্রীদের কাছে, বাংলার ক্রীড়া মন্ত্রী, বাংলার মুখ্যমন্ত্রীর কাছে গেলে পরে সেই মানুষগুলো সাহায্য পায়। এটাই অন্য রাজ্যের সঙ্গে আমাদের ফারাক। তাই আমি শেষ করবো, বাংলার বুকে নয়, ভারতবর্ষের বুকে, বাংলার আমজনতা আজকে বলছে - বেটা ক্যায়সে ভি হো তো হো যায়ে পর, মা তো মাই হোতা হ্যায়, তু ঝাককে দিল মে দেখ সব হামনে কিতনে দর্দ সে হোতা হ্যায়। মা হাম তোমারা বেটা হ্যা, মা হাম তোমারা বেটা হ্যায়। বাংলার মানুষ তাই আজকে মমতা ব্যানার্জীকে বলছেন, মা আমারা তোমার সন্তান, তুমি আমাদের রক্ষা করো। আমি এই রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী মোস্তাক আলম : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবাংলার ষোড়শ বিধাসভার চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী কর্তৃক যে ভাষণ ৩ রা ফেব্রুয়ারি এই সদনে পেশ করেছেন, তার উপরে আমাদের আলোচনা চলছে। আমি কয়েকটি বিষয় এই ব্যাপারে উল্লেখ করতে চাই এবং আমাদের শাসক দলের বেঞ্চের কথামতো আমরা বলতে চাই শুধু বিরোধিতার সুরে বিরোধিতা নয়। আমি দুটো টপিকসকে সমর্থন করতে চাই, বাকীগুলো সমর্থন করার কোন প্রশ্নই ওঠে না। প্রথমতঃ আমাদের দেশের এবং বিদেশের যারা প্রমিনেন্ট ফিগার, যারা পরলোকগমন করেছেন, তাদের শোক প্রস্তাব সমর্থন জানাই। সেই সাথে আমাদের বাংলার মাটিতে সে যেভাবেই খুন হোক না কেন, আমি সেই বিতর্কে না গিয়ে যারা খুন হয়েছেন তাদেরও নাম না হলেও যদি বলা হত কয়েকটা লাইন যোগ হত, তাহলে খুশী হতাম। যে না এদের প্রতি শ্রদ্ধা জানানো হল। সেই সাথে সাথে আমি যে বিষয়টাকে সমর্থন জানাতে চাই, আরও বিশদ থাকলে ভাল হত। নোট বাতিল প্রসঙ্গ, ডিমানিটাইজেশন বা আমাদের বি জে পি গভর্নমেন্ট, এখানে অল্প ভাবে বলা হয়েছে। এর আগে যদিও আমাদের আগের সেশনে আলোচনা হয়েছে, তবু এই প্রসঙ্গটাকে এখানে নথিভুক্ত করার জন্য আমি মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় রাজ্যপালকে ধন্যবাদ জানাব।

এই প্রসঙ্গে কেন সারা পৃথিবীর কোন উন্নতমানের দেশ, যে পাগলের প্রলাপটা বকেনি, যেটা আমার দেশের প্রধানমন্ত্রী বিগত দিনে এত প্রধানমন্ত্রী আমরা দেখলাম, নির্বাচনের প্রাক্কালে তিনি বললেন - মুঝে তক্ত চাহিয়ে, আগর তক্ত মিল যায়ে শ' দিন কা বীচ মে, হাম হার হিন্দুস্থানী কে অ্যাকাউন্ট মে হাম পন্দ্রেহ লাখ রুপিয়া দে দেঙ্গে। জনগণ খুশী হল। আর যারা প্রমোটার আছেন, প্রথম শ্রেণীর যারা শিল্পপতি, কোটি কোটি টাকা দিয়ে বিরোধী রাজনৈতিক দলগুলো, সমস্ত রাজনৈতিক দলগুলো নির্বাচনে যা খরচ করল, বি জে পি এককভাবে তিনগুণ বেশি টাকা খরচ করে ক্ষমতায় ফিরে আসলেন। ক্ষমতায় আসার পর সেই দাম্ভিকতা তার গেল। এক মাস কেন, অনেক দিন হয়ে গেল। কিছুই আমরা পেলাম না। যখন তিনি দেখলেন এতেও কিছু হচ্ছে না, সুইস ব্যাঙ্কের সেই ৬৩৪ জন, ভারতীয় যাদের টাকা রাখা আছে, তাদের তালিকা বের হল। উনি বললেন, ওদের কোমরে দড়ি বেঁধে সব টাকা নিয়ে আসব। সেটাও গেল।

দেশবাসী যখন আঙ্গুল তুলবেন সেই সময় তিনি করলেন কি? ক্ষমতায় এসে আমাদের ভারতবর্ষের রাষ্ট্রপ্রধান আজকে বিদেশের বিরুদ্ধে যদি যুদ্ধ ঘোষণা করতে হয় তাহলে সংসদীয় গণতন্ত্রে রাষ্ট্রপতিকে করতে হবে। তিনি মার্কিন রাষ্ট্রপ্রধান ওবামাকে নিয়ে আসলেন। আমার দেশের রাষ্ট্রপ্রতিকে দূরে সরিয়ে রেখে দেশের প্রধানমন্ত্রী বসে বড় বড় ভাষণ দিলেন - Thanks to the people of Delhi. তারা তার যোগ্য জবাব তাকে দিয়েছিলেন। দেশের রাষ্ট্রপ্রধানকে অবমাননা করে তিনি সেই জায়গাটাতে ছিলেন। বলতে আমার দ্বিধা নেই, এখানে আজকে আমাদের যিনি সিনিয়ার লিডার, জ্যোতির্ময় করবাবু, প্রাক্তন মন্ত্রী, প্রাক্তন অধ্যাপক এবং আমার কমিটির তিনি চেয়ারম্যানও আছেন। আমি শুধু বলব, একটা জায়গায় সব উনি সাবলিলভাবে তথ্য তুলে ধরে বলেছেন সঠিক তথ্য সঠিকভাবে কিন্তু একটা জায়গায় আমাদের তীব্র আপত্তি আছে। যে দল জাতির জনক মহাত্মা গান্ধীকে যে খুন করে নাথুনাম গডসে তাকে এরা প্রায় বিজিপির সাথে কংগ্রেসকে মেশানো - এটা কোনভাবেই কংগ্রেস পার্টি মেনে নিতে পারে না। কারণ যে প্রধানমন্ত্রী যিনি বলেছিলেন, দেশবাসীকে অনেক কিছু দেব। তার আঠারো মাসে ৯৮৪টি দাঙ্গা হয়েছে ভারতবর্ষে। সেই দলের সাথে কংগ্রেস কোনদিন আপোষ করেনি। কারা করেছে সদন ভালো করেই জানে। ইতিহাস তার সাক্ষী দেবে। আজকে আমরা বলতে চাই যে, এই ডিমানিটাইজেশান নিয়ে - এটা কথার কথা নয়, শুধু শাসকদল এর বিরোধিতা করছে, প্রতিবাদ করছে সেটা কথা নয়, বিজেপি বাদে সমস্ত রাজনৈতিক দলগুলো কে আগে, কে পরে সেটা কথা নয়, ইভেন আমাদের কংগ্রেস দলও এর চূড়ান্তভাবে বিরোধিতা করছে। তিনি বলেছিলেন- 'মুঝে পচাশ দিন ওয়াক্ত দিজিয়ে, পচাশ দিনকে বাদ আগার হিন্দুস্থান কা জন্তা কা সুখ না মিলে হামকো চোরাস্তা পর খারা করকে ফাঁসিমে লটকা দিজিয়ে'। তাই কংগ্রেস দল আজকে তার ব্যবস্থা করছে। আমাদের শাসকদলের বেঞ্চ থেকে বলা হচ্ছে, সবাই কেন আমরা এক সুরে কথা বলছি না। আপনারা বলছেন, বাংলা সঠিকভাবে চলছে। আমি আজকে এখানে বলতে চাই, 'গীতাঞ্জলি' ঘর - শাসকদলের লোকেরা রিকমেন্ডেশান করলে হবে, বিরোধীদের কেন হবে না? কেন আজকে আমাদের এই বক্তৃতার মধ্যে একটা বারও নেই। ভারতবর্ষের একটা স্টেটের কথা বলুন যে, উন্নয়ন খাতে - আপনারা তো ২১১, কেন ২১০ জন বলতে পারবেন না মুখ্যমন্ত্রীকে যে, পাশে ঝাড়খণ্ডে পাঁচকোটি টাকা উন্নয়ন খাতে, বিহার- যাদেরকে আমরা বলি, পিছিয়ে আছে তাদেরও আজকে দু'কোটি টাকা, তাহলে আজকে আমাদের কেন ষাট লক্ষ টাকা? সেটা এই জায়গাতে নেই কেন? শাসকদল বলছেন, চিকিৎসার ব্যাপারে আমাদের কথা। ডাইলাসিস ফ্রি অফ কস্ট হচ্ছে। আমি বিধায়ক হিসাবে বলছি, আমাদের চিঠিকে - আজকে এমস-এর সুপাররা বলছেন, এম.এল.এ. দের চিঠি আমাদের দেখতে দেখতে চুল পেকে গেল। আজকে দয়া করে আপনাদেরকে বলতে চাই, প্রত্যেক থানা এলাকাতে দেখুন গিয়ে কীভাবে বিরোধীদলের এম.এল.এ. দের খগেন মর্মূর

ওপর হামলা, আমাদের মানিকচকের এম.এল.এ. ওপর হামলা। দয়া করে একটা জিনিস মনে রাখতে হবে history repeats itself. ১৯৮০ সালের ১৬ই আগস্ট-এ হাজরা রোডে - আজকে যিনি বাংলার মুখ্যমন্ত্রী উনি আমাদেরও মুখ্যমন্ত্রী, সেদিন তিনি নেত্রী হিসাবে আন্দোলন করতে গিয়ে তার ওপর হামলা হয়েছিল। যারা দু'জন তাকে বুক পেতে রক্ষা করেছিল, তারপর যখন ৯১ সালে ২১শে জুলাই মারা গেল সেই মূল্যবোধের রাজনীতি আজকে কিন্তু আমরা দেখতে..... ....(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়)....

[4.20 – 4:30 p.m.]

শ্রী আব্দুল মান্নান : স্যার, আপনি জানেন স্যার, আমাদের কালকে একটা আইন আসবে, একটা বিল আসবে। বিলগুলো নিয়ে কোন সন্দেহ নেই। আমরা অ্যাডভোকেট জেনারেলকে ডেকে পাঠাই, হাউজ পারে, ব্যাখ্যা দেওয়ার জন্য। এই মাত্র খবর পেলাম অ্যাডভোকেট জেনারেল এবং অ্যাডিশনাল অ্যাডভোকেট জেনারেল দু'জনই পদত্যাগ করেছেন। বিধানসভা চলছে। গুরুত্বপূর্ণ আইন প্রণয়নের ক্ষেত্রে তাঁর ওপিনিয়ন চাই আমরা। সেক্ষেত্রে দু'জনই যদি পদত্যাগ করেন, এটা খুবই দুর্ভাগ্যের। এব্যাপারে যদি একটু বিস্তারিত বলেন, মাননীয় মন্ত্রীরা কেউ একটু বিস্তারিত বলেন, কেন পদত্যাগ করলেন? কারণ টি.ভি., মিডিয়ায় অনেক কিছু দেখাচ্ছে। যদি সেগুলো সত্যি হয় আরো বিপজ্জনক। রাজ্য সরকার এমন বে-আইনী কাজ করছেন যে অ্যাডভোকেট জেনারেলও মেনে নিতে পারছেন না। এটা খুব দুর্ভাগ্যের স্যার, একটু আপনার দৃষ্টি আকর্ষণ করছি। একটু মাননীয় মন্ত্রীরা বিবৃতি দিয়ে বলুন।

শ্রী সুজিত বোস : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী গত 3rd ফেব্রুয়ারি এই পবিত্র সদনে যে বক্তব্য রেখেছেন তাকে সমর্থন করে দু'একটা কথা আমি বলতে চাই।

আমি অনেকক্ষণ ধরেই আলোচনা শুনছিলাম। আজকে অধিবেশনের শেষের দিকে দু'একটা কথা এই সভায় উত্থাপন করতে চাই। বিশেষ করে যাঁরা বিরোধী দল আছে আমি তাঁদের প্রতি সম্মান জানিয়ে দু'একটা কথা বলছি। আমি দেখছি বিরোধিতা করার জন্য যেন সব ব্যাপারে বিরোধিতা হচ্ছে। মানুষ যখন পশ্চিমবঙ্গের বাইরে থেকে এ রাজ্যে আসে, কিছুদিন আগে একটা বিজনেস সামিট হয়ে গেলে এরাজ্যে, আবার দেখলম অনেক বিদেশী ডেলিগেটও ছিল, বিভিন্ন রাষ্ট্র থেকে লোকেরা এসেছিল এখানে, এটা আমার মুখের কথা নয়, তাঁরাও বলছে এই রাজ্যে পরিবর্তন হয়েছে। পরিবর্তন মানে শুধু ফ্লাগের পরিবর্তন আমি মনে করি না। পরিবর্তন মানে আমি এটা মনে করি না যে একটা ঝান্ডার পরিবর্তন হচ্ছে। কাজের ক্ষেত্রেও পরিবর্তন এই রাজ্যে হয়েছে। এয়ারপোর্ট থেকে যখন কলকাতার বুকে আসছেন কিম্বা শহরের বিভিন্ন প্রান্তে আপনারা যান, এটা অতি-নিন্দুকেরাও, যারা নিন্দা করে তারাও বলে "না, আজকে শহরে যখন আমরা প্রবেশ করছি দেখছি রাস্তা-ঘাট ভালো হয়েছে, উন্নত মানের আলো হয়েছে, এই রাজ্যে প্রচুর বিউটিফিকেশনের কাজ হয়েছে, এই রাজ্যে অনেকগুলো ডেভেলপমেন্টের কাজ হয়েছে, কন্যাশ্রী, সবুজসাথী থেকে শুরু করে খাদ্যসাথী, বিভিন্ন রকম প্রকল্প হয়েছে।"

আমি শুধু বিরোধীদের একটা কথা বলব, ৩৪ বছর আপনারা ক্ষমতায় ছিলেন, দায়িত্ব আপনাদেরও ছিল। কিন্তু পাহাড়ের যে সমস্যা ছিল, জঙ্গলমহলের যে সমস্যা ছিল সেইসব সমস্যার সমাধান যেমন আপনারা কোনদিন করতে পারেননি তেমনি মেটানোরও কোনদিন চেষ্টা করেননি। অতি সদ্য আমাদের যিনি মুখ্যমন্ত্রী ছিলেন রাজ্যের তিনি, আমার পূর্ববর্তী বক্তা বলে

গেছেন, তিনি আলিমুদ্দিন আর নন্দনের বাইরে বেরিয়ে রাজ্যটাকে ঘুরে দেখার চেষ্টা করেননি। শুধু কর্মীদের ওপর নির্ভর করেছেন আর সংগঠনের ওপর নির্ভর করেছেন। কিন্তু আমি দায়িত্ব নিয়ে গর্বের সঙ্গে বলতে পারি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ক্ষমতায় আসার আগেও তিনি জঙ্গলমহলে গিয়ে সভা করেছেন। জঙ্গলমহলে গিয়ে সভা করেছেন তাই না তিনি সেখানকার মানুষের প্রকৃত সমস্যা জানার চেষ্টা করেছেন। খাদ্যের সমস্যা সেখানে ছিল, সেখানে শিক্ষার সমস্যা ছিল, পানীয় জলের সমস্যা সেখানে ছিল, সেখানে চাকরীর সমস্যা ছিল। কিন্তু আমাদের সরকার ২০১১ সালের আসবার পরে প্রথমেই জঙ্গলমহলের এবং পাহাড়ের সমস্যার সমাধান হয়েছে। এটা দায়িত্ব নিয়ে বলতে পারি। জঙ্গলমহলে আজকে যে ডেভেলপমেন্ট হয়েছে বিগত সরকার তা করতে পারেনি। সেখানে যারা অতি-বামপন্থী ছিলেন তারা মানুষকে দমন-পীড়ন করতে গিয়েছিলেন। দমন-পীড়ন করতে গিয়ে সেখনে বহু মানুষকে জীবন দিতে হয়েছিল। কিন্তু এই সরকারের আমলে আমরা দেখেছি বার বার মাননীয়া মুখ্যমন্ত্রী সেখানে গেছেন শুধু না সেখানকার মানুষের প্রকৃত সমস্যা কী তা ১,২,৩,৪ করে জেনে সমাধান করেছেন। আজকে জঙ্গলমহল শান্ত হয়েছে।

পাহাড়। আমরা কিছুদিন আগে দেখলাম ২৩শে জানুয়ারি নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মদিন পাহাড়ে রাজ্য সরকারের পক্ষ থেকে পালন করা হল। তার মধ্যে দিয়ে পাহাড়ের মানুষকে তিনি বার্তা দিয়েছেন। পাহাড়ে নিশ্চয় দীর্ঘদিন মানুষের সমস্যা ছিল। পাহাড়ে জি.টি.এ.-র নির্বাচন হয়েছে। সেই নির্বাচনে আমরা জিততে না পারলেও সরকারের পক্ষ থেকে যে দায়িত্ব পালন করার সরকার তা দায়িত্ব সহকারে পালন করেছে, করছে।

তাই আমরা বলি এই সরকারকে যতই আপনারা বলুন, ক্রিটিসিজম করুন, ডেমোক্রেসির কথা বলুন, ডেমোক্রেসিতে গণতন্ত্রের কথা বলি, ডেমোক্রেসি- বিগত সরকারের আমলে কোথায় গণতন্ত্র ছিল? একটা নির্বাচন থেকে শুরু করে প্রত্যেকটা নিবার্চনে আমরা দেখেছি। আর আজকে যে স্কুল কলেজের কথা বলছেন, এই স্কুল কলেজের কথা আপনাদের মুখে শোভা পায় না। তার কারণ আপনারা নিজেরা ভাল করে জানেন কোন কলেজের কে কি হবে, কোন বিশ্ববিদ্যালয়ে কি কি হবে, এটা আলিমুদ্দিন থেকে ঠিক হয়ে আসে। সুতরাং আপনারা যখন বলছেন এসব কথাগুলো আমি মনে করি এই কথাগুলোর ভিত্তি কিছু নেই। সরকার নিশ্চয়ই দেখবে। সরকার নিশ্চয়ই তার লোককে বসাবে, সরকার চেষ্টা করবে, শিক্ষাবিদকেই বসাবে। যাতে সেই শিক্ষাবিদ কলেজটা ভালো করে চালাতে পারে। দু-একটা জায়গায় ভুল কিছু হচ্ছে এটা আমি মনে করি না। দু -একটা ভুল ক্ষেত্রবিশেষে হতে পারে। একটা সরকার একটা বৃহৎ জায়গায় কাজ করছে। বিকৃতভাবে কোথাও কোন ঘটনা ঘটতে পারে। আমি মনে করি এটা ভুল কিছু না। কাজ করলেই মানুষের কিছু ভুল হয়। আমি যদি কিছু কাজ করি - দৈনন্দিন আমি যে কাজ করি আমি মনে করি একশোটা কাজ করছি। সেগুলোর সব যে ঠিক হচ্ছে এটা কখনও মনে করি না। কিন্তু দু-একটা কোথাও ভুল হয়েছে সেই কাজটার কি করে রেকটিফিকেশন করতে হবে তার চেষ্টা করতে হবে। এই সরকারের বয়স হচ্ছে ৬ বছর। ৬ বছরের মধ্যে আমি বলবো যে কাজটা সরকার করছে, যে পজেটিভ কাজ করছে, সেই ইতিবাচক কাজটাকে আমাদের মনে করতে হবে, ইতিবাচক কাজটাকে আমাকে সমর্থন করতে হবে। হ্যাঁ যদি কোথাও ভুল থাকে, বিভ্রান্তি থাকে কোন জায়গায়, আমার মনে হল এই কাজটা ঠিক হচ্ছে না আমার নিশ্চয়ই সেখানে বলবার অধিকার আছে। সুতরাং শুধু বিরোধিতার জন্য আমি বিরোধিতা করবো, আজকে আমি বলতে পারি শিক্ষায় অনেকগুলো কলেজ হয়ে গেছে। অনেকগুলো বিশ্ববিদ্যালয় এখানে হয়েছে। আগে কটা বিশ্ববিদ্যালয় ছিল এখন কতগুলো বিশ্ববিদ্যালয় হয়েছে? কোচবিহারে পঞ্চবর্মা ইউনিভার্সিটি হয়েছে, বর্ধমানে নজরুল ইউনিভার্সিটি হয়েছে, ডায়মন্ডহারবারে মহিলা ইউনিভার্সিটি হয়েছে,

সেন্ট জেভিয়ার্স কত বড় একটা বিশ্ববিদ্যালয় বানাচ্ছে রাজারহাটে, প্রেসিডেন্সির সেকেন্ড ক্যাম্পাস হচ্ছে, আলিয়া ইউনিভার্সিটি হয়েছে। সাথে সাথে ১৫ খানা কলেজ তৈরি হয়েছে এই রাজ্যে। আজকে রাজ্যের বিভিন্ন জায়গায় ৪৬ টি কলেজ হয়েছে। সুতরাং কিছুই হয়নি যদি কেউ মনে করে আর সব কাজ যে রাতারাতি হয়ে যাবে, এটা সবাই জানে সব কাজ রাতারাতি করা সম্ভব না। আজকে বিভিন্ন জায়গায় আমরা দেখছি বাসরুট বাড়ছে। নতুন বাস কেনা হচ্ছে, নতুন বাসরুট হচ্ছে। রাজ্য সরকারের পক্ষ থেকে কাজ হচ্ছে। ওয়াটার ট্রান্সপোর্টেশান ভাল করবার চেষ্টা হচ্ছে। সরকারের একটা ইতিবাচক দিক আছে। আমি যদি সবটাই মনে করি নেতিবাচক এটা ভুল, ওটা ভুল, এটা ঠিক, এটা বেঠিক - এটা করার সময় এখন না। ল অ্যান্ড অর্ডার আমি বলবো অনেক ভাল আছে। কিছু কিছু জায়গায় কিছু বিক্ষিপ্ত ঘটনা ঘটে। আর আজকে আমি বলবো দিলীপবাবু থাকলে ভাল হত- ডিমানিটাইজেশানের ফলে নোট বাতিলের পরে সাধারণ মানুষের যে দুর্দশা সেটা সব ক্ষেত্রেই সব জায়গায় মানুষের ক্ষেত্রেই সেটা এফেকটেড হয়েছে। সব থেকে বেশি যদি ক্ষতিগ্রস্ত হয়ে থাকে, সব থেকে যদি বেশি লোক মারা যায় তাহলে গরীব লোক সেখানে মারা গেছে, অন্য লোক কেউ মারা যায়নি। সব থেকে যদি ক্ষতিগ্রস্ত হয়ে থাকে তাহলে পিছিয়ে পড়া মানুষরাই এতে ক্ষতিগ্রস্ত হয়েছে। বড় লোকদের কোন ক্ষতি হয়নি। কারণ দিল্লির যে সরকার, সেই সরকার কিছু কিছু মানুষের স্বার্থ রক্ষার জন্য এই সমস্ত প্রক্রিয়াগুলো নিয়েছে। সাধারণ মানুষের জন্য কিছু নেয়নি। আজকে আমি দুম করে একটা নোট বাতিল করে দিলাম, পাঁচশো এবং হাজার টাকার নোট বাতিল করে দিলাম কিন্তু বিকল্পটা আমার কাছে কি? যে পরিমাণ নোট আমাদের বিশেষ করে ব্যাঙ্কে মজুত থাকার কথা ছিল মানুষ দিনের পর দিন হয়রানি হয়েছে। মানুষ সেখানে গিয়ে মারা যাচ্ছে। আর মানুষকে সবথেকে দুর্ভোগের মুখে এই সময় মানুষকে পড়তে হয়েছে। আমি মমতা ব্যানার্জীকে ধন্যবাদ জানাব তার কারণ মমতা ব্যানার্জী রাস্তায় নেমেছিলেন। রাস্তায় নেমে রিজার্ভ ব্যাঙ্কের সামনে সাধারণ মানুষের সংগে কথা বলেছিলেন। একই সঙ্গে দিল্লিতে গিয়ে, লক্ষ্ণৌতে গিয়ে, বিহারে গিয়ে সভা করেছিলেন তিনি। তিনি কি বলেছিলেন, তিনি বলেছিলেন সাধারণ মানুষের হয়রানির কথা তিনি বলেছিলেন, অন্য কথা তিনি কিছু বলেননি।

[4.30 – 4:40 p.m.]

তাই আপনারা এটাকে নিয়ে যদি ক্রিটিসিজম করেন, আমি বলবো এটা ঠিক হচ্ছে না। দিল্লি সরকার বলেছিল, আচ্ছে দিন আনে ওয়ালা সরকার। আচ্ছা দিন কি বুরা দিন মানুষ বুঝতে পারছে। আজকে মানুষ বুঝতে পারছে, কিছুদিন আগে বাজেট পেশ হয়ে গেল। সেই বাজেটে আমরা দেখলাম কোন ইতিবাচক দিক নেই। কোন ইতিবাচক দিক সেখানে নেই। সেখানে আমরা দেখলাম, তারা বলেছিলেন বিদেশ থেকে কালো টাকা উদ্ধার করে নিয়ে আসবে। আজকে বিদেশ থেকে একটা কালো টাকা উদ্ধার করতে পারেনি। সুইস ব্যাংকে তারা বলেছিল, নামের তালিকা তারা প্রকাশ করবে। একটা নামের তালিকা তারা প্রকাশ করতে পারেনি। সামনে ইউ.পি. -র নির্বাচন আছে। পাঞ্জাবের নির্বাচন হয়ে গেছে। তাই বলি নিশ্চয় একটা সরকার পাঁচ বছর দায়িত্ব পেয়েছে কিন্তু যে ক্ষতিটা আজকে সারা দেশের ১২৭ কোটি মানুষকে - যেখানে ৫০ কোটি মানুষের ব্যাংকের সাথে তাদের কোন ট্রানজাকশান নেই সেই দেশে তিনি যে প্লাস্টিক কার্ড চালু করবার কথা বলছেন। কত বড় আহাম্মকের মত কথা বলছেন সেটা আমরা উপলব্ধি করতে পারছি। তার কারণ আমরা এই কথা মনে করি, ডিমানিটাইজেশানের ফলে আজকে সামগ্রিক শুধু এই জায়গা নয় সারা দেশে তার এফেক্ট পড়েছে এবং পড়বে। তাই আজকে এই পবিত্র সদনে আমি বলবো রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ, নমস্কার।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, একটা পয়েন্ট অফ ইনফর্মেশান,একটা খুব বিব্রতকর, নিশ্চয়ই সংবাদ মাধ্যমে দেখেছেন। আজকে দুপুর বেলা ***

(গোলমাল)

মিঃ স্পীকার : দিস ইজ নট গো অন রেকর্ড। প্রশাসন যা ব্যবস্থা নেওয়ার নেবে। দিস ইজ নট গো অন রেকর্ড। এটা রেকর্ডে যাবে না।

ডঃ সুজন চক্রবর্তী :***

মিঃ স্পীকার : এর একটাও যাবে না, একটা শব্দও রেকর্ডে যাবে না।

ডঃ সৌরভ চক্রবর্তী : পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল মহাশয় মহোদয়ের গত ৩রা ফেব্রুয়ারি তার বক্তব্যকে অকুণ্ঠ সমর্থন জানাই। রাজ্যের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পাহাড় থেকে জঙ্গল মহল আজকে উন্নয়ন, প্রগতি এবং শান্তির বাতাবরণ প্রতিষ্ঠিত হয়েছে। আজ বিশ্বের মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পাহাড় থেকে জঙ্গল মহলের উন্নয়নের যে জয়যাত্রা এটা শুধু পশ্চিমবঙ্গের বিষয় নয়। এটা শুধু ভারতের বিষয় নয়। এটা আজকে সারা বিশ্বের কাছে সমাদৃত। যখন আমাদের এই রাজ্যে উন্নয়নের বার্তা ঠিক সেই সময় আমাদের মাননীয় রাজ্যপাল, আমাদের শ্রদ্ধেয় রাজ্যপাল মহোদয় তিনি তার ভাবরশ্মির বিচ্ছুরণে আমাদেরকে মোহিত করলেন গত ৩রা ফেব্রুয়ারি। মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বাংলার উন্নয়নকে তিনি প্রজ্জ্বলিত করলেন, আমাদের উৎসাহিত করলেন। আমি তার বক্তব্যকে অকুণ্ঠ সমর্থন জানিয়ে আজকে এখানে বলতে এসেছি। ভারতের পবিত্র যে সংবিধান সেই সংবিধানকে পদদলিত করেছে। ভারতবর্ষের সরকার। ডিমানিটাইজেশান ৫০০ এবং ১০০০ টাকার নোট বাতিল। আর.বি. আই. -এর যে গাইড লাইন, আর.বি.আই.-এর যে সিদ্ধান্ত অটোনমি তাকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে ভারতবর্ষের সরকার ডিমানিটাইজেশান করেছেন। রাজ্যপাল মহোদয় তার বিরুদ্ধে বলেছেন। ভারতবর্ষের একমাত্র রাজনৈতিক দল তৃণমূল কংগ্রেস, ভারতবর্ষের একমাত্র নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সারা ভারতবর্ষ জুড়ে বাংলা থেকে দিল্লি, দিল্লি থেকে লক্ষ্ণৌ, লক্ষ্ণৌ থেকে আসাম, আসাম থেকে ভোপাল, ভোপাল থেকে বিহার, বিহার থেকে শুরু করে উড়িষ্যা - ভারতবর্ষের দিকে দিকে আওয়াজ তুলেছেন ডিমানিটাইজেশানের বিরুদ্ধে।

কেউ তোলেননি। নেত্রীর নেতৃত্বে যখন ডিমানিটাইজেশান নিয়ে আন্দোলন, তখন আমরা দেখলাম যে প্রকৃত মহামতি গোখলে সাহেব বলেছিলেন, যখন ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে বাংলা নেতৃত্ব দিচ্ছিল, সেইসময় মহামতি গোখলে বলেছিলেন হোয়াট বেঙ্গল থিংকস টুডে, দ্যাট ইন্ডিয়া উইল থিংকস টুমরো। আমরা আজকে বলি হোয়াট মমতা বন্দ্যোপাধ্যায় থিংকস টুডে, ইন্ডিয়া উইল থিংকস টুমরো, ইন্ডিয়া ইজ থিংকিং, ইন্ডিয়া ইজ থিংকিং। আজকে ভাবতে হবে ডিমানিটাইজেশান। কোথায় নিয়ে গিয়েছিলেন আজকে ভারতবর্ষের ইকনোমিকে। ভাবুন, একটা রাজ্যে ছয় হাজার কোটি টাকার রাজস্ব ক্ষতি হয়েছিল। ১ কোটি ৮০ লক্ষ মানুষ কর্মসংস্থান হারিয়েছে। একটা রাজ্যের বুকে দাঁড়িয়ে আমরা এই জায়গায় বলতে পারি যে তার বিরুদ্ধে যখন মমতা বন্দ্যোপাধ্যায়ের আন্দোলন, আমরা দেখলাম যে তারিখ পে তারিখ,

---

***'অধ্যক্ষের আদেশ ক্রমে বাতিল'

তারিখ পে তারিখ, তারিখ পে তারিখ। আপনারা জানেন হিন্দি একটা ছবি আছে,সানি দেওল সেই ছবির নায়ক ছিলেন। সেখানে বলা হয়েছিল তারিখ পে তারিখ আদালতের কাছে। আর আমাদের মাননীয় প্রধানমন্ত্রী, তিনি সাতবার অডার বদল করলেন। বহুবার ডিমানিটাইজেশান হয়েছে ভারতবর্ষে। কিন্তু প্রতিবার সরকার ব্যাকফুটে গেছেন। মানুষ ব্যাকফুটে গেছে। তার থেকে শিক্ষা নেননি নরেন্দ্র মোদীর সরকার এবং সাতবার কনসিকোয়েন্ট অর্ডার, অর্ডার পে অর্ডার, অর্ডার পে অর্ডার, অর্ডার পে অর্ডার। এ যেন তারিখ পে তারিখ, তারিখ পে তারিখ, তারিখ পে তারিখ। যখন আমরা আন্দোলনে, যখন অধিবেশন থেকে সংসদে তৃণমূল কংগ্রেসের সাংসদ, বিধায়করা আন্দোলনে, তখন সেই আন্দোলনকে পেছন থেকে ছুরি মারার জন্য বর্তমানে বামফ্রন্টচুনেট যারা আছেন, তারা বি জে পির লেজুড় বৃত্তি করে বাংলায় বনধ ডেকে আমাদের আন্দোলনকে পেছন থেকে ছুরি মারার চেষ্টা করেছিলেন। সেই মানুষ সেই বনধকে সমর্থন করেননি। তারা ভোটেও হেরেছেন, বনধে ও রাজনীতিতেও হেরেছেন। তারপরে বড় বড় গলায় কথা বলছেন। মমতা বন্দ্যোপাধ্যায় প্রকৃত বলেছেন সমগ্র ভারতবর্ষের মানুষকে যে সমবায় ক্ষতিগ্রস্ত হয়েছে। হয়েছে আজকে, প্রমাণিত। বিরোধীরা ধান কেনার ব্যাপারে বলছেন। ধান কিভাবে কেনা হচ্ছে। আপনারা নিজেরাই জানেন না। ধান কেনার জন্য কোন টাকার দরকার হচ্ছে না। পড়াশোনা করুন, জানুন, মাটির সঙ্গে যোগাযোগ রাখুন। এ বছরই প্রথম মমতা বন্দ্যোপাধ্যায়, বাংলার মুখ্যমন্ত্রী, তিনি ঘোষণা করেছেন ধান কেনার জন্য কোন সোসাইটি, কর্পোরেটকে, কোন কোঅপারেটিভকে কোন টাকা দিতে হবে না। আমরা উত্তরবঙ্গে সাড়ে পাঁচ লক্ষ ধান কেনার টার্গেট রেখেছি। সেই ধান আমাদের উত্তরবঙ্গে এবং জলপাইগুড়ি সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাংকে চারটে, জেলায় আমাদের ১৮টা ব্যাংক, আমাদের প্রায় সাড়ে চারশো প্যাক্স, আমাদের বিভিন্ন সোসাইটির মাধ্যমে আমরা টার্গেট নিয়েছি। আমরা মার্চ মাসের মধ্যে সেই টার্গেট মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে, খাদ্যমন্ত্রীর উদ্যোগে ফুলফিল করার জন্য অনেকদূর এগিয়ে এসেছি। ধান কেনা হচ্ছে না? ধান কেনার সেন্টারে যান। ধান কেনার সেন্টারে গিয়ে দেখুন কোথায় ধান কেনা হয়। যে কৃষক ধান বিক্রি করার জন্য দূরে যেতে পারছেন না, তার বাড়ীর সামনে ধান কেনা হচ্ছে। আপনারা খবর রাখেন না। নিজেদের বিধানসভা ক্ষেত্রেরই খবর রাখেন না। রাখবেন কেন ? তার কারণ জিতেছেন তো কংগ্রেস আর সি পি এমের সঙ্গে জোট করে। আজকে জোট ভেঙ্গে গেছে। যার ফলে আজকে আর রাজ্যের কোন জায়গায় আপনাদের অস্তিত্ব নেই। কোন জায়গায় অস্তিত্ব নেই আমি জানি। আপনার এলাকাতেও ধান কেনা হচ্ছে। ফারাক্কাতেও ধান কেনা হচ্ছে। আমি বলে দিতে পারব কোন সেন্টারে ধান কেনা হচ্ছে। আপনারা বলতে পারবেন না কোন সেন্টারে ধান কেনা হচ্ছে। কারণ মানুষের সঙ্গে আপনারা যোগাযোগ রাখেন না। আজকে দায়িত্বশীল বিরোধী দলের ভূমিকা পালন করুন। দায়িত্ব জ্ঞানহীন মন্তব্য করবেন না। যে উত্তরবঙ্গকে ভাসিয়ে দিলেন মুখ্যমন্ত্রী, দু'টাকা কেজি চাল, গম, চল্লিশ পয়সা কেজি চাল, গম, প্রত্যেকটি চা বাগানের মানুষের কাছে পৌঁছে গেছে। শংকর মালাকার এখানকার একজন মাননীয় সদস্য। তিনি এখানে মিথ্যা কথা বললেন। এটা মেনে নেওয়া যায় না। উত্তরবঙ্গের জন্য যদি কেউ করে থাকেন, সেটা মমতা বন্দ্যোপাধ্যায় করেছেন, স্বাধীনতার ৬৯বছর কোন সরকার করে দেখাতে পারেননি। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি এই রাজ্যে অনেক মুখ্যমন্ত্রী ছিলেন। তাঁদের শ্রদ্ধা করি। কিন্তু উত্তরবঙ্গকে নিয়ে কেউ ভাবেননি। মমতা বন্দ্যোপাধ্যায় আজকে পাহাড়কে শান্ত করেছেন। আপনাদের মুখ্যমন্ত্রী তো পাহাড়ে যেতে ভয় পেতেন। মার্কসবাদী-কমিউনিস্ট পার্টির মুখ্যমন্ত্রীরা পাহাড়ে উঠতে ভয় পেতেন। কংগ্রেস আমলে কংগ্রেসের নেতারা পাহাড়ে উঠতে ভয় পেতেন। শাসক দল কেন্দ্রের কংগ্রেস পাহাড়ে কোন দিন যাননি।

[4.40 – 4:50 p.m.]

শ্রীমতী মমতা ব্যানার্জী প্রতি মাসে পাহাড়ে যাচ্ছেন। পাহাড়ের মানুষের আস্থা তিনি অর্জন করেছেন। এই পাহাড় বিচ্ছিন্নতাবাদী আন্দোলনে নেতৃত্ব দিচ্ছিল সেই বিচ্ছিন্নতাবাদী আন্দোলনে পাহাড় নেতৃত্ব দেয় না। আমাদের এখানে বি.জে.পি -এর লোকেরা - আজকে পশ্চিমবঙ্গ, আসাম সীমান্তে এবং উত্তরবঙ্গের নাশকতাকে তারা মদত দিচ্ছে, উত্তরবঙ্গে উগ্রবাদকে মদত দিচ্ছে। সেটাকে আপনারা সমর্থন করেন না। সেই বক্তব্য আপনারা রাখছেন না। উত্তরবঙ্গে যে উগ্রবাদী সংস্থা ছিল বাম আমলে তৈরি করা পাহাড় এবং বিভিন্ন জায়গায় তাদেরকে নাশকতা করার জন্য মদত দিচ্ছে। বি.জে.পি সরকার, কেন্দ্রের সরকার। আপনারা সেই বক্তব্য রাখছেন না কারণ বি.জে.পি - এর সঙ্গে নেক্সসাস পাছে আপনাদেরকে ডাক দেয়। পাছে আপনাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়। আমরা কিছুতেই ভয় পাই না। আমাদের নেত্রীর নাম মমতা ব্যানার্জী। বাংলার উন্নয়ন ভারতবর্ষের মানুষের কাছে কাঙ্ক্ষিত। আজকে ভারতবর্ষের মানুষের যে লড়াই সেই লড়াইয়ে আজকে মমতা ব্যানার্জী এগিয়ে যান। আমরা বাংলার মানুষ, ভারতবর্ষের মানুষ মমতা ব্যানার্জীর সঙ্গে সেই লড়াই করব। আজকে সেল্‌ফ হেল্প গ্রুপ বলুন, সমবায় বলুন, কৃষি বলুন দেশের লাইফ লাইন যেটা দেশের অর্থনীতি সম্পূর্ণভাবে বিপর্যস্ত করেছে কেন্দ্রীয় সরকার। আমরা এই কারণে ডিমানিটাইজেশানের বিরুদ্ধে। তার বিরুদ্ধে আমরা প্রতিবাদ করি। আজকে সর্বভারতীয় ক্ষেত্রে কখনও আর.বি.আইয়ের সঙ্গে কেন্দ্রীয় সরকারের কথার ফারাক, কখনও লড়াই, আজকে লাইনে দাঁড়িয়ে মানুষের মৃত্যু। কখনও সর্বভারতীয় সমস্ত মানুষকে চোর বানানোর খেলা। এখনও পর্যন্ত স্বাভাবিক হয়নি এ.টি.এম.। এখনও পর্যন্ত স্বাভাবিক হয়নি ব্যাংকের লম্বা লাইন। পাঁচ রাজ্যে ভোটের বৈতরনী পার করার জন্য এই যে অসৎ উপায়, এই অসৎ উপায়ের জন্য প্রতিবাদ করা উচিত। আর মুখ্যমন্ত্রীর কথা বলছেন ! ভারতবর্ষে ৯৯টি রাজনৈতিক দল আছে, ৬টি জাতীয় দল আছে। ভারতবর্ষে অনেক বড় বড় রাজনৈতিকবিদের সঙ্গে কাজ করার সুযোগ আমার হয়েছে। আমি এই রকম মানবিক মানুষ, মানবিক নেত্রী কখনও দেখিনি। গতকাল আমি বানারহাটে গিয়েছিলাম, আমি অধিবেশনে আসতে পারিনি। বানারহাটে দুই জন মাটি চাপা পড়ে মারা গেছেন। সেই বানারহাটে দাঁড়িয়ে তাদেরকে আমি সমবেদনা জানিয়ে মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলাম যে দিদি বানারহাটে দুইজন সংখ্যালঘু মানুষ মাটি কাটতে গিয়ে মাটি চাপা পড়ে মারা গেছেন। দশ মিনিটের মধ্যে আমার কাছে খবর এল যে মুখ্যমন্ত্রী তাদেরকে সহযোগিতা করবেন। একই জিনিস দেখেছিলাম যখন মাদারিহাটে ছয়জন বরযাত্রী মারা গিয়েছিলেন পথ দুর্ঘটনায়। মুখ্যমন্ত্রী এক ঘণ্টার মধ্যে সেখানে ত্রাণ পৌঁছে দিয়েছেন এবং সেখানে তাদের দুই লক্ষ টাকা ক্ষতি পূরণ দিয়েছেন চা বাগানের মানুষদের। একই জিনিস দেখেছিলেন কালিম্পঙ-এ। ভূমিকম্পে যখন মানুষ মারা যাচ্ছিল তখন মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি, কংগ্রেসের নেতারা ঘরে বসেছিলেন। তখন বি.জে.পি -এর সাংসদ ঘরে বসেছিলেন। কালিম্পঙ-এ পৌঁছে গিয়েছিলেন মমতা ব্যানার্জী। যখন ঝাড়গ্রামে বন্যা হয়েছিল তখন আমরা একই জিনিস দেখেছিলাম। আজকে সেই মুখ্যমন্ত্রীকে আমি স্যালুট জানাই। আপনারা বলছেন সব কলকারখানা বন্ধ - সমস্ত কারখানা খোলা আছে, চা বাগান খোলা আছে। দুটো কারখানা রাজ্যে বন্ধ - একটা হচ্ছে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি আর একটা হচ্ছে ভারতের জাতীয় কংগ্রেস। এই দুটো কারখানা বন্ধ আর সব কারখানা খোলা আছে। মানুষ স্বাভাবিকভাবে হাসছেন। পাহাড় থেকে জঙ্গলমহল হাসছে আর আপনাদের ঘর খালি হচ্ছে। গত বিধানসভার অধিবেশনে ওইদিকে যত লোক দেখেছিলাম তার থেকে অনেকেই আমাদের সাথে এসে বসছে। আগামী অধিবেশনে আর কেউ থাকবে না বলেই আমার মনে হচ্ছে। ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী জাহানারা খান : .....(হইচই)..... মাননীয় স্পীকার স্যার ভারতীয় সংবিধানে ১৭৬তম অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভায় ..... (হইচই).....চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল ৩রা ফেব্রুয়ারি যে মহতী সদনে এসেছেন তারজন্য ওনাকে ধন্যবাদ জানাই। কিন্তু উনি যে সরকারের লিখিত বক্তব্য এখানে পাঠ করেছেন তার সঙ্গে আমি একমত হতে পারলাম না। .....(হইচই)..... কেন বলছি। এত উদ্বিগ্ন হবেন না। স্পীকার স্যার সবথেকে বেশি উদ্বিগ্ন আমরা সকলেই। রাজ্যে অ্যাডভোকেট জেনারেল নেই। অ্যাডিশনাল অ্যাডভোকেট জেনারেল নেই। আমরা সকলেই উদ্বিগ্ন এইজন্যই।

এই মুহূর্তে আমরা জানতে পারলাম মাদারিহাট কলেজে অধ্যক্ষ টি.এম.সি.পি. গোষ্ঠীর দ্বারা আক্রান্ত হয়েছেন। তাহলে বুঝুন স্যার শিক্ষাব্যবস্থা কোথায় গিয়েছে ? আমরা কার কাছে যাব নিজের শিক্ষার কথা বলতে? একটু আগে শাসক দলের এম.এল.এ. বলছিলেন যে, রাজ্য হাসছে। হাসছে বলছেন, কিন্তু এ্যাডভোকেট জেনারেল তো এই মুহূর্তে নেই। এটা সত্যি দুঃখের বিষয় যে আজকে স্কুল - কলেজে যা হচ্ছে। ৮ই নভেম্বর যে নোটবন্দী হয়, ৯ তারিখে রাজ্যের মুখ্যমন্ত্রী তার বিরোধিতা করেছেন। শুধু এই রাজ্যে নয়, বিভিন্ন রাজ্যে গিয়েও করেছেন। এটাকে আমরা সমর্থন করি। আমরাও আন্দোলন করেছি। কিন্তু দুঃখের বিষয়,যার জন্য রিজার্ভ ব্যাংকের সামনে দাঁড়িয়ে আন্দোলন করলেন, গোটা পশ্চিমবঙ্গ উত্তাল করলেন, অথচ নোটবন্দীর ফলে যে গরীব মানুষ - রাজ্যে ৭ জন লোক লাইনে দাঁড়িয়ে মারা গেলেন, তাদের কথা এই বইয়ে উল্লেখ করলেন না। তাহলে এটা কি ধরনের বিরোধিতা করলেন? তাহলে কি এর থেকে প্রমাণিত হয় রাজ্যে কি এরজন্য কোন মানুষ মারা যায়নি? রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই যে, বিষমদ খেয়ে যারা মারা গিয়েছেন তাদের কথাও এখানে উল্লেখ নেই। উল্লেখ নেই গঙ্গাসাগর মেলায় যেসমস্ত মানুষ পদপিষ্ট হয়ে মারা গিয়েছেন তাদের কথাও। উল্লেখ নেই বাঁকুড়া জেলায় কালিকাপুরে যেখানে অবৈধ কয়লাখাদানে কয়লা কাটতে গিয়ে বীরভূম জেলার খয়রাশোলে কিছু মানুষ এবং ঝাড়খণ্ডের কিছু মানুষ সেখানে মারা যায়। চারজন মানুষের ডেডবডি পাওয়া গিয়েছে, বাকিজনের পাওয়া যায়নি। রাজ্য সরকার নিশ্চুপ। আমরা মনে করি এইসব কথাগুলো যদি এই বইয়ে উল্লেখ থাকত তাহলে নিশ্চয়ই ভাল হত। সিঙ্গুরে যে ঘটনাকে ঐতিহাসিক ঘটনা বলছেন- আমরা ভাঙ্গড়ে কি দেখলাম? ভাঙ্গড়ে জমি হাঙ্গররা গরীব কৃষকের কাছ থেকে জমি কম দামে কিনে নিয়ে সেখানে ব্যাবসা করছেন। সেখানে পাওয়ার গ্রীডকে কেন্দ্র করে, সেখানে যেভাবে পুলিশ গুলিচালনা করল এবং সেই পুলিশের গুলিতে আলমগীর মোল্লা এবং একজন মেধাবী ছাত্র - একজন কৃষক এবং আর একজন মেধাবী ছাত্র মারা গেলেন তার কিন্তু কোন উল্লেখ আমরা এই বইয়ে পেলাম না। শিল্পের জন্য ২০০২ সালে জমি দিয়েছিল ২৯৭ একর। তখন আপনারা তাদেরকে ভুল বুঝিয়েছিলেন যে এই জমি কমদামে নেওয়া হয়েছে, আমরা এলে এখানে শিল্প করব। কিন্তু আমরা দেখতে পেলাম এই বিগত ছয় বছরের মধ্যে সেখানে কিছু হল না। আমরা গতবারে দেখলাম কেঁদুলিয়াতে মুখ্যমন্ত্রী গেলেন, যখন সেখানে বোলপুরে, শিবপুরে যখন ঘোষণা করলেন যে সেখানে শিল্পের জন্য যে জমি আছে, সেখানে হবে। আবাসন এবং বিশ্ববিদ্যালয়। আমরা দেখলাম সেখানে মানুষ ক্ষোভে ফুটছে। আপনারা যাদেরকে উৎসাহিত করেছিলেন ঘরে - ঘরে চাকরী দেবেন, আরও বেশি করে টাকা দেবেন কিন্তু তারা চাইছে শিল্পের জমিতে সেখানে শিল্পই হোক, কিন্তু তারা কোন আবাসন চায় না, বিশ্ববিদ্যালয় চায় না। আমরা দেখতে পেলাম আউশগ্রামে - সেখানে স্কুলের জমি আছে, এই জমি হাঙ্গররা - তৃণমূলের বেশকিছু দালাল, গুণ্ডাবাহিনী আছে, যারা এইভাবে সরকারী জমি তারা বেহাত করে দিচ্ছে। মানুষের কাছ থেকে কিছু টাকা - পয়সা নিয়ে দোকান করে দিচ্ছে। আরে স্কুলের জন্য জমি - এটা সাধারণ মানুষের

জন্য, যেখানে আমার আপনার সকলের সহযোগিতা দরকার। সেই জমি, সেই জায়গা যদি অধিগ্রহণ করতে যায়, দোকান করতে যায় তখন স্কুল কর্তৃপক্ষ বাধা দেয়। বাধ্য হয়ে স্কুলের শিক্ষক - শিক্ষিকারা থানাতে যায় এবং থানা থেকে তাদেরকে বের করে দেওয়া হয় এবং সেখানে ছাত্র, শিক্ষক - শিক্ষিকাদের উপর লাঠি চালনা করা হয়। সেখানে প্রায় ১০ জন ছাত্র - ছাত্রী আহত হন, শিক্ষক - শিক্ষিকা আহত হন এবং একজন শিক্ষিকার শ্লীলতাহানি করা হয়। কিন্তু এই বিষয়ে বিন্দুমাত্র কোন উল্লেখ দেখতে পেলাম না এই বইয়ে। হ্যাঁ, কিছু ভাল প্রকল্প করেছেন বলছেন - গীতাঞ্জলি প্রকল্প। যেটা নিজ গৃহ, নিজ ভূমি ছিল আগে ছিল সেটা গীতাঞ্জলি করেছেন। কিন্তু আপনারা বলতে পারেন ২০১১ এর পরে আমরা যারা বিরোধী দলে আছি, একজন কোন বিধায়ককে একটাও ঘর দিয়েছেন? একটা কোন ঘর দেননি। এই গীতাঞ্জলি আবাসন একমাত্র শাসক দলের বিধায়করা পেয়েছেন। আমরা একটা ঘর কিন্তু বলে কয়েও পায়নি। তাহলে কি ধরনের উন্নয়ন করছেন আপনারা? উন্নয়নের কথা বলছেন। আপনারা বলছেন ২৫৫টি নতুন বাস করেছেন। আমার বর্ধমান জেলায় জামুরিয়াতে বিগত সরকারের সময় চলছিল যে একটি বাস, সেই একটি বাসই চলছে। রাজ্যের আইন-শৃঙ্খলার কথা বলছেন। রাজ্যে মহিলাদের অবস্থা এতো খারাপ - আমি শুধু ২০১৭ সালের জানুয়ারি মাসের কথা বলছি। ১৩টি ধর্ষণের ঘটনা ঘটেছে। ৩১শে ডিসেম্বর আমার জামুরিয়া বিধানসভায় একজন মহিলা সকালে যখন শৌচকর্ম করতে যায় তখন তাকে ধর্ষণ করা হয়।

[4.50 – 5:00 p.m.]

এবং তাকে অর্ধমৃতভাবে নগ্ন অবস্থায় ফেলে রেখে দেওয়া হয়। পরবর্তী সময় তাকে আসানসোলে ভর্তি করি। কোনোমতে সে বেঁচে যায়। আমরা দেখলাম ২৫ জানুয়ারি আমার জামুড়িয়া বিধানসভায় একজন ব্যবসায়ী রাতের বেলাতে খুন হয়ে গেলেন। শুধু খুন না আমরা দেখতে পাচ্ছি ২০১৭ জানুয়ারি মাসে ১৩ জন ধর্ষণ হয়েছেন। তার মধ্যে ২ জানুয়ারি মধ্যমগ্রামে মামার বাড়িতে বেড়াতে এসে ধর্ষিতা হয়েছেন। ৪ জানুয়ারি বসিরহাটে স্বামীর অনুপস্থিতিতে তাকে ধর্ষণ করা হয়েছে। লেকটাউন থানাতে ফুটপাথবাসি একজন মেয়েকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ করা হয়েছে এবং ১৭ জানুয়ারি আমরা ধুপগুড়িতে দেখেছি একজন ৩২ বছরের মহিলাকে ধর্ষণ করা হয়েছে। ২২ জানুয়ারি হাড়োয়ায় ট্রেনে ধর্ষণ করতে গিয়ে বাধা পেয়ে তাকে ছুঁড়ে ফেলে দেওয়া হয়েছে। ২৫ এবং ২৬ জানুয়ারি তালডাংরা এবং ধুপগুড়িতে ৮ বছরের মেয়েকে ধর্ষণ করে তাকে মেরে ফেলে দেওয়া হয়েছে। দুঃখজনক ঘটনা গতকাল রাতেও সোনারপুরে মাধ্যমিকের একজন ছাত্রীকে ধর্ষণ করে তাকে মেরে ফেলা হয়েছে। জলপাইগুড়ি চা বাগানেও গতকাল রাতে একজন মহিলাকে ধর্ষণ করে মেরে ফেলা হয়েছে। মেমারিতে বাইরের রাজ্য থেকে একজন আদিবাসি মেয়ে কাজ করতে এসে গণধর্ষিত হয়েছে। এটাই কি রাজ্যের উন্নতি? এখানে বলছেন রাজ্য এগিয়ে যাচ্ছে। যেখানে মেয়েদের কোনো নিরাপত্তা নেই, শিশু পাচার হচ্ছে অবাধে তা নিয়ে একটা কোনো কথা এই বইয়ে আপনারা বললেন না। আর বলছেন রাজ্য হাসছে, রাজ্য এগিয়ে চলেছে। আমরাও চাই আমাদের রাজ্য সুন্দর হোক, ভালো হোক। কিন্তু মহিলাদের বাদ দিয়ে কি উন্নয়ন সম্ভব বা বিরোধীদের বাদ দিয়ে কি উন্নয়ন সম্ভব? বিরোধীদের বাদ দিয়ে উন্নয়ন সম্ভব নয়। আমি তাই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দুলাল মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপাল কর্তৃক ভাষণ প্রদত্তকে আমি সমর্থন জানিয়ে এই পবিত্র সদনে আমি আলোচনায় অংশগ্রহণ করতে চাই। মহামান্য রাজ্যপাল তার ভাষণ যে দিয়েছেন সারা বাংলায় ধর্ম, বর্ণ নির্বিশেষে শান্তি, সম্প্রীতি এবং বাংলায় যে উন্নয়ন হচ্ছে তা প্রতিফলিত মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে দেখা যাচ্ছে। স্যার,

আজকে আমরা অস্বীকার করব না বাংলায় শান্তি যে প্রতিষ্ঠিত হয়েছে আমরা গত পঞ্চায়েত নির্বাচনে দেখেছি স্যার জঙ্গলমহলে রাত্রি ১২টা পর্যন্ত আমজনতা নিজের ভোটাধিকার প্রয়োগ করতে পেরেছেন। লোকসভা ভোটেও আমরা দেখেছি আমজনতা নির্বাচনে অংশগ্রহণ করেছে এবং স্বাধীনভাবে তারা তাদের ভোটাধিকার প্রয়োগ করেছে। এবার ২০১৬ সালে বিধানসভা নির্বাচনে আমরা দেখলাম স্যার কেন্দ্রীয় বাহিনী দিয়ে বাংলাকে অশান্ত করার চক্রান্ত করেও মানুষ তার নিজের ভোটাধিকারকে স্বাধীনভাবে প্রয়োগ করে রায় দিয়ে দিয়েছে বাংলায় মমতা বন্দ্যোপাধ্যায়ের কোনো বিকল্প নেই। এটা নিশ্চিত স্যার, এটা তো বানিয়ে বলা নয়। আমজনতা যেখানে বলছে বাংলায় শান্তি তৈরি হয়েছে, বাংলা এগিয়ে যাচ্ছে মমতা বন্দ্যোপাধ্যায়ের সাথে থাকতে হবে। স্যার, সংসদীয় রাজনৈতিক ক্ষেত্রে অপজিশানের বক্তৃতা দেখে যেটা মনে হল যারা কঙ্কাল ঘটিয়েছে, যারা হারমাদ করেছে, যারা জোতদার জমিদার, মানুষকে নিপিড়ন করেছে, যারা বাবরি মসজিদ ভেঙ্গেছে, যারা গোধরাকাণ্ড ঘটিয়েছে তারা আজকে নিজেকে প্রমাণ করতে চাইছে তারা নাকি ধোয়া তুলসীপাতা।

অবাক লাগে স্যার, যারা খুনী ছিল, যারা মার্ডারার ছিল, তারা আজকে নিজেদের ভালো দেখানোর জন্য, নিজেদের ধোওয়া তুলসীপাতা দেখানোর জন্য সচেষ্ট হচ্ছে। আজকে বাংলায় সার্বিকভাবে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে, সার্বিক ভাবে উন্নয়ন হচ্ছে, এটাকে অস্বীকার করার কোন জায়গা নেই। আপনি জানেন স্যার, এই মহতি হাউসের মাননীয় সদস্যরাও জানেন যে এক সময় জঙ্গল মহলে রক্তের খেলা হত। তখন বহু মায়ের কোল শূন্য হয়েছে, বহু বোনের সিথির সিঁদুর মুছে গেছে। সেই অবস্থা থেকে মমতা বন্দ্যোপাধ্যায় যখন জঙ্গলমহলে শান্তি প্রতিষ্ঠা করলেন, সেটা ওদের সহ্য হচ্ছে না। এটা কি প্রশংসার যোগ্য নয়? পাহাড়ে শান্তি প্রতিষ্ঠা হয়েছে, সেটা কি প্রশংসার যোগ্য নয়? মুখ্যমন্ত্রীকে প্রশংসা করা যাবে না? বিরোধীদের কাজ নেই, তারা মানুষের থেকে বিচ্ছিন্ন হয়েছে, তাদের মাথায় এখন দুর্বুদ্ধি খেলে বেড়াচ্ছে। তারা তো মানুষের জন্য কোন কাজ করে না। সংসদীয় গণতন্ত্রের ক্ষেত্রে, যে জায়গায় ভালো হয়েছে, শান্তি প্রতিষ্ঠা হয়েছে, উন্নয়ন হয়েছে, সেটাকে অবশ্যই গণতন্ত্রের স্বার্থে, মানুষের স্বার্থে, দেশের স্বার্থে প্রশংসা করা উচিত। আজকে ভারতবর্ষে যেভাবে মুদ্রা রোহিতকরণ ব্যবস্থা করেছে কেন্দ্রীয় সরকার সেটা দুর্ভাগ্যের বিষয়। যে কথাটা ওরা বলেছে। 'আচ্ছে দিন' অর্থাৎ সুদিন, আমি স্বীকার করব এই সুদিন ভারতবাসীর আসেনি, একজন মানুষের সুদিন এসেছে। আজকে বাংলার মুখ্যমন্ত্রী যেখানে জঙ্গল মহলে দু টাকা কেজি দরে চাল দিচ্ছে, কেন্দ্রীয় সরকার যদি সেখানে ১০ কেজি করে চাল দিত তাহলে আমি স্বীকার করতাম সুদিন এসেছে। ওনারা তো ৩৪/৩৫ বছর দায়িত্বে ছিলেন, তার আগে কংগ্রেস ছিল, তারা কেন চাল দিতে পারলেন না, কেন সাইকেল দিতে পারলেন না? রাজ্য সরকার ছাত্র-ছাত্রীদের সাইকেল দিয়েছে, কেন্দ্রীয় সরকার যদি ছাত্র-ছাত্রীদের মোটর সাইকেল দিত তাহলে বলতাম সুদিন। সেটা দেওয়ার হিম্মত বা ইচ্ছা কোনটাই তাদের নেই, তারা শুধু ভারতবর্ষের মানুষকে বিভ্রান্তির মধ্যে ফেলে দিচ্ছে। কত টাকা সুইস ব্যাঙ্ক থেকে উদ্ধার হয়েছে? কত কালো টাকা উদ্ধার হয়েছে? তার কোন হিসেব-নিকেশ নেই, শুধু ভারতবর্ষের মানুষকে জ্বালানোর জন্য, শুধু হ্যারাসড করার জন্য এসব করছে। যেভাবে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বাংলার উন্নয়ন হচ্ছে, এত কম সময়ের মধ্যে যেভাবে ১৫ টা বিশ্ববিদ্যালয়, ৪৬ টা কলেজ তৈরী হয়েছে, আর কোন মুখ্যমন্ত্রী এটা করতে পারেনি। এটার প্রশংসা করবেন না? অবশ্য এটা করলে তো ওরা রাজনীতিতে সাইনবোর্ডে পরিণত হবে। কংগ্রেস আর বামফ্রন্ট, সি.পি.এম. পার্টি, ওরা জানে শুধু মানুষকে ধোকা দিতে।

[5.00 – 5:10 p.m.]

মমতা ব্যানার্জি কাজ করছেন। বাংলাকে এগিয়ে নিয়ে যাচ্ছে। এটার জন্য কখনো এরা বাহবা দেবে না। তাই স্যার, আমি আমার বক্তব্য সময়সীমার মধ্যে শেষ করতে চাই। আমি বলতে চাই স্যার, রাজ্যপালেরা ভাষণ অতীব সত্য। মঞ্চে নাটক বক্তব্য রাখা যায়। কিন্তু বাস্তবের সঙ্গে তাল মিলিয়ে, বাস্তব টেনে সঠিকভাবে নজর করে মমতা ব্যানার্জি যেভাবে বাংলার উন্নয়ন করছেন সেটা অনেকটা ফারাক। নাটক বক্তব্য রাখা যায়। কিন্তু বাস্তবে পরিস্থিতি একমাত্র মমতা ব্যানার্জি বোঝেন এবং তিনিই একমাত্র বাংলাকে এগিয়ে নিয়ে যেতে পারেন। আমি সাঁওতাল ভাষায় বলতে চাই, ᱫᱚᱦᱚᱣ ᱥᱟᱫᱚᱣ ᱯᱟᱞᱮᱫ ᱮᱞᱟᱱ, ᱚᱞᱟᱹᱨᱮᱫᱚ ᱜᱟᱞᱚᱵᱚᱜᱟᱱ ᱠᱟᱱᱟ ᱫᱚᱦᱚᱱᱟ ᱚᱞᱟᱹᱨᱮᱫᱚ ᱜᱟᱞᱚᱵᱚᱜᱟᱱ ᱫᱚᱦᱚᱱᱟ ᱯᱟᱞᱮᱫ ᱮᱞᱟᱱ ᱞᱟᱹᱠᱷᱟᱹ

লেগে আছে। চীট ফান্ড, চীট ফান্ড করে লাফাচ্ছে। ওই যে সি বি আই নামক ভূত দেখিয়ে কোনদিন বাংলার মুখ্যমন্ত্রীকে মমতা ব্যানার্জিকে দমানো যাবে না।

সাহারার মত কোম্পানী, যে কোম্পানী থেকে বর্তমান প্রধানমন্ত্রী, এবং বি জে পির সভাপতি টাকা নিয়ে নির্বাচন করেছেন। কুড়ি হাজার কোটি টাকা নিয়ে লোকসভার নির্বাচন করেছেন। আর যখন সাহারার লাল ডায়েরী খুলছে তখন সুপ্রিম কোর্টে হাইকোর্টে তারা কেস করছে। কেসে বলছে যে না, তদন্ত করা যাবে না। কেন? পশ্চিমবাংলায় যেহেতু অ- বিজেপি সরকার, তৃণমূল কংগ্রেসের মুখ্যমন্ত্রী চালাচ্ছে, তাদের বিরুদ্ধে সি বি আই লেলিয়ে দাও। তাহলে কেন সাহারাতে যাদের নাম আছে, তাদের কেন সি বি আই তদন্ত করবে না ? প্রশ্ন আমাদের। প্রশ্ন করছি আপনাদের? আজকের তাদের প্রতি বলতে চাই ঐতিহাসিক সিঙ্গুর আন্দোলন, ১৪ দিন অবস্থান করেছেন মুখ্যমন্ত্রী, চোদ্দ দিন অবস্থান করেছেন ওই সিঙ্গুরে। এবং ২৬ দিন অনশন করেছেন ধর্মতলায় কৃষকদের জন্য। চারশো একর জমি কৃষকদের ফিরিয়ে দেওয়া হোক। বাকী জমিতে শিল্প হোক। সুপ্রিম কোর্ট, ভারতের সর্বোচ্চ আদালত তারাও রায় দিল কৃষকদের পক্ষে। এই ঐতিহাসিক রায় সারা পৃথিবীর মানুষ জেনে গেল। বামফ্রন্ট সরকার, সি পি এম কতবড় ঐতিহাসিক ভুল করেছে। আজকে তাই এখানে পরিষ্কার করে বলতে চাই লেফট ফ্রন্ট আমলে পাহাড় জলমহলে বিশৃঙ্খলা চলত। উন্নয়ন হত না। মানুষ গাছের পাতা, পিপড়ের ডিম খেয়ে বেঁচে থাকত। সি পি এমের কমরেড প্রাক্তন মন্ত্রীরা শুনুন সেখানে কি অত্যাচার হত। আজকে সেখানে সরকারী পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য বিভিন্নভাবে আমাদের সরকার কাজ করে চলেছে। আজকে সেখানে স্বাস্থ্য, শিক্ষা, বিদ্যুৎ, সেচ সমস্ত কিছু পৌঁছে দেওয়ার ব্যবস্থা হয়েছে। পাহাড়ের উপজাতিদের তিনটি বোর্ড গঠন করে ৩০০ কোটি টাকা সেখানে বরাদ্দ করা হয়েছে। যারা গরীব মানুষ পাহাড়ের, সেই সমস্ত গরীব মানুষদের নিয়ে বোর্ড গঠন করে উন্নয়ন পর্ষদ গঠন করে সেখানে কাজ করবার চেষ্টা করা হচ্ছে। আজকে বলছেন কাজ করছেন না? জলতী প্রকল্প হয়েছে প্রায় ৫০০ কোটি টাকা ব্যয়ে। এবং লেফট ফ্রন্ট গভর্নমেন্ট আমলে জলে আইনের অনুশাসন বলতে কিছুই ছিল না, জলের রাজত্ব কায়েম হয়েছিল। রাষ্ট্রীয় সন্ত্রাস কায়েম হয়েছিল। ভারতবর্ষের সংবিধানকে মাথায় রেখে আমাদের মুখ্যমন্ত্রী কাজ করে চলেছেন। আজকে থানায় গেলে বিচার পান। এস পি-র কাছে গেলে বিচার পান। মাননীয়া পুলিশমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী মুখ্যমন্ত্রীর নেতৃত্বে নিরপেক্ষভাবে বিচার হচ্ছে। আইনের অনুশাসন প্রতিষ্ঠা হয়েছে। দেয়ার ইজ নো রুলস অব ল ইন দ্য টাইম অব লেফট ফ্রন্ট। আইনের অনুশাসন বলতে কিছুই ছিল না বামফ্রন্টের আমলে। তাই পরিষ্কার করে বলতে চাই আমি শান্তি, সাম্প্রদায়িক সম্প্রীতি এবং উন্নয়নের পথ ধরে জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে আমাদের মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা বন্দোপাধ্যায় কাজ করে যাচ্ছেন। লাস্ট বামফ্রন্টের আমলে সংখ্যালঘু সম্প্রদায়ের ডিপার্টমেন্টের বাজেটে ২০০ কোটি টাকা, এখন সেটা সাড়ে বারোগুণ বেড়ে গিয়ে দু হাজার পাঁচশো কোটি টাকাতে আজকে দাঁড়িয়েছে। এটা কি ভালো কাজ হচ্ছে না ? সেই কথাটাই আপনাদের কাছে পরিষ্কার করে বলতে চাই এবং শিক্ষাক্ষেত্রে শিক্ষার্থীরা প্রায় ২৬ লক্ষ ছাত্রছাত্রী তারা বৃত্তি পেয়েছেন। মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রকল্প 'গীতাঞ্জলি '- গৃহ, যেটা " নিজ গৃহ নিজ ভূমি" তে প্রায় ২ লক্ষ ৯৩ হাজার মানুষ আগে পরে আর্থিক সাহায্য পেয়েছেন। একশো দিনের কাজের খতিয়ানে আমরা এগিয়ে আছি। আগামী ২০২০ সালের মধ্যে প্রতিটি বাড়িতে বাড়িতে ৩৭,৯৫০টি গ্রামে মাটির নীচে দিয়ে পাইপ লাইনে জল পৌঁছে যাবে। স্বাধীনতার পরে এটা সবচেয়ে বড় দৃষ্টান্ত। ২০১৭ সালের ৩১ শে ডিসেম্বর এর মধ্যে প্রতি বাড়িতে বাড়িতে বিদ্যুতের আলো পৌঁছে যাবে। আজকে কি কোনদিন ভাবতে পেরেছিলেন "জল ধরো, জল ভরো" প্রকল্পে পাঁচ বছরে ৫০,০০০ লক্ষ্যমাত্রার জলাশয় খননের নামে আমাদের মন্ত্রীসভা প্রায় ১ লক্ষ ৫০ হাজার জলাশয় খনন করে দেখিয়ে দিয়েছে

এবং ইতিহাস তৈরী করে দিয়েছে। ছাত্র ছাত্রী, যুব সম্প্রদায়, বিভিন্ন শ্রমিকদের সহায়তার জন্য কন্যাশ্রী, শিক্ষাশ্রী, যুবশ্রী এবং সবুজশ্রী থেকে শুরু করে আজকে দেখুন সবুজসাথী, খাদ্যসাথী ইত্যাদি বিভিন্ন সরকারী কর্মপ্রকল্প চালু হয়েছে। আজকে অসংগঠিত শ্রমিক প্রায় ৫০ লক্ষ মানুষ সামাজিক মুক্তি কার্ড পেয়েছেন। এবং আজকের প্রায় ৮০ হাজার লোকশিল্পী বামফ্রন্টের আমলে গান গাইলে একটা পয়সা পেত না।

[5.10 – 5:20 p.m.]

৮০ হাজার লোক শিল্পী এক হাজার টাকা করে সাম্মানিক ভাতা পাচ্ছে। আমাকে স্যার আর এক মিনিট সময় দেবেন স্যার। বিশেষ করে গরীব মানুষদের জন্য - গরীব মানুষরা, যারা মারা গেলে শ্মশানে নিয়ে যেতে পারে না, তাদের জন্য সমব্যাথী প্রকল্প চালু করে তাদেরকে দু'হাজার টাকা করে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এটা কি কোনোদিন ভাবতে পেরেছেন? ন্যায্য মূল্যের ওষুধের দোকান থেকে শুরু করে একটার পর একটা কর্ম প্রকল্পের মাধ্যম দিয়ে আজকে আমাদের নেত্রী শ্রীমতী মমতা বন্দোপাধ্যায় কাজ করে চলেছেন এবং স্বামী বিবেকানন্দ মেধা ও সংহতি বৃত্তি উপহার দিয়ে ৪০ কোটি থেকে ২০০ কোটি করেছেন। যে সমস্ত ছাত্র ছাত্রী উচ্চশিক্ষা লাভ করতে পারে এবং এছাড়া যারা মাধ্যমিক, উচ্চমাধ্যমিকে ৬০ শতাংশ নম্বর পাবে, অনার্সে অন্ততঃ ৫৫% নাম্বার, তারাও ১০ হাজার টাকা পাবে। আজকে মমতা ব্যানার্জী কাজ করছেন। না! উচ্চ শিক্ষার ক্ষেত্রে আজকে আমরা এগিয়ে চলেছি। স্যার, আমার বক্তব্য আর দীর্ঘায়িত করবো না। আমাকে আর একটা মিনিট সময় দিন স্যার। আমি একটা কথা বলতে চাই, আমাদের সারা দেশের ২০১৫-১৬ সালে জাতীয় আয় ছিল ৬০.৬০ শতাংশ - জি.ডি.পি. হার। আর শুধু পশ্চিমবাংলায় এস.ডি.পি. অথাৎ মাথা পিছু গড় আয় স্যার ১২ শতাংশ। স্যার, সারা দেশের গড় ৬০ শতাংশ, আর পশ্চিমবাংলায় মাথা পিছু গড় আয় ১২ শতাংশ। আমরা তাহলে কি করে পিছিয়ে আছি স্যার? কৃষি এবং শিল্প ক্ষেত্রে - সমস্ত দিক থেকে এগিয়ে আছে। তাই আমি বলব, মহামান্য রাজ্যপালের এই যে ভাষণ, এটা বাস্তব সম্মত, যুক্তি সঙ্গত, তাৎপর্যপূর্ণ। এই বক্তব্যকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার, ধন্যবাদ।

শ্রী মিল্টন রসিদ : মাননীয় স্পীকার মহোদয়, অনারেবল রাজ্যপাল গত ৩রা ফেব্রুয়ারি যে বক্তব্য পেশ করেছেন, ওনার বক্তব্য আমি শুনেছি, মন দিয়ে পড়েছি। ওনার বক্তব্য পুরোপুরি সমর্থন যোগ্য নয়। আবার ওনার বক্তব্যে বেশ কিছু ধোঁয়াশাও উঠে এসেছে। ওনার বক্তব্যে যেটা বুঝলাম যে, বিশ্ববাংলা তৈরির লক্ষ্যে উনি বক্তব্য রেখেছেন। আমরাও বিশ্ববাংলার পক্ষে। বাংলার উন্নতি, বাংলার অগ্রগতি, এই ভারতবর্ষের বুকে বাংলা যেন প্রথম স্থান লাভ করে, তার জন্য আমরাও সরকার পক্ষকে অবশ্যই সাহায্য করবো। কিন্তু ওনার বক্তব্যে যে ফাঁকগুলো উঠে এসেছে, সেই ফাঁকগুলো ধরিয়ে দেওয়ার চেষ্টা করছি উনি সিঙ্গুর সম্পর্কে বলেছেন। সিঙ্গুর সম্পর্কে বলতে গিয়ে উনি মনে হয় ভুলে গিয়েছিলেন ভাঙরের কথা, আউশ গ্রামের কথা, বোলপুরের শিবপুরের কথা। সিঙ্গুরের কৃষি জমি আন্দোলনের জন্য কৃষকের জন্য আন্দোলন হয়েছিল। সিঙ্গুরের মানুষ জাষ্টিস্ পেয়েছেন। সিঙ্গুরের মানুষের জন্য আমাদের সরকার, আমাদের মুখ্যমন্ত্রীকে আমরা ধন্যবাদ জ্ঞাপন করছি যে, সিঙ্গুরের মানুষকে জাস্টিস দেওয়া হয়েছে। কিন্তু ভাঙরের মানুষ কি ক্ষতি করলো? তারা কৃষক নয়? একটা তরতাজা এম.এ. পাশ ছেলেকে গুলি করে হত্যা করা হ'ল সংখ্যালঘু সম্প্রদায়ের। সে কি ছাত্র নয়? সিঙ্গুরের ছাত্ররাও সেদিন ছাত্র ছিল। ভাঙরের ছাত্রটাও কিন্তু আজকে ছাত্র। মাননীয় স্পীকার সাহেবের মাধ্যমে রাজ্য সরকারকে জানাচ্ছি, আউশ গ্রামে সরকারি জায়গা, স্কুলের জায়গা দখল করবে কে? একটা সিভিক পুলিশের ছেলে। মাস্টার মশাইরা, ছাত্ররা বলতে গেলে পুলিশের কাছে তাড়া খেয়ে বেরিয়ে চলে আসছে। আবার

এই ছাত্ররা, এই গ্রামবাসীরা আন্দোলন করতে গিয়ে পুলিশের মার খাচ্ছে। সুশাসন একে বলবো আমরা? রাজ্যপালের ভাষণে যেটা বলা হয়েছে 'সুশাসন'। শিবপুরের বোলপুরে শিল্পের জন্য তৎকালীন বামফ্রন্ট সরকার জায়গা নিয়েছিলেন। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সেদিন মুখ্যমন্ত্রী ছিলেন না। ওখানকার তৃণমূল ওয়ার্কার বা তৃণমূল ভাইদেরকে দিয়ে আন্দোলন করা হয়েছিল।

যে শিবপুরে অবিলম্বে যেন শিল্প করা হয় তার জন্য আন্দোলন। আজকে তৃণমূলের সরকার যখন এলো শিবপুরের সেই জমিটা শিল্প না তৈরী করে বিশ্বভারতীর পাশে আর একটা বিশ্বভারতীর মত ইউনিভার্সিটি করে - লাভ কি আছে? তাই শিবপুরে আমাদের প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ *** এবং আমি বিধায়ক হিসাবে গত দু'দিন আগে ওখানে গিয়েছিলাম শিবপুরের মানুষের কাছে, বীরভূম জেলার প্রশাসনের কাছে। আমরা পার্মিশান চেয়েছিলাম। আমাদের চারখানা মাইকের চোঙা বাজানোর পার্মিশান দেওয়া হোক। বীরভূমের জেলা শাসক এবং বীরভূমের এস.পি. আমাদেরকে পার্মিশান দেয়নি। সাংসদ অধীর চৌধুরীর নেতৃত্বে সেদিনকে আমি বিধায়ক হিসাবে শিবপুরের মানুষের কাছে তাদের মর্মান্তিক ঘটনা, দৈন্য দুর্দশার কথা শুনতে গিয়েছিলাম। আজকে ১০ মিনিট আগে আমি কি খবর পেলাম জানেন? খুব দুঃখ লাগে, আইনের শাসন। অধীর চৌধুরীর নামে 505 আই.পি.সি. ইন্ডিয়ান পিনাল কোডে ১০ মিনিট আগে বোলপুর পি.এসে কেস দিয়ে তাকে মিথ্যা মামলায় জরানো হল। খুব দুঃখ লাগে। আইনের শাসন যেটাকে আপনারা বলছেন। খুব ঘেন্না লাগে।

মিঃ স্পীকার : ***নামটা বাদ যাবে।

শ্রী মিল্টন রসিদ : আজকে পশ্চিমবঙ্গে এই মুহূর্তে এ্যাডভোকেট জেনারেল নেই। এ্যাডভোকেট জেনারেলসহ চারজন লোক পশ্চিমবঙ্গে বড় বড় পদ থেকে রিজাইন করেছে। তারপরেও সরকার পক্ষ যদি বলেন, পশ্চিমবঙ্গে আইনের শাসন চলছে এর চেয়ে বড় লজ্জা বাংলার মানুষের কাছে আর কিছু হতে পারে না। আইনের শাসন বলছেন আপনারা। একটু আগে খবর পেলাম মন্দিরবাজার কলেজে প্রিন্সিপ্যালকে মারা হল। রাজ্যপাল ভাষণ দিয়ে গেছেন, শিক্ষাক্ষেত্রে আমরা অগ্রণী ভূমিকা পালন করছি। শিক্ষায় আমরা ভারতবর্ষে একটা জায়গায় পৌঁছাবো। ঐ শিক্ষাক্ষেত্রে মন্দিরবাজার কলেজে একটা প্রিন্সিপ্যাল যদি মার খায় আমার রামপুরহাট কলেজে, মালদা কলেজে প্রিন্সিপ্যালরা কি লজ্জায় কাজ করবে। আমাদের ছাত্র সমাজ, আমাদের শিক্ষিত সমাজ এবং বাংলার মানুষের মাথা এ কি লজ্জায় হেঁট হয়। তারপরেও আপনারা বলবেন শিক্ষায় আমরা এগিয়ে চলেছি। কলেজ ইলেকশনে পশ্চিমবঙ্গের কোন কলেজে এই সরকারি দল আমাদেরকে একটা নমিনেশন ফাইল করতে দিলেন না। আপনারা বলছিলেন, নমিনেশনের পরে কি শান্তিপূর্ণ ভাবে ভোট হল। শান্তিপূর্ণ তো হবেই যদি ওয়ান সাইড খেলা খেলেন অবশ্যই শান্তিপূর্ণ হবে। গ্রামে গ্রামে ছোট-ছোট বাচ্চাদেরকে মাথা ফাটিয়ে, তাদেরকে পুলিশ দিয়ে তাড়িয়ে দিয়ে নমিনেশন থেকে বিরত করে দিলেন। শান্তিপূর্ণ তো ইলেকশন হবেই। এই জন্য পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল যে বক্তব্য দিয়ে গেছেন আমরা তার সঙ্গে একমত হতে পারছি না। সারদা এবং রোজ ভ্যালিতে পশ্চিমবঙ্গের যে মানুষগুলো এ্যাফেক্টেড হয়েছে - পশ্চিমবঙ্গের যে মানুষগুলো সারদাতে টাকা জমা রেখেছিল, পশ্চিমবঙ্গের যে মানুষগুলো রোজ ভ্যালিতে টাকা জমা রেখেছিল আমাদের সরকার, মাননীয় স্পীকার স্যারের মাধ্যমে জানাচ্ছি, সেই মানুষগুলোকে টাকা ফেরতের ব্যবস্থা কি আজও পর্যন্ত করতে পেরেছে? সেই প্রশ্ন সরকার পক্ষের কাছে রাখছি। বিশ্ব বাংলা - কখন হবে বিশ্ব বাংলা? আমরা ২৯৪ জন এম.এল.এ.। আমরা ভাবলে কিন্তু বিশ্ব বাংলা হবে না যতক্ষণ না পর্যন্ত গ্রাম বাংলার নিপীড়িত বিধবা মহিলারা

***'অধ্যক্ষের আদেশ ক্রমে বাতিল'

আজও পর্যন্ত ঘুরে বেড়াচ্ছে - তারা বিধবা হয়ে গেছে কিন্তু এ্যাপ্লিকেশন করতে পারছে না বিধবা ভাতার জন্য। তাদের বিধবা ভাতা পাওয়ার কোন ব্যবস্থা করুন। বার্ধক্য ভাতা - এখনও পর্যন্ত লক্ষ লক্ষ বার্ধক্য মানুষরা বি.ডি.ও. অফিস, জেলা পরিষদ, পঞ্চায়েতে ঘুরে ঘুরে একটা ভাতা পাচ্ছে না। তাদের ভাতার ব্যবস্থা করুন। সর্বোপরি আমরা যারা বিধায়ক আছি আমাদের বিধায়ক উন্নয়ন প্রকল্পের যে টাকা বরাদ্দ আছে সেই টাকাটা যদি সরকার পক্ষ একটু বাড়িয়ে দেন তাহলে আমরা ২৯৪ জন বিধায়ক এলাকায় মানুষের কাছে মনমত কাজ করে আপনাদের-আমাদের বিশ্ব বাংলা করার স্বপ্নকে আরও অগ্রগতি দেওয়ার চেষ্টা করবো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

[5.20 – 5:30 p.m.]

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পীকার মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রদ্ধেয় শ্রী কেশরীনাথ ত্রিপাঠি মহাশয়, যে ভাষণ প্রদান করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু'একটি কথা আমি নিবেদন করতে চাই। অনেকক্ষণ ধরে সারাদিন ধরে বিভিন্ন বক্তার আমি বক্তব্য শুনছিলাম। একটু আগেই আমাদের বিরোধীপক্ষের এক বক্তা বলছিলেন যে, নোমিনেশান ফাইল নাকি করতে দেওয়া হয়নি। আসলে পশ্চিমবঙ্গে তাদের নোমিনেশান ফাইল করার মতো কোনো ছাত্রছাত্রী আছে কি না আগে জানতে হবে। লড়াই করার মতো তাদের ক্ষমতা আছে কি না জানতে হবে। বাংলায় যেখানে মানুষ সঙ্গে নেই, সেখানে লড়াই করবে কোথায়। আজকে সর্বত্র সারা পশ্চিমবাংলায় ছাত্রছাত্রীরা মমতা বন্দ্যোপাধ্যায়ের আদর্শে উদ্বুদ্ধ হয়ে তার কর্মকাণ্ডের প্রতি আকৃষ্ট হয়ে বাংলার ছাত্রছাত্রী থেকে শুরু করে বাংলার মানুষ আজকে মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে থেকে এগিয়ে চলেছে। আজকে সত্যি সত্যি রাজ্যপাল যে ভাষণ প্রদান করেছেন, আমি মনে করি এটা অন্তর দিয়ে, হৃদয় দিয়ে উপলব্ধি করে বিবেকের তাড়নায় তিনি সত্যি কথাগুলো তাঁর বক্তব্যের মধ্য দিয়ে প্রকাশ ঘটিয়েছেন।

আজকে আমরা বলি, সত্যি সত্যি কি উন্নয়ন হয়নি? উন্নয়ন কি হচ্ছে না? আপনারা বলতে পারবেন যে, এই বইটার মধ্যে রাজ্যপাল যে কথাগুলি বলেছেন কোনো একটি জায়গাতে মিথ্যে কথা আছে। তিনি বলেছেন কাজ হয়নি। আমি দেখেছি, ৮৮ সাল থেকে আমি নির্বাচিত, গ্রামসভার সদস্য থেকে কাজ করতে গিয়েছি। দেখেছি সেইসময় বামফ্রন্টের কি অত্যাচার, নিপীড়ন, শোষণ, বঞ্চনা ছিল। আজকে অনেকে অনেক কথাই বলছিলেন যে, আমাদের ডাকা হয়নি, বলা হয়নি, কাজ দেওয়া হয়নি। আমি নিজেও চারবার গ্রাম পঞ্চায়েত পঞ্চায়েত সমিতির মেম্বার থেকে সহকারি সভাপতি থেকে দেখেছি যে, কোনোদিন আমাদের এই ২৪ বছরে আমি একটা কোথাও টিউবওয়েল বানাতে পারিনি, রাস্তাও করতে পারিনি। আজকে আমরা বলতে চাই, আজকে বাংলা কিন্তু সত্যি সত্যি এগিয়ে চলেছে – বাংলায় কাজ হচ্ছে। আজকে সরকারের মধ্য দিয়ে আজকে বিভিন্ন ডিপার্টমেন্টের মধ্য দিয়ে আজকে কাজ হচ্ছে। আজকে কিন্তু গ্রাম পঞ্চায়েত কোথাও বঞ্চিত হয় না। পঞ্চায়েত সমিতি বঞ্চিত হচ্ছে না। জেলা পরিষদ বঞ্চিত হচ্ছে না। প্রকৃত অর্থে মানুষের জন্য বাংলায় আজকে কাজ হচ্ছে। আজকে তাই আমরা বলি, একটা একটা করে যদি বলি, যদি আমরা স্বাস্থ্য, শিক্ষার দিকে তাকিয়ে দেখি, আজকে শিক্ষাক্ষেত্রে ব্যাপক উন্নতি হয়েছে। আপনারা বলুন না, আজকে আমরা প্রাথমিক পর্যায় থেকে ধরি, SSK থেকে শুরু করে, আমরা ICDS থেকে শুরু করে যদি দেখে আসি, আজকে প্রতিটি ক্ষেত্রে একটা ব্যাপক আজকে উন্নতি হয়েছে, কাজ হয়েছে। আজকে ছেলেরা পড়াশুনা করছে। আজকে পাঠ্যপুস্তক দেওয়া হচ্ছে। আজকে বিনা পয়সায় তাদের ব্যাগ দেওয়া হচ্ছে। পায়ে জুতো দেওয়া হচ্ছে। পড়াশুনা করার

সময় আমরা দেখেছি যে, বিশেষ করে মুসলিম অধ্যুষিত এলাকায় বা তপশিলি অধ্যুষিত এলাকায় আমি বেশ কয়েকবার জিতেছি, আমি দেখেছি কোথাও ২০০, ৩০০, ৪০০, ৫০০, হাজার টাকার জন্য কিন্তু ছেলেরা পড়াশুনা করতে পারতো না। আজকে সেখানে মমতা বন্দ্যোপাধ্যায় পদক্ষেপ গ্রহণ করে ব্যাপকভাবে তাদের অর্থনৈতিক সাহায্য করছেন। আমরা দেখেছি। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে, আজকে মমতা বন্দ্যোপাধ্যায় যে ধরনের সাহায্য সহযোগিতা দেওয়ার চেষ্টা করছেন, আমি মনে করি আপনারাও তা কিন্তু চাক্ষুষ করছেন। কিন্তু স্বীকার করতে পারছেন না। যেহেতু বিরোধীপক্ষে আছেন। বিরোধিতা করতে হবে বলেই আজকে বিরোধিতা করছেন। আজকে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের জন্য দেখবেন ২,৫০০ কোটি টাকা বরাদ্দ করেছেন। একটা অভূতপূর্ব চিন্তাভাবনা। এটা ভারতবর্ষে প্রথম। আজকে আমরা বলি, যা হয়েছে সারা দেশের মধ্যে পশ্চিমবাংলা শীর্ষস্থানে আছে। ১.১ কোটি ছাত্রছাত্রীদের জন্য ২,৩৫০ কোটি টাকা বৃত্তি প্রদান করা হয়েছে। যা সারা দেশের মধ্যে শীর্ষস্থানে। এটা কি ভাবা যায় না? আজকে আমরা দেখি যে, পাঁচ লক্ষ মানুষকে স্বনিযুক্তি ক্ষেত্রে ৮০ কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে। শিক্ষাশ্রী কর্মপ্রকল্পের অধীনে ১৬ লক্ষ তপশিলি জাতি উপজাতি ছাত্রছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়েছে। এটা কিন্তু ছিল না। আজকে সত্যি সত্যি ব্যাপক উন্নতি হয়েছে। আজকে আপনারা বলুন না। আজকে পশ্চিমবঙ্গে ২০১১ সালের আগে পশ্চিমবঙ্গের কোথাও কোথাও গোটা ১৫ বিশ্ববিদ্যালয় ছিল। আজকে কাজ হচ্ছে না? কাজ হচ্ছে না বলেই ৬ বছরে ১৫টা নতুন বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। এটা কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্যই সম্ভব। এটা কিন্তু মা-মাটি-মানুষের জন্য সম্ভব। আজকে আপনারা বলুন না, এই ছয় বছরের মধ্যে ৪৬টা নতুন কলেজ স্থাপিত হয়েছে। এই কথাগুলি কি মিথ্যে। এখানে কি সত্যি সত্যি রাজ্যপাল মিথ্যে কথা বলে গেছেন? আজকে আপনারা একজন রাজ্যপালকে কোন জায়গায় নিয়ে যাচ্ছেন? নিজেরা নিজেদের মনকে বিবেককে জিজ্ঞেস করুন। আমরা বলব, শুধুমাত্র বিরোধিতা করার জন্য একজন সম্মাননীয় মানুষকে তাঁকে এমন একটি জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। আমরা মনে করি যে এটা ঠিক না, যথাযথ নয় এই পবিত্র সদনে অন্ততপক্ষে। আমরা বলি, যদি স্বাস্থ্যের দিকে তাকিয়ে দেখি - অনেকে বলছিলেন যে, স্বাস্থ্যের ক্ষেত্রে কি উন্নতি হয়েছে। স্বাস্থ্যক্ষেত্রে কি ব্যাপক উন্নতি হয়নি? আপনাদের প্রকাশ্যে বলতে হবে না। নিজেদের বিবেককে জিজ্ঞেস করে দেখুনতো। আজকে আমরা দেখেছি, আমাদের ডায়মন্ডহারবার একটা মহকুমা হাসপাতাল ছিল, জেলা হাসপাতাল হয়েছে। আজকে আমরা দেখছি প্রতিটি মহকুমায় একটা করে সুপার স্পেশালিটি হাসপাতাল হয়েছে।

আমার জেলায় ডায়মন্ডহারবারে হয়েছে, কাকদ্বীপে হয়েছে, বারুইপুরে হয়েছে। আজকে বলছেন যে ডাক্তার নেই। অনেক কিছু হয়েছে। বলছেন যে, ডাক্তার নেই, ডাক্তার নেই, আপনারা তো ক্ষমতায় ছিলেন চৌত্রিশ বছর, ডাক্তার তৈরী করার জন্য কি পদক্ষেপ করেছেন? ডাক্তার তৈরী করার জন্য কি পদক্ষেপ গ্রহণ করেছিলেন? গ্রহণ করতে পারেননি, কোন পদক্ষেপ নিতে পারেননি। আমরা বলতে চাই যে আজকে মমতা বন্দ্যোপাধ্যায়ও কিন্তু এই সদনে বলেছেন যে ডাক্তার তো সঙ্গে সঙ্গে তৈরী করা যায় না, যাকে খুশী তো ডাক্তার করা যায় না। একটা স্বাস্থ্যক্ষেত্রে ডাক্তার দিতে হলে তাঁকে ডাক্তারি পাস করতে হবে, ডাক্তারি শিক্ষা তাঁর থাকতে হবে, জানতে হবে, তবেই তাঁকে দেশে ডাক্তার হিসাবে নিয়োগ করা সম্ভব। তিনি বলেছেন - প্রয়োজন হলে - আমি বহু চেষ্টা করেছি পাওয়া যাচ্ছে না ; তিনি এটাও বলেছেন - বেসরকারি সংস্থাতে যারা কাজ করছেন তারা যদি পার্ট টাইমার হিসাবে যদি আমাদের সরকারি সংস্থাতে কাজ করতে চায় তাহলে তাদেরকে সেই সুযোগ দেওয়া হবে। আজকে কিন্তু তিনি মানুষের কথা চিন্তা করে, মানুষের কথা ভেবে, মানুষের জন্য তিনি কাজ করার কথা চিন্তা করছেন। আজকে পশ্চিমবঙ্গে ক্ষমতায় থেকে চৌত্রিশ বছরে ৬টা এস এন সি ইউ তৈরী করেছিলেন, আজকে

৬১টা এস এন সি ইউ তৈরী হয়েছে পশ্চিমবঙ্গের বুকে। আজকে যে কোন স্বাস্থ্যকেন্দ্রের দিকে তাকিয়ে দেখুন, আজকে সি সি ইউ তৈরী হয়েছে, ডিজিটাল এক্স-রে হয়েছে, ডায়ালিসিস সেন্টার হয়েছে - আমরা যদি সেখানে দেখি - প্যাথলজি সেন্টার হয়েছে। আমরা দেখছি সুপার স্পেশালিটি হাসপাতালের সঙ্গে সঙ্গে, আজকে নাইট শেল্টার তৈরী হয়েছে। কোনদিন ভেবেছেন যে রোগীর সঙ্গে আসা মানুষজন রাত্রেতে থাকতে পারবেন, কিংবা বর্ষার সময় কোন একটি জায়গাতে বিশ্রাম নিতে পারবেন - তার ব্যবস্থা করেছেন? করতে পারেননি। এন আর এসে প্রথম চালু হয়েছিল। কয়েকটা দিন আগে আমাদের ডায়মন্ডহারবারেও উদ্বোধন হয়ে গেল, আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শোভন চট্টোপাধ্যায় গিয়ে উদ্বোধন করে এলেন, এটা কিন্তু মানুষের জন্য কাজ। মমতা বন্দ্যোপাধ্যায় হৃদয় দিয়ে উপলব্ধি করেছেন বলেই - আজকে তাদের বর্ষার জন্যে, থাকার জন্যে, পানীয় জলের ব্যবস্থা, খাওয়া-দাওয়ার ব্যবস্থা, তার ব্যবস্থা করেছেন, এই নাইট শেল্টারের মধ্যে দিয়ে। আগামী দিনে মেডিকেল কলেজেও উদ্বোধন হবে ; বারুইপুরে তৈরী হচ্ছে, বারুইপুরে উদ্বোধন হবে। এমনি করে পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে যে স্বাস্থ্যকেন্দ্রগুলো আছে সেখানে কিন্তু এই ধরনের নাইট শেল্টার তৈরী হবে, আমাদের সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমরা বলতে চাই যে আজকে ৬টা নতুন আমাদের মেডিকেল কলেজ হচ্ছে। ডাক্তার, চাহিদা অনুযায়ী এই যে ডাক্তার বা ডাক্তার তৈরী করার জন্যে যে জায়গা ৬টা মেডিকেল কলেজ তৈরী হয়েছে, তার মধ্যে ডায়মন্ডহারবারে ইতিমধ্যে মমতা বন্দ্যোপাধ্যায়ের সহায়তায় উদ্যোগ দিয়ে তার চিন্তা-ভাবনার মধ্যে দিয়ে ডায়মন্ডহারবারে মেডিকেল কলেজ তৈরী হবে, তার কাজ শুরু হয়েছে। কোনদিন করেছেন? কোনদিন ভেবেছেন যে একটা মেডিকেল কলেজ পশ্চিমবাংলায় তৈরী করা দরকার, স্থাপন করা দরকার। কোনদিন ভাবেননি। শুধুমাত্র রাজনীতি করার জন্য রাজনীতি করেছেন। মানুষকে মিথ্যে কথা বলেছেন, ভাঁওতা দিয়েছেন, ধোঁকা দিয়েছেন। বিভিন্ন সময়ে ভোটের বৈতরণী পার হওয়ার জন্যে শুধুমাত্র শিলান্যাস করে গেছেন। আর মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গের দায়িত্ব নেওয়ার পর থেকে শিলান্যাস করেছেন, একটা কাজ হয়নি আপনারা দেখাতে পারবেন না, - দৃষ্টান্ত করতে পারবেন না - কোন দৃষ্টান্ত দেখাতে পারবেন না, আমি দায়িত্ব নিয়ে বলতে পারি।

আমরা বলি গরীব মানুষের জন্য মমতা বন্দ্যোপাধ্যায় কাজ করছেন। আমরা কি বলতে পারি, আমরা দেখেছি যে গরীব মানুষের জায়গা জমি ছিল না, তাদের থাকার আস্তানা ছিল না, তাদের জন্য আজকে ৩ লক্ষ মানুষকে তিনি পাট্টা দেওয়ার ব্যবস্থা করেছেন। আজকে ২০১১ সাল থেকে এই সময়ের মধ্যে আমরা দেখছি ২ লক্ষ ৯৩ হাজার মানুষের মাথায় ছাদ তৈরী করে দিয়েছেন গীতাঞ্জলি প্রকল্পের মধ্যে দিয়ে। কোনদিন কিন্তু ভাবেননি যে পশ্চিমবঙ্গে এইসব মানুষদের জন্যে সাহায্য সহযোগিতা করা সম্ভব, আমরা বলি। আপনারা বলতেই পারেন, বলতেই পারেন কারণ আপনাদের কাজ হল শুধুমাত্র মানুষ খুন করা, আপনাদের কাজ ছিল শুধুমাত্র মানুষকে ভয় দেখানো। আপনাদের কাজ ছিল মানুষকে ভীতি প্রদর্শন করে কথা বলা বন্ধ করা। আমরা দেখেছি একটার পর একটা নির্বাচন, মানুষকে কোনদিন নির্বাচনে অংশ নিতে দিতেন না, গায়ের জোরে, বন্দুক দেখিয়ে, বন্দুক ঠেকিয়ে নির্বাচনে জয়যুক্ত হয়েছেন,আর আজকে এখানে এসে দাঁড়িয়ে কথা বলছেন। আমি তাই বলব, রাজ্যপাল যে কথাগুলো বলেছেন, প্রত্যেকটি কথাকে আমি গুরুত্ব দিয়ে মর্যাদা দিয়ে এবং তাঁর ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী

কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় ৩রা ফেব্রুয়ারি,২০১৭ যে ভাষণ পেশ করেছেন, আমি তাঁর বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। আমি দেখলাম কিছুক্ষণ আগে অনেক বক্তাই বক্তব্য রাখলেন।

[5.30 – 5:48 p.m.]

অথচ এই রাজ্যে বিচারপতিরা পদত্যাগ করছেন, এ্যাডভোকেট জেনারেল, যারা সরকারী পি পি তারা পদত্যাগ করছেন। কিছুক্ষণ আগে একজন সদস্যা বলছিলেন যে কলেজ ছাত্র নির্বাচন, সেখানে বিরোধীরা নোমিনেশান ফাইল করতে পারছেন না। কারণ ছাত্ররা নাকি মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় তার দলে আসছেন। সত্যি কি তাই? তাহলে মুখ্যমন্ত্রীর ছাত্ররা কলেজের অধ্যক্ষকে ধরে মারছে এটা কি মুখ্যমন্ত্রী তাদেরকে শেখাচ্ছেন? এটাই কি আমাদের রাজ্যের শিক্ষার নমুনা? এটা কি আমাদের মুখ্যমন্ত্রী সমর্থন করছেন যে কলেজের অধ্যক্ষকে মারবে ছাত্ররা আর মুখ্যমন্ত্রী সেটা দেখবেন? আমরা দেখলাম শ্রীরামপুর কলেজের গোষ্ঠী দ্বন্দ্ব। সেখানে ছাত্র সংসদ নির্বাচন হয়েছে। অথচ সেখানে ছাত্র সংসদ এখনো গঠন হল না। কারণ সেখানে তৃণমূলের কাউন্সিলাররা গিয়ে ঝামেলা পাকালো। একজন বহিষ্কার হল। একজন সেখানে গ্রেপ্তার হল। এটা কি আমাদের রাজ্যের শান্তিপূর্ণ অবস্থা? এইরকম একটা সুন্দর রাজ্য? আমরা দেখলাম, আমাদের রাজ্যে যে নোট বাতিলের বিরোধিতা করা হল, এটা নিয়ে অনেক মিটিং, মিছিল মাননীয়া মুখ্যমন্ত্রী করলেন। আমরা দিল্লিতে দেখলাম, আমাদের দলের সঙ্গে উনি সাংবাদিক সম্মেলনও করলেন। সত্যি ভালো লাগলো। কিন্তু এখানে যে শোক প্রস্তাব এল, এখানে অনেক নামী গুণী মানুষের শোক প্রস্তাব হল, অথচ যারা নোট বাতিলের জন্য মারা গেল তাদের জন্য তো কোনো শোক প্রস্তাব হল না এবং কতজন মারা গেল তাদের কথা তো রাজ্যপালের ভাষণে উঠে এল না? কারণ যারা মারা গেল তাদের কি আমরা সমর্থন করছি না, নাকি তাদের পাশে আমাদের এই সরকার নেই? আমি মাননীয় স্পীকারকে বলবো, আপনি এই বিষয়ে বলবেন। আমরা দেখলাম, শীলভদ্রবাবু কিছুক্ষণ আগে বলছিলেন যে আমরা নাকি আমাদের এই সরকারের বিরোধিতা করছি। শীলভদ্রবাবু এটা তো বললেন না যে কেন এই সরকার আপনাকে বহিষ্কার করেছিল? কেন উনি এই সরকারের বিরুদ্ধে কথা বলেছিলেন? আজকে উনি এই সরকারের সম্পর্কে কথা বলেছেন। কিন্তু একদিন তো উনি এই সরকারের বিরুদ্ধে বলেছিলেন। যার জন্য এই সরকার তাঁকে বহিষ্কার করেছিল। উনি বলছেন, এই রাজ্যের হাসপাতালগুলোর এত উন্নয়ন হয়েছে যেখানে নাকি মানুষ সরকারী সাহায্য পাচ্ছে, ফ্রিতে চিকিৎসা পাচ্ছে। এত ভালো আমাদের হাসপাতাল। সত্যিই কি তাই? তাহলে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর ভাইপোর যখন অ্যাক্সিডেন্ট হল তখন কি সরকারী হাসপাতালে তার জায়গা হল না, তাকে বেসরকারী হাসপাতালে ভর্তি করতে হল? সরকারী হাসপাতালে কি কোনো স্বাস্থ্য পরিষেবা দেওয়া হয় না? আজকে তাহলে স্বাস্থ্য পরিষেবা এখানে এই রাজ্যে ঠিকমত দেওয়া হচ্ছে না। আজকে তার স্বাস্থ্য পরিষেবা এই রাজ্যে হচ্ছে না। তাকে বাইরের রাজ্যে যেতে হচ্ছে। তাহলে এই রাজ্যে আমাদের স্বাস্থ্যের উন্নয়ন কতটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী করেছেন? তিনি কিনা আমাদের স্বাস্থ্য মন্ত্রী। তার ভাইপোকে যেতে হচ্ছে বাইরের রাজ্যে চিকিৎসা করানোর জন্য। এই হচ্ছে আমাদের রাজ্যের স্বাস্থ্যের অবস্থা। এই হচ্ছে আমাদের এখানে স্বাস্থ্যের অবস্থা। আমরা দেখলাম, সরকারী অনুষ্ঠান হচ্ছে প্রতিটা ব্লকে। মাননীয়া মুখ্যমন্ত্রী অনেক প্রকল্প নিয়েছেন। এই প্রকল্প আগেও ছিল। আমরা দেখেছি, ছাত্র যুব অনুষ্ঠান। মক পার্লামেন্ট যেটাকে যুব সংসদ বলা হচ্ছে। অনেক মেলা হচ্ছে। মাননীয় স্পীকার সাহেব, আমি আপনাকে বলেছিলাম আমার ব্লকে অনেক সরকারী অনুষ্ঠান হচ্ছে। সেখানে মক পার্লামেন্ট মানে যুব সংসদীয় রীতি যেখানে সংসদের রীতি নীতি শেখানো হচ্ছে। আগামীদিনে ছাত্র ছাত্রীরা এই সংসদীয় বিষয় শিখে আগামী প্রজন্ম তারা ভালো জায়গায় পৌঁছাবে। কেউ এম এল এ হবে, কেউ এম পি হবে। আগামী দিনে তারা এলাকার উন্নয়ন করবে, পশ্চিমবাংলার উন্নয়ন করবে। অথচ

দেখুন, আমাদের এই সরকার নাকি বড় মনের। খুব দয়ালু সরকার আমাদের মুখ্যমন্ত্রী। বাংলার মুখ্যমন্ত্রী একজন দয়ালু মানুষ। অথচ তাঁর সরকারে বিরোধীদের কোনো জায়গা নেই। আমি একজন বিধায়ক, এম এল এ, আমার এলাকায়। সেখানে আমাকে আমন্ত্রণপত্র বি ডি ও সাহেব পাঠালেন। তিনি ফোন করে জানালেন আমাকে যে এত তারিখে প্রোগ্রাম হবে, কার্ডে আপনার নাম দেওয়া থাকলো। তারপরে সেখানে শাসক দলের কয়েকজন বি ডি ও সাহেবকে বললো যে চাপ দিয়ে আপনাকে ওই নাম বাতিল করতে হবে। বি ডি ও সাহেব আমার নাম বাতিল করে শাসক দলের লোকজন যারা আছেন, শাসক দলের যারা জনপ্রতিনিধি আছেন সেখানে তাদের নাম রেখে সেই প্রোগ্রাম করল। মাননীয় স্পীকার সাহেব, এটাই কি মাননীয়া মুখ্যমন্ত্রীর নীতি যে বিরোধীদেরকে বাদ দিয়ে ছাত্র ছাত্রীদের শিক্ষা দেওয়া যায়? যেখানে একটা শিক্ষার অনুষ্ঠান হচ্ছে, যেখানে ছাত্র ছাত্রীদের আগামী প্রজন্মের কথা শেখানো হচ্ছে সেখানে এটা কি মাননীয়া মুখ্যমন্ত্রীর রীতি? যুব উৎসব হচ্ছে যেখানে, সেখানে যুবকদের ডাকা হচ্ছে না। কাকে মন্ত্রীর রি-প্রেজেন্টেটিভ করা হয়েছে, কারা রি-প্রেজেন্টেটিভ হচ্ছে - যারা ব্লক সভাপতি তৃণমূলের, যারা যুব সভাপতি তৃণমূলের। কারা মন্ত্রীর রি-প্রেজেন্টেটিভ - দশটা করে যাদের নামে কিনা কেস আছে।

যারা মন্ত্রীর রিপ্রেজেন্টটেটিভ তাদের নামে দশটি করে কেস আছে। আপনি খোঁজ নিয়ে দেখবেন আমার ব্লকে যারা তৃণমূলের রিপ্রেজেন্টটেটিভ রয়েছেন তাদের নামে কতগুলো কেস আছে, তারা কত মার্ডার করেছে। এরা যদি মন্ত্রীর রিপ্রেজেন্টটেটিভ হয়, তাহলে এই রাজ্য কিভাবে চলবে আগামী দিনে অবশ্যই আপনি বুঝতে পারবেন। আমরা দেখলাম মাননীয় পরিবহণমন্ত্রী অনেক নতুন সরকারী বাস রাস্তায় নামিয়েছেন। স্যার, আমি আপনাকে বলেছিলাম যে আমি আমার বিধানসভা কেন্দ্র থেকে সরকারি বাসে বিধানসভায় যাতায়াত করি। আমি বার বার বলেছিলাম আমার এলাকা থেকে একটি নতুন সরকারি বাস দেওয়া হোক। যে পুরোনো বাস দেওয়া হয়, তাতে সাধারণ মানুষ কলকাতায় আসতে পারে না। ঐ সরকারি বাসের উপরে নির্ভর করেই তারা কলকাতায় যাতায়াত করে, চিকিৎসা করাতে কলকাতায় আসে। কিন্তু আজও অবধি সেখানে একটা নতুন বাস দেওয়া হল না। প্রত্যেকদিন মাঝ রাস্তায় বাস খারাপ হয়ে যায়। আমরা সময় মত কলকাতায় আসতে পারি না। আপনি আমাদের স্পীকার, তাই আপনাকে আমি বলেছিলাম আপনি আমাদের অভিভাবক, কিন্তু আপনি বলার পরেও আপনার কথা মাননীয় পরিবহণ মন্ত্রী শোনেননি, এখনও অবধি নতুন বাস সেখানে দেওয়া হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধান কেনা নিয়ে অনেক কথা এখানে হয়েছে। আমরা কৃষি প্রধান এলাকার মেয়ে। সেখানে যেমন আলু চাষ হয়, পাশাপাশি ধান চাষও হয়। মাননীয় খাদ্যমন্ত্রী আমাদেরকে একটা করে ফর্ম দিয়েছিল এবং আমাদের বলা হয়েছিল আপনারা ফর্মটা ফিলআপ করে কোথায় কোথায় ধান কেনার ক্যাম্প করা হবে সেই জায়গার নাম লিখে ডিস্ট্রিকট কন্ট্রোলারের কাছে জমা দেবেন। আমি দু-মাস হয়ে গেল সেই ফর্মটা ফিলআপ করে জমা দিয়েছি। এখানে বিধানসভায় বলা হয়েছিল ডিসেম্বর মাস থেকে ধান কেনা হবে। কিন্তু আমরা দেখলাম জানুয়ারি মাসের প্রথম সপ্তাহ থেকে ধান কেনা শুরু হল। আমরা বিরোধী দলের সদস্যরা জানতে পারলাম না কবে থেকে ধান কেনা শুরু হল। কিষাণ মান্ডিতে ধান কেনা শুরু হয়েছে। এক একটা অঞ্চল থেকে কুড়ি জন করে চাষী সেখানে ধান বিক্রি করার সুযোগ পাচ্ছে। আপনি বলুন তো একটা অঞ্চলে কি কুড়ি জন চাষী আছে। এতবড় একটা অঞ্চলে কি কুড়িজন চাষী ধান বিক্রি করবে। আর ধান বিক্রি করার কুপন দিচ্ছে। শাসক দলের লোকেরা। তারা দু-হাজার, তিন হাজার টাকায় কুপন বিক্রি করছে। তার পরেও চাষীরা তার ধান বিক্রি করতে পারছে না। দালালরা সেখানে ধান বিক্রি করছে। অথচ আমাদের রাজ্যের খাদ্যমন্ত্রী বলেছিলেন ক্যাম্প করে ধান কেনা হবে। তাহলে কেন আমাদেরকে

সেই ফর্ম দেওয়া হয়েছিল। কেন আমাদেরকে বলা হয়েছিল প্রতিটি এলাকায় ক্যাম্প করে ধান কেনা হবে। কেন খাদ্যমন্ত্রী তার কথা রাখলেন না। আজকে আলু চাষীদের অবস্থা খুবই খারাপ। আমরা শুনেছিলাম ২০১০ সালে আলু চাষীদের এই রকম অবস্থা হয়েছিল। সেখানে সরকার আলু চাষীদের কাছ থেকে নির্ধারিত মূল্যে আলু কিনে নিয়েছিল। আমি আপনার মাধ্যমে অনুরোধ করব,আমাদের এই সরকার যাতে ন্যায্য মূল্যে কৃষকদের কাছ থেকে আলু কেনে। তাহলে আলু চাষীদের অবস্থা একটু ভালো হবে। আমরা চাইব আগামী দিনে এই সরকার আরও ভালো করে কাজ করুক। মাননীয়া মুখ্যমন্ত্রী ২১১টি আসন পেয়েছেন। আগে যিনি সাংবাদিক ছিলেন, এখন সরকারী দলের সদস্য, তিনি বলছিলেন মাননীয়া মুখ্যমন্ত্রীর জন্যই তৃণমূল ২১১টি আসন পেয়েছে। সত্যি কি তাই! যদি মাননীয়া মুখ্যমন্ত্রী ভালো কাজ করতেন তাহলে উনি ২৫ হাজার ভোটে জিতত না, আরও বেশী ভোটে জিততেন। প্রায় এক লক্ষ ভোটে জিততেন। সকলকে ধন্যবাদ জানিয়ে রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সওকত মোল্লা : মিঃ স্পীকার স্যার, আমি প্রথমেই গত ৩রা ফেব্রুয়ারি মহামান্য রাজ্যপাল যে ভাষণ এই হাউসে রেখেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। বিশেষ করে গোটা রাজ্যের সার্বিক যে উন্নয়ন সেই দিশাটাকে তিনি বক্তব্যের মধ্যে দিয়ে তুলে ধরার চেষ্টা করেছেন কিছুটা, তাই সেই ভাষণকে আমি পূর্ণাঙ্গভাবে সমর্থন করে কয়েকটি কথা এই পবিত্র সদনে রাখতে চাই। আমি সকাল থেকে প্রায় ৩১জন বক্তার বক্তব্য শুনলাম। বিরোধী আসনে যে বামপন্থী এবং কংগ্রেসী বন্ধুরা বসে আছেন তাদের বক্তব্য শুনতে শুনতে মনে হয়েছে,তারা এতটাই দিশাহীন হয়ে পড়েছেন যে মাননীয় রাজ্যপালের ভাষণটা শোনার পর তারা বুঝতে পেরেছেন যে হয়তো এবারে আমরা কয়েকজন আছি, আগামী দিনে হয়তো আর এখানে থাকতে পারব না। তাই তাদের মাথা খারাপ হয়ে গিয়েছে এবং তারা ভুল-ভাল বকতে শুরু করেছেন।

আমি কথাটা এই কারণে বললাম, যে আমাদের কিছু বিরোধী দলের সদস্যরা বেশ কিছু ধর্ষণের কথা বলছিলেন। ধর্ষণটা সত্যিকারের অন্যায়। এটা কাদের মুখ থেকে শুনছি? খুনের কথা বলছেন। কাদের মুখ থেকে আমি শুনছি? এর মাঝখানে আমি একটা ধন্যবাদ আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে না দিয়ে পারছি না। কারণ একটা অচল পয়সাকে তিনি সচল করেছেন। কি রকম জানেন? যে ৩৪ টা বছর ধরে আজকে কংগ্রেসের যে জোট সঙ্গী, একটা ডুবো জাহাজে যাঁরা তরীটা বেঁধেছেন, সেই জোট সঙ্গীদের নেতৃত্বে এই বাংলাটাকে একটা ধ্বংস স্তুপে পরিণত করা হয়েছিল। এই বাংলাটাকে একটা কঠিন পরিস্থিতির দিকে ঠেলে দেওয়া হয়েছিল। গোটা বাংলার শিক্ষা ব্যবস্থাটাকে ভেঙ্গে চুরমার করে দেওয়া হয়েছিল। আজকে সেই অচল বাংলাটাকে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর সহকর্মীদের নিয়ে সচল করেছেন। এটাই হচ্ছে বিরোধী রাজনৈতিক দলের সব চাইতে বড় জ্বালা। আজকে কয়েকটি তথ্য আমি আপনাদের সম্মুখে রাখছি। যারা সোনারপুরের ধর্ষণ নিয়ে চিৎকার করছিলেন, আমাদের রাজ্য সরকারের পুলিশ আমাদের প্রিয় মুখ্যমন্ত্রীর নির্দেশে যথাযথ ব্যবস্থা সেখানে নেওয়া হচ্ছে। কিন্তু আমি যদি আপনাদেরকে প্রশ্ন করি, মরিচঝাঁপিতে যে ঘটনা ঘটেছিল, তখন সরকারে ছিল কারা? আপনারা যারা কংগ্রেসের এখানে বসে আছেন, আনিসুর রহমান সাহেবরা আছেন এখানে, তারাই তখন সরকারে ছিলেন। যখন দেখেছিলাম বিজন সেতুর ওপরে আনন্দ মার্গীদের দিনে দুপুরে পুড়িয়ে হত্যা করা হয়েছিল, সেই কথাটা তো একটি বারও বলেননি যে তৎকালীন যিনি রাজ্যপাল ছিলেন, সেই জায়গায় যুক্ত করতে। আমরা দেখেছিলাম, আমাদের দক্ষিণ ২৪ পরগণা জেলায় ১৯৮৫ সালে মল্লিকবাজারে গণধর্ষণের কথা। সেটা এখনও পর্যন্ত অনেকে ভুলে যায়নি। শুধু গণ

ধর্ষণ নয়, মাথাটা কেটে নিয়ে ফুটবল খেলা হয়েছিল সেখানে। কিন্তু তারপরে তো একবারের জন্যও সেটাকে রাজ্যপালের ভাষণে যুক্ত করা হয়নি? আমরা দেখেছিলাম, সরকারী হসপিটালে বর্ণালী দত্তকে ধর্ষণ করা হয়েছিল। অনিতা দেওয়ানকে, তার সহকর্মীদের বানতলাতে ধর্ষণ করা হয়েছিল। বনানী বসাককে ধর্ষণ করা হয়েছিল। কই, তখন তো আর রাজ্যপালের ভাষণে এগুলো তো উঠে আসেনি। শুধু তাই নয়, নন্দীগ্রামের গণ হত্যার কথা আমাদের অনেকের মনে আছে। নন্দীগ্রাম থেকে শুরু করে সমস্ত ঘটনা কোন ক্ষেত্রে রাজ্যপালের ভাষণে উঠে আসেনি এবং শেষে আমি মনে করি যে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, ১৯৯০ সালে তখন তিনি বিরোধী নেত্রী, আজকে তিনি বাংলার মুখ্যমন্ত্রী, তাঁকে খুন করার যে চক্রান্ত করা হয়েছিল, তারপরে ১৯৯১ সালে বিধানসভায় যে রাজ্যপালের ভাষণ, সেখানে তো সেটা উল্লেখ করা হয়নি? আসলে এ কথাগুলো আপনারা বলতে পারবেন না, এটা আমরা জানি। শুধু মিথ্যা কথা বলে ভাঁওতা দিয়ে আপনারা এই সদনকে বারেবারে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আমি একজন সংখ্যালঘু পরিবারের সদস্য। সেই ব্যাপারে গুটিকতক কথা আপনাদের সম্মুখে রাখি। ভারতবর্ষে সর্ব প্রথম কোন একটি রাজ্য, তার নেত্রী মমতা বন্দোপাধ্যায়, মা-মাটি-মানুষের সরকার, একটা সম্প্রদায়ের জন্য, সংখ্যালঘু মানুষের জন্য পঁচিশ শ' কোটি টাকা বরাদ্দ করেছেন। আমি অত্যন্ত গর্ব অনুভব করি। যখন দেখি আমাদের রাজ্যের এক কোটি এক লক্ষ ছেলেমেয়েদের তেইশ পঞ্চাশ কোটি টাকা বরাদ্দ করে। তাদেরকে বিভিন্ন ধরনের অনুদান দেওয়া হয়। আমরা কখন গর্ব করি জানেন? যখন আমরা দেখতাম বামফ্রন্টের সময় এই রাজ্যে প্রায় ন' কোটি মানুষ একটা মাত্র হজ হাউস ছিল, আজকে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে, পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারের নেতৃত্বে আজকে তিন তিনটি হজ হাউস তৈরী হয়েছে। আজকে ভাঙ্গড়ের কথা বলছেন, সংখ্যালঘুদের কথা বলছেন, যে সংখ্যালঘুদের জমি দেওয়া হয়েছিল রাজারহাট নিউটাউনে, বামফ্রন্ট সরকার সেই সংখ্যালঘুদের জন্য একটা কোন প্রতিষ্ঠানের জন্য একটা জমিও দেয়নি। আজকে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী আজকে রাজারহাট নিউটাউনে আলিয়া বিশ্ববিদ্যালয় তৈরী করেছেন। যেটা এখন বিশ্বমানের। আপনি চলে যান, শুধু ভারতবর্ষে নয়, আমেরিকাতে চলে যান, ইংল্যান্ডে চলে যান, বিভিন্ন জায়গায় চলে যান, আজকে সেখানে দেখবেন, একবার ক্যাম্পাসে গিয়ে ঘুরে আসুন, বাংলার সংখ্যালঘুদের জন্য কাজ হচ্ছে কিনা সেটা একবার ঘুরে দেখুন। আজকে আমরা গর্ব অনুভব করি। যখন আমরা দেখি যে আমাদের রাজ্যে হাজার হাজার মাদ্রাসা আজকে অনুমোদন দেওয়া হচ্ছে।

আমরা সংখ্যালঘু হিসাবে গর্ব অনুভব করি। আমরা যখন দেখি যে, আমাদের মুসলমানদের সব চাইতে পবিত্রস্থান হ'ল কবরস্থান - নিশ্চয় রফিকুলসাহেবরা ওখানে বসে আছেন, তারা নিশ্চিতভাবে জানেন, আজকে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে, বাংলার মা-মাটি-মানুষের সরকারের নেতৃত্বে সেখানে কোটি কোটি টাকা দিয়ে সেই কবরস্থানকে প্রাচীর দিয়ে ঘিরে দেওয়া হয়। আমরা সংখ্যালঘু পরিবারের সদস্য হিসাবে তখনই গর্ব করি যখন দেখি, ভারতবর্ষের বুকে ৫৩৯টি দাঙ্গা সংগঠিত হয় আর সেই বিজিপির সঙ্গে আমাদের যারা বিরোধী দলে আছে তারা কোলাকুলি করছে। আমাদের তখনই গর্ব হয় আমরা যখন দেখি, গুজরাটে সংখ্যালঘুরা সংখ্যালঘু হওয়ার অপরাধে তাদেরকে গুজরাট ছেড়ে চলে যেতে হয়। আমরা বাংলার মুসলমানরা আমাদের সেই সময়ে গর্ব হয় যে, আমাদের সংখ্যালঘু হওয়ার অপরাধে বাংলা ছেড়ে চলে যেতে হয় না। আমাদের মা-বোনেদের ইজ্জত দিতে হয় না। আমাদের ঘর-বাড়ি ছাড়তে হয় না। আমাদের হোটেল-রেস্তোরা ছেড়ে যেতে হয় না। আমরা মাথা উঁচু করে এখানে গর্ববোধ করি যে, আমরা নিরপেক্ষভাবে নিরাপত্তার সহিত এ রাজ্যে বসবাস করছি। এই সমস্ত কথা আপনারা একবারের জন্যও বলেননি। আমরা দেখছি, বিরোধিতা করতে হয় তাই বিরোধিতা। আমরা

দেখছি, প্রতিটি ক্ষেত্রে বিরোধিতা। ভালো কথা একবারের জন্যও শুনতে পাই না। আমরা সেই জায়গায় দাঁড়িয়ে আমি বিশেষ করে আর একটি কথা বলে শেষ করব। ভাঙ্গরের কথা অনেকেই বলেছেন। ভাঙ্গরের যে ঘটনা - আমরা অবাক হয়ে গেলাম যে, বেশকিছু বিচ্ছিন্নতাবাদী শক্তি যেখানে ৯৫ শতাংশ পাওয়ার গ্রিডের কাজ শেষ হয়ে গেছে, হঠাৎ করে সেখানে নকশালপন্থীরা গিয়ে উত্তেজনা তৈরি করে দিল। আমরা অবাক হয়ে গেলাম। তারপরে অধির চৌধুরিসাহেব যিনি কংগ্রেসের নেতা আর বিশেষ করে আনিসুর রহমান সাহেব আছেন, উনার সহকর্মী সুজনবাবু এখানে বলেছিলেন - খুব ভালো হ'ত উনি আজকে এখানে থাকলে, তিনি সেখানে গিয়ে এমনভাবে উৎসাহ দিলেন যে সেখানে একটা দাঙ্গা লাগিয়ে দেওয়া, সেখানে খুনোখুনি করার একটা পরিবেশ তৈরি করে দিয়েছেন। কিন্তু ভাঙ্গরের মানুষ - মনে রাখবেন, আজকে আপনাদের বলে রাখছি, যতই চিৎকার চেঁচামেচি করুন না কেন, কোন লাভ হবে না। নিশ্চিতভাবে ভাঙ্গরের মানুষ তৃণমূল কংগ্রেসের সঙ্গে আছে, সরকারের সঙ্গে আছে এবং সরকারের সঙ্গে থাকবে। এবং আজকে একটা ভবিষ্যৎ বাণী করে দিই। আপনারা অনেক কথা বলেছেন। আমাদের ওপরে শকুন ওড়ে জানেন তো? শকুনের অভিশাপে কখনও গরু মরে না। আপনারা কেউ কেউ বলেছেন, আমাদের নাকি অহঙ্কার হয়ে গেছে, তাই আমরা নাকি কমে যাব। আপনাদের শুধু একটা কথা বলে রাখি,শুনে নেন। বিধানসভার নির্বাচনের আগে অনেক চেষ্টা করেছেন। যে কথা এখানে বলছেন সে কথা বাইরে বলতে পারবেন না। খবরদার বলবেন না, অসুবিধা আছে। যে কথা এখানে বলছেন সে কথা যেদিন বাইরে গিয়ে বলবেন সেদিন বাংলার মায়েরা, বোনেরা নিরাপত্তা রাখবে না। সেদিন আপনাদেরকে একেবারে বাংলা থেকে পার করে দেবে। তাই আমি আশা করব, নিশ্চিতভাবে আগামী দিনে এই বাংলার মাটিতে দাঁড়িয়ে বাংলার মানুষ আজকে মা-মাটি-মানুষের সরকারের পাশে আছেন। আমি মনে করি যে, বাংলা আগামী দিনে আরও উন্নত হবে। মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের যে হাত ধরেছেন সেই মমতা বন্দ্যোপাধ্যায়কে ঠেকিয়ে রাখার মত ক্ষমতা কারও নেই। এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The House was then adjourn at 5.48pm till 11am on Wednesday, the 8th February 2017.

Proceedings of the West Bengal Legislative

Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 8th February, 2017 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 28 Ministers-in Charge, 13 Ministers of State and 210 Members.

[11:00 – 11.10 A.M.]

LAYING OF REPORT

First Report of the Committee on Rules (2016-2017)

Mr. Speaker: I am to lay the First Report of the Committee on Rules (2016-2017), West Bengal Legislative Assembly.

Presentation of the First Report of the Standing Committee on School Education (2016-2017)

The Chairman (Shri Kalipada Mandal): Mr. Speaker, Sir, I beg to present the First Report of the Standing Committee on School Education (2016-2017) on the infrastructure and allied arrangements of some institutions related to School Education and Library Services Department in the districts of Maldah & Murshidabad.

LAYING OF RULES

Shri Sobhandeb Chattopadhyay: Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the West Bengal Food Security Rules, 2016 published in the Kolkata Gazettee Extraordinary dated the 3rd January, 2017 under Notification No. 23/FS/FS/Sectt./Food/14R-05/2016 dated the 3rd January, 2017 issued by the Food & Supplies Department, Government of West Bengal.

LAYING OF AMENDMENTS TO THE RULES

Amendments to the West Bengal Special Marriage Rules, 2010

Shri Moloy Ghatak: Mr. Speaker, Sir, I beg to lay the amendments to the West Bengal Special Marriage Rules, 2010 published in the Kolkata Gazette Extraordinary, dated the 10th November, 2016 under Notification No. 353-JL dated the 4th November 2016 issued by the Judicial Department, Government of West Bengal.

LAYING OF REPORT AND ACCOUNTS

The Annual Report and Accounts & comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal State Electricity Distribution Company Limited for the year 2015-2016

Shri Sobhandeb Chattopadhyay: Mr. Speaker, Sir, I beg to lay the Annual Report and Accounts & comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal State Electricity Distribution Company Limited for the year 2015-2016.

শ্রী আব্দুল মান্নান : স্যার, আজকে সব সংবাদপত্রে বেরিয়েছে এবং বিভিন্ন সমালোচনাও হয়েছে। আমি কালও হাউজে মেনশন করেছিলাম স্যার, আপনি তখন ছিলেন না হাউজে। অ্যাডভোকেট জেনারেল এবং অ্যাডিশনাল অ্যাডভোকেট জেনারেল পদত্যাগ করেছেন। স্যার, আজকে যে বিলগুলো আসছে সেই বিলগুলো খুবই বিতর্কিত। আজকে যে বিল-টা আসবে এবং কালকেও যে বিল-টা আসবে। স্বাভাবিক কারণে এখানে অ্যাডভোকেট জেনারেলের অপিনিয়ন দরকার পড়তে পারে এবং হাউজে আপনি ইচ্ছা করলে অ্যাডভোকেট জেনারেলকে ডেকেও পাঠাতে পারেন এবং হাউজে এসে তিনি বক্তব্য রাখবেন। এই অবস্থায় স্যার সংবাদপত্রে যা বেরিয়েছে খুব বিভ্রান্তিকর খবর। ..... (হৈ চৈ) ...

মিঃ স্পীকার : ঠিক আছে। সংবাদপত্রের কথা বলার দরকার নেই। ... (হৈ চৈ) ...

শ্রী আব্দুল মান্নান : বলতে দেবেন তো স্যার। আমি কী চাইছি সেটা তো আপনি শুনলেনই না।

মিঃ স্পীকার : আমি বুঝতে পেরেছি আপনি কী চাইছেন।

শ্রী আব্দুল মান্নান : এত বোঝার ক্ষমতা থাকলে আর তো হাউজে আসতে হবে না স্যার। আমরা চাইছি, আজকে অ্যাডভোকেট জেনারেল কেন এবং কোন চাপের কাছে মাথা নত করে .... (হৈ চৈ) .....

মিঃ স্পীকার : 'চাপের কাছে মাথা নত করে' - যাবে না। 'পেপারে বেরিয়েছে' - এটাও যাবে না। ... (হৈ চৈ) ... ঠিক আছে বসুন, বসুন। ... (হৈ চৈ) ... আমি শুনেছি। আপনারা বসুন। ... (হৈ চৈ) ... Please, বসুন। আপনারা বসুন। ... (হৈ চৈ) ... মান্নানবাবু বসুন। আপনি তো আপনার কথা বলেছেন, আমি শুনেছি, এবার আমার কথা শুনুন। ... (হৈ চৈ) ... আপনি তো বললেন। আমরা শুনলাম। এবার আমাকে বলতে দিন। আমি আপনাকে বলছি, বসুন। ... (হৈ চৈ) ... তা হলে তো মুশকিল। শোনার ধৈর্য্য রাখতে হবে তো ! আমি আপনাদের বলছি, আপনারা বসুন। ... (হৈ চৈ) ...সবার উঠে দাঁড়ানোর দরকার নেই। মান্নান সাহেব বলছেন সবাই উঠে দাঁড়িয়েছেন কেন ? ... (হৈ চৈ) ... Please, আপনারা বসুন। ঠিক আছে, আপনারা বসুন। ... (হৈ চৈ) ...

শ্রী আব্দুল মান্নান : ...(গোলমাল)....স্যার, বার বার সব পদত্যাগ করছে এটা হতে পারে না। ...(গোলমাল).... আমরা ঘরে চুপচাপ বসে থাকবো? ...(গোলমাল)....

মিঃ স্পীকার : আমি শুনেছি, আপনারা বসুন, বসুন।

শ্রী আব্দুল মান্নান : আমাকে কমপ্লিট করতে দিন। তাহলে সব চুপ হয়ে যাবে। আপনি আমাকে কমপ্লিটটা করতে দিন।...(গোলমাল)....

মিঃ স্পীকার : বলুন, বলুন।

(এই সময় মাননীয় চিফ হুইপ কিছু বলতে ওঠেন।)

শ্রী আব্দুল মান্নান : চিফ হুইপ বসুন.....(গোলমাল).... মাননীয় স্পীকার আমাকে অ্যালাউ করেছেন। ...(গোলমাল).... আপনি আমাকে বলতে দিয়েছেন আমি কৃতজ্ঞ। স্যার, আপনি যদি বলেই দেন যে আমি সব বুঝে গেছি তাহলে তো আর কথাই হয় না। ...(গোলমাল).... আমি যেটা বলতে চাইছি স্যার, খুব গুরুত্বপূর্ণ বিলগুলো এই বিধানসভাতে আসছে। এই সময়ে আমরা অনেক কোশ্চেন করছি, ইনট্রোডাকশানে বাধা দিয়ে নোটিশ দিচ্ছি। আপনি অনেক কিছু অ্যালাউ করেছেন, অ্যাডমিট করেছেন নিয়মমতো। সেগুলো নিয়ে আলোচনা হবে। আমার অতীত অভিজ্ঞতা আছে, আপনারও স্যার জানা আছে, এসব ক্ষেত্রে অ্যাডভোকেট জেনারেলের অনুমোদন দরকার পড়ে। তার বক্তব্যটা হাউস জানতে চায়। সেক্ষেত্রে আজকে অ্যাডভোকেট জেনারেল পদত্যাগ করেছেন, হাউস চলছে। আজকেই একটা কনট্রোভার্সিয়াল বিল আছে। সেক্ষেত্রে আমরা জানতে চাইছি যে, কি প্রয়োজনে হঠাৎ এরকম একটা ক্রুশিয়াল সময়ে হাউস চলছে, অ্যাডভোকেট জেনারেল পদত্যাগ করলেন এবং সংবাদপত্রে বেরলো তিনি মেনে নিতে পারছেন না অনেক কিছু। এটা যদি সত্যি হয় তাহলে খুবই দুর্ভাগ্য। আমি মন্ত্রীর বিবৃতি দাবি করছি।

মিঃ স্পীকার : সংবাদপত্রে কি বেরিয়েছে সেটা আমার দেখার ব্যাপার না। অ্যাডভোকেট জেনারেল পদত্যাগ করেছেন এই ঘটনাটা ঠিক। বিভিন্ন সংবাদপত্রে বিভিন্ন সংবাদ বেরিয়েছে। অ্যাডভোকেট জেনারেল তার ব্যক্তিগত কারণে ইস্তফা দিয়েছেন এটাও অনেক জায়গায় বেরিয়েছে। সাংবাদিকরা নিজের মত.. ...(গোলমাল)....প্লিজ আমাকে বলতে দিন। ...(গোলমাল)....না, না, আপনারা বলবেন না। ...(গোলমাল)....প্লিজ আপনারা বসুন। ...(গোলমাল)....আপনি যে কথা বলছেন আমি বিলগুলো এক্সামিন করে দেখেছি, বিলগুলোতে এমন কোন intricate কোশ্চেন অফ ল- ইনভল্ভড্ নেই যার জন্য অ্যাডভোকেট জেনারেলের মতো কোন লোককে আনার দরকার আছে। ঠিক আছে।

Discussion on Governor's Address

শ্রী ভূপেন্দ্রনাথ হালদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত তেসরা ফেব্রুয়ারি মহামান্য রাজ্যপাল এই মহতী সভায় ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার চতুর্থ অধিবেশনে যে ভাষণ দিয়েছেন তার পরিপ্রেক্ষিতে আমি কিছু কথা পেশ করছি। স্যার, গতকালও আমরা এই মহতী সভায় বিভিন্ন বক্তার বক্তব্য শুনলাম। প্রতিটি বক্তব্যের মধ্যে একটা কথা বার বার ভেসে ওঠে ৩৪ বছর, ৩৪ বছর, ৩৪ বছর। বিগত পাঁচ বছরে আমরা প্রায়ই শুনলাম, কিন্তু ৩৪ বছর এই কথাটা কেন বার বার উত্থাপন হচ্ছে এটা সারা পশ্চিমবঙ্গের মানুষ জানে। সেই কারণে আমি যে কথাটা বলতে চাইছি, পশ্চিমবঙ্গের মানুষ ২০১১ সালে তার জন্য পরিবর্তনের সরকার, মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত করেছিল।

[11:10 – 11.20 A.M.]

২০১১ সাল থেকে ২০১৭ সাল-এই সময়কালের মধ্যে আমরা এই পশ্চিমবঙ্গের মানুষ কি পেলাম? সেই কথাগুলো বলার জন্য এই বিধানসভায় আমাদের পাঠিয়েছেন। কিন্তু দুর্ভাগ্যজনক যে আমরা দেখতে পাচ্ছি আমাদের শাসকদলের বন্ধুরা যখন তাঁদের বক্তব্য রাখছেন তখন তাঁরা **শুধু ৩৪ বছরের গল্প শোনাচ্ছেন।** কিন্তু আমরা মনে করি, আমার সেই সব বন্ধুদেরকে বলি যে আপনারা বলুন যে সত্য কথাটা বলতে যে সূর্য পশ্চিম দিকে নয়, সূর্য পূর্ব দিকে ওঠে। এই কথা বলার ধৃষ্টতা আপনাদের মধ্যে আমরা দেখতে পাচ্ছি না। কারণ এটা সারা পশ্চিমবঙ্গের মানুষ জানেন যে আজকে পশ্চিমবঙ্গের অবস্থাটা কোথায় গেছে। আজকে শাসক দলের মন্ত্রীরা, বন্ধুরা

সেই সত্য কথাটা বলতে ভয় পাচ্ছেন। আজকে কীসের উন্নয়ন? প্রতিটা ফলাও করে প্রচারের মাধ্যমে ফ্লেক্সে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গের উন্নয়ন। কীসের উন্নয়ন, কোথায় প্রগতির পথে? সারা পশ্চিমবঙ্গে কোন কালে কোন সরকারের আমলে তিনজন এজি পদত্যাগ করেননি। এটা রেকর্ড। এই কথাগুলো বলুন, এই সরকার এই রেকর্ডগুলো করছে। এই রেকর্ডগুলো হচ্ছে সারা পশ্চিমবঙ্গে। বর্তমানে প্রায় দশ কোটি জনসংখ্যা। তার মধ্যে প্রায় সাড়ে সাত কোটি দরিদ্র মানুষ বাস করছে। এটাই কি নমুনা? সাড়ে সাত কোটি মানুষকে খাদ্যসাথী প্রকল্পের আওতায় নিয়ে আসতে হয়েছে। যারা দু'টাকা কেজি চাল পাচ্ছে। দশ কোটি মানুষের মধ্যে সাড়ে সাত কোটি মানুষ আজকে খাদ্যসাথী প্রকল্পের আওতায়। কোথায় উন্নয়ন, মানুষের উন্নয়ন কোথায়? তারা গরীব, সেই গরীব অবস্থায় থেকে গেছে। কোথায় উন্নয়নের পথে? অনেক আশা করে মা মাটি মানুষের সরকার নিয়ে এসেছিল পশ্চিমবঙ্গে। পশ্চিমবঙ্গের মানুষ অনেক কিছু আশা করেছিলেন। আজকে মা ধর্ষিতা হচ্ছেন, মা খুন হচ্ছে, কাঁদছে, চোখের জল পড়ছে। মাটি রক্তাক্ত হচ্ছে, মানুষ দিশেহারা, সর্বস্বান্ত, ক্লান্ত, পরিশ্রান্ত। আজকে মানুষ দিশেহারা হয়ে পড়েছে। শুধু ফলাও করে প্রচার করা হচ্ছে। দিশেহারা মানুষ বলছেন কৃষক কোথায়? কৃষকের চোখের জল পড়ছে। গ্রামেগঞ্জে কৃষকের চোখের জল পড়ছে, আমরা যেখানে আছি সেখানে কৃষকের চোখের জল পড়ছে। কৃষকের চোখের জল মোছানোর জন্য এই সরকারের কোন পরিকল্পনা নেই। যদি পরিকল্পনা থাকত, আজকে বলছেন যে আমরা ধান কিনছি। কিন্তু প্রকৃত অর্থে যে ধান, সরকারী সহায়ক মূল্য সেখানে কৃষক পাচ্ছে না। ধান সেখানে বিক্রি হচ্ছে না। কৃষকদের চোখের জল - আগেকার দিনে কৃষক ফসল ফলিয়ে তার ন্যায্য দাম পেত এবং সেখান থেকে তাদের একটা আয় হত। বর্তমানে কৃষকদের পরিস্থিতি এমন একটা জায়গায় গিয়ে পৌঁছেছে, তারা আজকে যেখানে তাদের উৎপাদন ব্যয় বেড়েছে কিন্তু মূল্য বাড়েনি। উৎপাদনও বাড়েনি। কৃষক জমিতে যে ফসল ফলায়, সেখান থেকে তাদের আয় উপার্জনও কমে গেছে। আজকে ভাবুন ক্লাবগুলোতে টাকা দেওয়া হচ্ছে। আজকে সাইকেল দেওয়া হচ্ছে, জুতো দেওয়া হচ্ছে, আমরা হিংসা করছি না। কিন্তু আজকে কৃষকদের যে পরিস্থিতি, বিদ্যুতের মূল্য বেড়েছে, সারের দাম বেড়েছে। সেখানে যদি সারে এবং বিদ্যুতে ভর্তুকি দেওয়া হত বিশেষ করে চাষের ক্ষেত্রে, তাহলে কৃষকরা কিন্তু অনেক উপকৃত হত। সেই কৃষকরা কিন্তু আজকে বিপন্ন। কিসের উন্নয়ন? কৃষি তো একটা শিল্প। সেই শিল্প আজকে ভেঙ্গে পড়েছে। আমরা দেখলাম এই বইয়ে ফলাও করে লেখা হল শিল্পের পুনরুজ্জীবিত, পুনরুজ্জীবন পাচ্ছে, ফিরে পাচ্ছে। শিল্পের কথা বিগত পাঁচ বছরে দেখলাম মাননীয়া মুখ্যমন্ত্রী অনেক প্রচার করলেন। আমরা পশ্চিমবঙ্গের মানুষ শিল্পের ব্যাপারে কি দেখলাম? সিনারজিও হল, বিভিন্ন জায়গায় সিঙ্গাপুর থেকে শুরু করে, আমেরিকা থেকে শুরু করে বিভিন্ন জায়গায় যাওয়া হল। পশ্চিমবঙ্গে শিল্প প্রতিষ্ঠিত হল কোথায়? বিশ্ব বঙ্গ শিল্প সম্মেলন, বিশ্ব বঙ্গ শিল্প সম্মেলন আমরা পশ্চিমবঙ্গের মানুষ একটা দারুণ জিনিস উপহার পেলাম। কি সেই জিনিস? আমরা উপহার পেলাম যে দুর্মূল্য ঘোড়ার ডিম, প্রাপ্তিস্থান বিশ্ব বঙ্গ শিল্প সম্মেলন। আমরা এই তো পাচ্ছি। শিল্প নেই। মালদা জেলা আমার বিধানসভার অন্তর্গত। WBIIDC-এর আন্ডারে যে সব শিল্প প্রতিষ্ঠিত হয়েছিল আজ থেকে দশ-বারো বছর আগে, সেই শিল্পগুলোই চলছে, নতুন করে কোন শিল্প কারখানা হয়নি।

আজকে সেখানে প্রচুর জমি দখল করে বিভিন্ন লোকের মাধ্যমে সেখানে এখনও সেই জমিগুলি পড়ে রয়েছে। তারা শিল্প কারখানা করছে না। আজকে শিল্প না হলে বেকার ছেলেদের সমস্যার সমাধান কীভাবে হবে? কৃষিতে যদি উন্নতি না হয় তাহলে মানুষের অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে? পশ্চিমবঙ্গের পরিস্থিতি একই জায়গায় এসে দাঁড়িয়েছে। আজকে পুলিশ প্রশাসনের কথা–এগুলি বলতে গেলে দিন রাত পার হয়ে যাবে। আমরা ৩৪ বছরে হয়তো সেই বিষয়–গুলি

দেখিনি। একেবারে দলতন্ত্র হচ্ছে এখানে, পুরো দলতন্ত্র হচ্ছে। পুলিশের কাছে গেলে ন্যায্য বিচার পাচ্ছে না। আমরা বিধায়করা গেলেও উপযুক্ত সম্মান পাই না। এর থেকে লজ্জা এবং দুঃখ কিছু হতে পারে না। আজকে মানুষ দিশাহারা হয়ে পড়েছে। কোথায় যাবে? আমরা টি.ভি. -তে দেখতে পাচ্ছি পুলিশের চোখের জল, আমরা টি.ভি.-তে দেখতে পাচ্ছি টেবিলের তলায় পুলিশকে লোকাতে হয়। ৩৪ বছরে আমরা কেউ এটা দেখিনি। সেইজন্য আমরা বলি সত্য কথাটা বলুন যে ৩৪ বছরের কথা বলে এইগুলিকে ঢাকা দেওয়া যায় না। এগুলিকে ঢাকা দেওয়ার চেষ্টা করবেন না। তাই আমি মনে করি সত্য কথাটা বলতে হবে আজকে পশ্চিমবঙ্গের অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? আজকে এইরকম একটা পরিস্থিতির মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে। আজকে মৎস্যজীবিরা বিপন্ন, সাধারণ মানুষ বিপন্ন। সব জায়গায় একই অবস্থা তারপরেও দলতন্ত্রের একটা নিদর্শন। সারা পশ্চিমবঙ্গে আজকে পঞ্চায়েত প্রতিনিধি থেকে শুরু করে, পঞ্চায়েত সমিতি থেকে শুরু করে, জেলা পরিষদ থেকে শুরু করে, বিধায়ক থেকে শুরু করে যেভাবে আজকে দলের জনপ্রতিনিধিদেরকে নিজের দলে সরকার পক্ষ তাদেরকে নিজেদের দলে নিয়ে আসার যে পরিকল্পনা করেছে, গণতন্ত্রকে হত্যা করার চেষ্টা করা হচ্ছে তাতে গণতন্ত্র বিপন্ন। আগামী দিনে ভয়ঙ্কর অবস্থা এসে দাঁড়াবে। একটা জিনিস মনে রাখবেন স্যার অন্ধকার আছে বলে আলোর গুরুত্ব। আজকে বিরোধী যদি না থাকে আগামী দিন শাসক দলের কোন গুরুত্ব থাকবে না। তাই বিরোধীদেরকে যেভাবে গলা টিপে হত্যা করার চেষ্টা করা হচ্ছে এটাই সত্য কথা সেটা মানুষের কাছে বলা দরকার। তাই আমি মাননীয় রাজ্যপাল মহোদয় যে ভাষণ প্রদান করেছেন তা সম্পূর্ণরূপে সমর্থন করতে পারছি না এবং আমাদের বিরোধীদের আনা অনাস্থা প্রস্তাব তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী পার্থ ভৌমিক : মাননীয় স্পীকার স্যার ভারতীয় সংবিধানে ১৭৬তম অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভায় চতুর্থ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠি কর্তৃক প্রদত্ত ভাষণ ৩রা ফেব্রুয়ারী ২০১৭ তাঁকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে এই পবিত্র বিধানসভায় দুই-চারটি কথা উপস্থাপিত করতে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার এটা নিয়ে দ্বিতীয়বার বিধানসভায় আসা কিন্তু আমি টোটালি কনফিউসড যে একটা সরকার পুনরায় নির্বাচিত হল মে মাসে। মুখ্যমন্ত্রী হলেন মাননীয়া মমতা ব্যানার্জী। আপনি বিরোধীদের গণতান্ত্রিক অধিকার দিলেন তারা মানুষের প্রতি আস্থা হারিয়ে ছয় মাসের মধ্যেই বিধানসভায় মানুষের প্রতি অনাস্থা জ্ঞাপন করলেন। সরকারের প্রতি অনাস্থা জ্ঞাপন করলেন। আমি এখন আবার দেখছি তারা রাজ্যপালের ভাষণের উপর অনাস্থা জ্ঞাপন করছেন আবার এও শুনতে পারছি এরপরে নাকি তারা আপনার প্রতি অনাস্থা জ্ঞাপন করবেন যে আপনি অধ্যক্ষ মহোদয় তাদের গণতান্ত্রিক পরিসরে সুযোগ দিয়েছিলেন অনাস্থা আনার। আমি জানি না এটা কোন মানসিক বিকৃতি কিনা কিংবা কোনরকম মানসিক ভারসাম্যহীনতা কিনা ? যেখান থেকে বারবার এই অন্যের প্রতি অনাস্থা জ্ঞাপন করবার মতন একটা মানসিক প্রয়াস আমরা বিরোধী দলের ক্ষেত্রে লক্ষ করছি। হতে পারে মান্নান সাহেব বিরোধী দলনেতা হয়তো তার দলের অনেক বিধায়কের তার প্রতি আস্থা নেই বলে তিনি নিজের প্রতি অনাস্থায় বারবার বিধানসভায় আনাস্থা জ্ঞাপন করছেন। সুজনবাবুদের কি ব্যাপার আমার ঠিক জানা নেই। অশোকবাবু আছেন, সুজনবাবু এবং মান্নান সাহেব কেউই এই হাউজের মধ্যে নেই। হতে পারে সুজনবাবুরা বা অশোকবাবুরা এটা মনে করতে পারেন যা যা আমাদের করার কথা ছিল আমরা ৩৪ বছরে এগুলি করতে পারিনি। আমরা যে যে শ্লোগান দিতাম , যে যে শ্লোগান আমরা পাঁচিলে লিখতাম কই একটাওতো আমরা কার্যে পর্যবেসিত করতে পারিনি।

[11.20 – 11:30 A.M.]

অশোক বাবুরা অশোক বাবুদের শ্লোগান ভুলে যেতে পারেন, সুজন বাবুরা সুজনবাবুদের শ্লোগান ভুলে দিতে পারেন কিন্তু যেহেতু আমরা একটা সময়ে কলেজে ছাত্র রাজনীতি করতাম, আমি ওনাদের স্মরণ করিয়ে দিতে চাইছি ওনাদেরই কিছু শ্লোগান। একটা সময়ে ওনারা বলতেন –রোটি, কাপড়া অউর মকানের জন্য আমাদের লড়াই আছে। আমি জানি না ১৯৯৮ সালে যখন বি.পি.এল. তালিকা হয়েছিল ওনাদের আমলে, ওনারা তখন দলবাজি করেছিলেন। তাতে বি.পি.এল. তালিকায় নাম ছিল মাত্র ১ কোটি ৯৭ লক্ষ মানুষের। আর মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার আসার পরে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক ৭ কোটি ৯৭ লক্ষ মানুষের কাছে দু টাকা কেজি দরে চাল পৌঁছে দিয়েছেন। সুজন বাবুদের হতাশা আসতে পারে, তাঁরা ভাবতে পারেন ওঁরা বলেছিলেন প্রত্যেকের জন্য মকান তৈরী করে দেব কিন্তু নিজেরা করে দেখাতে পারেননি। যে কাজ নিজেরা করতে পারেননি মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার, মমতা ব্যানার্জী নিজে উদ্যোগী হয়ে গীতাঞ্জলি প্রকল্পে ২ লক্ষ ৯৩ হাজারের বেশি মানুষকে গীতাঞ্জলি প্রকল্পে বাড়ি করে দিলেন। ওনারা একটা সময়ে লিখতেন যে আমরা শিক্ষা এবং স্বাস্থ্যকে অগ্রাধিকার দেব। আমি দয়া করে মনে করিয়ে দিতে চাই - হ্যাঁ, এটা ওনাদের হয়ত হতাশার কারণ হতে পারে যে মমতা বন্দ্যোপাধ্যায়ের আমলে মমতা বন্দ্যোপাধ্যায়ের শিক্ষামন্ত্রী এই বছরের মধ্যে ১৫টা নতুন বিশ্ববিদ্যালয় করেছেন এবং মমতা বন্দ্যোপাধ্যায়ের মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় ৪৬টা নতুন কলেজ করেছেন। আমি ওনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ১.১ কোটি ছাত্র-ছাত্রীর কাছে ২ হাজার ৩৫০ কোটি টাকার বৃত্তি প্রদান করা হয়েছে, যেটা দেশের মধ্যে শীর্ষস্থানীয়। আমি দয়া করে তন্ময় বাবুদের মনে করিয়ে দিতে চাই শিক্ষাশ্রী কর্মক্ষেত্রের অধীনে ১৬ লক্ষ তফশিলী জাতি, তফশিলী উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান করা হয়েছে। হ্যাঁ, এটা দেখে হতাশা জন্মাতে পারে যে এটা তো আমাদের করার কথা ছিল, আমরা করতে পারিনি। আপনাদের হতাশা জন্মাতে পারে, আপনারা পাঁচিলে লিখেছিলেন আমরা স্বাস্থ্যকে অগ্রাধিকার দেব। কিন্তু গরীব মানুষ হাসপাতালে চিকিৎসা পেত না। মমতা বন্দ্যোপাধ্যায় চেষ্টা করছেন। –আমি একবারও বলব না যে আমরা এখনই ১০০ ভাগ সফল। কিন্তু যে কাজ আপনারা ৩৪ বছরে করেননি, মমতা বন্দ্যোপাধ্যায় সেই কাজে হাত দিয়েছেন। সরকারী হাসপাতালে বিনামূল্যে ডায়গনস্টিক সেন্টারের কাজ হচ্ছে। আপনারা কেউ কল্পনা করতে পেরেছিলেন ? ফেয়ার প্রাইস শপ হয়েছে। শয্যার কোন ব্যয় দিতে হবে না। ৬৫টা এস.এন.সি.ইউ. চালু হয়েছে। শিশু মৃত্যুর হার কমানোর জন্য ৪৭২টা প্রসব কেন্দ্রে ৩০৩ টি এস.এন.ভি.সি.ইউ. ৪৭২ টি এন.বি.সি.সি. চালু হয়েছে। সুজন বাবু বলছিলেন রাজ্যপালের ভাষণে নাকি অনেক কিছু নেই। সুজন বাবু রাজ্যপালের ভাষণে যদি রাজ্য সরকারের সব কথা লেখা থাকত, তাহলে এতো বড় বই হত যে আপনি বহণ করতে পারতেন না। একটা কন্যাশ্রী প্রকল্প নিয়ে একটা থিসিস লেখা যায়, একটা সবুজ শিল্প প্রকল্প নিয়ে একটা থিসিস লেখা যায়, একটা সবুজ সাথী প্রকল্প নিয়ে একটা থিসিস লেখা যায়, একটা খাদ্যসাথী প্রকল্প নিয়ে একটা থিসিস লেখা যায়। এই সমস্ত যদি রাজ্যপালের ভাষণে প্রয়োগ করা হত, থাকত তাহলে এতো বড় বই হত যেখানে আপনারা বয়সের ভারে ক্লান্ত, আপনারা বহণ করতে পারতেন না। আমি বিনীতভাবে বলছি–আমি না ঠিক আপনাদের রাজনীতি বুঝতে পারছি না। রাজ্যে দাঁড়িয়ে মান্নান সাহেব এক কথা বলছেন। মান্নান সাহেবের নেতারা আবার দিল্লিতে অন্য কথা বলছেন। বিধানসভায় দাঁড়িয়ে সুজন বাবু বলছেন আর.এস.এস. কে কেন এই স্কুলগুলোকে পারমিশান দেওয়া হচ্ছে, আবার দেখতে পাচ্ছি সুজন বাবুদের নেতা বিমান বাবু বলছেন - আরে ঐ মোহন ভাগবতের সভার পারমিশান দিলেই তো হত, আমরা তো আমাদের আমলে দিতাম। একই অঙ্গে

এতো রূপ দেখিনি তো আগে। বাংলার মানুষ বলছে, আপনারা এক এক সময়ে এক এক ধরনের কথা বলছেন। মানুষ আসলে কনফিউসড্ হয়ে যাচ্ছে। আমি শুনছিলাম সুজনবাবু জঙ্গলমহলের কথা বলছিলেন। এই মাওবাদীদের চাষ কিন্তু আপনারাই শুরু করেছিলেন। সুজনবাবু আপনি অনেক সংখ্যা বলেছেন, তালিকা দেননি। আপনি সভায় নেই কিন্তু আপনার দলের নেতারা আছেন। দয়া করে সুজন বাবুকে বলে দেবেন বিক্রম সরকার লোকসভা নির্বাচনে জেতার পর মেহেমুদ হোসেন বলে আমাদের কর্মী খুন করেছিল কারা ? দয়া করে জিজ্ঞাসা করবেন আইনুল হককে খুন করেছিল কারা ? দয়া করে জিজ্ঞাসা করবেন জামশেদ আলিকে খুন করেছিল কারা ? দয়া করে এখানে একবার উত্তর দিয়ে যাবেন। নেতাই গ্রামে গণহত্যা সংঘটিত করেছিল কারা ? কারা করেছিল ? আপনাদের কাছে আমি জিজ্ঞাসা করতে চাই।

একদল মানুষ জঙ্গলমহলে দাঁড়িয়ে বলত বন্দুকের নল ক্ষমতার উৎস। আর আপনারা ভাবতেন বন্দুকের গুলি দিয়েই বন্দুকের নলের মোকাবিলা করব। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তা ভাবেননি। তিনি জেনেছিলেন, তিনি ভেবেছিলেন, তিনি প্রয়োগ করেছেন যে উন্নয়ন দিয়ে মানুষের পুঞ্জিভূত ক্ষোভকে প্রশমিত করে আমি জঙ্গলমহলকে শান্ত করব। তাই তিনি সড়ক নির্মাণ করেছেন। তাই তিনি বিদ্যালয় নির্মাণ করেছেন। তাই তিনি জঙ্গলমহল উৎসব করেছেন। তাই তিনি ছেলে-মেয়েদের স্কুলে যাওয়ার জন্য সাইকেল দিয়েছেন। তাই তিনি জঙ্গলমহলের সার্বিক উন্নয়ন এবং পরিকাঠামো তৈরি করবার জন্য কি করেছেন? ওখানে যাতে বাঁধ তৈরি করা যায় তার জন্য তিনি ৫০০ কোটি টাকা স্যাংশান করেছেন। দার্জিলিং-এ আজকে কত মানুষ যাচ্ছে। আপনাদের আনন্দ হচ্ছে না? আপনাদের আমলে আপনারা দার্জিলিং-এ যেতে পারতেন না। মমতা বন্দ্যোপাধ্যায়, মাননীয়া মুখ্যমন্ত্রী হওয়ার আগে দার্জিলিং-এ গিয়ে সভা করে বলে এসেছিলেন আমি যদি কোনোদিন দায়িত্ব পাই আমি দার্জিলিংকে বাংলার বাইরে যেতে দেব না কিন্তু দার্জিলিং-এর সার্বিক উন্নয়ন করব। পাঁচ বছরের মধ্যে দার্জিলিং-এ পর্যটকদের ভিড় বেড়েছে। কি করেছিলেন তিনি? কয়েকটা উন্নয়নপর্ষদ তৈরি করে তার মাধ্যমে উন্নয়নের প্রক্রিয়া শুরু করেছিলেন। কি তৈরি করেছিলেন তিনি? খস, গুড়ুং, পাহাড়িয়া সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নতিকল্পে আরও তিনটি পর্ষদ গঠন করা হবে। তিনি বলেছেন খুব শীঘ্রই কালিম্পঙ একটা নতুন জেলা হবে। মিরিক একটা নতুন মহকুমা হবে। আসলে একটা প্ল্যানিং দরকার। একটা কিছু করবার জন্য একটা প্ল্যানিং দরকার। আর আপনারা ৩৪ বছরে একটাই প্ল্যানিং করেছেন কিভাবে মানুষকে ভোট দিতে না দিয়ে ক্ষমতা দখল করে রাখা যায়। যারা স্বল্প পরিশ্রম করে ক্ষমতার পরিসরে থাকে তাদের আর কিন্তু পরিশ্রম করার ইচ্ছে থাকে না। সুজনবাবুদের এই হতাশা থেকে বার বার এই অনাস্থাজ্ঞাপন। সুজনবাবু হয়তো ভাবছেন যে কাজ আমাদের করার কথা ছিল সে কাজ আমরা করতে পারিনি, সেই কাজ মমতা বন্দ্যোপাধ্যায় করছে। তাই সুজনবাবুর হয়তো মাঝে মাঝে মমতা বন্দ্যোপাধ্যায়কে অনুসরণ করার ইচ্ছে হচ্ছে। কিন্তু বাইরে প্রকাশ করতে পারছেন না। আর সেই ইচ্ছে হচ্ছে বলেই মাঝে মাঝে ভাঙড় চলে যাচ্ছেন, মাঝে মাঝে আউশগ্রাম চলে যাচ্ছেন, মাঝে মাঝে শিবপুর চলে যাচ্ছেন। ভাবছেন এইরকম গেলেই বোধহয় মমতা বন্দ্যোপাধ্যায় হওয়া যায়। মমতা বন্দ্যোপাধ্যায় অত সহজে হওয়া যায় না। মমতা বন্দ্যোপাধ্যায় হতে গেলে আন্দোলনে যে ত্যাগ তিতিক্ষা দরকার সেটা থাকতে হয়। মমতা বন্দ্যোপাধ্যায় হতে গেলে ২৬ দিনের অনশন আন্দোলন করতে হয়। মমতা বন্দ্যোপাধ্যায় হতে গেলে মনে একটা দৃঢ়তা, মনে একটা বিশ্বাসের জন্ম দিতে হয় যে এই কাজটা মানুষের কাজ, এই কাজটা মানুষের চাহিদা, এই কাজটা মানুষের দাবি। অতএব মানুষের দাবি নিয়ে যে আন্দোলন করা যায়, সেই আন্দোলনে যে জিত হয় সেটা সিঙ্গুর আন্দোলনের মাধ্যমে মমতা বন্দ্যোপাধ্যায়

সারা ভারতবর্ষের মানুষের কাছে প্রকাশ করে দিয়েছে। আর এই মাটিতে নতুন করে জন্ম নিচ্ছে একটা বিদ্বেষ। সুজনবাবু বলছিলেন আর.এস.এস.–এর ক্যাম্প। সুজনবাবু এই মাটিতে পদ্মফুলের চাষ আপনারাই শুরু করেছিলেন। ১৯৮৯ সালে যখন ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে দাঁড়িয়ে নিমাই-নিতাই হয়েছিলেন দুহাত তুলে আর বলেছিলেন, 'তুমি রবে নীরবে হৃদয়ে মম।' যখন হাতে হাত ধরে বলেছিলেন, 'রাজিব হঠাও, দেশ বাঁচাও।' এই বাংলার মাটিতে পদ্মফুলের চাষ আপনারাই ১৯৮৯ সালে শুরু করেছিলেন। 'তুমি রবে নীরবে হৃদয়ে মম' এখনও আছে। কারণ বিমুদ্রাকরণের ফলে যখন মমতা বন্দ্যোপাধ্যায় আন্দোলন করছিলেন, ভারতবর্ষের মাননীয় প্রধানমন্ত্রী যখন ভাবছিলেন মুখ্যমন্ত্রীদের একটা কমিটি করব, তার মধ্যে ত্রিপুরার মুখ্যমন্ত্রীরও নাম ছিল। কত আদরের আপনারা 'তুমি রবে নীরবে হৃদয়ে মম'। উপরে উপরে লড়াই-এর ভাব দেখাব, ভিতরে ভিতরে আঁতাত। আমি শুধু আপনাদের মনে করিয়ে দিতে চাই এটা বাংলার মাটি। এটা রবীন্দ্রনাথ, নজরুলের মাটি। এই মাটিতেই একটা সময় রাণী রাসমনি যখন দক্ষিণেশ্বরে মন্দির তৈরি করছিলেন, মন্দিরের পিছনে একটা মাজার ছিল। সেই মাজারে যিনি আরাধনা করতেন তিনি বলেছিলেন, মা তুমি মন্দির করবে, আমার মাজারটা তো ভাঙা পড়বে। রাণী রাসমনি দেবী বলেছিলেন আমার মন্দিরের মা যদি জল পায় তোমার আল্লাও পানি পাবে, তুমি ভেবো না। এখনও দক্ষিণেশ্বর মন্দিরের পিছনে মাজারটা আছে। রামকৃষ্ণদেব সাত দিনের জন্য হঠাৎ নিখোঁজ। তার ভাগনে হৃদে বলছে মামা কোথায় গেল, মামা কোথায় গেল। রামকৃষ্ণদেবকে খুঁজে পাওয়া যাচ্ছে না। সাত দিন বাদে রামকৃষ্ণদেব মন্দিরে এলেন। হৃদে বললেন, মামা তুমি কোথায় ছিলে? বলল আমি সাত দিনের জন্য মুসলমান ধর্ম গ্রহণ করেছিলাম। হৃদে বলল, মামা তুমি মুসলমান ধর্ম গ্রহণ করেছিলে? রামকৃষ্ণ বলল, হ্যাঁ। সাত দিন বাদে আমার উপলব্ধি ওদের আল্লা আর আমার ভগবানের মধ্যে কোনো পার্থক্য নেই।

[11:30 – 11.40 a.m.]

আমার মনে আছে মৌলানা আবুল কালাম আজাদের কথা। স্বাধীনতার পর জিন্না সাহেব তাঁকে বলেছিলেন, আপনি পাকিস্তানে আসুন। আপনাকে মাথায় করে রাখব। তিনি বলেছিলেন, এই বাংলা আমাকে আশ্রয় দিয়েছে, এই ভারতবর্ষ আমাকে আশ্রয় দিয়েছে, এখানে আমার শিক্ষা, এখানেই আমার প্রতিষ্ঠা, যে মাটি আমাকে শ্রদ্ধা দিয়েছে, সম্মান দিয়েছে আমি সেই মাটি, সেই বাংলা, সেই ভারত ছেড়ে আর কোথায় যাব? এটা সেই বাংলার মাটি। এই বাংলার মাটিকে কলুষিত করবার জন্য দিলীপ বাবুরা ইতস্ততঃ বিক্ষিপ্তভাবে গণ্ডগোল পাকানোর চেষ্টা করছেন। এটা বাংলার মাটি দিলীপ বাবু। আপনি হাজিনগরে গিয়েছিলেন, আমার জেলায়, কিছু করতে পারেননি। মমতা ব্যানার্জী রাত দুটো পর্যন্ত, তিনটে পর্যন্ত আমাদের ক্রমাগত ফোন করেছেন। একজন মানবিক মুখ্যমন্ত্রী সারা রাত জেগে থাকেন যাতে তাঁর এই বাংলার বুকে কোন সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট না হয়। আপনি বলছেন মুখে বলব না, হাত চালাব। আর আমি আপনাকে বলছি আপনাদের জায়গাটা কুস্তির আখড়ায়, রাজনীতির ময়দানে নয়। যাঁরা কুস্তি করে, মারামারি করে তারা হাত চালায়। এটা রাজনৈতিক জায়গা, রাজনৈতিক পরিসর। তার সাথে বলছেন, দিল্লীতে নাকি ল্যাম্প পোস্ট আছে, ল্যাম্প পোস্টে পেটাবে। ভাষাটা শুনেছেন স্যার? এটা রাজনৈতিক নেতাদের ভাষা? যাঁরা এই ভাষা ব্যবহার করতে পারেন তাঁরা রাজনীতিকে কোন পঙ্কে নিমজ্জিত করছেন আমার জানা নেই স্যার। কিন্তু আমি একটা জিনিস জানি যে, এত বিরোধিতা চলবে 'কন্যাশ্রী' চলবে, এত বিরোধিতা চলবে 'সবুজসাথী' চলবে, এত বিরোধিতা চলবে 'খাদ্যশ্রী' চলবে, এত বিরোধিতা চলবে 'শিক্ষাশ্রী' চলবে, এত বিরোধিতা চলবে 'মাভৈঃ' চলবে, এত বিরোধিতা চলবে কিন্তু সমস্ত উন্নয়নের কাজ চলবে, এত বিরোধিতা চলবে তার মধ্যে দাঁড়িয়ে

সারা ভারতবর্ষের মানুষকে উদ্দেশ্য করে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রবি ঠাকুরের গলায় গলা মিলিয়ে বলবেন, 'যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চল রে।' মানুষ যদি কারও পাশে থাকে তাহলে তাকে কেউ আটকাতে পারে না। পরিশেষে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অশোক ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সংবিধানের ১৭৬ নং ধারা অনুযায়ী মাননীয় রাজ্যপাল মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এই বিধানসভায় তাঁর লিখিত ভাষণ প্রদান করেছেন। এটা একটা রীতি। আমি অনেক ভাষণ দেখেছি রাজ্যপালের। এই ভাষণ সরকারের তৈরী করা, এর মধ্যে অন্যায়ের কিছু নেই, এটাই নিয়ম, এটাই আইন, এটাই সংবিধান। কিন্তু এই ভাষণের প্রতি ছত্রে ছত্রে যে ভাবে মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রশংসাসূচক বক্তব্য রাখা হয়েছে সেটা পড়ে মনে হচ্ছে রাজ্যপালের মুখ্যমন্ত্রী, না কি মুখ্যমন্ত্রীর রাজ্যপাল? আমার এটা দেখে খুবই বিভ্রান্তিই লাগছে। আমার কয়েকটি কথার মধ্যে প্রথম কথা হচ্ছে স্যার, এই সরকারটা ভালোভাবে চলছে না। এই যে চলছে না, এর দুটো উদাহরণ আমি দিচ্ছি আপনাকে। এক, আজকের কাগজে দিয়েছে, নীতিগত কারণে একজন অ্যাডভোকেট জেনারেল পদত্যাগ করেছেন। কেন? কেননা সরকার আইন অনুযায়ী চলছে না। বিরাট প্রশ্ন তুলেছেন। দুই, এই রাজ্যে আইন-শৃঙ্খলার পরিস্থিতি ভালো না, মুখ্যমন্ত্রী যতই ঘোষণা করুন আইন-শৃঙ্খলা সবচেয়ে ভালো। আইন-শৃঙ্খলার পরিস্থিতি যে ভালো না, আজকে একটা বিল সম্ভবতঃ আসছে, সেই বিলের এস.ও.আর. এ কি লেখা আছে? মুখ্যমন্ত্রী লিখেছেন, নীচে মুখ্যমন্ত্রীর সই। 'Consequent upon the incidents of burning, looting, damage of properties in the State of West Bengal' something, something মানেটা কি? রাজ্য জুড়ে লুঠ চলছে, রাজ্য জুড়ে অগ্নি সংযোগ চলছে, রাজ্য জুড়ে জনগণের অর্থ আত্মসাৎ করছে, রাজ্য জুড়ে গণতন্ত্রের উপর আক্রমণ চলছে, নারী ধর্ষণ চলছে, নির্বাচিত প্রতিনিধিদের অধিকার নেই, জোর করে স্থানীয় স্বায়ত্ব শাসনের সংস্থাগুলোর অধিকারের উপর হস্তক্ষেপ করা হচ্ছে। ৭৩ তম, ৭৪ তম সংবিধান সংশোধনী আইনকে কার্যকরী করা হচ্ছে না, তাকে সম্মান দেখানো হচ্ছে না। এমনকি স্বয়ং রাজ্যপালের প্রতি যে সম্মান, মর্যাদা দেওয়া উচিত সেটা পর্যন্ত দেখানো হয়নি।

সেই জন্য এখানে আইনের শাসন নেই। দেয়ার ইজ নো রুল অব দি 'ল'। কোন আইনের শাসন আজকে পশ্চিমবঙ্গে নেই। এটাই হচ্ছে এই সরকারের সবচেয়ে বড় দিক। আমার প্রথম কথাটা হচ্ছে গোর্খা ল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন একটা আইন আছে। এই আইনটা এখানে পাশ করা হয়েছিল। সেই আইনের মধ্যে লেখা হয়েছিল এটা হচ্ছে একটা সেলফ গভর্নমেন্ট, ইউনিট অব অটোমাস সেলফ গভর্নমেন্ট বডি। সেই আইনের ২৬ নম্বর ধারাতে বলা আছে এই গোর্খা ল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের কি কি বিষয়ে অধিকার থাকবে। তাদের অ্যাডমিনিস্ট্রেটিভ পাওয়ার আছে, ফিনানসিয়াল পাওয়ার আছে, একজিকিউটিভ পাওয়ার আছে। এই তিনটি পাওয়ার অনুযায়ী কোন সাবজেকটগুলো ট্রান্সফার - তাদের হাতে। সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবের ওয়েলফেয়ার, মাইনরিটি ওয়েলফেয়ার, পুরোটা হচ্ছে ট্রান্সফার টু দি গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন। কীভাবে মুখ্যমন্ত্রী তার নিজের তৈরী করা আইনকে ভায়োলেট করে একটার পর একটা তিনি কাউন্সিল করেছেন, ১৫টা কাউন্সিল করেছেন। তিনি নিজে বলেছেন গত কয়েকদিন আগে দার্জিলিং-এ গিয়ে 'তিনশো কোটি টাকা দিয়ে দিলাম এই কাউন্সিলগুলোকে ভোট চাই পঞ্চায়েত এবং পৌরসভাতে'। সেখানে বসে আছেন কয়েকজন আই এ এস অফিসার। তাদের সামনে, সরকারী মিটিং-এ বসে তিনশো কোটি টাকা দিয়ে দিলাম, ভোট চাই পঞ্চায়েত এবং পৌরসভাতে। তিনশো কোটি টাকা দেওয়ার কোন অধিকার আছে?

যদি দিতে হয় টাকাটা জি টি একে দিতে হবে। জি টি এ তারা যদি চায় সেখানে কাউন্সিল করতে পারে। তাই কাউন্সিল তৈরী করার ক্ষেত্রে সরকারের নীতিটা কি? জেলা তৈরী করার ক্ষেত্রে সরকারের নীতিটা কি? সরকার এটা পরিষ্কারভাবে বলুক। সরকার এটা না বলে এই কাউন্সিল বা জেলা করাটা কোন প্রশাসনিক বা কোন আর্থ-সামাজিক বা কোন লিংগুইস্টিক বা কোন কালচারাল ডাইভারসিটিকে উন্নতি করার জন্য নয়। এটা সম্পূর্ণভাবে সংকীর্ণ রাজনৈতিক ডিভিডেন্ড নেওয়ার জন্য মুখ্যমন্ত্রী এগুলো করছেন। এবং আলটিমেটলি এটার পরিণতিটা কি সেটা কিছুদিনের মধ্যেই আপনারা দেখতে পারবেন। আমার পরের কথা হচ্ছে বার বার করে মাননীয়া মুখ্যমন্ত্রী কতগুলো কথা বলে থাকেন। তিনি একটা কথা বলেন যে 'রেগা'র ক্ষেত্রে তিনি এক নম্বরে আছেন। শিল্পের ক্ষেত্রে এক নম্বর স্থানে আছেন। স্যার, পঞ্চায়েত মন্ত্রী এখানে আছেন। ১৭,১৮,১৯ তারিখে জানুয়ারি মাসে দিল্লীতে একটা মিটিং হয়ে গেল - পারফরম্যান্স রিভিউ কমিটি মিটিং সেই মিটিং-এ উনি যে অফিসারদের পাঠিয়েছিলেন সেই অফিসারদের কাছে উনি খবর নিন, কি বলা হয়েছে সেখানে। সেখানে বলা হয়েছে ' এই রাজ্যের সবচেয়ে খারাপ পারফরম্যান্স হচ্ছে এই এন আর ই জি পি তে। আর সেটাকে আপনারা বলছেন যে আপনারা এক নম্বর স্থানে। আপনারা দেখাচ্ছেন যে পাঁচ হাজার কোটি টাকা খরচ করেছেন। টাকা খরচ করেছেন অথচ দেখা যাচ্ছে সমস্ত কাজ - বেশিরভাগ কাজে ৭৮শতাংশ পরিবার তারা অনিয়মিতভাবে সেখানে ওয়েজ পেয়েছেন এবং সাত লক্ষ পরিবার তারা কাজ চেয়ে কাজ পায়নি। তাহলে কাজ অসমাপ্ত রয়েছে। বেশিরভাগ কাজ প্রায় ৭০, ৭৫, ৮০ শতাংশ কাজ অসমাপ্ত রয়েছে অর্থাৎ টাকা স্পেন্ড দেখানো হচ্ছে কিন্তু অন্য দিকে ওয়েজ পাচ্ছে না। পরিবারগুলো মজুরী পাচ্ছে না। তার মানে দাঁড়াচ্ছে কেন্দ্রীয় সরকার বলেছে এই টাকা ডাইভারটেড হয়েছে। টাকার ডাইভারশন হয়েছে। এই টাকার ডাইভারশন মানে গ্রামের গরীব মানুষের এই টাকা দিয়ে অন্যত্র খরচ করেছেন। কেন্দ্রীয় সরকারের রিপোর্টে এটা বেরিয়ে এসেছে। গত ১৭,১৮,১৯ তারিখে পারফরম্যান্স রিভিউ কমিটির মিটিং-এ আপনারা এটা দেখবেন। এখানে বলা হচ্ছে বারবার করে, আপনারা শিল্পের কথা বলেছেন, সেই শিল্পের কথা যদি বলেন তাহলে আপনারা দেখবেন, সেই শিল্পের ক্ষেত্রে কি হয়েছে? শিল্পের ক্ষেত্রে গত কয়েক বছরের মধ্যে, আমার কাছে একটা রিপোর্ট আছে। কেন্দ্রীয় সরকারের প্রদত্ত রিপোর্ট। সেই রিপোর্টের মধ্যে কি বলছে? ১৭,১৮,১৯ তারিখে পারফরম্যান্স রিভিউ কমিটির মিটিং-এ আপনারা এটা দেখবেন। এখানে বলা হচ্ছে বারবার করে, আপনারা শিল্পের কথা বলেছেন, সেই শিল্পের কথা যদি বলেন তাহলে আপনারা দেখবেন, সেই শিল্পের ক্ষেত্রে কি হয়েছে? শিল্পের ক্ষেত্রে গত কয়েক বছরের মধ্যে, আমার কাছে একটা রিপোর্ট আছে। কেন্দ্রীয় সরকারের প্রদত্ত রিপোর্ট। সেই রিপোর্টের মধ্যে কি বলছে?

[11:40 – 11.50 a.m.]

কেন্দ্রীয় সরকারের রিপোর্টে বলছে যে, এই শিল্পের ক্ষেত্রে ২০১২ - ১৬ সালের মধ্যে ৩৬ হাজার ৭২ কোটি টাকায় মাত্র ৩২০টি শিল্প এই পশ্চিমবঙ্গে কয়েক বছরে এসেছে। অথচ ২০০৭-১১ সাল পর্যন্ত ২ লক্ষ ৬৪ হাজার কোটি টাকার ৯১৫টি শিল্পের প্রস্তাব তখন এসেছে। স্ট্যাটাস্ অফ্ ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রেনিওরস্ অ্যান্ড দ্যা মেমোরান্ডাম অফ ইনটেনশন্ যাকে বলে কতটা কি হয়েছে ২০১৪ সালে পশ্চিমবঙ্গে ২ হাজার ৭৭৪ কোটি টাকার মেমোরান্ডাম অফ ইনটেনশন হয়েছিল। ২০১৫ সালে ১৭ হাজার ৬১৫, ২০১৬ সালে ৫ হাজার ১০৪ এবং ইমপ্লিমেন্টেড্ হয়েছে কত–২০১৪ সালে ৩ হাজার ৭৪৭ কোটি, ২০১৫ সালে ৯৮৩ কোটি, ২০১৬ সালে ৩ হাজার ৩৭৫ কোটি। অথচ আপনারা বলছেন শিল্পে নাকি ফ্লাড্ হয়ে গেছে। প্রাইম মিনিস্টার–আপনারা দেখবেন, আন্ স্টার্ড কোয়েশ্চেন ছিল পার্লামেন্টে, কোয়েশ্চেন নাম্বার ২০৫৯,

২৮শে নভেম্বর ২০১৬ ভারত সরকার বলছে। প্রাইম মিনিস্টার এমপ্লয়মেন্ট গ্যারান্টী প্রোগ্রামে এই ২০০৮-০৯ সালে যখন ৪০ হাজার ২০ জনের কর্মসংস্থান হয়েছিল, ২০০৯-১০ সালে ৬৯ হাজার, ২০১০-১১ তে ৫৬ হাজার, ২০১১-১২ সালে ৬১ হাজার, ২০১২-১৩ তে ৫২ হাজার, ২০১৩ সালে ২৪ হাজার, ২০১৪-১৫তে ১৫ হাজার, ২০১৫-১৬তে ৯ হাজার, ২০১৬-১৭ তে ১৪ হাজার ৭৯৪ জনের কর্ম সংস্থান হয়েছে। ভারত সরকারের রিপোর্টে এটা আছে। অথচ বলা হচ্ছে, ৬৮ লক্ষ নাকি বেকারের কাজের ব্যবস্থা হয়েছে। আজকের কাগজে আছে, একটা ফোর্থ গ্রেড্ পোস্টের জন্য ৫৩ লক্ষ, ৩৬ লক্ষ আবেদন করেছে। তার মধ্যে ৫৬ হাজার হচ্ছে স্নাতকোত্তর ডিগ্রি। তাহলে। বেকারের অবস্থাটা কোথায় দেখুন। তার কোনো প্রতিফলন এই রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। সরকার প্রকৃত চিত্রটাকে আড়াল করার জন্য অর্ধ সত্য, অর্ধ অসত্য ভাষণ মাননীয় রাজ্যপালকে দিয়ে করিয়েছে। সেইজন্য আমি এই ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

श्री मनोज तिग्गा : माननीय अध्यक्ष महोदय,पश्चिम बंगाल के 16 विधान सभा के चौथे अधिवेशन की शुरुआत 3 फरवरी 2017 को महामहीम राज्यपाल श्री केशरी नाथ त्रिपाठी जी के अभिभाषण जो कि भारतीय संविधान के 176 अनुच्छेद के अनुसार शुरु हुई , तो हम इसको पूरी तरह से हम इस नतीजे पर पहुँचे है कि कुछ एसी विन्दुये हैं जो राज्यपाल जी के अभिभाषण में छुट गयें है। इसके चलते हम इसे समर्थन करने में असमर्थ रहे हैं। हम सभी लोग जानते है कि उतर बंगाल जो है वो पूरी तरह चाय वगान है और उत्तर बंगाल की चाय वगान जो है वो उत्तर बंगाल की अर्थनीति की रीढ़ की हड्डी है, तो राज्यपाल जी के अभिभाषण में चाय उधोग के विषय में कही भी कोई चर्चा नही है। हमलोग सभी ये जानते है कि कई एक चाय वगान आज भी उत्तर बंगाल में बन्द पड़े है और चाय वगान जो खुले भी है लेकिन उनका हालत काफी बुरा है। बन्द के कारण आज वहाँ के श्रमिक वेरोजगार व भूखमरी के शिकार हो रहे है और यहाँ तक की बन्द के कारण जो हयुमन ट्रापिकिंग का जो काम है वो चरम सीमा पर पहुँची है। वहाँ से छोटे-छोटे बच्चों को महिलाओं को ले जाकर अन्य राज्यों में ले जाकर बेचा जा रहा हैं, जो काफी गम्भीर विषय है और बन्द के चलते हमारे सौरभ दा भी यहाँ पर है कि बन्द के चलते जो चाय वगान भूटान से सटे हुये है जैसे लंकापाड़ा हंटापाड़ा इत्यादि वो जो चाय वगान है वहाँ पीने के पानी की काफी समस्या है। आज भी हमारे देश को स्वतंत्र हुए वर्षों हो गये लेकिन पीने के पानी के लिये उन्हें आज भी भूटान पर आश्रित होना पड़ रहा है। मेरे ख्याल से निश्चय ये लज्जा का विषय है तो इस विषय का यदि जिक्र होता राज्यपाल जी के अभिभाषण में तो हम निश्चय ही गर्वित होते , लेकिन दुख की बात है कि इस बात का चर्चा राज्यपाल जी के भाषण में नहीं है ये काफी गम्भीर विषय है , इसपर अवश्य ही चर्चा होना चाहिये था क्योकि जो चाय वगान है वह उस क्षेत्र का अर्थनीति का सबसे बड़ा क्षेत्र है और साथ ही मै आपको बताना चाहता हूँ कि जहाँ तक ICDS कर्मी उसके बाद SSK MSK में काम करने वाले सहायक सहायिका और जो ये सब SI ऑपिस में काम करते है। शिक्षाबन्धु और साथ जो ही वहाँ पर उनका जिक्र होता तो उससे उनको राहत पहुँचता ओर मै आपको याद दिलाना चाहता हूँ कि जो दुर्गापूजा, सरस्वती पूजा यह बंगाल की ये सबसे बड़ा उत्सव है। दुर्गापूजा सबसे बड़ा उत्सव है। हमलोग सभी Secularism का समर्थन करते है लेकिन समय आने पर हम देखते है कि वहाँ पर आप इतना समय मे विसर्जन करना पड़ेगा, आप तेहटट मे आप सरस्वती पूजा नही कर सकते है तो हम Secularism में विश्वास करते है। सभी धर्म को समान मर्यादा देते है, सभी धर्म को समान इज्जत देना चाहते है तो फिर क्यो दुर्गापूजा मे 4 बजे शेष किजिये विसर्जन, तो हम क्यो वहाँ पर छात्र- छात्राओं को जो शिक्षा की जो देवी है सरस्वती की पूँजा जो स्कुल में ही होती है तो क्यो हम उसपर प्रतिबन्ध लगाये और छात्र-छात्राओं को रास्ता में आना

पड़े और पुलीस का डण्डा खाना पडे। मै आपको याद दिलाना चाहता हूँ हमारे सामने जो हमारे वैश्नवनगर के विधायक उनके विधानसभा क्षेत्र में जो 6 गॉव जो है माल्दह जिले के वैश्नवनगर विधानसभा मे , वह पूरी तरह गंगा में समा गया। यहाँ तक कि हमारे विधायक उनका घर भी वहाँ पर गंगा नदी में चला गया। इस बात का जिक्र भी चहाँ पर राज्यपाल के अभिभाषण में नहीं है जो काफी दुख का विषय है। मै आपको याद दिलाना चाहता हूँ कि जो मनरेगा के तहत हमारे यहाँ पर प्रोफेसर साहब बोले थे कि 5 हजार करोड़ रुपया खर्च हुआ है मनरेगा के तहत, तो मै आपको याद दिलाना चाहता हूँ आज भी बहुत एसे ग्राम पंचायत है जहाँ पर दो- दो, ढाई ढाई साल हो गये है उन्हें 100 दिन जो काम किये है उनका पैसा नहीं मिल रहा है और साथ ही मै आपको याद दिलाना चाहता हूँ अध्यक्ष महोदय कि जैसे नोटबन्दी के विषय में यह सही समय पर सही निर्णय है जैसे कि 2014 से पहले लोग कहते है कि कितना- कितना घोटाला हुआ जो कि आज बहस का विषय हो गया कि कितना - कितना पैसा सरकार के पास आया तो ये सब नोटबन्दी का परिनाम आनेबाले दिनों में सभी को मिलेगा। जैसे बामपन्थी कहते थे कि Computer नहीं आयेगा लेकिन आज वो Computer चला रहे है। Computer आने से यहाँ पर बेरोजगारी बढेगी वैसे ही नोटबन्दी भी आने बाला समय में हमारे पूरे परिवार को हमारे पूरे समाज को लाभ मिलने वाला है इस बात का मै विश्वास दिलाना चाहता हूँ। मै राज्यपाल के अभिभाषण को मै समर्थन नहीं कर पा रहा हूँ, मै अपना वक्तव्य समाप्त करता हूँ ॥धन्यवाद।

श्री अखिल गिरि : माननीय अध्यक्ष महोदय, गत ৩রা ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠীজী এই সদনে যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্যের ওপর আমাদের সরকারের পরিষদীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় যে ধন্যবাদ সূচক প্রস্তাব এনেছেন এবং সরকারি চিফ হুইপ নির্মল ঘোষ - তিনি যে সমর্থন করেছেন, সেই ধন্যবাদ সূচক প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানিয়ে দু-চারটি কথা নিবেদন করতে এসেছি। বিরোধী পক্ষ থেকে প্রবীণ সদস্য, যিনি পশ্চিমবঙ্গে অনেক দিন মন্ত্রী ছিলেন বামফ্রন্ট সরকারের আমলে - অশোক ভট্টাচার্য মহাশয় - তিনি বলেছেন, এই বাংলায় নাকি শিল্পের অগ্রগতি হচ্ছে না। কিন্তু বিদ্যুৎ দপ্তরের হিসেব অনুযায়ী এই কথা প্রমাণ করে যে, শিল্পে বিদ্যুতের সরবরাহ ৪৫% বেড়েছে। বিদ্যুৎ মন্ত্রী এখানে এই সভায় আছেন। এই ক্ষেত্রে প্রমাণ হয় যে, বাংলায় শিল্পের অনেকখানি অগ্রগতি হচ্ছে এবং সচল রাখার ব্যবস্থাও হচ্ছে। কিন্তু এই কথা আপনারা স্বীকার করবেন এই সভায়, মাননীয়া মুখ্যমন্ত্রী এই বাংলায় শিল্পের ক্ষেত্রে বিনিয়োগ বাড়িয়ে চেষ্টা করছেন। সারা বিশ্বের বড় বড় শিল্পপতিদের নিয়ে, আমাদের দেশের শিল্প-পতিদের নিয়ে বিশ্ববঙ্গ শিল্প সম্মেলনের আয়োজন করেছিলেন। তখন যারা এই বাংলায় ৩৪ বছর ক্ষমতায় ছিলেন, গুটিকয়েক সমর্থককে নিয়ে নির্লজ্জভাবে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি সেই সম্মেলনের সামনে বিক্ষোভ প্রদর্শন করে বাংলাকে অসম্মান করেছেন, বাংলাকে অসম্মানিত করেছেন, মর্যাদাহানি করেছেন। এর থেকেই প্রমাণ হয়, এই বাংলায় যাতে সরকার - মা-মাটি-মানুষের সরকার শিল্প স্থাপন করতে না পারে তার জন্য একটা রাজনৈতিক হিংসা চরিতার্থ করবার জন্য তারা চেষ্টা করছেন। আজ এখানে প্রতিনিয়ত সরকার চেষ্টা করছে এলাকায় শিল্পের মাধ্যমে উন্নয়ন করবার জন্য। আইন-শৃঙ্খলার কথা বলছিলেন অশোকবাবু–প্রবীণ সদস্য, মন্ত্রীসভায় ছিলেন, এই সভার সদস্য - তিনি আইন-শৃঙ্খলার কথা বলছিলেন।

[11:50 a.m. – 12.00 Noon.]

আইন শৃঙ্খলার কথা বিরোধী কংগ্রেসের পক্ষ থেকে বলা হয়েছে, মালদার একজন সদস্য বলছিলেন। আমাদের কাছে যা উৎকৃষ্ট আপনাদের কাছে তা মহাভোগ। কংগ্রেসের

সভাপতি মিছিল করছিলেন, এই বাংলায় যারা অশান্তি করেছেন, যারা জেলে আছেন, সরকার তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছেন। তাদের সাথে জেলে কারা দেখা করতে গিয়েছিলেন? বিরোধীপক্ষের একজন এম.পি. এবং তাদের সভাসমিতিতে সেই পরিবারের সদস্যরা যোগ দিয়ে একথা প্রমাণ করেছেন কারা সন্ত্রাসকে মদত করছেন, বিশৃঙ্খলাকে মদত করছেন। বিরোধী পার্টি মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির বেঞ্চ থেকে বলা হচ্ছে আইনশৃঙ্খলা। ভারতবর্ষে কখনও কোন রাজ্যে দেখা যায় নি পশ্চিমবঙ্গে বামফ্রন্টের আমলে যা হয়েছে। তখন সরকারী দল প্রশাসনকে সঙ্গে নিয়ে বিগত দিনে গ্রামে শহরে রাজনৈতিক সংঘর্ষকে, সন্ত্রাসকে মদত করেছেন। নির্লজ্জভাবে তাঁরা আজকে এই সরকারের আইনশৃঙ্খলার প্রশ্ন তুলছেন? তাই আমি মনে করি আজকের এই বাংলায় অনেক শান্তি বিরাজ করছে অন্যান্য রাজ্য থেকে, তাতে উন্নয়ন সম্ভব হচ্ছে। রাজ্যে আইনশৃঙ্খলার অবনতি ঘটলে সেই রাজ্যে উন্নয়ন হতে পারে না। কিন্তু এই রাজ্যে আইন শৃঙ্খলা ঠিক আছে বলেই এই রাজ্য উন্নয়নের দিকে এগোচ্ছে। মাননীয় রাজ্যপাল একথা বলেছেন পশ্চিমবঙ্গের মানুষের উন্নয়নের প্রথম ধাপ, পরিকাঠামো বা ইনফ্রাস্ট্রাকচার ডেভালপমেন্ট করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে পি.ডব্লু.ডি. রাস্তাঘাটের কাজ করছে। বামফ্রন্ট আমলে রাস্তাঘাঁটের ব্যাপারে একটা শ্লোগান ছিল যে রাস্তাঘাট খানা-খন্দে ভরে গিয়েছে, মাছ চাষ করছে রাস্তার উপরে। আজকে উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ রাস্তাঘাট ঝাঁ চকচক করছে। সুন্দর ভাবে মানুষ যাতায়াত করছে এক প্রান্ত থেকে অপর প্রান্তে। এখানে ইনফ্রাস্ট্রাকচার ডেভালপমেন্ট, পরিকাঠামোগত উন্নয়ন করার চেষ্টা করা হয়েছে এবং অনেকাংশে সফল হয়েছে এই সরকার। সেচ দপ্তর কি সুন্দর কাজকর্ম করেছেন। সেচ দপ্তর এই ৫ বছরে যা কাজকর্ম করেছেন আগামী ২৫ বছরে এই বাংলায় কোনদিন বন্যার কোন প্রভাব পড়বে না, এই বাংলার মানুষকে আক্রান্ত করবে না বন্যার প্রোকোপে। কারণ আগের বামফ্রন্টের সময়ে জল নিষ্কাশনের কোন ব্যবস্থাই ছিল না। কিন্তু এই মা-মাটি-মানুষের সরকার বিগত ৫ বছরে সেচ দপ্তরে কোটি কোটি টাকা খরচা করে আজকে এই সেচ ব্যবস্থাকে সুন্দর করেছেন। শুধু নদীবাঁধ তৈরী করছে তা নয়, শুধু সমুদ্র উপকূলবর্তী বাঁধ তৈরী করছে তা নয়, আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন দীঘাকে গোয়া বানাবেন। দেখে আসুন, বিরোধীপক্ষের সদস্যদের বলছি মার্বেল পাথর দিয়ে সী বিচটা তৈরী হচ্ছে। অনেকাংশে তৈরী করা হয়েছে। সিট ফাইলিং করে মন্দারমনি, তাজপুর, দীঘা আমার বিধানসভা এলাকার মধ্যে মার্বেল পাথর দিয়ে তৈরী করা হচ্ছে। সিট ফাইল দিয়ে আজকে সমুদ্রোপকূল এলাকায় তৈরী করা হচ্ছে। শুধু তাই নয় যোগাযোগের ব্যবস্থার জন্য সেচদপ্তর সেতু তৈরী করে মানুষের অনেক কাজ করেছেন।

অশোকবাবু নিজের এলাকায় জায়গা খুঁজে পাননি, শিলিগুড়িতে থাকেন, দার্জিলিং-এ জায়গা ঠিক করে নতুন করে তিনি পর্যটন ব্যবস্থার উন্নতি করতে পারেননি। মাননীয়া মুখ্যমন্ত্রী দার্জিলিং-এ গিয়ে উত্তরবঙ্গে গিয়ে নতুন করে জায়গা খুঁজে আজকে সেখানে পর্যটন ব্যবস্থাকে উন্নত করার চেষ্টা করছেন। আপনি করতে পারেননি। আর আজকে হাউসে বলছেন। হাউসে এককথা বলবেন, বাইরে অন্য কথা বলবেন। আজকে তাই একথা বলি যেমন করে পর্যটন দপ্তর উন্নয়ন করার চেষ্টা করছেন - আমি দেখলাম কিছু দিন আগে ফরেনাররা বিদেশী পর্যটকরা আজকে দীঘাতে আসছে। সেখানে ব্যবস্থা করেছে এই সরকার। তাই আমি মনে করি মহামান্য রাজ্যপাল মহাশয় এই সদনে যে বক্তব্য রেখেছেন সঠিকভাবেই তিনি এই সরকারের উন্নয়নের কথাটা তুলে ধরেছেন। পার্থবাবু ঠিক কথাই বলেছেন সবটা বইতে লেখা যায়নি। তিন দিন সময় লাগতো বইটা পড়তে গেলে। তাই আমি মনে করি এই যে ধন্যবাদসূচক প্রস্তাব তাকে পূর্ণসমর্থন করে আমার বক্তব্য আমি শেষ করছি। নমস্কার।।

Shri Amar Singh Rai : Hon'ble Speaker, Sir, in response to the Governor's Address, on the 3rd 4th February, I would like to raise two issues. Firstly regarding the mention of the creation of the separate district of Kalimpong and secondly the development boards. Why? Because I think both these issues had a connect to the Gorkhaland Territorial Administrative Act both in letter as well as spirit of the Act which the President of India gave his assent on the 3rd of March, 2012.

The purpose of Gorkhaland Territorial Act, according to the principal, according to the preamble of the Act, it is very clearly stated that to establish GTA for the region comprising three sub-divisions Darjeeling, Kalimpong and Kurseong as well as some mouzas in a Sub-division of Siliguri. If one looks at the objective of the Act, it is very clearly stated that the GTA is to administer the region for the promotion of socio-economic infrastructure, cultural, educational and ethnic and linguistic development of the people of the region. Now, the government has announced the creation of a separate district Kalimpong and the sub-division of Mirik. We all welcome this with open hearts and we also support the government for doing it because I think this is the demand, a long pending demand of the people in the hills, all sections of the people in the hills, all parties in the hills including Gorkha Janamukti Morcha. But it is surprising that, you know, in the process of the creation of this new District, the Gorkha Territorial Administration which is one of the stakeholders of this Act was never consulted. So, this is something that I think one has to consider because the creation of a separate district of Kalimpong will definitely have major ramifications on the working of the GTA on the functioning of the GTA, on its jurisdiction and I think no one is clear on these aspects of what would be the follow up of the creation of the separate district of Kalimpong. If these were mentioned or if these were brought out clearly it would have been proper. So, I would like to make a few submissions that the GTA could have been consulted. Discussions could have been held on this because I am definitely sure that the Gorkha Janamukti Morcha in no way would have opposed the formation of separate district of Kalimpong because it is definitely of pro-people programme, it is definitely of pro-people nature. Now, on the issue of the development boards I think it is only the future that will show up the result of these boards. It is only prosperity, that will ultimately decide whether these boards are good for the people of the hills. Like some of the opposition members have already stated that it is dividing the people. Whether it is dividing or not dividing the people I can just say that only the future can tell. It is the prosperity, it is the prosperity that will ultimately decide. But on the whole, the money or the fund that has been sanctioned for these different development boards which I think, amounts to

more than 300 crores which I feel more than the amount sanctioned for GTA, allotted to the GTA. I feel that the source of funding if it is mentiond it would have been better for the people today to understand. So, with these words, I would like to conclude my speech.

Thank you.

[12:00 Noon – 12.10 p.m.]

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রায় ৭০ বছর হয়ে গেল আমরা স্বাধীন হয়েছি। আর এই ৭০ বছর আগে প্রায় ২০০ বছর ধরে আমরা ঐ ইংরেজদের কাছে অনেক শিখেছি। যা শিখেছি তার মধ্যে অনেক ভালোও ছিল, খারাপও ছিল। অনেক ভালোকে আমরা ত্যাগ করেছি আর অনেক খারাপকে আমরা গ্রহণ করেছি। এই অপ্রয়োজনে একটা এরকম গ্রহণ করার নাম হচ্ছে, মাননীয় রাজ্যপাল।

অদ্ভুত power, ওনার রিপোর্টে একটা সরকার ভেঙ্গে দেওয়া যায়। আবার উনি এতো দুর্বল যে, একটা সরকার যা বলে দেয়, সুবোধ বালকের মতো তাই পড়ে দেন। ...(গোলমাল)... আমরা ছাগলের মতো - আমরা, আমার বক্তব্যের সঙ্গে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী একমত হবেন যে, আমাদের মতো গণতান্ত্রিক দেশে রাজ্যপালের মতো পদ-এর কোনো দরকারই নেই। অথচ আমাদের তাই নিয়ে বক্তৃতা করতে হচ্ছে। আমি প্রথমে বলতে চাই, অনেকগুলো বিষয় উনি বলেছেন, এটা নিয়ম। এই নিয়মের বিরোধিতা করে তো কোনো লাভ নেই। যে, সরকার ঠিক করে দেবে উনি বলবেন–এটাইতো নিয়ম। আমরা তো মেনে নিই প্রতি বছর। এইজন্যই, এইজন্যই আমি তিনি যে এখানে এসেছেন কষ্ট করে, এখানে বক্তৃতা করেছেন, আমি তার জন্য ওনাকে অভিনন্দন জানাচ্ছি এবং এই প্রস্তাবকে সমর্থন করছি। কিন্তু উনি যা বলেছেন, তাকে কোনোমতে সমর্থন করতে পারি না। তিনটে বিষয় আমি বলি, প্রথম হচ্ছে যে, আমরা উঠতে বসতে একটা রিপোর্ট শুনি পঞ্চায়েত নিয়ে। মাননীয় মন্ত্রী আছেন, যখনই শুনি তখন শুনি ১০০ দিনের কাজে নাকি তারা first । কে বলে সংখ্যায় first, কে বলে শ্রমদিবসে first, সবকিছুতে নাকি আমরা first। তা আমাদের রাজ্যে একটা বড় কমিটি আছে। তাতে কেন্দ্রের মন্ত্রী, রাজ্যের মন্ত্রী, দশজন MLA, দশজন MP, দশজন বারোজন Principal Secretary বিশাল ক্ষমতাসম্পন্ন কমিটি। আমিও তার মধ্যে মেম্বার একজন। আগে চিঠিপত্র না পেয়ে পরের মিটিং-এ আমি গিয়েছিলাম। শুনলাম ওখানে খুব সাফল্যের কথা। ওনাদের তৈরি একটা রিপোর্ট যা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার পোর্টালে আছে, তা রিপোর্টে আমি পেয়ে গেলাম। এখানে ছ'টা সাতটা বিষয়ে বলা আছে, আপনারা শুনুন একটু ভালো করে কাজে লাগবে। শুধু সমালোচনা করে বলছি না। এই ছ'টা বিষয়ে আমি দেখলাম, অদ্ভুত ! একটা বিষয় হল, পারসেন্টেজ অব ম্যানডেজ, জেনারেটেড অব দি লাস্ট ইয়ার পারফরমেন্স গতবছরের তুলনায় কি হয়েছে। আমাদের অবস্থা কি? আমাদের অবস্থা হচ্ছে, ওয়েস্ট বেঙ্গল নীচে। ৬৩.৪৩%। যারা করেছে বেশি তারা কারা? অনেক রাজ্যই আছে আমি সবগুলো পড়ছি।। সবথেকে বেশি যেগুলো আছে ১৭৪% এখানে ৬৩। এরকম করতে করতে আমাদের রাজ্যের অবস্থা হচ্ছে, ২৭ নম্বরে। রাজ্য ক'টা ২৯টা। ২৯টা রাজ্যের মধ্যে আমাদের পজিশান ২৭ নম্বরে, এটা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার পোর্টাল। যদি মনে করেন আমি একটা কপি দিয়ে দিতে পারি। ক্লিক করলেই নেটে পেয়ে যাবেন, একনম্বর। দু'নম্বর অ্যাভারেজ ডেজ পার হাউসহোল্ড। পরিবার প্রতি ক'জন কাজ পেয়েছে? এখানে আমরা শুনছিলাম ১০০ দিন কাজ পেয়েছে ২০০ দিন দেওয়া হবে। কাজ হয়েছে কত? ৩২.৮৬ অর্থাৎ ৩২ দিন কাজ পেয়েছে, ৩২ দিন, ৪ তারিখের রিপোর্ট। তিন নম্বর হচ্ছে, পারসেন্টেজ অব হাউসহোল্ড

কমপ্লিটেড ১০০ ডেজ ওয়ার্ক। ১০০ দিনের কাজ করার কথা। আমরা শুনেছিলাম ১০০ দিন পার হয়ে গেছে এবং ২০০ দিনে করতে হবে। অবস্থা কি? কাজ পেয়েছে কত? শুনলাম পশ্চিমবাংলা পেয়েছে ৩২.৮৬। ও সরি, এটা হচ্ছে হাউসহোল্ড পার হানড্রেড ডেজ যারা কমপ্লিট করেছে তার মধ্যে পজিশান এখানে সব থেকে নীচে এক পারসেন্ট। মাত্র এক পারসেন্ট। যেখানে সর্বোচ্চ হচ্ছে ১৯, এবং তারা এই পারসেন্টে কাজ করতে পেরেছে, সেখানে মাত্র হচ্ছে ওয়ান পারসেন্ট। তারপর ওয়ার্ক কমপ্লিশান রেট মানে কত পারসেন্ট কাজ পেয়ে শেষ করেছে। তাতে আমাদের ওয়েস্ট বেঙ্গলের পজিশান হচ্ছে ৫৫ আর সারা দেশে আমাদের পজিশান হচ্ছে ২৭ নম্বরে, যেখানে ২৯টা হচ্ছে রাজ্য। এতে লেখা আছে। দেখবেন। তারপর হচ্ছে SC ST, register SC ST তাদের কত পারসেন্ট কাজ পেয়েছে। ওয়েস্ট বেঙ্গল হচ্ছে ৪৮%। কোথাও ৯০, কোথাও হানড্রেড এসব হচ্ছে। অন্যান্য রাজ্যের অবস্থা আর ওয়েস্ট বেঙ্গলের পজিশান ১১ নম্বরে আছে, ১১ নম্বর। তারপর লাস্ট হচ্ছে, পারসেন্ট অব ওয়েজ। ওয়েজ উইথ ইন ১৫ ডেজ। আমার মনে আছে, সুব্রতবাবু বলেছিলেন, ডেইলি ডেইলি দিয়ে দেব। এবার থেকে আমি রোজ মজুরী দিয়ে দেব কাজ ভালো হবে। করেছেন কি? ১৫ দিনের পরেতে এসে ১৫ দিনের মধ্যে পেয়েছে আমাদের পশ্চিমবঙ্গ মাত্র ২৩.১৫ মানে ২৩%। আর অন্যান্য রাজ্য কোথায় আছে ৮৬, কোথায় ৮৯, কোথায় ৮৭, কোথায় ৮৪। আমাদের রাজ্যের অবস্থা ২৩। যদি শুনতে চান তাহলে সবগুলো বলতে পারবো। এগুলো লিখিত রিপোর্ট। এগুলো গভর্নমেন্ট অব ইন্ডিয়ার পোর্টালে গেলেই পেয়ে যাবেন। এই তো অবস্থা। আমি বলতে চাই বিনীতভাবে এটা শুধুমাত্র একটা বড় প্রোজেক্ট না। আমাদের ভারতবর্ষে সব থেকে তলায় যারা বাস করে গরিবমানুষ, তাদের একমাত্র প্রধান প্রকল্প হচ্ছে এইটা। সবথেকে গুরুত্বপূর্ণ। সেটার কাজ ঠিকমতো হচ্ছে না। এটার ব্যাপারে আমি মিটিং-এ বলেছিলাম, এমন দুর্নীতি এখন হচ্ছে কেরালায় কাজ করছে। তার নামে টাকা উঠছে এখানে। অদ্ভুত ! আমি দেখে অবাক হয়ে গেলাম। কেরালায় কাজ করছে আমার কাছে ডকুমেন্ট আছে আপনারা চাইলে আমি দিয়ে দিতে পারবো। আপনারা ভরসা করেছেন অথচ প্রতিনিধিদেরকে বাদ দিয়ে দিয়েছেন। ডি এম-রা যা করবে কাজ।

ডি এম-রা বলে দিয়েছে শুধু কাজ করে নয়, রিপোর্টও দাও; কাজ করার দরকার নেই। অদ্ভুত! কোন কাজ নাই, কাম নাই, একটা রিপোর্ট চলে আসছে। এমন লোকের নামে টাকা গিয়েছে ব্যাঙ্কে তার অ্যাকাউন্টে যে কোন কাজে যায়নি। আমি বললাম এটা ভালর জন্যে যে এটা হচ্ছে। ক্ষতিকারক, এটা দেখা উচিত। দুই নম্বর বিষয় হচ্ছে আমার, এই আইনশৃঙ্খলার ব্যাপার নিয়ে আমার দুটো কথা বলার আছে। আপনারা দেখতে পান কিনা জানি না, প্রতিদিন খবরের কাগজে, খবরের কাগজ, রেডিও,টি ভি খুললেই তো একটাই খবর, আজ কাকে মারা হল, আজকে কাকে খুন করা হল, কোথায় গণ্ডগোল তাই তো হচ্ছে। এই যে আপনার লেটেস্ট ঘটনা হল, বাঙুড়ে - আমরা বলেছিলাম কি, সেদিন আমরা বলেছিলাম যা করতে যাচ্ছেন তা বিপদজ্জনক। জমি এ্যাকুইজিশান করবে সরকার, কিন্তু করবে কে মাফিয়ারা। সব জমি। আপনি বলেন এবং দেখেন বা না দেখেন, আপনি চলে যান, এই রাস্তা ধরে চলে যান, দুই ধারের সমস্ত জমি আজকে অন্য লোকের হাতে হয়ে গেছে। গরীবদের যে জমি ছিল, জমি আর নাই, সে জমি চলে গেছে অন্য লোকের কাছে, তারাই বিক্রি করছে বেশি দামে। আপনি সাজাতে গেলেন এক জিনিস, করলেন এক জিনিস, যে আরও ক্ষতিকারক হয়ে গেল,এটা যদি না দেখেন তাহলে বারুইপুরের ঘটনা আরও ঘটবে। ভাঙড়ের ঘটনা আরও ঘটবে। ভাঙড়ের দুটো নিরীহ ছেলে কালকে খুন হয়ে গেল, আর একজন নিরীহ ছেলে হায়ার সেকেন্ডারী পরীক্ষা দেবে,সে এখন মৃত্যুর সঙ্গে লড়াই করছে। তাই নয়, আহত হয়েছে এবং তাঁকে আসামী করে দেওয়া হয়েছে এমন বিষয়ে – দেশদ্রোহী। দেশের পক্ষে ক্ষতিকারক এ রকম ধারা দিয়ে তাঁকে যুক্ত করা হয়েছে। এ কোন নীতি, কোন

ইয়ে বুঝি না। আমি দেখলাম, আমার এলাকায়, আমি দুই মন্ত্রীকে বলেছিলাম, এই এক হাকিম সাহেবকে বলেছিলাম–ফিরহাদ হাকিম সাহেবকে বলেছিলাম, আমি আমাদের সুব্রতবাবুকে বলেছিলাম যে আমার এলাকায় একটি ছেলে রাজনীতি করে, ওখানে দুইজন লোক খুন হল, যারা খুন করলো তাদের মধ্যে আগে খুন করেছিল প্রকাশ্যে দিনের বেলায় চায়ের দোকানে, কয়েক শত লোকের সামনে, সব লোকের সামনে এসে, ঐ বোম্বের ডন সেজে এসে খুন করলো। মাথার টুপি খুলে বলে গেল, আমি খুন করেছি। আবার দরকার হলে খুন করবো। সে আসামী থাকলে পরে সি পি এম–এর একজন নেতা যখন ছাত্র আন্দোলন করতে করতে বাড়ীর সব লুঠ হয়েছে, আজকে তাকে মিথ্যা মামলায় জড়িয়ে দিল। জোড়া খুনের আসামী করে দিল। এই যদি মিথ্যে হয়, আমি পদত্যাগ করে চলে যাব। একবার যদি - সত্যি না হয় - মিথ্যা হয় তাহলে আমি পদত্যাগ করে চলে যাব। আপনারা খোঁজ নিন। এই জিনিস করা হয়েছে। ঐ কলেজ ইলেকশানে তাই করা হয়েছে। এই হচ্ছে তার ইতিহাস, পদ্ধতি। আমি শেষে বলব, আলো জ্বলে গেছে, শেষে আমি বলতে চাই, গণতন্ত্রের প্রশ্নে, মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে এসেছিলেন বোধহয় ৩রা মে, প্রথম এখানে মুখ্যমন্ত্রী ঢুকেছিলেন, সেই দিনটার কথা শুনে আমি অন্ততঃ খুবই মানে কি বলব, অনেকখানি উদ্বুদ্ধ হয়েছিলাম, ভাল চিন্তায়। যাইহোক মুখ্যমন্ত্রী বলছেন, আমি এখন গণতন্ত্রের পক্ষে আছি। এই বাড়ীটা হচ্ছে গণতন্ত্রের মন্দির, গণতন্ত্রের মসজিদ। সেই মন্দিরে, মসজিদে আমি তার সম্মান দিতে চাই। উনি বলেছিলেন। প্রয়োজনে স্পীকার সাহেব আমার টাইম কেটে নেবেন, ঐ টাইমটা বিরোধীদের দিন, বিরোধীদের এখানে মর্যদা বেশী, তাদের কথা শুনতে হবে। আজকে আমরা দেখছি, আমাদের ফিফটি ফিফটি যে টাইম ছিল, আজকে তাও কমে গিয়েছে। কে কমাল? এই জিনিস করিয়েছেন। শুধু তাই নয়, আমাদের বলার সব অধিকার কেড়ে নিয়েছে। আমি তো অবাক হয়ে গেলাম, আমার একটা ঘটনার কথা মনে পড়ে গেল, একটু সময় দেবেন।

(সময় শেষ হয়ে যাওয়ায়, এই সময় বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, সাধারণভাবে কোন বিষয়ের, তার উপর বক্তব্য রাখার সুযোগ আপনি যাদের দেন - আমরা মধ্যিখান থেকে ইন্টারফেয়ার করার পক্ষে নই - এবং আমরা সেই রীতি মেনেই, অন্ততঃ পক্ষে ট্রেজারী বেঞ্চ থেকে, চেষ্টা করেন সবাই। আমাদের পরিষদীয় মন্ত্রী–বিশেষ করে বলব, যাতে কোন ইন্টারফিয়ারেন্স না হয় - আমিও করতে চাইনি, কিন্তু দেখলাম পর পর দুইজন প্রাক্তন মন্ত্রী যেভাবে নির্লজ্জভাবে অসত্য কথা বলছেন, যেটা ....

(নয়েজ)

শুনুন, চেঁচিয়ে আমাকে দাবাতে পারবেন না। চেঁচিয়ে আমাকে দাবাতে পারবেন না। চেঁচিয়ে আমাকে দাবাতে পারবেন না।

স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা যে অসত্যটা বলছেন, আবার একটি চ্যালেঞ্জও করেছেন, আমি আপনাকে বলছি, দয়া করে সে চ্যালেঞ্জটা - অন রেকর্ড ডাকুন, উনি পদত্যাগ করবেন। আর আমাকে কাল সকাল বেলায় সমস্ত তথ্য দিয়ে ওনাকে প্রমাণ করতে দেব, এক। দুই, নাম্বার টু - এরা যে হিসাবটা দিচ্ছে ইট ইজ সিম্পিল জাগলারি। এটার আসল তথ্যটাই জানে না।

[12:10 – 12.20 p.m.]

ছাড়ের ব্যাপারে এই যে অশোকবাবু বললেন আমরা পাঁচ হাজার কোটি টাকা পেয়েছি বা দেখিয়েছি। কে বলেছে। আমরা গতবারে পেয়েছিলাম পাঁচ হাজার। এবারে আট হাজার কোটি

টাকা। অ্যাই এ্যম প্লিডিং ইট বিফোর দ্য হাউস। আই হ্যাভ চ্যালেঞ্জড। তার জন্য যে প্রাইস ইভেন কেন্দ্রীয় সরকার তাদের রীতিমত দিয়ে থাকেন। আমি তার অরিজিনাল, এত অত নয়, একেবারে অরিজিনাল সার্টিফিকেটটা ওনাদের কাছে দেখিয়ে দেব।

...(গোলমাল)...

আমি অন কোট বলছি, আমরা আট হাজার কোটি টাকা গতবারে পেয়েও প্রথম হয়েছি। দ্বিতীয় কথা, টাকার ব্যাপারে আপনারা বললেন কেরালা,

...(গোলমাল)...

এইসব দিয়ে গেছে। আমরা টাকা দিই না। আমরা টাকা দিই না। সেন্ট্রাল গভর্নমেন্ট ডাইরেক্ট চেক তাদের কাজের বিনিময়ে দেয়। আমরা দিই না টাকা। এইটুকু জ্ঞান যদি প্রাক্তন মন্ত্রীদের না থাকে তাহলে বলার কিছু নেই। আমরা দিই না। টাকা দেয় কেন্দ্রীয় সরকার ডাইরেক্ট টু দ্য ম্যান কনসার্নড। যে ওয়ার্কার ১৭৬ টাকা পায় তার কাজের রিপোর্টের ভিত্তিতে ওইখান থেকে চেক আসে তার বাড়িতে, নট আমরা। জাগলারিটা কোথায়। উনি বাড়ির হিসাব ধরেন। বাড়ির হিসাব ধরলে ত্রিপুরা হবে ৯৯ শতাংশ, আর আমরা হব ৫ শতাংশ। আমাদের বাড়ির সংখ্যা। আমরা কি করি - আমরা দুটো পয়েন্ট দেখি যে দুটো মানুষের উপকার হয়। লেবার বাজেটে ঘোষণার সাবজেক্ট থাকে। কেন্দ্রীয় সরকার বলে তোমার স্টেটের বাজেটে এবার থাকবে কুড়ি কোটি। আমরা প্রত্যেকবার এই টার্গেটের বেশি ৫ শতাংশ, ৭ শতাংশ, এমনকি ১৫ শতাংশ পর্যন্ত করেছি। ক্যান দে চ্যালেঞ্জ ইট? এছাড়া, আমরা কি দেখি - টাকা কত এল। লেবার বাজেট ক্রস করল কিনা। টাকা কত এল। এই দুটো পয়েন্টে ওরা যদি চ্যালেঞ্জ করেন আপনার ঘরে ডাকবেন, আমি প্রমাণ দেবো।

...(গোলমাল)...

...(এইসময় মাননীয় সদস্য সুজনবাবু স্পীকারের উদ্দেশ্যে কিছু বলতে থাকেন।)...

মিঃ স্পীকার : আমি একটা কথা বলি। প্লিজ, সুজনবাবু আপনি অহেতুক বলছেন, উনি একজন মন্ত্রীর পারফরম্যান্সের ওপর কিছু কিছু ডাটা দিয়েছেন। মাননীয় মন্ত্রী বলছেন ডাটাগুলো সত্যি নয়। মন্ত্রী উত্তর দিতেই পারেন। মন্ত্রী উত্তর দিতেই পারেন। এতে অন্যায় কিছু নেই। এটা আমাদের রুল পারমিট করে। আওয়ার রুল পারমিটস্ ইট। প্লিজ, বসুন।

শ্রী অপূর্ব সরকার : ধন্যবাদ স্যার। একটা ডিবেট যখন হয়েছে দু পক্ষই অ্যাকসেপ্ট করছে, আমরা দেখতে চাইছি, আপনিও স্যার এটা অ্যাকসেপ্ট করুন। এটা এই হাউসের সামনে একটা দৃষ্টান্ত হোক। এই হাউসকে কেউ যেন মিসলিড করতে না পারে। এই হাউসকে কেউ যেন মিসলিড করতে না পারে। কেউ কিছু বললে তার তথ্য যেন এখানে জমা হয়।

মিঃ স্পীকার : আমি আপনাদের বলছি, আপনাদের এই কথার পরিপ্রেক্ষিতে আমি মাননীয় মন্ত্রীকে কালকে একটা বিবৃতি দেওয়ার জন্য অনুরোধ করব। উনি বিস্তারিত বিবৃতি দেবেন। আগামীকাল ওনার যে ক্লারিফিকেশান আছে উনি তা ক্লারিফাই করবেন।

শ্রী অপূর্ব সরকার : থ্যাংক ইউ স্যার। পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় ৩রা ফেব্রুয়ারি এই পবিত্র সদনে যে বক্তব্য রেখেছেন সেটা নিয়ে আমি ২-৪টি কথা বলতে চাই। স্যার, প্রথমদিকে তিনি যে কথা বলেছেন ডিমনিটাইজেশান। ডিমানিটাইজেশান নিয়ে এর আগে এখানে আলোচনা হয়েছে। সবাই সবার বক্তব্য রেখেছেন। ডঃ মিত্র আমাদের

খুব প্রাঞ্জল ভাষায় তার ব্যাখ্যা করেছিলেন। ধন্যবাদ দিই। তখন পারিনি দিতে, এখন ধন্যবাদ দিচ্ছি। স্যার, ডিমানিটাইজেশানের সাথে সাথে আর একটি বিষয় যেটা কালকে উত্থাপিত হয়েছে। জ্যোতির্ময় কর সাহেব আজকে নেই, তিনি কালকে ঠিকই বলছিলেন যে প্ল্যানিং কমিশান উঠিয়ে দেওয়া হচ্ছে। '৩৮এর নেতাজি সুভাষচন্দ্রের কল্পনাপ্রসূত। তাঁর সহযোগী মেঘনাদ সাহা, সেই প্ল্যানিং কমিশান উঠিয়ে নীতি আয়োগ। শুধু তাই নয় স্যার, যে কাজ ডিমানিটাইজেশানের আর বি আইয়ের একটি সংস্থার করার কথা, সে কাজ একজন ভারতবর্ষের প্রধানমন্ত্রী তিনি করছেন। খুব দুর্ভাগ্য স্যার।

আরও স্যার দুর্ভাগ্যের কথা, BIFR বলে একটি সংস্থা আছে আমরা সবাই জানি। শিল্প পুনরুজ্জীবনের জন্য Bureau of Industrial Finnancial Reconstruction যেটা ছিল, মোদী সাহেব ভারতবর্ষের প্রধানমন্ত্রী ইতিমধ্যেই সেটাকেও তুলে দিয়েছেন। ভারতবর্ষের রুগ্‌ণ সংস্থাগুলি BIFR-এ যাওয়ার পর, তারা বিভিন্ন রকম সুপারিশ করত এবং সরকারের কাছে তা পাঠাত। তারপরে বিভিন্ন রকমভাবে টাকার ব্যবস্থা করা হত এবং সেই সংস্থাগুলো বেঁচে উঠত। কর্মসংস্থান যেগুলো নষ্ট হত সেগুলোর আবার সুযোগ ঘটত। Sick Industrial Company Act, 1995, তুলে দিয়ে তার পরিবর্তে তিনি করে দিলেন, National Companies Land Appealate Tribunal Administration, এটা একটা অ্যাডমিনিস্ট্রেটিভ পদক্ষেপ বলতে পারা যায়। সত্তরের দশক থেকে প্রায় চল্লিশ-বিয়াল্লিশ বছর ধরে যে সংস্থাগুলো ক্রমাগত রুগ্‌ণ হয়ে পড়ছে, যেখানে মানুষ কর্মহীন হয়েছে, সেইখান থেকে রিলিফ পাওয়ার জায়গাটাকে তুলে দেওয়া হয়েছে। স্বাভাবিকভাবে ভারতবর্ষে যে স্ব-শাসিত সংস্থাগুলো ছিল মানুষের কাজ করার জন্য সেই পাওয়ারটাকে সেন্ট্রালাইজড করছে ভারতবর্ষের প্রধানমন্ত্রী। স্যার, ডিমানিটাইজেশান নিয়ে অনেক কথা হয়েছে, আমি শুধু একটুখানি টাচ করে যাই। ডিমানিটাইজেশানের ফলে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে কৃষক শ্রমিকরা। এটা আমরা শুনেছি এবং জেনেছি ভারতবর্ষের যারা প্রবীণ নাগরিক, যারা স্বল্প সঞ্চয়ের মধ্যে দিয়ে জীবন-জীবিকা নির্বাহ করে তাদের উপরেও আঘাত নেমে এসেছে। যেমন আমি একটা প্রকল্পের নাম বলছি 'প্রবীণ নাগরিক সঞ্চয় প্রকল্প' তাতে ২০১৬ সালের ১লা এপ্রিলের আগে সুদের হার ছিল ৯.৩০ পারসেন্ট, ঠিক ১লা এপ্রিল, ২০১৬ সালের পরে সেটা হল ৮.৬০%। MIS - মান্থলি ইনকাম স্কীম, ২০১৬ সালের ১লা এপ্রিলের আগে সুদের হার ছিল ৮.৪০%, সেটা কমিয়ে করে দেওয়া হল ৭.৮০%। ডিমানিটাইজেশানের আগে থেকেই এই ব্যবস্থা করা হয়েছে এবং সুদের হার আস্তে আস্তে কমিয়ে দেওয়া হয়েছে। এর ফলে ক্ষতিগ্রস্থ হয়েছে ফিকসড্ ইনকামের উপরে যে পরিবারগুলো বেঁচে থাকে তারা। এর সাথে সাথে সমস্ত সেকটারের মানুষই ক্ষতিগ্রস্থ হয়েছে। আমি যখন আমার জেলা থেকে গাড়ী করে কলকাতায় আসি এই বোরো চাষের সময়ে, তখন দেখি মুর্শিদাবাদ,বর্ধমান এই সমস্ত জেলার জমিগুলো এই সময়ে বোরো চাষে ভর্তি হয়ে থাকে। কিন্তু এখন আমি আসার সময়ে দেখছি বহু জমি ফাঁকা পড়ে আছে। ডিমানিটাইজেশানের ফলে কৃষক সমাজের অবস্থা খুবই খারাপ জায়গায় গেছে এটা নতুন করে আর বলার অপেক্ষা রাখে না। বিদেশে আমার পরিবারের কেউ থাকলে তাহলে আমি এখান থেকে ৭৫ হাজার ডলার টাকা পাঠাতে পারতাম। এই মোদী সাহেব প্রধানমন্ত্রী হওয়ার পর তিনি সেটাকে পর পর দুটো ধাপে বাড়িয়ে করে দিলেন ২ লক্ষ ৭৫ হাজার টাকা। ডিমানিটাইজেশানের ফলস্বরূপ বা তার আগে থেকেই বিদেশে টাকা চলে যাচ্ছে,গত দু' বছরে ভারতবর্ষ থেকে প্রায় ৩০ হাজার কোটি টাকা বিদেশে চলে গেছে। যেটা ৭৫ হাজার ডলার ছিল সেটা বাড়িয়ে ২ লক্ষ ৭৫ হাজার ডলার করা হল। এর সাথে সাথে নন পারফর্মিং অ্যাসেট ২০১৬ সালের মাত্র তিন মাসে বৃদ্ধি হয়েছে ১৫%। প্রায় ছয় লক্ষ সাড়ে ছয় লক্ষ কোটি টাকার কাছাকাছি নন-পারফর্মিং অ্যাসেট বৃদ্ধি হয়েছে। তাদেরকে ১ লক্ষ ১৪ হাজার কোটি টাকা দেওয়া হচ্ছে। কে দিচ্ছে? ভারতবর্ষের প্রধানমন্ত্রী দিচ্ছে। আর ভারতবর্ষের কৃষক সমাজ, ভারতবর্ষের

শ্রমিক সমাজ লাইনে দাঁড়িয়ে দাঁড়িয়ে মরছে। স্যার, এই লাইনে দাঁড়িয়ে প্রায় ১৫-১৬ জন মারা গেছে, ভালো লাগত তাদের নামটা যদি শোক প্রস্তাবের মধ্যে থাকত তাহলে। আমাদের ভালো লাগত। মহামান্য রাজ্যপাল আরও দু-তিনটি বিষয়ে এখানে বলেছেন, আমি যে বিষয়টার উপরে বলছিলাম কালকে সেটা নিয়ে এই হাউসে আলোচনাও হয়েছে। আমরা যে জেলায় থাকি সেই জেলার গরু পাচার নিয়ে আমাদের একজন কলিগ বলছিলেন। আমি দায়িত্ব নিয়ে বলছি, এখানে রঘুনাথগঞ্জের বিধায়ক আখরুজাম্মান সাহেব, এই ব্যাপারে চিঠিও দিয়েছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী ওখানে গিয়েছিলেন, তিনি চলে আসার দু-দিন পর থেকেই আবার গরু পাচার বেড়েছে। এক জোড়া গরুর দাম সেখানে চল্লিশ হাজার টাকা। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, আপনি এই বিষয়ে খোঁজ নিয়ে দেখুন।

[12:20 – 12.30 p.m.]

গরু পাচার যে শুধু তাই নয়, তার সাথে সাথে কয়লা পাচার। এক গাড়ি কয়লা, সেই কয়লা আসছে মেঝিয়াতে মারা গেছে বাঁকুড়ায় আপনি জানেন। যারা মারা গেছে। বেআইনিভাবে কয়লা তুলতে গিয়ে বাঁকুড়ায় মেঝিয়ায়, তাদেরকে কয়লা মাফিয়ারা টাকা দিয়ে ম্যানেজ করেছে। তাদের দেহ এখনও পর্যন্ত চার জনের দেহ এখনও পর্যন্ত উদ্ধার করেছে, বাকিদের দেহ এখনও উদ্ধার হয়নি। সেই কয়লা প্রতি গাড়ি,প্রতি গাড়ি কয়লা আসছে দশ হাজার টাকা করে দিতে হচ্ছে। আপনারা খোঁজ নিয়ে দেখুন আমরা যদি ভুল বলে থাকি, নিশ্চিতভাবে–আপনি বলেছিলেন আপনাকে ইনফরমেশান দেওয়ার কথা, হাউসে দাঁড়িয়ে বলেছিলেন বিরোধীরা আপনাদের সহযোগিতা করার কথা। আমরা ইনফরমেশান দিচ্ছি আপনাকে আপনি দেখুন। সফট মিনারেলস অ্যাক্ট, যে বালি, স্টোনচিপস–যে বালির যে অকশান করেছেন এতে সরকারের ভাল হয়েছে। আমি জানি। যে ই-অকশানের পরে যে বালি মাফিয়া তাদের সর্বনাশ হয়েছে,বালি মাফিয়াদের। সরকারের কোষাগারে অনেক টাকা জমা পড়েছে। কিন্তু এই যে গ্যাপ পিরিয়োড অনেক জায়গায় বালির খাদান খোলেনি। আপনি অবাক হবেন শুনলে যে গভর্নমেন্ট, আপনি গরিব মানুষদের গৃহ নির্মাণ করছেন - একদিকে গ্রামীণ আর এক দিকে - কেন্দ্র থেকে এসেছে এক লাখ কুড়ি হাজার, আর আবান সেক্টরে ৩ লাখ ৬৮ হাজার টাকা। এই যে বাড়ি নির্মাণ হচ্ছে-- বালি না হলে কোথা থেকে হবে? এই যে দুই-তিন মাস, এর আগে হাউসে আমি বলেছিলাম মাননীয় মন্ত্রীকে, এখানে আছেন সেচ দপ্তরের, তিনি বলেছিলেন জেলার অ্যাডমিনিস্ট্রেশান দেখে, এখন সেচ দপ্তর দেখে না। গ্রিন ট্রাইবুনাল নাকি তাই বলেছে জেলাশাসকরা দেখেন। এই যে দুই-তিন মাস বালি পাওয়া যাচ্ছে না, সমস্ত কাজ বন্ধ হয়ে আছে। এক গাড়ি বালি যে বালি আমরা 100 সিএফটি কিনি ১২০০ টাকায়। সেই বালি এখন বিক্রি হচ্ছে চার হাজার,পাঁচ হাজার, ছয় হাজার টাকায়- জানেন আপনি? আপনি খোঁজ নিয়ে দেখুন আমি যে মহকুমায় থাকি মুর্শিদাবাদ কান্দি মহকুমায়। দেখুন এক একটা গাড়ি তারা বিভিন্নভাবে রাত্রির বেলায় - দিনের বেলায় কোন বালির গাড়ি নেই,রাত্রির বেলা সব বালির গাড়ি চলে আসছে। সেখানে কিন্তু অকশান হয়নি। যে নদীর ঘাটগুলো, সেখান থেকে বালি উঠে চলে আসছে। খুব স্বাভাবিকভাবে এই বিষয়গুলো আপনাকে দেখার জন্য অনুরোধ করব। মাননীয় শিক্ষামন্ত্রী আছেন আমি একটা জিনিস আপনাকে অনুরোধ করছি পারি,ভাঙ্গড়ে গণ্ডোগোল কৃষিজমি আছে এগুলো - অ্যারেস্ট হয়েছে একটি ছেলে, কি নাম তার? আব্দুলা বিন কাশেম,উচ্চ মাধ্যমিক পড়ে, পরীক্ষা দিতে যাবে। তাকে ইউ. এ. পি.এ. অ্যাক্টে, গ্রেফতার হোক,তদন্ত হোক আমি বলছি না তাকে ছেড়ে দেওয়ার কথা। কিন্তু সে পরীক্ষা দেবে, একটা দ্বাদশ শ্রেণীর ছাত্র - এই পরীক্ষা যাতে দিতে পারে তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যেন সে পরীক্ষাটা দিতে পারে। এর সাথে সাথে আরও একটা বিষয় অনুরোধ করব আপনাকে যে, কলকাতা যাদবপুর বিশ্ববিদ্যালয়ে এক দলিত ছাত্র, আমরা

ভেমুনার কথা জানি, এক দলিত ছাত্র নিখোঁজ হয়ে গেছে। এফ.আই.আর. হয়েছে,তার নাম হচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সুশীল মান্ডি,ভাষাতত্ত্বের এম.ফিল. গবেষণা করছে। এই বিষয়টা দেখবার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী আছেন আমি তাঁর কাছে আবেদন রাখছি। .....(এই সময় মাননীয়া মুখ্যমন্ত্রী কিছু বলতে ওঠেন)..... না আবেদন করেছিল ক্যানসেল হয়েছে,সেই জন্য আবেদন করলাম।

শ্রীমতী মমতা ব্যানার্জী : এগুলো মানবিক,এগুলো অলওয়েজ হবে।

শ্রী অপূর্ব সরকার : এটা আবেদন হয়েছিল কোর্টে ক্যানসেল হয়েছে,এর জন্য অনুরোধটা করেছি। খুব স্বাভাবিকভাবেই মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করব এখানে।

মিঃ স্পীকার : আপনি যা অ্যাডড্রেস করবেন, থ্রু চেয়ার করবেন। You cannot address directly to anybody else. আপনি চেয়ারকে অ্যাডড্রেস করবেন।

শ্রী অপূর্ব সরকার : স্যার, আমি আপনার মধ্য দিয়ে জানতে চাইছি, স্যার যে সিঙ্গুরের রায়–একটা যুগান্তকারী রায় হয়েছে সিঙ্গুরে জমি ফেরত হয়েছে, চাষ হয়েছে। কিন্তু সিঙ্গুরের জমিতে কালো ডাস্ট - সেগুলো স্টোন ডাস্ট ছিল না অন্য কিছু ছিল ছয় ফুট-সাত ফুট করে ফেলা ছিল। তারপর সেখানে জমির উপরে মাটি ফেলে চাষযোগ্য করে জমি ফেরত দেওয়া হয়েছে ধন্যবাদ স্যার। নিশ্চয় আপনার মাধ্যমে ধন্যবাদ দিচ্ছি। আমরা জিজ্ঞাসা করব যে সিঙ্গুরের জমি যে তিন ফসলি যে ক্রপ ইনটেনসিটি,সেই ক্রপ ইনটেনসিটি'টা কি এখনও আগের অবস্থায় আছে তিন ফসলি। এই এগ্রিকালচারে যারা আছেন, আমাদের কৃষি বিশ্ববিদ্যালয়ের তাদের কাছে থেকে আমরা যদি জানতে পারি যে ক্রপ ইনটেনসিটি'টা ঠিক থাকছে কিনা - আগের যে কেমিক্যালসগুলো ভিতরে ঢুকে আছে,গ্যাপ - সেটার কি অবস্থা? খুব স্বাভাবিকভাবেই স্যার, এই যে রাজ্যপালের ভাষণে অনেক কিছু বলেছেন। তার সাথে সাথে উন্নয়ন পর্ষদ গঠন করার কথা বলা হচ্ছে। স্যার, আপনাকে বলি স্যার, যে পশ্চিমবঙ্গে অনেক উন্নয়ন পর্ষদ আছে,আরও নতুন নতুন উন্নয়ন পর্ষদ হচ্ছে, আরও তৈরি হোক উন্নয়ন পর্ষদ। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে আমরা যে জেলায় বাস করি মুর্শিদাবাদ জেলায় সেই মুর্শিদাবাদ জেলায় বীরভূমে আরও একটি নতুন ইউনিভারসিটি তৈরি হতে যাচ্ছে। হোক স্যার। সেই মুর্শিদাবাদ জেলা যদি জনসংখ্যার বিচারে দেখেন তাহলে দেখবেন যে দশটা জেলার চেয়েও বেশি জনসংখ্যা।

কিন্তু আমার মুর্শিদাবাদ জেলায় সমস্ত ইনফ্রাস্ট্রাকচার থাকা সত্ত্বেও সেখানে একটা ক্যাম্পাস তৈরী হয়েছে আলিগড় ইউনিভার্সিটির। সেখানে একটা ইউনিভার্সিটির জন্য আমরা আবেদন করেছি। আবারও স্যার আবেদন করছি। ২০১১ সেনসাস অনুযায়ী ৭১ লক্ষ মানুষ বাস করে। হায়েস্ট মাইনরিটি ইন ইন্ডিয়া, নট ইন ওয়েস্ট বেঙ্গল। আর একটি বিষয় দিয়ে শেষ করব স্যার। ধান কেনা চলছে। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় আছেন, আপনার মধ্য দিয়ে তাঁর অনেক বক্তব্য এখানে আমরা শুনেছি। গ্রামে চলুন, গিয়ে দেখবেন সি এম আর.আই-এর ধান কেনা হচ্ছে না লেভি-র ধান কেনা হচ্ছে না, শুধু কৃষক মাণ্ডিতে ধান কেনা হচ্ছে। খুব স্বাভাবিকভাবেই মানুষ ডিসট্রেসড সেল করতে বাধ্য হচ্ছে। মিনিমাম সাপোর্ট প্রাইস কৃষকরা পাচ্ছে না। একদিকে ডিমানিটাইজেশন, আর এক দিকে টাকা পাচ্ছে না। আপনি আবার প্রতিদিন নতুন নতুন গল্প বলছেন। এখন আবার বলছেন যে, গোষ্ঠীগুলো ধান কিনবে। আপনাকে বিষয়টা দেখার জন্য অনুরোধ করছি। কৃষকরা ন'শো, হাজার টাকা করে ধান বিক্রি করতে বাধ্য হচ্ছে। স্বাভাবিকভাবে আগামী দিনে কৃষকরা আরও ক্ষতির জায়গায় যাচ্ছে। এটা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জানিয়ে এখানেই আমি আমার বক্তব্য শেষ করছি। এখানে আমাদের যে অ্যামেন্ডমেন্টগুলো ছিল, সেগুলোকে আমরা গ্রহণ করব।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের সমস্ত মাননীয় সদস্যগণ, সদস্যবৃন্দকে রাজ্যপালের ভাষণের উপর অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানাচ্ছি। যাঁরা অংশগ্রহণ করেছেন, তাঁদেরও অনেক ধন্যবাদ। যারা অংশগ্রহণ হয়তো করতে পারেননি, সবার পক্ষে সম্ভব নয়, যেহেতু আমাদের অনেক মেম্বার্স, তাই তাদের হয়তো বসে থেকে ভাগ নিতে হয় বা শুনতে হয়, এটাও কিন্তু একটা পার্টিসিপেসান এবং পার্টিসিপেসানের একটা অঙ্গ। সুতরাং তাঁদের সকলকেই আমার অনেক অনেক ধন্যবাদ জানাচ্ছি। নিয়ম অনুযায়ী, রীতি অনুযায়ী, যখনই রাজ্যপাল মহাশয় ভাষণ দেন, তখন সেই ভাষণের উপরে চর্চা হয় অর্থাৎ আলোচনা হয়। সেই আলোচনারই এটা একটা অঙ্গ। সুতরাং এটা নাথিং ইজ নিউ, এর টোটালটা, সম্পূর্ণটাই রীতি-নীতি মেনেই চলি এবং চলার ক্ষেত্রে এটা একটা চলমান, যেটা আমাদের পরিবেশ এবং পরিস্থিতিকে বজায় রেখেই আমরা করি। সেইজন্য আমি সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। এই আলোচনার মধ্যে দিয়ে আমি দেখছিলাম কে কি বলেছেন বা কে কি আলোচনা করেছেন, তার টোটালটাই আমার কাছে আছে। যদিও ডিটেলস সমস্ত আলোচনার মধ্যে যাওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। অন্যান্য বিলও আছে বা অন্যান্য আলোচনাও আছে। ডিমানিটাইজেশনের আজকে তিন মাস হবে। ৮ই নভেম্বর এটা অ্যানাউন্স হয়েছিল। এই তিন মাস পরে আমি সকল মেম্বারের সাথে এক মত। রাজনৈতিক মতামতের ঊর্ধ্বে উঠে যে ডিমানিটাইজেশন, বিশেষ করে সাধারণ মানুষের অনেক ক্ষতি হয়েছে। কৃষিজীবি থেকে শুরু করে, শ্রমজীবি থেকে শুরু করে, গৃহস্থ থেকে শুরু করে, আন-অর্গানাইজড লেবার থেকে শুরু করে খুবই অসুবিধায় আছে। অ্যাকচুয়াল যেটা জানা গেল, ব্ল্যাক মানি আরও ব্ল্যাক হয়েছে। বিদেশ থেকে ব্ল্যাক মানি কিন্তু ফিরে আসেনি। টোটালটাই ভাঁওতা। কিন্তু ব্ল্যাকমানির নাম করে যাদের উপরে এই হারাসমেন্টটা চাপানো হল, তারা হচ্ছে ট্যাক্স পেয়ার্স, ডাউনট্রেডেন পিউপিল, তারা হচ্ছে কমোনার, তারা হচ্ছে কৃষিজীবি মানুষ, তারা হচ্ছে শ্রমজীবি মানুষ, তারা চা বাগানের শ্রমিক, তারা গৃহস্থ, তারা এমপ্লয়িজ, তাদের উপর যত রেসট্রিকশান। আমি ট্যাক্সও দেব, আবার রেসট্রিকশানও চালাব। এটা দুর্ভাগ্যজনক যে, ভারতবর্ষের স্বাধীন নাগরিক হয়েও আজকে অর্থনৈতিক স্বাধীনতা আমাদের নেই এবং যে অর্থনৈতিক স্বাধীনতা আমাদের কেড়ে নেওয়া হয়েছে, তা রাজনৈতিক স্বাধীনতা থেকেও ভয়াবহ, দুর্বিষহ। আজকে তিন মাস হয়ে গেল, বলা হয়েছিল এক মাসের মধ্যে মানুষের অধিকার ফিরিয়ে দেওয়া হবে। পরপর তিনটে মাস হয়ে গেল। আজও আপনি ২৪ হাজারেরও বেশি টাকা তুলতে পারবেন না। কোথাও কোথাও শুনছি নানা রকম নিউজ, এক একবার বদলানো হয়েছে, এক একটা এক একবার। কোথাও কোথাও বলা হচ্ছে এ টি এম - এ টাকা বেশী তুলতে পারবেন, কিন্তু তুলতে গেলেই আরও বেশি ট্যাক্স দিতে হবে। কেন আবার ট্যাক্স দেবে? একটা লোক ক'বার ট্যাক্স দেবে? সুতরাং আমার হোয়াইট মানি, আমি ট্যাক্স দিচ্ছি, আমি আমার কথা বলছি না, আমি সাধারণ নাগরিকের কথা বলছি। আমিও একজন নাগরিক। সাধারণ মানুষ যে ট্যাক্স দেবে, সে হচ্ছে সাফারার। সাধারণ মানুষ যে প্রবলেম ফেস করছে, সে হচ্ছে সাফারার। আর গরীব মানুষগুলোর উপরে আজকে সমস্ত বোঝা চাপিয়ে দেওয়া হয়েছে।

[12:30 – 12.40 p.m.]

অনেক কলকারখানা বন্ধ হয়ে গেছে খুব যৌক্তিকতার কারণেই রাজ্যপালের ভাষণে আমরা উল্লেখ করেছি। সিপিএমের একজন নেতা বলেছেন, লক্ষ লক্ষ মানুষ বেকার হয়ে গেছে। তাহলে আপনাদের এখানে কর্মসৃষ্টি হচ্ছে কি করে? এটা সারা দেশের কথা বলা হয়েছে। সারা দেশের মধ্যে আমিও বাইরে নই। সারা দেশের মধ্যে আমরাও। এটা কি অস্বীকার করতে পারেন, দাসপুরের যে শ্রমিকটা ফিরে এসছে, মুম্বাইয়ে কাজ করত, দিল্লিতে কাজ করত, তার কর্মসংস্থান

যায় নি? এটা কি অস্বীকার করতে পারেন? একটাও জুট ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে থাকে তার কর্মসংস্থান গেছে, অস্বীকার করতে পারেন? যে সেফ্ট-হেল্প গ্রুপ এই সময়টা উৎসবের নাম করে, মেলার নাম করে জিনিস-পত্র বিক্রি করত তার একটাও জিনিস-পত্র বিক্রি হচ্ছে না। তার দুঃসময় যায় নি? বইমেলা থেকে শুরু সমস্ত মেলা যদি লক্ষ্য রাখেন তাহলে দেখবেন মেলাগুলোর ওপর অনেক গরিব মানুষ তার বছরের রুজি-রোজগার গড়ে তোলেন। সেই জায়গাগুলোতে মানুষ আজকে সাফারার হয়নি? শিল্পীদের কাছে খোঁজ নিলে জানতে পারবেন, কত শিল্পীর প্রোগ্রাম বন্ধ হয়ে গেছে। ভয়ে, ভক্তিতে কেউ কেউ মেনে নিতে বাধ্য হয়েছে। ভালোবেসে কেউ সরকারের এই সিদ্ধান্তকে মানে নি। তাদের মধ্যে কেউ কেউ বাধ্য হয়েছে এটা করতে। কারণ, ঐ যে - 'খোকা ঘুমালো, পাড়া জুড়ালো, বর্গি এলো দেশে' - এটা আমরা ছোটোবেলায় বলতাম। গব্বর আগায়া। ভয়ে, ভক্তিতে মানুষ মানতে বাধ্য হয়েছে। মনে রাখতে হবে, দেশের নাগরিক কিন্তু দায়িত্বশীল, দায়িত্বপরায়ণ। সরকার একটা সিদ্ধান্ত নিলে তারা কিন্তু মানে। কিন্তু সেই সিদ্ধান্ত যে মানুষের ওপর চাপিয়ে দেওয়া হচ্ছে সেটা মানবার সিদ্ধান্ত কিনা সেটাও দেখতে হবে। সিদ্ধান্ত কখনও দানবিক হতে পারে না, মানবিক হওয়া উচিত। বিজেপির এখানে দু'-একজন মেম্বার হয়েছেন নতুন। তারা নাকি কয়েকদিন আগে, দু'দিন আগে মিটিং-এও বলেছেন ওপেনলি। আমি কাগজে দেখেছি। এটা আমার বলার কথা নয়, it is reported in the press. যদি রিপোর্ট ভুল করে থাকে তাহলে প্রেসকে তার বিরুদ্ধে defamation করুন। আমি চার-পাঁচটা কাগজে দেখেছি। যা আপনাদের কন্ট্রোল করার ক্ষমতা আছে- ডিমানিটাইজেশান নিয়ে আমরা কেন বাড়াবাড়ি করেছি। তাই সিবিআই নাকি আমাদের সবাইকে গ্রেপ্তার করবে। করুক না। আপনি একা ছাড়া থাকবেন, দিলিপবাবু আর সবাইকে গ্রেপ্তার করবে। তাতে কি যায় আসে। ভাবেন কি, এইভাবে দেশ চলবে? এইভাবে দেশ চলবে? না, ক'দিন থাকবেন? ইউ.পি.-তে তো হারবেন। হাড়ি তো ভেঙ্গে গেছে। পাঞ্জাবে হারবেন, ইউ.পি.-তে হারবেন, গোয়ায় হারবেন। মানুষ কিন্তু তাই বলছে। সুতরাং, মনে রাখবেন মহারাষ্ট্রও যাবে, গুজরাটও যাবে। নেক্সট গুজরাট আপনার পাড়ার, আগে নিজেদের সামলান। আগে আয়নায় মুখ দেখুন। তারপর অন্যদের ধমকাবেন, অন্যদের চমকাবেন। বাংলার মাটি ধমকানিকে কেয়ার করে না। বাংলার মাটি নিজে জানে তর্জন-গর্জন কি করে করতে হয় ন্যায্য দাবিতে। বাংলাকে এসব জ্ঞান দিয়ে কোনো লাভ নেই। আগে নিজেদের সামলান। এমন দেখাচ্ছেন যে, সবাই কালা আদমি হয়ে গেছে। সবাই কালো তালিকাভুক্ত আর আপনারা সাদা তালিকাভুক্ত। রংটা কি ফর্সা হয়ে গেছে। কি দিয়ে ফর্সা করলেন এত তাড়াতাড়ি? সব ফর্সা হয়ে গেছেন? আর দেশের সব মানুষ কালো হয়ে গেছে? আবার বলছেন, কেন কালো লিখবেন, কেন বলেছি? একবার না, হাজারবার বলব, লক্ষবার বলব, কোটিবার বলব। তাতে যদি সব যায় সব যাবে। তবু নিজস্বতা থাকবে। অধিকার থাকবে, বলার অধিকার থাকবে। আর আমাদের যে লড়াই মানুষের জন্য লড়াই - চলবে। এটা মাথায় রাখবেন। কাজেই ধমকাবেন, চমকাবেন না। এ কথাও শুনতে হচ্ছে। এম.পি-রা পার্লামেন্টে গেলেও হোমস ডিপার্টমেন্ট-এর অফিসার বলে আপনাদের হবে, গাছে বেঁধে রাখবে। এত বড় ক্ষমতা। বেঁধে আপনাদের রাখতে কতক্ষণ লাগে। কিন্তু কেন বলব এই কথা। আমার বলা কি শোভা পায়। আপনি বলেছেন বলে, আমাদের বলা শোভা পায় না। কমপ্লেন কারও বিরুদ্ধে কম নেই। কমপ্লেন অনেকের বিরুদ্ধে কম নেই। মনে রাখবেন, গ্রেপ্তার করতে এক সেকেন্ড লাগত। কিন্তু এটা আমরা করি না। আমরা রাজনীতিকে রাজনৈতিক সৌজন্য বলে মনে করি। এখনও আপনি মনে রাখবেন, এত কথা বলবার পরেও বুক ফুলিয়ে ঘুরে বেড়াচ্ছেন। তার কারণ আপনার সিকিউরিটি আমরা দিই। আপনার সিকিউরিটি দিল্লি দেয় না। এটা মাথায় রাখবেন। এবং এটা দিয়েও আমার কৃতিত্ব নেই। এ কৃতিত্ব মানুষের, বাংলার মাটির। এটা আমাদের কোনও কৃতিত্ব নেই। এটাও আমি জানি। আপনি বাংলাকে বেশি

নির্ভর করতে পারেন দিল্লির থেকে। এইটুকু বলবার জন্য আমি এটা বোঝালাম। আপনার সঙ্গে আমার পলিটিক্যালি অপিনিয়ন-এর ডিফারেন্স হতে পারে। যে কালচার আপনারা শুরু করেছেন। আজকে আপনি আছেন, ওকে বাঁধবেন। কাল আপনি থাকবেন না, ও আপনাকে বাঁধবে। যারে তুমি নীচে ফেল সে তোমারে বাঁধিবে যে নীচে, পশ্চাতে রেখেছো যারে সে তোমারে পশ্চাতে টানিছে। মনে রাখবেন, ইতিহাসের পুনরাবৃত্তি হয়- history repeats itself. এটা আমরা যেন ভুলে না যাই। এটা সকলের জন্য প্রযোজ্য। আজ পর্যন্ত বলুন তো, ভারতবর্ষে এতদিন ধরে চলছে ভারতবর্ষের গণতন্ত্র। কখনও কোন পার্টি এসেছে, কখনও কোন পার্টি চলে গেছে। কোন পার্টি কোন কোন পার্টির বিরুদ্ধে এই ধরনের জিনিস করেছে? কেউ কেউ মনে করেন, এমন করে লোকের সামনে বলেন, যেন পলিটিক্যাল পার্টিরাই চোর আর সব সাধু। না, বাংলার পলিটিক্যাল পার্টিরা - এখনও আপনাদের আমি বলছি, ভারতবর্ষের যে কোন পলিটিক্যাল পার্টি থেকে অনেক অনেস্ট।

তার কারণ বাংলায় এখনও একটা সভ্যতা, সংস্কৃতি, কালচার ... (নয়েজ) ... দাঁড়ান, আমাকে আমার কথা বলতে দিন। আপনার বলার থাকলে আপনি নিশ্চয় বলবেন। স্পীকার সাহেব যদি আপনাকে অনুমতি দেন আমি বসে পড়ব। প্রত্যেকটা পার্টির, আমি মনে করি, এখানে তবু একটা রাজনৈতিক কালচার আছে। আমি অনেক সময় লক্ষ্য করে দেখেছি, ঠিক আছে, এম.এল.এ. নাকি টাকা নিচ্ছে, ওকে দেব না কমিটি-টা। একটা অন্য কাউকে দিয়ে দাও। ওমা দেখছি, সে তো আরো বেশী করছে। মানে এ আমার অভিজ্ঞতা, আমি বলছি আপনাদের। তবুও এম.এল.এ.-দের I can trust. M.P.-দের I can trust; জনগণের প্রতিনিধিদের। যে তাঁরা অন্তত এটা বুঝবে যে, আমি বেশী করলে লোক আমাকে ধরবে। লোকের দশ-টা চোখ আমার পেছনে ঘুরে বেড়াচ্ছে। শুধু রাজনৈতিক লোকেরা চোর আর সবাই সাধু - একথা বুঝতে আমি রাজি নই। আমি নিজের জীবন দিয়ে, অভিজ্ঞতা দিয়ে অনেক কাজ অনেস্টলি করতে গিয়ে দেখেছি। ... (নয়েজ) ... আপনি নিজের পার্টিকে বলুন, কেমন ! এটা আমি আমার দলের কথা বলছি। ... (নয়েজ)... আমি আপনাদের আবার বলি, এটা ইয়ার্কি মারার জায়গা নয়। আমি কতগুলো সিরিয়াস কথা বলছি। এটা আমি কতগুলো ইতিহাসের কথা বলছি।

মিঃ স্পীকার : আপনারা ইন্টারাপ্ট করবেন না প্লিজ।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি আপনাদের আবার বলি, এটা আমি একটা পার্টির হয়ে কথা বলছি না। আমি যেটা বলছি সেটা আমার মনে হয়েছে। I may be wrong. আমি তো বলছি, I may be wrong. আমার অভিজ্ঞতা দিয়ে আমি বলছি। আমি অনেক সময় ভেবেছি। আমি যদি পলিটিক্যাল লোকেদের দায়িত্ব দিই সে হয়তো পাওয়ার-টা মিসইউজ করতে পারে। আবার পরে অন্য কাউকে দায়িত্ব দিলাম। গিয়ে দেখছি সে চার ডবল করছে। আমি এই কথাটা বলবার চেষ্টা করছি। পলিটিক্যাল পার্টির লোকেরা সবাই ভালো হয় না যেমন সবাই খারাপও হয় না। আপনি 99%-কে 1%-র সাথে যুক্ত করবেন না। সব জায়গাতেই 1% ভালো-খারাপ মিশিয়ে থাকে এটা আমাদের মাথায় রাখতে হবে। কিন্তু এর মধ্যে অনেক ভালো লোকও আছে যারা এসব পছন্দ করে না। আর, যার বিবেক থাকে, আবেগ থাকে সে মরে গেলেও খারাপ কাজ করে না। এটাও মাথায় রাখবেন। কেউ হয়তো অজান্তে ভুল করে ফেলে। তাকে সুযোগ দেওয়া উচিত। সে যদি শোধরায় - O.K.। ছেলে-পিলেরা যখন ভুল করে মা-বাবা তাকে শাসন করে এই কারণে যাতে ফাদার সে ভুল-টা না করে। ভুল থেকে মানুষ শিক্ষা গ্রহণ করে। এমন কী নেতাজী সুভাষচন্দ্র বোস বলেছিলেন, 'right to make blunder for the youth generation.' কেন বলেছিলেন? ভুল করার অধিকারও যৌবনের থাকে। সুতরাং, এগুলো মানুষকে সহনশীলতার সাথে সব সময়

সুযোগ দেওয়া উচিৎ। যদি তার পরও কেউ না শোধরায়? Of course, আইন তো আপনার হাতে আছে, take action, no problem.

আজকে সকালবেলায় মাননীয় বিরোধী দলনেতা মনে হয় অ্যাডভোকেট জেনারেল নিয়ে বলেছিলেন। আমি ডিটেইলস বলতে চাই না, এটা গভর্নমেন্টের prerogative কাকে রাখবে, কাকে রাখবে না। আমি সবাইকে সম্মান জানিয়ে বলি, কাউকে অসম্মানিত করার কোন ব্যাপার নেই এবং আমাদের সাথে কোনদিনই কোন ঝগড়া-ঝাটি কিছু হয়নি। যাইহোক, কেউ ক্ষমতায় থাকলে একরকম না থাকলে একরকম। সেটা তাদের ব্যাপার। বলাই রায় মারা গেছেন কিন্তু তাঁকে আমি এখনও সম্মান করি কেন জানেন? তিনি আপনাদের আমলের অ্যাডভোকেট জেনারেল ছিলেন। মানুষ-টা নিঃস্বার্থ ভাবে স্টেটের কাজটা করতেন। (ভয়েজঃ একটা নাম বলুন।) আমি বললাম তো ! উনি পলিটিক্যাল পার্টির মেম্বার ছিলেন। That's why it was your credit. কিন্তু আমি পলিটিক্যাল পার্টির মেম্বারকে তো অ্যাডভোকেট জেনারেল করছি না, করি না, that is my discredit. আর শুনুন, সব কথাতে কথা বলা উচিত নয়। আমাদের বিমলবাবু খুব ভালো ছিলেন। তিনি অসুস্থ হয়ে গিয়ে করতে চাননি। এটা আপনাকে বুঝতে হবে। তিনি হসপিটালে ছিলেন। তাঁর একটা সিরিয়াস অসুখ করেছিলো। তার পর অনিন্দ্যবাবু হয়েছিলেন। তিনি অসুস্থ হয়ে গিয়েছিলেন। জিজ্ঞাসা করবেন ভালো করে। সুব্রত-দার বাড়ীর পাশে থাকেন। জিজ্ঞাসা করবেন। খোঁজ নিন। ... (নয়েজ) ... বললাম তো। কী হয়েছিল সেটা বলবো না। কিন্তু অসুস্থ ছিলেন। আমাদের সঙ্গে কোনদিন কোন ঝগড়া হয়নি। কারো অসুস্থতা, এটা আমার ঘাড়ে বর্তায় না। আর, ইনি, যিনি বর্তমানে আছেন ইনি আমাকে রেজিগনেশন লেটার দিয়েছিলেন। না জেনেই অনেকে লিখে ফেলেন। আমি কালকে একজনকে বললাম 'ভাই তোমরা তো জিজ্ঞাসা করবে গভর্নমেন্টকে অন্তত।' যে পাচ্ছে লিখে দিচ্ছে। আগে একটা ক্রস চেক করতো। আমি সরি, সাংবাদিকদের ভালোবাসি। তা সত্ত্বেও একটা রিকোয়েস্ট থাকবে। এনি নিউজ, ক্রস চেক করুন। ক্রস চেক না করে, অনেক সময় দেখি আমার নামে নিউজ হয়ে গেছে, আমি নিজেই জানি না। আজকালকার এটা একটা ট্রেন্ড হয়ে গেছে। এটা ভেরী ব্যাড। দেখুন, উনি আমাকে ভদ্রতা করে ১৯শে মে, ২০১৬ চিঠি দিয়েছিলেন। This is the letter Speaker Sir. I want to just handover it to you. Please, lay down the table of the House. Just পড়ার পরে।

Following the tradition of vacating the office of the Advocate General with the expiry of the term of the Government, I hereby tender my resignation as the Advocate General for the State of West Bengal with immediate effect.

I shall be grateful if Your Excellency kindly accepts my resignation and obliges. ডেটেড ২১.৭.৯৩।

এটা দিয়েছিলেন ১৯শে মে। আমি স্পীকার সাহেবের কাছে জাস্ট হাউজের মেম্বারদের জন্য পড়লাম। আমি সেদিন বলেছিলাম যে আমরা সবাই গভর্নমেন্টে এসেছি ... (নয়েজ)... আপাতত, ২০১৬ মে-তে, আমি সেদিনই করতে পারতাম। ... (নয়েজ) ... দাঁড়ান। আমরা বলেছিলাম, আমরা সবে এসেছি, একটুখানি সময় দিন একটু ভাবি, কথা বলি।

[12:40 – 12.50 p.m.]

সেইজন্য লেট হিম কন্টিনিউ। তাই তাঁকে করা হয়েছিল। তাকে যতক্ষণ আনটিল, আনলেস দ্য ফারদার অডার। এটা আপনাদের মাথায় রাখতে হবে গভর্নমেন্টের prerogative

আছে গভর্নমেন্ট কোন পজিশানে কাকে করবেন, না করবেন। আমার কারও প্রতি কোন অশ্রদ্ধা নেই। আপনি কোশ্চেনটা তুলেছিলেন বলে, আমি মনে করি হাউস চলছে। আমার কাছে জানতে চেয়েছেন, আমার ডিউটি টু ক্লারিফাই টু দি অনারেবল স্পীকার। দুই হচ্ছে, কেউ কেউ ভাঙড়ের কথা তুলেছেন। সুজনবাবু আপনিও তুলেছিলেন। ভাঙড় কিন্তু আপনাদের মনে রাখতে হবে যেটার কথা বলছি অধিগ্রহণ ওটা ২০১২-১৩য়। সেটা নিয়ে কোন প্রবলেম হয়নি। ওটাও নেগোশিয়েশান করে করেছিল, যেটা হচ্ছে পাওয়ার গ্রিড কর্পোরেশন তৈরি করার জন্য। ....(গোলমাল)..... কে মারা গেছে, সেটা আপনি জানেন? কে মারা গেছে। পরিবার তো বলেছে যে পুলিশ মারেনি। আপনি তো জানেন এটাও, এবার তদন্ত হচ্ছে, তদন্ত না হলে আমি কি করে বলবো বলুন? .... (গোলমাল)..... দুটো পরিবারকে....

মিঃ স্পীকার : প্লিজ আপনারা ইন্টারাপ্ট করবেন না। মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আপনারা যদি গণ্ডগোল করেন কে দায়িত্ব নেবে? আপনারা কেন করলেন গণ্ডগোল? ....(গোলমাল).....

(এই সময় মাননীয় বাম পরিষদীয় দলের নেতা ডঃ সুজন চক্রবর্তী উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।)

মিঃ স্পীকার : প্লিজ ....(গোলমাল).....আপনারা আপনাদের কথা বলেছেন। আপনি এভাবে ডিসটার্ব করবেন না হাউসকে। সুজনবাবু প্লিজ আপনি বসুন। বসুন, আপনি বসুন। আপনি এইভাবে হাউসকে ডিসটার্ব করবেন না। আপনার কথা আপনি বলেছেন। না, মাননীয়া মুখ্যমন্ত্রীর বলার সময়... না, বসুন। নো, নো দিস ইজ নট দ্য ওয়ে। প্লিজ বসুন আপনি বসুন। ...(গোলমাল).....বলুন আপনি।...(গোলমাল).....আপনারা একটু শান্ত হোন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আপনি কোশ্চেনটা তুলেছেন বলে আমার ডিউটি রিপ্লাই দেওয়া। আপনি শুনুন ফাস্ট। আমি যেটা আপনাদের বলতে চাই—এটা নিয়ে কোন গণ্ডগোল ছিল না। সম্ভবত ১১ জন কমপেনশেসন নেয়নি। বাদবাকি সবাই নিয়ে অ্যাডজাস্ট করেই করেছিল। সেখানে কোন প্রবলেম ছিল না। প্রবলেমটা রিসেন্ট যা হয়েছে অপপ্রচার, ভুল ব্যাখ্যা। সেখানে ২৮ টি টাওয়ার করার কথা ছিল লাইনটা যাওয়ার জন্য শুধু। সেটাতে ২৪ টি টাওয়ার কমপ্লিট হয়ে গিয়েছিল। কোন প্রবলেম ছিল না। চারটে টাওয়ার নিয়ে তাতেও স্টেট গভর্নমেন্ট কোথাও ইনভল্ভ নয়। তারা নিজেরা ডাইরেক্ট পারচেজ করে, সেন্ট্রাল গভর্নমেন্ট অর্গানাইজেশান, বিভিন্ন এলাকায় বিদ্যুৎ যাবে। তারা টেন্ডারটা পেয়েছিল, তারা এটা করছিল। তাদের সাথে ব্যাপারটা ছিল। কাজেই এটা অ্যাকচুয়ালি ল্যান্ড অ্যাকুইজিশানের ব্যাপার নয়। এটা হচ্ছে টাওয়ারটা কোন লাইন দিয়ে যাবে সেটা নিয়ে আপনারাও জানেন, আমিও জানি কি অপপ্রচার করা হয়েছে। যেগুলো অবৈজ্ঞানিক শুধু নয়, যেগুলো আজকের দিনে ধারণা করাটাও ঠিক নয়। যদি সত্য হয়, গ্রিভান্স যদি থাকে- দেখুন, আউশগ্রামে একটা গণ্ডগোল হয়েছিল। আমি সেদিনই ঘটনাটা শুনে দেখেছি কেনইবা একটা আই.সি. দায়িত্ব নিয়ে স্কুল প্রাঙ্গনে একটা দোকান করতে যাবে? সেদিন সন্ধ্যেবেলায় আই.সি. চেঞ্জ হয়েছে। স্যার, যেটা পারটিকুলারলি জেনুইন কেস, আমাকে বলতে হয় না, আমি খেয়াল রাখি। আপনাকে আমি এখানে কতগুলো উদাহরণ দিচ্ছি। ধুলাগড়ে একটা ছোট্ট ঘটনা ঘটেছিল, যেটা নিয়ে বিজেপি রাজনীতি করার চেষ্টা করেছিল, সাম্প্রদায়িক রং দেওয়ার চেষ্টা করেছিল। সেইদিনই এস.পি. চেঞ্জ হয়েছে, আই.সি. চেঞ্জ হয়েছে। আই.সি. দুদিন পরে চেঞ্জ হয়েছে। বাট এস.পি. চেঞ্জ হয়েছে, লক্ষ্য রাখুন। ভাঙড়ে এই সমস্ত নানারকম জিনিস ঢুকিয়েছিল, প্রচুর আর্মস থেকে শুরু করে প্রচুর। আর্মস তো ঢোকালে মানুষের নিরাপত্তার দিক

থেকেও উদ্ধার করা উচিত। সেখানেও কিন্তু আই.সি.কে চেঞ্জ করা হয়েছে একটাই কারণে। মনে রাখবেন গঙ্গাসাগর মেলায় লক্ষ লক্ষ মানুষ আসছে, আমরা যখন ব্যস্ত ছিলাম সেই সময়ে এটা করা হয়েছে। তাও আমি মনে করি গ্রামের মানুষ যদি চায় হবে, গ্রামের মানুষ না চাইলে হবে না। জোরজবরদস্তি করার পক্ষে আমি নই। আমি পরিষ্কার মনে করি লো ভোল্টেজ যাতে না থাকে সেইজন্য প্রোজেক্টটা করা হচ্ছে। শুধু এটা নয়, আরও অনেক গ্রামে বিদ্যুৎ যাবে। ওটা না করলে লো ভোল্টেজটা, টিম টিম করে আলো জ্বলবে। আমরা একটা প্রোজেক্ট নিয়েছি। অনেক গ্রামে আমি নিজে গিয়েছি, গিয়ে দেখেছি ভোল্টেজটা ড্রপ করছে। আপনারাই তো বলেন, ভোল্টেজটা কেন ড্রপ করছে? যদি ভোল্টেজটা ড্রপ না করে তারজন্য আপনাকে তো অ্যাকশান নিতে হবে, আর অ্যাকশন নিতে হলে সাব-স্টেশন তৈরি করতে হবে।

আর সাবস্টেশনগুলো তৈরি করে তবে লাইন টেনে এই জায়গাটাকে রেকটিফাই করতে হবে। তাতে টাকার প্রয়োজন হয়। অনেক সময় টাকাও আমাদের কাছে থাকে না। তা সত্ত্বেও এটা এই ব্যাপার। আমি এটা মনে করি যখন গ্রামের মানুষ চাইবে,কথা বলে সিদ্ধান্ত নেবে। এটা নিয়ে জোর জবরদস্তির কোন ব্যাপার নয়। দু'জন মারা গেছেন, দুঃখজনক স্যার। ইভেন ডিমানিটাইজেশানের জন্য মারা গেছেন, তার কারণ আমি কথাটা আগেই বলেছিলাম। আমি আগেরবারই ভাষণে বলেছিলাম। তাই আমি বারবার বলিনি, একই কথা বারবার রিপিট করিনি। সুতরাং যারা মারা গিয়েছেন, মৃত্যু কখনও কারুর পছন্দের হয় না, মৃত্যু অলওয়েজ দুঃখের এবং সেই পরিবার দু'জনকে ফার্স্ট আমি একদিনের মধ্যে তার পরিবারগুলোকে দু'লাখ টাকা করে ডি.এমকে দিয়ে আমি পাঠিয়ে, আমি দু'লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দিয়েছিলাম। তার পরিবার যদি কাজও করতে চায় আমার কোন আপত্তি নেই। এই তো সৌরভ চিৎকার করছিল, আমি বারণ করলাম, কেন চিৎকার করছিস। কালকে আমাকে ফোন করল ওখান থেকে, বানারহাটে দু'জন মাটি চাপা পড়ে মারা গেছে। আমি সঙ্গে সঙ্গে বললাম গরীব পরিবার? বলল হ্যাঁ। আমি বললাম ঠিক আছে, দাঁড়া। আমিও সঙ্গে সঙ্গে হেল্প করে দিলাম। এইরকম আমাদের একটা জিনিস আছে। আমরা চেষ্টা করি কিন্তু সব সময় হয়তো ক্যাপাসিটি হয় না। আমাকে এইবারেই চল্লিশ হাজার কোটি টাকা জমা দিতে হবে। এই পাঁচ বছরে ২লক্ষ ৫৪ হাজার কোটি টাকা আগের সরকারের ঋণের বোঝা আমাদের দিতে হবে। কোথা থেকে পাব? কোথার থেকে পাব? তার মধ্যে ডিমানিটাইজেশানে ২৫% রেভিনিউ আর্নিং ডায়েড হয়েছে। তার মধ্যেও মাথায় রাখবেন স্যার, আমরা অনেকগুলো সিদ্ধান্ত নিচ্ছি, যেটা অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস, যেটা খরচা কমানো যায়। আমাকেও তো খরচ চালাতে হবে, চালাবো কোথা থেকে, আমি তো ম্যাজিসিয়ান নই যে টাকা নিয়ে আসব। এই সরকারের মানবিক মুখটাকে দেখতে হবে, কখনও কখনও আলোচনাও করতে হবে। কেউ না করুন, মানুষ তো করবে। জন্ম থেকে মৃত্যু অবধি সরকারের স্কীম নেওয়া আছে। সেই স্কীমগুলো কনটিনিউ করতে গেলে কত টাকা লাগে। বাচ্চা জন্মালেই আমাদের প্রোগ্রাম 'সবুজশ্রী', একটা গাছ, একটা জন্ম। বাচ্চাটা বড় হবে, গাছটা বড় হবে, তার পড়াশোনার জন্য এই গাছটার আগামী দশ-বারো-পনেরো বছর বাদে দাম হবে ৫০ থেকে ১ লক্ষ টাকা, কোনটা ২ লক্ষ টাকা, তার জীবনের একটা সাথী হবে। স্কুলে ভর্তি হলে 'শিক্ষাশ্রী', সিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইবদের জন্য। সংখ্যালঘুদের জন্য সংখ্যালঘু স্কলারশিপ, ওবিসিদের জন্য। কন্যাশ্রীদের জন্য - কন্যা সন্তান, তাদের জন্য। 'কন্যাশ্রী' প্রজেক্ট। 'সবুজসাথী' - গতবারও ৩৫ লক্ষ সাইকেল দেওয়া হয়েছে। এইবারও অনেকগুলো সাইকেল দেওয়া হবে, প্রায় ত্রিশ লক্ষের মতো সাইকেল দেওয়া হবে - 'সবুজসাথী'। এরপরে আপনি চলে যান আমাদের প্রকল্প 'যুবশ্রী', আমাদের প্রকল্প 'খাদ্যসাথী'। আট কোটি লোককে আমরা দু'টাকা কিলো দরে চাল দিচ্ছি। আমাদের এর পরের প্রোগাম হচ্ছে, খাদ্যসাথীর পরে হচ্ছে স্বাস্থ্যসাথী। এমনকি আই

সি ডি এস, আশা, সিভিক ভলেন্টিয়ারস থেকে শুরু করে,পঞ্চায়েতের ওয়াকার থেকে শুরু করে, গ্রামসভা, পঞ্চায়েত মেম্বার, জেলা পরিষদ - সবাইকে 'স্বাস্থ্যসাথী'র আওতায় নিয়ে আসা হয়েছে। হেলথ স্কীম - প্রেস মিডিয়ার মা, বোন থেকে শুরু করে হেলথ স্কীম যেটা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের আছে, সেটাতে টিচারদেরও এক্সটেন্ডেড করা হয়েছে। আজকে সরকারী হসপিটাল বিনা পয়সায় চিকিৎসা দিচ্ছে। স্যার, অনেক বড় বড় কাজ করা হয়েছে। এই কেসগুলো চলবে। তাছাড়া 'সমব্যথী' প্রকল্প নেওয়া হয়েছে। গরীব মানুষজন অনেক সময় পোড়াতে পারে না, কবর দিতে পারে না, অনেক গরীব লোক আছে। কোন গরীব লোক মারা গেলে যদি সে পোড়াতে না পারে, কবর দিতে না পারে, গভর্নমেন্ট দু'হাজার টাকা করে দেওয়ার একটা স্কীম চালু করেছে। সেটার নাম 'সমব্যথী'। সেইজন্য বলছি জন্ম থেকে মৃত্যু অবধি শিক্ষা আছে, যুব আছে, কোথায় নেই বলুন স্যার। এমনকি বেরিয়াল গ্রাউন্ড পর্যন্ত দু'হাজার সংখ্যালঘু ভাই বোনেদের বেরিয়াল গ্রাউন্ড করে দিয়েছি। আমরা এবার প্রোগ্রাম নিচ্ছি 'বৈতরণী'। এই বছরে আমরা এক হাজার করে দেব এবং প্রতি বছর করতে করতে আমাদের নিজেদের যেগুলো শ্মশানঘাট,এরপর শ্মশানঘাটগুলোকে একটু ডেভেলাপ করা, একটু পাঁচিল তুলে দেওয়া, দুটো প্ল্যাটফর্ম করে দেওয়া - এই সব করার জন্য আমরা বৈতরণী স্কীম নিয়েছি। আমি এম এল এদেরও অনুরোধ করব, এম পি দেরও অনুরোধ করব, তারাও 'বৈতরণী স্কীমে এগিয়ে আসুন। তাতে কি হয় সংখ্যালঘুদেরটা আমি পুরো করে দেব। 'বৈতরণী স্কীমে আমি এক হাজার করে করব। কিন্তু আমার এম এল এ, এম পি রা করলে অনেকটা ক্লিয়ার হয়ে যাবে। আমি রাজ্যসভার এম পি দের থেকে দশ কোটি টাকা দিয়েছি, এবারের বৈতরণী। দশটি জেলায় দশটা, এক কোটি টাকায় একটা করে ইলেকট্রিক চুল্লী, একটা- দুটো করে এমনি চুল্লী, টাউনে হবে যেটা, মেন টাউনে, ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টারে। ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টারে ....

(ভয়েস:- এম এল এ দের টাকাটা বাড়িয়ে দিন।)

সরি, আগাম এম এল এ দের টাকা বাড়িয়ে দেব। না না, আমি তো আজকে ঠিক করেছি, স্পীকার। আমাকে বারবার করে বলছিলেন, থ্যাংক ইউ মনে করানোর জন্য। আপনারা সবাই বলেছিলেন। আমি পাঁচ হাজার করে এম এল এ দের স্যালারি বাড়িয়ে দিচ্ছি স্যার। এটা আপনারা বলেছিলেন।

মিঃ স্পীকার : এটা আমাদের এনটাইটেলমেন্ট কমিটির সিদ্ধান্ত হয়েছিল। আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে সেটা পাঠিয়েছিলাম।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মিনিস্টার আর এম এল এ-দের স্যালারির মধ্যে যে ডিসক্রিমিনেশানটা আছে, সেটাও যেন গ্যাপ না থাকে। Ministers ultimately, they are the Members of the Legislative Assembly first, then the Minister আমি জানি না এই ডিসক্রিমিনেশানটা কেন। স্যার, আমি আপনাকে আবার বলি স্যার.....

.....(গোলমাল).....

যখন টাকা হবে বলবেন, এখনই আমার কাছে নেই। এখনই আমার কাছে নেই, যখন হবে বলবেন। এবার আমরা অনেকগুলো ডিসিশান নিয়েছি। যখন হবে আবার বলব। এটা দেখে নেবেন।

[12:50 – 1.00 p.m.]

আপনাদের যেটা বলছিলাম স্যার গরু পাচার, কোল মাফিয়া, কয়লা এগুলি সব অলরেডি অ্যাডমিনিস্ট্রেশানকে ইন্সট্রাকশান দেওয়া হয়েছে। আপনারা সকলেই সহযোগিতা করবেন এটা আমি নিশ্চয়ই আশা করব।

.....(গোলমাল).....

আপনার ইচ্ছা মতোনতো হবে না, প্রশাসন প্রশাসনের মতোন করবে। প্রশাসনকে অলরেডি ইন্সট্রাকশান দেওয়া হয়েছে। আমি জানি কার কার ইনভলমেন্ট আছে।

....(গোলমাল)....

স্যার আমাদের এখানে প্রায় ৯০টা মহিলা থানা করা হয়েছে। আর মনে রাখবেন ডেভলপমেন্টটা হচ্ছে কনটিনিউয়াস প্রসেস। কেউ কেউ বলেছেন এটা এক বছরের না ছয় বছরের বুঝতে পারছি না। দুই বছর আগে যে হসপিটালটা শুরু হয়েছিল আজকে কিন্তু কমপ্লিট হয়নি সুতরাং এটা কনটিনিউয়াস প্রসেস। এই রকম কতগুলি সিস্টেম আছে। সুতরাং আগের সরকারের আমলে আমি 'কন্যাশ্রী' চালু করেছিলাম, এইবারেও কনটিনিউ করছি। সুতরাং ইট ইজ এ কনটিনিউয়াস প্রসেস। ৪৫টা মহিলা থানা ইতিমধ্যেই কাজ শুরু করেছে এবং ৬৫টা মহিলা থানা করছি আমরা। ৫১টা মহিলা কোর্ট সহ ৬৮টা ফাস্ট ট্র্যাক কোর্ট গঠন করেছি আমরা। ১৪৬টা আমাদের অ্যাডমিনিস্ট্রেটিভ মিটিং হয়েছে। এছাড়া সব দপ্তরগুলিকে কমিয়ে আমরা ৬৩টা দপ্তর থেকে ৫২টা দপ্তরেতে কমিয়েছি। আর একটা আমি বলি এইবারেও আমরা একটা সিদ্ধান্ত নিয়েছি - বড় সিদ্ধান্ত কারণ আমি বলে দিই ইতিমধ্যে নতুন দুটি ডিভিশান মেদিনীপুর ও মালদা জেলা, নতুন জেলা আলিপুরদুয়ার গঠন করা হয়েছে। এছাড়া আরও ছয়টি নতুন জেলা কালিম্পঙ, সুন্দরবন, বসিরহাট, ঝাড়গ্রাম, বর্ধমান শিল্পাঞ্চল করা হবে। তিনটে নতুন মহকুমা মিরিক, ঝালদা ও মালবাজার গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এটার ইনফ্রাসট্রাকচার তৈরি হচ্ছে, একটু টাইম লাগছে। আমি দার্জিলিংয়ের আমার মেম্বারকে কনগ্রাচুলেট করছি। দেখা হবে ১৪ তারিখে নিশ্চয়ই আসবেন। ১৪ তারিখে কালিম্পঙ নিউ ডিস্ট্রিক্টের ইনঅগারেট হবে। এরপরে আসানসোল, ঝাড়গ্রামটা ১লা বৈশাখের আগে আমি নিশ্চয়ই করে দেওয়ার চেষ্টা করব। স্যার একটা বড় প্রশাসনিক সিদ্ধান্ত নেওয়ার ব্যাপার আছে যেটা আমি বলেছি আমাদের মিনিস্ট্রিকে। আমাদের যেহেতু খরচা কমাতে হবে। ইনফ্রাস্ট্রাকচারাল খরচা, অ্যাসেট খরচা একটু কমাতে হবে।

অ্যাসেটগুলিকে কাজে লাগাতে হবে। দপ্তরের সংখ্যা ৬৩ থেকে কমিয়ে আমরা ৫২ করেছি। তেমনি স্যার আমরা একটা প্রশাসনিক দক্ষতা বাড়ানো, ব্যয় সংকোচের কথা মাথায় রেখে সরকারের অধীনে থাকা সংস্থা কোম্পানী কর্পোরেশানগুলি পুনর্গঠনের সিদ্ধান্ত নিয়েছি। এই সিদ্ধান্ত রূপায়িত হলে ৯০টা সংস্থা কোম্পানী ও কপোরেশানের মধ্যে ৪৬টি পুনর্গঠন করা সম্ভব। হবে অর্থাৎ ৪৪টা চালু থাকবে আর ৪৬টা আইদার মাজার অর ক্লোজ। কারও চাকরি যাবে না, সবাইকে পাশেরটায় নিয়ে নেওয়া হবে। একটা ডিপার্টমেন্টে ধরুন তিনটে আছে সেটাকে কমিয়ে আমরা একটা করছি। যারা এমপ্লয়মেন্টে কাজ করত তারা যেটাতে অপশান দেবে সেটাতেই যাবে। সুতরাং ৯০টা সংস্থাকে কমিয়ে - ৯০টা সংস্থা ছিল কোম্পানী কর্পোরেশন সংস্থা। ৪৬টা পুনর্গঠন করা সম্ভব হবে আর চালু থাকবে ৪৪টি। তার মানে ৪৬টা সংস্থা কমে গেলে আমার ব্যয় অনেকটা কমে যাবে আবার ইনফ্রাসট্রাকচারের খরচ কমে যাবে। আমার এমপ্লয়িজদের কোন প্রবলেম হবে না। যা ছিল কনডিশান অফ সার্ভিসে যখন জয়েন করেছিল

তাই থাকবে। নো প্রবলেম যেখানে থাকতে চাইবে সেখানেই থাকবে। এটা হচ্ছে ৯০ থেকে ৪৬টা কর্পোরেশন কমে যাবে আর ৪৪টা থাকবে। আমি মনে করি এটা একটা বড় অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস যা ভবিষ্যতে অনেক কাজে সাহায্য করবে আমাদের। আমি আপনাদের সবাইকে বলব কিছু কিছু জায়গা আছে যেখানে আমি মনে করি কাজ করার জন্য কাজটা করতে হয় এবং সেই কাজগুলি করবার জন্য সুযোগ–কাজেই যে সরকারের মানবিক দিক জন্ম থেকে মৃত্যু অবধি সামাজিক কাজ কর্মের সাথে সাথে প্রশাসনিক সংস্কার। যেমন আমরা মনে করি ইলেকটোরাল রিফর্মস-এর প্রয়োজন আছে। যেহেতু হাউজ হচ্ছে তাই আমি বলছি। অন্যদের ভিউ আমি বলব না, আমাদের ভিউ বলছি। বন্ড করে সমস্যার সমাধান হয় না। স্টেট ফান্ডিং অফ ইলেকশান, ইলেকটোরাল রিফর্মস, এটাই আমরা মনে করি পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে আমাদের একটা সর্বদলীয় প্রস্তাবও যেতে পারে। আমরা ইলেকটোরাল রিফর্মর্ চাইছি অনেক দিন ধরে, আজ নয়। স্টেট ইলেকশান ফান্ডিং আমি এটাকে সাপোর্ট করি এবং আমরা সাপোর্ট করি। যদি সবাই সাপোর্ট করেন, অবশ্য তাদের একটা রাজনৈতিক সিদ্ধান্ত, এটা আমি বলতে পারি না। কিন্তু আমি মনে করি ওই বন্ডের নাম করে বন্ডেড লেবার বা বন্ডের নাম করে কিছু জিনিস যেটা আমরা বুঝতে পারি না, অনেক সময় হয়তো বন্ডটাকেই ওটা কি ব্ল্যাক বন্ড না হোয়াইট বন্ড।

হোয়াইট বন্ড, সুতরাং আমি মনে করি এইসব ব্যাপারগুলো খুব সিরিয়াস। আমি এই কথাগুলো বলছি এই কারণে যে এগুলো দেশের সাথে, রাজ্যের সাথে এবং সমস্ত কিছুর সাথে এগুলো মিলে আছে বলে তাই। এইসমস্ত কথাগুলো বলে আমি মোটামুটি মনে করি যে, স্যার যে কোম্পানীগুলো থাকবে তার নামগুলো বলে দিই–যে ৪৪টা থাকবে–মানে যাদের সাথে মার্ডার হবে–মানে যাদের মাধ্যমে বাইরে যারা আছে তারা মাজার হয়ে যাবে বা ক্লোজড হবে যেটা সিক ইন্ডাস্ট্রী ছিল - সিক্ না, মানে জাস্ট সিক কপোরেশন হয়তো কাজই করছিল না - দীর্ঘদিন ধরে ডিফাংট হয়ে আছে। ওয়েস্ট বেঙ্গল স্টেট সিড কর্পোরেশন লিমিটেড থাকবে, মানে পুনর্গঠন হয়ে এগুলো এক হয়ে যাবে। পশ্চিমবঙ্গ এগ্রি মার্কেটিং কপোরেশন লিমিটেড, দি ওয়েস্ট বেঙ্গল লাইভস্টক প্রসেসিং ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড, ওয়েস্ট বেঙ্গল সিডিউল্ড কাস্ট অ্যান্ড সিডিউল্ড ট্রাইবস ডেভেলপমেন্ট অ্যান্ড ফাইনান্স কর্পোরেশন। ওয়েস্ট বেঙ্গল ট্রাইবাল ডেভেলপমেন্ট কো অপারেটিভ কর্পোরেশন লিমিটেড, ওয়েস্ট বেঙ্গল ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট ফাইনানসিয়াল কর্পোরেশান লিমিটেড, ওয়েস্ট বেঙ্গল ফাইনানসিয়াল কর্পোরেশন, দি স্টেট ফিসারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড - এটা অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস, দিস ইজ নট বাজেট -প্লিজ স্যার - আপনারা চাইলে আমি এটা লে-ও করে দিতে পারি। সেটাই সুবিধা হবে স্পীকার স্যার। আমি এটা লে করে দিচ্ছি।

মিঃ স্পীকার : ঠিক আছে এটা আপনি লে করে দিন।

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : যে ৪৪টা কর্পোরেশান থাকবে, সেটা আমি মেম্বারদের জ্ঞাতার্থে আমি এটাকে লে করে দিচ্ছি। এই ৪৪টার মধ্যে বাদবাকিগুলো আমরা মার্জার করব অথবা দু -একটা ক্লোজড হয়ে যাবে। কিন্তু আমি এখনও এ্যসিওর করছি যে, আমার কোন এমপ্লয়িজ -আমি কোনদিনও কারোর চাকরী খাইনি, আগামি দিনেও খাব না। তাদের ফুল প্রোটেক্ট করার দায়িত্ব আমাদের, চিন্তা করবেন না। তাই আমরা চাই সিকগুলো ভাল হোক, সার্ভাইভ করুক -রিভাইভ করুক - অনেকগুলো রিভাইভ করেছে। আমি এই কথা বলার সাথে সাথে আমি অনুরোধ করব এই হাউসকে যে মাননীয় রাজ্যপালের ভাষণকে সবাই মিলে আমরা যদি সমর্থন করি তাহলে ভাল হয়। সকলকে ধন্যবাদ।

ড. পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ৩রা ফেব্রুয়ারি এই সদনে মহামান্য রাজ্যপাল কেশরী নাথ ত্রিপাঠীজি যে ভাষণ দিয়েছিলেন, সেই ভাষণের উপরে বহু বক্তা–আমাদের বিধায়করা - তারা অংশগ্রহণ করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানাই। আমি তাঁর ভাষণের প্রত্যুত্তরে যে মোশানটি সেদিনে এনেছিলাম–মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ৩রা ফেব্রুয়ারির ২০১৭ অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন, সেইজন্য এই সভা তাঁকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে। আশাকরি আমরা সকল এম.এল.এ. - ই এই প্রস্তাবকে গ্রহণ করব।

Mr. Speaker : Now, there are 219 Amendments to the motion of thanks on Governor's Address. All the amendments are in order and taken as moved.

1-21

Shri Asit Mitra: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক

কিন্তু দুঃখের বিষয় এই যে, –

1. রাজ্যে আইন শৃঙ্খলার অবনতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
2. ভাঙড়ে কৃষক আন্দোলনের উপর পুলিশি নির্যাতনের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
3. রাজ্যে নারী নির্যাতন ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
4. রাজ্যের চা-বাগানগুলিতে শ্রমিকদের দুরবস্থার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
5. রাজ্যে স্বাস্থ্য পরিষেবার অবনতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
6. রাজ্যের বহু প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক না থাকার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে।
7. রাজ্যে আই.সি.ডি.এস. কর্মী এবং সহায়িকাদের সাম্মানিক ভাতা বৃদ্ধির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
8. রাজ্যে তীব্র বেকার সমস্যার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
9. রাজ্যে ১০০ দিনের কাজে দুর্নীতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
10. আউশগ্রাম থানায় অগ্নিসংযোগ ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
11. রাজ্যে যাত্রী পরিবহণ পরিষেবায় সমস্যার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
12. রাজ্যে সংশোধনাগারের সংখ্যা বৃদ্ধির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
13. হাওড়া জেলার অন্তর্গত আমতা ২নং ব্লকের হুড়হুড়িয়া নদীর উপর সেতু নির্মাণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;
14. রাজ্যের কলেজগুলিতে অধ্যাপকের শূন্যপদ পূরণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

15. রাজ্যের বিভিন্ন ব্লকে কৃষি বিপণনের কাজ এখনও শুরু না হওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

16. রাজ্যে অচিরাচরিত শক্তির উৎসের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে কাজের অগ্রগতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

17. রাজ্যে আদিবাসী কল্যাণের জন্য ঘোষিত কর্মসূচী রূপায়ণে বিলম্বের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

18. রাজ্যে শিল্পোন্নয়নের বিষয়ে সরকারের কোন সুস্পষ্ট নীতি এবং উদ্যোগ গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

19. রাজ্যে উচ্চশিক্ষাক্ষেত্রে ছাত্র-ছাত্রী ভর্তির সমস্যার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

20. রাজ্যে তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে সমস্যার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

21. রাজ্যে নারী ও শিশুর সার্বিক উন্নয়নের জন্য কোন সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

22-23.

Smt. Tapasi Mondal: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউকঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

22. বিগত সরকার কর্তৃক অধিগৃহীত চাষযোগ্য জমিগুলির ভবিষ্যৎ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

23. রাজ্যজুড়ে শিক্ষাঙ্গনে বিশৃঙ্খলা রোধ করার জন্য সদর্থক ভূমিকা গ্রহণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

24-35.

Shri Nagendra Nath Roy: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক।

কিন্তু দুঃখের বিষয় এই যে,

24. রাজ্যে সম্প্রতি ঘটে যাওয়া ভাঙড়, বোলপুর ও আউশগ্রামের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

25. উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

26. কুচবিহার-এর পঞ্চানন মহিলা মহাবিদ্যালয় কলেজে অনৈতিকভাবে ছাত্র সংসদ গঠনের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

27. কুচবিহার জেলায় সাম্প্রতিক শিশুপাচারের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

28. রাজ্যের কৃষি পেনসন/বার্ধক্যভাতা/বিধবাভাতা প্রাপকদের প্রাপ্য বকেয়া ভাতা থেকে বঞ্চিত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

29. কোচবিহার জে. ডি. হাসপাতালকে সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালে রূপান্তরিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

30. রাজ্যে নির্বাচিত পঞ্চায়েত। পঞ্চায়েত সমিতি/জেলা পরিষদ সদস্যদের উপর চাপ সৃষ্টি করে বোর্ড দখল করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

31. কোচবিহার জেলার চকচকা শিল্পবিকাশ কেন্দ্রে প্রস্তাবিত "জুটপার্ক" তৈরির উদ্যোগের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

32. রাজ্যে শিশুকন্যা ও মহিলাদের শ্লীলতাহানি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

33. রাজ্যের তিস্তা সেচ প্রকল্প দ্রুত রূপায়ণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

34. রাজ্যে বিদ্যুতের অস্বাভাবিক মাশুল বৃদ্ধির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

35. রাজ্যে কৃষকদের ধান ও পাটের ন্যায্যমূল্য না পাওয়ার কারণে কৃষকদের আত্মহত্যার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

36-37.

Shri Rafikul Islam: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

36. রাজ্যে কৃষকরা উৎপাদিত ফসলের লাভজনক দাম পাচ্ছে না–এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

37. রাজ্যের বেহাল গ্রামীণ পাকা রাস্তাগুলির মেরামতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

Shri Seikh Safiujjaman: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

38. বেলডাঙায় প্রস্তাবিত ভাব্‌তা কলেজের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

39-41.

Shri Abdul Mannan: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা ইউকঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

39. চাষীদের কাছ থেকে ন্যায্যমূল্যে ধান ক্রয় করার জন্য কোন সুনির্দিষ্ট নীতির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

40. বেকার সমস্যা সমাধানের জন্য কোন সুনির্দিষ্ট নীতির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

41. রাজ্যে আইন শৃঙ্খলার অবনতির কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

42-46.

Shri Apurba Sarkar: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা ইউকঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

42. রাজ্যের বেকারদের কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

43. কান্দী মহকুমা হাসপাতালে রোগীদের পরিষেবা বৃদ্ধির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

44. রাজ্যে কৃষকদের ধানের ন্যায্যমূল্য না পাওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

45. সংখ্যালঘুদের উন্নয়নে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

46. মুর্শিদাবাদ জেলার সার্বিক উন্নয়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

47-48.

Smt. Protima Rajak: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা ইউকঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,

47. বড়ঞা গ্রামীণ হাসপাতালের সংস্কারের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

48. আলু ক্রয়-এর ক্ষেত্রে সহায়ক মূল্য নির্ধারণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

49–50.

Shri Nepal Mahata : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

49. বিধানসভার সদস্যদের জন্য বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে তহবিল বৃদ্ধির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

50. সুনির্দিষ্ট কোন শিল্প নীতির উল্লেখ মাননীয় রাজাপালের ভাষণে নেই।

Smt. Firoza Begam: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

51. সরকারি চাকরী ক্ষেত্রে ও শিক্ষা প্রতিষ্ঠানে সংখ্যালঘু সম্প্রদায়ের সংরক্ষণের পরিসংখ্যানের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

Shri Goutam Das: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

52. গঙ্গারামপুর বিধানসভা কেন্দ্র এলাকায় ব্রিজের কাজ দীর্ঘদিন যাবৎ অসমাপ্ত রয়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

53–54.

Shri Akhruzzaman; Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,

53. গঙ্গা, পদ্মা ভাঙন রোধের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

54. রঘুনাথগঞ্জ বিধানসভা কেন্দ্র এলাকায় নতুন কলেজ নির্মাণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

55-56.

Shri Mohit Sengupta: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,

55. উত্তর দিনাজপুর জেলায় মহিলা কলেজ নির্মাণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

56. রায়গঞ্জ বিধানসভা কেন্দ্র এলাকায় রায়গঞ্জ-বারসই রাস্তার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

57-59.

Shri Ashis Marjit: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,

57. খড়গ্রাম বিধানসভা কেন্দ্র এলাকায় ঝিল্লী-আলিনগর রাস্তার উপর ব্রীজ নির্মাণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

58. খড়গ্রাম বিধানসভা কেন্দ্র এলাকায় চাষীদের বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

59. খড়গ্রাম বিধানসভা কেন্দ্র এলাকায় বিদ্যুতের লো-ভোল্টেজ জনিত সমস্যার কারণে এলাকার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পড়ুয়া ও চাষীদের অসুবিধা হচ্ছে—এই সমস্যা দূরীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

Shri Mainul Haque: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

60. ফরাক্কাতে পলিটেকনিক কলেজ স্থাপনের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

Shri Humayun Reza: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

61. বিড়ি শ্রমিকদের জন্য সরকার নির্ধারিত হাজার প্রতি মজুরি ১৯১.০০ টাকা বলবৎ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।।

Smt. Sabina Yeasmin: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

62. মোথাবাড়ী বিধানসভা কেন্দ্র এলাকার অন্তর্গত কালিয়াচক ২নং ব্লকে কোন কলেজ না থাকার কারণে নতুন কলেজ স্থাপনের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

Shri Kamalesh Chatterjee: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

63. মুর্শিদাবাদের ২নং ব্লকের অন্তর্গত কান্ধরা থেকে টেনিয়া পর্যন্ত রাস্তাটির সংস্কারের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

64-71.

Shri Runu Dutta: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

64. বর্ধমান জেলার আউশগ্রামে বিরোধী দলের নেতা-কর্মীদের মিথ্যা মামলায় গ্রেপ্তারের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

65. ভাঙড়ের ঘটনায় দুজন কৃষকের মৃত্যু হয়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

66. বাঁকুড়া জেলায় কালিকাপুরে বে-আইনী কয়লা খাদানে চাপা পড়ে শ্রমিকদের মৃত্যুর ঘটনার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

67. বর্ধমান জেলার আসানসোল-দুর্গাপুর অঞ্চলের বিভিন্ন ছোট শিল্প কারখানা বন্ধ হয়ে যাওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

68. রাজ্যের আইনশৃঙ্খলা ভেঙ্গে পড়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

69. রাজ্যের রাস্তাঘাটের বেহাল অবস্থার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

70. জাতীয় খাদ্য সুরক্ষা প্রকল্পে সকলকে ডিজিটাল রেশন কার্ড প্রদানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

71. রাণীগঞ্জে দীর্ঘদিন বন্ধ থাকা হুগলি জুট মিল খোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

72-73.

Dr. Sukhbilas Barma: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউকঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

72. রাজ্যে সুপার স্পেশালিস্ট হাসপাতালগুলিতে স্বাস্থ্য পরিষেবার মানোন্নয়নের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

73. কিষাণ মাণ্ডিগুলো পরিচালনার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

74.-111.

Smt. Jahanara Khan: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউকঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,–

74. জামুড়িয়া ব্লকের নতুন কলেজ স্থাপনের বিষয়ে কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

75. জামুড়িয়া বিধানসভা কেন্দ্র এলাকায় অজয় নদের ভাঙন রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

76. রাজ্যে বন্ধ চা বাগানগুলি পুনরায় চালু করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

77. বর্ধমান জেলার জামুড়িয়া বিধানসভা কেন্দ্র এলাকার দরগাডাঙা ঘাটে নূতন ব্রিজ তৈরির জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

78. আউশগ্রামে পুলিশ নিগ্রহের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

79. রাজ্যে ক্রমবর্ধমান নারী নির্যাতন রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

80. জামুড়িয়া বিধানসভা কেন্দ্র এলাকায় নিংগাতে গত ২৫শে জানুয়ারি, ২০১৭ তারিখে জনৈক ব্যবসায়ীর নিহত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

81. রাজ্যে বন্ধ কলকারখানাগুলি খোলার জন্য সুনির্দিষ্ট কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

82. এ.ওয়াই.এ. প্রকল্পে যে সমস্ত গরীব মানুষের নাম যুক্ত হয়নি তাদের নাম যুক্ত করে ডিজিটাল রেশন কার্ড প্রদানের ক্ষেত্রে গরমিলের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

83. সামাজিক সহায়তা প্রকল্পের অন্তর্গত বার্ধক্যভাতা, বিধবাভাতা, প্রতিবন্ধী ভাতা, কৃষক পেনশন ও বিভিন্ন আর্থিক সহায়তা সময় মতো প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

84. রাজ্যে বিভিন্ন থানায় পুলিশ নিগ্রহের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

85. জামুড়িয়া বিধানসভা কেন্দ্র এলাকায় হিন্দি কলেজ স্থাপনের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

86. পাণ্ডবেশ্বরে সরকারী ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

87. জামুড়িয়া পঞ্চায়েত সমিতি এলাকায় নূতন পানীয় জল প্রকল্পের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

88. ভাঙড় বিধানসভা কেন্দ্র এলাকায় জোরপূর্বক জমি ক্রয়-বিক্রয়-এর সঙ্গে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

89. জামুড়িয়া থেকে কলকাতা পর্যন্ত নূতন স্টেট বাস রুট চালু করার পরিকল্পনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

90. বাঁকুড়ার বে-আইনী কয়লা খাদানে চাপা পড়ে মানুষের মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

91. ৩১শে ডিসেম্বর, ২০১৬ তারিখে জামুড়িয়ায় এক মহিলা নির্যাতিত হয়— এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

92. বন্ধ হয়ে যাওয়া দুর্গাপুর ফার্টিলাইজার কারখানাটি পুনরায় খোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

93. হিন্দুস্থান কেবল পুনরায় খোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

94. কেন্দ্রীয় সরকারের নীতির ফলে বন্ধ হয়ে যাওয়া বার্ন কারখানাটি খোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

95. বিদ্যুতের ধারাবাহিক মূল্যবৃদ্ধির ফলে কৃষক সহ সাধারণ নাগরিক যে সমস্যার সম্মুখীন হচ্ছে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

96. বর্ধমান জেলায় অবৈধ বালি খাদানগুলিতে বালি চোরদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

97. রাজ্যের বিভিন্ন জেলায় বন্য হাতির আক্রমণে ক্ষেতের ফসল নষ্ট ও ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে– এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

98. রাজ্যে পার্শ্বশিক্ষক সহ আই.সি.ডি.এস, এস.এস.কে. ও এম.এস.কে. কর্মীদের ভাতা বৃদ্ধির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

99. আসানসোল-দুর্গাপুর শিল্পাঞ্চলে অসামাজিক কাজকর্মরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

100. চুরুলিয়ায় কবি নজরুলের জন্মস্থানে 'নজরুল একাডেমি' স্থাপনের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

101. খোলা-মুখ খনিতে মৎস্য চাষের পরিকল্পনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

102. জামুড়িয়ায় বেদ সম্প্রদায় উন্নয়নের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

103. চুরুলিয়ার ঐতিহ্যবাহী পাথর শিল্পের উন্নয়নের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

104. আসানসোল-দুর্গাপুর শিল্পাঞ্চলে আইনশৃঙ্খলার অবনতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

105. জামুড়িয়া বিধানসভা এলাকার বে-আইনি কয়লা খাদান থেকে কয়লা পাচারের সঙ্গে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

106. জামুড়িয়া বিধানসভা কেন্দ্র এলাকায় আই.টি.আই. স্থাপনের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

107. জামুড়িয়া বিধানসভা কেন্দ্র এলাকায় পরিশুদ্ধ পানীয় জলের দ্বিতীয় কোন প্রকল্প গড়ার কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

108. নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি রোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

109. ভাঙড়ের ঘটনায় দু'জনের মৃত্যু হয়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

110. জামুড়িয়া বিধানসভা কেন্দ্র এলাকার অন্তর্গত চুরুলিয়ায় অজয় নদের উপর নূতন ব্রীজ নির্মাণের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

111. রাণীগঞ্জ বিধানসভা কেন্দ্র এলাকায় জে. কে. নগরে বন্ধ অ্যালুমিনিয়াম কারখানাটি পুনরায় খোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

112-122.

Shri Santosh Deb Ray: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে, –

112. রাজ্যে বিভিন্ন মৌলবাদী সংগঠনগুলির ক্রমবর্ধমান সক্রিয়তার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

113. নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক হারে মূল্যবৃদ্ধির ফলে মানুষের ক্রয় ক্ষমতা হ্রাস পাচ্ছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

114. শিক্ষাক্ষেত্রে দলতন্ত্র ও শিক্ষক নিয়োগে অস্বচ্ছতার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

115. নোট বাতিলের ঘটনায় রাজ্যে সাত জনের মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

116. ফসলের উপযুক্ত দাম না পেয়ে কৃষকের আত্মঘাতী হওয়ার ঘটনা সম্পর্কে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

117. কেন্দ্র ও রাজ্য সরকারী কর্মচারীদের বেতন বৈষম্য ও সমকাজে সমবেতনের সুপ্রিম কোর্টের নির্দেশ সম্পর্কে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

118. বিরোধী দলের নেতা-কর্মীদের মিথ্যা মামলায় জড়ানোর বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

119. ভাঙড়ের ঘটনায় দুজন গ্রামবাসীর মৃত্যু হয়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

120. সরকারের ঘোষিত 'বিদ্যুৎ ব্যাঙ্ক' বর্তমানে কোন অবস্থায় আছে সে বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

121. রাজ্যে ক্রমবর্ধমান নারী নির্যাতনের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

122. দুর্গাপুর সহ রাজ্যে বন্ধ বেসরকারী কলকারখানাগুলি খোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

123-150.

Shri Tanmoy Bhattacharya: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে, –

123. রাজ্যের অনুমোদনহীন মাদ্রাসাগুলির অনুমোদন এবং মাদ্রাসা শিক্ষকদের বেতনভার বহনের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

124. রাজ্যে জলাভূমি ভরাটের ঘটনা বাড়ছে—এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

125. সম্প্রতি ভাঙড়ের ঘটনায় দুজন গ্রামবাসীর মৃত্যু হয়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

126. রাজারহাটে প্রস্তাবিত পাওয়ার সাব স্টেশনটি ভাঙড়ে স্থানান্তর করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

127. সর্বোচ্চ আদালতের রায় অনুসারে সমকাজে সমবেতনের প্রশ্নে তা কার্যকর করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

128. টিটাগড় এবং বজবজে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে উৎপাদন ক্ষমতার সিংহভাগই অব্যবহৃত থাকার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

129. হাজিনগর, ধূলাগড়-এর ঘটনার মতো দুঃখজনক ঘটনাগুলির কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

130. 'গীতাঞ্জলি' প্রকল্পের রূপায়ণে বিরোধী দলের বিধায়কদের উপেক্ষা করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

131. এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এবং এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথিভুক্ত বেকারের পরিসংখ্যানের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

132. ফসলের ন্যায্য মূল্য না পেয়ে আর্থিক দিক থেকে ক্ষতিগ্রস্ত কৃষকের সমস্যার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

133. কাজের সুযোগ বৃদ্ধির জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

134. সম্প্রতি গঙ্গাসাগর মেলায় ঘটে যাওয়া দুর্ঘটনার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

135. ২০১১ সালের পরবর্তীকালে রাজ্য সরকার কর্তৃক বাজার থেকে গৃহীত ঋণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

136. রাজ্যে সরকারী ও আধা সরকারী কর্মচারীরা দীর্ঘদিন ধরে ন্যায্য পাওনা পাচ্ছে না—এ বিষয়ের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

137. জোরপূর্বক জমি দখল এবং কয়লা ও বালি চোরাচালান-এর সঙ্গে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

138. প্রাথমিকস্তরে নিয়োগের ক্ষেত্রে কোন তালিকা প্রকাশ না করে মেসেজ পাঠিয়ে নিয়োগের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

139. আউশগ্রাম থানায় ভাঙচুর সহ পুলিশ নিগ্রহের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

140. বন্ধ কারখানা খোলার জন্য কোন সুনির্দিষ্ট পরিকল্পনার বিষয়ে উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

141. রাজ্যের ছাত্র সংসদগুলির নির্বাচনে অনিয়মের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

142. মহাত্মা গান্ধীর নামাঙ্কিত বিরাটির অভয়াশ্রমের পুনরুজ্জীবনের প্রতিশ্রুতি কার্যকর না করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

143. রাজ্যে বেকার সমস্যা সমাধানের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

144. কল্যাণী এক্সপ্রেসওয়ের নির্মাণকাজ সমাপ্ত করে বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের সঙ্গে তা সংযুক্ত করার পরিকল্পনার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

145. বিরাটি মৃণালিনী দত্ত কলেজের দ্বিতীয় ক্যাম্পাস নির্মাণের প্রতিশ্রুতি কার্যকর করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

146. নিমতা স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ দ্রুত নিষ্পন্ন করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

147. রাজ্যে ক্রমবর্ধমান ডাকাতির ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

148. বরানগরের কার্টারপুলার কারখানার জমি প্রোমোটারদের হাতে তুলে দেওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

149. রাজ্যে শিশুপাচার বৃদ্ধি এবং সম্প্রতি ধরা পড়া শিশুপাচার চক্রের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

150. বরানগর পৌরসভা অঞ্চলের ২২ নং ওয়ার্ডসহ বিভিন্ন জায়গায় উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের জমিতে বিভিন্ন ধরনের অবৈধ নির্মাণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

151.-163.

Shri Sujit Chakraborty: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে, –

151. বড়জোড়া বিধানসভা কেন্দ্র এলাকায় মানগ্রাম-রাজপ্রাসাদপুরে আগুনে পুড়ে গবাদি পশুর মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

152. রাজ্যের সরকারী গ্রন্থাগারগুলিতে লাইব্রেরিয়ান ও গ্রুপ ডি কর্মচারীর অভাবজনিত সমস্যার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

153. রাজ্যের পঞ্চায়েতগুলিতে ১০০ দিনের কাজের ক্ষেত্রে অর্থাভাব বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

154. ব্লক কৃষি মেলা, যুব উৎসবে বিরোধী দলের বিধায়কদের আমন্ত্রণ না জানানোর বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

155. 'গীতাঞ্জলি' প্রকল্পে ঘর বণ্টনের ক্ষেত্রে অনিয়মের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

156. বড়জোড়া বিধানসভা ক্ষেত্রে দুটি কয়লাখনির অধিগৃহীত জমির মালিকদের ক্ষতিপূরণ না পাওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

157. হাওড়া-বাবুঘাট ফেরী সার্ভিসে সরকারী লঞ্চগুলিতে শাসকদলের পতাকা লাগানোর বিষয়টির কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

158. বেলিয়াতোড় থানায় বিধায়ক হেনস্থা ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

159. বড়জোড়া বিধানসভা কেন্দ্রে বেলিয়াতোড়ে উচ্ছেদ হওয়া হকারদের পুনর্বাসনের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

160. বড়জোড়ার, বেলিয়াতোড় গ্রামীণ হাসপাতালের প্রাচীর নির্মাণকে কেন্দ্র করে উচ্ছেদ করার প্রশাসনিক সিদ্ধান্তের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

161. বাঁকুড়ার মেজিয়ায় কালিদাসপুরে বেআইনি কয়লা খাদানে ধসের কারণে ক্ষেতমজুরের মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

162. সম্প্রতি বড়জোড়া বিধানসভা কেন্দ্রে নিরিশা গ্রামের এক ক্ষুদ্র ব্যবসায়ীকে অপহরণ করে জীবনহানি করার চেষ্টার ঘটনার সঙ্গে যুক্ত দোষীদের গ্রেপ্তার না হওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

163. বাঁকুড়ার তালডাংরায় কিশোরীর শ্লীলতাহানি ও নিহত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

164.-171.

Shri Manash Mukherjee: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে, –

164. রাজ্যে এবছরে ধান কেনার লক্ষ্যমাত্রা ছিল ১ লক্ষ মেট্রিক টন ও বিভিন্ন সরকারী এজেন্সী মারফত আরও ১ লক্ষ ২ হাজার মেট্রিক টন। খাদ্য দপ্তর শিবির থেকে ধান কিনতে পেরেছে ৫৪ হাজার মেট্রিক টন অর্থাৎ ১৩ শতাংশ এবং সরকারী এজেন্সী কিনেছে ৪৯১ মেট্রিক টন–এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

165. বেসরকারী বিশ্ববিদ্যালয়ে শিক্ষার জন্য গরীব মানুষকে হাজার হাজার টাকা ব্যয় করতে হচ্ছে–এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

166. ভাঙড়ে জমি আন্দোলনকে কেন্দ্র করে দুজন নিরীহ মানুষের নিহত হওয়ার ঘটনার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

167. রাজ্যে সাম্প্রদায়িক দলের শাখা সংগঠন বহুল পরিমাণে বৃদ্ধি পেয়েছে–এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

168. নতুন মেডিকেল কলেজে প্রয়োজনীয় পরিকাঠামো না থাকায় রোগীরা বিনামূল্যে চিকিৎসা পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে – এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

169. রাজ্যে বিভিন্ন কলকারখানাগুলির বন্ধ হওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

170. রাজ্যের আইন-শৃঙ্খলার অবনতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

171. রাজ্যে দুর্ঘটনাজনিত মৃত্যুর সংখ্যা বৃদ্ধির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

172-186.

Dr. Sujan Chakraborty: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে, –

172. সম্প্রতি আউশগ্রামে ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

173. দঃ ২৪ পরগনার রসপুঞ্জে স্কুলছাত্রীদের মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

174. ভাঙড়ের ঘটনায় দুজনের মৃত্যু হয়েছে–এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

175. দর্জি শ্রমিকদের পেনশন প্রকল্প চালু করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

176. সমকাজে সমবেতন সংক্রান্ত উচ্চ আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারের পদক্ষেপের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

177. রাজ্য সরকারী কর্মচারীদের বকেয়া মহার্ঘভাতা প্রদান-এর বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

178. সম্প্রতি গঙ্গাসাগর মেলায় পদপৃষ্ট হয়ে মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

179. বর্তমান রাজ্য সরকার কর্তৃক গৃহীত ঋণের পরিমাণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

180. বিরোধী দলের বিধায়কদের উপর আক্রমণের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

181. রাজ্যের বন্ধ কলকারখানা খোলার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

182. নোটবন্দীর কারণে মানুষের মৃত্যু ও আত্মহত্যার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

183. রাজ্যে শিশু পাচার ও শিশু পাচার চক্রের সক্রিয়তার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

184. দর্জি শিল্প এলাকার পরিকাঠামোর উন্নয়নের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

185. মহেশতলার ব্যানার্জীহাট থেকে মহিষগোটহাট চট্টা মেন রোড-এর উন্নতিকরণ ও প্রশস্তিকরণ-এর বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

186. রাজ্যে বে-আইনি কার্যকলাপের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

187-190.

Smt. Rama Biswas: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক ভাষণের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে, –

187. রাজ্যে ক্রমবর্ধমান নারী নির্যাতনের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

188. রাজ্যের বিরোধী রাজনৈতিক দলের কর্মীদের মিথ্যা মামলায় জড়ানোর বিষয়ের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

189. সমকাজে সমমজুরী নীতি সবক্ষেত্রে কার্যকর করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

190. ভাঙ্গড়ের জমি সমস্যা সংক্রান্ত বিষয়ের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

191-198.

Shri Samar Hazra : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে, –

191. রাজ্যের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির বেহাল অবস্থার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

192. রাজ্যের কৃষকরা ফসলের ন্যায্য দাম পাচ্ছে না—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

193. জামালপুর বিধানসভা কেন্দ্র এলাকায় দামোদর ও মন্তেশ্বরী নদীর মুখ বেগোরে সেচ প্রকল্প স্থাপনের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

194. রাজ্যে আইনশৃঙ্খলার অবনতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

195. রাজ্যের সড়কগুলির বেহাল অবস্থার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

196. রাজ্যে কারখানা স্থাপন না হওয়া অধিগৃহীত কৃষিজমিগুলি কৃষকদের ফেরত দেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

197. রাজ্যে কৃষক আত্মহত্যার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

198. জামালপুর বিধানসভা কেন্দ্র এলাকায় পলিটেকনিক কলেজ স্থাপনের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

199-204.

Shri Asit Mitra : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে, –

199. বিধানসভায় সিদ্ধান্ত অনুযায়ী শিশুপাচার রোধে গঠিত কমিটির কাজের অগ্রগতি বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

200. রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প এবং উদ্যান পালনের উন্নয়নের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

201. রাজ্যের সরকার পোষিত বিভিন্ন পাঠাগারগুলিতে শূন্যপদে নিয়োগ না হওয়ায় অচলাবস্থার সৃষ্টি হয়েছে—এর কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

202. রাজ্যে উন্নয়নের ক্ষেত্রে বিরোধীদলের বিধায়কদের সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে না—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

203. হাওড়া জেলায় দীর্ঘদিন বন্ধ থাকা রামকৃষ্ণপুর সমবায় ব্যাঙ্ক এবং কাসুন্দিয়া সমবায় ব্যাঙ্ক দুটি পুনরায় চালু করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

204. রাজ্যে অনেকগুলি সমবায় ব্যাঙ্ক বন্ধ রয়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

Shri Narmada Chandra Roy: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক ভাষণের শেষে নিম্নলিখিত কথাগুলি যুক্ত করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে, –

205. ফসলের ন্যায্য দাম না পেয়ে আত্মঘাতী কৃষকদের পরিবারগুলির ভরণপোষণের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

206-219.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে, –

206. রাজ্যে সরকারী কোন অনুষ্ঠানে বিরোধী দলের বিধায়কদের আমন্ত্রণ না জানানোর বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

207. ডোমকল বিধানসভা কেন্দ্র এলাকার করিমপুর শহরের কাছে বাণীপুর ব্রীজের কাজ অসমাপ্ত হয়ে পড়ে থাকার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

208. রাজ্যে বেকারদের কর্মসংস্থানের জন্য সুনির্দিষ্ট কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

209. রাজ্যে অসংগঠিত ক্ষেত্রে শ্রমিকদের কল্যাণ কর্মসূচী বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

210. রাজ্যে বিড়ি শ্রমিকরা ন্যূনতম মজুরি পাচ্ছে না—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

211. রাজ্যে একশো দিনের কাজ প্রায় বন্ধ হয়ে গেছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

212. রাজ্যে সবজি চাষীরা ফসলের উপযুক্ত দাম পাচ্ছে না—এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

213. রাজ্যের সুপার স্পেশালিটি হাসপাতালগুলি এখনও চালু না হওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

214. রাজ্যে সরকারী হাসপাতালগুলিতে রোগীরা সুষ্ঠু চিকিৎসা পরিষেবা পাচ্ছে না—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

215. রাজ্য সরকারের গৃহীত নীতির ফলে রাজ্যে শিল্পস্থাপন বন্ধ—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

216. রাজ্যের কলেজগুলিতে শিক্ষকের অভাবে পঠন-পাঠন ব্যাহত হওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

217. ৩৪নং জাতীয় সড়কের কাজ বন্ধ হয়ে আছে—এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

218. মুর্শিদাবাদ জেলার ডোমকলে কয়েক বছর পূর্বে পৌরসভা গঠিত হয়েছে কিন্তু এখনও পর্যন্ত নির্বাচন হয়নি—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

219. রাজ্যে বিদ্যালয়গুলিতে শিক্ষকের অভাব—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

Now, I put all the Amendments to vote except Amendment Nos. 1,2,3, 4,8,24,36,39,50,51,53,72,98,124,137,186,191 and 215 on which I understand Dinision will be demanded.

As many as of that opionion will please say age, as many of contrery opinion will please say No. Noes have it, Noes have it the Amendment are lost.

অসিত বাবু, আপনি একটু ভাল করে দেখে নিন কার উপরে ডিভিশান চেয়েছেন। আমি যেগুলো বললাম, সেটার উপরে মনে হয় ডিভিশান চাননি। সেইগুলো বাদ দিয়ে ভোট হবে। আমি বলছি এই Except Amendment No. 1,2,3,4 -যেগুলো আমি বললাম, এগুলো বাদ দিয়ে বাকিগুলো আপনারা ভোটে চেয়েছেন। (voice) ও, আপনারা চাননি। ঠিক আছে।

[1:00 – 1.10 p.m.]

শ্রী আব্দুল মান্নান : স্যার, আপনি জানেন কোনো মেম্বার ভোট দিতে চাইলে তাঁর নিজের সিটে বসে ভোট দিতে হয়। কোনো মেম্বার যেন অন্যের সিটে বসে ভোট না দেন।

(ভোট)

(At this stage voting slips were distributed amongst the Hon'ble Members.)

Mr. Speaker: Demand No. 1, 2, 3, 4, 8, 24, 36, 39, 50, 51, 56, 72, 98, 125, 137, 186, 191 and 215 in respect of which Division was taken. The result is :

Ayes : 48

Noes: 175

Abst: 03

According to the Result, Noes have it. Noes have it. The amendments are lost. Now I put the main motion moved by Dr. Partha Chatterjee to vote. As many as are of the opinion will please say Aye. As many as are of that contrary opinion will please say No. Ayes have it Ayes have it. The Motion is adopted.

(At this stage the House was in Recess till 2.p.m.)

(এই সময়ে বিরোধী দলনেতা শ্রী আব্দুল মান্নান কিছু বলতে শুরু করেন।)

মিঃ স্পীকার : দেখুন আমি সরাসরি আপনাকে বলি যে আপনি তো জানেন, আপনি অনেক দিনের পরিষদীয় দলের বিধানসভার সদস্য ছিলেন। এইরকম পোস্টার ডিসপ্লে করা যায় না। আমাদের রুল অনুযায়ী ওনারা পোস্টার কেউ নিয়ে আসতে পারেন না। আমি আপনাকে অনুরোধ করব সদস্যদের বলতে পোস্টারগুলো খুলে নিতে। (এর পরেও বিরোধীদল নেতা কিছু বলতে থাকেন।)

শ্রী আব্দুল মান্নান : রুলটা কি সব সময়ে ফলো হচ্ছে স্যার?

মিঃ স্পীকার : রুলটা ফলো হওয়া বাঞ্ছনীয়। রুলটা ফলো করাটা বিরোধীপক্ষ এবং সব পক্ষেরই ফলো করাটা বাঞ্ছনীয়। আপনি একজন প্রবীণ সদস্য, আপনি অনেক একসপিরিয়েন্সড। আপনাকে আমি রিকোয়েস্ট করছি যে আপনি আপনার সদস্যদের বলুন পোস্টার খুলে নিতে।

শ্রী আব্দুল মান্নান : স্যার, সেই জন্যই আমি আপনাকে বলছি যে আপনি হাউসের কাস্টোডিয়ান। আপনি সব জায়গা যদি মেনে চলেন সরকারপক্ষের তখন, আজকে বলুন তো স্যার গভর্নর্স অ্যাড্রেসের ডিসকাসন চলছে। কোন যুক্তিতে একজন মন্ত্রী ১৫মিনিট, ১০মিনিট ধরে বক্তৃতা দিয়ে যান?

মিঃ স্পীকার : দেখুন,আপনি আমাকে যেটা বলছেন আমি আপনাকে দেখিয়ে দেব যদি কোন সদস্য সম্বন্ধে, তার পারফরম্যান্স সম্বন্ধে বিধানসভায় কেউ সমালোচনা করেন they have right to reply. যাই হোক, আমি আপনাকে বলছি, আমি অনুরোধ করছি আপনি একটু ওদের বলুন।

শ্রী আব্দুল মান্নান : স্যার, আগের বার আমি অফ ছিলাম। আমি দেখি বিধানসভায় .....

মিঃ স্পীকার : আপনি বলে দিন।

শ্রী আব্দুল মান্নান : আপাতত বন্ধ রাখ। দেখছি আমি।

মিঃ স্পীকার : এবারে আপনি বলুন।

শ্রী আব্দুল মান্নান : স্যার, আমি একটা নোটিশ আপনাকে দিয়েছি। যদিও আমাদের রুলে কোথাও বলা নেই যে সরকারী বিল ইনট্রোডাকশনে বাধা দেওয়া যায় কিন্তু এটা প্র্যাকটিশ হচ্ছে আমাদের যে পার্লামেন্টে অনেক নজির আছে, বিধানসভাতেও নজির আছে যদি কোন বিল, বলা হয় যে অসাংবিধানিক, বা অন্যায় বা কোনরকম প্রতিবাদ করা দরকার, হাউস শুরু হওয়ার মিনিমাম ১০ঘণ্টা আগে, মিনিমাম ১০ঘণ্টা আগে যদি নোটিশ দেওয়া যায়, স্পীকার মে অ্যালাউ। সবটা আপনার ক্ষমতার মধ্যে। আমি স্যার আপনাকে থ্যাংকস দেব এবং গ্রেটফুল অলসো যে আপনি আমার বলতে দিতে অ্যালাউ করেছেন

Ruling from the chair

[2:00 – 2.10 p.m.]

মিঃ স্পীকার : মান্নান সাহেব আপনি বিলের সম্বন্ধে যে নোটিশটা আমাকে দিয়েছেন, যে মোশনটা,আমি এটাকে ডিস অ্যালাউ করেছি, আমি বলেছি দিস ইজ আউট অব অর্ডার। সুতরাং

আমি পড়ে I have received a notice from Shri Abdul Mannan opposing the introduction of the West Bengal Maintenance of Public Order (Amendment) Bill, 2017. This is a Government Bill which has already been published in the Kolkata Gazette as per order of the Governor in terms of Rule 66 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. The Rule states that "The Governor may order the publication of any Bill (together with the Statement of Objects and Reasons and the financial memorandum, if any, accompanying it) in the Gazette, although no motion has been made for leave to introduce the Bill. In that case it shall not be necessary to move for leave to introduce the Bill, and, if the Bill is afterwards introduced, it shall not be necessary to publish it again."

As such the Member-in-Charge of the Bill is not required here to move any Motion for leave to introduce the Bill in the House. The merit of such a notice might have been considered only if it were against the Motion for leave to introduce the Bill. In the instant case, introduction of the Bill in the House is simply customary in nature for which consent of the House is not required to be sought for. The notice of Shri Mannan is thus irrelevant and out of order.

শ্রী আব্দুল মান্নান : স্যার, আপনি যদি এইরকম ব্যাপার করেন তাহলে আমার মেম্বাররাও দেখাবে। আপনি অ্যাকশন নিন রুল অনুযায়ী।

.....(এই সময়ে শ্রী আব্দুল মান্নান কংগ্রেসের বিধায়কদের উদ্দেশ্যে পোস্টার ডিসপ্লে করতে নির্দেশ দেন।)....

আপনারা সবাই দেখান। স্যার, আপনি রুল অনুযায়ী অ্যাকশন নিন।

..(গোলমাল)...

Mr. Speaker : একটা কথা বলি মান্নান সাহেব, এটা ভাল দৃষ্টান্ত স্থাপন করলেন না। একজন প্রিসাইডিং অফিসার একটা রুলিং দিয়ে আপনারটা আউট অব অর্ডার করল বলে আপনি সবাইকে দাঁড় করিয়ে দিয়ে ইনস্টিগেট করলেন, এটা আপনি ভালো করলেন না। এই দৃষ্টান্তটা ঠিক হল না। এটা পরিষদীয় রীতিনীতি অনুযায়ী ভাল দৃষ্টান্ত আপনি স্থাপন করলেন না। আমি আপনাকে বলব না, আমি অনুরোধ করব আপনি বলুন, আপনার মেম্বারদের এগুলো সরিয়ে নিতে। আপনার মেম্বারদের বলুন এইগুলো খুলে নিতে। এগুলো ভাল দেখায় না। ভাল দেখায় না।

...(গোলমাল).....

শুনুন, আপনারা যারা সদস্য রয়েছেন তাদের আমি অনুরোধ করব এগুলো খুলে নিন প্লিজ। আই অ্যাম রিকোয়েস্টিং দি অনারেবল মেম্বারস, মিঃ মান্নান, ইউ ক্যান নট ইনস্টিগেট। দিস ইজ এ ডিসঅর্ডারলি বিহেভিয়ার ইনসাইড দি হাউস। ইট ইজ আটারলি ডিসঅর্ডারলি বিহেভিয়ার। আমি আপনাকে অনুরোধ করব এই আটারলি ডিসঅর্ডারলি বিহেভিয়ার আপনার কাছে প্রত্যাশা করা যায় না।

.....(গোলমাল).....

আমি মাননীয় সদস্যদের বলছি আপনারা খুলে নিন। আপনি ওঁদের ইনস্টিগেট করতে পারেন না।

....(গোলমাল).....

(এই সময়ে মাননীয় বিরোধী দলনেতা মিঃ স্পীকারের উদ্দেশ্যে কিছু বলতে থাকেন।)

মিঃ স্পীকার : ঠিক আছে, আপনারা আলোচনা করুন না। আমি আপনাদের বলছি আপনারা এটা খুলে নিন। এটা ভাল দেখায় না। আপনি এই দৃষ্টান্ত ভাল করলেন না। একজন প্রিসাইডিং অফিসারের রুলিং আপনার এগেনস্টে গেছে বলে, আপনি সদস্যদের ইনস্টিগেট করছেন 'তোমরা এইরকম কর', এটা কিন্তু ভাল দৃষ্টান্ত নয়।পরিষদীয় রীতিনীতিতে ভাল দৃষ্টান্ত স্থাপন করলেন না। আমি মাননীয় সদস্যদের পুনরায় অনুরোধ করব, আপনারা ওগুলো খুলে নিন প্লিজ।

(এই সময়ে মাননীয় বিরোধী দলনেতা কংগ্রেস বিধায়কদের উদ্দেশ্য করে পোস্টার ডিসপ্লে করার নির্দেশ দিতে থাকেন।)

মিঃ স্পীকার : দিস ইজ এ চ্যালেঞ্জিং অ্যাটিচিউড।

....(গোলমাল).....

(পুনরায় মিঃ স্পীকারের উদ্দেশ্যে মাননীয় বিরোধী দলনেতা কিছু বলতে থাকেন এবং নিজে গায়ে পোস্টার লাগিয়ে নেন।)।

.....(গোলমাল).....

[2:10 – 2.20 p.m.]

.....(প্রচণ্ড গোলমাল).....

Suspension of Member from the Assembly Chamber

Mr. Speaker: Mr. Mannan, according to Rule 347, due to your grossly disorderly behaviour I direct your withdrawal from the House for the rest of the day. Please, please..... (Noise) .. I direct your withdrawal from the House... (Noise)..please...(Noise and interruptions)... Now, in exercise of the power conferred under Rule 347 and 348, I hereby direct Shri Abdul Mannan be suspended from the service of the House for the next two days.

(NOISE AND INTERRUPTIONS)

Marshal, please take action.

(NOISE AND INTERRUPTIONS)

(এই সময় মাননীয় বিরোধী দলনেতা শ্রী আব্দুল মান্নান মহাশয়কে, বিধানসভার মার্শাল মহাশয় মাননীয় অধ্যক্ষ মহাশয়ের নির্দেশানুসারে কক্ষ ত্যাগ করতে অনুরোধ করেন। কিন্তু মাননীয় বিরোধী দলনেতা শ্রী আব্দুল মান্নান মহাশয় কক্ষ ত্যাগ করতে অস্বীকার করায় গণ্ডগোল শুরু হয়। এরপর মার্শাল মহাশয় সহ বিধানসভার নিরপত্তা রক্ষীরা মাননীয় বিরোধী দলনেতা শ্রী আব্দুল মান্নান মহাশয়কে কক্ষের বাইরে নিয়ে যাওয়ার জন্য তাঁর আসনের কাছে যান। সেই সময় কংগ্রেস পরিষদীয় দলের সদস্য/সদস্যাগণ ও বামফ্রন্টের সদস্য/সদস্যাগণ মাননীয় বিরোধী দলনেতা শ্রী আব্দুল মান্নান মহাশয়কে ঘিরে দাঁড়িয়ে তাঁকে বাইরে নিয়ে যাওয়ার ক্ষেত্রে

বাধার সৃষ্টি করেন এবং তার ফলে মার্শাল মহাশয় ও বিধানসভার নিরাপত্তারক্ষীদের সঙ্গে তাঁদের প্রচণ্ডভাবে ধস্তাধস্তি শুরু হয়।)

..... (তুমুল হট্টগোল) .....

(এই সময় Mr. Marshal এবং নিরাপত্তারক্ষীরা মাননীয় বিরোধী দলের নেতাকে তাঁর আসন থেকে তুলে সভাকক্ষের বাহিরে নিয়ে যাওয়ার চেষ্টা করছিলেন।)

...(তুমুল হৈচৈ)...

(এই সময় পরিষদীয় কংগ্রেসদল এবং বামদলের কিছু মাননীয় সদস্যরা নিজেদের বসার আসন ছেড়ে ওয়েলে নেমে প্রতিবাদ করতে থাকেন।)

...(তুমুল হৈচৈ)...

(এই সময় পরিষদীয় কংগ্রেসদল এবং বামদলের কিছু মাননীয় সদস্য প্রবলভাবে Mr. Marshal এবং নিরাপত্তারক্ষীদের বাধা দেওয়ার চেষ্টা করতে থাকেন।)

...(তুমুল হৈচৈ)...

(এই সময় Mr. Marshal এবং নিরাপত্তারক্ষীরা পরিষদীয় কংগ্রেসদল এবং বামদলের মাননীয় সদস্যদের বেষ্টনীর মধ্যে থাকা বিরোধী দলনেতাকে বের করে নিয়ে যাওয়ার চেষ্টা করেন এবং পরিষদীয় কংগ্রেসদল এবং বামদলের মাননীয় সদস্যরা লাগাতার বাধা দিতে থাকেন।)

...(তুমুল হট্টগোল)...

(এই সময় সভাকক্ষে বিশৃঙ্খল অবস্থা চলতে থাকে।)

(এই সময় মাননীয় বিরোধী দলনেতা শ্রী আব্দুল মান্নান মহাশয়কে ঘিরে জটলা হতে দেখা যায়।)

[2:20 – 2.30 p.m.]

....(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের সদস্যরা এবং বামফ্রন্টের সদস্যরা ওয়েলে নেমে বিক্ষোভ দেখাতে থাকেন)....

...(গোলমাল)...

....(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র মহাশয় মাননীয় স্পীকার মহাশয়ের উদ্দেশ্যে কিছু বলেন)...

মিঃ স্পীকার : হাউস এ্যাডজর্ন করবো না। আপনারা এরকম করবেন না। হাউস এ্যাডজর্ন করবো না। হাউস এ্যাডজর্ন হবে না।

...(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের সদস্যরা মাননীয় স্পীকার মহাশয়ের চেয়ারের সামনে স্লোগান দিতে থাকেন)...

...(এই সময় মাননীয় বিরোধী দলনেতা শ্রী আব্দুল মান্নান মহাশয়কে ঘিরে কংগ্রেস পরিষদীয় দল এবং বামফ্রন্টের মাননীয় সদস্য ও সদস্যাগণ মার্শালসহ বিধানসভার নিরাপত্তারক্ষীদের বাধাদান করতে থাকেন)...

..(এই সময় মাননীয় বিরোধী দলনেতা শ্রী আব্দুল মান্নানকে নিয়ে কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য সদস্যাগণ ও বামফ্রন্টের মাননীয় সদস্য/সদস্যাগণ সভাকক্ষ ত্যাগ করেন)...

Mr. Speaker : I call upon the Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs Department to introduce the Bill.

Dr. Partha Chatterjee : Sir, with your kind permission I beg to introduce the West Bengal Maintenance of Public Order (Amendment) Bill, 2017.

স্যার, এই বিলের একটা জায়গায় স্টেটমেন্ট অব অবজেকটস অ্যান্ড রিজনসে একটা টাইপোগ্রাফিক্যাল মিসটেক আছে। তাই সেটা সহ আমি বলি যে, অ্যাজিটেশনাল কথাটা টাইপোগ্রাফিক্যালি মিসটেক হয়েছে। এটা বাদ যাবে। এছাড়া, সম্পূর্ণ বিলটা ঠিক আছে। তা আমি ইনট্রোডিউস করলাম।

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : Now, the Hon'ble Minister for Parliamentary Affairs may now move the motion for consideration of the Bill.

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker Sir, I beg to move that the West Bengal Maintenance of Public Order (Amendment) Bill, 2017 be taken into consideration.

মিঃ স্পীকার : There are two amendments (Amendment Nos. 1 and 2) to the Motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by Shri Anisur Rahaman, Amendment No.1 and Shri Nepal Mahata, Amendment No. 2.

First I call upon Shri Anisur Rahaman to move his amendment, that is, Amendment No.1 - "Not moved".

Now, I call upon Shri Nepal Mahata to move his amendment.

Shri Nepal Mahata :- Not responded.

ডঃ সুখবিলাস বর্মা : Not responded.

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আজকে পার্থ চট্টোপাধ্যায় যে বিলটি এনেছেন সেই বিলটি সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এটা ঠিক যে আজকে সরকারি সম্পত্তি বা বেসরকারি সম্পত্তি, এই সম্পত্তি যখন ইচ্ছে তখন আন্দোলনের নাম করে লুঠতরাজ, অগ্নি সংযোগ এবং সম্পত্তি ভাঙচুর করে সরকারের এবং নিরীহ মানুষের একটা বড় ক্ষতি করা হচ্ছে। স্যার, আপনি জানেন যে আজকে অদ্ভুতভাবে একটা পরিবেশ সৃষ্টি করা হচ্ছে। সেই পরিবেশে কি হচ্ছে? সেই পরিবেশে আজকে নিরীহ মানুষের যাদের সাথে গণ্ডগোলের কোন সম্পর্ক নেই তাদের সম্পত্তিতে লুঠতরাজ চালানো হচ্ছে, অগ্নি সংযোগ করা হচ্ছে। হঠাৎ একটা সেকশন তারা গুজব রটিয়ে দিচ্ছে এবং সেই গুজবে হঠাৎ করে একটা রায়ট সৃষ্টি হচ্ছে। সেই রায়টে সরকারি সম্পত্তি এবং বেসরকারি সম্পত্তিগুলোকে নষ্ট করা হচ্ছে।

এবং একটা কথা বলি স্যার, এমন একটা পরিবেশ হচ্ছে, আজকে আমার এখানে লজ্জা লাগে, লজ্জা লাগে। যখন একটা সরকার, দেশের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি সৃষ্টি করার চেষ্টা

করে, যখন একটা সরকার ভালো অনুশাসনের চেষ্টা করে, যখন একটা সরকার সব মানুষকে নিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করে, তখনই শুধু বিরোধী করার নাম করে এই কংগ্রেস এবং সি পি এম তারা আজকে যে বিলটার মূল উদ্দেশ্য হল, রায়ট যারা করে, যারা মানুষের উপর অত্যাচার করে, তাকে বরণ করার - তার বিরোধিতার নাম করে আজকে সেইখানটা তারা বর্জন করছে। আজকে আশ্চর্য লাগে। মোটিভটা আজকে কি। আজকের সত্যিকারের মোটিভটা কি? কংগ্রেস এবং সি পি এম-কে জিজ্ঞেস করতে চাই, মোটিভটা কি? তৃণমূলের বিরোধিতা করা না দেশ থেকে সাম্প্রদায়িক শক্তিকে উত্থান করা - মোটিভটা কি? এখানে শুধু আজকে একটা গণ্ডগোল লাগিয়ে দিয়ে, একটা গণ্ডগোল লাগিয়ে দিয়ে, আজকে তারা কিছু মানুষকে তাতানোর চেষ্টা করছে। ঠিকতো, একটা নিরীহ মানুষ আজকে যাচ্ছে বাসে করে। হঠাৎ সেই বাসটার উপরে সে জানে না কেন এ্যাটাক হল। তার দোষটা কি। সে বাড়িতে তার পরিবার রেখে বেরোচ্ছে, হঠাৎ করে সেই বাসটা ভাঙচুর হল, অগ্নিসংযোগ হল, অনেক সময় সেই নিরীহ মানুষের প্রাণও চলে গেল। এর দায়িত্বটা কার? এইটা প্রশ্ন করতে চাই। স্যার, এটা অদ্ভুত ঘটনা হয় যে, একটা ক্লাব, সেই ক্লাব একটা জায়গায় এসে একটা গণ্ডগোল করল। সেই গণ্ডগোলটাকে কমিউনাল চেহারা দিল। এবং সেইখানেই আজকে হঠাৎ করে একটা কমিউনাল ক্ল্যাশ হল। এর পেছনে যারা তাদের শায়েস্তা করতে হবে, তাদের মুভ করতে হবে। এবং সেই কারণে, এই বিলটাকে নিয়ে আসা হয়েছে। আজকে যারা এই বিলের বিরোধিতার নাম করে যারা বিরোধিতা করছেন, তারা আসলে পশ্চিমবঙ্গে যে শক্তি মানুষকে ভাগ করতে চায়, পশ্চিমবঙ্গে যে শক্তি কমিউনালিজম আনতে চায় সেই শক্তিকে পরোক্ষে মদত দিচ্ছে। তাই এই বিলটার বিরোধিতা করছে। এটা আশ্চর্য লাগে ! যারা নিজেরা সাম্প্রদায়িক বলে আজকে যারা নিজেদের জাহির করেন তারা আজকে শুধু তৃণমূল কংগ্রেসকে আটকাতে হবে বলে কমিউনাল শক্তিকে পেছন দিক দিয়ে সাহায্য করছে। আজকে স্যার, একটা ঘটনা বলি, আমার ওখানে একটা পুরোনো কর্পোরেশন স্কুল। সেই স্কুলটা, সেই স্কুলটা ভেঙ্গে গেছে। স্কুলটা ভেঙ্গে পড়বে। ইঞ্জিনিয়ার নিয়ে গেছিলাম। যে, সত্যি সত্যি স্কুলটা ভেঙ্গে পড়লে কোনো মানুষ ইনজুওর্ড হতে পারে। কর্পোরেশনকে ডেকে বললাম এটা ডিমলিশ করে দাও - অনেক পুরোনো বিল্ডিং। দরকার হলে আমাদের ডিপার্টমেন্ট থেকে টাকা দেব - আবার স্কুলটাকে পুনর্নির্মাণ করো। রটিয়ে দেওয়া হল যে, সেই স্কুলটায় নাকি আমি ইমামদের থাকার ব্যবস্থা করে দিচ্ছি। রটিয়ে দেওয়া হল, কিছু ছেলে নাচতে শুরু করল। কারণ কি, আমার নাম ফিরহাদ হাকিম। সেইজন্য - যেহেতু স্কুলটা ইন্সপেকশান করতে গিয়েছিলাম - এই রটনা রটিয়ে দেওয়া হল। এরজন্য দায়ী মান্নান সাহেব। এরজন্য দায়ী সুজনবাবু। এরজন্য দায়ী এখানকার তথাকথিত কংগ্রেস দল। তার কারণ, বিরোধিতার নাম করে স্যার, পশ্চিমবঙ্গে আপনাদের স্থান নেই। অনেক কুৎসা করেছেন, অনেক বড় বড় খবরের কাগজ আপনাদের সাথ দিয়েছিল। কিন্তু এখানে ২১১টা আসন দিয়ে তৃণমূল কংগ্রেসকে ফিরিয়ে দিয়ে মানুষ প্রমাণ করেছে যে, সাম্প্রদায়িক শক্তির সাথে থাকলে বা অপপ্রচারের সাথে থাকলেও আপনাদের পশ্চিমবঙ্গে কোনো স্থান নেই। কোনো স্থান নেই। কোনো স্থান নেই। এইটা স্যার, বুঝতে হবে।

[2:30 – 2.40 p.m.]

আজকে যারা সৎ উদ্দেশ্যে একটা ভাল বিল, যে বিলটায় আজকে কমিউনাল রায়টকে আটকানোর দরকার, তার প্রতিবাদ যারা করছে, তারা নিজেরা নন কমিউনাল স্ট্যাম্প লাগিয়ে আসলে কমিউনালিজিম তৈরি করছে - তারা নন কমিউনাল স্ট্যাম্প লাগিয়ে কমিউনালিজিম তৈরি করছে - এটা অন্যায়, এটা পাপ করছে এবং ইতিহাস এদের কোনদিন ক্ষমা করবে না। তার কারণ আজকে আমি যা করি, ইতিহাস সেটাই করে। আমি সুজন বাবু, মান্নানবাবুকে বলব

যে বিরোধিতার নাম করে নয়, আজকে একটা সময় এসেছে যখন দেশকে রক্ষা করতে হবে, যখন দেশকে একসাথে রাখতে হবে ; একবার বিরোধিতা করলাম, তৃণমূল কংগ্রেসকে শায়েস্তা করলাম, আপনারা তৃণমূল কংগ্রেসকে শায়েস্তা করছেন না, আপনারা বরং পিছন দিক দিয়ে কমিউনাল ফোর্সকে সহায়তা করছেন, এইটা আপনাদের মনে রাখতে হবে। আমাদের কাউকে আওয়াজ দেওয়ার দরকার নেই। আসলে যারা, নিজেরাই আজকে সামান্য, তারা আজকে কি করতে চায়,যারা সামান্য তারা হাইলাইটে আসবে কি করে? এই হাইলাইটে আসার জন্যে, তাদের অনেক রকম নাটক করতে হয়। কখনো শুয়ে পড়তে হয়, কখনো ভেঙে পড়তে হয়, কখনো অজ্ঞান হয়ে যেতে হয়। এই নাটকগুলো করে এবার বাইরে গিয়ে ছবি উঠবে। আসলে স্যার, এখানে এদের এইভাবে বেঁচে থাকতে হবে। মানুষের হৃদয়ে তো মমতা ব্যানার্জী বেঁচে আছে। মানুষের হৃদয়ে মমতা ব্যানার্জী বেঁচে আছে। আর, ফটোতে ওরা বেঁচে থাকতে চায়, তাই সেই টিভি তে ছবি তুলে - ইলেকশানের সময়ে ছবি তুলেও অর্ধেক, সবাই হেরে গিয়েছিল, কয়েকটা পিস এসেছে। আবার এখন বিরোধিতার নাম করে বেঁচে থাকতে হবে তো স্যার, এদের দোষ নেই। এরা যা করছে, নিজেরাই জানে না, ভগবান এদের তুমি ক্ষমা করে দিও। তার কারণ এরা নিজেরাই জানেনা কি অন্যায়টা তারা করছে। যখন একজন নেত্রী সে যখন সারা ভারতবর্ষে একটা সাম্প্রদায়িক সরকারের বিরুদ্ধে আওয়াজ তুলেছে, যখন সারা ভারতবর্ষে একটা কুশাসনের বিরুদ্ধে আওয়াজ তুলেছে, যখন সারা ভারতের মানুষ তাকিয়ে আছে আবার প্রমাণ করার জন্যে যে হোয়াট বেঙ্গল থিঙ্কস টুডে, রেস্ট অফ ইন্ডিয়া থিঙ্কস টুমরো। সেই সময়। আমার লজ্জা লাগে, এদের বাংলার মানুষ বলতে। যারা বাংলার - আসলে এরা সন্তান নয়, এরা বাংলার কুসন্তান। তাই তারা কুৎসা রটনা করবার চেষ্টা করে, তারা অন্যায় করে, তারা পাপ করে। একটা এই বিলে সবাই মিলে সমর্থন করে ভারতে একটা পুরো ডিসটার্ব করা হত। সুজনবাবুরা বলছিলেন, এই সেম বিল, সম্পত্তি নষ্ট করলে তার জরিমানা এবং দরকার হলে ফায়ারিং স্কোয়াড তারা যে নীতিটা মানেন, সেই নীতি যারা মানেন, সেই চায়নাতে এই বিলটা আছে। অথচ সুজনবাবুরা সেটা জানে না। পড়াশুনা তো করে না। তারা জানে না যে এই বিলটা চায়নাতে আছে। আমাদের ভারতবর্ষে আমাদের নিজেদের আমরা জনপ্রতিনিধি, আমাদের কারোর, আমরা ওরা আমাদের কারোর আমাদের নিজেদের নয়,এটা আমাদের ট্যাক্সের টাকা, মানুষের টাকা। তাই জনপ্রতিনিধি হিসাবে সেই মানুষের টাকার খেয়াল রাখতে হবে। সেই মানুষের টাকার ক্ষতি না হয়। ট্যাক্সের টাকা ঠিক মতন ইউটিলাইজ হয়,সেইটা দেখার দায়িত্ব আমরা যারা জনপ্রতিনিধি আমাদের। তাই এই বিলটা এনে আমরা কাউকে বাঁশ দেওয়ার চেষ্টা নয়, গণতন্ত্র হত্যার চেষ্টা নয়, মানুষের কষ্ট অর্জিত যে ট্যাক্স - এর টাকায় আজকে প্রগতি হচ্ছে,সেই প্রগতিটাকে আরো ত্বরান্বিত করার জন্যে এই বিলটা আনা হয়েছে। এই বিলটার মধ্যে দিয়ে সেটাই হয়েছে। এইটা বোঝার ক্ষমতা, নাহলে না বুঝেও সেই ক্ষমতা নেই। আমি ভেবেছিলাম যে অন্তত অংশগ্রহণ করবেন,হঠাৎ একটা জায়গায় দেখলাম যে যে চেয়ারটাকে আমরা সম্মান করি, আমরা যদি ইলেকশান কমিশনকে না মানি তাহলে তো হয় না।

এখানে রয়েছি, অথচ স্পীকারকে মানব না, স্পীকারের রুলিং মানব না, এটা তো হয় না। তাই যারা গণতন্ত্রটাকেই মানে না তাদের আর এখানে স্থান কি। তাদের স্থান কখনো গণতান্ত্রিক মন্দিরে হতে পারে না, গণতান্ত্রিক মসজিদে হতে পারে না। তাই মানুষ তাদের এমনি বিদায় করেছে, কিছুটা তারা নিজেরা নিজেদের বিদায় করেছে। এটাই বিষয়। এই বিলটাকে আমরা যারা জনপ্রতিনিধি, জনগণের টাকা যেহেতু সুরক্ষিত থাকবে, জনগণের টাকা যারা লুট করে লুঠতরাজ করে, ভাঙচুর, অগ্নিসংযোগ করে তাদের কঠোর শাস্তি এই বিলের মধ্যে আছে, যেটাকে আমরা পুরোভাগে সমর্থন করি। কি হচ্ছে। এই যে সেদিন ধুলাগড়ে কি হল। একটা ক্লাব সেই ক্লাবকে

একটা দলের গণ্ডগোল সেই দলের কমিউনালিজমে ট্রান্সফার করে দেওয়া হল। কেন? এটা তো এখানে ছিল না। এই যে রচনা করে করে এটা করা হচ্ছে। তাহলে যারা এই অন্যায়গুলো করছে, যারা নিরীহ মানুষকে হত্যা করছে, মানুষের সম্পদ নেবে তাদের সব ফ্রি, তাদের ছেড়ে দেওয়া হবে? তাহলে তো কালকে এটা জঙ্গলের রাজত্ব হয়ে যাবে স্যার। এটা জঙ্গলের রাজত্ব হয়ে যাবে। আমরা কোনোদিন এটাকে সমর্থন করবো না। আমরা পার্থদার নেতৃত্বে এখানে বিরোধী আসনে ছিলাম। কিন্তু কখনো এই জিনিস করিনি যে অগ্নি সংযোগ, গ্রামে গ্রামে অগ্নি সংযোগ দেওয়া। ওরা যেগুলো করেছিল যে খুন করা মানুষকে। আমরা সেইসবের মধ্যে যাই না আমরা মানুষের প্রগতির কথা বলি, উন্নতির কথা বলি। এটা মানুষের বিল, মানুষের। অধিকারের বিল, মানুষের কষ্টার্জিত যে টাকা সেই টাকা সুরক্ষা রাখার বিল। তাই এই বিলটাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তন্ময় ভট্টাচার্য : (অনুপস্থিত)

শ্রী সুজন চক্রবর্তী : (অনুপস্থিত)

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আনীত দ্য ওয়েস্ট বেঙ্গল মেন্টেনেন্স অফ পাবলিক অর্ডার (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৭ ও ডঃ পার্থ চ্যাটার্জী উপস্থাপিত এই বিলটিকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা নিবেদন করছি। বিলটি মুখ্যত ওয়েস্ট বেঙ্গল মেনটেনেন্স অফ পাবলিক অর্ডার অ্যাক্ট, ১৯৭২এর সংশোধনী। মূল আইনে কি ছিল। এখানে বলা ছিল An act to provide for special provisions for the maintenance of public order by the prevention of illegal acquisition, possession or use of arms the supersession of versile activities endangered public safety and tranquility and for matters connected therewith and incidental thereto. এই বিলের সংশোধনীর প্রয়োজন হল আজ সময়ের প্রয়োজনে। মাননীয়া মুখ্যমন্ত্রীর কর্মযজ্ঞ চলছে ক্ষয়ে যাওয়া, নষ্ট হয়ে যাওয়া, ধ্বংসোন্মুখ বাংলাকে পুনর্গঠনের জন্য তার যে আন্তরিক প্রয়াস তাতে আমাদের বিরোধী বন্ধুরা ব্যথাহত, বেদনাহত এবং বলাবাহুল্য ঈর্ষান্বিত। তাদের মানসিক ইত্যাদি তাদের বক্তব্যেই পরিস্ফুট। এলোমেলো করে দে মা, লুটে পুটে খাই। কি এলোমেলো করতে চাইছেন। যদি কোথাও বিশ্ব বাংলার বিশ্ববিদ্যালয় তৈরি হয় তাকে বাধা দেওয়া। এছাড়াও আমরা জানি সাম্প্রতিককালে নবান্নে তারা হাজির হয়েছিলেন। হাজির হয়েছিলেন কি নিয়ে। বললেন, আন্দোলন করতে নবান্ন অভিযান করবেন। অথচ নবান্ন অভিযানের নাম করে বস্তায় বস্তায় পাথর, ঢিল এগুলো নিয়ে গেলেন। আন্দোলনের কোন প্রয়োজন এগুলো সিদ্ধ করেছে। তাই আমরা বলি, আজকে যে বিলটি আনা হয়েছে সেই বিলে সম্পূর্ণভাবে এই ব্যবস্থাকে প্রতিহত করা, এই অরাজকতাকে প্রতিহত করা, সেই প্রতিহত করার বিষয়টি এখানে প্রাধান্য পেয়েছে। আমাদের পূর্ববর্তী বক্তা ফিরহাদ হাকিম সাহেব তিনি বিস্তারিতভাবে বলেছেন যে কমিউনালিজম তাকে উৎসাহিত করার জন্যই বাম এবং কংগ্রেস এরা সচেষ্ট হয়েছেন এবং চেষ্টা চালিয়েছেন। আমরা তাই বলব, বিভিন্ন জায়গায় অরাজকতা সৃষ্টির নাম করে এঁরা যে অপপ্রয়াস চালাচ্ছেন তারই বিরুদ্ধে এই বিল। এখানে খুব সঙ্গতভাবে বিভিন্ন ধারা সংযোজন করে যাঁরা এই অপরাধ করবেন তাঁদের কাছে ক্ষতিপূরণ সেটাও চাওয়া হবে, সেইজন্য ধারাগুলিকে খুব সঙ্গতভাবে যোগ করা হয়েছে। এই বিলের পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2:40 – 2.50 p.m.]

শ্রী মনোজ চক্রবর্তী : (অ্যাবসেন্ট)

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের সমর্থনে বলবার আগে আজকে বিরোধী দলনেতা এবং কংগ্রেসের সদস্যরা ও সি.পি.এম. পরিষদীয় দলনেতা যেভাবে সভাকে উস্কানি দিয়েছে, এমনকি আসন ভাঙ্গচুর করেছে, অধ্যক্ষের নির্দেশকে অমান্য করে এই বিধানসভাকে কলুষিত করেছে, বিধানসভার অধ্যক্ষের সম্মান ও এই মহতী সদনের গরিমাকে কলুষিত করার জন্য যারা এই কাজ করেছে তাদের সবাইকে আমি তীব্র নিন্দা করি। এই রকম একটা গুরুত্বপূর্ণ বিলে তাঁরা নিজেরাই সম্পত্তি ভাঙ্গচুরের মধ্যে গেলেন। অধ্যক্ষের যে রুলিঙ দিয়েছেন, তিনি যে আদেশ দিয়েছেন তা অক্ষরে অক্ষরে মানবার কথা হচ্ছে বিধানসভার সকলের। এমন কি দেখা গেল একেবারে চ্যালেঞ্জের সুরে পাড়ার মস্তানরা যেরকমভাবে কথা বলেন, ঠিক সেইভাবেই অধ্যক্ষকে চ্যালেঞ্জ করা হল। আমি আবার বলছি, এই ধরনের কার্যকলাপ কখনোই গণতন্ত্রকে শক্তিশালী করে না। বাংলার সংস্কৃতিকে এরা যে জায়গায় নিয়ে যাচ্ছে, সমাজকে দ্বি-খণ্ডিত করার যে প্রয়াস এরা অনবরত রাজ্য জুড়ে করছে তারই একটা বহিঃপ্রকাশ তারা এখানে করেছে। আমি আবার বলছি তাদের এই কাজের নিন্দা করছি। আমি স্মরণ করিয়ে দিই অধ্যক্ষ মহাশয়কে, আমরা যখন বিরোধী দলে ছিলাম তখন এই সম্পত্তির বিষয়টি নিয়ে রাজনৈতিক খেলা হয়েছিল। আমি শুধু আপনাকে বলব,আজকে যেভাবে নিরাপত্তারক্ষীরা মারধোর খেল ওদের হাতে তাদের নিরাপত্তা দেওয়ার কথা সকলের এবং আপনারও। আমি তীব্র ভাষায় এর নিন্দা করছি। অন্যদিকে আজকের বিলের যে গরিমা তাকে নষ্ট করবার জন্য তারা প্রথম থেকেই কল্পনামাফিক এই সিদ্ধান্ত নিয়েছে। আমি বলি, আপনারা পিছনের দিকে একটু তাকান, তাহলে দেখবেন ২০০৯ সালে তৎকালীন রাজ্য সরকারের স্বাস্থ্য দপ্তর থেকে হাসপাতাল ও নার্সিং হোমগুলোতে যাতে ভাঙচুর না হয় তারজন্য আইন প্রণয়ন করা হয়েছিল। কিন্তু সেদিন আজকের মত এই নাটক করা, গলায় পোস্টার পড়ে এথিকস ভেঙ্গে দেওয়া - হাউসের কার্যধারায় যা লেখা আছে বে-আইনি - সেটা হয়নি। আইনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে আজকে বিরোধী দলনেতা যে কাজ করেছেন তা কখনোই সমর্থনযোগ্য নয়। ২০০৯ সালের সেই বিলটির নাম ছিল West Bengal Medical Service Persons and Medicare Service Institution Privatisation of Violance and Damage to the Property Act, 2009

আমরা কি করতে চেয়েছি? আমাদের সরকার এটা কি করতে চেয়েছে? দিকে দিকে দেখা যাচ্ছে সমাজকে কলুসিত করবার জন্য কোন কোন দুঃষ্কৃতকারীরা এমনকি কোন রাজনৈতিক দলের পতাকা নিয়ে অনেকে করছেন। তারা কি করছেন সেটা প্রশাসনের ব্যাপার। কিন্তু আমরা লক্ষ্য করছি, সমাজকে ভেঙ্গে ফেলবার জন্য তারা চেষ্টা করছেন। তারা অসহিষ্ণু হয়ে নিজেরা নিজেদের হাতে আইন তুলে নিচ্ছে। গ্রামে আগুন ধরিয়ে দিচ্ছেন, গাড়িতে আগুন ধরিয়ে দিচ্ছেন,বাসে আগুন্ ধরিয়ে দিচ্ছেন, থানায় গিয়ে গণ্ডগোল করছেন। আমাদের সরকার সব সময় মানুষের পাশে থাকে। আমাদের মুখ্যমন্ত্রী সব সময় বলেন, আমরা মানুষের পাশে আছি,মানুষের পাশে ছিলাম, মানুষের পাশে থাকব। তাই তাদের নিরাপত্তা শুধু ব্যক্তি নিরাপত্তা নয়,তাদের সম্পত্তির নিরাপত্তা, তাদের ব্যক্তির নিরাপত্তা, রাজ্যের সম্পত্তির নিরাপত্তা,সরকারী প্রতিষ্ঠানের নিরাপত্তা এবং সব শেষে গণতন্ত্রের রক্ষা করার দায় এবং দায়িত্ব আমাদের রাজ্য সরকারের। সেই উদ্দেশ্য নিয়ে আমরা এনেছি, আবার কঠোর সিদ্ধান্ত নেওয়ার কথাও ভাবিনি। আমরা শুধু ভেবেছি কঠোরভাবে এর মোকাবিলা করার কথা এবং যাঁরা এই ধরনের কাজ করছেন, তাঁদেরকে আমরা বলেছি - আমাদের যে আটকে রাখার ক্ষমতা, সেই ক্ষমতাকে আমরা একটু বিস্তৃত করেছি যাতে লোকে বুঝতে পারে, অনেকে লাইফ নিয়ে নিচ্ছে, অনেকে জানে না। আমরা সেই উদ্দেশ্যে ১৯৭২ সালের যে আইনটি ছিল সেই আইনটিকে সংশোধন করেছি,আমরা বলেছি শুধু সরকারী প্রতিষ্ঠান নয়, যে কোন প্রতিষ্ঠান, তা যদি ব্যক্তিগত প্রতিষ্ঠানও হয় তাহলে আমরা তার রক্ষা করব। আমরা

এটাও বলেছি, এই বিলে "Compensation by the accused for damage to property of the Government by the Court in addition to punishment, শাস্তিও পাবে এবং কোর্টের যে ডিটারমিনেশান হবে তাই হবে। এর পরে আমরা বলেছি,If any evidence of any particular area are involved in causing damage to property they shall be liable for collection compensation as imposed by the government after due hearing as per prescribed procedure. গণ্ডগোল প্রক্রিয়া আর কি হতে পারে? আপনি করবেন, আপনি খুন করবেন, আপনি সমাজকে অশান্ত করবেন,রাজ্যের উন্নয়নকে স্তব্ধ করার চেষ্টা করবেন, আমরা মুখ বুঝে তা সহ্য করতে পারি না। প্রায় ৯০ শতাংশ কেন, ৯৯ শতাংশ মানুষ এই রাজ্যের মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশে থেকে তাঁর উন্নয়নকে সমর্থন করছেন। সেই সমর্থনটাকে,সেই বাংলার উন্নয়নকে যারা বহু বছর ধরে পিঁছিয়েছে তারা আজকে নতুন করে ভিত্তি হারিয়ে, জনভিত্তি হারিয়ে শুধুমাত্র মিডিয়াতে বেঁচে থাকার জন্য,গণমাধ্যমে বেঁচে থাকার জন্য তারা আজকে এই ধরনের কাজ করছে। আমরা তাই সকলে মিলে যারা চলে গেছেন, ভাবলেন বোধহয় চলে গেলে এই আইন তাঁদের উপরে বর্তাবে না তাদের উপরেও বর্তাবে,এটা ভেবে রেখে। এসব আমরা অনেক, দেখেছি, অনেক সহ্য করেছি। বিরোধীদের প্রতি সম্মান মমতা বন্দ্যোপাধ্যায় যে ভাবে দিয়েছেন, তার এক চুলও সম্মান বিরোধী দলনেতা হিসাবে বিগত সরকারের কাছে পাইনি। আমি তো প্রায়ই বলি মুখ্যমন্ত্রী মহাশয়াকে, যে আপনি যে রকম সৌজন্য দেখান, যে রকম ভাবে বলতে বলেন বিরোধীদের - নিজে বক্তব্য শোনেন, উত্তর দেন। অন্তত আমার টাইমে আমি কোনদিন মুখ্যমন্ত্রীকে এই ধরনের আচরণ করতে দেখিনি। তাই জন্য কি ভাবছেন, এটা দুর্বলতা? তার জন্য কি ভাবছেন? সৌজন্যতাকে দুর্বলতাতে পরিণত করছেন? এই অভিনয় করে, মানুষের বক্তব্যকে প্রতিহত করবার চেষ্টার বিরুদ্ধে আপনারা যে কাজ করছেন, মানুষই তার উত্তর দেবেন। আমি এই সদনকে,এই মহতি সদনকে, এই বিল গ্রহণ করবার জন্য আবেদন জানাই। যারা বাইরে বসে আছেন, তাঁরও মনে মনে ঠিক করুন যে এটা আমরা ভুল করেছি,এ কাজ করা আমাদের উচিত হয়নি। এই কথা বলে এই বিলকে গ্রহণ করবার জন্য, যেহেতু মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে আছেন আমি তাঁর বক্তব্য শোনার পর এই বিল গ্রহণ করবার জন্য অনুরোধ জানাব।

[2:50 – 3.00 p.m.]

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ স্যার, আপনাকে অনেক কৃতজ্ঞতা জানাই যে, আপনি আমাকে বলবার সুযোগ দিয়েছেন। পার্থ চ্যাটার্জীকে ধন্যবাদ, আমার পালামেন্টারি মিনিস্টার, দ্য লেজিলেচার মিনিস্টার, তিনি নিজে বিস্তারিতভাবে বলেছেন। আমি এই বিলটি পেশ করার আগে বলব, বিলটি পেশ করেছেন অলরেডি, মানে বিলটি ফাইনাল স্টেজে গ্রহণ করবার আগে "The West Bengal Maintenance of Public Order (Amendment) Bill, 2017"- এটা নাথিং নিউ, বিলটা ১৯৭২ সালের আইন। আমরা শুধু একটা অ্যামেন্ডমেন্ট করছি। এটা ক্লিয়ার হওয়া দরকার। ১৯৭২ সালের পর এতগুলো বছর পেরিয়ে গেল, কই, তখন তো আপনারা চ্যালেঞ্জ করেননি, আমার অপোজিশান বন্ধুরা দেখেননি না কি? আপনার কারণেই তো অ্যাপ্লাই করেছি এই বিল। আপনার তো ৩৪ বছর চলে গেছে এই বিল। এটা শুধুমাত্র আমরা একটা অ্যামেন্ডমেন্ট করছি-ক্ষতিপুরণ। ক্ষতিপুরণটাকে অ্যাড করা আছে। তার কারণ কেউ কেউ একটা পাড়ায় গিয়ে আগুন লাগিয়ে দিয়ে ভাবছে একটা দাঙ্গা লাগিয়ে দিই। দাঙ্গাতে যার ঘর-বাড়িটা পুড়ে গেল, সে বেচারার তার কি দোষ? সে জানে না তার কি অপরাধ। এটা তো কখনও টলারেট করা যায় না কোন শান্তিপূর্ণ সমাজ ব্যবস্থায়। যে লোকটা কষ্ট করে একটা বাড়ি করে,

তারটা জ্বালিয়ে দিয়ে চলে গেলাম, বাড়িটা তৈরী করে দেবে কে? আমরা হয়তো গভর্নমন্ট থেকে কিছু ক্ষতিপূরণ নিশ্চয়ই দিই, যতটা পারি। আমাদেরও তো একটা সীমাবদ্ধতা আছে। কিন্তু মানুষ তার নিজের অধিকার কেন পাবে না। এটা মনে রাখবেন মানুষের অধিকারটা ইনট্যাক্ট রাখবার জন্য। জনগণের সম্পত্তি নিয়ে, সরকারী সম্পত্তি নিয়ে, প্রাইভেট সম্পত্তি নিয়ে যদি কেউ মনে করে আমার ইচ্ছামত কেউ বাঁচবে, আমার ইচ্ছামত কেউ থাকবে, আমি তার ঘর-বাড়ি জ্বলিয়ে দিলাম, আমি তার বাস জ্বালিয়ে দিলাম, আমি গিয়ে পুলিশের গাড়িটা জ্বালিয়ে দিলাম, আমি তার দোকানটা গিয়ে জ্বালিয়ে দিলাম, আমি তার ভবিষ্যতটা গিয়ে জ্বালিয়ে দিলাম, এটাকে টলারেট করা হবে না। এখানে গভর্নমেন্ট খুব কঠোর। তার কারণ মানবিক দিক থেকে প্রত্যেকটা ব্যাপারে আমাদের সরকারী প্রোগ্রাম, সরকারী কর্মসূচী, জন্ম থেকে মৃত্যু অবধি এটা আমরা যেমন দেখাশোনা করি, তেমনি আইন-শৃঙ্খলায় বাংলা সবচেয়ে ভাল সারা ভারতবর্ষের মধ্যে, এটাকে মানুক চাই না মানুক। পলিটিক্যাল কারণে যা ইচ্ছা তাই বলতে পারেন। কত খুন হয়েছিল সি পি এম-এর আমলে, ভুলে গেছেন? লোক দেখানো পাবলিসিটি, সকাল থেকে রাত অবধি টি.ভি-র পাশে বসে থাকুন, আমাদের কোন যায় আসে না। সত্যি কথাটা তো বলুন। কত ছিল পলিটিক্যাল ক্ল্যাশ। আজকে দেখুন কি হয়েছে। আজকে তো দরকার হলে তৃণমূল কংগ্রেস কর্মী মারা যায়, গ্রেপ্তার হয়, আপনাদের কারোর উপরে কোন আঁচ পড়ে? ভাল থাকুন, এটাই তো আমরা চাই। ভাল থাকুন, সুস্থ থাকুন, তারপর আমার সঙ্গে ঝগড়া করুন। দয়া করে দাঙ্গা করবেন না। আমি ভেবে পাই না বি জে পি এতে আপত্তি করতে পারে। ওরা তো দাঙ্গা লাগায়। সি পি এম, আপনি কি তাহলে বি জে পি-র সাথী? তার মানে আপনি কি এখন বি জে পি-র বিষ দাঁত? তাই আপনার খুব গায়ে লাগছে। আর কংগ্রেসের মান্নান বাবু, আমি জানি না, আপনার এই অধঃপতন হল কি করে। কংগ্রেস, বি জে পি, সি পি এম – এক হয়ে গেছেন? ভাল করে বিলটা পড়েছেন তো? এটা গণতান্ত্রিক আন্দোলনের জন্য নয়। তার কারণ আইনটা আগেই ছিল। সেন্ট্রাল গভর্নমেন্টে ১৯৮৪ সালে এই আইনটা আছে। ক্ষতিপূরণ নেই। সি পি এম কেরালায় কি করেন, এই আইন মেনে চলেন তো? তার কারণ সেখানে সুপ্রীম কোর্ট একটা কমিটি করে দিয়েছিল, সেই নির্দেশ একজন জাজের। তার একটা প্রোফমা মেনে তারা চলে। এটা বলবেন না, এটা নতুন করে আমরা করেছি! আমি তো ক্ষতিপূরণের পক্ষে। পাবলিককে ক্ষতিপূরণ পেতে হবে, আমি তার পক্ষে। যেটা নিয়ে ভ্যান্ডালিজম অ্যাক্ট ' -এর উপর সুপ্রীম কোর্টের জজ লিখেছিলেন, ওনাকে নিয়ে একটা কমিটি করা হয়েছিল। তাতে বলা হয়েছে ওনার নির্দেশটাই মেনে চলেন কেরালা গভর্নমেন্ট। তাহলে কেরালা করলে আপত্তি নেই, সারা দিল্লী করলে আপত্তি নেই, এখানেই যত আপত্তি। আমি মনে করি জনগণের সম্পত্তি পাওয়ার অধিকার কারোর নেই। জনগণের সম্পত্তিতে আগুন লাগালে তাকে নিজেকে খরচা দিতে হবে। এই আইনে ক্ষতিপূরণের কথা বলা হয়েছে। ওইগুলো দ্রুত সংশোধনের জন্য আমরা কোর্টের দ্বারস্থ হব। মাননীয় হাইকোর্টের কাছে যাব, দরকার হলে ফাস্ট ট্রাক কোর্টে এগুলোকে সর্টআউট ইমিডিয়েট করা দরকার। আমি মনে করি এই আইন জনগণের সম্পত্তি রক্ষা করবে। ক'দিন আগে আমি দেখছিলাম একটা নিউজে ২৪ ঘণ্টায়, কতকগুলো গাড়ি ভেঙ্গেছে। যেই ভেঙ্গে থাকুক, অন্যায় তো করেছে। আমার একটা গাড়ি কিনতে কত টাকা লাগে? তুমি একটা ভ্যান জ্বলিয়ে দিলে, ভেঙ্গে দিলে, টাকাটা কোথা থেকে আসবে?

আন্দোলনটায় আমাদের বাংলায় জন্ম। আমরা আপনাদের আবার বলি, স্পীকার স্যার, এনাফ ইস এনাফ। যদি কেউ মনে করে, জনগণের রায় থেকে প্রত্যাখ্যিত হয়ে জনগণের ভাগ্য নির্ধারণ ক্ষমতা তাদের হাতেই ছিল, তারা করেনি। জনগণের ভাগ্য নির্ধারণের ক্ষমতা আজ বাংলায় সিপিএমেরও নেই, আজকে কংগ্রেসেরও নেই, আজকে বিজেপিরও নেই। যে সরকারে এসছে তার আছে এবং মানুষের পক্ষে যেটা ভালো সেটাই এই সরকার করবে। সরকার দুর্বল

নয়। ভেঙ্গে দাও, গুঁড়িয়ে দাও, জ্বালিয়ে দাও, পুড়িয়ে দাও যারা করবে ক্ষতিপূরণ তাকে দিতে হবে এবং তার জন্য যা যা করার, সরকার করবে। সে আমার বাড়ি হোক, আপনার বাড়ি হোক, সে সংবাদপত্রের মালিকের গাড়ি হোক, সে প্রাইভেটের কোন গাড়ি হোক, সে এলাকায় এলাকায় দাঙ্গাকারী হোক, সে যাই করুক। এটা আন্দোলন নয়। হঠাৎ একটা কিছু হলে পুলিশের চারটে গাড়ি পুড়িয়ে দিলাম। ভাই, চারটে গাড়ি আমি টাকা দিলেও তো তৈরি করতে টাইম লাগে। ইনফ্রাসস্ট্রাকচার তৈরি করতে কত টাইম লাগে? অ্যাসেট তৈরি করতে কত টাইম লাগে? হাসপাতালে তোমার কারও বিরুদ্ধে গ্রিভান্স থাকতেই পারে। তুমি টেক-আপ কর না ম্যাটারটা। তুমি আমাদের নলেজে নিয়ে এসো, আমরা নিশ্চয় জাস্টিস দেব। কথা বলাটা অন্যায় নয়। কথা বলার রাস্তা খোলা রাখা হয়েছে। আমি কত কষ্ট করে দশ কোটি ব্যয়ে একটি ইউনিট বানালাম, হঠ করে এক সেকেন্ডে ভেঙ্গে দিয়ে চলে এলে। আমি তৈরি করব কোথার থেকে? চাইলেও পাব না। টেকনিক্যাল জিনিস তৈরি হতে অনেক সময় লাগে। ভাঙ্গতে সময় কম লাগে। জ্বালাতে সময় কম লাগে। তৈরি করতে সময় অনেক লাগে। মনে রাখবেন, এটা আমারও জিনিস নয়, পাবলিকের জিনিস, বাংলার মানুষের জিনিস, জনগণের জিনিস। জনগণের সম্পত্তি জ্বালানোর অধিকার কারও নেই। যাও আন্দোলন কর, খেটে খাও। মিছিল কর, মিটিং কর, হাঙ্গার স্ট্রাইক কর, অনশন কর, ডেমোনস্ট্রেশান কর। খাটবার ক্ষমতা নেই, হঠাৎ করে গিয়ে ছবিতে তুলছে, চারটে গাড়িয়ে আগুন লাগিয়ে দিই - is it আন্দোলন? কেন গায়ে লাগছে? এটা তো আন্দোলনকারীদের জন্য নয়। যারা গণ্ডোগোল করছে, গণ্ডোগোলকারীদের জন্য, দাঙ্গাকারীদের জন্য। তাহলে সিপিএমের গায়ে কেন লাগছে, সিপিএম? তুমি কি এখন দাঙ্গা রাজনীতিতে বিশ্বাস কর? কংগ্রেসের বন্ধুরা তার মানে দিল্লিতে অ্যান্টি বিজিপি আর এখানে কো-বিজিপি। আসল কারণটা কি? আসল কারণটা কি? কেন ঘড়-বাড়ি জ্বালাবেন আপনারা? আন্দোলন করতে শিখুন, আন্দোলন জানুন। কোনও বুদ্ধি নেই, কোনও বিচার নেই, কোনও বলবার ক্ষমতা নেই, কোনও ভিশান নেই, কোনও মিশান নেই। সকাল বেলা উঠে একটা করে জামা পড়ছে আর চলে আসছে। আমি জীবনে দেখিনি গভর্নর বক্তৃতা দিয়ে বেরোচ্ছেন, তার গাড়ির সামনে দাঁড়িয়ে হুজ্জতি করছে। মাননীয় স্পীকার একটা রুলিং দিচ্ছে তাকে চ্যালেঞ্জ করছে। What is this? আমাদেরও হাউসে - রাজ্যসভায়, লোকসভায় ডিস্কাশন হচ্ছে। আমরাও ডিমানিটাইজেশানের বিরুদ্ধে। কিন্তু আমি আমার পার্টিকে বলেছি, দেখ, রাষ্ট্রপতির ভাষণের ওপরে অ্যামেন্ডমেন্ট দিতে নেই। এটা আমাদের কার্টেসি। একটা গভর্নমেন্ট আসবে, একটা গভর্নমেন্ট চলে যাবে কিন্তু সৌজন্যতা রক্ষা করতে হয়। এটা আমাদের সংবিধানিক পরম্পরা, এটা আমাদের সৌজন্য। আমি অ্যামেন্ডমেন্ট দেব কিন্তু লাস্ট মোমেন্টে উইথড্র করব। কারণ, কতগুলো জায়গায় দেওয়াটা ঠিক হয় না। আপনারা কি না করেছেন। প্রত্যেকটা রাজ্যপালের ভাষণে আপনারা - আগেরবার সম্ভবতঃ দিয়েছিলেন, এবারেও দিয়েছেন, পার্থবাবু আমায় বলছিল। আমি বললাম, দিতে দিন। যাঁরা নিজেরা চৌত্রিশ বছর ক্ষমতায় থেকে চৌত্রিশটা কাজ করতে পারেনি, চারটে কাজ করতে পারে। আজকে সরকার চলছে, সরকার করছে। এত অসুবিধা থাকার সত্ত্বেও। ওদের ধার শোধ করতে গিয়ে আমার নুন আনতে পান্তা ফুরায়। তার সত্ত্বেও আমরা বোল্ডলি করছি। আর কয়েকটা লোক সকাল থেকে বসে - আমি তো চ্যালেঞ্জ করে বলছি সাতদিন কাগজে ছবি না বেরলে এদের ব্যাবসা বন্ধ হয়ে যাবে করে খাওয়ার। সাতদিন কাগজে নাম না বেরলে। আমি চিফ সেক্রেটারিকে জিজ্ঞাসা করছিলাম, স্যার। কি হয়েছিল? ঐ যে। কাগজে দেখছি, আমি নিজেই জানি না যে, মান্নানবাবু গাড়ি পাননি। বলল, না না ওনার গাড়ি তো ওনাকে দেওয়া আছে। স্পীকার স্যার, আপনিও জানেন। কেউ যদি হঠ করে বলে - আমি যদি বম্বে চলে যাই, গিয়ে বলি, আমাকে এক্ষুনি গাড়ি জোগার করে দাও। একটা তো আছে। সেই গাড়িটা জোগার

করতেও টাইম লাগে, স্যার। এটা তো বুঝতে হবে। আমি তো ভগবান নই, ম্যাজিসিয়ান নই। হঠ করে একটা গাড়ি জোগার করতে হবে। কথায় কথায় পুরো মিসলিড করা হচ্ছে, অপপ্রচার করা হচ্ছে, চরিত্রহরণ করা হচ্ছে। মনে রাখবেন, আমরা কেউ দুর্বল নই। আর আমরা এখানে দুর্বলতা নিয়ে কাজ করতে আসেনি। অনেক কুৎসা, অনেক অপপ্রচার, অনেক চক্রান্তের বিরুদ্ধে দাঁড়িয়ে এ গভর্নমেন্ট ক্ষমতায় এসেছে। যতদিন মানুষের কাজ করবে এই গভর্নমেন্ট থাকবে, বহাল তবিয়তে থাকবে। আর মানুষ মানুষের অধিকার দায়িত্ব নিয়ে পালন করবে। আপনাদের না আছে দায়, না আছে দায়িত্বশীলতা, না আছে দায়বদ্ধতা। চৌত্রিশ বছর ক্ষমতায় থেকে একটাও কন্যাশ্রী করতে পারেন নি, একটা শিক্ষাশ্রী নয়, একটা যুবশ্রী নয়, একটা সবুজসাথী নয়, একটা সবুজশ্রী নয়, সরলামতী নয়, একটা বৈতরণী নয়, একট বেরিয়াল গ্রাউন্ড নয়। কি করতে ছিলেন চৌত্রিশটা বছর? জ্বালিয়ে দাও, পুড়িয়ে দাও, ভেঙ্গে দাও, গুঁড়িয়ে দাও। আজও ক্ষমতায় নেই, তাও শুনছি ওদের সব চেয়ে বেশি টাকা আনসোর্সেস মানি।

[3:00 – 3.08 p.m.]

আর তাদের মুখে বড় বড় কথা। বেশী ভদ্রতা করি বলে 'চোরের মায়ের বড় গলা'। স্পীকার মহাশয়কে পর্যন্ত আঙ্গুল দেখাচ্ছে। যা আমরা কখনও করি না। কথা হয়, আর্গুমেন্ট হয়, তর্ক হয়। কিন্তু Speaker is the supreme in the House. সেটা কিন্তু আমরা মেনে নিই। মান্নানবাবু অসুস্থ হয়েছেন। ডাঃ মানস ভূঞ্যা you are a Doctor। Please go and see him. যদি গভর্নমেন্টের কোন সাহায্যের প্রয়োজন হয় চিকিৎসার জন্য। আমি মানস-দা এবং এখানে ডাক্তার কারা আছেন হাউজে যাঁরা আমাদের এম.এল.এ? ... (নয়েজ) ... না, নির্মল মাজী গেলে আবার তৃণমূল কংগ্রেস বলে ঝগড়া করবে ভাই। ছেড়ে দাও। অন্য কে আছে? শশী পাঞ্জা যাও। শশী পাঞ্জা, ডাঃ মানস ভূঞ্যা। আপনারা please গিয়ে দেখুন যদি ওনার কোন সাহায্য লাগে। Please take all care. ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদারও আছে। আর, আমি কারো যদি কোন রকম সাহায্য লাগে দেখে নেব। যদি নার্সিং হোমে ভর্তি করতে চান স্পীকার তো আছেনই বিধানসভার। আমি শুধু একটা কথা বলি, না অনেক সময় শরীর খারাপ হতেই পারে, যে কোন মানুষের শরীর খারাপ হতে পারে। তাঁর আমি দ্রুত আরোগ্য কামনা করছি।

দুই হচ্ছে স্যার, ওঁরা বড় বড় কথা বলছে, আমাকে আইন শেখাচ্ছে। ভুলে গেছেন বন্ধুরা? আজকে আপনারা অনেক বড় বড় কথা বলেন। ২১শে জুলাই ১৩ জন কর্মী মারা গিয়েছিল আমার। কোনদিন রেকর্ডে লিপিবদ্ধ করেছিলেন? কোনদিন কন্ডোলেন্স করেছিলেন? বিমলা দে মারা গিয়েছিল ১৯৯০ সালের ১লা আগস্ট। করেছিলেন কন্ডোলেন্স? নাম বলেছিলেন? রঘুনাথ ...(নয়েজ)... মারা গিয়েছিল ১৯৯০ সালে। নাম বলেছিলেন একবার? কুচবিহারের বিমান-রবীন হালদার মারা গিয়েছিল। নাম বলেছিলেন একবারও? মগরায় গুলি চালনাতে মারা গিয়েছিল। নাম বলেছিলেন একবার? শান্তিপুরে মারা গিয়েছিল। নাম বলেছিলেন একবার? বর্ধমানে মানস ব্যানার্জী মারা গিয়েছিল। নাম বলেছিলেন একবার? বারাসাতে মারা গিয়েছিল নাম বলেছিলেন না সিঙ্গুরের তাপসী মালিকের নাম বলেছিলেন একবার? না, নন্দীগ্রামের নাম বলেছিলেন? না নেতাইয়ের নাম বলেছিলেন?

আর, গণ-আন্দোলন করতে গিয়ে ২১শে জুলাই আপনারা যাদের খুন করেছিলেন তাদের কী কেসের ধারা দিয়েছিলেন? এখন ফেস সেভিং? ফেস সেভিং? কাগজে নিউজ করে মিথ্যা কথা বলে। ফেস সেভিং? জিজ্ঞাসা করুন। কেস নাম্বার, কী কী দিয়েছিলেন? কেস ছিল সব থানায়। আমি একটা-দুটো থানার কথা বলতে পারি। হেস্টিংস পি.এস.। কেস নম্বর ২১৩। ডেটেড ২১.৭.৯৩। কেস নম্বর ২১৪। ডেটেড ২১.৭.৯৩। কেস নম্বর, ইউ এস - ধারা কী স্যার ! 147,

148, 307 I.P.C. মানে attempt to murder, কী ছিল? এখানে তো ক্ষতিপূরণ আছে। তোমার বিরুদ্ধে যা পানিশমেন্ট আছে, সেটাও ৭ বছর, কিছু একটা। যেটা আইন মেনে, আইনে আছে। already. It is already there. তুমি কী না করেছ ! তুমি ৩০৭ দিয়েছ। আমি তো চ্যালেঞ্জ করছি। কতজনকে? কাকে দেননি? ২১ জুলাই কারা কারা কেস খেয়েছিলেন একটু দাঁড়ান তো এখানে যাঁরা উপস্থিত আছেন এখন। কাদের কাদের নাম ছিল একটু দাঁড়ান তো। (হাউজে উপস্থিত সদস্যদের মধ্যে যাদের নাম ছিল তাঁরা উঠে দাঁড়ান।) বালুর-ও ছিল। অরূপ, অনেকেরই ছিল। এবার আমি আপনাদের বলি, কে বাদ গেছে? সুদীপ বন্দ্যোপাধ্যায়। শোভনদেব চট্টোপাধ্যায়। মদন মিত্র। এমন কী আমার পরিবারের লোকেদের বিরুদ্ধেও এই কেসগুলো দিয়েছিলেন, একই কেস। আমি খুশী তাতে। আমি গর্বিত যে আমার একটা পার্টির কর্মী হিসাবে তাদের মর্যদা দিয়েছেন। I am happy for that. আমার কোন objection নেই। কারণ charity begins at home. আগে ঘর থেকে করতে হয়। কাকে দেননি? শুভাশীষ চক্রবর্তী, বৈশ্বানর চ্যাটার্জী থেকে শুরু করে কাকে দেননি? সব। হোলসেল। আর, আজকে ভুতের মুখে রাম-নাম ! হঠাৎ গণতন্ত্র প্রেমী হয়ে গেছেন আর, আমরা অ্যান্টি-গণতন্ত্র হয়ে গেছি? মানুষের কথা বলার অধিকার আমাদের থাকবে না? মানুষের সম্পত্তি প্রোটেক্ট করার দায়িত্ব থাকবে না? আলবৎ থাকবে। যতদিন থাকবো মানুষের জন্য লড়াই করবো। আর, মানুষের গায়ে কেউ হাত দিলে সেই হাত-টা কী করে সরিয়ে দিতে হয় এটা আমরা আইনের সাথে, মানবিকতার সাথে লড়াই করব।

এই বিল আমি জানি দাঙ্গাকারীদের স্তব্ধ করবে তাই ওদের রাগ। এই বিল হামলাকারীদের স্তব্ধ করবে তাই ওদের রাগ। এই বিল কিছু করে খাওয়া এই সমস্ত কাণ্ড-কারখানাকে মদত দিয়ে রাজনীতি করার আশায় আশায় যারা ঘর বাঁধেন তাদের আঘাত করবে তাই তাদের রাগ।

লোক জড়ো করার ক্ষমতা নেই, মানুষকে ভালোবাসার ক্ষমতা নেই, বিশ্বাসযোগ্যতার ক্ষমতা নেই, শুধু অপদার্থতা যাদের একমাত্র শক্তি তারা তো প্রতিবাদ করবেই। আমরা মানুষের পক্ষে ছিলাম, আছি, থাকবো।

আজকে যারা উপস্থিত আছেন তাদের সকলকে ধন্যবাদ জানিয়ে বলি এই বিল আগামীদিনে মানুষের অধিকারকে রক্ষা করবে, জনগণের সম্পত্তিকে রক্ষা করবে। সরকারী সম্পত্তি আমার নয়, এটা জনগণের - এটা মাথায় রাখতে হবে। চিরকালের জন্য এটা একটা আইনের প্রদর্শক হয়ে থাকবে। আপনাদের সকলকে ধন্যবাদ। মাননীয় স্পীকার স্যার, আমি সরি আপনার সাথে যে বিহেভ করা হয়েছে। আমি রিয়েলি সরি। গণতন্ত্রে এটা সবথেকে বড় লজ্জা। পাবলিসিটির জন্য আমি এমন কিছু করবো না যে, আমি আমার পাবলিসিটির জায়গাটাকেই ধ্বংস করে দেব। পাবলিসিটির জন্য যদি গণতন্ত্রের আসল জায়গাটা, গণতন্ত্রের মন্দির, মসজিদ, গুরুদোয়ারা, অবহেলিত, লাঞ্ছিত, শোষিত, বঞ্চিত হয় তাহলে কিন্তু ক্ষমা করার জায়গা থাকে না। ঈশ্বর ওদের মঙ্গল করুক। আল্লা ওদের ক্ষমা করুক। এর থেকে বেশি কিছু আমার বলার নেই। আমি পার্থদাকে অনুরোধ করবো এই বিলটা পাশ করার জন্য মাননীয় স্পীকারের সাহায্য নিয়ে।

Mr. Speaker: The question before the House is the Amendment moved by Shri Nepal Mahata that the Bill be circulated for the purpose of eliciting public opinion thereon by 31st May, 2017. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Noes have it. Noes have it.

CLAUSE - 2

Mr. Speaker: There is no amendment to Clause 2.

So, I put Clause 2 do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, Preamble and the Title of the Bill

Mr. Speaker: There is no amendment to Clause 1, the Enacting Formula, Preamble and the Title of the Bill.

So I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Now I call upon Hon'ble Minister-in-Charge of the Parliamentary Affairs Department to move the motion for passing of the Bill.

Dr. Partha Chatterjee: Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Maintenance of Public Order (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker: Now the question before the House is that the West Bengal Maintenance of Public Order (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

মাননীয় সদস্যগণ আজকের মতো অধিবেশন শেষ করার আগে আমি সচিবকে বলবো আজকে আমি যে অর্ডার দিয়েছিলাম, সেই অর্ডারের পরিপ্রেক্ষিতে এবং তাতে অসন্তুষ্ট হয়ে কিছু সদস্য কংগ্রেস দল এবং সিপিএমের কিছু সদস্য তারা আমাদের আসবাবপত্র ভাঙচুর করেছে। আপনি এখানে একটা অ্যাসেস করবেন কত টাকা আমাদের ক্ষতি হয়েছে যাতে আমি এই ব্যাপারে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে পারি।

ADJOURNMENT

The House was then adjourned at 3.08 p.m. till 11.00 a.m. on Thrusday, the 9th February, 2017 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 09th February, 2017 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 23 Ministers-in-Charge, 13 Ministers of State and 197 Members.

[11:00 – 11.10 a.m.]

Questions and Answers

Starred Questions

(to which oral answers were given)

*১। Absent

আই.টি.আই./পলিটেকনিক কলেজ স্থাপনের পরিকল্পনা

*২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪) **শ্রীমতী ফিরোজা বিবি :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পাঁশকুড়া পশ্চিম বিধানসভা কেন্দ্রে কারিগরী শিক্ষার উন্নয়নে সরকারী আই.টি.আই. অথবা পলিটেকনিক কলেজ স্থাপনের পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

শ্রীমতী অসীমা পাত্র : (ক) সরকারী পরিকল্পনা মোতাবেক প্রতিটি মহকুমায় একটি করে সরকারী পলিটেকনিক এবং প্রত্যেকটা ব্লকে একটি করে আই.টি.আই. -এর পরিকল্পনা আমাদের মা-মাটি-মানুষের সরকার গ্রহণ করেছে। সেই মোতাবেক ২০১৪-১৫ শিক্ষাবর্ষে তমলুক মহকুমায় (পাশকুঁড়া পশ্চিম বিধানসভা কেন্দ্র যে মহকুমার অন্তর্ভুক্ত) কোলাঘাট গভঃ পলিটেকনিক কলেজ স্থাপিত হয়েছে।

এই মুহূর্তে পাশকুঁড়া পশ্চিম বিধানসভা কেন্দ্র এলাকায় আই.টি.আই. স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের নেই। তবে উপযুক্ত জমির সন্ধান চলছে।

(খ) কোনো প্রশ্ন আসে না।

শ্রীমতী ফিরোজা বিবি : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন। ২০১১ সালের মে মাসের পর থেকে কারিগরী শিক্ষার প্রসারে কী ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রীমতী অসীমা পাত্র : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া সদস্যার প্রশ্নের উত্তরে বলি, ২০১১ সালের মে মাসের পরে রাজ্যের কারিগরী শিক্ষার প্রসারে সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাগুলি নিম্নরূপ :

(১) সমস্ত মহকুমায় পলিটেকনিক কলেজ স্থাপনের ব্যবস্থা গ্রহণ।

(২) ২৫টি পলিটেকনিকে ছাত্রী আবাস স্থাপন।

(৩) পলিটেকনিকে ল্যাবরেটরি ও ওয়ার্কশপে যথাসাধ্য আধুনিকীকরণ।

(৪) পলিটেকনিক আধুনিক শিল্পোপযোগী নতুন বিষয়ে সংযোজন।

(৫) শিল্পের প্রয়োজন অনুযায়ী ডিপ্লোমা কোর্সের আধুনিকীকরণ।

(৬) শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।

(৭) অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন ই-যন্ত্র প্রকল্পে সর্বভারতীয় স্তরে সাফল্য অর্জন।

শ্রীমতী ফিরোজা বিবি : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয়া মন্ত্রীকে বর্তমানে পূর্ব মেদিনীপুরে কতগুলি পলিটেকনিক কলেজ আছে ?

শ্রীমতী অসীমা পাত্র : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া সদস্যর প্রশ্নের উত্তরে বলি,বর্তমানে পূর্ব মেদিনীপুরে ৩টি সরকারী পলিটেকনিক কলেজ আছে।

শ্রী খগেশ্বর রায় : মাননীয় স্পীকার স্যার,আপনার মাধ্যমে কারিগরী মন্ত্রী মহাশয়ার কাছে আমার প্রশ্ন, আমার বিধানসভা রাজগঞ্জ পলিটেকনিক কলেজ প্রায় এক বছর হয়ে গেল তৈরি হয়ে গেছে। তাই মন্ত্রীর কাছে প্রশ্ন, ঐ কলেজটি কবে উদ্বোধন হবে এবং কবে ক্লাস শুরু হবে যদি দয়া করে একটু বলেন।

শ্রীমতী অসীমা পাত্র : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি, ওনার কলেজটা কমপ্লিট হয়ে গেছে। সামনের ইয়ারে ওনার কলেজ আমরা উদ্বোধন করবো।

শ্রী শীলভদ্র দত্ত : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া কারিগরী শিক্ষা দপ্তরের মন্ত্রীর কাছে আমার বিনীত প্রশ্ন যে ব্যারাকপুর মহকুমায় নতুন কোন পলিটেকনিক কলেজ তৈরির কোন পরিকল্পনা আছে কিনা বা সেখানকার কলেজগুলো কী অবস্থায় আছে জানালে ভাল হয়।

শ্রীমতী অসীমা পাত্র : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই যে ব্যারাকপুর সদর সাবডিভিশানে আমাদের কোন পলিটেকনিক কলেজ ছিল না। আমরা অলরেডি হালিশহরে একটা জমি চিহ্নিত করেছি। আমরা আপাতত ব্যারাকপুরের সেই জায়গাতেই পলিটেকনিক কলেজ স্থাপন করব।

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় স্পীকার স্যার,আপনার মাধ্যমে আমি মাননীয়া মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করছি যে আমার আলিপুর মহকুমা অঞ্চলে আই টি আই বা পলিটেকনিক কলেজ করার কোন পরিকল্পনা আছে কিনা।

শ্রীমতী অসীমা পাত্র : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলছি যে, যে সমস্ত জায়গায় পলিটেকনিক কলেজ ছিল না, সেই সমস্ত জায়গায় মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে পলিটেকনিক কলেজ করছি। উনি যদি আমাদেরকে প্রস্তাব দেন এবং জমি চিহ্নিত করে দেন, অবশ্যই আমরা সেই জায়গায় করবো। আমরা সেই জায়গা দেখে নিচ্ছি।

শ্রী হিতেন বর্মন : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে প্রশ্ন- মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ঘোষণা অনুযায়ী প্রতিটি মহকুমায় পলিটেকনিক কলেজ এবং প্রতিটি ব্লকে আই টি আই। আমার এলাকায় বিশেষ করে মাথাভাঙ্গা মহকুমায় পলিটেকনিক কলেজের জন্য কাজ শুরু হয়েছে, তার জন্য ধন্যবাদ জানাই। পাশাপাশি আমার বিধানসভা এলাকা, শীতলকুচি বিধানসভা কেন্দ্রে দুটি ব্লক, এই দুটি ব্লকের মধ্যে এখনও আই টি আই স্থাপিত হয়নি। একটি

শীতলকুচি ব্লক, যেখানে জমি চিহ্নিত করে, সরকারী জমি অধিগ্রহণ করে সরকারের কাছে প্রস্তাব দেওয়া আছে। কিন্তু মাথাভাঙ্গা এক নম্বর ব্লকে জমি পাওয়া যায়নি। কাজেই যেখানে জমি চিহ্নিত হয়ে আছে শীতলকুচি ব্লকে, সেখানে আই টি আই করার জন্য আমি দাবি জানাচ্ছি।

শ্রীমতী অসীমা পাত্র : স্যার,আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই যে উনি যে জমি আমাদের দপ্তরে দিয়েছেন, আমরা অলরেডি এই বছরে ২৬টি আই টি আই ধরছি। উনি যে জমি দিয়েছেন, আমরা চেষ্টা করছি সেটা করার জন্য।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া কারিগরী দপ্তরের মন্ত্রীকে প্রশ্ন করছি যে আমাদের কাটোয়া বিধানসভার অন্তর্গত একটা জায়গা সরকারীভাবে আই টি আই কলেজ স্থাপনের জন্য চিহ্নিত করা আছে। মাননীয়া মন্ত্রী এই এলাকায় আই টি আই কলেজ স্থাপনের জন্য কোন উদ্যোগ নিয়েছেন কিনা জানালে ভাল হয়।

শ্রীমতী অসীমা পাত্র : স্যার,আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলছি যে উনি জমি চিহ্নিত করেছেন। আমি বললাম এই বছরে যে ২৬টি ধরছি, তার মধ্যে ওনাদেরও জমি আছে।

শ্রী দীপক কুমার হালদার : বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে অসংখ্য ধন্যবাদ জানাই, কৃতজ্ঞতা জানাই, শ্রদ্ধা জানাই এই জন্য যে তিনি সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে প্রতিটি মহকুমা স্তরে একটি করে পলিটেকনিক কলেজ এবং ব্লক স্তরে একটি করে আই টি আই কলেজ স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করে কাজ হচ্ছে। মাননীয় স্পীকার মহোদয়, আপনার মধ্য দিয়ে আমি মাননীয়া কারিগরী দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে জানতে চাই যে আমাদের সরকার আসার পরে যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে তাতে কতগুলি পলিটেকনিক কলেজ এবং কতগুলি আই টি আই কলেজ ইতিমধ্যে তৈরি হয়ে কাজ শুরু হয়েছে যদি একটু বলা সম্ভব হয় তাহলে ভাল হয়।

শ্রীমতী অসীমা পাত্র : স্যার, আমাদের অলরেডি ১২৪টি আই টি আই তে ক্লাস চলছে। ৬৭টি পলিটেকনিকে আমাদের ক্লাস চলছে।

[11:10 – 11.20 a.m.]

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রী মহোদয়ার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন কোলবাদাঁতপুর ব্লক ওখানে ইলেভেন এবং টুয়েলভ স্কুল আছে শরৎচন্দ্র মেমোরিয়াল। তার বিরাট জমি ফাঁকা পড়ে রয়েছে। এই জমিতে আই.টি.আই. বা পলিটেকনিক করা সম্ভব কি না একটু জানাবেন।

শ্রীমতী অসীমা পাত্র : স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলছি যে এইভাবে জমি ফাঁকা পড়ে থাকলে হবে না। জমি যদি স্কুল কিংবা ওখানকার ডি.এম. সাহেব আমাদেরকে দেন তাহলে সেখানে আমরা অবশ্যই পরিকল্পনা নেব।

শ্রী সমীর কুমার জানা : পাথরপ্রতিমাতে ইতিমধ্যে আই.টি.আই. শুরু হয়ে গেছে, ক্লাসও চলছে। এই নতুন টার্মে কবে নাগাদ নতুন বছরের জন্য ছাত্রদের নিয়ে ক্লাস শুরু করতে পারব?

শ্রীমতী অসীমা পাত্র : স্যার নতুন বছরে পরীক্ষার মাধ্যম দিয়ে আমরা অলরেডি ক্লাস শুরু করি। সেশান শুরু হয় আগস্ট মাস থেকে। আমাদের আগস্ট মাস থেকে আবার নতুন ক্লাস শুরু হবে।

শ্রীমতী রত্না ঘোষ কর : স্যার আপনার মাধ্যমে মাননীয়া কারিগরি শিক্ষা দপ্তরের মন্ত্রী মহোদয়ার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আমাদের নদিয়া জেলায় প্রায় প্রত্যেকটা ব্লকে আই.টি.আই. হয়ে গেছে কিন্তু চাকদা বিধানসভা কেন্দ্রে জমির অভাবে আই.টি.আই. প্রকল্পটা আমরা বাস্তবায়িত করতে পারছিলাম না। মাননীয়া মুখ্যমন্ত্রী উন্নয়নের উদ্যোগকে স্বাগত জানিয়ে এক সহৃদয় ব্যক্তি নয় বিঘা জমি আই.টি.আই. -এর জন্য দান করেছেন, গভর্নমেন্টকে দিয়েছেন। আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করছি যে সেই জমির ডিটেলস তিনি কি ডি.এম. অফিস থেকে পেয়েছেন এবং আই.টি.আই. করার জন্য কি উদ্যোগ গ্রহণ করেছেন ?

শ্রীমতী অসীমা পাত্র : স্যার আপনার মাধ্যমে আমি মাননীয়া সদস্যার প্রশ্নের উত্তরে বলছি যে ব্যক্তি আমাদের জমি দেয় আমরা সরাসরি সেই জমি অধিগ্রহণ করতে পারি না। সেই জমি ডি.এম. -কে দিতে হয়। ডি.এম. সেই জমি আমাদের দপ্তরকে যদি হস্তান্তর করেন তবে আমরা সেই জায়গায় আই.টি.আই. বা পলিটেকনিক করতে পারবো। উনি যদি ডি.এম. সাহেবকে দিয়ে থাকেন তবে সেই জায়গা আমরা এখনো পর্যন্ত পাইনি। তবে উনি যখন বলছেন তখন আমরা দেখে নেব যে কতদূর কি অবস্থায় আছে ।

শ্রী মনোজ টিগ্গা : মানোনীয় অধ্যক্ষ মহোদয়, ম্যায় আপকে মাধ্যমসে মাননীয়া মন্ত্রীসে জাননা চাহাতাহু সবহি বিধানসভা কেন্দ্রমে আই.টি.আই. সেন্টার খোলনে কি বাতে হ্যায় তো মেরে মাদারিহাট কেন্দ্রমে এয়সি কই পরিকল্পনা হ্যায় মাননীয়া মন্ত্রী মহোদয়া বতায়ে তো আচ্ছা হোগা।

শ্রীমতী অসীমা পাত্র : স্যার আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি যে এখনো পর্যন্ত কোন পরিকল্পনা নেই তবে ভবিষ্যতে যদি আপনি জমি দেখে দেন তাহলে আমরা পরিকল্পনা নিতে পারবো।

*প্রশ্ন নম্বর ৩

শ্রীমতী শ্যামলী প্রধান : (অনুপস্থিত)

*প্রশ্ন নম্বর ৫

শ্রী নর্মদা চন্দ্র রায় : (অনুপস্থিত)

সুন্দরবনের দ্বীপগুলোর যোগাযোগ ব্যবস্থা

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮) **শ্রী জয়ন্ত নস্কর** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবনের অসংখ্য ছোট ছোট নদী বেষ্টিত দ্বীপগুলোর মধ্যে যোগাযোগের কোনো পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, গোসাবা ব্লকের অন্তর্গত রাঙাবেলিয়া (জটিরামপুর) ও সাতজেলিয়া (সুকুমারী)-এর মধ্যে কোনো সেতু নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কি না?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের প্রশ্ন -

(ক) সুন্দরবনের অসংখ্য ছোট ছোট নদী বেষ্টিত দ্বীপগুলোর মধ্যে যোগাযোগের কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

উত্তর (ক) সুন্দরবনের বিভিন্ন নদী বেষ্টিত দ্বীপগুলির মধ্যে যোগাযোগের কোন পরিকল্পনা এই বিভাগের নেই।

প্রশ্ন (খ) থাকলে, গোসাবা ব্লকের অন্তর্গত রাঙাবেলিয়া (জটিরামপুর) ও সাতজেলিয়া (সুকুমারী) -এর মধ্যে কোন সেতু নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কি না ?

উত্তর (খ) সঙ্গতই গোসাবা ব্লকের অন্তর্গত রাঙাবেলিয়া ও সাতজেলিয়ার মধ্যে কোনো সেতু নির্মাণের পরিকল্পনাও এই বিভাগের নেই ।

শ্রী জয়ন্ত নস্কর : স্যার আমার অতিরিক্ত প্রশ্ন, গোসাবা ব্লক সবথেকে পিছিয়ে পড়া ব্লক বলে মনে হয় এবং ওখানে যোগাযোগ ব্যবস্থা বলতে কিছু নেই। কোন ফোর হুইলার বা চার চাকার গাড়ি ওখানে চলে না। ওখানে সমস্ত জায়গায় মানুষ পা ভ্যানের উপর নির্ভরশীল এবং এখন কিছু কিছু ইঞ্জিনভ্যান চালু আছে। এখানে এই যে ছোট ছোট নদীগুলো আছে, এরমধ্যে যদি সংযোগ করা যায় তাহলে যোগাযোগ ব্যবস্থা অনেক ভাল হবে। কোলকাতা থেকে ১০০ কিলোমিটারের মধ্যে গোসাবা ব্লক আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, ভবিষ্যতে এই দ্বীপগুলোর মধ্যে যোগাযোগ করা সম্ভব কিনা, কারণ গোসাবার মানুষ বিভিন্ন দিক থেকে যাতায়াতের ক্ষেত্রে খুব কষ্ট পায়। সেখানে যাতায়াতের ক্ষেত্রে কোন উন্নত ব্যবস্থা আজ পর্যন্ত হয়ে ওঠেনি। কিন্তু এই ছোট - ছোট নদীগুলো যদি ব্রীজের মাধ্যমে যোগাযোগ করা যায় তাহলে তাদের পক্ষে কোলকাতা খুব কাছে হয়ে যাবে এবং কোলকাতার সঙ্গে তাদের যোগাযোগটা ভাল হবে।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি যে, আমরা সাধারণত সেচ দপ্তরের মাধ্যমে সেচখাল, নিকাশি খাল ইত্যাদির উপরেই যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলি। কিন্তু নদী বা বৃহৎ আকারের কিছু হলে সেইসমস্ত ব্যবস্থা সাধারণত পূর্ত বিভাগ করে। আমার মনে হয় যদি ছোট - ছোট খালের উপরে কিছু থেকে থাকে তাহলে নিশ্চিতভাবে আমরা বিবেচনা করতে পারি। কিন্তু আপনি যোগাযোগের মাধ্যম হিসাবে বড় নদীর কথা উল্লেখ করেছেন। আমার মনে হয় এটা যদি আপনি সংশ্লিষ্ট দপ্তর অথাৎ পূর্ত দপ্তরের সাথে যোগাযোগ করেন তাহলে সুবিধা হবে।

শ্রী জয়ন্ত নস্কর : স্যার আমার অতিরিক্ত দ্বিতীয় প্রশ্ন, কোলকাতা থেকে বাড়ি ফেরার পথে যখন আমি বারুইপুর বাইপাসের উপর দিয়ে যাই, তখন দেখি এই বাইপাসের মধ্যে যে খালটা আছে সেখানে দুইপাড়ে অসংখ্য সেতু। আবার যখন সায়েন্সসিটি দিয়ে ভরতপুকুরের উপর দিয়ে যাই তখন দেখেছি ওইসব খালের উপরে অসংখ্য সেতু সেচ দপ্তর থেকে নির্মীত হয়েছে। আমার কথা হচ্ছে, আমি ছোট নদীর কথা বলছি, সেক্ষেত্রে ছোট যে নদীগুলো আছে, সেগুলো অনেক সময় ভাটার সময় শুকিয়ে যায়, সেইসব নদীগুলোতে যদি ব্রীজ করা সম্ভব হয় - আপনি যদি বলেন তাহলে আমি সেই প্রস্তাব দিতে পারি।

[11:20 – 11.30 a.m.]

শ্রী রাজীব ব্যানার্জী : যে কাজ গুলোর সঙ্গে আমার মনে হয় খুব একটা সামঞ্জস্য নেই কাজের ধারা সম্বন্ধে। আমার বক্তব্য আপনি আমায় বলেছিলেন আমি নিজেও জানি। কিন্তু যেহেতু কেন্দ্রীয় সরকার কোনোভাবে আর্থিক সহায়তা করছে না তা সত্ত্বেও আপনার বলার কারণে আমার এগজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে বলেছিলাম ব্যাপারটা দেখার জন্য। উনি দেখেছেন। আগামী অর্থবর্ষে আমাদের তরফ থেকে, যদিও করার কথা কেন্দ্রীয় সরকারের কিন্তু মানুষের জীবন

ও জীবিকা রক্ষার স্বার্থে মাননীয়া মুখ্যমন্ত্রী সবসময় চেষ্টা করছেন। আমাদের এটা অলরেডি বিবেচনায় আছে যতটুকু সম্ভব আমরা চেষ্টা করব।

শ্রীমতী রহিমা মন্ডল : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন আমি ওনাকে ধন্যবাদ জানাই যখন আমি তিন বছর সভাধিপতি ছিলাম উনি প্রচুর কাজ করেছেন গত পাঁচ বছরে। কিন্তু দুঃখের হলেও সত্যি আমার দুটি স্কিম দেওয়া ছিল। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে মুক্তারপুর ব্রিজ এবং বাংলারি ব্রিজ, এই ব্রিজ দুটি যদি মাননীয় মন্ত্রী অ্যাকসেপ্ট করে কাজটা করে দেন তাহলে ভালো হয়।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া জনপ্রতিনিধির প্রশ্নের উত্তরে বলি ধন্যবাদ দিয়েও আবার রিকুয়েস্ট, যাইহোক আমি এর আগেও বলেছি মা-মাটি-মানুষের সরকার যেটা মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এই দপ্তর চলছে, আপনাদের আগেও বলেছি যে আমরা বিগত পাঁচ বছরে ১৬১ টা সেতু কমপ্লিট করেছি। আমি এই সদনেও বলেছি বর্তমানে ৫৯ টার কাজ চলছে। আমরা সিদ্ধান্ত নিয়েছি যতগুলো আমাদের এইরকম সেতু আছে সব গুলোকে ধীরে ধীরে পাকা করার বন্দোবস্ত ফেজ বাই ফেজ করব। এখন একসাথে আপনি যদি দুটোর প্রপোজাল দেন হয়তো করা সম্ভব নয়। তবে ধাপে ধাপে নিশ্চিতভাবে সবটাই বিবেচনার মধ্যে রয়েছে।

শ্রী পুলিন বিহারী রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়কে অসংখ্য ধন্যবাদ আমাকে একটু সুযোগ দেওয়ার জন্য। আমার একটা অনুমোদিত ৪০১ নং প্রশ্ন আছে সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়ের কাছে। যদি এখনই সেটা নিয়ে আলোচনা হয় তাহলে উনি যখন উত্তর দিচ্ছেন, আপনার কাছে শুধু অনুরোধ যে আমার প্রশ্নটা যদি এখনই আপনি অনুমতি দেন তাহলে বলতে পারি।

মিঃ স্পীকার : আপনার প্রশ্নটা আমি পরে নিয়ে নেব। আপনি যখন বলেছেন ৪০১ আমি নিয়ে নেব।

শ্রীমতী নীলিমা নাগ : স্যার, আপনার মাধ্যমে সেচ দপ্তরের মন্ত্রীর কাছে আমার অনুরোধ এবং আবেদন বিগত বছরে আমি আমার বিধানসভা এলাকার একটি ছোট্টো মলালী নদী, এটাকে নদী বলা হয়, যদিও এটা নদী নয়। এতে কোনো স্রোত নেই বর্ষাকালে ভরে যায় এবং শীতকালে অতটা জল থাকে না কিন্তু যোগাযোগ ব্যবস্থা খুব সঙ্কীর্ণ হয়ে যায়। সেই কারণে আমি একটা ব্রিজ করার স্কিম দিয়েছিলাম। আমার মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন সেই ব্রিজ করার কোনো পরিকল্পনা আছে কি না?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া বিধায়িকার প্রশ্নের উত্তরে বলি আপনি আমার কাছে একটা অনুরোধ নিয়ে এসেছিলেন এবং সেটা আমাদের আগামী অর্থবর্ষে বিবেচনার জন্য দেওয়া হয়েছে।

শ্রীমতী বীনা মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য আমার স্বরূপনগর বিধানসভা কেন্দ্রের অধীন টিপি থেকে তারাগুনিয়া ইছামতী নদীর ১৬ কিলোমিটার। এই নদীটি সংস্কারের জন্য বার বার আমি মাননীয় মন্ত্রীকে বলেছি। আপনার কাছে আমার প্রশ্ন ওই নদীটির সংস্কার যদি তাড়াতাড়ি করে দেন এবং তার ব্যবস্থা করে দেন তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয়া বিধায়কের প্রশ্নের উত্তরে বলি ঠিক ইছামতী সংক্রান্ত একটা প্রশ্ন পুলিন বিহারী রায় মাহাশয় করেছেন। আমার মনেহয় ওই প্রশ্নের উত্তরটা দিলে টোটালটা কভার করে যাবে।

যমুনা ও ইছামতী নদী সংস্কার

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪০১) **শ্রী পুলিন বিহারী রায় :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪ পরগণার যমুনা ও ইছামতী নদী সংস্কারের জন্য ২০১৬-১৭ আর্থিক বর্ষে কোনো প্রকল্প গ্রহণ করা হয়েছে কিনা;

(খ) হয়ে থাকলে, ওই প্রকল্পগুলিতে বর্তমান আর্থিক বছরে কত টাকা বরাদ্দ করা হয়েছে;

(গ) উক্ত প্রকল্পগুলিতে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত কত টাকা ব্যয় করা হয়েছে; এবং

(ঘ) কত দিনে এই প্রকল্পের কাজ শেষ হবে বলে আশা করা যায় ?

শ্রী রাজীব ব্যানার্জী : (ক) উত্তর ২৪ পরগণার যমুনা ও ইছামতি নদী সংস্কারের কিছু কাজ ২০১৬-১৭ আর্থিক বর্ষে শেষ হয়েছে। এগুলি হ'ল, টিপি থেকে চারঘাট অবধি যমুনা নদীর ৯ কি.মি. দৈর্ঘ্যের এবং ইছামতী নদীর টিপিঘাট থেকে কাটাবাগান অবধি ২ কি.মি. দৈর্ঘ্যের পলি উত্তোলন। এছাড়া ইছামতী নদীর কাটাবাগান থেকে বারঘেরিয়া অবধি ৩ কি.মি. অংশে সংস্কারের কাজ চলছে এবং বারঘরিয়া থেকে কাবিলপুর অবধি ১১ কি.মি. অংশে সংস্কারের কাজ শীঘ্রই শুরু হবে।

(খ) প্রকল্প গুলিতে খরচ বাবদ মোট ৪০.৮৫ কোটি টাকা ধার্য করা হয়েছে।

(গ) উক্ত প্রকল্প গুলিতে ৩১শে ডিসেম্বর, ২০১৬ অবধি মোট ৭.৬২ কোটি টাকা ব্যয় হয়েছে।

(ঘ) জুন, ২০১৮-র মধ্যে বাকি কাজ শেষ হবে বলে আশা করা যায়।

শ্রী পুলিন বিহারী রায় : মাননীয় মন্ত্রী ইছামতী নদীর কথা বললেন, যমুনা নদীর কথা বলেননি। আমার বিধানসভা এলাকার মধ্যে দিয়ে এই যমুনা নদী প্রবাহিত। বর্তমানে যমুনা আর নদী পদবাচ্য নেই, একটা জলাশয় বা পুকুরে পরিণত হয়েছে। এর উৎস হল ত্রিবেণী সঙ্গম, সরস্বতী, সেটা অনেকদিন আগে বন্ধ হয়ে গেছে। এর মোহনাও বন্ধ হয়ে আছে। টিপিঘাট এবং টিপি-র যে জায়গা, সেই জায়গায় পলিমাটি পড়ে যমুনা নদী স্তব্ধ হয়ে গেছে। সেখানে কোন স্রোত নেই। এই যমুনা নদীটাকে সচল করার জন্য আপনার দপ্তরের কোন পরিকল্পনা আছে কি?

শ্রী রাজীব ব্যানার্জী : এর আগে টিপি থেকে কাটাবাগান অবধি ইছামতির ২ কি.মি. এবং টিপি থেকে চারঘাট অবধি ৯ কি.মি. অংশের পলি উত্তোলনের কাজ হয়েছে। আমি আবারও বলছি, আপনারা জানেন কি অবস্থার মধ্যে দিয়ে আমাদের মা-মাটি-মানুষের সরকার এসেছে, যেখানে বিগত সরকার কোন কাজই করেনি, ফলে আমাদের উপর সমস্ত দায় এবং দায়িত্ব বর্তে ছিল। এত আর্থিক প্রতিবন্ধকতার মধ্যেও আমাদের মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন কাজ করতে। যমুনাও ভীষণ ভাবে ভালনারেল অবস্থায় আছে। আমরা ইছামতীর কাজ এবারে শুরু করছি এবং যমুনার বাকি অংশের জন্য অর্থ বরাদ্দের অপেক্ষা করছি। এটা নিশ্চিত ভাবে আমাদের বিবেচনার মধ্যে আছে।

শ্রী পুলিন বিহারী রায় : বিগত ৩৪ বছর নয়, কংগ্রেস আমল থেকেও এই নদীর সংস্কার হয়নি। আগে যমুনা নদীতে জোয়ার-ভাঁটা খেলত, অনেকদিন সেটা বন্ধ হয়ে গেছে, এখন সেখানে স্রোত পর্যন্ত নেই। এই নদীর সঙ্গে অসংখ্য খাল সংযুক্ত আছে। বৃষ্টির জল সেইসব খাল দিয়ে যমুনা নদীতে পড়ত। সেইসব খালগুলোও এখন বন্ধ হয়ে গেছে। খালগুলি সংস্কার না হওয়ার

জন্য বর্ষার জলে নীচু জায়গাগুলো প্লাবিত হয়ে পড়ছে, চাষের জমি ক্ষতিগ্রস্থ হচ্ছে, ফসল নষ্ট হয়ে যাচ্ছে।

[11:30 – 11.40 a.m.]

তাই আমি স্যার বলি এই খাল সংস্কার করাটা অত্যন্ত প্রয়োজন। সেটার ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি কোন প্রকল্প গ্রহণ করা হয়েছে কি ?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধায়কের প্রশ্নের উত্তরে বলি অলরেডি আমি বলেছি যে আপনার এই খাল সংস্কারটা আমাদের বিবেচনার মধ্যে আছে এবং নিশ্চিতভাবে আমরা আগামী দিনে আলোচনাসাপেক্ষে এটা করবার জন্য চিন্তা-ভাবনা করছি।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় স্পীকার সাহেব, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে আমার প্রশ্ন ছিনুই থেকে দেবীপুর পর্যন্ত খাল সংস্কারের কাগজ-পত্র আপনাকে আমি দিয়েছিলাম। এই কাজটা করার কি কোন পরিকল্পনা আপনার আছে ?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওঁর প্রশ্নের উত্তরে জানাই, এর আগেও আমি এই সদনে বলেছি, এটাও ইতিহাস যে মা -মাটি- মানুষের সরকার আসার ফলে যেটা আগের সরকারের আমলে অ্যাভারেজ ১শো কিলোমিটারও খাল সংস্কার হয় নি, সেখানে আমরা বিগত পাঁচ বছরে নশো তিরিশ কিলোমিটার খাল সংস্কার করেছি। এই বছরও আমাদের তিনশো ষাট কিলোমিটারের পরিকল্পনা আছে। হয়তো সমস্ত খাল একসঙ্গে ধরা যাচ্ছে না। উনি একটা আবেদন দিয়েছেন সেটা অলরেডি বিবেচনায় আছে। সময়মতো আপনাকে জানিয়ে দেওয়া হবে।

শ্রী নরেশ চন্দ বাউড়ি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রীর কাছে আমার আবেদন আপনি যখন বীরভূম জেলায় গিয়েছিলেন, সেই সময়ে আমরা বিধায়করা আপনার সঙ্গে বসেছিলাম। একদিকে অজয় নদী, আর এক দিকে হিন্দোল নদী। মাঝে পলাশডাঙ্গা চর বসে সাত থেকে আট কিলোমিটার একটা বসতি আছে। আপনার কাছে আমরা আবেদন করেছিলাম যে হিন্দোল নদীর উপরে যদি ভাসা পুল করে দেন, তাহলে ওই এলাকার লোকেরা বাঁচবে। আপনি আমাদের আশ্বাস দিয়েছিলেন। এখন সেটা কতদূর সেই ব্যাপারে জানান।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি যে বীরভূম জেলায় আমি গিয়েছিলাম, ওঁরাও ছিলেন। মিটিং হয়েছিল। এই সদনে আমি জানাতে চাই, বীরভূম জেলায় মোটামুটি আপনাদের সমস্ত জনপ্রতিনিধিদের যা যা রিকোয়েস্ট ছিল, আমরা চেষ্টা করছি প্রায় সবটাই কমপ্লিট করতে। ন্যাচারালি আপনার রিকোয়েস্টটাও তার মধ্যে ধরা আছে।

গঙ্গার ভাঙন প্রতিরোধের পরিকল্পনা

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৫) **শ্রী কল্লোল খাঁ** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নাকাশিপাড়া বিধানসভা কেন্দ্রের অধীনে "দাদপুর, চরকুমলিপাড়া ও উদয়চন্দ্রপুরে" গঙ্গার ভাঙন প্রতিরোধে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকলে, তা কতদিনের মধ্যে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

শ্রী রাজীব ব্যানার্জী : (ক) নাকাশিপাড়া বিধানসভা কেন্দ্রের অধীনে দাদপুর, চরকুমলিপাড়া ও উদয়চন্দ্রপুরে গঙ্গার ভাঙন প্রতিরোধে এই মুহূর্তে কোন পরিকল্পনা নেই। তবে ২০১৬র

বর্ষা মরশুমে চরকুমলিপাড়ায় ভাঙনে ক্ষতিগ্রস্থ নদী-পাড়ে প্রয়োজনীয় সংরক্ষণের কাজ হয়েছে। এছাড়া, একটি সার্বিক ভাঙনরোধী কাজের পরিকল্পনা প্রস্তুতি স্বরূপ, কেন্দ্রীয় সংস্থা আই.ডব্লু.এ.আই.-র সাথে যৌথ সমীক্ষার কাজ চলছে।

(খ) এই মুহূর্তে বলা সম্ভব নয়।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, দাদপুর, চরকুমলিপাড়া, উদয়চন্দ্রপুর একেবারে ভাগীরথী গঙ্গার তীরবর্তী এলাকায় এই গ্রামগুলি। বিগত দিনে ব্যাপকভাবে কৃষিজমি গঙ্গায় তলিয়ে যায় এবং বিগত দিনে পরিকল্পনা তৈরি করে এই কৃষিজমি রক্ষার চেষ্টা করা হয় কিন্তু গঙ্গার এমন ভয়াবহ ভাঙন যে, এই গ্রামগুলি অত্যন্ত বিপন্ন হয়ে পড়েছে এবং ওই এলাকার মানুষ সবসময়ে আতংকিত যে, যে কোন সময়ে এই তিনটি গ্রাম তলিয়ে যেতে পারে। তাই আপনার কাছে প্রশ্ন যে, তদন্ত করে কেন্দ্রীয় সরকারের আই.ডব্লু.এ.আই.-র যে যৌথ সমীক্ষার কাজ চলছে সেই পরিকল্পনার ভেতরে এই গ্রামগুলিকে বাঁচানোর জন্য কোন পরিকল্পনা আপনার দপ্তর কি কোন কার্যকরী ভূমিকা নিচ্ছে।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি আপনি ঠিকই বলেছেন যে এই এলাকাটা ভাঙন প্রবণ এলাকা। এর আগেও আমি একটা উত্তর দিচ্ছিলাম যে গঙ্গার ভাঙনের জন্য যাদের মূল দায়-দায়িত্ব, যাদের দেওয়ার কথা, কেন্দ্রীয় সরকারের - মানে আমরা যে টাকা অলরেডি খরচ করে ফেলেছি যেটা স্যাংশনড প্রকল্প - প্রথম তো বরাদ্দ কমিয়ে দিল তার উপরে একটা টাকাও পর্যন্ত আমরা পাচ্ছি না। এই অবস্থায় একমাত্র আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে আমরা আমাদের স্টেটের টাকা থেকে যেটা আপনি বলছেন, যেটা গতবার আমরা করেছিলাম প্যালিয়েটিভ মেজারে। সেটাও কিন্তু আমরা আমাদের রাজ্যের টাকা থেকে আমরা করে দিয়েছি। এবারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথ সহায়তায় আমরা চেষ্টা করছি এবং তাদের সাথে রেগুলার ফলো আপ করা এবং ইঞ্জিনিয়ারদের সঙ্গে মিটিং করে আমরা যতটা সম্ভব দ্রুত যাতে এটা করা যায় তার জন্য ব্যবস্থা নেব। কিন্তু কেন্দ্রীয় সরকার - আপনারা বারবার দেখছেন, আমিও এর আগের প্রশ্নে উল্লেখ করেছি যে- তারা সেইভাবে সদুত্তর দিচ্ছে না সেটা আমরা আমাদের তরফ থেকে চেষ্টা করছি।

শ্রী শীতল কুমার সরদার : মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় জলপথ ও সেচ দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার প্রশ্ন রাখছি- আমাদের ফুলনদীতে যে ভাঙন দেখা দিয়েছে, আজকে মানিকপুর, রাজগঞ্জ, সারেঙ্গার বিভিন্ন জায়গায়, তাতে তিন-চারটি গ্রাম ভবিষ্যতে নদীগর্ভে চলে যাবে। যদি এই নদীকে সংস্কার করা হয় তাহলে আমার মনে হয় এই তিনটি গ্রাম বাঁচবে এবং বহু মানুষ উপকৃত হবে। এই ব্যাপারে আপনার কি কোন চিন্তা-ভাবনা আছে?

শ্রী রাজীব ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই - আপনার যে এলাকা, সেটাও কিন্তু কেন্দ্রীয় সরকারের কে .ও. পি. টি. র অধীন। আপনি জানেন এর আগেও আমরা এই ব্যাপারে মিটিং করেছি। কোলকাতা পোর্ট ট্রাস্ট জাহাজ চলাচলের জন্য পয়সা নেয় কিন্তু গঙ্গার ভাঙনের জন্য একটা টাকাও খরচা করে না। যার জন্য আমরা নিজেরা ডেকে মিটিং করেছি। ডি এম লেভেল ও জেলা শাসকদের লেভেল থেকেও মিটিং হয়েছে। কিন্তু একটা টাকাও তারা দেয় না। তারা বলে যে ভাঙন রোখার কাজ তাদের নয়। কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রী - তিনি নিজে কোলকাতায় এসেছিলেন। তাঁকে ঘুরিয়ে দেখিয়েছি। তিনি নিজে বলেছিলেন

কথা বলবেন। আশ্বাস দিয়ে গিয়েছিলেন কিন্তু এখনও কিছু হয়নি। কিন্তু তা সত্ত্বেও আপনার রিকোয়েস্ট মেনে বিগত দিনে কয়েকটা জায়গায় আমরা কাজ করেছি। আরও একটা জায়গার কথা বলেছেন। আমাদের মা-মাটি-মানুষের সরকার মানুষের জীবন-জীবিকা রক্ষা করবার চেষ্টা করছে। আমাদের তরফ থেকে কোথাও কোন আন্তরিকতার খেদ নেই। আমরা যতটা পারব দেব।

যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে অর্থ বরাদ্দ

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯) **শ্রী মানস মজুমদার :** অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ তপশিলি জাতি ও উপজাতি সম্প্রদায় অধ্যুষিত এলাকায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে কিছু রাস্তাঘাট তৈরির জন্য অর্থ বরাদ্দ করে;

(খ) সত্যি হলে, গোঘাট বিধানসভার সানবাধি থেকে কুলিয়া ও বেঙ্গাই চৌমাথা থেকে একলকি ব্রীজ পর্যন্ত রাস্তা দুটি সংস্কারের জন্য অর্থ বরাদ্দের কোনো চিন্তা দপ্তরের আছে কিনা; এবং

(গ) থাকলে, কবে নাগাদ কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

শ্রী চূড়ামণি মাহাত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্মানীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই-
ক) অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ থেকে সাধারণত এই ব্যাপারে অর্থ বরাদ্দ করা হয় না। তবে বিশেষ প্রয়োজনে ফাঁক পূরণের জন্য কখনও কখনও অর্থ বরাদ্দ করা হয়ে থাকে।

খ) এই ধরনের কোন পরিকল্পনা নেই।

গ) প্রশ্ন ওঠে না। কারণ ওনাকে আমি জানাই যদি এইরকম এস সি, এস টি, ওবিসি এলাকায় ছোট জায়গা থাকে, তার ফাঁক পূরণের জন্য বলেছি। সেগুলি আপনি এখানে প্রস্তাব দেবেন। এই প্রস্তাব দিলে আগামী দিনে চিন্তা-ভাবনা করা হবে।

[11:40 – 11.50 a.m.]

অনগ্রসর শ্রেণী কল্যাণে অর্থ ব্যয়

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের অনগ্রসর শ্রেণী কল্যাণে ১লা এপ্রিল, ২০১৬ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত মোট কত টাকা ব্যয় করা হয়েছে?

শ্রী চূড়ামণি মাহাত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা কর্তৃক উত্থাপিত প্রশ্নের উত্তরে বলি -

রাজ্যের অনগ্রসর শ্রেণী কল্যাণে ১লা এপ্রিল ২০১৬ থেকে ৩১শে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত -

(ক) পরিকল্পনা খাতে দেওয়া হয়েছে - ৬৭৪ কোটি ৭১ লক্ষ ৩৯ হাজার ৬১২ টাকা এবং

(খ) পরিকল্পনা বহির্ভূত খাতে দেওয়া হয়েছে - ১৬৫ কোটি ৮৩ লক্ষ ২১ হাজার ৮৮০ টাকা।

শ্রী বংকিমচন্দ্র হাজরা : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন ১লা এপ্রিল ২০১৫ থেকে ৩১শে মার্চ ২০১৬ সাপেক্ষে তপশিলি জাতি সম্প্রদায়ভুক্ত কতজনকে শংসাপত্র প্রদান করা হয়েছে, দয়া করে জানাবেন কি ?

শ্রী চূড়ামণি মাহাত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধায়ক সাহেবের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি, ওনার জেলায় এস.সি., এস.টি., ও.বি.সি.(এ), ও.বি.সি.(বি) - এই চারটে ক্যাটাগরিতে ২০১৫-১৬-র ৩১শে মার্চ পর্যন্ত যে সার্টিফিকেট ইস্যু হয়েছে সেটা হ'ল - এস.সি.তে ৩ লক্ষ ৫১ হাজার ৩৭০, এস.টি.তে ৭ হাজার ৯৪১, ও.বি.সি.(এ) তে ২ লক্ষ ২৭ হাজার ৮০৯, ও.বি. সি.(বি)তে ১ লক্ষ ৯০ হাজার ৭৪৪। সর্বমোট ৮ লক্ষ ৪০ হাজার ৮৬৪।

শ্রী বংকিমচন্দ্র হাজরা : স্যার, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় আপনাদের আশাকর্মীদের অনুকূলে আপনি কোনো সাইকেল প্রদান করেছেন কিনা এবং যদি করে থাকেন, তাহলে তার পরিমাণ কত ?

শ্রী চূড়ামণি মাহাত : মাননীয় বিধায়ক মহোদয়, এর উত্তর আমার কাছে আছে, তবে খোঁজাখুঁজিতে সময় চলে যাচ্ছে, আমি এটা আপনাকে দিয়ে দেবো।

*** প্রশ্ন ০৭**

শ্রী মিলটন রসিদ : ..... (অনুপস্থিত)।

*** প্রশ্ন ০৮**

মিঃ স্পীকার : শ্রী সমীর কুমার জানা, আপনার কোয়েশ্চেনটা হেল্ডওভার হ'ল, মাননীয় মন্ত্রী আজকে আসতে পারেননি, তিনি আমাকে চিঠি দিয়ে জানিয়েছেন। এটা হেল্ডওভার হ'ল। এটা ওনার নেক্স্ট প্রশ্নোত্তর পর্বে হবে।

*** প্রশ্ন ০৯**

শ্রী প্রদীপ কুমার সাহা : ..... (অনুপস্থিত)।

*** প্রশ্ন ১১**

শ্রী শেখ ইব্রাহিম আলি : ..... (অনুপস্থিত)।

*** প্রশ্ন ১২**

শ্রী শ্রীকান্ত মাহাত : ..... (অনুপস্থিত)।

*** প্রশ্ন ১৩**

শ্রী অসিত মিত্র : ..... (অনুপস্থিত)।

সাক্ষরতা কর্মসূচীর অগ্রগতি

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯) **শ্রী কালিপদ মন্ডল :** জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে সাক্ষরতা কর্মসূচীর অগ্রগতি কীরূপ; এবং

(খ) সাক্ষরতার হার কত?

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় সদস্য শ্রী কালিপদ মন্ডলের উত্তর আমি দিচ্ছি, ক) আমাদের রাজ্যে মোট নয়টি জেলায় (বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর, জলপাইগুড়ি, কোচবিহার) কেন্দ্র ও রাজ্য সরকারের উদ্যোগে সাক্ষর ভারত কর্মসূচী চলছে। এ পর্যন্ত মোট ১৩টি মূল্যায়ন সম্পন্ন হয়েছে। রাষ্ট্রীয় মুক্তবিদ্যালয় দ্বারা ৪৯,৪২,৩৩৭ জন বয়স্ক পড়ুয়ার মধ্যে মোট ৩৯,৮৭,৬১৩ জন পড়ুয়া শংসাপত্র পেয়েছে। খ) ৭৩.২৭% (২০১১-এর জনগণনা অনুযায়ী)।

শ্রী কালিপদ মন্ডল : রাজ্যের সাক্ষরতা কর্মসূচীর জন্য আমাদের সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী : সাক্ষরতার প্রশ্নে বছরে দুবার মূল্যায়ন হয়, একবার হয় মার্চ মাসে, আর একবার হয় আগস্ট মাসে। গত ৩১শে আগস্ট ২০১৬ এই মূল্যায়ন হয়েছে, এবং এই মূল্যায়ন ৯টি জেলায় হয়েছে। ১১,২৭,১৩২ জন এই মূল্যায়নে অংশ নিয়েছেন। এর মধ্যে ৮ লক্ষ ৯৬ হাজার ৯৯১ জন পড়ুয়া এখানে শংসাপত্র পেয়েছে।

শ্রী কালিপদ মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন সাক্ষরতার হার ৭৩.২৭% এখন কিন্তু আমরা অনেকটা পিছিয়ে আছি। আপনি যে ৯টি জেলার কথা বললেন, অন্যান্য জেলায় এই সাক্ষরতা বিস্তারের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী : ২০১১ সালের জনগণনা অনুযায়ী জেলাভিত্তিক যে রিপোর্ট আছে সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আপনার উত্তরে আমি পেশ করছি, দার্জিলিং জেলায় সাক্ষরতার হার ৭৯.৫৬%, পুরুষ, মহিলা কি বলবো ?

মিঃ স্পীকার : লম্বা তালিকা থাকলে আপনি দিয়ে দিতে পারেন।

শ্রী অসীম কুমার মাঝি : স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন সাক্ষরতা পরবর্তী সময়ে জনশিক্ষার নামে কিছু কেন্দ্র চলছিল। সেই জনশিক্ষা কেন্দ্রের আর কোন অস্তিত্ব আছে বর্তমান পরিস্থিতিতে ?

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী : রাজ্যে পশ্চিমবঙ্গ সরকারের অধীনে দুটি বিভাগের মধ্যে এটা হল একটি প্রধান বিভাগ, সাক্ষরতা বিভাগ। সেই বিভাগের মাধ্যমে আমরা কাজ করে থাকি। সুনির্দিষ্ট প্রশ্ন হলে উত্তর দেওয়া সহজ।

শ্রীমতী সোনালী গুহ : স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন উনি যে কটি জেলায় সাক্ষরতার কথা বললেন তাতে আপনি যদি শতাংশ অনুযায়ী পুরুষ বা মহিলার কথা বলেন তাহলে আমাদের সুবিধা হয়।

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী : এটা লিখিত ভাবে জানালে আমি আপনাকে জানিয়ে দেব।

[11:50 – 12.00 Noon.]

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় গ্রন্থাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার প্রশ্ন, আমাদের সাঁকড়াইলয়ে 'পল্লীমঙ্গল' গ্রন্থাগার ১০০ বছরের প্রাচীন। এখানে ২০০ থেকে ২৫০ মানুষ এই লাইব্রেরীর সঙ্গে যুক্ত। কিন্তু অর্থাভাবে

এই লাইব্রেরীর যা অবস্থা, ভগ্নদশা অত্যন্ত করুণ হয়ে গিয়েছে। আপনাকে আমি পত্র দিয়ে জানিয়েছি। যদি এই ব্যাপারে একটু আলোকপাত করেন তাহলে আমার মনে হয় ভালো হয়।

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী : আজকে যে প্রশ্ন তার মধ্যে এটা নেই। আপনি লিখিত ভাবে প্রশ্নোত্তর চাইলে আমি মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আপনাকে জানিয়ে দেবো।

মিঃ স্পীকার : উনি যেটা বলেছেন, আপনি একটু দেখবেন কারণ ১০০ বছরের প্রাচীন লাইব্রেরী তো এটা একটু দেখবেন।

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী : আমি মাননীয় মন্ত্রী এবং মাননীয় বিধায়কদের পৃথকভাবে ফাইল তৈরি করেছি। আপনারা দৃষ্টি আকর্ষণ করেছেন, ফাইল পেলেই আমরা সেই কাজগুলো করার চেষ্টা করছি।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন পশ্চিম বাংলায় মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সারা পশ্চিমবঙ্গে যেরকম নির্মল বাংলা তৈরির উদ্যোগ নিয়েছে সেইরকম ভাবে আপনার দপ্তর স্বাক্ষরতা মিশন তৈরির ব্যাপারে কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন জানাবেন কি?

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী : আমরা এই বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে যোগাযোগ রেখেছি। এই পুরো ব্যাপারটা শিক্ষা বিভাগের সঙ্গে সম্পর্কিত। মাননীয় শিক্ষামন্ত্রী, তার দৃষ্টি আকর্ষণ করে তাঁর পরামর্শ নিয়েছি এবং নিচ্ছি। পশ্চিমবঙ্গ সরকার তথা মা-মাটি-মানুষের সরকার এই বিষয়ে খুব দায়িত্ব পরায়ণ। এক্ষেত্রে মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আমার যে অনুভূতি, আমার যে উত্তর সে ব্যাপারে আপনাদের সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। স্বাধীনতার প্রায় ৬৯ বছর পরেও এ কথা আমাদের শুনতে হচ্ছে বা হয়েছে যে, কেন নিরক্ষর থাকবো বা রাখবো। সে প্রশ্নে সকলের সহযোগিতা আমাদের দপ্তর কামনা করে শুধু মন্ত্রীর নয়। পঞ্চায়েত পর্যায়, সমিতি পর্যায়, জেলা পরিষদ পর্যায়, বিধায়ক এবং সাংসদ পর্যায় সকলে মিলিতভাবে যদি সহযোগিতার হাত বাড়ান মাননীয় শিক্ষামন্ত্রীর মাধ্যমে আমরা নিরসন করতে পারবো।

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে একটা প্রশ্ন রাখছি। যেহেতু বিভাগটি গ্রন্থাগার পরিষেবা এবং জনশিক্ষা প্রসার। মন্ত্রী মহোদয়ের সঙ্গে একটি সভায় আমি ছিলাম তাতে মন্ত্রী মহোদয় অত্যন্ত সুন্দর ভাবে এই গ্রন্থাগার পরিষেবা এ্যাক্টিভিটির সঙ্গে জনশিক্ষা প্রসারের এ্যাক্টিভিটি যুক্ত করে, জনশিক্ষা প্রসারকে আরও ত্বরান্বিত করার ব্যবস্থা গ্রহণের কথা বলেছিলেন এবং কিছু কিছু পরিকল্পনার কথাও বলেছিলেন। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে সেই সেই পরিকল্পনা সম্পর্কে একটু বিস্তারিত কথা এই সদনে শুনতে চাইছি যাতে করে আমরা আমাদের কার্যক্রম নির্দিষ্ট করতে পারি।

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে জানাই, একটি বিভাগ হল জনশিক্ষা প্রসার আর একটি বিভাগ হল লাইব্রেরী পরিষেবা - গ্রন্থাগার পরিষেবা। এখন দুটির প্রশ্নের উত্তরে আমাদের যে ভাবনা এবং যে ভাবে রাজ্য পর্যায় রিপোর্ট আমাদের কাছে এসেছে, বিগত ২৭ বছর ধরে এই দপ্তরে পূর্বে সরকার যারা ছিলেন, বামফ্রন্ট সরকার, কিছুই তারা করেনি। আমি নিজে দায়িত্ব নেওয়ার পর চেষ্টা করছি। এ পর্যন্ত প্রায় ১১টি জেলায় রিভিউ মিটিং করেছি। ২৭ বছরে কোন দিন রিভিউ মিটিং হয়নি। সেই রিভিউ মিটিংয়ে মাননীয় সাংসদ, মাননীয় বিধায়ক, মাননীয় মন্ত্রী, জেলা শাসক, জেলা পরিষদের সভাধিপতি এছাড়া যারা ডিস্ট্রিক্ট লাইব্রেরীয়ান আছেন, ডি.এল.ও. আছেন সকলকে নিয়ে মিটিং করেছি। এই মিটিংয়ে যেটা উঠে এসেছে যে, জনসংযোগের অভাব, ভাবনার অভাব।

আমাদের দপ্তর সুনির্দিষ্টভাবে গুটি গুটি পায়ে আমরা অগ্রগতির কথা ভাবছি। অনেক পদক্ষেপ নিয়েছি। যেমন, লাইব্রেরীর ক্ষেত্রে আমরা সিদ্ধান্ত নিয়েছি বছরে ৫২টি দিবস আমরা পালন করব। যে, ৫২টি দিবসে মনীষী গুণিজন তাঁদের নিয়ে আলোচনা হবে যাতে জনসংযোগ বাড়ে। বিশেষভাবে যেসব বিষয়ে অভাব অনুভব করছি, যেমন, সাম্প্রদায়িকতা। আমরা লাইব্রেরী বা গ্রন্থাগার পরিষেবার মাধ্যমে সম্প্রীতির ক্ষেত্রে জনসংযোগ বাড়িয়ে সকলের সঙ্গে একটা দিবস পালন করতে পারি। যেমন, নারীকল্যাণের বিষয় আমরা পদক্ষেপ নিতে পারি। যেমন, অন্যান্য আরো বিষয়। এছাড়া লাইব্রেরীতে আমি দেখেছি উত্তরবঙ্গে গিয়ে প্রায় ১০০ লাইব্রেরী এমন আছে, যেখানে শৌচালয় নেই, পানীয় জলের কোনো ব্যবস্থা নেই। আমার খুব দুঃখ হয়েছে। এতদিন দপ্তর চলছে, বামফ্রন্ট সরকার তারা করেছিলেন কি ? মন্ত্রীই বা কি করেছিলেন ? কোনো উত্তর তারা দিতে পারেনি। জেলাশাসক বলেছেন যেহেতু আমাদের দায়িত্ব আছে, আপনার দপ্তর অথবা লাইব্রেরীয়ান বললে, আমরা সদর্থক ভূমিকা পালন করব। পানীয় জলের ক্ষেত্রে মাননীয় সুব্রত মুখার্জী তাঁর কাছে আমি চিঠি পাঠিয়েছি যে, যেসমস্ত লাইব্রেরীতে পানীয় জল নেই আপনি পানীয় জলের ব্যবস্থা করে দিন। আমাদের মাননীয় মন্ত্রী খুব দায়িত্ব নিয়ে উত্তর পাঠিয়েছেন যে, কোন কোন লাইব্রেরীতে পানীয় জলের ব্যবস্থা নেই, সেটা আমি গ্রহণ করছি এবং সেইভাবে পদক্ষেপ নেব। সেই সাথে মহিলাদের পৃথকভাবে পড়ার কোনো ব্যবস্থা ছিল না। আমরা সিদ্ধান্ত নিয়েছি স্পেস থাকলে মহিলাদের পৃথক বসার ব্যবস্থা। ঠিক সেইভাবে ছোটো বাচ্চা যারা লাইব্রেরীতে পড়াশুনা করে, তাদের জন্য পৃথক ব্যবস্থা এই সমস্ত নানাবিধ পরিকল্পনা নিয়ে আমরা এগিয়ে যাচ্ছি। আপনাদের সদর্থক সহযোগিতা থাকলে এবং এরপরেও আরো একটি বিষয়ে মাননীয় অধ্যক্ষের মাধ্যমে উপস্থাপিত করতে চাইছি, প্রত্যেক জেলায় আমরা একটা ম্যাপ করছি। যে ম্যাপের মাধ্যমে জানা যাবে যে, কোন পঞ্চায়েতে কোন বিধায়কের এলাকায় লাইব্রেরী আছে বা নেই। সেইসাথে জনশিক্ষা প্রসারে যেসমস্ত স্কুল আমরা চালাই তা কোন এলাকায় স্কুল আছে বা নেই। খুব তাড়াতাড়ি অতি সত্বর এই ম্যাপ আপনাদের হাতে আমাদের দপ্তর তুলে দেবে। আপনাদের সহানুভূতি থাকলে অনেক কাজ আমরা করতে পারবো। ধন্যবাদ।

শ্রী তাপস রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় গ্রন্থাগার মন্ত্রীর কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন। এটা ঘটনা, ঠিকই বলেছেন মন্ত্রী মহোদয় যে, গ্রন্থাগারগুলি বিগত তিন দশকের উপর আমরা সরকারে আসার আগে অবহেলিত ছিল। অবহেলিত ছিল আমাদের মনীষীরা। ৫২ সপ্তাহে বছর, আপনি যে বললেন, ৫২টি দিন ঠিক করা হয়েছে, তাহলে সেক্ষেত্রে যেসমস্ত গ্রন্থাগারগুলো ধুঁকছে তাদের এই ৫২টি সপ্তাহ বা ৫২টি দিন পালনের প্রেক্ষিতে কোনো সাহায্য বা মনীষীদের জন্মদিন বা আলোচনা সভা করার জন্য এবং বই দেওয়ার ক্ষেত্রে কি পরিকল্পনা আপনার দপ্তর নিয়েছে?

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, আমাদের দপ্তর ঠিক করেছে, ৫২টি দিবস যেসমস্ত লাইব্রেরী পালন করবে, প্রতিদিন ১০০০ টাকা করে আমাদের দপ্তর দেবে। অতিরিক্ত প্রায় ১২ কোটি টাকার দায়ভার আমাদের দপ্তরের ঘাড়ে চাপবে। আমরা সেটা বহন করব। এরপরের যে প্রশ্ন, বই সিলেকশানের ক্ষেত্রে এর আগে দেখা যেত কোলকাতা থেকে বসে বসে সিলেকশন কমিটি তারা বই নির্বাচন করতেন। কোন জেলায় কোন বই যাবে। আমরা আমাদের দপ্তর আলোচনা করে সিদ্ধান্ত নিয়েছি, জেলা পর্যায়ে আলোচনায় ঠিক হবে তারা ঠিক করবেন যে, কোন কোন জেলায় কোন কোন বই প্রয়োজন। সেক্ষেত্রে এই তালমেল লিখে এই বইপত্র আমরা দিতে পারবো না। তবে একটি সত্য কথা আমি মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এক কোটি আশি লক্ষ বই

২৪৮০টি লাইব্রেরীতে - পাঠকের সংখ্যা এক শতাংশ। এটা খুব ভাবনার বিষয়। কীভাবে আমরা পাঠক বাড়াতে পারবো, জনগণকে বইমুখী করতে পারবো, আপনাদের সাহায্য আমরা প্রার্থনা করি। ধন্যবাদ।

Starred Questions

(to which answers were laid on the 'Table')

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের অনুমোদিত প্রকল্প

*১। (অনুমোদিত প্রশ্ন নং *4) **শ্রী রফিকুল ইসলাম** : উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে দক্ষিণ দিনাজপুর জেলার কোন কোন প্রকল্প উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের অনুমোদন পেয়েছে;

(খ) ওইরূপ অনুমোদিত প্রকল্পগুলির আনুমানিক ব্যয়বরাদ্দ কত; এবং

(গ) প্রকল্পগুলির রূপায়ণের ক্ষেত্রে বর্তমান স্ট্যাটাস রিপোর্ট কী ?

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

22 নং প্রকল্প (বিস্তারিত তথ্য নীচে দেওয়া হল)

খ ও গ-এর উত্তর দেওয়া হল।

উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর দ্বারা গৃহীত দক্ষিণ দিনাজপুর জেলার প্রকল্প তালিকা ২০১৬ - ২০১৭

সংযোজনী - A

ক্রমিক সংখ্যা	প্রকল্পের নাম	অনুমোদিত অর্থ (খ)	বর্তমান অবস্থা।
১	বালুরঘাটের বৈদ্যুতিক চুল্লী (সীমানা প্রাচীর, ভূগর্ভস্থ জলাধার, জেনারেটার কক্ষ, ড্রেন, চিমনির ভিত্তি ও পারিপার্শ্বিক সৌন্দর্যায়ন) নির্মাণের অবশিষ্ট কাজ।	৩৭.৭৫	৭ % কাজ হয়েছে
২	দক্ষিণ দিনাজপুর জেলায় বাটুন থেকে চান্দমুয়া হয়ে কলিঙ্গনগর পর্যন্ত সড়ক নির্মাণ (গ্রাম পঞ্চায়েত নং ৮) (০.৯ কি.মি.)।	৬০.২৩	১৮ % কাজ হয়েছে।
৩	তপন ব্লকের অধীনস্থ ডাঙ্গা গ্রাম পঞ্চায়েত হাতিশালা সংকোইর থেকে জলাইগড় হাতিপাড়া হায় মাধবপাড়া এয়ারপোর্ট মোড় পর্যন্ত সড়ক নির্মাণ (৩০০ মিটার)।	১৯৫.৫৮	২০ % কাজ হয়েছে।
৪	বুনিয়াদপুর বংশাহারি ব্লকের নিকটস্থ রায়গঞ্জ-কালিয়াগঞ্জ-বুনিয়াদপুর সড়কের ৫৪.০০ কিমি বিন্দু থেকে ৫৫.৬০ কিমি বিন্দু পর্যন্ত রাস্তার অংশ সহ রাস্তার পাশের ড্রেন নির্মাণ।	২৯৮.৮৫	দরপত্র আহ্বান করা হচ্ছে।
৫	বালুরঘাট ব্লকের অন্তর্গত মঙ্গলপুর (বল্টু ঘোষের দোকানের নিকটস্থ) থেকে চাকবাখর জঙ্গলপুর হয়ে মালঞ্চ হাই রোড নির্মাণ (৬০০০ মিটার)।	৩৯৫.০৯	২০ % কাজ হয়েছে।
৬	বালুরঘাট পৌরসভার অধীনে বালুরঘাট শহরের বিভিন্ন স্থানে বিদ্যমান বৈদ্যুতিক খুঁটিতে প্রচলিত পথবাতির পরিবর্তে বিদ্যুৎ সাশ্রয়ী এলইডি পথবাতি প্রতিস্থাপন।	১০০.৫৯	ওয়ার্ক অর্ডার ও লেআউট দেওয়া হয়েছে।
৭	বুনিয়াদপুরের সুকান্ত ভবন নির্মাণের অবশিষ্ট কাজ।	১০৫.৬০	দরপত্র আহ্বান করা হচ্ছে।

৮	তপন ব্লকের অধীনে বনদীঘি থেকে শ্রীরামপুর হয়ে কৃষবাটি মোড় পর্যন্ত পাকা সড়ক নির্মাণ (৪.৫০ কিমি)।	৩০৪.২৬	কাজের আদেশ জারি
৯	ডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের বালুরঘাট ব্লকের অধীনে দেবরাবাড়ি থেকে নাজিরপুর পর্যন্ত পাকা সড়ক নির্মাণ (৪.০০ কিমি)।	২৮৩.০৫	১৬ % কাজ হয়েছে।
১০	দক্ষিণ দিনাজপুর জেলার অন্তর্গত কুশমুন্ডি ব্লকের মালিগাঁও গ্রাম পঞ্চায়েতের অধীনে দুর্গাপুর থেকে শিমুঙ্গডাঙ্গা হয়ে নিমকুড়ি ডাঙ্গাপাড়া পর্যন্ত কংক্রিটের সড়ক নির্মাণ (বিস্তৃতি ৫.৮০ কিমি)।	৪১৭.১৮	কাজের আদেশ জারি।
১১	দক্ষিণ দিনাজপুর জেলার অন্তর্গত কুশমুন্ডি ব্লকের অধীনে আমিনপুর বটতলা থেকে কামরূপ বারিপুকুর হয়ে বাসিল পর্যন্ত পাকা সড়ক নির্মাণ (বিস্তৃতি ২.৬০ কিমি)।	১৬৯.০৭	১০ % কাজ হয়েছে।
১২	দক্ষিণ দিনাজপুর জেলার অন্তর্গত বালুরঘাট ব্লকের অধীনে ৬ নং ডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের মাহিনগর ডিপটিউবওয়েল মোর থেকে বাদলপুর ধানতারা বিজয়শ্রী হয়ে মাহাভ পাড়া তিন মাথা মোর পর্যন্ত পাকা সড়ক নির্মাণ (বিস্তৃতি ৪.৭০ কিমি)।	২৭৫.৬৭	ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে।
১৩	দক্ষিণ দিনাজপুর জেলার অন্তর্গত হিলি / বালুরঘাট ব্লকের অধীনে তাহেরচক প্রধান সড়ক থেকে করিমগুটিন সেতু হয়ে মুনোইল পর্যন্ত পাকা সড়ক নির্মাণ (বিস্তৃতি ৪,৭০ কিমি)।	৩১১.৯৩	দরপত্র আহ্বান করা হচ্ছে।
১৪	দক্ষিণ দিনাজপুর জেলার অন্তর্গত হিলি ব্লকের অধীনস্থ হিলি হাসপাতাল মোড়, ৫১২ নং জাতীয় সড়ক, সি পি ডাবলু ডি সড়কের দিক থেকে হিলি এস. বি. এস. সরকারি মহাবিদ্যালয় হয়ে মেরাআপটায়ার পর্যন্ত পাকা সড়ক সহ কালভার্ট ও নালা নির্মাণ।	১২৬.৫৭	১০% কাজ হয়েছে।
১৫	তপন ব্লকের অধীনে সারিফাবাদ পি.এম.জি.এস.ওয়াই. রাস্তা থেকে দুর্গাপুর হয়ে ভাকুয়ার রেশন দোকান পর্যন্ত পাকা সড়ক নির্মাণ (বিস্তৃতি ৮. ১০ কিমি)।	৪৯৪.৩৮	এস্টিমেট তৈরি হয়েছে।
১৬	কুমারগঞ্জ ব্লকের অধীনে পাতিরাম কদমতলি মোর থেকে বাটুন হয়ে উজিরপুর পর্যন্ত পাকা সড়ক নির্মাণ (বিস্তৃতি ৯.৫ কিমি)।	৪৪৬.৯৪	প্রকল্প অনুমোদিত হয়েছে।
১৭	দক্ষিণ দিনাজপুর জেলার অন্তর্গত তপন ব্লকের অধীনস্থ ৫১২ নং জাতীয় সড়ক থেকে বোল্লা মন্দির পর্যন্ত সড়কের প্রসার ও সশক্তিকরণ (বিস্তৃতি ১.৫ কিমি)।	১৬১.২৫	দরপত্র আহ্বান করা হচ্ছে।
১৮	দক্ষিণ দিনাজপুর জেলার অন্তর্গত কুমারগঞ্জ ব্লকের অধীনে সাফানগর তেলিপুকুর থেকে কালিপুর (শোভাগ্রাম) পর্যন্ত কংক্রিটের সড়ক নির্মাণ (বিস্তৃতি ১.৭০ কিমি)।	১২৬.২১	দরপত্র আহ্বান করা হচ্ছে।
১৯	দক্ষিণ দিনাজপুর জেলার অন্তর্গত জাদবপুর গ্রাম, কুশমুন্ডি থানার অন্তর্গত কুমারচক রোড থেকে অখিরাপাড়া হয়ে ননাহারপাড়া হাসপাতাল পর্যন্ত পাকা রাস্তা নির্মাণ (বিকৃতি ৪.৫০ কিমি)।	২৬৫.৪৩	দরপত্র আহ্বান করা হচ্ছে।
২০	দক্ষিণ দিনাজপুর জেলার অন্তর্গত গঙ্গারামপুর পৌরসভার অধীনে গঙ্গারামপুরের বিভিন্ন স্থানে বিদ্যমান বৈদ্যুতিক খুঁটিতে প্রচলিত পথবাতির (যেমন এস.ভি / এম.এইচ / এফ.এল.টি/ সি.এফ.আই) পরিবর্তে বিদ্যুৎ সাশ্রয়ী এলইডি পথবাতির প্রতিস্থাপন।	৯৩.৪৭	দরপত্র আমন্ত্রিত।
২১	দক্ষিণ দিনাজপুর জেলার অন্তর্গত গঙ্গারামপুর পৌরসভার অধীনে বুনিয়াদপুর মহকুমার বিভিন্ন স্থানে বিদ্যমান বৈদ্যুতিক খুঁটিতে প্রচলিত পথবাতির (যেমন এস.ভি / এমএইচ/ এফ.এল.টি / সি.এফ.এল) পরিবর্তে বিদ্যুৎ সাশ্রয়ী এল ই ডি পথবাতির প্রতিস্থাপন।	৮৬.০৯	দরপত্র আমন্ত্রিত।
২২	দক্ষিণ দিনাজপুর জেলায় কুমারগঞ্জ ব্লকের অধীনে পশ্চিম মামুদপুর থেকে হাজরা পুকুর এ. পি. বিদ্যালয়, বাকরা পূর্ব গোবিন্দপুর হয়ে পূর্ব বিজলিপাড়া পর্যন্ত পাকা সড়ক নির্মাণ (বিস্তৃতি ৫,০০ কিমি)।	৩০০.১৮	দরপত্র আহ্বান করা হচ্ছে।
	সর্বমোট	৫০৪৯.৩৭	

বীরভূম জেলায় নদী বাঁধ সংস্কার

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬) **শ্রীমতী শ্যামলী প্রধান** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলায় নদী বাঁধ সংস্কারের কোনো পরিকল্পনা নেওয়া হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে, কোন কোন বাঁধ সংস্কার করা হবে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ,বীরভূম জেলায় নদী বাঁধ/নদী পাড় সংস্কারের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(খ) এর মধ্যে আছে খয়রাসোল, নানুর, ইলামবাজার ও বোলপুর ব্লকে অজয় নদীর পাড় সংস্কার, কান্দী মাস্টার প্ল্যানের আওতায় সাঁইথিয়া, ময়ূরেশ্বর-২, মহম্মদ বাজার ব্লক গুলিতে ময়ূরাক্ষী নদীর বাঁধ সংস্কার।

স্বনিযুক্তি প্রকল্পে স্বনির্ভরতায় আর্থিক সহায়তা

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে তপশিলি ও আদিবাসী যুবক-যুবতীদের স্বনিযুক্তি প্রকল্পে স্বনির্ভরতায় আর্থিক সহায়তার লক্ষ্যমাত্রা কত ছিল; এবং

(খ) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে এই সহায়তা কতজনকে দেওয়া সম্ভব হয়েছে?

অগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৬-১৭ অর্থবর্ষে তপশিলি জাতি ও আদিবাসী যুবক যুবতীদের বিভিন্ন স্ব-নিযুক্তি প্রকল্পে স্ব-নির্ভরতায় আর্থিক সহায়তায় লক্ষ্যমাত্রা ছিল নিম্নরূপ ঃ

তপশিলি জাতি	-	৬০৫২০
আদিবাসী	-	২১৭৫৬
মোট	-	৮২২৭৬

(খ) ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সহায়তা প্রাপকের সংখ্যা :

তপশিলি জাতি	-	৪৩৪৩৪
আদিবাসী	-	১৪৮২৫
মোট	-	৫৮২৫৯

দ্বারকা ও ব্রাহ্মণী নদীর উপর সেতু নির্মাণ

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫) **শ্রী মিলটন রসিদ** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার তারাপীঠ ও মাড়গ্রামকে সংযুক্ত করার জন্য দ্বারকা নদীর উপর সেতু নির্মাণ ও ব্রাহ্মণী নদীর দেবগ্রাম ঘাটে সেতু নির্মাণের কাজ দুটি বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত কাজ কতদিনের মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বীরভূম জেলার তারাপীঠ ও মাড়গ্রামকে সংযুক্ত করার জন্য দ্বারকা নদীর উপর সেতু নির্মাণ ও ব্রাহ্মণী নদীর দেবগ্রাম ঘাটে সেতু নির্মাণের কাজ বীরভূম জেলা পরিষদ করছে। এরজন্য প্রয়োজনীয় কারিগরী সহায়তা এই বিভাগ, জেলা পরিষদকে প্রদান করেছে।

(খ) এই বিষয়ে তথ্য জেলা পরিষদ থেকে পাওয়া যেতে পারে।

ইনফোসিসকে জমি প্রদান

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭) **শ্রী প্রদীপ কুমার সাহা** : তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইনফোসিসকে প্রদত্ত জমির পরিমাণ কত;

(খ) উক্ত জমির মূল্য ইনফোসিস মিটিয়ে দিয়েছে কিনা; এবং

(গ) (১) উক্ত সংস্থা কবে নাগাদ কাজ শুরু করবে; ও

(২) কত ছেলেমেয়ের কর্মসংস্থান হবে বলে আশা করা যায় ?

তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগ থেকে ইনফোসিসকে কোন জমি দেওয়া হয়নি। এই বিভাগে উপলব্ধ তথ্য অনুযায়ী ইনফোসিসকে রাজারহাটে জমি দিয়েছে পুর ও নগরোন্নয়ন বিভাগের অধীনস্থ হিডকো কর্তৃপক্ষ। হিডকোর বরাদ্দপত্র অনুযায়ী প্রদত্ত জমির পরিমাণ ৫০ একর।

(খ) এ বিষয়ে তথ্য প্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগে কোনও তথ্য নেই। হিডকো থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রদত্ত জমির মূল্য ইনফোসিস পুরো মিটিয়ে দিয়েছে।

(গ) (১) এ বিষয়ে বর্তমানে তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগে কোনও তথ্য নেই।

(২) এ বিষয়ে বর্তমানে তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগে কোনও তথ্য নেই।

রূপনারায়ণ নদীর পাড় সংস্কার

* ১১। (অনুমোদিত প্রশ্ন নং *২২০) **শ্রী সেক ইব্রাহিম আলি** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোলাঘাট ব্লকের দেনান থেকে পীরতলা পর্যন্ত রূপনারায়ণ নদীর পাড় সংস্কারের পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) কোলাঘাট ব্লকে দেনান থেকে পীরতলা অবধি এলাকায় রূপনারায়ণ নদীর ডান পাড় বরাবর ৪৬০ মি. দৈর্ঘ্যের একটি ভাঙনরোধী কাজের পরিকল্পনা করা হয়েছে, যার ব্যয়মূল্য ৩.২০ কোটি টাকা।

(খ) প্রয়োজনীয় অর্থের সংস্থান হলে কাজ শুরু হবে।

কুড়মী সম্প্রদায়কে তপশিলি উপজাতির তালিকাভুক্তকরণ

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯) **শ্রী শ্রীকান্ত মাহাত** : অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কুড়মী সম্প্রদায়কে তপশিলি উপজাতির তালিকাভুক্ত করার জন্য যে সার্ভে হয়েছিল তা সি.আর.আর. মাধ্যমে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট বিভাগে কি পাঠানো হয়েছে; এবং

(খ) না হয়ে থাকলে, তার কারণ কী?

বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

ক) না।

খ) সি আর আই এ ব্যাপারে সমীক্ষা করছে। সমীক্ষার ফলাফলের উপর রাজ্য সরকার পরবর্তী পদক্ষেপ নেবে।

বনাঞ্চলের পরিমাণ বৃদ্ধি

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৭০) **শ্রী অসিত মিত্র** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৫ই জানুয়ারি, ২০১৭ সাপেক্ষে রাজ্যে বনাঞ্চলের মোট পরিমাণ কত; এবং

(খ) উক্ত বনাঞ্চলের পরিমাণ বৃদ্ধির জন্য রাজ্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৫ জানুয়ারি, ২০১৭ সাপেক্ষে রাজ্যে বনাঞ্চলের মোট পরিমাণ ১১৮৭৯ বর্গ কিমি অর্থাৎ ১১,৮৭,৯০০ হেক্টর।

(খ) প্রতি বছরই নির্দিষ্ট বনাঞ্চলের মধ্যেই / ক্ষয়িষ্ণু জমিতে এবং বনাঞ্চলের বাইরে ফাঁকা জায়গায় গাছ লাগিয়ে বন-আচ্ছাদন (forest cover)বাড়িয়ে তোলা হয়। এছাড়াও জনসাধারণের মধ্যে গাছের চারা বিতরণের মাধ্যমে বন-আচ্ছাদন বৃদ্ধির প্রচেষ্টা চলছে।

ছাত্রবৃত্তি দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্য

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৪) **ডঃ সুখবিলাস বর্মা** : অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবর্ষগুলিতে তপশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছাত্র-ছাত্রীদের ছাত্রবৃত্তি দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্য কত ছিল; এবং

(খ) উক্ত উদ্দেশ্যে ২০১৬-১৭ অর্থবর্ষের ডিসেম্বর পর্যন্ত কেন্দ্রীয় সরকার থেকে কত টাকা পাওয়া গেছে?

অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

ক) ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবর্ষগুলিতে তফশিলি জাতি, ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছাত্র-ছাত্রীদের ছাত্রবৃত্তি দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের অর্থ

সাহায্য দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকার যথাক্রমে ২৭৪ কোটি ১ লক্ষ ৫৫ হাজার ৮০০ টাকা, ১৯৪ কোটি ৮৮ লক্ষ ৮১ হাজার টাকা এবং ৯৮ কোটি ১৯ লক্ষ ১৪ হাজার টাকা অর্থ সাহায্য দিয়েছিল।

উক্ত অর্থবর্ষে তপশিলি উপজাতি ছাত্রছাত্রীদের ছাত্রবৃত্তি দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকার যথাক্রমে ৪৬ কোটি ৬০ লক্ষ ৬৩ হাজার টাকা, ২ কোটি ৩৭ লক্ষ টাকা, এবং ৩১ কোটি ৮৫ লক্ষ ৪৬ হাজার টাকা অর্থ সাহায্য দিয়েছিল।

খ) ২০১৬-১৭ অর্থবর্ষের ডিসেম্বর পর্যন্ত কেন্দ্রীয় সরকার ছাত্রবৃত্তি খাতে ১৮৩ কোটি ৫৩ লক্ষ ৯ হাজার টাকা দিয়েছে।

তোর্সা নদীর উপর পাকা সেতু নির্মাণ

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৬) **শ্রী নগেন্দ্র নাথ রায়** : উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কুচবিহার জেলার বনচুকামারী মৌজায় মরা তোর্সা নদীর উপর উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের আর্থিক সহযোগিতায় পাকা সেতু তৈরি হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা শেষ হবে বলে আশা করা যায় ?

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এই ধরনের কোন প্রকল্প দপ্তর দ্বারা অনুমোদিত হয়নি।

[12:00 – 12.10 p.m.]

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received 1(one) notice of Calling Attention from Shri Sekh Sahonawez on the subject of urge for urgent restoration of River Lift Irrigation System at Sitahati in Ketugram Block-II.

I admit it.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি এটা সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়কে জানিয়ে দেব, উনি পরে বলে।

LAYING OF NOTIFICATIONS

Notification made by the Department of Forests, Government of West Bengal, under the West Bengal Right to Public Services Act, 2013

Shri Binay Krishna Barman : Sir, I beg to lay the Notification No.2474-FR/O/G/13F-06/2016 dated the 6th September, 2016 issued by the Department of Forests, Government of West Bengal and published in the Kolkata Gazette Extraordinary dated the 5 October, 2016 under the West Bengal Right to Public Services Act, 2013.

Notification made by the Department of Forests, Government of West Bengal, under the West Bengal Trees (Protection and Conservation in Non-Forest Areas) Act, 2006

Shri Binay Krishna Barman : Sir, I beg to lay the Notification No.2474 FR/O/FP/6M-15/2016 dated the 23rd December, 2016 issued by the Department of Forests, Government of West Bengal and published in the Kolkata Gazette Extraordinary dated the 23rd December, 2016 under the West Bengal Trees (Protection and Conservation in Non-Forest Areas) Act, 2006.

মেনশান কেসেস

শ্রী শেখ শাহনওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় জল সম্পদ উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে আমার বিধানসভা এলাকায় ২২টি ডিপ-টিউবওয়েল আছে বামফ্রন্ট সরকারের আমল থেকে। সেই ডিপ-টিউবওয়েলগুলি হয় অচল কিংবা এককদম কাজ করে না, একদম সম্পূর্ণভাবে অচল হয়ে আছে। আমার এলাকাটা কৃষি প্রধান এলাকা, মানুষ কৃষির উপর নির্ভরশীল। সরকার অনেক ডিপ-টিউবওয়েল তৈরি করছে এবং রি-সিঙ্কিং হচ্ছে। তাই আমার এলাকায় যে ডিপটিউবওয়েলগুলি খারাপ হয়ে আছে, এক নম্বর ও দুই নম্বর ব্লকে কচুটিয়া, কুমারপুর, নারেঙ্গা, নওয়াপাড়া, মোরগ্রাম, গোপালপুর, কেতুগ্রাম, পাচন্ডী, নিরোল, রাওয়নদি, সিরুন্দি, নবগ্রাম, সিবলুন, বড়পুরুলিয়া,মুরুন্দি, বড়মালিহা, বিল্লেশ্বর, মোরগ্রাম, কোপা, প্রভৃতি গ্রামগুলি এইগুলিতে সত্বর যাতে নতুন বসানো হয় এবং রিপেয়ার করা হয়, সেই বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ এম নুরুজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বিধানসভা কেন্দ্র পুরশুড়া, হুগলী জেলার অন্যতম পিছিয়ে পড়া এলাকা হিসাবে পরিগণিত। ওই এলাকায় তপশিলি জাতি উপজাতি এবং সংখ্যালঘু সম্প্রদায়ের বাস। সেখানে উচ্চশিক্ষার সুযোগ খুব সীমিত। পাশে খানাকুলে একটি কলেজ আছে, আরামবাগে কলেজ আছে, তারকেশ্বরে কলেজ আছে। কিন্তু পুরশুড়ায় কোন ডিগ্রী কলেজ নেই। সেইজন্য এলাকার মানুষের দীর্ঘদিনের দাবী, পুরশুড়া ব্লকের মধ্যে একটি ডিগ্রী কলেজ স্থাপন করা হোক, ওখানে জায়গার ব্যবস্থা করে দেওয়া যেতে পারে। আমরা সবাই সহযোগিতা করলে ডিগ্রী কলেজের মাধ্যমে এলাকায় উচ্চশিক্ষার সুযোগ তৈরি হবে, এটা স্থাপনের জন্যে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ইলেকট্রিক বিল বাবদ প্রচুর টাকা শিক্ষা প্রতিষ্ঠানের ডেভেলপমেন্টের টাকা থেকে খরচ করতে হয়। ফলে শিক্ষা প্রতিষ্ঠানে ডেভেলপমেন্টের কাজ ব্যাহত হয়। যদি বিদ্যুৎ বিলগুলি কমার্শিয়াল বিলের বদলে ডোমেস্টিক বিলে রূপান্তরিত করা হয় তাহলে বিদ্যালয়গুলির কিছুটা আর্থিক সুবিধা হয়।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ, গতকাল মাননীয় মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়কে আমি বলেছিলাম যে আমাদের কিছু বিধায়ক পঞ্চায়েত এবং পি এইচ ই দপ্তর সংক্রান্ত কতগুলি তথ্য এখানে বিধানসভায় দিয়েছিলেন। সেই তথ্যের পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখোপাধ্যায়কে একটা বিবৃতি দেওয়ার জন্য আমি তাঁকে অনুরোধ করেছিলাম। আজকে মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত রয়েছেন, আমি তাঁকে বলব তিনি তাঁর স্টেটমেন্ট করুন হাউসের সামনে, এই ব্যাপারে তাঁর কি বক্তব্য আছে।

STATEMENT UNDER RULE 346

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে আমাদের অনেক কৃতজ্ঞতা জানাই। তাঁর কারণ সভায় যখন এই ধরনের বিতর্ক তৈরি হয় আপনি আমাদের মন্ত্রী হিসাবে সুযোগ দেন, তার ব্যাখ্যাটা করে দেওয়ার জন্য। আমি ছোটবেলা থেকেই জানি যে 'য পলায়তি স জীবতি'। ওনারা বলেছিলেন যে পদত্যাগ করবেন। সুতরাং আপনি আবার বলেছেন বিবৃতি দিতে। সুতরাং আজকেও সেই অবস্থার সুযোগ নিয়ে ওনারা ওই পথটি ধরেছেন যাতে আর পদত্যাগ করতে না হয়। কিন্তু এটাকে কন্টিনিউ করুন যাতে উত্তরটা দেয়। মাননীয় বিধায়ক অশোক ভট্টাচার্য মহাশয় নারেগাতে এই রাজ্যের সাফল্য নিয়ে প্রশ্ন তুলেছিলেন। গত ১৭ থেকে ১৯শে জানুয়ারি দিল্লিতে পারফরম্যান্স রিভিউ কমিটির মিটিঙে আলোচনার প্রসঙ্গ তুলেছেন। আমি জানি এই মিটিঙটি সরকারী আধিকারিকদের নিয়ে হয়। মাননীয় বিধায়করাও যে এই মিটিঙে থাকেন এটা আমার জানা ছিল না। যাইহোক, উনি প্রশ্ন তুলেছেন যে যারা কাজ করেছেন তারা অনিয়মিতভাবে মজুরি পেয়েছেন। আমি বিনয়ের সঙ্গে জানাচ্ছি, নিয়মিতভাবে মজুরি দিতে হলে টাকার জোগানটা নিয়মিত হওয়ার প্রয়োজন। কেন্দ্রীয় সরকার এই প্রকল্পে রাজ্যকে অর্থ দেওয়ার ক্ষেত্রে যে সময়সূচীতে চলেন তাতে নিয়মিত মজুরি দেওয়া অনেকসময় যথেষ্ট কষ্টকর হয়। বর্তমান আর্থিক বছর আমরা শুরুই করেছি তিন হাজার সাত শত কোটি টাকার ঘাটতি নিয়ে। পুরোনো ঘাটতি মেটাতে না মেটাতেই নতুন করে ঘাটতি তৈরি হয়ে যায়। এই বছর আজকের দিনেও আমাদের বকেয়া অর্থের পরিমাণ এক হাজার পাঁচ শত আটাত্তর কোটি টাকা। বিষয়টি কেন্দ্রীয় সরকার খুব ভালোভাবেই জানেন। এইজন্য সময়ে মজুরি দিতে না পারা সংক্রান্ত আলোচনা পশ্চিমবঙ্গে কোনো প্রশ্নই এই সভাগুলিতে করা হয় না। একই কথা প্রযোজ্য কাজ সম্পূর্ণ হওয়ার ক্ষেত্রেও। কোনো কাজ মাঠে শেষ হয়ে গেলেই হয় না। সেই কাজকে সম্পূর্ণ হয়েছে বলা হয় যখন ওই কাজের সঙ্গে সম্পর্কিত সমস্ত মজুরি মাল মশলা বাবদ প্রাপ্য অর্থ প্রদান করে সফটওয়্যার সিস্টেমে কাজটি ক্লোজ করা যায়। যেহেতু টাকার যোগান অনিয়মিত দিল্লি থেকে। বিশেষত মাল মশলার ক্রয় বাবদ অর্থ অনেক বেশিদিন ধরে বকেয়া থাকে। সেই কারণে কাজ সম্পূর্ণ করার বিষয়টিতে অনেক সময় সমস্যা থেকে যায়। এই বিষয়টিও কেন্দ্রীয় সরকারের গোচরে আছে। আমি মাননীয় বিধায়ককে অনুরোধ করব, অহেতুক সমালোচনা না করে নারেগা প্রোগ্রামকে একটু বোঝার চেষ্টা করবেন। এই কাজের সাফল্য বিচারের সবচেয়ে বড় মাপকাঠি হল কত শ্রম দিবস তৈরি হল। আর শ্রম দিবস তৈরি করতে কত অর্থ ব্যয়িত হল। গত বছর এই কাজে আমাদের লক্ষ্যমাত্রা ছিল, যেটাকে লেবার বাজেট বলা হয়, ২২ কোটি ১৯ লক্ষ। এটাকে বলে লেবার বাজেট যা কেন্দ্রীয় সরকার রাজ্যের সঙ্গে আলোচনা করে স্থির করে দেয়। এই বছরে আমরা শ্রম দিবস সৃষ্টি করেছিলাম ২৮ কোটি ৬৬ লক্ষ। ২২ কোটি যেখানে টার্গেট ছিল ২৮ কোটির বেশি আমরা সেটা কমপ্লিট করেছি।

[12.10 – 12.18 p.m]

লেবার বাজেটের অনুপাতে এটি ১২৯ শতাংশ। এই বছরে সবচেয়ে বেশি শ্রম দিবস সৃষ্টি করেছিল তামিলনাড়ু ৩৭ কোটি ৩০ লক্ষ। কিন্তু সেটা ছিল ওদের লেবার বাজেটের ৯৯%। মোট শ্রম দিবসের দ্বিতীয় স্থানে থাকলেও লেবার বাজেটের অনুপাতে ১২৯% শ্রম দিবস উৎপাদন করায় আমাদের রাজ্যের স্থান দেশের মধ্যে প্রথম। এই সংক্রান্ত তথ্য কেন্দ্রীয় সরকারের পোর্টালে দেওয়া আছে - nrega.mcc.in - গেলেই দেখা যাবে, রিপোর্টার নম্বর 25.1.2। ওরা এটা উল্লেখ করছিল, ওরা যদি অন লাইনে যায় তাহলে এটা দেখতে পারবে।

মিঃ স্পীকার : আপনি স্টেটমেন্টের কপি পড়ে নেওয়ার পরে মাননীয় সদস্যদের সার্কুলেট করে দেবেন।

শ্রী সুব্রত মুখার্জী : গত বছরের নিরিখে যদি এই হিসাব দেওয়া হয় তাহলে দেখা যাবে তামিলনাড়ু খরচ করেছিল ৬,২৫৪ কোটি ২১ লক্ষ টাকা। আর তারপরেই পশ্চিমবঙ্গ খরচ করেছিল ৪,৮৪৭ কোটি ৬২ লক্ষ টাকা। এই তথ্য কেন্দ্রীয় পোর্টালে গেলেই পাওয়া যাবে, 7.1.2। কিন্তু এর সঙ্গে এটাও বিচার্য, টাকা খরচ তখনই করা যায় যখন হাতে টাকা খরচ করার মত থাকে। এই বছরে আমরা ইতিমধ্যে গত বছরে কাজ করার জন্য বকেয়া ৩,৩৫৫ কোটি টাকা মিটিয়েছি। এখনও বাকি আছে ৩৮২ কোটি ২১ লক্ষ টাকা। এই দুই অঙ্ক যোগ করে নিলে পশ্চিমবঙ্গে গত বছরে কাজের জন্য প্রকৃত খরচ দাঁড়াবে ৮ হাজার ৫৮ লক্ষ ৫৫১ কোটি টাকা। যেখানে এই একই হিসাবে তামিলনাড়ু হবে দ্বিতীয়। ৬ হাজার ৯০ লক্ষ ৪২৫ কোটি টাকা। তাহলে কে প্রথম হল ? এসব তথ্যই মানুষের নাগালের মধ্যে কেন্দ্রীয় সরকারের পোর্টালের মধ্যেই আছে। আমি শ্রী ভট্টাচার্য্যকে অনুরোধ করব বিষয়টি নিয়ে আরও পড়াশোনা করে এসে সভাতে প্রশ্ন তুলতে। একশো দিনের কাজে গত পাঁচ বছরে আমরা ১০৮ কোটি শ্রম দিবস সৃষ্টি করেছি। ২০১১-১২ সালে যেখানে শ্রম দিবস সৃষ্টি হয়েছিল ১৫.৪ কোটি, আবার ২০১৫-১৬ সালে সেখানে শ্রম দিবস সৃষ্টি হয়েছে ২৮.৬৬ কোটি। দেশের মোট শ্রম দিবসের ১২.১৮% পশ্চিমবঙ্গের। আমি গতকাল আপনাদের একটা বই দিয়েছি, আজকেও ডিস্ট্রিবিউট হয়েছে। এই বইয়ের ৩৭ নম্বর পৃষ্ঠাটা আমি একবার দেখে নিতে অনুরোধ করছি। একটু শুনুন- দেখুন- যাচাই করুন, তারপরে আপনারা সমালোচনা করুন।

এবারে আমি আসছি বিধায়ক আনিসুর রহমানের বক্তব্যে। আমি শুনেছি উনি রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী ছিলেন। অন্ততঃ পঞ্চায়েতের বিষয়টি উনি ভালোই বোঝেন এটা অনেকেই মনে করত। গতকাল উনি যেসব প্রশ্ন তুলেছেন তারপর আমার মতো আপনারও অনেকে মত পরিবর্তন করতে বাধ্য হবেন। উনি বলেছেন গত বছরের শ্রম দিবসের সঙ্গে তুলনা করলে পশ্চিমবঙ্গ এখন ২৭তম স্থানে। তা নাহলে উনি পদত্যাগ করবেন, তাই আজকে পালিয়ে গেছেন। তুলনা যে দুটি সূচকের মধ্যে করতে হয় সেই দুটিকে সমতুল্য থাকতে হয়। গত বছরে আমাদের লেবার বাজেট ছিল ২২.১৯ কোটি টাকা। সৃষ্টি হয়েছিল ২৮.৬৬ কোটি শ্রম দিবস। এক্ষেত্রে ১২৯ শতাংশ আমরা করতে পেরেছি, আমরা হান্ড্রেড টোয়েন্টি নাইন পারসেন্ট করতে পেরেছি। ১৬.৭৭ কোটি শ্রম দিবস জানুয়ারি পর্যন্ত যে লক্ষ্যমাত্রা ছিল তার অনুপাতে আমরা সৃষ্টি করেছি ১২১ শতাংশ শ্রম দিবস। এখনো পর্যন্ত আমাদের রাজ্য প্রথম স্থানেই চলছে।

উনি বলেছেন ১০০ দিনের কাজ যে সব পরিবার পেয়েছেন,মোট পরিবারের তার অনুপাতের কথা। আমার মনে হয় উনি অঙ্কের একেবারে ভিত্তির কথাটা ভুলে গেছেন। পরিবারের সংখ্যা যত বেশি হয়,পরিবার পিছু গড় তত কমে। ১০০ দিনের বিষয়টিও তাই। আমাদের রাজ্যে গড়ে সাত লক্ষ পরিবার কাজ করে। সব পরিবারকে ১০০ দিনের কাজ দিতে পারলে আমি সব চেয়ে খুশি হতাম। মাননীয় বিধায়করা একটু যোগ করলেই বুঝতে পারতেন,যে সাত লক্ষ পরিবারকে ১০০ দিন কাজ দিলে, আমাদের রাজ্যেই সাত কোটি শ্রম দিবস তৈরি হত। শ্রম দিবসে শ্রম প্রতি খরচ তিনশো টাকা হলেও এর খরচ হত ১৮ হাজার কোটি টাকা। তার ৯০ শতাংশ অর্থাৎ ১৬২০০ কোটি টাকা। দিতে হত কেন্দ্রীয় সরকারকে। ৮৫০০ কোটি টাকা, কাজ করিয়ে বকেয়া থাকে সেখানে ৩ হাজার ৭৩৭ হাজার কোটি টাকা। সেখানে আঠারো হাজার কোটি টাকা খরচের দিবাস্বপ্ন দেখার বিলাসিতা আমি দেখাতে পারিনি। work completion rate'এর কথা বলেছেন,কথা তুলেছেন সময়ে মজুরি দেওয়ার কথা। এবং সব প্রশ্নের উত্তর আমি ইতিমধ্যেই দিয়েছি। তাই আর পুনরাবৃত্তি না করেই বলছি, জানাতে চাই,ওনাকে বছরে সমন্বয়ের মাধ্যমে মানুষের জীবিকা উন্নয়নের কাজে স্বীকৃতি স্বরূপ কেন্দ্রীয় সরকার এ রাজ্যেকে পুরস্কৃত করেছে। প্রশংসা পত্রটি একবার দেখেও নিতে পারেন। আমি খুব স্পষ্টই বুঝতে পারছি, ওনার এই সব আসলে অক্ষমের

বিলাপ। উনি পঞ্চায়েত মন্ত্রী থাকাকালীন যা করতে পারেননি,তা এখন সম্ভব হচ্ছে।রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে প্রতি বছরই আমরা এমন ভাল কাজ করতে পেরেছি। একথায় স্বীকৃতি মিলেছে। এতে মাননীয় বিধায়কের গাত্রদাহ হওয়া স্বাভাবিক। আমি এতে কিছুটা কৌতুক বোধ করছি। স্যার,এই গুলো সমেত আমরা যে পুরস্কারগুলো পেয়েছি তার কপিও আপনাদের কাছে দিয়ে দিচ্ছি।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী যে বিবৃতি পাঠ করেছেন কিছু কিছু জায়গায় আমার মনে হয়েছে,যেগুলো হয়তো বাদ দিলেই ভাল হত।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, এটার বিবৃতিতে আমি কালকে বলেছিলাম, যে ওনারা বলেছিলেন পদত্যাগ করবেন। স্যার আপনি এটা পড়ে দেখবেন। যদি সত্যতা থাকে, আমার বিরুদ্ধে প্রিভিলেজ আনতেই পারে।

মিঃ স্পীকার : আপনার কাছে সেই ফোরাম ওপেন আছে। কিন্তু আমার কতগুলো শব্দ কানে লেগেছে, আমার মনে হয় ওই কতকগুলো শব্দ বাদ দিলেই ভাল হয়। আমি দেখে নিলাম। দেখে নিয়ে যেটুকু আমি মনে করব যে অপ্রয়োজনীয় বা অসংসদীয় শব্দ সেটা আমি এক্সপাঞ্জ করে দেবে।

[2.30 – 2.40 p.m]

শ্রী সুব্রত মুখার্জী : আপনি যদি অনুমতি দেন তাহলে বলি, আমি তিনটি ডকুমেন্টস আপনাকে দেব। ওয়ার্ল্ড ব্যাঙ্কের ডকুমেন্ট, যেখানে প্রথম হয়েছি। ওরা নেই, চলে গেছে। অপরটি গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ডকুমেন্ট, সেটিও আমি আপনার কাছে জমা দিচ্ছি। আর একটি ডকুমেন্ট আছে, যেটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার,আর এক বছরের প্রথম হওয়ার। আমি এই তিনটি ডকুমেন্টসই আপনার অফিসে দিয়ে দিচ্ছি। আপনি বিচার করে আমাকে অনুমতি দেবেন।

Report of Business Advisory Committee

Mr. Speaker : Hon'ble Members, I beg to present the 12th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the revised programme of business for the Ninth and Tenth February, 2017 and the programme of Business from 13th to 16th February, 2017 as follows.

09-02-2017 Thursday - The West Bengal Universities and College (Administration and Regulation) Bill, 2017 – 2½ Hours

The West Bengal Universities (Control of Expenditure) Amendment Bill, 2017 - Introduction, consideration and passing - 1½ Hours

10-02-2017 - Friday (2 p.m.) - Presentation of Annual Financial Statement of the Government of West Bengal for the year 2017-2018

Presentation of Supplementary Estimates for the year 2016-2017

13-02-2017 - Monday - General Discussion on Budget – 4 Hours

14-02-2017 - Tuesday - General Discussion on Budget – 4 Hours

15-02-2017 - Wednesday - General Discussion on Budget - 4 Hours

16-02-2017 – Thursday - General Discussion on Budget – 2 Hours

ii) Motion for Demand of Grants of all Departments

iii) Discussion and Voting on Demands for Supplementary Grants for the year 2015-2016 - 2 Hours

Mr. Speaker: Now Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the motion for acceptance.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির দ্বাদশতম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker: I think the motion is adopted. The Motion is adopted.

LEGISLATION

The West Bengal Universities and Colleges (Administration and Regulation) Bill, 2017

Mr. Speaker: Now the Business is the West Bengal Universities and Colleges (Administration and Regulation) Bill, 2017. Hon'ble Minister-in-Charge of Department of Higher Education may please introduce the Bill.

Dr. Partha Chatterjee: Hon'ble Speaker, Sir, I beg to introduce the West Bengal Universities and Colleges (Administration and Regulation) Bill, 2017

(Secretary then red the title of the Bill)

Dr. Partha Chatterjee : I beg to move that the West Bengal Universities and Colleges (Administration and Regulation) Bill, 2017 be taken into consideration.

Mr. Speaker : There is an amendment to the Motion for reference of the Bill to the Select Committee by Shri Manas Mukherjee. Now I call upon Shri Manas Mukherjee to move his amendment.

Shri Dilip Kumar Ghosh : মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে বিলের ওপর আলোচনা হওয়ার কথা, আমি যেটুকু বুঝতে পেরেছি তাতে বিলের সংশোধনী সম্বন্ধে কয়েকটা প্রশ্ন মনে এসেছে, আপনার মাধ্যমে সেটা মাননীয় শিক্ষামন্ত্রীর সামনে রাখতে চাই। একটা প্রভিডেন্ট ফান্ডের বিষয়ে এসেছে। এতদিন যেটা জমা করা হত পি.এফ-এ সেটা সরকারী ট্রেজারিতে চলে যাবে। এই ধরনের সেখানে প্রভিশন রাখা হয়েছে। আমি বুঝতে পারলাম না, কেন এই ধরনের পরিবর্তন করার প্রয়োজনীয়তা হ'ল। দ্বিতীয়ত যা যা ধারা লাগানো হয়েছে, যে যে প্রতিবন্ধকতা লাগানোর বা সম্ভাবনার কথা বলা হয়েছে, সব জায়গায় একটা কিন্তু বা পরন্তু আছে। এবং সব জায়গায় সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠানকে ছাড় দেওয়া হয়েছে। আমরা গণতন্ত্রের কথা বলছি। সমান

শিক্ষা ব্যবস্থার কথা বলছি। কিন্তু সমস্ত সংখ্যালঘু সংস্থাকে যদি সমস্ত আইনের উর্ধ্বে রাখা হয়, আমরা চাই যে, ভারতীয় শিক্ষায় সমান শিক্ষা পান। সমস্ত ছাত্র-ছাত্রী তার সুযোগ পান। তাহলে এটা কি করে সম্ভব হবে? অবশ্যই কোনও যদি ধর্মীয় শিক্ষা দেওয়ার দরকার থাকে - দেওয়ার দরকার আছে কিন্তু হিসাবের ক্ষেত্রে ছাড় দেওয়া হয়েছে। আর্থিক সহযোগিতার ক্ষেত্রে ছাড় দেওয়া হয়েছে। কমিটি নির্বাচনের ক্ষেত্রে ছাড় দেওয়া হয়েছে। প্রতিনিধি নির্বাচন বা নির্ণয়ের ক্ষেত্রে ছাড় দেওয়া হয়েছে। সমস্ত কিছু সরকারী নিয়ন্ত্রের বাইরে রাখা হয়েছে। এমন কি কোর্স, কর্মচারী নিয়োগ - কোনও ব্যাপারে জবাবদিহি করতে হবে না। তাহলে ওই শিক্ষা প্রতিষ্ঠানে কি রাষ্ট্রীয় শিক্ষা বা যে ধরনের নাগরিক তৈরি করার চেষ্টা আমরা করছি সেই নাগরিক তৈরি করা সম্ভব হবে? এই প্রশ্ন আমার মাথায় এসেছে। জানি না, কেন এই ধরনের প্রভিশন রাখা হয়েছে। বাকি ওখানে যে রাজনৈতিক দলের প্রতিনিধি বা সরকারী প্রতিনিধির কথা বলা হয়েছে, সেই কমিটির প্রধান যিনি হবেন শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার, তাকে সরকার বা রাজনৈতিক দলই নিয়োগ করবে। শিক্ষা অনুরাগীর কথা তাতে বলা হয়েছে। অবশ্যই ভালো কথা। কিন্তু এই অনুরাগী বলতে কি বোঝাতে চাইছি? তার মধ্যে কোনও ভাবে পরিষ্কার করে বলা নেই। অনুরাগী মানে, তার শিক্ষাগত যোগ্যতা কি হবে, তার অভিজ্ঞতা কি হবে, তার উপলব্ধি কি হবে যে, তিনি কি করেছেন আজ পর্যন্ত। কেবল কি মাননীয় শিক্ষামন্ত্রী বা কোনও বিশেষ ব্যক্তির দ্বারা তিনি ওখানে নিয়োজিত হবেন? তার দ্বারা সেই শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হবে? আমাদের পুরানো অভিজ্ঞতা যা বলে সে অভিজ্ঞতা মোটেই ভালো নয়। যে ধরনের ঘটনা এখানেও ঘটেছে, সংবাদপত্রে এসেছে। আমরা কয়েক বছর ধরে দেখছি। কোন বিশেষ ব্যক্তি যদি কারও অনুগ্রহে কোনও এক জায়গায় বসেন, তার ব্যবহার আমরা যে রকম চাইছি সেই রকম হবে, তার কোনও গ্যারেন্টি নেই। সেই জন্য প্রতিনিধি, শিক্ষা অনুরাগীর শব্দের মাধ্যমে কিছু পরীক্ষা হয় না। আমার বিনীত অনুরোধ, এই ব্যাপারে একটু পরিষ্কার করা উচিত। প্রয়োজন হলে আরও একটু বিস্তৃত ভাবে তার পরিচয়ের কথা বলা হোক। না হলে তাদেরও কিছু লোককে এক জায়গায় বসিয়ে দিয়ে শিক্ষা প্রতিষ্ঠান চালানো সম্ভব নয়। আমরা সবাই চাই, বাংলা যেমন, শিক্ষায় একদিন গর্বের স্থানে ছিল, সর্বোচ্চ স্তরে ছিল ভারতবর্ষের, বাংলার শিক্ষা ব্যবস্থা সেখানে পৌঁছক। সে আপনারা সরকারে থাকুন বা আমরা বিরোধীতে থাকি। এ ব্যাপারে কারও কোন দ্বিমত হওয়ার সুযোগ নেই। আমি সেই জন্য সরকারের যাঁরা প্রতিনিধি এবং যাঁরা বরিষ্ঠ ব্যক্তি, বিদ্যানুরাগী, বিদ্বজ্জনেরা আছেন যাঁরা শিক্ষা সম্বন্ধে সম্যক বোঝেন। আমরা অতি সাধারণ ব্যক্তি। অত আমাদের বোঝার ক্ষমতা নেই। কিন্তু আমরা আন্তরিক দিক দিয়ে চাই, আমাদের পরবর্তী প্রজন্ম এই শিক্ষায় শিক্ষিত হয়ে বাংলার গৌরবকে তারা রক্ষা করুন। এবং বাংলার শিক্ষা ব্যবস্থা আবার স্বগর্বে ভারতের মধ্যে এক নম্বরে থাক, এটা আমরা সবাই চাই। সেই রাজনৈতিক হস্তক্ষেপ বা নিয়ন্ত্রণ যাতে কম হয়, সেই ধরনের ব্যবস্থা হওয়া উচিত। আমার মনে হয়, এতে কারও দ্বিমত হবে না। অতি সম্প্রতি স্কুল-কলেজে যে পরিবেশ তৈরি হয়েছে - আমার বলতে খুব খারাপ লাগছে, মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষা ব্যবস্থা সঞ্চালন করবেন, নীতি-নৈতিকতা তৈরি করবেন, না কি কলেজে কে জিএস হবে, কে কেন্ডিডেট হবে, সেটা ঠিক করবেন। খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, বার বার মাননীয় শিক্ষামন্ত্রীকে সেই সমস্যার মধ্যে ইনভলভ্ হতে হচ্ছে। যেটা ওনার মোটেই কাজ নয়।

[2.40 – 2.50 p.m]

ওনার অনেক বড় কাজ আছে। অনেক গুরু দায়িত্ব আছে। আপনাদের ট্রেজারী থেকে বলা হয়েছে এত ইউনিভার্সিটি, এত কলেজ নতুন করে তৈরী হয়েছে। তার ইনফ্রাস্ট্রাকচার

তৈরী করার দরকার আছে। নতুন কর্মী, শিক্ষাকর্মী, শিক্ষক নিয়োগের দরকার আছে। সুচারুরূপে যাতে চলে সেই চেষ্টা করা উচিত। প্রাইমারী, হাই, কলেজ এবং ইউনিভার্সিটি পর্যন্ত সব জায়গায় শিক্ষকের অভাব আছে। এটা রেকর্ড। বাস্তবে দেখা গেছে একটা প্রাইমারী স্কুল একটা মাত্র শিক্ষকের ওপরে চলছে। হাইস্কুলগুলো প্যারা-টিচারের ওপর চলছে। দু'জন, তিনজন, চারজন পার্মান্যান্ট টিচার আছে বাকি সব প্যারা-টিচার। কিন্তু তার পরেও শিক্ষক কম আছে। বিভিন্ন বিষয়ে কোনো ক্লাস হচ্ছে না এটা চিন্তার বিষয়। এর পর আমরা চাইবো যে কোয়ালিটি এডুকেশন হোক, ভালো ছাত্র বেরোক, বাংলার শিক্ষা উন্নত হোক। আমরা আশা করতে পারি না। কতগুলো সমস্যা আছে সরকারের কাছে। আর্থিক অনটন আছে বা কিছু আইনী সমস্যা আছে। সব সমস্যা থাকবে কিন্তু আমরা কী চাইছি সেটা হচ্ছে গুরুত্বপূর্ণ। শিক্ষা নিয়ে বিরোধী আর সরকার বলে কোন কথা নেই। এরা আমাদের সমাজের ভবিষ্যৎ। আমাদের পরবর্তী প্রজন্মের ভবিষ্যৎ, দেশের ভবিষ্যৎ এর সঙ্গে যুক্ত হয়ে আছে। তাই এটা যথেষ্ট গুরুত্ব দিয়ে ভাবা উচিত। আমি আশা করব, যাঁরা বিল অ্যামেন্ডমেন্ট করতে এনেছেন তাঁরা আরো ভাববেন। আমি বিরোধিতার দিকে যাচ্ছি না। আমি এই সদনের একজন প্রতিনিধি এবং নির্বাচিত সদস্য, শুভাকাঙ্ক্ষী হিসাবে সরকারের আপনাকে সাজেশন দিচ্ছি। মানা না মানা আপনাদের ওপরে। মাননীয় শিক্ষামন্ত্রী, নিঃসন্দেহে একজন শিক্ষাব্রতী, শিক্ষিত মানুষ। তিনি রাজনৈতিক চিন্তা বাদ দিয়ে বাংলার চিন্তা করে নিশ্চয় এই সংশোধন করবেন এবং যে যে অসঙ্গতি দেখা দিয়েছে সেগুলে দূর করার চেষ্টা করবেন। আমি অনুরোধ করতে চাই, এই যে অসঙ্গতি, বিশেষ করে একটি পয়েন্ট, বহু শিক্ষাব্রতী, বিশিষ্ট ব্যক্তি এটা নিয়ে চিন্তা প্রকট করেছেন। ওখানে যে শিক্ষানুরাগীকে বসানো হবে তিনি কে? বেশ কয়েকটি কলেজে, বেশ কয়েকজনকে নিয়ে সবার সচেতন হওয়া উচিত। আমরা যে শিক্ষা দিতে চাইছি। সেটা সর্বপরি সফল হোক তাহলে বিতর্কও কম হবে। না হলে এই অর্থ, এত বড় একটা প্রতিষ্ঠান, হাজার হাজার প্রতিষ্ঠান চলছে তার রেজাল্ট-টা কিন্তু ঠিক হবে না, যেটা আমরা চাইছি। আমি এই দৃষ্টিতে মাননীয় শিক্ষামন্ত্রী এবং সদন ও মাননীয় স্পীকারের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ডঃ রবিরঞ্জন চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের সরকারের পক্ষ থেকে মাননীয় শিক্ষামন্ত্রী যে বিলটি এই সদনে উপস্থিত করেছেন আমি সেই বিলের পক্ষে দু'চার কথা নিবেদন করছি।

দেখুন এই বিলটি, প্রথমেই বলা আছে, যেটা মাননীয় সেক্রেটারী মহাশয় পাঠ করার সময় বলেছেন, এর দুটো অভিমুখ। একটা অভিমুখ হচ্ছে, "to provide better administration." আর, দ্বিতীয় অভিমুখ হচ্ছে, "to improve the quality of education." এই বিলের উদ্দেশ্য হচ্ছে তাই। শুধু অ্যাডমিনিস্ট্রেশন দিয়ে বিল নয়, to improve the quality of education - এটার সঙ্গে যুক্ত আছে। আমাদের মাননীয় সদস্য-সদস্যারা, বিশেষত বিরোধী দলের সদস্যরা প্রায়ই এই অ্যাডমিনিস্ট্রেশনের বিভিন্ন জায়গা তুলে - "একে প্রেসিডেন্ট করা উচিত নয়, ওকে কমিটিতে রাখা উচিত নয়, একে এখানে বসানো উচিত নয়" - এই নিয়ে সময় কাটান। This is not the purpose of education. The purpose of education to improve the quality of education. এই quality of education নির্ভর করে বেটার অ্যাডমিনিস্ট্রেশনের ওপর। আমাদের সরকার সেই বেটার অ্যাডমিনিস্ট্রেশনের মাধ্যমে quality of education তৈরী করবার চেষ্টা করছে। তার জন্য আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে এবং শিক্ষামন্ত্রীকে বিশেষ ধন্যবাদ জানাই।

একটা জিনিস লক্ষ্য করুন, কোয়ালিটি অব এডুকেশান জিনিসটা কী? সেই কোয়ালিটি অব এডুকেশানের জন্যই স্থাপিত হয়েছিল ১৮৫৭ খ্রিস্টাব্দে কলিকাতা বিশ্ববিদ্যালয়। সেই কোয়ালিটি অব এডুকেশানের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল একটি কলেজ ১৮১৭ সালে যার নাম প্রেসিডেন্সি কলেজ। এ শুধু অ্যাডমিনিস্ট্রেশন নিয়ে চলেনি, অ্যাডমিনিস্ট্রেশনের ভেতর থেকে তৈরী হয়েছিল কোয়ালিটি অব এডুকেশান। সারা ভারতবর্ষে নয়, সারা এশিয়ায় এই দুটি প্রতিষ্ঠান নাম করেছিল। কোলকাতা বিশ্ববিদ্যালয় একমাত্র বিশ্ববিদ্যালয় হয়েছিল এশিয়ায়, যেখানে বিভিন্ন ডিসিপ্লিনের এডুকেশান হত। তার আগে এশিয়াতে বিভিন্ন ডিসিপ্লিনের এডুকেশন হত না। এটা বাংলার গৌরব, বাঙালীর গৌরব। এই কথাগুলো আমাদের বিরোধী দলের নেতারা প্রায় ভুলে যান। তাঁরা খালি খুঁত ধরবার চেষ্টা করেন। কলেজের কে প্রেসিডেন্ট হবে, কে সদস্য হবে - এগুলো মেটারই নয়, এগুলো চিন্তার বিষয়ই নয়। শিক্ষানুরাগী কে হবে- শিক্ষার প্রতি যার অনুরাগ থাকবে তিনিই শিক্ষানুরাগী হবেন, ধর্মানুরাগী কে হবে - ধর্মের প্রতি যার অনুরাগ হবে তিনি ধর্মানুরাগী হবেন। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী বা মাননীয়া মুখ্যমন্ত্রী নিশ্চয়ই সেটা ভাববেন। কে এই শিক্ষানুরাগী এবং কাকে বসানো যায় এই বুদ্ধি বিবেচনা তাদের অশেষ আছে বলে আমি মনে করি। একটা জিনিস এখানে আলোচনা হয় এডুকেশান, এডুকেশান। যার বাংলা হচ্ছে শিক্ষা। এই শিক্ষাটা কখন তৈরি হয়েছিল? কোথায় এর উল্লেখ পাওয়া যায়? এই শিক্ষা ওই কোয়ালিটি এডুকেশান তৈরি করার জন্য তৈরি হয়েছিল। এর প্রথম উল্লেখ পাই আমরা একটি মন্ত্রে খুব আশ্চর্যের ব্যাপার কিছুদিন আগে সরস্বতী পুজো গেল। সেই সরস্বতী পুজোতে একটি মন্ত্র উচ্চারিত হয়- "ওঁ সরস্বতৈঃ, নমো নিত্যং, ভদ্রকাল্যৈ নমো নমঃ, বেদ, বেদাঙ্গ, বেদান্ত, বিদ্যাস্থানেভ্য এবচ"। এতে তিনটি গ্রন্থের উল্লেখ আছে। একটি গ্রন্থ হচ্ছে বেদ। অন্যটি হচ্ছে বেদাঙ্গ, আরেকটি গ্রন্থ হচ্ছে বেদান্ত। বেদ কী আমরা জানি। বেদান্ত কী আমরা জানি। যার উপর নির্ভর করে স্বামীজী বিশ্বজয় করেছিলেন অর্থাৎ উপনিষদ। কিন্তু বেদাঙ্গ কি? এ সম্পর্কে অনেকের ধারণা স্পষ্ট নয়। সেই বেদাঙ্গের ৬ টি অঙ্গ আছে। সেই ৬ টি অঙ্গের প্রথম অঙ্গটির নাম হচ্ছে শিক্ষা। এই প্রথম প্রাচীন শিক্ষার উল্লেখ পাচ্ছি। সেই শিক্ষা জীবনের মানকে কি করে উন্নত করা যায়, কি করে আমাদের চিন্তা ও মনন উন্নত হয় সেই শিক্ষা তার সঙ্গে উচ্চশিক্ষাকে যুক্ত করা হয়েছিল। তাই শিক্ষা হচ্ছে প্রথম কথা যেটা বেদাঙ্গতে উল্লেখ আছে। আজকে লক্ষ্য করে দেখুন, আমরা যখন শিক্ষা নিয়ে কথা বলি তখন ওই কোয়ালিটি এডুকেশনকে আমরা ভুলে যাচ্ছি বলেই আমাদের বিভিন্ন সমালোচনা হচ্ছে বিরোধীরা কোনদিনই কোয়ালিটি এডুকেশনের দিকে নজর দেননি। আর আজকে অনেকে বলছেন শিক্ষানুরাগী যিনি তাকে বসাতে হবে। আমি যে বিশ্ববিদ্যালয়ে দীর্ঘকাল অধ্যাপনা করেছি দুঃখের সঙ্গে বলছি বামপন্থী আমলে সেই বিশ্ববিদ্যালয়ে একজন উপাচার্য হয়েছিলেন তাঁর ডক্টরেট ডিগ্রি ছিল না। দুটো টার্মে তিনি ভাইস চ্যান্সেলর হয়েছিলেন। যাঁর ডক্টরেট ডিগ্রি ছিল না। আজকে আমাকে দেখান তো এমন কোন ইউনিভার্সিটি আছে যার উপাচার্যের ডক্টরেট ডিগ্রি নেই। সেই বাম আমলে একজন উপাচার্য হয়েছিলেন যার ডক্টরেট ডিগ্রি না থাকা সত্ত্বেও নিজেকে ডক্টরেট বলে চালিয়ে দিয়েছিলেন। তাঁকে উপাচার্য করা হয়েছিল একটি বিশ্ববিদ্যালয়ে।

[2.50 – 3.00 p.m]

এমন কি হায়ার এডুকেশান কাউন্সিলের চেয়ারম্যানও করা হয়েছিল। আর তাঁরা চিৎকার করে করে বলেন যে শিক্ষাতে আমরা নাকি শিক্ষানুরাগী আনছি না। সুতরাং ৫ বছরে আমাদের শিক্ষার ক্ষেত্রে যে মানোন্নয়নের চেষ্টা হয়েছে তার একটা ইয়ার্ড স্টিক হল আমাদের ১৫টি ইউনিভার্সিটি তৈরী হয়েছে,৪৬ টি কলেজ তৈরি হয়েছে। আমি ৩৪ বছর

দেখছি না, ৫ বছরে এতগুলো ইন্সটিটিউশান করা যায় এটা আমরা ভাবতেই পারি না যা মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং শিক্ষামন্ত্রী সম্ভব করেছেন। এটাতে ধন্যবাদ জানাই, এটাতে বিশ্বাস করে এগিয়ে যাব। আর কে বসলো না বসলো এই নিয়ে বড় প্রশ্ন নয়। এই বিধানসভায় প্রায় শুনতাম, আমাদের দেশের কলেজগুলিতে আরাবুল হয়ে যাচ্ছে প্রেসিডেন্ট। *** প্রেসিডেন্ট হবে এই কথা তো বলা নেই।

মিঃ স্পীকার : *** নামটা বাদ যাবে।

ডঃ রবিরঞ্জন চট্টোপাধ্যায় : যেহেতু স্যার কোট করছি আমি এটি। কোট আর আনকোট - এটি বিধানসভায় বলা হয়েছে। আমি বলবো, আমাদের যা বসানো হবে তা শিক্ষায় পুষ্ট বিলিতি কুল বসানো হবে, অন্য কিছু বসানো হবে না এই বিশ্বাস আমাদের আছে। আজকে দেখুন, আমাদের দেশের ছেলেরা। বিভিন্ন জায়গায়, বড় বড় ইন্সটিটিউশনে সুপ্রতিষ্ঠিত হয়েছে। আজকে ইসরোতে যান, সেখানে আমাদের বিজ্ঞানীরা কত উন্নত জায়গায় কাজ করছেন। হাভার্ড ইউনিভার্সিটিতে যান সেখানে আমাদের বাঙালী ছেলেরা কত ভাল পজিশনে কাজ করছে। এশিয়ান ডেভালপমেন্ট ব্যাংকে যান, ওয়ার্ল্ড ব্যাংকে যান সেখানে আমাদের বাঙালী ছেলেরা কত উচ্চ জায়গায় বসে কাজ করছে। যদি আমাদের শিক্ষা এতখানি নীচে নেমে যেত তাহলে কি এই ঘটনা সম্ভব হত? রবীন্দ্রনাথ বলেছিলেন, "মানুষের উন্নতির জন্য দুটো পথ দরকার। একটা হাঁটার পথ সেটা হচ্ছে রাস্তা। আর একটা হচ্ছে মনের চলাচলের পথ সেটা হচ্ছে শিক্ষা।" সেই মনের চলাচলের পথের জন্য আমাদের সরকার এই বিল নিয়ে এসেছে। এখানে অ্যাডমিনিস্ট্রেশান কিভাবে চলবে বলা আছে। একটা ইউনিভার্সিটি চলে চারটি পুস্তিকার উপর। একটা হচ্ছে, অ্যাক্টের উপর যেটা বিধানসভায় পাশ হয়। যার থেকে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। দ্বিতীয়ত : বিশ্ববিদ্যালয়ের একাডেমি এবং অ্যাডমিনিস্ট্রেশান চলে স্ট্যাটুটের উপর। তারপর স্ট্যাটুটের যেখানে গলতি থাকে সেখানে তৈরী হয় রেগুলেশান।

রেগুলেশানের যেখানে ফাঁকফোকর থাকে সেখানে তৈরি হয় রুলস। এই চারটি পুস্তিকার উপর নির্ভর করে আমাদের শিক্ষা জগত চলে, উচ্চ শিক্ষা চলে। আজকে দেখুন, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে স্ট্যাট্যুটে সমান অধিকার দেওয়া আছে। শিক্ষাকে উন্নত করার নানা পথ দেওয়া আছে এবং সেই স্ট্যাটুয়ের মেন জিনিস থাকে যা নির্ভর করে শিক্ষামন্ত্রী আমাদের সবকিছু চালান। একটা কথা উঠছে প্রায়, আমাদের শিক্ষা ক্ষেত্রে সরকারী প্রভাব নাকি বেশি হচ্ছে। আজকে কাগজে পড়লাম, কেন্দ্রীয় সরকার যে শিক্ষা প্রণালী তৈরি করছেন সেখানে কেন্দ্রীয় সরকারের প্রভাবটি বড় করে রাখা হয়েছে, অন্য কিছু নয়। তাই আজ যাঁরা বলছে যে মাননীয় শিক্ষামন্ত্রী ভেবে দেখুন, আমি সেই সদস্যকে বলবো আপনি ভেবে দেখুন কেন্দ্রীয় সরকার কি করছে। তার তুলনায় আমাদের পশ্চিমবঙ্গ সরকার অনেকখানি গণতান্ত্রিক পদ্ধতিতে শিক্ষাকে নিয়ে যাওয়ার চেষ্টা করছে। আমাদের বাঙালীর শিক্ষার ক্ষেত্রে সবচেয়ে ভালো উপাদান জুগিয়েছেন বাঙালী মনীষীরা। আজকে রাজা রামমোহন রায়, বিদ্যাসাগর বা আমাদের সাম্প্রতিককালে যাঁরা আছেন, তাঁদের তুলনায় ভারতের কোথায়, কোন প্রদেশে কোন শিক্ষাব্রতী সেই জায়গায় পৌঁছতে পেরেছেন। দ্বিতীয় বিদ্যাসাগর আর ভারতে তৈরি হয়নি।

দ্বিতীয় রবীন্দ্রনাথ আর ভারতে তৈরি হয়নি। দ্বিতীয় রামমোহন রায় আর ভারতে তৈরি হয়নি। তাই আজকে সেই আদর্শকে আমরা গ্রহণ করেছি। তার রিক্থ অর্থাৎ তার উত্তরাধিকার আমরা ভোগ করছি। তাই শিক্ষাকে বাঙালীর সম্পদ করছি। আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

করব যে প্রপার এডুকেশান ছাড়া কোন ডেভেলাপমেন্ট সম্ভব নয়। সেই প্রপার এডুকেশানের পরিচয় এই শিক্ষা বিলে আছে। তাই আমি মনে করি যে আমরা ডেভেলাপমেন্টের পথেই এগোচ্ছি এবং মাননীয়া মুখ্যমন্ত্রী যে উন্নয়নের কথা বলছেন, সেই উন্নয়নকে আমরা শিক্ষা দিয়ে পূরণ করবার চেষ্টা করছি। হয়তো আমাদের ত্রুটি কোন কোন জায়গায় আছে। কোন কোন জায়গায় ভুলভ্রান্তি আছে। কার কোথায় ভুলভ্রান্তি নেই, কোথায় ত্রুটি নেই, বিদ্যাসাগরের মতন মানুষকেও বাঙালী নিন্দা করেছে। রামমোহনের মত মানুষকেও বাঙালী ঢিল ছুঁড়ে মেরেছে। আর আমরা তো কোথায়। তাঁদের এই জায়গাগুলো ফাঁকা। কেবল একই কথা বিরোধিরা বলে যান। শিক্ষা ক্ষেত্রে আমরা ব্যর্থ হচ্ছি। কিন্তু তারা দেখে যান শিক্ষাক্ষেত্রে আজ পশ্চিমবঙ্গ অন্যান্য স্টেটের তুলনায় কোনো জায়গাতেই পিছিয়ে নেই, অনেকখানি উন্নত হয়েছে। স্যার, আশুতোষ মুখোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন। তাঁর কার্যকাল যেদিন শেষ হল তিনি পরাধীন ভারতের দিকে তাকিয়ে তিনটি কথা বলেছিলেন। ফ্রিডম ফার্স্ট, ফ্রিডম সেকেন্ড অ্যান্ড ফ্রিডম অলওয়েজ। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর ভিসানের দিকে তাকিয়ে আজ এই সদনে বলবো এডুকেশন ফার্স্ট, এডুকেশন সেকেন্ড অ্যান্ড এডুকেশান অলওয়েজ। ধন্যবাদ।

শ্রী সমীর কুমার জানা: শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী মহাশয় বিল নম্বর থ্রি অফ ২০১৭ - দি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটিজ অ্যান্ড কলেজেস (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড রেগুলেশন) বিল, ২০১৭, যে আজকে মহতি সদনে উপস্থাপন করেছেন, তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে দু-একটি কথা উপস্থাপন করছি। এই বিলের প্রাথমিক পর্বে যে বিষয়টা উপস্থাপিত হয়েছে, এই বিলের মূল উদ্দেশ্য বেটার অ্যাডমিনিস্ট্রেশান অ্যান্ড কোয়ালিটি, এই কোয়ালিটি অফ এডুকেশান - এই দুটোর উপর গুরুত্ব দিয়ে এই বিলটি এখানে উপস্থাপিত হয়েছে। আমরা জানি যে বিলের যে মূল উদ্দেশ্য, তাকে সঠিক জায়গায় পৌঁছে দেওয়ার জন্য মাননীয় মন্ত্রী মহোদয় ছত্রে ছত্রে বিভিন্নভাবে বিষয়বস্তু উপস্থাপনা করার চেষ্টা করেছেন। কিন্তু আমরা বিলে যাওয়ার আগে দু-একটি কথা উপস্থাপনা করার চেষ্টা করছি। যারা ইতিপূর্বে দীর্ঘদিন ধরে এখানে রাজত্ব করেছিলেন, তাদের দীর্ঘ রাজত্বকালে তারা যেভাবে বিশ্ববিদ্যালয়, কলেজ, শিক্ষাপ্রতিষ্ঠানে তাদের অধিকারটাকে প্রতিষ্ঠিত করার জন্য চেষ্টা করেছেন, তাদের হয়তো কেউ কেউ আজকে আশঙ্কা করছেন যে এই বিলের মধ্যে স্বাধিকার ভঙ্গ হয়ে যাবে। ইউনিভার্সিটির মূল দায়িত্বে যারা থেকে গেছেন, তাদের স্বাধিকার নষ্ট হয়ে যাবে। শিক্ষকদের চলার গতিপথ নাকি অনেকটা নিয়ন্ত্রিত হয়ে যাবে এই বিলের মাধ্যমে। যাদের সময়ে চ্যান্সেলার, ভাইস চ্যান্সেলার - আলিমুদ্দিন স্ট্রীটের মাধ্যম দিয়ে নির্বাচিত হত, এই গভর্নমেন্ট আসার পরে তা প্রত্যেকটি ক্ষেত্রে যে উদারনৈতিক চিন্তা-ভাবনা, যে জনদরদী মানসিকতাকে নিয়ে গোটা বাংলার বুকে এগিয়ে আসতে সক্ষম হয়েছে, এটার সাক্ষী গোটা বাংলা জুড়ে সমস্ত মানুষ কিন্তু আজকে উপলব্ধি করতে পেরেছে। ফলে একটা বিদগ্ধ অবস্থা থেকে, বিতর্কিত অবস্থা থেকে উত্তরণের মধ্য দিয়ে মা মাটি মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী সর্বক্ষেত্রে তার ঐতিহ্যমণ্ডিত চিন্তা-ভাবনা বাংলাকে উপহার দিতে পেরেছেন। সেটা যদি না করতে পারতেন, প্রত্যেকটি দপ্তরের ক্ষেত্রে যে উন্নয়ন সংঘটিত হয়েছে, সেখানে অনেক সমালোচনা যারা করছেন, তারা কি অনেক বেশি পরিমাণে সমালোচনা করেছিলেন? কিন্তু একটা জায়গায় আমরা নিশ্চিত যে বাংলার মানুষ, যারা আজকে বিতর্কিত জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করছেন, তাদের কথায় কর্ণপাত করেন না।

[3.00 – 3.10 p.m]

প্রত্যেকটা ক্ষেত্রে যেহেতু একটা সামঞ্জস্যপূর্ণ এবং বাংলর উন্নয়নটাকে অভিমুখ করে চলবার চেষ্টা করেছেন সেইজন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রতি আস্থাশীল হয়ে কাজকর্ম করার চেষ্টা করা হচ্ছে।

শিক্ষার ক্ষেত্রে আজকে যে বিলাটাকে এখানে উপস্থাপন করা হয়েছে সেই বিলের উপস্থাপনার ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে এই বিলের মূল যে উপজীব্য বিষয় উচ্চশিক্ষাকে দলতন্ত্র থেকে মুক্ত করার পাশাপাশি শৃঙ্খলা, অনুশাসনের পরিবেশে মেধার পরিপূর্ণ বিকাশের লক্ষ্যে এই নয়া শিক্ষানীতি বা শিক্ষা বিলটা এখানে আবর্তিত হচ্ছে। মূল বিষয় যেটা আমাদের কাছে এসেছে উচ্চশিক্ষাকে দলতন্ত্রে নয়, আমরা কোন দলতন্ত্রকে প্রতিষ্ঠা করার চেষ্টা করছি না। এই আইনটা যখন প্রবর্তিত হতে যাচ্ছে তার আগেকার পর্যন্ত এমনকি পরিবেশ আছে যেটা সকলেই জানেন কিন্তু সকলের জানা সত্ত্বেও কেবলমাত্র তর্কের খাতিরে তর্ক করার জন্য যারা সমালোচনা করছেন স্বাধিকার ভঙ্গের দিকে লক্ষ্য করে আমি মনে করি তারা সঠিক কাজ করছেন না। আমরা দেখছি স্টেট এডেড ইউনিভার্সিটি এবং গভর্নমেন্ট এডেড যে কলেজগুলি প্রাতিষ্ঠানিক কাজকর্ম যাতে যথা নিয়মে পালিত হয় তাতে স্টেক হোল্ডার যারা রয়েছেন তাদের রাইটস অ্যান্ড ডিউটি সম্বন্ধে সতর্ক থাকে তাদের অবহেলা এবং উপেক্ষা যাতে শিক্ষার পরিবেশকে বিনষ্ট করতে না পারে সেই কারণের জন্য প্রাত্যহিক ডিসিপ্লিনটা আমাদের নিয়ে আসার দরকার আছে যা এই বিলের মধ্যে উপস্থাপিত হয়েছে। এখানে আমরা দেখেছি যে বেটার রেসপন্সিবিলিটিস, ট্রান্সপারেন্সি, অ্যাকাউন্টিবিলিটি - এই তিনটের গুরুত্ব সবচেয়ে বেশি উল্লেখ করবার চেষ্টা করা হয়েছে। এই বিলে ভয় পাওয়ার কিছু আছে বলে আমরা মনে করি না। আমরা মনে করি আজকে রাজ্যে সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় গুলি তৈরি হয়েছে রাজ্যের নিয়ম মেনে সেগুলিকে তৈরি করা সম্ভব হয়েছে। উচ্চশিক্ষা বিভাগের প্রত্যক্ষ প্রশাসনিক নিয়ম কানুনে মোট ২০টি রাজ্য সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় আছে। প্রশাসনিকভাবে আজকে বিশ্ববিদ্যালয় গুলি স্বশাসিত। প্রত্যেকটা বিশ্ববিদ্যালয় চলে রাজ্যের নিজস্ব আইন এবং বিধি মেনে। অতএব আমাদের কোন ভয়ের কারণ থাকছে না যে গভর্নমেন্ট ওখানে হস্তক্ষেপ করে এই স্বাধিকারকে নষ্ট করার চেষ্টা করছে। সব রাজ্য এবং কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় তাদের শিক্ষা সম্পর্কিত স্বাধীনতা যথা নিয়মে পালন করছে। এখানে কোনরকম কারচুপির সুযোগ নেই। শিক্ষাক্রম প্রচলন পাঠকক্রমের বিষয়ে নীতি প্রণয়ন কার্যকর করা প্রভৃতির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের পূর্ণ স্বাধীনতা রয়েছে। এই জায়গায় রাজ্য সরকার কোন প্রকার হস্তক্ষেপ করেনি এবং করবেও না। আজকে অধ্যাপকদের চাকরির ক্ষেত্রে তাদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে না এই আইনের ফলে। এটা নিঃসন্দেহে বলার চেষ্টা করা হচ্ছ। আজকে যারা মনে করছে এই কারণের জন্য বোধ হয় আজকে যারা অধ্যাপক রয়েছেন যারা কলেজে থাকেন বা ইউনিভার্সিটিতে থাকেন, অনেকে ইউনিভার্সিটিতে থেকে তাদের রাজনৈতিক চিন্তাভাবনা প্রতিফলন ঘটানোর ক্ষেত্রে বাঁধা কোথাও নেই। নিঃসন্দেহে তাদের মন্তব্য করার সুযোগ থেকে গেছে। কিন্তু যদি দেখা যায় রাজনীতি করতে গিয়ে যদি তিনি তার নিজের যে দায়িত্ব ছাত্রদের প্রকৃত শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলা তারজন্য নিয়মমাফিক পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ে আসা বা কলেজে আসা সেটা না করে যদি কেউ রাজনৈতিক আখড়ার দিকে তিনি তার মনটাকে নিবিষ্ট করে দেন নিশ্চয়ই সেখানে সরকারের দেখার প্রয়োজন রয়েছে যে কেন এইভাবে হবে। একটা আদর্শ চরিত্রবান ছেলেকে যদি আজকে তৈরি করতে হয় বাংলার গর্ব হিসাবে, ভারতবর্ষ শুধু নয় ভারতবর্ষের বাইরে আমরা আজ তার আদর্শগত দিক তুলে ধরতে চাই তাহলে সেক্ষেত্রে রাজনীতি করার কারণে সেখানে কোনমতে ছাত্রদের উন্নতির চিন্তা ভাবনা না করে ব্যক্তিগত স্বার্থের কথা দেখা হবে এটাকে এই বিলের ক্ষেত্রে মানা যাবে না। ফলে এই জায়গায় তার রাজনৈতিক বক্তব্য রাখুন, চিন্তাভাবনা করুন তার ডিউটি সঠিকভাবে করতে হবে এটাই নতুন করে আইনের মধ্যে উপস্থাপন করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে প্রস্তাবিত আইনটি কোন ব্যতিক্রম নয়।

এটি তৈরী হয়েছে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বর্তমান আইন এবং বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণ সংক্রান্ত বা প্রশাসন সংক্রান্ত যে বিধি আছে, তার সঙ্গে সামঞ্জস্য রেখে এটা আমাদের

করা সম্ভব হয়েছে। সরকারের অনুমতি ছাড়া কোন বিশ্ববিদ্যালয় সৃষ্ট, কোন শিক্ষক বা আধিকারিকের - তাদের পদের রূপান্তর করা যাবে না এবং কোন স্থাবর সম্পত্তিকে নিজের খেয়াল খুশিমত বিক্রী করা যাবে না। বাধা দেওয়া হয়েছে। রাজ্যসরকার তার সমস্ত দায় দায়িত্ব নিয়ে কলেজটাকে একটা প্রতিষ্ঠিত জায়গায় নিয়ে যেতে চাইছে, সেই জায়গায় কেউ ইচ্ছাকৃতভাবে মনে করলেন যে সেই সম্পত্তিটাকে বিক্রী করে দেবেন, সেটা রাজ্যসরকারের গোচরে আসবে না, এই জিনিসটাকে কখনও বরদাস্ত করা হবে না। এখানে এটা নতুনভাবে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। আমরা আজকে দেখেছি যে ৩০শে ডিসেম্বর পর্যন্ত যেখানে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকরা অবসর গ্রহণ করতেন, সেখানে মাননীয়া মুখ্যমন্ত্রী গত ৭ তারিখে তিনি এক অধিবেশনে উপস্থিত থেকে সেখানে বক্তব্য রাখতে গিয়ে বলেছেন যে অধ্যাপকদের এই যে অবসর গ্রহণের বয়স ৬০ বছর ছিল,তার পরিবর্তে সেটা ৬২ বছর করার সিদ্ধান্ত নিয়েছেন। এটা নিশ্চয়ই তিনি অন্যায় কিছু কাজ করেননি। এর পূর্বে কি হত ? অবসর গ্রহণের পরে পুনর্নিযুক্তিকরণের ব্যবস্থা ছিল ক্রমান্বয়ে। কিন্তু সেটার ক্ষেত্রে ১৯৭৯ সালে হাইকোর্টের একটা নির্দেশনামা থাকার কারণের জন্য এইভাবে পুনর্নিযুক্তিকরণের ব্যাপারটা এখানে থমকে গিয়েছে। এখানে রাজ্যসরকারের করার কিছু নেই। সুতরাং এটা যদি কখনও সংশোধিত হয়ে যায় সেখানে কিন্তু তাদেরকে আবার সুযোগ করে দেওয়ার ব্যবস্থা থেকে গিয়েছে। না হলে আপাততঃ ৬২ বছর পর্যন্ত এই সুযোগ তাদেরকে ফিরিয়ে নিয়ে আসার চেষ্টা করছে। স্যার রাজ্যের বিশ্ববিদ্যালয়ের আধিকারিকদের দায়িত্ব কর্তব্য, নির্বাচন পদ্ধতি, সমাবর্তন করার পদ্ধতি, কলেজগুলিকে স্বীকৃতির পদ্ধতি, স্বীকৃত কলেজের সমস্ত ক্ষেত্রে দায়িত্ব, কর্তব্য প্রভৃতি বিষয়ে সমরূপবিধি - ইউনিফর্ম স্ট্যাটিউট - এগুলো এখানে প্রযোজ্য হবে। এটা একটা ইউনিক সময়োচিত সিদ্ধান্ত। এইজন্যই এই বিলকে আমরা পূর্ণাঙ্গভাবে সহযোগিতা করি এবং সমর্থন করি। এছাড়া আমাদের রাজ্যে দেখা গিয়েছে যে, কলেজগুলিত পরিচালিত যে গভর্নিং বডি, সেই গভর্নিং বডিকে এখানে পরিষ্কার করে বলে দেওয়া হয়েছে যে, যারা আজকে শিক্ষানুরাগী - এটা নিয়ে অপব্যাখ্যা হতেই পারে কিন্তু রাজ্যসরকারের অভিমুখ একেবারে পরিষ্কার যে শিক্ষানুরাগী ব্যক্তিকে সেখানে প্রেসিডেন্ট হিসাবে উপস্থাপন করা হবে। প্রিন্সিপাল যিনি থাকবেন তিনিই হচ্ছে সেই কলেজের এক্স অফিসিও সেক্রেটারী থাকবেন এবং তিনজন মেম্বার থাকবেন, তারা হোল্‌টাইম রেগুলার হিসাবে সেখান থেকে চলে আসতে পারবেন। এছাড়া বাইরে থেকে যে দুজন গিয়েছেন তারা থাকবেন, তাদের মধ্যে থেকে একজন স্টেট গভর্নমেন্ট থেকে থাকবেন আর একজন ওয়েস্টবেঙ্গল স্টেট কাউন্সিল থেকে নিয়োগ করা হবে এবং একজন ডোনার থাকবেন। এছাড়া Indian Engineering Institute থেকে দুজন যে থাকবেন তারমধ্যে একজন মহিলা অধ্যাপক নিঃসন্দেহে থাকবেন। এদেরকে নিয়ে আজকে এখানে এই যে বিধানগুলো থেকে গিয়েছে, এই বিধানগুলোর মধ্যে আমরা লক্ষ্য করছি যে আপাততঃ প্রিন্সিপাল যিনি থাকবেন তার ডিউটিগুলোর মধ্যে থেকে গেছে অ্যাটেনডেন্স, পাংচুয়ালিটি এবং ওয়ার্ককালচার - এটাকে সুষ্ঠুভাবে তিনি দেখবেন। দ্বিতীয়তঃ তাকে যেটা বলা হয়েছে যে, অ্যানুয়াল কনফিডেন্সিয়াল রিপোর্ট এবং পারফরমেন্স অ্যাভারেজ রিপোর্ট ফর এভ্রি ইয়ার এটা গুরুত্বপূর্ণ। এটাকে নিঃসন্দেহে তাকে করে উঠতে হবে। এছাড়া তাদের মুভেবেল এবং ইমমুভেবেল যেটা থাকবে, সেটা সিল্ড কভারের মধ্য দিয়ে রাজ্যসরকারের কাছে উপস্থাপন করতে হবে এবং যদি দেখেন যে গভর্নিং বডি সঠিকভাবে কাজ করছে না, তাহলে তাকে সরিয়ে নিয়ে আমরা নিঃসন্দেহে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করতে পারব। এবং যদি দেখি অ্যাডমিনিস্ট্রেটর ঠিকমত কাজ করছে না তখন গভর্নিং বডিকে সুন্দরভাবে করে নেওয়া যাবে। এছাড়া

প্রত্যেকটি ক্ষেত্রে এখানে একটা মিউচুয়াল ট্রান্সফারের ব্যবস্থা থেকে গিয়েছে। এখানে আমরা দেখতে পাচ্ছি যে সার্ভিস কমিশনের রেকমেন্ডেশানের ভিত্তিতে সেখানে আমরা শিক্ষকদের নিয়োগ করতে পারি এবং সার্ভিস কমিশন যে রেকমেন্ডেশান করবে সেটা কেবলমাত্র গ্রুপ অফ এজ এবং এডুকেশান .....

(এইসময় মাইক অফ হয়ে যায়)

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় ডেপুটি স্পীকার স্যার,এই পবিত্র সদনে আমি ২০১৭ -এর বিল নং ৩, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী ড. পার্থ চট্টোপাধ্যায় কর্তৃক উত্থাপিত হয়েছিল তার সমর্থনে দুটো একটি কথা বলতে চাই।

[3.10 – 3.20 p.m]

স্পষ্টতই এই বিলটি যেটা আজকে আমাদের সামনে পরিঘোষিত এবং যার উপর আলোচনা চলছে সেটি একটি ২০১৬, বিল নং ১৯ মার্জিত গেজেট বিল। মার্জিত এই অর্থে বললাম অন্য কোনো চাপে পড়ে নয়, বিবেকের অনুশাসনে, বিচারের নিয়ন্ত্রণে মাননীয় শিক্ষা মন্ত্রী তথা এই বিল প্রণেতাদের মনে হয়েছে শিক্ষার স্বাধীনতার জন্যে, শিক্ষার উন্নতির জন্যে কিছু সংশোধন পরিমার্জন দরকার। তাই এটি একটি পরিমার্জিত সংস্করণ। আমি এটিকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং খুব সংক্ষেপে নির্দিষ্ট সময়ের মধ্যেই আমি আমার পক্ষের যুক্তিগুলো পরিবেশন করব। যে বিলটি নিয়ে আলোচনা চলছে, যে বিলটির বিরুদ্ধে শুধু এই সদনের ভিতরে আলোচনা হচ্ছে তা নয়, সদনের বাইরেও একটি ঘূর্ণায়মান কলরব চলছে এই বিলটিকে চাইনা, বিলটি সর্বনাশ করছে। ঠিক সেই জায়গায় দাঁড়িয়ে আমার মনে পড়ছে এই বিলটির কিছু চিত্র এবং চরিত্রের কথা। স্পষ্টতই আমার মনে হচ্ছে শিক্ষা প্রতিষ্ঠান গুলির যথাযোগ্য অবস্থান চিহ্নিতকরণ বড় কঠিন কাজ। স্বাধিকার বৃত্ত চারণা যেমন চলবে, যেমন প্রয়োজন আছে অধ্যাপকদের, তেমনি তাদের স্বেচ্ছাচারিতা নিয়ন্ত্রণের আয়োজন চলবে শিক্ষা ব্যবস্থাপক দের, তারও প্রয়োজন আছে। বাঁধনহারা উদ্দাম তানের সঙ্গে শৃঙ্খলার গানও গাইতে হবে। এটি এই বিলের ধ্রুবপদ। শিক্ষা, একমাত্র আমাদের সাম্রাজ্য, আমরা যারা অধ্যক্ষ, আমরা যারা অধ্যাপক, আমরাই পরিকাঠামো পরিকল্পনা করব, নিয়োগপর্ব চালাব, পাঠন ও পরীক্ষা করব, সমস্ত কাজ করব, যথা ইচ্ছা বিচরণ করব, যা ইচ্ছা বলব শুধুমাত্র অর্থ সরবরাহকারীর দায়িত্ব পালন করে যাবে নির্বোধ সরকার। সরকারের এই ভূমিকা যারা চান, তারা এই বিলের বিরোধিতা চান। শুধু সরকারকে কিল মারার গোঁসাই নয়, কিল খাওয়ার গোঁসাই করে চান যারা তাদের কাছে এই বিলে আলোচনা প্রসঙ্গে একটা অনুচ্চারিত প্রশ্ন, মেনে নিলাম আপনারাই শিক্ষার সাম্রাজ্যে একমাত্র সম্রাট কিন্তু যদি কোনো অঘটন ঘটে, যদি কোনো বিশৃঙ্খলার সরীসৃপ ঢুকে যায়, যদি কোনো আর্থিক দুর্নীতি ঘটে, যদি কোনো হিংসার তাণ্ডব ঘটে যায় সেই অঙ্গনে, তখন কেন বলা হয় এর অপবাদের সমস্ত গ্লানি বহন করবে সরকার, আর সুবাসটুকু অধ্যাপকরা নিয়ে চলে যাবে- এ চলতে পারে না। তারই বিরুদ্ধে এই বিল এক প্রতিবাদ। এই বিল ঘোষণা করে বর্তমান শিক্ষা বিজ্ঞানের সঙ্গে সঙ্গতি রেখে শিক্ষা চালনা করবে তাকি শুধুমাত্র অধ্যাপক, শিক্ষক তা আর শ্রোতা ছাত্র-ছাত্রী। যা বলব তাই শুনবে, থার্ড ডিগ্রি প্রয়োগ করব, যখন ইচ্ছে, যা ইচ্ছে করব এই যুগ চলে গিয়েছে। এর উত্তর না। আধুনিক শিক্ষা বিজ্ঞান বলছে শিক্ষা একটা বৃত্ত। সেই বৃত্তের মধ্যে সবাই আসবে। যারা বি.এ., এম.এ., ডক্টরেট হয়েছে তারাও যেমন আসবে, যারা প্রকৃত শিক্ষায় শিক্ষিত অথচ শিক্ষানুরাগী ব্যক্তি হিসেবে চিহ্নিত, শিক্ষার সংগঠক হিসেবে চিহ্নিত, শিক্ষার মঙ্গল, অবদান সম্পর্কে যারা ওয়াকিবহাল

তারা এই বৃত্তের মধ্যে আসবে। আসবে অভিভাবক-অভিভাবিকা, আসবে ছাত্র-ছাত্রী, আসবে শিক্ষানুরাগী ব্যক্তিত্ব, আসবে অধ্যাপক-অধ্যাপিকা। আমি বৃত্তকে ছোট করব ? সঙ্কীর্ণ করব ? নিজেই দাপাদাপি, মাতামাতি করব ? তারই বিরুদ্ধে এই বিল বলিষ্ঠ প্রতিবাদ, এই বিলটা এটাই ঘোষণা করে। আমরা বিশ্বাস করি একটা শিক্ষা সংগঠন, যে কোন শিক্ষা সংগঠন, সে বিদ্যালয় স্তরেই হোক প্রাথমিক বিদ্যালয় স্তরেই হোক, মহাবিদ্যালয় স্তরেই হোক, বিশ্ববিদ্যালয় স্তরেই হোক, শতকরা ৮০ ভাগ ছাত্র-ছাত্রীদের শিক্ষার জন্য, শতকরা ২০ ভাগ অধ্যাপকদের জন্য। আমাদের নিরাপত্তা দেখব, আর কোন নিরাপত্তা দেখব না, শিক্ষা চুলোয় যাক ? যেহেতু আমরা কোনক্রমে একটা ডিগ্রি পেয়ে গেছি, আমাদের মধ্যে মানবিক মূল্যবোধের বিভূতি সব ঝরে পড়ে যাক, খসে পড়ে থাক, তবুও আমরাই শোষণ করব, সেখানে অন্য কারো প্রবেশাধিকার থাকবে না, এটা শিক্ষার মূলমন্ত্র হতে পারে না। শিক্ষার মূলমন্ত্র হবে 'আপনি আচরি ধর্ম অপরে শিখায়।' প্রতিবাদ হবে শিক্ষানুরাগী ব্যক্তিত্বের মধ্যে দিয়েই নাকি রাজনৈতিক ব্যক্তিত্ব প্রতিষ্ঠিত হবে, শিক্ষানুরাগী ব্যক্তির নির্বাচনের মাধ্যমেই নাকি সরকারি নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হবে। সরকার তো নিয়ন্ত্রণ করবেই, এটা সরকারের সাংবিধানিক অধিকার। সরকার নিয়ন্ত্রণ করবেই, এটা সরকারের নৈতিক অধিকার। কেননা সরকারকে দায়িত্ব নিতে হয়। কিন্তু সঙ্গে সঙ্গে এটাও মেনে নিতে হবে যে, আমরা যারা সাধারণ ভাবে আছি, এই বিলের বাইরে আছি, তারা কি চাইছে। সত্যিই কি অরাজনৈতিক ব্যক্তিত্ব এখন একটাও খুঁজে পাওয়া যাবে যার মধ্যে কোন রাজনৈতিক দর্শন কাজ করছে না, যার মনের গুপ্ত গহ্বরে দলীয় রাজনৈতিক বিষক্রিয়া চলছে না। এমন বহু মানুষ আছে - 'রাতের সব তারাই আছে দিনের আলোর গভীরে।' যারা যখন তখন ফোঁসফাঁস করে, শিক্ষকের ছদ্মবেশে, অধ্যাপকের ছদ্মবেশে প্রচ্ছন্ন রাজনীতির মদত দেয়। অনেক পুরনো একটা গান শুনেছিলাম, 'এমন একটা ঝিনুক খুঁজে পেলাম না যাতে মুক্তো আছে।' তেমন এমন একটা পাণ্ডিত্যের ঝিনুক খুঁজে পাওয়া যায় না যার মধ্যে অরাজনৈতিক নিরপেক্ষতার মুক্তো বিচরণ করছে। আমরা সবাই রাজনীতি করি। কিন্তু রাজনীতি মানেই দলীয় রাজনীতির ভাইরাস আক্রান্ত নয়। আমি রাজনীতি করতে পারি, এটা আমার অপরাধ নয়। আমি ৪০ বছর শিক্ষকতা করেছি, আজ তৃণমূল দলে আছি বলে আমার শিক্ষক জীবনটা ব্যর্থ হয়ে গেল, আমি বিধায়ক, আমার রাজনৈতিক পরিচয়টাই মুখ্য পরিচয় হবে ? এই পরিচয়টা তারাই লুকোতে পারে যারা যখন যেমন তখন তেমন করতে পারে। যারা বরেণ্য মানুষ তারাও আসবে। তবে তারা আসতে চায় না এই পথে। পাছে আমার ধাপ্পা ধরে ফেলে, আমার ফাঁকি ধরে ফেলে, আমার চালাকি ধরে ফেলে, আমার দুর্নীতি ধরে ফেলে। তাদের বলি, এত ভয় পাওয়া, এত সঙ্কোচের বিহ্বলতা ত্যাগ করো, অধিকারের সঙ্কটের বিহ্বলতায় ম্রিয়মান হয়ো না। নিঃসন্দেহে এই বিল তার প্রতিবাদ জানায়। এই বিল বলে, আমরা শিক্ষাবৃত্ত রচনা করেছি। এই বিল বলে, আমরা সবাইকে ঠাঁই দিয়েছি। এই বিল বলে আমরা কোয়ালিটি এডুকেশনকে আমন্ত্রণ জানাচ্ছি। এই বিল বলে, এই কোয়ালিটি এডুকেশনের সঙ্গে সঙ্গে আনুষাঙ্গিক সমস্ত দুর্নীতির সমস্ত রন্ধ্রপথ আমরা বন্ধ করে দিচ্ছি। এমনকি অধ্যাপক, অধ্যাপিকা যারা দুর্নীতির গেরুয়া পরে আছে তাদের পর্যন্ত জবাবদিহি করতে হবে, সম্পত্তির জবাবদিহি করতে হবে।

[3.20 – 3.30 p.m]

তোমাদের নিত্য প্রাত্যহিকী যা বিশ্ববিদ্যালয়ে বা কলেজে পালন করছ তার জবাবদিহি করতে হবে তোমাদের সার্ভিসেরও অ্যাসেসমেন্ট হবে। সেলফ অ্যাসেসমেন্টের কথা কি বলা হয়নি? রাজীব গান্ধীর সেই বিখ্যাত শিক্ষানীতিতে শিক্ষকদের মূল্যায়নের পদ্ধতির কথা বলা হয়নি? এ কি নতুন? অথচ সেই রাজীব গান্ধীর অনুগত রাজনৈতিক ভাইয়েরা তারা

বাইরে বিপ্লব আনছেন। অন্য অসৎ সঙ্গে নরকবাস হয়েছে তাদের। তাই তাদের সেই জায়গায় দাঁড়িয়ে তারা আজকে অন্য কোনো গাওনা গাইছেন। আমি বিশ্বাস করি নতুন করে বিলের ধরে ধরে কোথায় কোথায় কি কি আছে বলার প্রয়োজন আর নেই। আমি ধন্যবাদ জানাচ্ছি। আমাদের বিধানসভাকে তারা এমনভাবে বিন্যস্ত করেছেন অন্তত বক্তাদের তালিকা, আমাদের মধ্যে আছেন বিশ্ববিদ্যালয়ের মানুষ, অধ্যাপক দীর্ঘদিনের রবিরঞ্জন বাবু, আছেন সমীর বাবু, আমি বিদ্যালয় শিক্ষক, আশিস বাবু মহাবিদ্যালয়ের শিক্ষক শিক্ষার সর্বস্তর থেকে এই আওয়াজ উঠছে আমরা শিক্ষার্থী বাঁচতে চাই, শিক্ষা বাঁচতে চায় এই বিল বাঁচাতে চায়। এই শিক্ষাবিলকে সমর্থন করুন। নমস্কার।

ডঃ আশীষ ব্যানার্জি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় আনীত, 'দি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটিজ অ্যান্ড কলেজেস (অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যান্ড রেগুলেশন) বিল, ২০১৭কে পূর্ণ সমর্থন করে দু একটি কথা নিবেদন করতে চাই। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শিক্ষার প্রসারের জন্য বিগত মাত্র কয়েকটি বছরে যে অবদান রেখেছেন তা কখনো কেউই করতে পারেনি। গরীব ছাত্রছাত্রী থেকে শুরু করে - দুর্বল কলেজ পড়াশোনার সুযোগ বৃদ্ধি, প্রত্যন্ত অঞ্চলে বিশ্ববিদ্যালয় তৈরী, সরকারী কলেজ সৃষ্টিতে সীমাহীন সাফল্য, শিক্ষক, শিক্ষাকর্মীদের স্বার্থে সিদ্ধান্ত গ্রহণ, শিক্ষার পরিবেশকে সুন্দরতর করে তোলার প্রয়াস সর্বত্রই স্বচ্ছন্দ পদক্ষেপ শিক্ষার স্বার্থকে মজবুত করেছে। ডঃ পার্থ চ্যাটার্জী মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নকে সফল করার সার্থক কারিগর। এই বিল আমাদের আত্মসমীক্ষায় সহায়তা করবে। এই বিলে মূলত কী আছে। (১) কলেজ প্রশাসন, (২)শিক্ষক ও শিক্ষাকর্মীদের বিষয়, (৩) প্রভিডেন্ড ফান্ড, (৪) বিশ্ববিদ্যালয় প্রশাসন, (৫) এই আইনকে ফলপ্রসূ করতে তথা অসুবিধা দূরীকরণে রাজ্যসরকারের ভূমিকা। তারপরে দেখছি স্বার্থান্বেষী মহল এই নিয়ে গেল গেল রব তুলেছেন কীসের জন্য ? কলেজ প্রশাসনে কে থাকবে ? বলা হয়েছে তিনি থাকবেন যিনি 'ইনটারেস্টেড ইন এডুকেশন'। ভুলটা কোথায়। কোথাও কি বলা হয়েছে যিনি শিক্ষানুরাগী হবেন তাঁকে ঝান্ডা ধরে কোন দলের হয়ে মিছিল করতে হবে ? আসলে বিরোধীরা আয়নায় নিজের মুখ দেখছেন। আসলে তাদের আমলে প্রেসিডেন্ট করা হত কাদের ? বলুন তো, এম .পি অথবা এম.এল.এরা থাকতেন! আমার কলেজে এম .পি ছিলেন সভাপতি, তার আগে ছিলেন সভাধিপতি। কখনো ছিলেন তাঁর দলের পূর্ণ সময়ের লোক তখন এই কণ্ঠস্বর কোথায় ছিল বন্ধু? কোথায় তখন আওয়াজ ছিল ? কোথায় তখন প্রতিবাদ ছিল ? কোথায় তখন এত ন্যায় নীতির কথা ছিল ? আচ্ছা, বলুন তো কলেজের অধ্যক্ষ পদে কাদের বসাতেন ?

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছেড়েই দিলাম। সে তো আপনাদের অফিসের টুলে না বসলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হতেন না। উপাচার্য হয়েছিলেন কে ? যিনি মুখ্যমন্ত্রীর জীবনী রচনা করছেন। তিনি, যিনি মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে লড়াই করে, আসন সংরক্ষণ করে লড়াই করেছিলেন। বিশ্ববিদ্যালয়ের পতাকা গুটিয়ে রেখে এসে লড়াই করে হেরে গিয়ে আবার উপাচার্য হলেন তিনি। কোথায়, কোথায় গেল আপনাদের সেই নীতিকথা? আজ বলুন তো কলেজের অধ্যক্ষের পদে কাকে বসাতেন ? কাদের বসাতেন ? সি পি এম বা বামফ্রন্টের লোক ছাড়া কেউ কলেজে প্রিন্সিপাল হতে পারতেন ? আর আজ ডঃ পার্থ চ্যাটার্জী, বলতে পারেন মমতা ব্যানার্জীর আমলে এই অধ্যক্ষ নিয়োগে দল দেখা হয়নি। খোঁজ নিয়ে দেখুন, চ্যালেঞ্জ দিয়ে বলছি সি পি এমের কার্ড হোল্ডার শিক্ষকরাও বহু কলেজে প্রিন্সিপাল হয়ে বসেছেন। এই সাম্প্রতিক কালের যে নিয়োগ, এটা সেই নিয়োগে প্রতিফলিত হয়েছে। তাই শিক্ষানুরাগী ব্যক্তি যদি কলেজের পরিচালন সমিতির সভাপতি হন, তাহলে আপত্তি কোথায়। সরকার শিক্ষার পরিবেশকে কলুষমুক্ত করার

জন্য সভাপতি মনোনীত করার সিদ্ধান্ত নিয়েছেন। জনগণ দ্বারা নির্বাচিত সরকার নিশ্চয় এটা করতে পারেন। কারণ ইলেকটেড বাই দি পিপল। গভর্নমেন্ট, যে গভর্নমেন্ট ইলেকটেড বাই দি পিপল, তিনি তার প্রতিনিধি নির্বাচন করতে পারবেন না! কলেজগুলো সুষ্ঠু পরিচালনার জন্য তিনি মনোনীত করতে পারবেন না। এছাড়া গভর্নিং বডির গঠনটিকে আমরা মনে করি এই বিলে যথাযথ করা হয়েছে। শিক্ষক, শিক্ষাকর্মীর প্রতিনিধি থাকবেন, থাকবেন ছাত্র প্রতিনিধি, রাজ্য সরকারের দু'জন প্রতিনিধি থাকবেন। উচ্চশিক্ষা। সংসদের একজন প্রতিনিধি থাকবেন। ডোনারদের মধ্যে একজন প্রতিনিধি থাকবেন। আচ্ছা বলুন তো, এই ডোনারদের প্রতিনিধিত্ব করার ভার বামফ্রন্ট কোন দিন ভেবেছিলেন? যাদের উদ্যোগে কলেজ গঠন হল, যারা জমি জোগাড় করলেন, দান করলেন, কিংবা ফান্ড জোগাড় করলেন, তারা পরিচালন সমিতি গঠন করার সময় কোনো মূল্য পেলেন না। এটা উল্লেখযোগ্য দিক এই অবদানের স্বীকৃতি মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দ্বারাই সম্ভব। এছাড়া থাকবেন বিশ্ববিদ্যালয়ের দু'জন প্রতিনিধি। যার মধ্যে একজন হবেন মহিলা। আর একটি সুন্দর ধারা রয়েছে। প্রেসিডেন্ট মিটিং ডাকলেন। কোনো কারণে তিনি থাকতে পারলেন না। বলা হচ্ছে তাতে মিটিং ক্যান্সেল হবে না। একজন সরকারী প্রতিনিধি যদি উপস্থিত থাকেন তাহলেই সেই মিটিং বৈধ ভাবে করা যাবে। এই বিলে ডঃ পার্থ চ্যাটার্জী অধ্যক্ষদের উপর একটা দায়িত্ব দিয়েছেন, ম্যানেজমেন্টকেও একটা দায়িত্ব দিয়েছেন- "দ্য কলেজ ম্যানেজমেন্ট শ্যাল ইনট্রোডিউস ডিফারেন্ট মেজারস ফর এনসিওরিং অ্যাটেনডেন্স পাংচুয়ালিটি" ইত্যাদি - ভুল কোথায় ? আমি ৩৪ বছর ধরে কলেজে শিক্ষকতা করেছি। কলেজে নানা চেহারা দেখেছি। এই নিয়ে আবার কেউ কেউ প্রশ্ন তুলেছেন। আচ্ছা বলুন তো, আমরা সঠিক সময়ে কলেজে আসব বলেই তো চাকরি করছি। শিক্ষকতা করি বলেই উপস্থিতির খাতায় সই করতে হবে না! আত্মসম্মানে লাগবে! আত্মসম্মান এত ঠুন্‌কো ? আচ্ছা, ইউ জি সি তো বলেছে পাঁচদিন আট ঘণ্টা করে থাকতে হবে কলেজে। আমাদের ওদিকে একটা কথা চালু আছে। আমরা তো শান্তিনিকেতনের কাছাকাছি থাকি। একটা কথা চালু আছে - এ এক শিক্ষককে জিজ্ঞাসা করলেন কখন আসেন, আর কখন যান ? উনি হাসতে হাসতে বললেন আমি শান্তিতে আসি, শান্তিতে যাই। মানে - শান্তিনিকেতন এক্সপ্রেসে আসি আর শান্তিনিকেতন এক্সপ্রেসে বাড়ী ফিরে যাই। তাহলে থাকেন কতক্ষণ ? এটা বাস্তবিক বাস্তবিক হলেও এই চেহারাটায় কার ক্ষতি হচ্ছে ? কতক্ষণ তিনি কলেজ করছেন ? কতক্ষণ তিনি থাকছেন ? শুধু এই প্রশ্নটুকুই যদি করা যায় তাহলে দেখা যাবে যে কলেজে শিক্ষকদের পড়ানোর ভারটা শূন্য। সরকার তো আপ্রাণ চেষ্টা চালাচ্ছেন। পরিবেশ ? যা বামফ্রন্ট আমলে তলানিতে এসে ঠেকেছিল। তার উন্নয়ন সাধন করতে। আমাদের একটা সামাজিক দায়বদ্ধতা আছে। আমাদের একটা সোশ্যাল রেসপনসিবিলিটি বলতে কিছু নেই ? কলেজে নিশ্চয়ই ভাল প্রতিভাবান ছেলেরা আসছেন।

[3.30 – 3.40 p.m]

সরকার যথাসাধ্য চেষ্টা করছে তাদের ভালো রাখার। একবার ভেবে দেখুন যে, তরুণ অধ্যাপকটি কলেজে ঢুকেই ৩ হাজার ৭০০ নয়, ৩৭ হাজার টাকা বেতন পাচ্ছেন। আর রিটায়ার করছেন কত টাকায় ? ১ লক্ষ ২০ হাজার টাকায়। ২৪টা করে পিরিওড নিতে হয়। আপনি হিসেব করে দেখুন তো ? আমাদের সোস্যাল রেসপনসিবিলিটি যদি আমরা স্মরণ রাখি তাহলে হিসেব করে দেখুন, একটা ক্লাসের মূল্য কতটা ? আমি মূল্য দিয়ে বিচার করছি না। আমার সোস্যাল রেসপনসিবিলিটি আছে, তাই বলছি যে, আমার মূল্য কতটা, একটা ক্লাসের মূল্য কত? আর যে ছেলেটা ভোর চারটের সময় উঠে কলেজে আসছে, আপনারা জানেন, গ্রামের ছেলেরা

অনেকে মুড়ি বেঁধে নিয়ে কলেজ করতে আসে সকাল ৭টায়। এসে দেখে অধ্যাপক এলেন না। একটার পর একটা ক্লাস চলে যাচ্ছে, অধ্যাপক এলেন না। সেই সুভাষ মুখোপাধ্যায়ের একটা কবিতা আছে 'মুখুজ্যের সঙ্গে আলাপ'-এ, একটা কবিতায় বলছেন যে, যেখানে রোগীর অভাবে - কোথাও রোগীর অভাবে ডাক্তার ধুঁকছে, আর কোথাও ডাক্তারের অভাবে রোগী ধুঁকছে। কোথাও শিক্ষকের অভাবে ছাত্ররা ধুঁকছে, আর শিক্ষক বলছেন ছাত্রদের অভাবে আমরা ধুঁকছি। সেই বই কেনার গল্প। সৈয়দ মুজতবা আলি - যে, বই কেনো না কেন ? ছেলেরা বলছে বই কিনিনা, কারণ বইএর দাম বেশি। প্রকাশককে জিজ্ঞাসা করা হচ্ছে, বইএর দাম বেশি কেন ? বললেন, বইএর দাম বেশি ছেলেরা বই কেনেনা বলে। স্বাভাবিকভাবেই এই চক্র চলছে। স্বাভাবিকভাবেই যদি সেই শিক্ষকদের কেউ কেউ যদি সঠিক সময়ে না আসেন, না থাকেন, তাহলে শিক্ষার হালটা কি হয় ? কারো কারো অনুপস্থিতির জন্য শিক্ষক সমাজের বদনাম হয়। তাই অভ্যাস গড়ে তোলা দরকার, সময়ানুবর্তিতা গড়ে তোলা দরকার। এই দায়িত্ব শিক্ষক সমাজকেই নিতে হবে। এই বিলে বলা হয়েছে, শিক্ষকদের যেমন কলেজ সার্ভিস কমিশনের রেকমেন্ডেশনের ভিত্তিতে নিয়োগ করা হয়, শিক্ষা কর্মীদের ক্ষেত্রেও এই আইন চালু হ'লে একই নিয়ম প্রযোজ্য হবে। এতে কর্ম প্রার্থীদের সুযোগ বাড়বে, বৃদ্ধি পাবে।

আরেকটা বিষয় এই বিলে রাখা হয়েছে। সেটি হ'ল ট্রান্সফারের বিষয়। প্রথমতঃ বলা হয়েছে বিলে, চাকরি জীবনে একবার মাত্র শিক্ষক, লাইব্রেরিয়ান, শিক্ষাকর্মী মিউচুয়াল ট্রান্সফারের আবেদন করতে পারবেন। দ্বিতীয়তঃ, নিজের প্রয়োজনে ট্রান্সফারের আবেদন করতে পারবেন। তৃতীয়তঃ, রাজ্য সরকার ট্রান্সফার করতে পারে। প্রথম দুটিতে আপত্তি নেই। তৃতীয়টি নিয়েই প্রশ্ন উঠছে। এমন অনেক কলেজ আছে, যেখানে দেখা যায় কলেজে যে বিষয়টি পড়ানো হচ্ছে, সেখানে ছাত্র নেই। এমন অনেক কলেজ আছে। বহু কলেজ আছে, দেখবেন যেখানে কমার্স সেকশন প্রায় উঠে যাওয়ার মুখে। দেখবেন যে, এক একটা বিষয় এমন আছে, যে বিষয়টিতে সেই এলাকায় ছাত্র পাওয়া যায় না। সেখানে ছাত্র নেই, কিন্তু দেখা যাচ্ছে দু'জন শিক্ষক আছেন। তিনি পড়াবার কোনো সুযোগ পাচ্ছেন না। আবার অন্য একটি কলেজে ছাত্র আছে, শিক্ষকের অভাব রয়েছে। সেক্ষেত্রে সরকার যদি ইন দ্যা ইন্টারেস্ট অফ পাবলিক সার্ভিস তাদের বদলি করেন, তাহলে অসুবিধাটা কোথায় ? যে শিক্ষকরা ছাত্রের অভাবে পড়াতে পারছেন না, তাদের জব স্যাটিসফেকশন হচ্ছে না। তারা পড়াতে পারবেন, তাদের জব স্যাটিসফেকশন হবে। অপর দিকে শিক্ষক না থাকার জন্য যে অসুবিধা ছাত্র-ছাত্রীরা ভোগ করছে, সেই অসুবিধার হাত থেকে তারা রেহাই পাবেন। তাহলে বিলে অসুবিধাটা কোথায় ? বিলে অসঙ্গতিটা কোথায় ? বিলে খারাপ কথাটা কোথায় ? আবার যদি দেখা যায়, র‍্যাশনালাইজেশনের জন্য ট্রান্সফারের দরকার, সেটিও রাজ্য সরকার করতে পারবেন।

আরেকটা কথা বলা অত্যন্ত প্রয়োজন। ৭ই জানুয়ারি মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে উদার হস্তে দীর্ঘদিনের শিক্ষকদের চাহিদাগুলিকে পূরণ করে দিলেন।

আমি এই বিধানসভায় প্রশ্ন করেছিলাম বামফ্রন্টের শিক্ষামন্ত্রীকে কোন ধোঁয়াশা না রেখে বলুন শিক্ষকদের অবসরের বয়স আপনার সরকার বাড়াচ্ছেন কি না ? উনি খুব স্পষ্টভাবে বলেছিলেন না, বাড়ছে না। আর মাননীয়া মুখ্যমন্ত্রী সে দিন ঘোষণা করলেন শিক্ষকদের অবসরের বয়স ৬২ করা হল। এ প্রাপ্তি নিঃসন্দেহে অনেক এবং অনেকখানি গর্বের। ঘোষণা করলেন LTC স্বদেশে এবং বিদেশে ভ্রমণ করার সুযোগ করে দিলেন। আমার প্রশ্ন যে সংগঠন বলতে বাধা নেই 'ওয়েবকুটা' আজ ৬৫-র দাবী তুলে সভা করছেন, সেই 'ওয়েবকুটা'র সাধারণ সম্পাদক

এই হাউসের মেম্বার ছিলেন, এমএলএ ছিলেন তখন, যখন সুদর্শন ঘোষদস্তিদার তদানীন্তন শিক্ষামন্ত্রী এখানে দাঁড়িয়ে বলেছিলেন না, বাড়বে না। তখন তার কণ্ঠস্বর বেড়ালের থেকেও ক্ষীণ ছিল, বলতে পারেননি হ্যাঁ বাড়বে, হ্যাঁ বাড়াতে হবে। শিক্ষকদের এই দাবী আমি সোচ্চারে তুলছি বলতে পারেন নি। মমতা ব্যানার্জীর প্রতি কৃতজ্ঞতা জানান, পালের হাওয়া আজ বইছে কোথায় একটু অনুভব করুন। বিলের বিরোধিতা করে পোস্টার মারা যায়, দু-চার জনকে সঙ্গে করে মিছিল করা যায়, কিন্তু জনসাধারণের মন পাওয়া যায় না। যে মন কেড়ে নিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। মানুষের কাছে বলবেন খুব ভালো বিল, ছাত্রদের কাছে বলবেন খুব ভালো বিল, শিক্ষক-শিক্ষাকর্মীদের কাছে বলবেন এই বিল প্রয়োজন ছিল শিক্ষার স্বার্থে, তাই এই বিলের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অমর রায় প্রধান : (অনুপস্থিত)।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি প্রথমেই সদনে "The West Bengal Universities and Colleges (Administration and Regulation) Bill, 2017", তার একটা অ্যামেন্ডমেন্টও আছে, সেটা নিশ্চয় পরে হবে, আমি জানি না উপাধ্যক্ষ মহাশয় আগে নেবেন, না পরে নেবেন। সেই অ্যামেন্ডমেন্ট-সহ আমি ধন্যবাদ জানাচ্ছি ডঃ রবিরঞ্জন চট্টোপাধ্যায়, শ্রী সমীর কুমার জানা, শ্রী ব্রজমোহন মজুমদার, ডঃ আশিস ব্যানার্জী এবং শ্রী দিলীপ ঘোষ তাঁরা এটাতে অংশ নিয়েছেন এবং যথার্থ ভাবেই এই বিলের উপকারিতা সম্পর্কে বিস্তারিত ভাবে আলোচনা করেছেন। আমি শুধু বলি যে, এই বিলটা আসার আগে বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে স্বপক্ষে, বিপক্ষে, ছবি এঁকে, বিলটি বোধহয় ঠান্ডাঘরে চলে যাবে, এটা আলোর মুখ দেখবে না - কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় প্রমাণ করে দিয়েছেন যে, তিনি যেটা চিন্তা করেন, সকলের জন্য চিন্তা করেন। এবং সকলের জন্য চিন্তা করেন বলেই এই বিলটি সে দিন আপাতত ইন্ট্রোডিউস না করে ২০১৬-র বিলটি, আবার সেই বিলটিকেই কিছু কিছু জায়গায় আমাদের নিজেদেরই মনে হয়েছে, সকলের সাথে কথাও বলেছিলাম, তাতে মনে হয়েছে কিছু কিছু জায়গায় ভাষাগত যে সমস্যা আছে, সেই সমস্যার সংশোধন করা প্রয়োজন এবং সেটাই আমরা সংশোধন করে এনেছি। আমাদের আধিকারিক যারা এটায় কাজ করেছেন, আমাদের Law Department যারা কাজ করেছেন প্রত্যেকেই অত্যন্ত মন দিয়ে এবং সময় দিয়ে এই বিলটি আমাদের কাছে উপস্থাপনা করেছিলেন।

[3.40 – 3.50 p.m]

আমি এই বিলটির সমর্থনে উত্তর দিতে গিয়ে - শুধু দিলীপবাবু একটা কথা বলেছেন আমি একটু অবাকই হলাম, আমাদের কাছে আমাদের দপ্তরে শিক্ষকেরা এসে, চটি খুলে যাচ্ছে, জুতো ছিড়ে যাচ্ছে তবুও পি.এফের টাকা তারা পাচ্ছেন না। দেখা যাচ্ছে যে, পি.এফের টাকা অন্য খাতে নিয়ে গেছেন কলেজ পরিচালন সমিতিরা। তাতে যন্ত্রপাতি কেনা হচ্ছে কিন্তু পি.এফ যা তার প্রাপ্য সেই প্রাপ্য টাকা শিক্ষকেরা পাচ্ছেন না। তা আমি একটু অবাক হয়েই ভাবতাম যে, আমাদের বন্ধুরা যারা এখানে নেই যদিও আমি আব্দুল মান্নানসাহেব বিরোধী দলনেতার দ্রুত আরোগ্য কামনা করি। আমি নিজে এবং অধ্যক্ষ মহোদয় ও তাপস রায় আমরা তার সঙ্গে দেখা করে আসতে গিয়েছিলাম। তারা এর বিরোধিতা করেছেন। বিরোধিতার কারণ কি? আমরা আমাদের শিক্ষকদের পি.এফটাকে এনসিয়োর করবার জন্য, প্রভিডেন্ড ফান্ডকে এনসিয়োর করবার জন্য ট্রেজারিতে পাঠাচ্ছি। এটা তো এ.জিও বলেছে। অডিটর জেনারেল নিজেই বলেছেন যে, এটা ট্রেজারিতে পাঠানো হোক। যে ভাবে যে বেনিয়মে শিক্ষকদের অর্জিত প্রভিডেন্ড ফান্ডের অর্থ

ব্যবহার করা হচ্ছিল তা মোটেই কাম্য নয়। এ.জি সেই ব্যাপারে সতর্ক করেছে। আমরা তো শিক্ষকদের স্বার্থটাই রক্ষা করেছি। তাতে আর আপত্তি কোথায় হল?

দুই, ট্রান্সফার। ট্রান্সফারের বিষয়টি সরকারি কলেজে থাকবে কিন্তু সরকারি এডেড, সরকারী পোষিত কলেজগুলোতে থাকবে না। আমরা প্রায়ই শিক্ষকদের বিশেষত মহিলা শিক্ষিকাদের ব্যাপারে সহানুভূতি দেখাতে চাইলেও সেই সহানুভূতি দেখানো সম্ভব ছিল না। এমনকি শিক্ষক, দারুণ প্রয়োজনে তাকে অন্যত্র নিয়ে যাওয়া বা অশিক্ষক কর্মচারীকে অন্যত্র নিয়ে যাওয়ার কোন বিধান ছিল না। অর্থাৎ যে কলেজে এসেছো সেই কলেজেই থেকে যাও। তুমি যদি মহিলা হও, তোমার যদি বিবাহ হয় কলকাতায় আর তোমার যদি কাজ হয় ঝাড়গ্রামে তুমি ঝাড়গ্রামেই শেষ করো। এই নীতির ফলে কলেজগুলোতে বিশেষ করে দেখা যাচ্ছে যে, কোয়ালিটি অফ এডুকেশানের কথা জোর দিয়ে যেটা বলা যায়, উৎকর্ষতা সেই উৎকর্ষতার সময় কোথায় ছিল শিক্ষকদের। যদি তাদের পুরো এনার্জিটাই ট্রেনে আর বাসে করে চেপে চলে যেতে হয় আর পরিবার অন্যত্র থাকে তাহলে হবে কি করে? সেই দিকেই নজর রেখে এবার আমরা ট্রান্সফারটা এই বিলে এনেছি। দেখুন আমাদের লক্ষ্যটা কি? আমাদের শিক্ষার মূল উদ্দেশ্য সেই বেসটা কি? এই বেসটা হচ্ছে ফোর ই-র উপরে। আমরা বলেছি এক্সপানশন। আমরা এক্সপানশন করেছি। ৪৬টা কলেজ হয়েছে। আমাদের আমলে ১৬টা বিশ্ববিদ্যালয় হয়েছে। আমাদের ছাত্রদের ভর্তির আসন সংখ্যা বৃদ্ধি হয়েছে। গড় হার এখন ১১ থেকে ১১.৮ থেকে উঠে প্রায় ১৮-র কাছাকাছি।

এই যে পরিবর্তন, এই পরিবর্তনের সঙ্গে পরিকাঠামোগত উন্নয়ন হয়েছে। NAC-এ আমাদের রাজ্যে সর্বাধিক কলেজ বিশ্ববিদ্যালয় তারা NAC পেয়েছে। এই যে দৃষ্টিভঙ্গী, এই দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমাদের মেলাতে হবে নিয়মানুবর্তীতার। তাই আমরা একদিকে expansion করেছি, E-transfer expansion, তারপর হচ্ছে equity। আমরা মেয়েদের উপরে জোর দিয়েছি। আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ছাত্রীদের পড়াশুনার জন্য, পিছিয়ে পড়া মানুষ, অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়েছে, আধিবাসীরা পিছিয়ে পড়েছে, SC ST পিছিয়ে পড়েছে। তাদেরকে সুযোগ দেওয়ার জন্য কলেজকে নিয়ে গেছেন তাদের দোর গোড়ায়। যাতে তারা পড়াশুনা করতে পারে। এটা হচ্ছে equity। তারপরে হচ্ছে excellence ব্রজমোহনবাবু, রবিবাবু এবং আশিস তিনজনেই বলেছেন, উৎকর্ষতার উপর জোর দিতে। অনেক বন্ধুরা বলেন যে উৎকর্ষতার উপর আমাদের জোর দিতে হবে। কিন্তু তখন উৎকর্ষতার জন্যে কারণগুলো আমরা যখন দেখি। তখন কারণের প্রধান কারণ হচ্ছে, সেই শিক্ষা প্রতিষ্ঠান বা সেই বিশ্ববিদ্যালয়ের যে নিয়মের দ্বারা পরিচালিত হওয়ার কথা ছিল, স্বাধিকারের নামে তারা নিজেদের অধিকার প্রতিষ্ঠিত করেছে। এবং তারা উৎকর্ষতার উপরে যে punctuality, attendance নিয়মিত আসা এবং meaningful contribution to the class, ছাত্রছাত্রীরা শিখলো কি না সেই বিষয়টাও অনেক ক্ষেত্রেই দুর্বলতা আছে বলে আমরা মনে করি। তাই আমাদের excellence-এ যদি পৌঁছাতে হয়, উন্নতমানের পঠনপাঠন, ছাত্ররাও যেমন নিয়মিত হবে, তেমনি যারা পড়াতে আসেন, তারা পড়াতে আসছেন শুধুমাত্র আর্থিক কারণে নয়, তারা ভবিষ্যতের কারিগর গড়তেও আসছেন। এই মনোভাবে তাঁদের পড়াতে হবে। তারপর একটা হচ্ছে, employability কর্মসংস্থান। আমরা শিক্ষার উপরে জোর দিয়েছি, আমরা কারিগরি শিক্ষার উপরে জোর দিয়েছি, আমরা skill development-এর উপরে জোর দিয়েছি। এবং সঙ্গে সঙ্গে আমাদের শিক্ষকের যে অপ্রতুলতা ছিল, তার উপরে আমরা জোর দিয়েছি। আমি যখন কথা বলছি, তখন ৪০,০০০-এর উপরে প্রাইমারি টিচারদের নামের লিস্ট টাঙ্গিয়ে দেওয়া হয়েছে। আমি যখন কথা বলছি, তা আমাদের সরকার, মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার প্রায় সাড়ে তিন হাজার অধ্যাপকের

নিয়োগ সম্পন্ন করেছে। আরো হবে। আমরা যখন কথা বলছি, তখন শিক্ষা প্রতিষ্ঠানের আমাদের যে কমিশনগুলো আছে, সেই কমিশনগুলোর মধ্যে প্রায় ছয় হাজারের মতো গ্রুপ ডি গ্রুপ সি নেওয়া হচ্ছে। কিন্তু আমরা কি লক্ষ্য করছি এর সঙ্গে সঙ্গে ? আমরা লক্ষ্য করছি একটা অদ্ভুত নিয়ন্ত্রণহীনতা। কোনো কলেজ ৩৬টা গ্রুপ ডি নিয়ে নিল। কোনো কলেজ বলছে, কলেজ শিক্ষক নিয়োগের ফলে যে মাস্টারমহাশয় পৌঁছাচ্ছে, যে অধ্যক্ষ পৌঁছাচ্ছে, তাদের TIC-রা বলছে না না ঢুকতে দেব না - ছাত্রদের নিয়ে তারা হৈ হট্টগোল লাগাচ্ছে। এখানে কি সরকার উচ্চশিক্ষাকে সুরক্ষিত করবার জন্য হস্তক্ষেপ করবে না? আমাদের কোনো মতেই হস্তক্ষেপ করবার উদ্দেশ্য নয়। কিন্তু সরকারের এই রাজ্যের মানুষের যে অর্থ, সেই অর্থ ঠিকমতো ব্যয় করা হচ্ছে কি না, সেই অর্থ যে কারণে ব্যয় হচ্ছে তার মধ্যে তাদের সন্তান সন্ততিরা সত্যিকারের মানুষ হয়ে উঠছে কি না সে দেখার অধিকার রাষ্ট্রের আছে। কেননা রাষ্ট্র তৈরী হয়েছে জনপ্রতিনিধিদের দিয়ে গণতান্ত্রিক উপায়ে। এবং এইটুকুই আমরা এই বিলে আনতে চেয়েছি। অনেকে বললেন বোধহয়, একটু সরে এসেছি, attendance -এর ব্যাপারে আমরা কিছুই সরে আসিনি।

[3.50 – 4.00 p.m]

আমরা বিবেকের উপর ছেড়ে দিয়েছি। আমরা দেখতে চাই, ইতিমধ্যেই ৫/৬টি জায়গায় বিশ্ববিদ্যালয়ের অ্যাটেনডেন্সে ২০১৬ গিয়ে আমরা বলেছিলাম যে কথাটি, সে কথাটি তারা ইমপ্লিমেন্ট করেছে। প্রায় ৩০টার উপর কলেজে সেটা ইমপ্লিমেন্টেড হয়েছে। আমরা তাই জন্য বলছি, আমরা দেখতে চাই যে এটা করা সম্ভব কিনা। নাহলে সরকার তার প্রেসক্রাইবড রুলে যা বলেছে, এ্যাজ প্রেসক্রাইবড by the State Government, সেই রাস্তাতেই হাঁটবে। আমরা বিশ্বাস করি যে শিক্ষকরা যারা আমাদের কাছে এসে বলেছেন, তারা এটা মেনে চলবেন। আমি শুধু এই কথাটা আপনাদের কাছে জানাবার জন্য বলি, যারা অটোনমি নিয়ে বলেন - আমাদের অনেক সাংবাদিক বন্ধুরাও কাগজে বড় বড় করে লেখেন, স্বাধিকার বিনষ্ট হচ্ছে ; তা স্বাধিকারটা তো ছিল। কি রকম অবস্থায় ছিল। একটি বিশ্ববিদ্যালয় ১৮বছর ধরে অডিটর জেনারেলের গভর্নমেন্ট এর যে এক্সপ্লানেশান সেটা দেয়নি। আর একটি বিশ্ববিদ্যালয়ের ফাইনান্স অফিসারকে, তাকে একটা নন একজিসটিং পোস্ট দিয়ে ফিক্সড ডিপোজিট করিয়েছিলেন, ৭০০কোটি টাকার উপরে ইন ভেরিয়াস ব্যাঙ্কস, উইদাউট ফলোয়িং দি প্রেসক্রাইব চেকস। আর একটি বিশ্ববিদ্যালয়, ৫কোটি টাকা একটি এজেন্সির মাধ্যমে বাড়ী তৈরীর জন্য, বিল্ডিং কন্সট্রাকশানের জন্যে, কোন রকম কাগজপত্র ছাড়াই, সেই টাকাটা এবং ফাইনান্সিয়াল রুলস সেটাকে না মেনেই তারা অর্থ দিয়েছিলেন। আর একটি ইউনিভার্সিটি ৫একর জমি যা টি গার্ডেনের, সেই দামি জমিতে বলা হয়েছিল - তারা নিয়েছিলেন - যে আমরা রিসার্চ করবো। সেই জমি তারপরে কমার্সিয়াল পারপাসে ইউজ হল - উত্তরবঙ্গের একটি বিশ্ববিদ্যালয়। আর একটি ইউনিভার্সিটি কনভোকেশান পর্যন্ত করেনি, ৮ বছর ধরে সেখানে কনভোকেশান হচ্ছে না। আর একটি ইউনিভার্সিটি গ্রান্টস অ্যাফিলিয়েশান টু প্রাইভেট কলেজ অর্থাৎ একটি প্রাইভেট কলেজকেও অনুমোদন দিয়েছে। টোটাল ইন ভায়োলেশান অফ ইউ জি সি রুলস, এন সি টি রুলস, সুপ্রীম কোর্ট এর অডার এগুলোকে ভায়োলেট করে দিয়ে দিয়েছে। বহু ইউনিভার্সিটি আছে যারা রিজার্ভেশান পলিসি পর্যন্ত ফলো করছে না। এস সি, এস টি, ও বি সি এবং হায়ার এডুকেশান ডিপার্টমেন্টের কাছ থেকে যে সমস্ত ক্লিয়ারেন্স সেগুলোও তারা নিচ্ছে না। আবার অনেকগুলো ইউনিভার্সিটি আছে, আপনারাই তো লেখেন, এখানে অনেকে যারা এর মধ্যে বসে আছেন বিধায়করা বলেন, যারা এখানে সংবাদ সংগ্রহ করেন তারা বলেন, এর ঠিক মতন রেজাল্টটা বেরুচ্ছে না। বহু ইউনিভার্সিটি আছে যে তারা এই রেজাল্ট ঠিক মতন না বের করবার ফলে আমাদের ছাত্র-ছাত্রীদের ক্ষতি হচ্ছে।

এবং এই নিয়োগের ক্ষেত্রে এই এস সি, এস টি, ও বি সি, এই নিয়োগের ক্ষেত্রেও তারা কোন রিজার্ভেশান রোস্টারস মানছেন না। একদিকে সময় মতন বের করছেন না, অন্য দিকে এস সি, এস টি, ও বি সি.র যে রোস্টার, সেই রোস্টারও তারা মানছেন না এবং এই রেজাল্ট না বের করবার - ফলটা কি হচ্ছে। কি কারণে হচ্ছে - তাদের কোন অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যালেন্ডার নেই ; তারা বছরের প্রথমে বলেন না যে গ্রাজুয়েটদের এই সময়ে বের করবো, পোস্ট গ্রাজুয়েটদের এই সময়ে বের করবো, অর্থাৎ কোন সময়েই তারা বলেন না যে এত দিনের মধ্যে রেজাল্ট বের হবে - এটা আগে থেকে, এত দিনের মধ্যে পরীক্ষা হবে, আগে থেকে।

সবসময় তারা নিজেদের হাতে রেখে দেন এবং অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যালেন্ডার করেন না। সব চেয়ে বড় কথা হল, আমাদের ঘুম ভাঙলে আরো বেশি। যখন দেখলাম, মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ নিয়ে যেতে হল যে ১৯৭৯ এর একটি জি ও। তখন অনেকেই বলেছিলেন ইউ জি সি-র ৬৫ বছর বয়স করতে হবে। অথচ ৩৪ বছরের সরকার যারা আজকে আওয়াজ তুলেছেন মাঝে মধ্যে, তারা কিন্তু তার মান্যতা দেননি। এরপরে পেছনের দিক থেকে দরজা দিয়ে ঢোকার জন্য, তাদের নেতাদের সুবিধা করার জন্য ১৯৭৯এ আর একটি জি ও বেরিয়েছিল। যারা বলছেন যে আমাদের স্বাধিকার চাই তারা আবার গভর্নমেন্ট অর্ডারের ওপরে নির্ভর করে অধিকার চাইছেন। সেটি কি - আমরা প্রথম দু বছর, তারপরে এক বছর, তারপরে দু বছর অর্থাৎ ৬৫ পর্যন্ত থাকতে পারব। কোথায় থাকতে পারব - এক্সেপশানাল কেসে। সব কটা ইউনিভার্সিটিতে আমি দেখলাম নতুনগুলো ছাড়া, এক্সেপশানালটা একশো জনে একশো জন। কেউ বাকি নেই। একজনও বাকি নেই। এত সত্যেন বোস, অমর্ত্য সেন আজকে হয়ে গেছেন যে আমরা খুঁজে পাচ্ছি না। সবাই তাই। এমনকি একটি বিশ্ববিদ্যালয় থেকে এক বছর ধরে একটাও প্রোপোজাল আসেনি, সেও এক্সটেনশানে আছে। তখন তো সরকার চুপ করে থাকতে পারে না। আমরা শিক্ষকদের প্রতি সম্মান জানাই। যে যাই বলুক, যে যাই লিখুক, এই মহতী সদনে অধ্যক্ষ মহোদয় আপনাকে জানাতে চাই যে আমাদের সরকার শিক্ষকদের প্রতি শ্রদ্ধাশীল। ছাত্রদের প্রতি স্নেহশীল। এই স্নেহশীল আর শ্রদ্ধাশীল এই দুটো কথা একসঙ্গেই চলা উচিত। আমরা চাই নিয়মিত ক্লাস হোক। নিয়মিত পঠন পাঠনের ব্যবস্থা হোক। ছাত্ররা নিয়মিত আসুক। শিক্ষকরা নিয়মিত ক্লাস নিন। মিনিংফুল ক্লাস নিন। শুধু সই করলাম, নাম ডাকলাম, রোল ডাকলাম, বাড়িতে চলে গেলাম, তা নয়। তাদের প্রতি সম্মান নিয়েই আমি এই কথাগুলো বলছি। সেটা আমরা করেছি। এখন কোনো রিক্রুটমেন্টে মাস্টার মশাইদের জন্য ভি আর ও মেডিক্যাল টেস্ট হয় না। যা এখন গ্রুপ সি, গ্রুপ ডি - মাননীয় অধ্যক্ষ মহাশয় এখানে বসে আছেন তিনি যখন এখানে দেখেন - তখন যারা চাকরি পায় তাদের সমস্ত ভি আর আসে। অথচ শিক্ষকদের অ্যাপয়েন্টমেন্টের কোনো ভি আর ও মেডিক্যাল টেস্ট নেই। এটা অদ্ভুত। ফলে যেদিন সে জয়েন করছে সেদিন সে লিখে পাঠাচ্ছেন আমি এখন জয়েন করতে পারছি না। আমি তিন মাস পরে জয়েন করব, কেননা আমি মাতৃসম্ভাবনায় আছি, কিংবা আমার দুরারোগ্য রোগ হয়েছে। তাই আমরা বলেছি এরপর থেকে খবর নিতে হবে। অনেকে ঢুকে পড়ছেন, যাদের পুলিশ ভেরিফিকেশানে হয়তো কোনো দুর্বলতা থাকার ফলে এটা হচ্ছে। আমরা তাইজন্য অ্যান্টাসিডেন্স এবং মেডিক্যাল টেস্ট এর মধ্যে এনেছি। সর্বত্রই আছে। সুতরাং সেটা নিয়ে তো কারো আপত্তি থাকার কথা নয়। আমরা তো তাদের ভালো, মঙ্গলের জন্যই সবকিছু করেছি। কেউ বললেন শিক্ষকও রোগী। আমরা তো কখনো না বলিনি। আমরা অর্ডার দিয়েছি গ্রাজুয়েট, মিনিমাম স্নাতক। এটা না হলে সভাপতি কেন, মেম্বারও হতে পারবে না। কিন্তু আমাদের পঞ্চায়েত আইনটা একটুখানি বদল করতে হবে। সুজনবাবু থাকলে বলতাম তখন যদি বদল হয়, এবারেও বদল করতে হবে। সেখানেও এমন একটা নিয়ম করা আছে যে ক্লাস টু হলেও হতে পারে, ক্লাস ফাইভ হলেও হতে পারে।

যদি সে পঞ্চায়েতের সভাপতি হয়, কিংবা কাউন্সিলার হয় তাকে সেই জায়গার ইনস্টিটিউশনের সদস্য করতে হবে। আমরা বলেছি প্রেসিডেন্টটা আমরা দেখব। তারপরে যে জিনিসগুলো আমরা দেখেছি, তারপরে তো নির্বাচন হবে। এটা তো অনাদিকাল ধরে চলতে পারে না। তাতেও তাদের কোনো আপত্তি থাকলে আমাদের কিছু করণীয় নেই। আমরা মনে করি শিক্ষার জন্য এই জিনিস দরকার। প্রেসিডেন্ট আসবে না বলে কলেজে সমস্ত কিছু বন্ধ হয়ে যাবে, টাকা পয়সা সব বন্ধ হয়ে যাবে ! আপনারা একটা জিনিস ভাবুন।

[4.00 – 4.10 p.m]

আমি এখানে একটা রিপোর্ট আপনাদের দেখাতে চাই, কি কারণে আমরা আর্থিক দিকগুলোর উপরে জোর দিতে চাই। সকলেই জানেন আমাদের মধ্যে ' রুসা' এসে গেছে। আপনারা দেখুন ২০১০-১১ সালে ১,৭০৪ কোটি টাকা খরচ হত। ২০১৭-১৮ সালের বাজেট এস্টিমেটসে সেই বাজেট বেড়ে হয়েছে ৩,১৮৪ কোটি টাকা। অর্থাৎ বিগত পাঁচ বছরে ৮৭% আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী শিক্ষার জন্য ধার্য করেছেন। এই টাকাটা কি ভাঙ্গচুর করবার জন্য দেওয়া হয়েছে ? সেই টাকাতে আমাদের সন্তানরা যাতে শিক্ষিত হয়, ভারত সেরা হয় এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্ন অনুযায়ী আমরা বিশ্ব সেরা হই, সেই লক্ষ্যেই আমরা এগোচ্ছি। যেভাবে এই সরকার নানা দিক থেকে কাজ করছে তাতে ওদের বলার কিছু নেই। অনেকে বলেন প্রাইমারি টীচার নিয়োগের রেজাল্ট কবে বেরোবে কেউ জানে না। আর অনেকেতো কালো কোর্ট পরে হাইকোর্টে দাঁড়িয়ে পড়েন রোজ, তোমার কিছু থাকলে দাও আমি কেস করে ব্যাপারটাকে পিছিয়ে দেব। যতদিন ভ্যাকান্সি থাকবে, ততদিন আমাদের এটা করতে হবে। আরেকটা জিনিস বলি - সবাই বলে এটা কি হবে, ওটা কি হবে। কেউতো কোনদিন বলে না ছত্রিশ শতাংশের উপরে বিশ্ববিদ্যালয়গুলোর পোস্ট ভ্যাকান্ট পড়ে আছে সেই ব্যাপারে। ৭ই জানুয়ারি মাননীয়া মুখ্যমন্ত্রী যেদিন কলেজ শিক্ষকদের নিয়ে মিটিং করলেন, সেদিনই তিনি অ্যানাউন্স করেছেন আমরা ছয় মাসের মধ্যে এই সমস্ত শূন্যপদে নিয়োগ সম্পন্ন করব। সেদিকে কারোর নজর নেই, সেই ব্যাপারে কারোর সাধুবাদ দেওয়ার ক্ষমতা নেই। শুধুমাত্র সই করবেন, আর স্ট্যাম্প করবেন। আমরা নতুন প্রজন্মকে শিক্ষকতায় আনতে চাই। তাদের মেধা, তাদের আধুনিক বাস্তব বোধ, তার সঙ্গে প্রবীণদের বুদ্ধিমত্তার সংমিশ্রণ করে শ্রেষ্ঠত্বের দিকে আমরা এগিয়ে নিয়ে যেতে চাই। সেই কারণেই আমরা এই বিল এনেছি। এই বিল কাউকে মারার জন্য নয়, এই বিল কাউকে খতম করবার জন্য নয়। এই বিল দাঁড়িয়ে আছে শিক্ষার মেরুদণ্ডকে সোজা করতে, উৎকর্ষতা বাড়াতে। আমাদের ছাত্র-ছাত্রীরা যাতে ঠিকমত প্রশিক্ষিত হয় তার ব্যবস্থা করতেই এই বিল। অন্যদিকে শিক্ষকদের ব্যাপারটা বলি, আমাদের সরকার শিক্ষকদের ক্যারিয়ার অ্যাডভান্সমেন্ট সিস্টেমের ব্যবস্থা করেছে। আমাদের সরকার এসে সেই এরিয়ারের ব্যবস্থা করেছে। দিলীপ বাবু থাকলে বলতাম টেন পার্সেন্টটা নিয়ে আসুন। আপনারা তো সবই পারেন - ল্যাম্পপোস্টে বাঁধতে পারেন, সি.বি.আই-কে দিয়ে ভয় দেখাতে পারেন - আমাদের প্রাপ্য টাকা যা আছে সেটা দিয়ে দিতে বলুন। আমরাই কলেজের সংখ্যা বাড়িয়েছি, স্কুলের সংখ্যা বাড়িয়েছি। কলেজের কয়েক লক্ষ আসন সংখ্যা আমরা বাড়িয়েছি। সর্বশেষে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়গুলো ছাড়া আমরাই ভারতবর্ষে প্রথম শিক্ষকদের বয়স ৬০ থেকে বাড়িয়ে ৬২ করেছি। সঙ্গে সঙ্গে এটাও বলছি, ছয় মাসের মধ্যে এই শূন্যপদে নিয়োগের ব্যাপারে আমরা নজর রাখব এবং কাজ করব। প্রতিটি বিশ্ববিদ্যালয়ে যে বকেয়া শূন্যপদ আছে ৩৬% সেটা আমাদের পূরণ করতে হবে। এরজন্য সব কাজই আমরা তাড়াতাড়ি করছি। আমাদের কাছে কোন খবর নেই, তবে শুনছি দু-একটি রাজ্য নাকি ৬০ থেকে বাড়িয়ে ৬২ বছর করছে।

৬৫ বছর করবার যাদের ইচ্ছা আছে - তাদের ইচ্ছা নেই যে তাদের ছেলেরা যদি আর অধ্যাপক হতে পারবে কি পারবে না, সেই ইচ্ছাটা তাদের নেই। আমি আবারও আপনাদের কাছে যারা বাইরে গিয়ে চিৎকার করছেন,শ্লোগান দিচ্ছেন, নিশ্চয় আমার কণ্ঠরস্বর আপনাদের ঘরে গিয়ে পোঁছাছে। আপনারা এটাকে সমর্থন করুন। বাংলার স্বার্থে, বাংলার শিক্ষার স্বার্থে,বাংলার শিক্ষক-অশিক্ষক,অভিভাবক,ছাত্র-ছাত্রীদের যৌথ মঞ্চের স্বার্থে আপনারা এটাকে সমর্থন করুন। এই বলে আমার যে অ্যামেন্ডমেন্টটি আছে,এই অ্যামেন্ডমেন্টটি সঙ্গে নিতে চাই যদিও পড়া হয়নি। অধ্যক্ষ সাহেব, তাপস রায়ের একটা অ্যামেন্ডমেন্ট আমার কাছে পাঠিয়ে ছিলেন।

Now the question before the House is that the West Bengal Universities and Colleges (Administration and Regulation) Bill, 2017 be taken into consideration. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Clause – 2

Mr. Speaker: There is no amendment to Clause 2. So I put Clause 2 do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Clause – 3

Mr. Speaker: There is one amendment (amendment no. 22) to Clause 3 by Shri Tapas Roy. Now I call upon Shri Tapas Roy to move his amendment.

Shri Tapas Roy: Mr. Speaker, Sir, with your kind permission, I beg to move that in Clause 3, in item no. (xxii), in line 2, after the words "holding a sanctioned teaching post", the words "including librarians" be inserted.

Dr. Partha Chatterjee: আমি এটা গ্রহণ করলাম অধ্যক্ষ মহাশয়।

Mr. Speaker: The question before the House is the amendment (amendment no. 22) moved by Shri Tapas Roy to vote. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

So I put to vote Clause 3 as amended do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Clause – 4

Mr. Speaker: There are two amendments (amendment nos. 2 & 3) to Clause 4 by Dr. Sujan Chakraborty. The amendments are in order. But Dr. Sujan Chakraborty is not present. Therefore, amendments are not moved.

Now I put to vote Clause 4 do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Clause – 5

Mr. Speaker: There are four amendments (amendment nos. 4, 5, 6 & 7) to Clause 5 by Dr. Sujan Chakraborty. The amendments are in order. Dr. Sujan Chakraborty is not present. So the amendments are not moved.

Now I put to vote Clause 5 do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Clause – 6

Mr. Speaker: There is one amendment (amendment no. 8) to Clause 6 by Dr. Sujan Chakraborty. Dr. Chakraborty is not present. Therefore, amendment is not moved.

Now I put to vote Clause 6 do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

[4.10 – 4.20 p.m]

Clause – 7

Mr. Speaker: There are five amendments to Clause 7 that these amendment Nos. 9 - 13 by Dr. Sujan Chakraborty. These amendments are not moved. So I put Clause 7 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clauses – 8 and 9.

Mr. Speaker: There is no amendment to Clauses 8 and 9. So I put Clauses 8 and 9 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause – 10

Mr. Speaker : There are two amendments to Clause 10 (Amendments Nos. 14 and 15) by Dr. Sujan Chakraborty. These amendments are not moved. So I put Clause do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause – 11

Mr. Speaker : There is one amendment to Clause 11 by Dr. Sujan Chakraborty. This amendment is not moved.

There is another amendment to Clause 11 by Dr. Sujan Chakraborty which is treated out of order under Rule 81 (vi) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. Now I put Clause 11 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause – 12

Mr. Speaker: There is no amendment to Clause 12. So I put Clause 12 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause – 13

Mr. Speaker: There is one amendment to Clause 13(Amendment No. 17) by Dr. Sujan Chakraborty. This amendment is not moved. So I put Clause 13 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause – 14

Mr. Speaker: There is one amendment to Clause 14 (Amendment No. 18) by Dr. Sujan Chakraborty. This amendment is also not moved. So I put Clause 14 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause – 15

Mr. Speaker: There is one amendment to Clause 15(Amendment No. 19) by Dr. Sujan Chakraborty. This amendment is also not moved. So I put Clause

15 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause – 16

Mr. Speaker: There is no amendment to Clause 16. So I put Clause 16 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause – 17

Mr. Speaker: There are two amendments to Clauses 17 (Amendments No. 20 and 21) by Dr. Sujan Chakraborty. These amendments are not moved. So I put Clause 17 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clauses – 18-20

Mr. Speaker: There is no amendment to Clauses 18-20. So I put Clauses 18-20 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause – 21

Mr. Speaker: There is one amendment to Clause 21 by Shri Tapas Roy. Now I call upon Shri Tapas Roy to move his amendment i.e. amendment No. 23. So

Shri Tapas Roy: Mr. Speaker, Sir, I beg to move that Clause 21 along with marginal notes be substituted with the following:

"21. Notwithstanding anything contained in any other law or in any custom or usage for the time being in force, or in any Statutes, ordinances, rules and Regulations made by any authority under any law for the time being in force that is repugnant to the provisions of this Act, the provisions of this Act, to the extent of such repugnance, shall have overriding effect against any such law, custom, usage, Statutes, Ordinance Rules and Regulations."

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এটা গ্রহণ করলাম।

Mr. Speaker: The question before the House is the Amendment No. 23 moved by Shri Tapas Roy. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it. Now I put Clause 21 as amended do stand part of the Bill. As many as

are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause – 22

Mr. Speaker: There is no amendment to Clause 22. So I put clause 22 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill

Mr. Speaker: There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say A*ye.* As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Mr. Speaker : Now, the Hon'ble Minister-in-Charge, Department of Higher Education, may move the Motion for passing of the Bill.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Universities and Colleges (Administration and Regulation) Bill, 2017, as settled in the Assembly, be passed

Mr. Speaker : The question before the House is that the Bill as settled in the Assembly be passed. As many as are of that opinion will please sa*y* 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. Ayes' 'have it. The Bill is passed. The Bill is passed.

The West Bengal Universities (Control of Expenditure) (Amendment) Bill, 2017

Dr. Partha Chatterjee : Sir, I beg to introduce the West Bengal Universities (Control of Expenditure) *(*Amendment) Bill, 2017 and also beg to place a statement under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

(Secretary, then read the title of the Bill)

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Universities (Control of Expenditure) (Amendment) Bill, 2017 be taken into consideration.

Dr. Asish Banerjee : স্যার, আমি প্রথমেই The West Bengal Universities (Control of Expenditures) (Amendment) Bill, 2017 উল্লেখিত বিষয়টির প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই বিষয়টির একটা পরিপ্রেক্ষিত আছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগ। বামফ্রন্টের ঋণের বোঝা

মাথায় নিয়েও তিনি শিক্ষার মানোন্নয়নের দিকে লক্ষ্য রাখলেন। তাই তাঁর উদারতার প্রকাশ ঘটল ৭ই জানুয়ারি নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে। তিনি ঘোষণা করলেন, অধ্যাপকদের এবং শিক্ষাকর্মীদের অবসরের বয়স ৬০ থেকে বাড়িয়ে ৬২ বছর করা হ'ল। শুধু অধ্যাপকদেরই বাড়ালেন না, বাড়ালেন কাদের? ফুল টাইম রেগুলার টিচারদের, অধ্যক্ষদের, রেগুলার এমপ্লুইসদের। মাননীয়া মুখ্যমন্ত্রী কেন এটা চাইলেন? চাইলেন, তার কারণ অভিজ্ঞতার ফসলকে তিনি কাজে লাগাতে চাইলেন। যখন আমাদের স্বাভাবিক ভাবেই বয়সের যে গড় হার সেই হার বেড়ে গেছে এবং তারা ৬২ বছর বয়স পর্যন্ত ন্যুজ হয়ে পড়েন না, কর্মক্ষম থাকেন। স্বাভাবিক ভাবেই তাদের এই অভিজ্ঞতার ফসলকে তিনি শিক্ষার স্বার্থে কাজে লাগালেন। এবং অভিজ্ঞ শিক্ষক, অভিজ্ঞ শিক্ষাকর্মীদের তাদের যে অভিজ্ঞতা সেই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে তার মানোন্নয়ন ঘটাতে চাইলেন। দ্বিতীয়তঃ আমরা জানি যে, হঠাৎ করে যখন শিক্ষাকর্মী বা শিক্ষকদের বা অধ্যক্ষদের অভাব হয়ে যায়, তারা রিটায়ার করেন, সঙ্গে সঙ্গে হয়তো সেই পদটা পূরণ হতে পারে না। কিন্তু তিনি একটা সুযোগ করে দিলেন, শিক্ষা দপ্তরকে একটা সুযোগ করে দিলেন যে, যদি এই বয়সটা বাড়িয়ে দেওয়া যায় অর্থাৎ তার মধ্যে ইতোমধ্যে সেই সংখ্যক শিক্ষক, শিক্ষাকর্মী, অধ্যক্ষ নিয়োগ করবার একটা সুযোগ। স্বাভাবিক ভাবেই এই অভাবটা পূরণ হবে। আমরা এই উদ্যোগকে স্বাগত জানাই এবং আমরা আবার বলি, আজ যদি ওয়েবকুটার সাধারণ সম্পাদক এখানে থাকতেন তাহলে বলতাম, 'তোরা সব জয়ধ্বনি কর, ঐ নতুনের কেতন ওড়ে কালবৈশাখীর ঝড়, তোরা সব জয়ধ্বনি কর' এবং বলতাম মমতা ব্যানার্জীর জয়ধ্বনি কর। ধন্যবাদ।

[4.20 – 4.30 p.m]

Statement under Rule 72 (1) of the Rules and Procedures of the Legislative Assembly

Dr. Partha Chatterjee : The provisions of section 4 of the West Bengal Universities (Control of Expenditures) Act, 1976 provides the retirement age of teachers and similar kind of employees of the State-aided Universities and Government-aided Colleges in West Bengal as sixty (60) years. The State Government has decided to enhance the retirement age of all such teachers and similar kind of employees from sixty (60) years to sixty-two (62) years with effect from 01.01.2017. Since, the implementation of the above mentioned Government decision was not possible without amending the provisions of section 4 of the above mentioned Act, while the State Legislative Assembly was not in session at that time, there was no other alternative than to approach His Excellency, the Hon'ble Governor for promulgation of the West Bengal Universities (Control of Expenditures) (Amendment) Ordinance, 2017. On the strength of such Ordinance, the Department has issued relevant Notification enhancing the retirement age of the teachers and similar kind of employees of State-aided Universities and Government-aided colleges in West Bengal. For these above mentioned reasons, the West Bengal Universities (Control of Expenditures) (Amendment) Ordinance, 2017 was promulgated. Since, the Ordinance will lapse on expiry of six weeks from the date of reassembly of the State Legislature, the West Bengal Universities (Control of Expenditures)

(Amendment) Bill, 2017, for replacing the West Bengal Universities (Control of Expenditures) (Amendment) Ordinance, 2017 along with certain other modifications and amendments is placed before the Legislative Assembly for consideration and passing in its current session.

মিঃ স্পীকার : এই স্টেটমেন্ট-টা উনি লে করে দিয়েছেন। স্টেটমেন্ট-টা আপনারা রেকর্ডে নিয়ে নেবেন। উনি যেটা বললেন ওটা না নিলে স্টেটমেন্ট-টা রেকর্ডে নিলেই হবে।

Now honourable minister so far the bill is concern.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা অতি গর্বের সঙ্গে জানাচ্ছি যে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী শিক্ষকদের যে সমাবেশ ঘটেছিল 7th January নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে তাতে শিক্ষকদের উচ্ছ্বাস, তাঁদের অংশ গ্রহণ, অধ্যাপকদের অংশ গ্রহণ, অধ্যক্ষদের অংশ গ্রহণের মধ্যে দিয়ে শিক্ষামন্ত্রীর শুধু নয় আমাদের দপ্তর এবং সারা বাংলার শিক্ষক সমাজ তাঁর প্রতি কৃতজ্ঞ। আমরা শুধুমাত্র বয়স-টা বলেছি। ৬০ থেকে ৬২। কেন ৬২ ? অনেকে বলছেন যে রিসার্চ ওয়ার্কার যারা আছে, স্টুডেন্টস আছে, তারা ক্ষতিগ্রস্ত হবে। আমরা তাই আগে থেকেই করে দিচ্ছি যাতে এ রকম কোন বিপদ পরবর্তীকালে না হয়। আমাদের ছাত্ররা যাতে অসুবিধায় না পড়ে, ছাত্রীরা যাতে অসুবিধায় না পড়ে। অনেক জায়গায় বলা হচ্ছে উৎকর্ষজাত যে সমস্ত অভিজ্ঞতা সম্পন্ন টিচার আছে তারা যদি চলে যায়। তাহলে ইউনিভার্সিটির অনেক অসুবিধা হবে। আমরা সব দিকটাই ভেবেছি। মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে ভেবেছেন এবং সেইদিনই তিনি ঘোষণা করেছেন যে ৬০ থেকে ৬২ বছর বয়স করা হবে শিক্ষকদের। সবচেয়ে আশ্চর্যের বিষয়টি এবং আনন্দিত হওয়া উচিত আমাদের সকলের যে তিনি এটি কলেজকেও দিয়েছেন। এতদিন পর্যন্ত বিশ্ববিদ্যালয় তাদের একসেপশনাল কেসের নাম করে সবাইকে দিয়ে দেওয়ার যে প্রবণতা এবং ছাত্রছাত্রীদের যাতে বিশ্ববিদ্যালয়ের রিসার্চ, গবেষক ছাত্রছাত্রী তাদের যাতে অসুবিধা না হয় সেইদিকে নজর রেখেছেন।

অন্যদিকে কলেজ শিক্ষকদেরও তিনি ৬০ থেকে ৬২ করেছেন। আগের সরকার এসে যে সুযোগটা ৭৯ এ গভর্নমেন্ট অর্ডার দিয়ে সবার জন্য অর্থাৎ বিশ্ববিদ্যালয়, কলেজ ছিল সেটা পরবর্তীকালে পে ডিভিশনের নামে কলেজের শিক্ষকদের তারা তুলে দেন। আমরা সেটা ফিরিয়ে এনেছি। সবাই- কলেজ হোক আর বিশ্ববিদ্যালয় হোক আমরা ৬০ থেকে ৬২ করেছি। তার ঘোষণা মমতা বন্দ্যোপাধ্যায় স্বয়ং সেদিন করেছেন। আর একটা জিনিস অনেকেই আশা করেননি, অনেক শিক্ষকরা ফোন করে বলেছেন এটা আমরা জীবনে পাইনি। সেটা কি? লিভ ট্রাভেল assistance - এল.টি.এ. বা এল.টি.সি.। দশ বছর কাজ হলে একবার ভারতবর্ষের যে কোন জায়গায়, বিশ বছর কাজের অভিজ্ঞতা হলে ভারতবর্ষের বাইরে যে জায়গাগুলিকে চিহ্নিত করেছেন ফিনান্স ডিপার্টমেন্ট সেই জায়গায় বিদেশে যেতে পারবেন। এটা কেউ কোন দিন ভাবেনি। যেমন ভাবেনি এদের মেডিক্যালের আওতায় আনা হবে। আজকে সমস্ত শিক্ষকরা একদিকে যেরকম স্বাস্থ্যসাথীতে, আনঅর্গানাইজড সেক্টর থেকে শুরু করে সকলে ঢুকে পড়েছেন অন্যদিকে শিক্ষকদেরকে এই স্বাস্থ্য বিমার মধ্যে এনে মুখ্যমন্ত্রী তাদের প্রতি যে গুরুত্ব, তাদের স্বাস্থ্যের প্রতি যে গুরুত্ব, তাদের পরিবার - পড়াশনার কাজে ব্যস্ত থাকেন, তাই পরিবার নিয়ে হয়তো সব সময় ঘুরতে পারেন না, সেই দিকে নজর দিয়ে এটারও ব্যবস্থা করেছেন। আমি তাই বক্তব্যকে দীর্ঘায়িত না করে আসুন এই সমস্ত সিদ্ধান্তের মধ্য দিয়ে, আর্থিক কষ্টের মধ্যেও এই সিদ্ধান্ত তিনি নিয়েছেন। আমাদের সকলে, যে শিক্ষক সমাজ আছেন তারা সকলে যেন লক্ষ্য রাখি আমাদের ছাত্রছাত্রীরা প্রকৃত মানুষ হয়ে ওঠে, বিশ্বসেরা হয়। এই আবেদন জানাই এবং এটাকে গ্রহণ করবার জন্য অনুরোধ জানাই।

Mr. Speaker : Now, the question before the House is that the West Bengal Universities (Control of Expenditure) (Amendment) Bill, 2017 be taken into consideration.

As many as are of that opinion please say "Aye", as many as are of the contrary opinion please say "No".

Ayes have it, Ayes have it.

Clauses 2 to 4

Mr. Speaker : There is no amendment to clauses 2 to 4. So, I put Clauses 2 to 4 do stand part of the Bill.

As many as are of that opinion please say "Aye", as many as are of the contrary opinion please say "No".

Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the

the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion please say "Aye", as many as are of the contrary opinion please say "No".

Ayes have it, Ayes have it.

Mr. Speaker : Now, the Hon'ble Minister-in-Charge, Higher Education Department may move the motion for passing of the Bill.

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker Sir, I beg to move that the West Bengal Universities (Control of Expenditure) (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker: The question before the House is that the Bill, as settled in the Assembly, be passed.

As many as are of that opinion please say "Aye", as many as are of the contrary opinion please say "No".

Ayes have it, Ayes have it. The Bill is passed. The Bill is passed.

ADJOURNMENT

The House was then adjourned at 4-29 P.M. till 2 P.M. on Friday, the 10th February, 2017 at the Assembly House, Kolkata.

Thank you, ladies and gentlemen.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 10th February, 2017 at 2.00 p.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 29 Ministers-in-Charge, 13 Ministers of State and 220 Members.

[2:00 – 2.10 p.m.]

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 2017-2018

Dr. Amit Mitra : মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আপনার অনুমতি নিয়ে, আমি এই মহান সদনে, ২০১৭-১৮ অর্থবর্ষের বাজেট পেশ করছি।

বাংলার মা-মাটি-মানুষ আবার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পরিচালিত সরকারের উপর পূর্ণ আস্থা রেখেছেন। তাঁদের এই আস্থার উপর ভর করেই আমরা এই অর্থবর্ষে তড়িৎগতিতে এগিয়ে যাচ্ছিলাম। তারই মধ্যে আচমকা বাংলা এবং ভারতবর্ষের মানুষের উপরে নেমে এল নোটবন্দির বজ্রাঘাত।

পৃথিবীর ইতিহাসে কোনো গণতান্ত্রিক দেশে ৮৬% নোট বাতিল করে দেওয়ার নিদর্শন নজিরবিহীন। যে কয়েকটি মুষ্টিমেয় দেশে এই ধরনের প্রক্রিয়া হয়েছে সেগুলি সবই ছিল একনায়কতন্ত্র।

আপনাদের নিশ্চয় মনে আছে যে মাননীয়া মুখ্যমন্ত্রীই হলেন ভারতবর্ষের নেতৃবৃন্দের মধ্যে প্রথম, যিনি নোট বাতিলের সিদ্ধান্তের তাৎক্ষণিক প্রতিক্রিয়া হিসাবে প্রতিবাদ করে জানান যে, এই হঠকারী সিদ্ধান্ত সাধারণ মানুষের জীবনযাত্রার উপর চরম আঘাত হানবে। এর ফলে দেশের অর্থনীতিতে মন্দার সম্ভাবনা দেখা দেবে এবং এই সিদ্ধান্ত অবিলম্বে প্রত্যাহার করা দরকার।

আজ আমরা সত্যিই দেখতে পাচ্ছি যে, ভারতবর্ষের জিডিপি বৃদ্ধির হার, ২০১৫-১৬ সালের নিরিখে নিম্নগামী। দেশ-বিদেশের অর্থনীতিবিদদের মতে এই বৃদ্ধির হার ১% থেকে ৩.৫%-এ কমে যেতে পারে। অর্থাৎ ভারতবর্ষের আর্থিক ক্ষতির পরিমাণ ১.৫ লক্ষ কোটি টাকা থেকে ৫.২৫ লক্ষ কোটি টাকা হতে পারে। তাই বলা যেতে পারে এটি একটি অর্থনৈতিক ও রাজনৈতিক জরুরি অবস্থার প্রতিচ্ছবি।

এরই প্রভাব দেশের কর্মসংস্থান ও সাধারণ মানুষের জীবনযাত্রার উপরে প্রতিফলিত হচ্ছে। কেন্দ্রীয় সরকারের নোটবন্দির সিদ্ধান্তের জেরে সাধারণ মানুষের উপরে এমন একটি সুনামি আছড়ে পড়ল যাতে ধ্বসে গেল লক্ষ লক্ষ অসংগঠিত ক্ষুদ্র ব্যাবসা, ধ্বসে গেল সংগঠিত ছোট ব্যাবসা, ধ্বসে গেল কৃষকদের স্বপ্ন, ধ্বসে গেল শ্রমিকদের জীবনযাত্রা। বাংলার চায়ের বাগান থেকে শুরু করে, পাটশিল্প, চর্মশিল্প, বস্ত্রশিল্প, হস্তশিল্প থেকে শুরু করে এবং স্বনির্ভর গোষ্ঠীগুলির সঙ্গে যুক্ত বিশাল সংখ্যক মানুষ, পড়ে গেলেন অথৈ জলে। এই দুর্যোগের কালো ছায়া কেবলমাত্র বাংলাকেই নয়, সারা ভারতবর্ষের শিল্পকে গ্রাস করল।

আশ্চর্যজনকভাবে, নোটবন্দির কারণও বারবার পাল্টাতে থাকল – প্রথমে কালো টাকা ও জাল নোট অবলুপ্তি, তারপর নগদহীন অর্থনীতি, তারপর স্বল্প-নগদ অর্থনীতি, পরিশেষে জি এস টি-র সাহায্যকারী হিসাবে বলা হল। বারবার গোলপোস্ট পাল্টাতে থাকল। এই হটকারী সিদ্ধান্তের পিছনে আসল উদ্দেশ্য কী ছিল তা কিন্তু এখনও ধোঁয়াশায়। বাস্তবে, কে উপকৃত হল, তা ইতিহাস-ই একদিন বলবে।

এটাও উদ্বেগজনক যে ভারতবর্ষের রিজার্ভ ব্যাঙ্কের মতো ঐতিহ্যপূর্ণ প্রতিষ্ঠানগুলিকে স্বৈরাচারী হস্তক্ষেপের মাধ্যমে ধুলিস্যাৎ করে দেওয়া হচ্ছে। রিজার্ভ ব্যাঙ্কের স্বায়ত্তশাসনের ক্ষমতাকে একেবারে খর্ব করে দেওয়া হয়েছে এবং ব্যাংকিং প্রতিষ্ঠানগুলির উপরে দেশবাসীর যে বিশাল আস্থা ছিল তাও আজ তলানিতে এসে ঠেকেছে। শুধু তাই নয়, যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামোকে দুর্বল করার একটি চক্রান্ত নোট বাতিলের সিদ্ধান্তের মধ্যে লুকিয়ে আছে।

'দোস্তি সে
কাম হো সকতা হ্যায় যো
উও জবরদস্তি সে
হো সকতা নহি'।

ঋণের ফাঁদ ঃ

একদিকে কেন্দ্রীয় সরকারের হঠকারী সিদ্ধান্তের নোটবন্দির ধাক্কা, অন্যদিকে বামফ্রন্ট সরকারের চাপিয়ে দেওয়া বিপুল ঋণের চোরাবালির ফাঁদ – এই দুইয়ে মিলে বাংলার মানুষকে এবং আমাদের সরকারকে কঠিন সমস্যার মুখে ঠেলে দিয়েছে।

ঋণের বোঝার তথ্য দেখলে আপনারা আঁতকে উঠবেন। ২০০৬-০৭ সালে বামফ্রন্ট সরকার যে ঋণ নিয়েছিল, ১০ বছর পরে আজ তা পরিশোধের সময়। ২০১৬-১৭ তে আমাদের সুদ ও আসলের পরিশোধের বোঝা প্রায় ৪০ হাজার কোটি টাকাতে গিয়ে ঠেকবে। ২০১৭-১৮ তে সুদ ও আসলের পরিশোধের বোঝা গিয়ে দাঁড়াবে ৪৭ হাজার কোটি টাকারও বেশি।

এ হেন অবস্থার সম্মুখীন হয়েও বাংলার সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের গ্রাফ আজ ঊর্ধ্বমুখী। আমরা গরীব হতে পারি কিন্তু আমাদের মানসিকতা মানবিক। আমাদের দৃঢ়তা অটুট।

'জিতে জিতে লড়না শিখো
হাসতে হাসতে কাম করনা শিখো
চলতে চলতে আগে বড়তে চলো।
জিন্দগি কি রাহ মে।

অর্থনীতির সামগ্রিক মানদণ্ড : নোটবাতিলের ঝাপটা

২০১৬-১৭ তে কেন্দ্রীয় সরকার বলছেন যে ভারতবর্ষের অর্থনৈতিক বৃদ্ধির হার নোটবন্দির ধাক্কায় ৭.১%-এ নেমে যাবে। আমি আপনাদের আগেই তথ্যের মাধ্যমে বলেছি যে অর্থনীতিবিদরা কিন্তু মনে করছেন অবস্থা আরও শোচনীয় হবে। এই নোটবন্দির ধাক্কায় আমাদের রাজ্যের বৃদ্ধির হারও ৯.২৭%-এ গিয়ে দাঁড়াতে পারে।

অর্থনীতিবিদরা এটাও এখন বলছেন যে এই নোটবন্দির ধাক্কার থেকে পূর্বাবস্থায় ফিরে আসতে দুই থেকে তিন বছর লেগে যেতে পারে। তার মূল কারণ হল বিভিন্ন শিল্প ও তার সহযোগী অনুসারী শিল্পগুলির উৎপাদন ব্যাহত হওয়ায় প্রতিষ্ঠিত সাপ্লাই চেনগুলি সম্পূর্ণভাবে ধূলিসাৎ হয়ে গেছে এবং এর ফলে কোটি কোটি শ্রমিক বেকার হয়ে যে যার গ্রামে ফিরে গেছেন।

শিল্পের ক্ষেত্রে এটি উল্লেখযোগ্য যে নোটবন্দির আগেই ২০১৬-১৭ সালের এপ্রিল থেকে সেপ্টেম্বর মাস অব্দি ভারতবর্ষের ইনডেক্স অফ ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশনের (আই আইপি-র) বৃদ্ধির হার (-)০.১%-এ নেমে এসেছিল, যেখানে, একই সময়, পশ্চিমবঙ্গের বৃদ্ধির হার (+)৪.৮% ছিল। এর মানে, ভারতবর্ষের শিল্প বৃদ্ধির হার নোটবন্দির আগেই মুখ থুবড়ে পড়েছিল, যেখানে পশ্চিমবঙ্গ তখনও মাথা উঁচু করে দাঁড়িয়েছিল।

অর্থনীতির বৃদ্ধির হার কিছুটা নির্ভর করে রাজ্যের পরিকল্পনা খাতের ব্যয় এবং মূলধনী খাতে ব্যয়ের উপর। আপনারা জেনে আনন্দিত হবেন যে পরিকল্পনা খাতে ব্যয় ২০১০-১১ এর তুলনায় ২০১৬-১৭ তে ৪ গুণ বৃদ্ধি পেতে চলেছে এবং ঠিক একইভাবে মূলধনী ব্যয়ের ক্ষেত্রেও ২০১০-১১ এর তুলনায় ২০১৬-১৭ তে ৭ গুণ বৃদ্ধি পেতে চলেছে।

এই নোটবন্দির ডামাডোলের মধ্যেই কেন্দ্রীয় সরকার তাদের বাজেট পেশ করেছেন। এই বাজেট সম্বন্ধে মাননীয়া মুখ্যমন্ত্রীর তাৎক্ষণিক প্রতিক্রিয়া হল যে এই বাজেট বোধহীন, দিশাহীন, হৃদয়হীন, এর কোন রোডম্যাপ নেই এবং এ কেবল ফাঁকা আওয়াজ ছাড়া কিছুই নয়। এই বাজেটের পিছনে লুকিয়ে আছে ভারতবর্ষের আপামর জনসাধারণের প্রতি নানা রকম অবহেলা এবং পরিসংখ্যানের কারসাজি। এর গভীরে যেতে হলে একটা গোটা দিন লেগে যাবে।

৩

মা-মাটি-মানুষের সরকারের অভিনব উন্নয়নমূলক প্রকল্প।

নোটবন্দির এই নেতিবাচক বাতাবরণের মধ্যেও বাংলা কিন্তু ইতিবাচকভাবে এগিয়ে চলেছে মা-মাটি-মানুষের স্বার্থে গৃহীত নানান প্রকল্পের মাধ্যমে। যেমন-কন্যাশ্রী, সবুজশ্রী, সবুজ সাথী, খাদ্যসাথী, মাভৈঃ, স্বাস্থ্য সাথী, নিজ গৃহ নিজ ভূমি, গীতাঞ্জলি, জল ধরো জল ভরো, লোক প্রসার প্রকল্প, বৈতরণী, সমব্যথী, গতিধারা, স্বামী বিবেকানন্দ স্কলারশিপ প্রকল্প, তপশিলী জাতি এবং উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষাশ্রী প্রকল্প, সংখ্যালঘু ভাই বোনেদের জন্য স্কলারশিপ, লোন ও বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প।

এই প্রকল্পগুলির সম্বন্ধে আরো বিস্তারিত বিবরণ আপনারা অন্যান্য বিভাগে পাবেন।

নতুন প্রস্তাব

৪.১ স্যার, আপনি অবগত আছেন যে, সারা বাংলায় প্রসূতি মা, সদ্য জননী এবং শিশুদের কাছে আইসিডিএস প্রকল্পের সুবিধা পৌঁছে দেওয়ার মূল স্তম্ভ যাঁরা, সেই সব অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়কদের বিগত বছরগুলিতে রাজ্য সরকার আর্থিক সহায়তা বাড়িয়েছেন। সম্প্রতি মাননীয়া মুখ্যমন্ত্রী এঁদের সকলকে 'স্বাস্থ্যসাথী' প্রকল্পের আওতায় এনেছেন।

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এঁদের কাজের স্বীকৃতি স্বরূপ আমি অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়কদের মাসিক অনারেরিয়াম-এর পরিমাণ ৫০০ টাকা বৃদ্ধি করার প্রস্তাব করছি। এই সিদ্ধান্তের ফলে ২ লক্ষেরও বেশি কর্মরত অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়করা উপকৃত হবেন। এটি একটি ক্ষুদ্র সাহায্য করার প্রচেষ্টা।

৪.২ মাননীয় সদস্যগণ আরও জানেন যে, তৃণমূল স্তরে সরকারি স্বাস্থ্য সেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে ASHA কর্মীরা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। এই সরকার আগে এঁদের অনারেরিয়ামও বাড়িয়েছেন এবং সম্প্রতি মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এঁদেরকেও 'স্বাস্থ্যসাথী' প্রকল্পের আওতায় আনা হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায়, এইসব কর্মীদের পাশে

দাঁড়িয়ে আমি এঁদের মাসিক অনারেরিয়াম-এর পরিমাণও ৫০০ টাকা বৃদ্ধি করার প্রস্তাব রাখছি। এর ফলে প্রায় ৫০ হাজার ASHA কর্মী উপকৃত হবেন। এটিও একটি ক্ষুদ্র সাহায্য করার প্রচেষ্টা।

৪.৩ নোটবন্দির জেরে সারা ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে হাজার হাজার দক্ষ কারিগর বাংলায় ফিরে আসতে বাধ্য হয়েছেন। এইসব কারিগর খুবই অসহায় অবস্থায় বর্তমানে জীবনযাপন করছেন। মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায়, তাদের এই অবস্থার কথা ভেবে আমি এইরকম ৫০০০০ কারিগরদের জন্য ৫০,০০০ টাকা করে এককালীন আর্থিক সাহায্য প্রদানের প্রস্তাব করছি যাতে তাঁরা ক্ষুদ্র ব্যাবসার মাধ্যমে নিজের পায়ে দাঁড়াতে পারেন। এর জন্য আমি ২৫০ কোটি টাকা বরাদ্দ করছি।

৪.৪ স্যার, আপনি অবগত আছেন যে, নোটবন্দির কারণে পশ্চিমবঙ্গের বিপুল সংখ্যক কৃষক সময়মতো জমিতে সার, বীজ ইত্যাদি প্রয়োগ করতে না পারায় বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। আপনারা জানেন যে, কৃষকরা সমবায়-ঋণের উপর বিশেষভাবে নির্ভরশীল। নোটবন্দির ঝড় এই ঋণ ব্যবস্থার পরিকাঠামোকে সম্পূর্ণভাবে ভেঙে দিয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায়, এঁদের সমস্যা নিরসনে ১০০ কোটি টাকার একটি বিশেষ তহবিল গঠনের প্রস্তাব করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রধান দপ্তরগুলির সাফল্যের বিস্তারিত বিবরণ ও পরিকল্পনা খাতে বরাদ্দ পঞ্চম (৫) বিভাগে দেওয়া হয়েছে, যা আপনার অনুমতিসাপেক্ষে পড়া হল বলে ধরে নিচ্ছি। এখন আপনার অনুমতি নিয়ে আমি সরাসরি কর নীতির সংস্কারের প্রস্তাব (৩১নং পাতা, বিভাগ-৬) থেকে পড়া শুরু করছি।

৫

প্রধান দপ্তরগুলির সাফল্যের বিবরণ ও ২০১৭-১৮ সালের জন্য বাজেট বরাদ্দ

৫.১ কৃষি ও কৃষি বিপণন বিভাগ

আমাদের রাজ্য বিগত ৪ বছর ধারাবাহিকভাবে এবং এবছরেও ভারত সরকার প্রদত্ত 'কৃষি কর্মণ পুরস্কার-২০১৬' লাভ করেছে।

'ইউনিভার্সালাইজেশন অফ সয়েল হেলথ কার্ড ফর দ্য ফার্মার্স অফ ওয়েস্ট বেঙ্গল' প্রকল্পের অধীনে ২০১৬-এর নভেম্বর পর্যন্ত ১৩ লক্ষ 'সয়েল হেলথ কার্ড' (SHC) বিতরণ করা হয়েছে। ২০১৭-এর মার্চের মধ্যে ২২ লক্ষ SHC কার্ড বিতরণ করা হবে বলে আশা করা যায়।

২০১৬-এর খারিফ মরশুমে 'বাংলা ফসলবীমা যোজনা'-কে সময়ের মধ্যে সফলভাবে বাস্তবায়িত করা হয়েছে এবং কৃষক পরিবারগুলিকে কোনো প্রিমিয়াম দিতে হবে না, এই প্রিমিয়াম সরকারের পক্ষ থেকেই দেওয়া হচ্ছে। নিজস্ব শেয়ার ছাড়াও তাদের শেয়ারের প্রিমিয়াম পুরো দেওয়া হয়েছে। ২০১৫-এর খারিফ-মরশুমের ১০.০৯ লক্ষ কৃষকের তুলনায় ২০১৬-এর খারিফ মরশুমে ৩২.৪০ লক্ষ কৃষককে বীমার আওতায় আনা হয়েছে।

এখনও পর্যন্ত ১৬৫টি কৃষকবাজার চালু হয়েছে এবং সম্পদের পূর্ণ সদ্ব্যবহার করা হচ্ছে। ১৪৯টি কৃষকবাজার ধান সংগ্রহকারী কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে। এবছর আরো ২৪টি কৃষকবাজার নির্মাণ সম্পূর্ণ হবে।

পরবর্তী আর্থিক বছরে কৃষি বিভাগ ও কৃষি বিপণন বিভাগের জন্য আমি যথাক্রমে ১,৯৭০.২০ কোটি টাকা এবং ৩০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২ খাদ্য ও সরবরাহ বিভাগ

পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী রাজ্যের জনগণের বিশ্বজনীন খাদ্য সুরক্ষা ব্যবস্থার জন্য 'খাদ্যসাথী' প্রকল্প চালু করেছেন। এই প্রকল্পের অধীনে ৭.৯ কোটির বেশি রাজ্যবাসীকে (ভর্তুকি দিয়ে) সুলভমূল্যে খাদ্যশস্য ও ডিজিটাল রেশন কার্ড দেওয়া হচ্ছে।

জঙ্গলমহল, বীরভূম জেলার ৭টি পিছিয়ে পড়া ব্লক, আয়লায় ক্ষতিগ্রস্ত, দার্জিলিং-এর পাহাড়বাসী, সিঙ্গুরের চাষী ইত্যাদি প্রান্তিক ও অতি দরিদ্র রাজ্যবাসীদের জন্য রাজ্য সরকার 'স্পেশাল প্যাকেজ'-এর ব্যবস্থা করে স্বাভাবিক খাদ্যশস্য ছাড়াও আরো অতিরিক্ত খাদ্যশস্য দিচ্ছে। ৬৩,০০০ জনেরও বেশি আদি উপজাতি সম্প্রদায়ের মানুষকে প্রতিমাসে বিনামূল্যে ৩৫ কি.গ্রা. করে খাদ্যশস্য দেওয়া হচ্ছে।

বিগত ৫ বছর সময়কালে (২০১১-১৬) ৫.২২ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য গুদামজাতকরণের ব্যবস্থা করা হয়েছিল। তারপর আরো ২.৮৬ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য গুদামজাতকরণের ব্যবস্থা নেওয়া হচ্ছে। এর পাশাপাশি ১৬৪টি 'কৃষকবাজারে ১.৬৪ লক্ষ মেট্রিক টন ধান মজুত করা হচ্ছে।

পরবর্তী আর্থিক বছরে খাদ্য ও সরবরাহ বিভাগের জন্য আমি ২৭০.৩০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৩ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগ

এই অর্থবর্ষে রাজ্য ৩,১৩০ হেক্টর জমি বারোমেসে ও মরশুমি ফল চাষের, ৫৮৫ হেক্টর জমি ফুল চাষের, ৩৫০ হেক্টর জমি হাইব্রিড (বর্ণসঙ্কর) সবজি চাষের এবং ২৩৪.৯ হেক্টর জমি মশলা চাষের লক্ষ্যমাত্রা পূরণে সক্ষম হয়েছে।

উদ্যানপালন বিভাগের পাইলট প্রকল্প 'এরিয়া এক্সপ্যানশন অফ খারিফ অনিয়ন প্রোগ্রাম'-কর্মসূচীর জন্য সাফল্যের সঙ্গে ২০১৬-র নভেম্বর পর্যন্ত ৬০০ হেক্টর জমিতে খারিফ পিঁয়াজ চাষের ব্যবস্থা করা হয়েছে।

উদ্যানপালন সংক্রান্ত চাষীদের ৮০টি পাওয়ার টিলার বিতরণ করা হয়েছে।

১৮টি ফার্মার প্রোডিউসার কোম্পানি (FPCs) গঠন করা হয়েছে এবং ১০টি FPC গঠন হওয়ার পথে।

পরবর্তী আর্থিক বছরে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের জন্য আমি ১৬০.২৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৪ প্রাণী সম্পদ উন্নয়ন বিভাগ

জলপাইগুড়ি জেলার ময়নাগুড়িতে একটি নতুন ভেটেরিনারি এবং ফিশারি কলেজ স্থাপন করা হচ্ছে।

কল্যাণীতে লাইভস্টক ফার্মে ১০০টি গোরু নিয়ে ৬.১৩ কোটি টাকা প্রকল্প ব্যয় ধরে একটি নতুন 'বুলমাদার খামার' চালু হয়েছে।

নদীয়া জেলার হরিণঘাটাতে ৫০০টি ধারণক্ষমতাসম্পন্ন একটি নতুন 'ব্ল্যাক বেঙ্গল গোট ফার্ম' চালু হয়েছে।

নদীয়া জেলার কল্যাণীতে নতুন ভাসমান মৎস্য খাদ্য প্রকল্প নির্মিত হয়েছে, যার উৎপাদন ক্ষমতা প্রতি ঘণ্টায় ১.৫ মেট্রিক টন। এছাড়াও শালবনী, কল্যাণী এবং শিলিগুড়িতে ১২ কোটি টাকা প্রকল্প ব্যয়ে মৎস্য খাদ্য প্রকল্প পুনর্নির্মাণ করা হচ্ছে।

উত্তরবঙ্গে HIMUL প্রকল্পের পুনরুজ্জীবন করা হয়েছে। কলকাতা মাদার ডেয়ারির উদ্যোগে HIMUL মাটিগাড়া ডেয়ারি প্ল্যান্টকে সংস্কার করা হয়েছে। অল্প সময়ের মধ্যেই MDC-এর অধীনে মাটিগাড়া ডেয়ারি প্ল্যান্টে উৎপাদন বৃদ্ধি করা হয়েছে এবং বর্তমানে প্রতিদিন ১৫,০০০ লিটার দুধ সরবরাহ করা হচ্ছে।

দার্জিলিং জেলার ফাঁসিদেওয়া ব্লকে একটি আধুনিক মুরগি ও শূকর প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন করা হচ্ছে, যেখানে উৎপাদন ক্ষমতা হল প্রতিদিন ৮ মেট্রিক টন মুরগি ও ৮ মেট্রিক টন শূকর-এর মাংস।

পরবর্তী আর্থিক বছরে প্রাণী সম্পদ উন্নয়ন বিভাগের জন্য আমি ৫৩৫.৪১ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৫ মৎস্য বিভাগ

পশ্চিমবঙ্গের গ্রামীণ জনসাধারণের জীবিকার্জনের ক্ষেত্রে মৎস্যচাষ ক্ষেত্র একটি মুখ্য ভূমিকা পালন করে চলেছে। ২০১৬ সালে মৎস্য উৎপাদন ১৪.৭২ লক্ষ টন থেকে বৃদ্ধি পেয়ে প্রায় ১৬ লক্ষ টন হয়েছে। সরকারের 'জল ধরো জল ভরো' কর্মসূচি রাজ্যে মৎস্যচাষের ক্ষেত্রে একটি অনুকূল প্রভাব সৃষ্টি করেছে। এই কর্মসূচীর অধীনে ধার্য লক্ষ্যমাত্রা অতিক্রম করে প্রায় ১.৫ লক্ষ জলাশয় খনন করা হয়েছে এবং সেগুলি মৎস্যপালন ও বড় মাছ উৎপাদনের কাজে ব্যবহৃত হচ্ছে।

বড় মাছ উৎপাদনের লক্ষ্যে চলতি বছরে ২০০টি বৃহৎ জলাশয়ে মৎস্য চাষ করা হচ্ছে।

২১৮৯.৮৯ লক্ষ টাকা ব্যয়ে মুর্শিদাবাদ জেলার লালগোলায় ২০টি জলাশয়সহ ডাল গাঙ্গিল বিল সংস্কারের কাজ শেষ হয়েছে। এছাড়াও ১৮৩.২২ লক্ষ টাকা ব্যয়ে মুর্শিদাবাদের গামালমোতি মৌজায় বলানগা থেকে উলাডাঙা পর্যন্ত রাস্তা নির্মাণ হয়েছে এবং পূর্ব মেদিনীপুর জেলার ব্লক এগরা-২ অঞ্চলে ১৫৬৯.৮৯ লক্ষ টাকা ব্যয় করে ডুবডা ক্যানেল থেকে বঙ্গোপসাগর পর্যন্ত জলযান চলাচলের জন্য জলপথের সংস্কার ও উন্নয়ন করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে মৎস্য বিভাগের জন্য আমি ২৭৬.৮৬ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৬ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

রাজ্য সরকার মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা আইনের অধীনে শ্রম বাজেট বরাদ্দের ১২৮ শতাংশ আনুপাতিক হারে কর্মসংস্থানে সক্ষম হয়েছে। এই কর্মপ্রকল্পের অধীনে ৫৬০০ কোটি টাকারও বেশি ব্যয় করা হয়েছে, যা দেশের মধ্যে সর্বোচ্চ।

গ্রামীণ আবাস যোজনা প্রকল্পে এখনও পর্যন্ত মোট ২০৩৬.৩৪ কোটি টাকার অনুমোদন দেওয়া হয়েছে। চলতি বছরে ইতিমধ্যে ২,৮২,৮৩৭টি গৃহ নির্মাণের অর্থ মঞ্জুর হয়েছে।

২০১৬-১৭ অর্থবর্ষে (এপ্রিল-ডিসেম্বর) গ্রামীণ সড়ক যোজনার অধীনে ৫২২ কোটি টাকা ব্যয় করে ৪৪৬.৯৮৫ কিলোমিটার দীর্ঘ রাস্তা নির্মিত হয়েছে।

'নির্মল বাংলা' মিশনে সরকার স্বাস্থ্যসম্মত জীবন এবং শৌচালয়ের ক্ষেত্রে জন সচেতনতার জন্য ব্যাপক প্রচার চালায় যাতে কোচবিহার, দক্ষিণ ২৪ পরগণা এবং বর্ধমান জেলা ২০১৬-১৭ বর্ষের শেষে 'মুক্তশৌচহীন' জেলা হিসেবে পরিগণিত হতে পারে। ইতিমধ্যেই নদীয়া, উত্তর ২৪ পরগণা, পূর্ব মেদিনীপুর এবং হুগলী জেলা ও মোট ১৬২২০টি গ্রাম উন্মুক্ত স্থানে শৌচকর্মবিহীন অঞ্চল হিসাবে ঘোষিত হয়েছে। এখনও পর্যন্ত আরও সুস্থ ও স্বাস্থ্যসম্মত পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে ১৬.৪৯ লক্ষ শৌচালয় নির্মাণ করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের জন্য আমি ১২,৮৬৪.৬৪ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৭ সেচ ও জলপথ বিভাগ

বিগত ৫ বছরে সেচ ও জলপথ বিভাগ ৩,২৩,০০০ একর জমিকে সেচের আওতায় নিয়ে এসেছে। এছাড়াও বন্যা নিয়ন্ত্রণের জন্য বাঁধ নির্মাণ এবং ২,৩৩৭ কিলোমিটার ভূমিক্ষয় রোধের ব্যবস্থা করেছে। ৯৩১ কিলোমিটার দীর্ঘ ড্রেনেজ ক্যানেল সংস্কার এবং বিভিন্ন নদী, সেচসেবিত অঞ্চল ও ড্রেনেজ ক্যানেলগুলির উপর ১৬১টি সেতু নির্মাণ করেছে।

'জলতীর্থ' প্রকল্পের অধীনে পুরুলিয়া জেলার ৭০টি চেক ড্যাম নির্মাণের কাজ শেষ হয়েছে। এছাড়া ২০১৬-১৭ বর্ষে পুরুলিয়ায় আরও ১১টি এবং বাঁকুড়ায় ৭টি, মোট ১৮টি চেক ড্যাম নির্মাণের কাজ চলছে।

পরবর্তী আর্থিক বছরে সেচ ও জলপথ বিভাগের জন্য আমি ২,৪১০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৮ বন বিভাগ

২০টি ইকো ট্যুরিজম কেন্দ্রে অনলাইন ইকো ট্যুরিজম বুকিং চালু হয়েছে। ২০১৬-১৭ অর্থবর্ষে ৪১টি ইকো ট্যুরিজম কেন্দ্রের মান ও পরিকাঠামো উন্নয়ন করা হয়েছে। দার্জিলিং-এ ৩টি এবং পুরুলিয়ায় ১টি—মোট ৪টি নতুন ইকো ট্যুরিজম ব্যবস্থাপনার কাজ হাতে নেওয়া হয়েছে।

মাননীয়া মুখ্যমন্ত্রী 'সবুজশ্রী' নামে একটি নতুন প্রকল্পের সূচনা করেছেন, যার স্লোগান হল 'একটি জন্ম একটি গাছ'। সারা রাজ্যে সবুজায়নের জন্য এই প্রকল্পে প্রতি বছরে ১৫ লক্ষ বৃক্ষ চারা রোপণ করা হবে। এই প্রকল্পের অধীনে ২৭শে মে, ২০১৬ থেকে রাজ্যের যে কোনো প্রান্তে জন্মানো প্রতিটি শিশুকে এই বৃক্ষগুলির পরিণত হওয়ার পর তার অর্থমূল্য দেওয়া হবে। প্রাথমিকভাবে ১৫ লক্ষ শিশুকে এক্ষেত্রে নথিভুক্ত করা হয়েছে।

উত্তরবঙ্গে গাজলডোবায় স্থানীয় ও পরিযায়ী পাখিদের সংরক্ষণের জন্য একটি নতুন ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারি 'পাখি বিতান' চালু করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে বন বিভাগের জন্য আমি ৩৪৭.৬৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৯ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ

২০১৬-১৭ বর্ষে ক্ষুদ্র সেচের সাহায্যে ৭০ হাজার হেক্টর জমিকে সেচ সম্ভাবনাময় করে তোলা হয়েছে।

২০১৬-১৭ বর্ষে ৩২,৪১৬টি জলাধার তৈরি করা হয়েছে। "জল ধরো জল ভরো' অভিযানের অন্তর্গত ৩১শে মে, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত ১,৮৯, ৯৫৪টি জলাধার তৈরি ও সংস্কার করা হয়েছে।

বিশ্ব ব্যাঙ্ক-প্রকল্পে (WBADMIP) ২০১৬-১৭ বর্ষের ১৭৯টি প্রকল্পের কাজ শেষ হয়েছে।

ড্রিপ এবং স্প্রিঙ্কলার সেচ ব্যবস্থার প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। ২০১৬-১৭ বর্ষে ১,০৩৪ হেক্টর জমিতে ১৭৪টি সৌরচালিত স্প্রিঙ্কলার, টিউবওয়েল, পাম্প ডাগওয়েলস ইত্যাদি ব্যবহার করা হচ্ছে।

পরবর্তী আর্থিক বছরে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের জন্য আমি ৭৬৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.১০ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ

রাজ্য সরকারের 'সবার জন্য বিনামূল্যে চিকিৎসা' প্রকল্প অনুযায়ী সরকারি হাসপাতালগুলিতে সমস্ত রকম চিকিৎসা সংক্রান্ত পরীক্ষা, ঔষধ এবং শয্যা ভাড়া ইত্যাদি পরিষেবা সম্পূর্ণ বিনামূল্যে দেওয়া হচ্ছে। যেখানে ২০১৫-১৬ বর্ষে বাজেট বরাদ্দ ছিল ৪০৩ কোটি টাকা, ২০১৬-১৭ বর্ষে তা বাড়িয়ে করা হয়েছে ৭৫৭.৩৯ কোটি টাকা।

স্বাস্থ্য দপ্তরের প্রচেষ্টায় ১৩টি 'মাদার অ্যান্ড চাইল্ড হাব' (MCH) গঠনের প্রক্রিয়া নেওয়া হচ্ছে। এর মধ্যে উলুবেড়িয়া SDH, মুর্শিদাবাদ MCH এবং নদীয়ার DH-এ মাদার অ্যান্ড চাইল্ড হাব চালু হয়েছে। এছাড়া এবছরের মধ্যেই বাকী ৬টি মেডিকেল কলেজে, – বাঁকুড়া সম্মিলনী MCH, মেদিনীপুর MCH, জলপাইগুড়ি DH, MJN কোচবিহার, মালদা MCH এবং কলকাতার মেডিকেল কলেজে মাদার অ্যান্ড চাইল্ড হাব চালু হবে।

[2:10 – 2.20 p.m.]

নবজাতকদের রক্ষণাবেক্ষণের জন্য ৩০৩টি সিক নিউ বর্ণ স্টেবিলাইজেশন ইউনিট (SNSU) চালু রয়েছে। ৪৭২টি Delivery Point-এ নিউ বর্ণ কেয়ার কর্ণার (NBCC) চালু রয়েছে।

সুন্দরবনের দুর্গম অঞ্চলের প্রসূতি মায়েদের জন্য ৩টি 'অপেক্ষাগৃহ' (waiting hut) তৈরি করা হয়েছে।

স্বাস্থ্য ক্ষেত্রে সরকারের কার্যকরী প্রকল্পগুলির জন্য স্বাস্থ্য সূচকগুলির তাৎপর্যপূর্ণ উন্নতি লক্ষ্য করা গেছে। গত পাঁচ বছরে শিশু মৃত্যুর হার (IMR) হাজার পিছু ৩২ থেকে হ্রাস পেয়ে ২৬ হয়েছে এবং স্বাস্থ্যকেন্দ্র ও হাসপাতালগুলিতে প্রসবের ঘটনা (Institutional Delivery) ৬৫ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৯০ শতাংশ হয়েছে।

৪০০ কোটি টাকা প্রকল্প ব্যয়ে মালদা, মুর্শিদাবাদ এবং কামারহাটিতে ৩টি নতুন মেডিকেল কলেজ স্থাপন করা হচ্ছে। আরও ১০০ সংখ্যক MBBS আসন সংখ্যা বৃদ্ধি করা হয়েছে।

এছাড়াও কোচবিহার, রায়গঞ্জ, পুরুলিয়া, রামপুরহাট এবং ডায়মন্ড হারবারে জেলা হাসপাতালগুলিকে নতুন ৫টি মেডিকেল কলেজে উন্নীত করা হচ্ছে, যাতে আরো ৫০০টি MBBS আসন বৃদ্ধি পাবে।

পরিকাঠামোগত উন্নয়নের জন্য ২টি মেডিকেল কলেজে MBBS আসন সংখ্যা ১০০টি বাড়ানো হচ্ছে, যার মধ্যে কোলকাতার ন্যাশনাল মেডিকেল কলেজের আসন সংখ্যা ১৫০ থেকে বাড়িয়ে ২০০ করা হচ্ছে এবং মেদিনীপুর মেডিকেল কলেজে MBBS আসন সংখ্যা ১০০ থেকে বাড়িয়ে ১৫০ করা হচ্ছে।

রাজ্যের বিভিন্ন জায়গায় সরকারি হাসপাতালগুলিতে ৪২টি ক্রিটিকাল কেয়ার ইউনিট (CCU) এবং ৩০টি হাই ডিপেনডেন্সি ইউনিট (HDU) চালু হচ্ছে, যার ফলে রোগীদের বিশেষ প্রয়োজনে কলকাতা বা বড় শহরগুলিতে বিশেষ চিকিৎসার জন্য আসতে হবে না। এরমধ্যে ৫৮টি ইউনিট ইতিমধ্যেই চালু হয়ে গেছে, যার ৩৭টি CCU এবং ২১টি HDU।

১১২টি ন্যায্যমূল্যের ওষুধের দোকান চালু রয়েছে এবং পর্যায়ক্রমে আরও ৭টি চালু হবে। ন্যায্যমূল্যের ওষুধের দোকানগুলির ক্রমবর্ধমান বিক্রিতে ২০১৬-এর ডিসেম্বর পর্যন্ত মোট বিক্রির পরিমাণ ১,৩৩১ কোটি টাকা। রোগীরা ৮২৯ কোটি টাকা ছাড় পেয়েছেন এবং ২.৯৩ কোটি প্রেসক্রিপশন পাওয়া গিয়েছে।

PPP মডেলে রাজ্যজুড়ে ৪৬টি ফেয়ার প্রাইস ডায়াগনস্টিক সেন্টার এবং ডায়ালিসিস পরিষেবা চালু রয়েছে। যার ফলে দরিদ্র জনগণ স্বল্পমূল্যে চিকিৎসা সংক্রান্ত পরীক্ষা করাতে পারেন। PPP মডেলে বাজার মূল্যের তুলনায় অনেক কম সরকারি মূল্যে ৮৫টি এই ধরনের ইউনিট চালু রয়েছে। যার মধ্যে ৩৩টি ডায়ালিসিসের জন্য, ১২টি CT Scan-এর জন্য, ৪টি MRI-এর জন্য এবং ৩৬টি ডিজিটাল X-Ray এর জন্য।

১,৩৬৩.৭২ কোটি টাকা প্রকল্প ব্যয়ে গ্রুপ স্বাস্থ্য বীমা 'স্বাস্থ্যসাথী' চালু করা হয়েছে।

স্বনির্ভর গোষ্ঠীর সদস্য, ICDS, ASHA, সিভিক ভলেন্টিয়ার্স ফোর্স, সিভিল ডিফেন্স ভলেন্টিয়ার্স, চুক্তিভিত্তিক কর্মচারী প্রভৃতিকে এই স্বাস্থ্যবীমার আওতায় আনা হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী সিদ্ধান্ত নিয়েছেন যে, কলেজ ও ইউনিভার্সিটির শিক্ষক ও অশিক্ষক কর্মচারী, গ্রাম পঞ্চায়েত সদস্য ও তাদের স্থায়ী ও অস্থায়ী কর্মচারীদেরও এই প্রকল্পের অধীনে আনা হবে।

পরবর্তী আর্থিক বছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের জন্য আমি ৩,২৯৯ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.১১ বিদ্যালয় শিক্ষা বিভাগ

১৩৫টি বিদ্যালয়কে উচ্চ প্রাথমিক থেকে মাধ্যমিক স্তরে এবং মাধ্যমিক স্তর থেকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে। ১৪টি নতুন প্রাথমিক এবং ২১টি উচ্চ প্রাথমিক বিদ্যালয় গঠনের অনুমোদন দেওয়া হয়েছে।

১৯৯টি নতুন প্রাথমিক এবং ৭১টি উচ্চ প্রাথমিক বিদ্যালয় ইতিমধ্যেই তৈরি হয়েছে। ২,২৬৫ সংখ্যক অতিরিক্ত শ্রেণিকক্ষ তৈরি হয়েছে।

৫১,১৯,৫৫৩ জন প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীকে স্কুলের জুতো (স্কুল স্যু) বিতরণ করা হয়েছে।

প্রাথমিক বিদ্যালয়ের ৭৩.৪৬ লক্ষ ছাত্র-ছাত্রীকে এবং উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের ৪৮.৮০ লক্ষ ছাত্র-ছাত্রীকে মিড-ডে-মিল প্রকল্পের আওতায় আনা হয়েছে এবং ৩৫০টি 'কিচেন শেড' এবং ৯৫৯টি 'ডাইনিং হল' নির্মিত হয়েছে।

২৮টি নতুন মডেল স্কুল নির্মাণের কাজ শেষ হয়েছে।

প্রাথমিক বিদ্যালয়ে ৪২,৯৪৯ শূন্যপদে এবং উচ্চ-প্রাথমিক স্তরে ১৪,০৮৮ শূন্যপদে শিক্ষক নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। মাধ্যমিক স্তরে ১০,২৩৩ শূন্যপদে এবং উচ্চ-মাধ্যমিক স্তরে ৬,২৯৯ শূন্যপদের শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে বিদ্যালয় শিক্ষা বিভাগের জন্য আমি ৯,৬৬০ কোটি টাকা রাদ্দের প্রস্তাব করছি।

৫.১২ উচ্চশিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং বায়োটেকনোলজি বিভাগ

২০১১ সাল থেকে রাজ্যে ১৫টি নতুন বিশ্ববিদ্যালয় এবং ৪৬টি নতুন কলেজ চালু হয়েছে।

কোচবিহার এবং পুরুলিয়ায় গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং কলেজ এবং একবালপুরে মহিলাদের জন্য জেনারেল ডিগ্রি কলেজ ২০১৬-১৭ শিক্ষাবর্ষেই চালু হয়ে যাবে।

কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসর গ্রহণের বয়স রাজ্য সরকার ৬০ বছর থেকে বাড়িয়ে ৬২ বছর করেছে।

উচ্চশিক্ষায় সরকারি ব্যয় উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করার ফলে রাজ্যের 'Gross Enrolment Ratio' ২০১১-এর ১২.০৬-এর জায়গায় এখন ১৭.৫-তে এসে দাঁড়িয়েছে।

শিক্ষাক্ষেত্রের মানোন্নয়নের জন্য সমস্ত উচ্চ শিক্ষা কেন্দ্রগুলিতে ইন্টারনেট পরিষেবা ও ভার্চুয়াল ক্লাসরুম গঠন করা হয়েছে। এর জন্য ১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়াও রাজ্যের সাহায্যপ্রাপ্ত সমস্ত কলেজ ও ইউনিভার্সিটিগুলির ছাত্র-ছাত্রীকে বিনামূল্যে ইন্টারনেট পরিষেবা প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

রাজ্যের সামাজিক ও আর্থিকভাবে পিছিয়ে পড়া মেধাবী ছাত্র-ছাত্রীদের স্বামী বিবেকানন্দ মেরিট কাম মিনস স্কলারশিপ'প্রকল্পের মাধ্যমে বৃত্তি দেওয়া হচ্ছে। এক্ষেত্রে বিগত বছরের ৪০ কোটি টাকার জায়গায় ২০১৬-১৭ বর্ষে ২০০ কোটি টাকার অনুমোদন দেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গ উচ্চশিক্ষা কেন্দ্রগুলিতে ভর্তির ক্ষেত্রে সংরক্ষণ আইন, ২০১৩ চালুর ফলে ২০১৫-১৬ বর্ষে ৯৯,৩১০ সংখ্যক OBC ছাত্র-ছাত্রী স্নাতক ও স্নাতকোত্তর স্তরে ভর্তির সুযোগ পেয়েছে, যা মোট ভর্তির ১৫ শতাংশ।

পরবর্তী আর্থিক বছরে উচ্চশিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং বায়োটেকনোলজি বিভাগের জন্য আমি ৫৭৫.২৪ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.১৩ কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগ

'উৎকর্ষ বাংলা' প্রকল্পে ২ বছরের মধ্যে ১২ লক্ষ জনকে প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যমাত্রা স্থির হয়েছে। ২৮,৬০০ আসন সংখ্যা বিশিষ্ট ৭৮টি নতুন সরকারি ITI নির্মাণের কাজ শেষ হয়েছে এবং তারমধ্যে ৭১টি ITI-তে প্রাইভেট-পাবলিক যৌথ উদ্যোগে (PPP মোড) প্রশিক্ষণ চালু হয়ে গেছে। ১০,৯২০ সংখ্যক আসনবিশিষ্ট আরো ৫২টি ITI নির্মাণের কাজ বিভিন্ন পর্যায়ে চলছে।

১০টি নতুন সরকারি পলিটেকনিক এবং ১টি সরকারি সাহায্যপ্রাপ্ত পলিটেকনিক ২০১৬তে চালু হয়েছে। ৪৭টি পলিটেকনিক ক্যাম্পাসে WIFI পরিষেবা চালু হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগের জন্য আমি ৭৮১ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.১৪ নারী বিকাশ ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগ

'কন্যাশ্রী' প্রকল্পের শুরু হওয়া থেকে এখনও পর্যন্ত ৩৫,৬৩,৯৯২ সংখ্যক ছাত্রীর আবেদনপত্র গৃহীত হয়েছে এবং ৩৪,১৩,৮৬১ সংখ্যক ছাত্রীর আবেদনপত্রের অনুমোদন দেওয়া হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে নারী বিকাশ ও শিশু উন্নয়ন বিভাগ এবং সমাজকল্যাণ বিভাগের জন্য আমি ৪,৬৩৩.২৪ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.১৫ শ্রম বিভাগ

২০১৬-১৭ বর্ষে রাজ্যে অসংগঠিত 'শ্রমিক ভবিষ্যনিধি' (SASPFUW) প্রকল্পে নতুন করে ১,৮০,৮৭০ জন অসংগঠিত শ্রমিক নথিভুক্ত হয়েছেন। ২০১৬-১৭ বর্ষে মোট ৬২ লক্ষ শ্রমিককে এই প্রকল্পের আওতাভুক্ত করা হবে।

বিল্ডিং অ্যান্ড আদার কনস্ট্রাকশন ওয়ার্কার্স ওয়েলফেয়ার অ্যাক্ট (BOCWWA) প্রকল্পে নথিভুক্ত শ্রমিকের সংখ্যা ২০১৬-১৭ বর্ষে অক্টোবর মাস পর্যন্ত এসে দাঁড়িয়েছে ৯৪,১৩৩ জন। এই সময়কালে ৭২.৬৪ কোটি টাকা ব্যয় করে ৯১,৮৭৬ জন শ্রমিককে সুবিধা দেওয়া হয়েছে।

রাজ্যের যুবসম্প্রদায়ের জন্য চাকরির অধিকতর সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে রাজ্য সরকার কিছু উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে। গ্রুপ এ পদের ক্ষেত্রে সরকারি চাকরিতে যোগদানের বয়েসের উর্ধ্বসীমা ৩২ বছর থেকে বৃদ্ধি করে ৩৬ বছর করা হয়েছে এবং গ্রুপ বি পদের ক্ষেত্রে বয়সের এই সীমা ৩২ বছর থেকে বৃদ্ধি করে ৩৯ বছর করা হয়েছে। তপশিলী জাতি এবং তপশিলী উপজাতিভুক্ত প্রার্থীদের জন্য গ্রুপ এ পদের চাকরিতে যোগদানের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৪১ বছর এবং গ্রুপ বি পদের ক্ষেত্রে এই বয়ঃসীমা ৪৪ বছর। অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত প্রার্থীদের গ্রুপ এ পদের ক্ষেত্রে এই বয়ঃসীমা ৩৯ বছর এবং গ্রুপ বি পদের জন্য বয়সের উর্ধ্বসীমা ৪২ বছর করা হয়েছে।

'যুবশ্রী' প্রকল্পে এমপ্লয়মেন্ট ব্যাংকের নথিভুক্ত ১ লক্ষ চাকরিপ্রার্থীকে মাসিক ১,৫০০ টাকা করে ভাতা দেওয়া হচ্ছে। এখনও পর্যন্ত ৯৯,১০৪ জন চাকরিপ্রার্থী এই আর্থিক সহায়তা পাচ্ছেন।

আসানসোলে ESI হাসপাতাল ক্যাম্পাসে ৮.৭১ কোটি টাকা ব্যয়ে একটি ৪০ আসন সংখ্যার B.Sc. নার্সিং কলেজ চালু হতে চলেছে।

পরবর্তী আর্থিক বছরে শ্রম বিভাগের জন্য আমি ৩৩০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.১৬ যুবকল্যাণ ও ক্রীড়া বিভাগ

ঝাড়গ্রাম স্পোর্টস অ্যাকাডেমি (তিরন্দাজি) সহ বিভিন্ন জেলাস্তরের ও সাব-ডিভিশন স্তরের ৮০টি স্টেডিয়ামের নির্মাণ, সংস্কার ও উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে।

বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গনে অনূর্ধ্ব ১৭ FIFA World Cup-২০১৭-এর জন্য বিশেষ আধুনিকীকরণের কাজ চলছে।

জলপাইগুড়িতে 'বিশ্ববাংলা ক্রীড়াঙ্গন'(স্পোর্টস ভিলেজ)-এ ঐ অঞ্চলের খেলাধুলার সার্বিক উন্নয়নের লক্ষ্যে স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়াকে দায়িত্ব দেওয়া হয়েছে।

পুরোনো ১৫টি যুব আবাসের সংস্কারের কাজ শেষ করে চালু করা হয়েছে। আরও ২৫টি নতুন যুব আবাস তৈরি হচ্ছে।

দার্জিলিং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলার হিমল-তরাই-ডুয়ার্স ক্রীড়া উৎসবে হাজার হাজার যুবক-যুবতী ফুটবল, তিরন্দাজি, ভলিবল ও মার্শাল আর্ট প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছেন। এই অঞ্চলের মানুষদের খেলাধুলায় উৎসাহ দিতে এবং ক্রীড়া সম্ভাবনার দ্বার উন্মোচনের লক্ষ্যে সরকার এই উৎসবের সূচনা করেছিল।

মাল্টিজিম তৈরির জন্য স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়গুলিকে ৩ লক্ষ টাকা করে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে যুবকল্যাণ ও ক্রীড়া বিভাগের জন্য আমি ৪৭৬.৬৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.১৭ তথ্যপ্রযুক্তি ও ইলেক্ট্রনিক্স বিভাগ

রাজ্যের প্রস্তাবিত ১৮টি নতুন IT পার্কের মধ্যে দুর্গাপুর (ফেজ-২), শিলিগুড়ি (ফেজ-২), খড়্গপুর, আসানসোল, বোলপুর, হলদিয়া, হাওড়া, কল্যাণী, রাজারহাট, বরজোড়া এবং পুরুলিয়ায় ১১টি IT পার্ক ইতিমধ্যেই চালু হয়ে গেছে। এছাড়াও তারাতলা, বানতলা, কৃষ্ণনগর, মালদহ, কোচবিহার, বেলুড় এবং শিলিগুড়ি (ফেজ-৩)-র IT পার্কের কাজগুলি বিভিন্ন পর্যায়ে রয়েছে।

নাগরিকদের প্রয়োজনীয় তথ্য জানাবার জন্য দি স্টেট পোর্টাল অ্যান্ড স্টেট সার্ভিস ডেলিভারি গেটওয়ে (SP/SSDG) এক-জানালা ই-পরিষেবা ইতিমধ্যেই চালু করেছে। ২০১৬-র ১৬ই ফেব্রুয়ারি মাননীয়া মুখ্যমন্ত্রী 'অনলাইন সিঙ্গল উইন্ডো ক্লিয়ারেন্স সিস্টেম (OSWiCS) চালু করেছেন। এরমধ্যে Statutory Clearance-র (বাধ্যতামূলক ছাড়পত্র) জন্য ১১টি অনলাইন পরিষেবা এবং বৃহৎ শিল্পের ক্ষেত্রে উৎসাহ দিতে রেজিস্ট্রেশনের জন্য ৫টি অনলাইন পরিষেবা রয়েছে।

রাজ্য ডাটা সেন্টারের উন্নয়ন ও বর্ধিতকরণের কাজ চলছে।

পরবর্তী আর্থিক বছরে তথ্যপ্রযুক্তি ও ইলেক্ট্রনিক্স বিভাগের জন্য আমি ২০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.১৮ বিপর্যয় মোকাবিলা ও অসামরিক প্রতিরক্ষা বিভাগ

মোট ১৩৮.৬৫ কোটি টাকা ব্যয়ে ৫০টি বহুমুখী সাইক্লোন শেল্টার (MPCS) তৈরি করা হচ্ছে। যার মধ্যে ২০টি উত্তর ২৪ পরগণায়, ১৫টি দক্ষিণ ২৪ পরগণায় এবং ১৫টি পূর্ব মেদিনীপুরে তৈরি করা হচ্ছে।

মোট ১০৫.৩৯ কোটি টাকা ব্যয়ে বিশ্বব্যাঙ্কের সহায়তায় ইন্টিগ্রেটেড কোস্টাল জোন ম্যানেজমেন্ট প্রোজেক্ট (ICZMP)-এর অধীনে দক্ষিণ ২৪ পরগণার ৫টি উপকূলবর্তী ব্লকে ২৫টি বহুমুখী সাইক্লোন শেল্টার নির্মিত হচ্ছে।

ন্যাশনাল সাইক্লোন রিস্ক মিটিগেশন প্রকল্প ফেজ – II-এর অধীনে পশ্চিমবঙ্গের ৩টি উপকূলবর্তী জেলায় ১৫০টি বহুমুখী সাইক্লোন শেল্টার নির্মিত হচ্ছে। এর মধ্যে উত্তর ২৪ পরগণায় ৪৫টি, দক্ষিণ ২৪ পরগণায় ৭৫টি এবং পূর্ব মেদিনীপুরে ৩০টি শেল্টার রয়েছে। এছাড়াও বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় ভূ-গর্ভস্থ কেবল ১৩৫ KM HT-এর কাজ এবং ২১৫ KM LT বিদ্যুৎ নেটওয়ার্কের কাজ পূর্ব মেদিনীপুরের দীঘা-শংকরপুরে চলছে।

State Disaster Relief Fund-এর অধীনে ২০১৬-১৭ বর্ষে এপর্যন্ত মোট ৫১৬.৯৩ কোটি টাকা খরচ করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে বিপর্যয় মোকাবিলা ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের জন্য আমি ১৭৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.১৯ জনস্বাস্থ্য কারিগরি বিভাগ

২০১৬-১৭ অর্থবর্ষে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ২৩৬.৯০ কোটি টাকা ব্যয়ে ৬০টি PWSS-এর অনুমোদন দেওয়া হয়েছে। সারা পশ্চিমবঙ্গ জুড়ে ৪৭৫টি PWSS-এর কাজ চলছে, যার আনুমানিক খরচ ৮০৮৫.০৪ কোটি টাকা ধরা হয়েছে।

দক্ষিণ ২৪ পরগণা জেলার কুলপি ও তার সংলগ্ন মৌজাগুলিতে ১৩৩২.৪১ কোটি টাকা প্রকল্প ব্যয় ধরে ভূগর্ভস্থ পানীয় জল সরবরাহের ব্যবস্থা নেওয়া হয়েছে।

১৫০.৬৮ কোটি টাকা ব্যয়ে বালি-জগাছা ভূগর্ভস্থ জল সরবরাহ ফেজ-১ এবং ৪৫.৮৮ কোটি টাকা ব্যয়ে ফেজ-২ এর কাজ শুরু হয়েছে।

২৪১.৭২ কোটি টাকা ব্যয়ে পাঁশকুড়া-২ ব্লকের রূপনারায়ণ নদী সংলগ্ন অঞ্চলে ভূগর্ভস্থ জল সরবরাহ প্রকল্পের কাজ শুরু হয়েছে।

রাজ্য সরকার সারা বছরে ৭৭টি নলবাহিত জল সরবরাহ কর্মপ্রকল্প সম্পূর্ণ করেছে। এর ফলে রাজ্যের ৭.৫ লক্ষেরও বেশি মানুষ উপকৃত হবেন। 'জলের এ টি এম'-এর অভিনব উদ্ভাবন রাজ্যে খুবই জনপ্রিয় হয়েছে এবং ইতিমধ্যেই বিভিন্ন বিদ্যালয়ে ২০৬টি জলের এ টি এম স্থাপন করা হয়েছে।

উত্তর ২৪ পরগণার হাবড়া-গাইঘাটায় ভূগর্ভস্থ জল সরবরাহের একটি নতুন প্রকল্পের জন্য ৫৭৮.৯৪ কোটি টাকার অনুমোদন দেওয়া হয়েছে।

এছাড়াও বাঁকুড়া জেলায় ফেজ-২, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণার হাড়োয়া, রাজারহাট এবং ভাঙর-২ ব্লকে ও পূর্ব মেদিনীপুর জেলার নন্দকুমার, চাঁদীপুর, নন্দীগ্রাম-১ ও ২ ব্লকে জল সরবরাহের জন্য ২২৩২.১২ কোটি টাকা অনুমোদন দেওয়া হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের জন্য আমি ১,৮১১.৮০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২০ পরিবহন বিভাগ

যানবাহনের ই-রেজিস্ট্রেশন, অন-লাইনের মাধ্যমে কর প্রদান এবং অন্যান্য ইলেকট্রনিক সার্ভিসেস-এর জন্য রাজ্য সরকার 'ই-বাহন' (e-vahan) প্রকল্প গ্রহণ করেছে।

আসানসোল-দুর্গাপুর অঞ্চলে পাইলট প্রকল্প হিসেবে CNG বাস পরিষেবা চালু হয়েছে।

এই বছরে ২৫৫টি নতুন বাস পথে নামানো হয়েছে।

পথ নিরাপত্তার লক্ষ্যে সরকার অভূতপূর্ব "সেফ ড্রাইভ সেভ লাইফ' প্রোগ্রাম গ্রহণ করেছে। ট্রাফিক যন্ত্রপাতি ক্রয়, রাস্তার আসবাবপত্র, রোড ইঞ্জিনিয়ারিং এবং ট্রাফিক নিয়ন্ত্রণে যানজট পূর্ণ এলাকায় সিসিটিভি ক্যামেরা প্রতিস্থাপন-এর লক্ষ্যে নজিরবিহীন ফান্ড গঠন করা হয়েছে। পথ নিরাপত্তা কর্মসূচী ও প্রচারের লক্ষ্যে প্রাথমিকভাবে ৫০ কোটি টাকার বিশেষ করপাস ফান্ড গঠন করা হয়েছে।

নদীপথে সুরক্ষার উপরেও জোর দেওয়া হয়েছে। ২০১৬-১৭ অর্থবর্ষে ২৮.৫১ কোটি টাকা ব্যয়ে ২৩টি জেটি তৈরি ও সংস্কার করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে পরিবহন বিভাগের জন্য আমি ৫৫২ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২১ পূর্ত বিভাগ এবং পূর্ত (সড়ক) বিভাগ

চলতি বছরে ৪৯৫ কি.মি. রাস্তার চওড়া করা এবং ১১৮৯ কি.মি. দীর্ঘ রাস্তার মজবুতীকরণের কাজ শেষ হয়েছে। এছাড়াও আরো ৪২২ কি.মি. রাস্তাকে চওড়া করা ও ৫৪৬ কি.মি. রাস্তার মজবুতীকরণের কাজ এই অর্থবর্ষেই শেষ হতে চলেছে। এ বছরেই ৩টি সেতু নির্মাণের কাজ শেষ হয়েছে এবং আরো ১২টি সেতু নির্মাণের কাজ চলতি আর্থিক বছরেই শেষ হবে। ২০১৬-১৭ বর্ষে এই বিভাগ ইতিমধ্যেই ১৫টি হেলিপ্যাড নির্মাণের কাজ শেষ করেছে।

২০৪.৬৯ কোটি টাকা ব্যয়ে চ্যাংড়াবান্ধা-মাথাভাঙা-কোচবিহার রোডকে ৯৩.80 Kmp. চওড়া ও মজবুত করা এবং মধ্যবর্তী গলিকে ২-লেন বিশিষ্ট করে গড়ে তোলা হয়েছে।

৬৮.৩৭ কোটি টাকা ব্যয়ে রামজীবনপুর-পালিতা-পালিতপুর-নতুনহাট রোড [ফুটিসাংকো থেকে নতুনহাট (এস.এইচ-৬)] মজবুতীকরণ করা হয়েছে।

৩৩.৯৯ কোটি টাকা ব্যয়ে বলরামপুরের কাছে কালজানি নদীর উপর সেতু নির্মাণ এবং দিনহাটা-বলরামপুর- ছাইলাখানার ২২তম Kmp.-র বাকী কাজসহ সংযোগ রাস্তা নির্মাণ করা হয়েছে।

শ্মশানঘাট সংস্কারের জন্য বৈতরণী নামে একটি নতুন প্রকল্প সূচনা করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে পূর্ত বিভাগের জন্য আমি ১,০৩০ কোটি টাকা এবং পূর্ত (সড়ক) বিভাগের জন্য ১,৯২৩.১৪ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২২ বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগ

'সবার ঘরে আলো' প্রকল্পে ১২টি জেলার মধ্যে ৯টি জেলায় ইতিমধ্যেই কাজ শেষ হয়েছে। এই জেলাগুলি হল—জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা,বীরভূম, বাঁকুড়া, পূর্ব মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুর। পুরুলিয়া ও মুর্শিদাবাদ জেলায় বিদ্যুতায়ন-এর কাজ ২০১৭-র ফেব্রুয়ারিতেই শেষ হয়ে যাবে এবং ২০১৭-এর মার্চের মধ্যে দক্ষিণ ২৪ পরগণা জেলার কাজও শেষ হবে। ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত ১৫.৮৮ লক্ষ বিদ্যুৎ সংযোজনের কাজ সম্পূর্ণ হয়েছে।

এর ফলে বিদ্যুৎ সরবরাহের যথাযথ মান সুনিশ্চিত করা এবং কম ভোল্টেজের সমস্যার সমাধান করা সম্ভব হবে।

৫,৫২৫টি গ্রামে ২০১৬-র নভেম্বর পর্যন্ত সময়কালের মধ্যে ২৪,৮৮৫ BPL তালিকাভুক্ত গৃহে এবং ২.৫৪ লক্ষ APL তালিকাভুক্ত গৃহে বিদ্যুৎ সংযোগের কাজ শেষ হয়েছে।

বিদ্যুৎ সংযোগের জন্য সুন্দরবন অঞ্চলের পাথরপ্রতিমা, গোসাবা এবং নামখানা এই তিনটি ব্লকে ১৪টি বিদ্যুৎবিহীন গ্রামে এবং ৫৯টি আংশিক বিদ্যুৎ সংযোগযুক্ত গ্রামে বিদ্যুৎ সংযোগের কাজ হাতে নেওয়া হয়েছে।

'সেচ বন্ধু' প্রকল্পের মাধ্যমে সারা রাজ্যের সমস্ত গ্রামে ২৪ x ৭ বিদ্যুৎ সরবরাহ চালু রাখার ব্যবস্থা করা হচ্ছে। ২০টি ৩৩/১১ KV সাবস্টেশন তৈরির কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে।

মহানন্দা মেন ক্যানেল (MMC)-এর ধারে ১০ মেগাওয়াট শক্তিসম্পন্ন সোলার PV প্রকল্প অনুমোদিত হয়েছে। এখনও পর্যন্ত ৫০ MU বিদ্যুৎ উৎপাদন হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের জন্য আমি ১,৫৯০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২৩ নগরোন্নয়ন এবং পৌর বিষয়ক বিভাগ

শহরের দরিদ্র ও আর্থিকভাবে পিছিয়ে পড়া (Economically Weaker Section - E.W.S.) জনগণের জন্য 'নিজগৃহ' প্রকল্পে এখনও পর্যন্ত ১.২২ লক্ষ বাসস্থান নির্মাণের অনুমোদন দেওয়া হয়েছে।

২০০০ কোটি টাকার বেশি ব্যয়ে ২৭টি জল সরবরাহ প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। কলকাতা, হাওড়া, বিধাননগর এবং আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশন সহ ২৬টি শহরে এই প্রকল্পের কাজ হবে। এর মধ্যে ১০টি শহরে ইতিমধ্যেই কাজ শুরু হয়ে গিয়েছে।

ভূ-গর্ভস্থ নালা ও জমা জলের নিকাশি ব্যবস্থার জন্য ৩০০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। এছাড়াও ৬টি শহরের ৬টি ক্ষেত্রে ভূ-গর্ভস্থ নালা ও নিকাশি ব্যবস্থার জন্য আরও ২৫৫.৬০ কোটি টাকার অনুমোদন দেওয়া হয়েছে।

BRGF-এর বিশেষ অনুদানে ৬টি শহরে জল সরবরাহ প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছিল, যার মধ্যে পুরুলিয়া, রঘুনাথপুর, সোনামুখী এবং বিষ্ণুপুর এই চারটি শহরে এই প্রকল্পের কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে।

রাজ্যের অতি দরিদ্র পরিবারগুলির ক্ষেত্রে অন্তিম সৎকার/কবর ইত্যাদির জন্য সরকার 'সমব্যাথী' প্রকল্পের মাধ্যমে পরিবার পিছু প্রতিটি ক্ষেত্রে ২০০০/- টাকা অনুদানের নতুন প্রকল্প চালু করেছে।

'বক্রেশ্বর ডেভেলপমেন্ট অথরিটি', 'পাথরচাপুরি ডেভেলপমেন্ট অথরিটি' এবং 'মুকুটমণিপুর ডেভেলপমেন্ট অথরিটি' নামক তিনটি উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছে।

'গ্রিন সিটি মিশন'-এর অধীনে সবুজায়নের লক্ষ্যে ১৪০ কোটি টাকার বিশেষ পরিকল্পনা করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে নগরোন্নয়ন এবং পৌর বিষয়ক বিভাগের জন্য আমি ৫,৭৮৩.৯০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২৪ আবাসন বিভাগ

'গীতাঞ্জলি' প্রকল্পে এখনও পর্যন্ত ২ লক্ষ ৯৩ হাজার আশ্রয়হীন পরিবারকে সহায়তা দেওয়া হয়েছে।

জাতীয় সড়ক এবং রাজ্য সড়ক ও অন্যান্য গুরুত্বপূর্ণ রাস্তায় যাত্রী সাধারণ, বিশেষ করে মহিলাদের বিশেষ সুবিধার্থে 'পথসাথী'নির্মাণ করা হচ্ছে। এখনও পর্যন্ত ৬৭টি পথসাথী নির্মিত হয়েছে।

রোগীর পরিজনদের রাত্রিবাসের জন্য ৩টি নৈশাবাস নির্মিত হয়েছে। কলকাতার মেডিকেল কলেজে ১টি, ডায়মন্ড হারবারের জেলা হাসপাতালে ১টি এবং আর ১টি বারুইপুর সাব-ডিভিশনাল হাসপাতালে।

পরবর্তী আর্থিক বছরে আবাসন বিভাগের জন্য আমি ৯২০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২৫ সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২০১১ সাল থেকে এখনও পর্যন্ত ১০৭.৪০ লক্ষ সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রী মোট ২,৩৫০ কোটি টাকার ছাত্রবৃত্তি পেয়েছে, যা এক সর্বকালীন রেকর্ড। বর্তমান অর্থবর্ষে সুবিধাভোগী ছাত্র-ছাত্রীর সংখ্যা ২৬.৬ লক্ষে পৌঁছবে।

৪.৯৯ লক্ষ সংখ্যালঘু সম্প্রদায়ের বেকার যুবসম্প্রদায়কে ২০১১ সাল থেকে আজ অবধি ৮৮০ কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে। বর্তমান অর্থবর্ষে আরো ১.৩৬ লক্ষ জন এই সুবিধা পাবে।।

২৮,০০০ জনের বাসযোগ্য ৪০৭টি ছাত্রাবাস নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে।

রাজ্য সরকার একটি নতুন প্রকল্প চালু করেছে, যার দ্বারা মাদ্রাসা ও বিদ্যালয় সংলগ্ন ছাত্রাবাসগুলিতে বসবাসকারী ছাত্র-ছাত্রীদের দশমাস ধরে মাসিক ১,০০০ টাকা (জনপ্রতি) দেওয়া হচ্ছে।

কৃষক ও কারিগরদের স্বনিযুক্তির লক্ষ্যে ১৯২টি মার্কেটিং হাব (কর্মতীর্থ) গঠন করা হচ্ছে, যার দ্বারা স্বনিযুক্তি ও বিপণনের সুবিধা পাওয়া যাবে।

আলিয়া বিশ্ববিদ্যালয়ের নিউ টাউন ও পাক-সার্কাসে ক্যাম্পাস গঠনের জন্য ৫১৭ কোটি টাকা মঞ্জুর করা হয়েছিল। দুটি ক্যাম্পাস এর মধ্যে চালু হয়ে গিয়েছে। নিউ টাউনের ছাত্রী-আবাসও চালু হয়েছে।

বিগত ৫ বছরে আমরা ২৩১ কোটি টাকা ব্যয় করে সরকারি কবরখানায় ৩ হাজারের বেশি সীমানা প্রাচীর নির্মাণ করেছি। ২০১৬-১৭ অর্থবর্ষে আরো ১০০ কোটি টাকা এক্ষেত্রে ব্যয় করা হচ্ছে।

[2:20 – 2.20 p.m.]

রাজ্য সরকার ১০৫ কোটি টাকা ব্যয়ে পশ্চিমবঙ্গের ১৫১টি সংখ্যালঘু অধ্যুষিত ব্লকগুলিতে 'সদ্ভাব মণ্ডপ' (কমিউনিটি হল) নির্মাণের ব্যবস্থা নিচ্ছে, যার প্রতিটিতে খরচ হবে ৭০ লক্ষ টাকা।

পার্বত্য অঞ্চলে সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নে বিশেষ জোর দিতে 'দি ওয়েস্ট বেঙ্গল পাহাড়িয়া মাইনরিটি ডেভেলপমেন্ট বোর্ড' গঠন করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জন্য আমি ২,৮১৫.৬৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২৬ অনগ্রসর শ্রেণিকল্যাণ ও উপজাতি উন্নয়ন বিভাগ

২০১৪-১৫ বর্ষে 'শিক্ষাশ্রী' বৃত্তি চালু হওয়ার পর থেকে এখনও পর্যন্ত ১৩.২৬ লক্ষ তপশিলি ও ২.৪০ লক্ষ তপশিলি উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীকে যথাক্রমে ১০০ কোটি টাকা ও ২০.০২ কোটি টাকা ব্যয়ে নতুন স্কলারশিপ বৃত্তি প্রদান করা হয়েছে।

তপশিলি উপজাতি বার্ধক্যভাতা প্রকল্পে ২০১৬-১৭ বর্ষে ১,৪৯,৩২৭ জন গ্রামীণ উপজাতি সম্প্রদায়ের মানুষকে মাসিক ১,০০০ টাকা করে বার্ধক্যভাতা দেওয়া হচ্ছে।

সরকারি চাকুরির ক্ষেত্রে তপশিলি জাতি ও উপজাতিভুক্ত মানুষদের নিয়োগের সংখ্যা বাড়ানোর জন্য বিশেষ নিয়োগ প্রক্রিয়া চালু করা হয়েছে। এখনও পর্যন্ত ৪,১৪২টি তপশিলি জাতির শূন্যপদ এবং ৯৪৩টি উপজাতির শূন্যপদ পূরণ করা হয়েছে।

আরও তপশিলি জাতিভুক্তদের নির্দিষ্ট ৬,০৯৯টি শূন্যপদ এবং উপজাতিভুক্তদের জন্য নির্দিষ্ট ১,৭৩৬টি বকেয়া শূন্যপদ পূরণে বিশেষ প্রক্রিয়া নেওয়া হয়েছে।

কেন্দুপাতা সংগ্রহকারীদের সুরক্ষার জন্য একটি নতুন সামাজিক সুরক্ষা প্রকল্পে ৩৪ হাজারেরও বেশি সংখ্যক তপশিলি উপজাতিভুক্ত সংগ্রহকারীর নাম নথিভুক্ত করা হয়েছে।

প্রথম পর্যায়ে (২০১৫-১৬) অর্থবর্ষে 'সবুজ সাথী' প্রকল্পের অধীনে দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের এবং কিছু জেলার নবম শ্রেণির ছাত্রীদের ২৪,৮৬,৭২০টি বাই-সাইকেল বিতরণ করা হয়েছিল।

দ্বিতীয় পর্যায়ে ২০১৬-১৭ অর্থবর্ষে 'সবুজ সাথী' প্রকল্পের অধীনে নবম শ্রেণির ছাত্র-ছাত্রীদের মধ্যে (২০১৫ শিক্ষাবর্ষে) ৭,৫৪,৫৪৯টি বাই-সাইকেল বিতরণ করা হয়েছে। বাকী সাইকেল ২০১৭-র ফেব্রুয়ারির মধ্যেই বিতরণ করা হবে।

অনগ্রসর শ্রেণি ও উপজাতি উন্নয়নের জন্য ১২টি 'ডেভেলপমেন্ট অ্যান্ড কালচারাল বোর্ড' গঠন করা হয়েছে।

রাজ্য সরকার উত্তরবঙ্গে উন্নয়ন পর্ষদগুলির বিভিন্ন উন্নয়নমূলক ও কল্যাণমূলক কর্মকাণ্ড সম্পাদনের জন্য প্রায় ৩০০ কোটি টাকা মঞ্জুর করেছে।

পরবর্তী আর্থিক বছরে অনগ্রসর শ্রেণিকল্যাণ বিভাগ ও উপজাতি উন্নয়ন বিভাগের জন্য আমি যথাক্রমে ৬২৫.৩৫ কোটি টাকা এবং ৭৪১.৩১ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২৭ স্ব-নির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগ

'স্বামী বিবেকানন্দ স্ব-নির্ভর কর্মসংস্থান প্রকল্প'-র (SVSKP)-এর অধীনে ১৬,৯৫৬ জন কর্মহীন ব্যক্তিকে স্বনিযুক্তির ক্ষেত্রে ২০১৬-এর নভেম্বর পর্যন্ত ১৯৫ কোটি টাকা ভর্তুকি দেওয়া হয়েছে।

২,৬৭,৮০৫ সংখ্যক স্বনির্ভর গোষ্ঠীগুলিকে ২০১৬-এর নভেম্বর পর্যন্ত ঋণের সুদ ভর্তুকি বাবদ ৪৪.৮০ কোটি টাকা দেওয়া হয়েছে।

২০১৬-১৭ অর্থবর্ষে হাওড়া, হুগলি, উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, নদীয়া, মুর্শিদাবাদ ও বর্ধমান এই ৭টি জেলায় এই প্রকল্পে আরো ৮.৮৬ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে স্ব-নির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের জন্য আমি ৫৪৫.৩৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২৮ উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ

বর্তমান অর্থবর্ষে ২৪১টি নতুন প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। গত অর্থবর্ষের ২৯১টি অতিরিক্ত প্রকল্পের মধ্যে বেশিরভাগ কাজ শেষ পর্যায়ে রয়েছে।

বাগডোগরা বিমানবন্দরে রাত্রে আসা বিমানের অবতরণের উপযুক্ত ব্যবস্থা করা হয়েছে।

বর্তমানে সরকারি কর্মসূচি হিসাবে দার্জিলিং-এ নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মবার্ষিকী এবং উত্তরবঙ্গের ৭টি জেলাতে 'উত্তরবঙ্গ উৎসব' প্রতিবছর মহাসমারোহে পালিত হচ্ছে।

দার্জিলিং জেলার মংপুতে রবীন্দ্রনাথ ঠাকুর মেমোরিয়াল ভবনের বিস্তৃত সংস্কারের কাজ হাতে নেওয়া হয়েছে।

বালুরঘাট শ্মশানে ইলেকট্রিক চুল্লী চালু হয়েছে।

কোচবিহারের মাথাভাঙায় পলিটেকনিক কলেজ গঠনের কাজ শুরু হয়েছে। এছাড়াও দক্ষিণ দিনাজপুরের মাঝিহানে কৃষি কলেজ গঠনের কাজ শুরু হয়েছে।

শ্রমিকদের স্বার্থ রক্ষার জন্য উত্তরবঙ্গ বিভাগের একটি নতুন Tea Directorate গঠন করা হয়েছে।

দার্জিলিং, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ারের বন্ধ হয়ে যাওয়া চা বাগান অঞ্চলের স্বনির্ভর গোষ্ঠী দ্বারা পরিচালিত ন্যায্যমূল্যের দোকান চালু করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের জন্য আমি ৫৭৫.৬৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২৯ সুন্দরবন বিষয়ক বিভাগ

সুন্দরবনের বহুদূরবর্তী এবং অগম্য স্থানগুলিতে পরিকাঠামোগত উন্নয়নের জন্য ২১৬ কিমি রাস্তা এবং বিভিন্ন RCC জেটি নির্মাণ করা হয়েছে। এছাড়া আরো ৭টি সেতু তৈরির কাজ চলছে।

খেলাধুলার পরিকাঠামো উন্নয়নের জন্য এই বিভাগ ক্যানিং-১নং ব্লকে 'ক্যানিং স্পোর্টস কমপ্লেক্স' নির্মাণের কাজ শুরু করেছিল, এই নির্মাণের কাজ ১১০৮.২০ লক্ষ টাকা খরচ করে শেষ হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে সুন্দরবন বিষয়ক বিভাগের জন্য আমি ৪৪৪.৭৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৩০ পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগ

রামগড় পলিটেকনিক, লালগড়ের ছাত্রী আবাস, কৃষ্ণবাঁধ ইন্টিগ্রেটেড স্কুল, নয়াগ্রাম কলেজ, শালবনীর ITI, খাতড়ার ITI, শালবনী কলেজ, গোপীবল্লভপুর মডেল স্কুল এবং মিরগা ইন্টিগ্রেটেড স্কুল ইত্যাদির ৯টি অ্যাপ্রোচ রোড নির্মাণের কাজও নির্দিষ্ট সময়ের মধ্যেই শেষ হয়েছে।

জঙ্গলমহলের সর্বাত্মক উন্নয়নের স্বার্থে জঙ্গলমহল প্যাকেজের অধীনে মুখ্যমন্ত্রীর ঘোষণা করা সবকটি কর্মপ্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। এইসব কর্মপ্রকল্পের মধ্যে রয়েছে সড়ক ও সেতুসমূহ, অপুষ্টি দূরীকরণ কেন্দ্রসমূহ, আবাসন, ক্ষুদ্রসেচ ইত্যাদি।

পুরুলিয়া জেলার অযোধ্যা পাহাড়ে ৯.৮৩ কোটি টাকা খরচ করে ব্ল্যাক টপ রাস্তা নির্মিত হয়েছে। তদুপরি অযোধ্যা পাহাড় সংলগ্ন ১০৮টি ছোট গ্রামে ৫৪০টি সৌরবাতি বসানোর জন্য ১.৫৬ কোটি টাকার অনুমোদন দেওয়া হয়েছে।

২৫ কোটি টাকা ব্যয়ে বিনপুর-১ ব্লকে ভৈরববাঁকি মোড়ে তারাফেনি নদীর উপর পাপাতপুর সেতু নির্মিত হচ্ছে। ১২.৫ কোটি টাকা ব্যয় করে আসুই থেকে সুলিয়াপাতা পর্যন্ত রাস্তা নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে।

৮.২ কোটি টাকা ব্যয়ে কলাইকুণ্ডা-সালুয়া রাস্তা নির্মাণ এবং ৫.৯৭ কোটি টাকা ব্যয়ে ঝাড়গ্রাম ব্লকে কালশিউলি-মালঞ্চ (KGP) রাস্তা নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। এছাড়াও পশ্চিম মেদিনীপুর জেলায় ১৪.৩০ কোটি টাকা ব্যয় করে লালগড়-ধেড়ুয়া রাস্তা নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে।

'জলতীর্থ' প্রকল্পের অধীনে ১৬.৩৭ কোটি টাকা ব্যয় করে জঙ্গলমহলে ২১টি জলাধার (চেক ড্যাম) নির্মিত হচ্ছে। পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলায় 'জলতীর্থ' প্রকল্পের অধীনে ৪১.৩০ কোটি টাকা ব্যয়ে ৪২টি জলাধার (চেক ড্যাম) নির্মিত হচ্ছে।

পরবর্তী আর্থিক বছরে পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের জন্য আমি ৩৯০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৩১ অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ এবং বস্ত্র বিভাগ

৯টি বেসরকারি পার্ককে 'স্কিম অফ অ্যাপ্রুভড ইন্ডাস্ট্রিয়াল পার্ক' (SAIP)-এর দ্বারা অনুমোদন দেওয়া হয়েছে, যার জমির আয়তন ৫৩০ একর।

রাজ্যে ৩৭ লক্ষেরও বেশি মাঝারি ও ক্ষুদ্র শিল্পোদ্যোগ রয়েছে। রাজ্যের অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ ক্ষেত্রে ঋণ দানের পরিমাণ গত পাঁচ বছরে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়ে ১.২ লক্ষ কোটি টাকায় পৌঁছেছে, যা দেশের মধ্যে সর্বোচ্চ।

৪টি পার্কের নির্মাণ কাজ শুরু হয়েছে, প্রস্তাবিত ১৩টি টেক্সটাইল পার্কের মধ্যে ৯টি পার্কের জমি অধিগ্রহণ অথবা টেন্ডারের কাজ শেষ হয়েছে। ২০১৫-১৬বর্ষে Tex-Pro-র অধীনে ৫২৪ একর জমি নেওয়া হয়েছে।

২০১৬ বর্ষে পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া এবং বীরভূমে তিনটি SYNERGY ইভেন্ট করা হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ এবং বস্ত্র বিভাগের জন্য আমি ৭৫৪ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৩২ বৃহৎ শিল্প ও উদ্যোগ বিভাগ

'বিশ্ববাংলা বাণিজ্য সামিট' 'Bengal Global Business Summit' গত ২০-২১ জানুয়ারিতে অনুষ্ঠিত হয়েছে, যেখানে সারা ভারত ছাড়াও আরো ২৯টি দেশ অংশগ্রহণ করেছে। এই বাণিজ্য সামিটে নগরোন্নয়ন, পরিকাঠামো উন্নয়ন, তথ্য প্রযুক্তি, উৎপাদন শিল্প ইত্যাদি বিবিধ ক্ষেত্রে ২ লক্ষ ৩৫ হাজার ২৯০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব গৃহীত হয়েছে।

পূর্ব মেদিনীপুরের তাজপুরে পরিবহনের সুবিধা বৃদ্ধির উদ্দেশ্যে একটি সমুদ্র বন্দর স্থাপনের পরিকল্পনা করা হয়েছে।

WBIDC Ltd. উত্তর ২৪ পরগণার নৈহাটিতে 'ঋষি বঙ্কিম শিল্প উদ্যান', হাওড়ার সাঁকরাইলে 'ফুড পার্ক(ফেজ-৩)', পশ্চিম মেদিনীপুরের খড়গপুরে 'বিদ্যাসাগর ইন্ডাস্ট্রিয়াল পার্ক' এবং বাঁকুড়ার বরজোড়াতে ১টি 'প্লাস্টো স্টিল পার্ক' নির্মাণ করেছে।

অমৃতসর-কলকাতা ইন্ডাস্ট্রিয়াল করিডরের অন্তর্ভুক্ত (AKIC) পুরুলিয়ায় রঘুনাথপুরে ইন্ডাস্ট্রিয়াল ক্লাস্টারের বর্ধিতকরণের জন্য ২,৬৫০ একর জমি চিহ্নিত করা হয়েছে।

নদীয়া জেলার হরিণঘাটায় ৩০০ একর জমিতে ১টি নতুন ইন্ডাস্ট্রিয়াল পার্ক নির্মিত হতে চলেছে। তাছাড়া পশ্চিম মেদিনীপুর জেলার গোয়ালতোড়ে ৯৫০ একর জমিতে আর ১টি নতুন ইন্ডাস্ট্রিয়াল পার্ক হচ্ছে। এছাড়াও বজবজে ৭৫০,০০০ বর্গফুট জুড়ে ২০০ কোটি টাকা ব্যয়ে ৯.৫ একর জমিতে ১টি গারমেন্ট পার্ক নির্মিত হতে চলেছে।

হলদিয়ায় প্রায় ৩০০ একর জমিতে ১টি বহুমুখী উৎপাদনভিত্তিক ইন্ডাস্ট্রিয়াল পার্ক নির্মাণ হচ্ছে। হাওড়ায় অঙ্কুরহাটিতে জেমস ও জুয়েলারি পার্ক শীঘ্রই চালু হবে। এটি প্রায় ৬ একর জমিতে ৫৫ কোটি টাকা ব্যয়ে নির্মিত হয়েছে।

শালবনীতে ১৩০ একর জমিতে একটি সিমেন্ট গ্রাইন্ডিং প্ল্যান্টের জন্য JSW Cement Ltd.-কে প্রয়োজনীয় ছাড়পত্র দেওয়া হয়েছে। এই প্রকল্পে বিনিয়োগ হবে আনুমানিক ৫০০ কোটি টাকা।

সরকার কোচবিহারে চ্যাংড়াবান্ধায় আন্তর্জাতিক ট্রাক টার্মিনাসে ৩টি ওয়ারহাউস নির্মাণ করছে। এছাড়াও জলপাইগুড়ির ফুলবাড়িতে ১টি ইমিগ্রেশন চেক পোস্ট/ল্যান্ড কাস্টমস স্টেশন প্রকল্প তৈরি করছে।

পরবর্তী আর্থিক বছরে বৃহৎ শিল্প ও উদ্যোগ বিভাগের জন্য আমি ৮৬৫.৪০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৩৩ পর্যটন বিভাগ

এই বছর ওয়েস্ট বেঙ্গল ইনসেনটিভ স্কিম-২০১৫ এবং ওয়েস্ট বেঙ্গল ট্যুরিজম পলিসি-২০১৬ এই ২টি প্রকল্প চালু হয়েছে।

পশ্চিম মেদিনীপুরে ঝাড়গ্রাম রাজবাড়ি টুরিস্ট কমপ্লেক্সে নতুন পর্যটক নিবাস 'জলপাইগুড়ি জেলার টিলাবাড়ি এবং অযোধ্যা পাহাড়ে' লগ হাট এবং পুরুলিয়ার গড়পঞ্চকো ও খরিবেড়িতে পর্যটক নিবাস ইতিমধ্যেই চালু হয়েছে।

বিভিন্ন উল্লেখযোগ্য পরিকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ চলছে। এই প্রকল্পগুলির মধ্যে উল্লেখযোগ্য হল দার্জিলিং-এর টাইগার হিল ট্যুরিস্ট লজ কমপ্লেক্সের পুনর্গঠন, কচুবেড়িয়ায় নৈশাবাসের উন্নয়ন, তিনচুলে হোম-স্টে প্রকল্পের উন্নয়ন, সমুদ্রগড়ে দ্বিতল গেস্ট হাউস নির্মাণ, পুরুলিয়ার মাথাভাঙা অঞ্চলের পরিকাঠামোগত উন্নয়ন এবং বকখালি-ফ্রেজারগঞ্জ পর্যটন কেন্দ্রে নলবাহিত জল সরবরাহ ব্যবস্থা ইত্যাদি।

পথিক মোটেলে নতুন ব্যাংকোয়েট হল নির্মাণ, উদয়াচল ট্যুরিস্ট লজের বর্ধিতকরণ ও সংস্কার, দার্জিলিং-এ ট্যুরিস্ট লজের উন্নয়ন, মাইথন ট্যুরিস্ট লজ সংলগ্ন ৫টি নতুন কটেজ নির্মাণ এবং বকখালি ট্যুরিস্ট লজে একটি নতুন ব্লক নির্মাণ প্রভৃতি নতুন প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে পর্যটন বিভাগের জন্য আমি ৩৩৫.৭৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.৩৪ তথ্য ও সংস্কৃতি বিভাগ

'লোক প্রসার' প্রকল্পে প্রায় ৮০ হাজার লোক শিল্পীর নাম নথিভুক্ত হয়েছে এবং তাদের ভাতা দেওয়া হচ্ছে। বিশ্ববাংলা এবং শিল্প বিপণীগুলির মাধ্যমে গ্রামীণ হস্তশিল্প বাজারজাত করা হচ্ছে।

পরবর্তী আর্থিক বছরে তথ্য ও সংস্কৃতি বিভাগের জন্য আমি ৩৩০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৬

করনীতি সংস্কার

এই সরকার বিগত ছয় বছরে রাজস্ব সংক্রান্ত বিষয়ে ধারাবাহিকভাবে বিভিন্ন জনমুখী মৌলিক সংস্কার করেছে, যার মূল উদ্দেশ্য ছিল অনলাইন ব্যবস্থার মাধ্যমে সরলীকরণ করা ও e-taxation চালু করা। এই সংস্কার বিপুলভাবে ফলপ্রদ হয়েছে। এর ফলে, ২০১৫-১৬ আর্থিক বছরে, ২০১০-১১ সালের তুলনায়, রাজস্ব ১০৩% বৃদ্ধি পেয়েছে। এই বৃদ্ধি দেশের মধ্যে নজিরবিহীন।

৬.১ ই-ট্যাক্সেস্‌ন (e-taxation)

e-taxation-এর সংস্কারের ফলে আমাদের মা-মাটি-মানুষের সরকার, বিভিন্ন রাজ্যের সঙ্গে তুলনামূলক মূল্যায়নের ভিত্তিতে এক নম্বর স্থান গর্বের সঙ্গে অর্জন করেছে। এই সংস্কার সম্পূর্ণ স্বচ্ছতার প্রতি সরকারের দায়বদ্ধতা প্রমাণ করছে।

৬.২ পণ্য ও পরিষেবা কর (GST)

স্যার, এই মহতী সদন জানে যে, সাধারণ মানুষদের কথা ভেবে এবং ক্ষুদ্র ও ছোট ব্যবসায়ীদের স্বার্থে, অনেক বছর ধরে আমরা GST-র মতো একটি সংস্কারকে নীতিগতভাবে সমর্থন করছি। আপনারা এটাও জানেন যে সংবিধানের 279A ধারার অধীনে GST কাউন্সিল গঠিত হয়েছে, যেখানে সব রাজ্যের অর্থমন্ত্রীরাও সদস্য। বাংলার মানুষদের কথা মাথায় রেখে আমরা এই কাউন্সিলে চারটি বিষয়কে অগ্রাধিকার দিয়েছি।

প্রথম, GST চালু হলে সাধারণ মানুষ যাতে উপকৃত হয়।

দ্বিতীয়, ক্ষুদ্র ব্যবসায়ীরা GST-র ফলে যাতে উপকৃত হয়।

তৃতীয়, GST চালু হওয়ার পরে যদি রাজ্যের রাজস্বের উপর কোন নেতিবাচক প্রভাব পড়ে, তাহলে কেন্দ্রীয় সরকার উপযুক্ত ক্ষতিপূরণ দেবে।

চতুর্থ, রাজ্যের অর্থনৈতিক স্বাধীনতা যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামোর মধ্যে যাতে সম্পূর্ণভাবে বজায় থাকে।

স্যার, আপনি শুনে খুশি হবেন যে, এই নীতিগত অবস্থানকে সামনে রেখে এই সরকার জোরালোভাবে GST কাউন্সিলের সভায় বক্তব্য রাখছে এবং আমি গর্বের সঙ্গে বলতে পারি যে, মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে, যে মত-ই আমরা রেখেছি কাউন্সিল তা বারবার-ই গ্রহণ করেছে। কখনও কখনও একলাই চলতে হয়েছে, কিন্তু অবশেষে বাংলারই জয় হয়েছে।

৬.৩ সেটেলমেন্ট অফ ডিসপিউটস স্কিম - রিলিফ

বিগত পাঁচ-ছয় বছরে এই সরকার সফলভাবে বিভিন্ন আদালতে কর সংক্রান্ত মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য সেটেলমেন্ট স্কিম এবং ফাস্ট ট্র্যাক কোর্ট গঠন করে মামলাগুলির দ্রুত নিষ্পত্তি করেছে।

ডিসেম্বর, ২০১৬-তে আমরা আরও একটি নতুন আকর্ষণীয় সেটেলমেন্ট স্কিম চালু করি যার মেয়াদ ছিল ৩১শে জানুয়ারি ২০১৭ পর্যন্ত। বড়, মাঝারি ও ছোট ব্যবসায়ীদের পক্ষ থেকে

ইতিবাচক সাড়া পাওয়ায় এই প্রকল্পের মেয়াদ ৩১শে মার্চ, ২০১৭ পর্যন্ত বাড়িয়ে দেওয়া হয়েছে।

৬.৪ ভ্যাট-এর প্রাথমিক স্তরে ক্ষুদ্র ও ছোট ব্যবসায়ীদের জন্য রিলিফ

ক্ষুদ্র ও ছোট ব্যবসায়ীদের রিলিফ দেওয়ার জন্য আমরা ২০১৫ সালে VAT-এর প্রাথমিক স্তর এক লপ্তে পাঁচ লক্ষ থেকে দশ লক্ষ টাকায় নিয়ে যাই।

স্যার, সাম্প্রতিক নোটবন্দির সিদ্ধান্তের ফলে ক্ষুদ্র, ছোট ব্যবসায়ীরা ও স্টার্টআপরা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়। এদেরকে এই দুঃসময়ে সহায়তা দেবার লক্ষ্যে আমি VAT-এর প্রাথমিক স্তরটি ১০ লক্ষ থেকে বাড়িয়ে ২০ লক্ষ টাকায় নিয়ে যাবার প্রস্তাব রাখছি।

৬.৫ ভ্যাট রেজিস্ট্রেশন

ভ্যাট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়গুলি সব-ই আমরা আগেই অনলাইন করেছি। এটি সারা দেশে একটি নজির। অন লাইন ব্যবস্থা থাকা সত্ত্বেও বর্তমানে সামান্য কিছু সংখ্যক ডিলারদের আমাদের অফিসে এসে নথিপত্র দাখিল করতে হয়। আমি প্রস্তাব রাখছি যে, অফিসগুলিতে এসে নথিপত্র দাখিল করার ব্যবস্থা সম্পূর্ণভাবে তুলে দেওয়ার। এতে ক্ষুদ্র ও ছোট ব্যবসায়ীদের বিশেষভাবে সুবিধা হবে।

৬.৬ অভিন্ন অডিট রিপোর্ট দেওয়ার ব্যবস্থা

স্যার, এতদিন পর্যন্ত ক্ষুদ্র ও ছোট ব্যবসায়ীদের সুবিধা দেওয়ার জন্য আমরা অডিট রিপোর্ট জমা দেওয়ার ন্যূনতম বার্ষিক টার্নওভারের সীমা ধাপে ধাপে বাড়িয়ে ২০১১ সালের ৩ কোটি থেকে বর্তমানে (২০১৫) ১০ কোটি টাকা করেছি।

আমি এই আর্থিক বছর থেকে আলাদাভাবে VAT Audit রিপোর্ট তুলে দেওয়ার প্রস্তাব রাখছি। তার পরিবর্তে ডিলাররা যে আয়ের অডিট রিপোর্ট জমা দেন, সেই অডিট রিপোর্ট এই আর্থিক বছর থেকে ভ্যাট অডিট হিসেবে গ্রহণযোগ্য হবে। এর ফলে ৩০,০০০-এর বেশি ব্যবসায়ী বিশেষ করে ক্ষুদ্র ও ছোট ব্যবসায়ী উপকৃত হবেন।

৬.৭ ভ্যাট রিফান্ড

আমরা বকেয়া ভ্যাট রিফান্ড দেওয়ার ক্ষেত্রে বিভিন্ন রকম সরলীকরণ করেছি এবং স্বচ্ছতা এনেছি। তাও আমরা দেখছি কিছু পুরানো রিফান্ড কেস বিভিন্ন কারণে আজও নিষ্পত্তি হয়নি।

তাই আমি প্রস্তাব করছি যে এই সমস্ত পুরানো রিফান্ড কেসগুলি ৩১শে ডিসেম্বর ২০১৭-এর মধ্যে নিষ্পত্তি করতেই হবে।

৬.৮ কম্পোজিশন স্কীম (Composition Scheme)

বর্তমানে, শুধু ব্যবসায়ীদের (ট্রেডার্স) জন্য একটি Composition Scheme আছে। যাদের ৫০ লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক টার্নওভার, তাদের পুরো VAT দিতে হয় না – তাদের ন্যূনতম VAT দিলেই হয়।

আমি ছোট এবং মাঝারি উৎপাদনমূলক (Manufacturing) ব্যবসায়ীদের, যাদের বার্ষিক টার্নওভার ৫০ লক্ষ টাকা পর্যন্ত, তাদেরও এই স্কিমের আওতার মধ্যে আনার প্রস্তাব রাখছি।

এর ফলে ৩৩,০০০ উৎপাদনমূলক ব্যবসায়ীরাও উপকৃত হবেন এবং ন্যূনতম VAT দিয়ে ব্যবসা করতে পারবেন।

৬.৯ নতুন অফিস স্থাপন

মাননীয় সদস্যগণ, রাজ্যের বিভিন্ন অঞ্চলে নতুন নতুন ব্যবসাক্ষেত্র গড়ে উঠছে। কিন্তু এইসব জায়গায় বাণিজ্যকর অফিস না থাকায় ব্যবসায়ীরা অসুবিধার সম্মুখীন হচ্ছেন এইসব ব্যবসায়ীদের সুবিধার জন্য চারটি গুরুত্বপূর্ণ জায়গায় অর্থাৎ (১) আলিপুরদুয়ার, (২) দীঘা, (৩) রাজারহাট এবং (৪) কসবা-তে নতুন বাণিজ্যকর অফিস স্থাপন করা হবে।

আমি আরও প্রস্তাব রাখছি যে, বর্তমান শিলিগুড়ি অফিসটিকে দুটি আলাদা চার্জ অফিসে ভাগ করার, যার ফলে এই অঞ্চলের ব্যবসায়ীরা বিশেষভাবে লাভবান হবেন।

৬.১০ কর ছাড়

স্যার, বিগত বাজেটগুলিতে করের হারে আমরা ছাড় দিয়েছি এবং অসংগতি দূর করার উদ্দেশ্যে বিভিন্ন জিনিসের উপর করের হার কমিয়েছি। আমি এই বাজেটে পরিবেশ-বান্ধব কিছু জিনিসকে যেমন বায়োডিজেল, বায়োমাস ব্রিকেট, সোলার ওয়াটার হিটার, শালপাতার থালা ও কাপ এবং টেরাকোটার টালি, ভ্যাট-এ সম্পূর্ণভাবে করমুক্ত করার প্রস্তাব করছি। এছাড়াও সাধারণ মানুষের ব্যবহারের কয়েকটি জিনিস যেমন, কেরোসিন স্টোভ, হেয়ারব্যান্ড ও হেয়ারক্লিপকে সম্পূর্ণভাবে করমুক্ত করার প্রস্তাব করছি।

৬.১১ চা-এর উপর সেস

স্যার, চা শিল্পের বিকাশের জন্য আমি শিক্ষা সেস এবং গ্রামীণ কর্মসংস্থান সেস আরও এক বছরের জন্য, অর্থাৎ ৩১.০৩.২০১৮ পর্যন্ত মকুব করার প্রস্তাব রাখছি।

৬.১২ স্ট্যাম্প ডিউটি ও রেজিস্ট্রেশন

মাননীয় সদস্যগণ,

যারা এগ্রিমেন্ট টু সেল দলিল রেজিস্ট্রি করবেন আমি তাদেরকে সুবিধা দেওয়ার জন্য স্ট্যাম্প ডিউটির হার ২% করার প্রস্তাব রাখছি – যা বর্তমানে ৫% থেকে ৭%। এই সুবিধা পাওয়ার জন্য মূল দলিলটি ৪ বছরের মধ্যে, বাকি স্ট্যাম্প ডিউটি জমা দিয়ে রেজিস্ট্রি করতে হবে।

এছাড়াও এই ধরনের রেজিস্ট্রি করা এগ্রিমেন্ট টু সেল দলিল, প্রয়োজনে পরিবারের সদস্যরাও ভবিষ্যতে রেজিস্ট্রি করার সুবিধা পাবেন।

স্টক এক্সচেঞ্জে 'প্রোপাইটারি অ্যাকাউন্ট', 'কারেন্সি', 'ইন্টারেস্ট'এবং'ডেট সিকিওরিটি ও বন্ড'-এর ক্ষেত্রে স্ট্যাম্প ডিউটির হার কমিয়ে নামমাত্র স্ট্যাম্প ডিউটি ধার্য করার প্রস্তাব করছি।

বর্তমানে যে রেজিস্ট্রেশন ফি চালু আছে তার সরলীকরণের জন্য সামগ্রিকভাবে ৯% কমানোর প্রস্তাব রাখছি। এর ফলে সব ধরনের জমি-বাড়ির ক্রেতারাই উপকৃত হবেন।

মাননীয় স্পীকার মহোদয়, আপনি জানেন যে, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট-এর ক্রেতারা অনেক সময় রেজিস্ট্রেশন দেরিতে করেন। এই ধরনের দলিল, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট সম্পূর্ণ হওয়ার ১ বছরের মধ্যে রেজিস্ট্রি করালে রেজিস্ট্রেশন ফি-এর উপরে ২০% ছাড় দেওয়ার প্রস্তাব রাখছি।

উপসংহার

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে নোট বাতিলের ধাক্কা সত্ত্বেও আমাদের দৃঢ়তার উপর ভর করে এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে, ২০১৭-১৮ অর্থবর্ষের জন্য, পরিকল্পনা খাতে ৬৪,৭৩৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

স্যার, এই মহতী সদনের সদস্যরা নিশ্চয় অবগত আছেন যে এই মা-মাটি-মানুষের সরকারের উন্নয়নের প্রধান লক্ষ্য কর্মসংস্থান। তাই নোট বাতিলের সুনামি সত্ত্বেও ২০১৬-১৭ আর্থিকবর্ষে আমরা এখনও অবধি ১৩,২৭,০০০ কর্মসংস্থানের ব্যবস্থা করতে পেরেছি।

স্যার, কবিগুরুর একটি কবিতার মাধ্যমে আমার বক্তব্য শেষ করতে চাই

'নমো নমো নমো সুন্দরী মম জননী বঙ্গভূমি!
গঙ্গার তীর স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি।

আর্থিক বিবরণী, ২০১৭-২০১৮

পশ্চিমবঙ্গের বার্ষিক আর্থিক বিবরণী, ২০১৭-২০১৮

(কোটি টাকার হিসাবে)

	প্রকৃত, ২০১৫-২০১৬	বাজেট, ২০১৬-২০১৭	সংশোধিত, ২০১৬-২০১৭	বাজেট, ২০১৭-২০১৮
আদায়।				
১। প্রারম্ভিক তহবিল	(-)৩২৬.৪৩	(-)৫.০০	২০৫.৮৪	(-)২.০০
২। রাজস্ব আদায়	১০৯৭৩২.২০	১২৯৫৩০.৩৩	১২৯৩৪০.২৩	১৪২৬৪৪.৪৪
৩। মূলধনখাতে আদায়	৬৫৩.০০	০.০০	০.০০	০.০০
৪। ঋণখাতে আদায়				
(১) সরকারী ঋণ	৪৬০৫০.৫৪	৬৭৭৫৫.৫২	৬৪৪৭০.৫০	৭৮৯১৬.৬৩
(২) ঋণ	৮৩২.৩৫	৪৮৬.৫৩	৭৮২.১৮	৮০৪.৪৯
৫। আপন্ন তহবিল ও গণ হিসাব থেকে আদায়	৪৪১৪৯৫.১৩	৩৫৭৬৫৮,৬০	৪৬০৩৮৭.৯৩	৪'৮৪০১৮.২৫
মোট	**৫৯৮৪৩৬.৭৯**	**৫৫৫৪২৫.৯৮**	**৬৫৫১৮৬.৬৮**	**৭০৬৩৮১.৮১**
ব্যায়	১১৮৮২৭.২৬	১২৯৫৩০.৩৩	১৩৮৮০৯.৫০	১৪২৬৪৪.৪৪
৬। রাজস্বখাতে ব্যয়				
৭। মূলধনখাতে ব্যয়	১২৪২০.১৭	১৯১৮৯.৮০	১৫২১৯.২৬	১৯১৮৩.৯০
৮। ঋণখাতে ব্যয়				
(১) সরকারী ঋণ	২০৪৮২.২৫	৪০৬৭২.৪০	৪০৯০৪.৪০	৪৯৪৯৬.৮৬
(২) ঋণ	৮৬০.৮১	৬৫২.০৬	১৪২৯.৪৩	৯৭১.৭১
৯। আপন্ন তহবিল ও গণ হিসাব থেকে ব্যয়	৪৪৫৬৪০.৪৬	৩৬৫৩৮৯.৩৯	৪৫৮৮২৬.০৯	৪৯৪০৯১.৯০
১০। সমাপ্তি তহবিল	২০৫.৮৪	(-)৮.০০	(-) ২.০০	(-)৭.০০
মোট	**৫৯৮৪৩৬.৭৯**	**৫৫৫৪২৫.৯৮**	**৬৫৫১৮৬.৬৮**	**৭০৬৩৮১.৮১**

(কোটি টাকার হিসাবে)

	প্রকৃত, ২০১৫-২০১৬	বাজেট, ২০১৬-২০১৭	সংশোধিত, ২০১৬-২০১৭	বাজেট, ২০১৭-২০১৮
নীট ফল				
উদ্বৃত্ত (+)				
ঘাটতি (-)				
(ক) রাজস্বখাতে	(-)৯০৯৫.০৬	০.০০	(-)৯৪৬৯.২৭	০.০০
(খ) রাজস্বখাতের বাইরে	৯৬২৭.৩৩	(-)৩.০০	৯২৬১.৪৩	(-)৫.০০
(গ) প্রারম্ভিক তহবিল বাদে নীট	৫৩২.২৭	(-)৩.০০	(-)২০৭.৮৪	(-)৫.০০
(ঘ) প্রারম্ভিক তহবিল সহ নীট	২০৫.৮৪	(-)৮,০০	(-)২.০০	(-)৭.০০
(ঙ) নতুন প্রকল্প বাবদ ব্যয়/অতিরিক্ত বরাদ্দ অতিরিক্ত মহার্ঘভাতা				
(১) রাজস্বখাতে	..	..	..	..
(২) রাজস্বখাতের বাইরে	..	..	..	..
(চ) নতুন প্রকল্প বাবদ ব্যয়/অতিরিক্ত বরাদ্দ				
(১) রাজস্বখাতে	..	..	..	..
(২) রাজস্বখাতের বাইরে	..	..	..	..
(ছ) রাজস্ব কর খাতে অতিরিক্ত সম্পদ সংগ্রহ	..	..	..	..
(জ) রাজস্বখাতে নীট ঘাটতি	(-)৯০৯৫.০৬	০.০০	(-)৯৪৬৯.২৭	০.০০
(ঝ) নীট উদ্বৃত্ত/ ঘাটতি	২০৫.৮৪	(-)৮.০০	(-)২.০০	(-)৭.০০

LAYING OF FISCAL POLICY STATEMENT

Medium-Term Fiscal Policy Statement and Fiscal Policy Strategy Statement of the Government of West Bengal

Dr. Amit Mitra: Mr. Speaker, Sir, I beg to lay Medium-Term Fiscal Policy Statement and Fiscal Policy Strategy Statement of the Government of West Bengal.

TIME FOR TABLING THE NOTICES OF CUT MOTIONS (DEMANDS FOR GRANTS)

Mr. Speaker: Under rule 212 of the Rules of Procedure and Conduct of

Business in the West Bengal Legislative Assembly 3.00 p.m. on Wednesday, the 15th February 2017 has been appointed as the latest time and date for receipt of notices of Motions for reduction of Demands for Grants by the Secretariat.

While giving notices of Motions for reduction of Demands, Members should mention specific grievances as briefly as possible and avoid lengthy statements. Printed forms of notices of Cut Motions will be available from this Secretariat.

PRESENTATION OF THE SUPPLEMENTARY ESTIMATES OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR THE YEAR 2016-2017

Dr. Amit Mitra : Mr. Speaker Sir, I beg to present the supplementary estimates of the Government of West Bengal for the year 2016-2017.

TIME FOR TABLING THE NOTICES OF CUT MOTIONS (SUPPLEMENTARY GRANTS)

Mr. Speaker: Under rule 212 of the Rules of Procedure and Conduct of

Business in the West Bengal Legislative Assembly 3.00 p.m. on Monday, the 13th February, 2017 has been appointed as the latest time and date for receipt of notices of Motions for reduction of Supplementary Grants of Government of West Bengal for the year 2016-2017 by the Secretariat.

While giving notices of Motions for reduction of Demands, Members should mention specific grievances as briefly as possible and avoid lengthy statements.

Printed forms of notices of Cut Motions will be available from this Secretariat.

ADJOURNMENT

The House was then adjourned at 2.32 p.m. till 11.00 a.m. on Monday, the 13th February, 2017 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 13th February, 2017 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 16 Ministers-in-Charge, 11 Ministers of State and 191 Members.

[11:00 – 11.10 a.m.]

..... (কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য শ্রী নেপাল মাহাত কিছু বলতে ওঠেন) .....

..... (গোলমাল) .....

মিঃ স্পীকার : সব মাইকগুলো খারাপ হয়ে গেছে। ..... (গোলমাল) ..... আমি যা বলছি, আপনি কথা শুনুন, প্লিজ। উত্তেজিত হওয়ার কোনো কারণ নেই, অন্য মাইকে গিয়ে বলুন। ওইদিনের ঘটনার পরিপ্রেক্ষিতে ওখানকার মাইকের চ্যানেলটা খারাপ হয়ে গেছে। ..... (গোলমাল) .....

শ্রী নেপাল মাহাত : অনারেব্‌ল্ স্পীকার স্যার, গত দিনে যেটা আমরা দেখলাম এই বিধানসভাতে, আমাদের মাননীয় দলনেতা আব্দুল মান্নান মহাশয়কে আপনি রুলিং দিয়ে সাসপেন্ড করলেন এবং পরবর্তীকালে তার ওপর যে দৈহিক অত্যাচার করা হ'ল, তার জন্য তাঁকে হসপিটালে ভর্তি হ'তে হ'ল। আজকে তিনি হার্টের সমস্যায় ভুগছেন। আজকে স্যার আপনার রুলিং না থাকা সত্ত্বেও মাননীয়া বিধায়িকা প্রতিমা রজককে হাউস থেকে বের করে দেওয়া হ'ল, অথচ আপনার কোনো রুলিং ছিল না। অথচ আপনার সামনে তাঁকে বের করা হ'ল। তার প্রতিকার চেয়ে বিধায়িকা আপনাকে প্রেয়ার দিয়েছেন, সেই ব্যাপারেও কিচ্ছু হ'ল না। আজকে জাহানারা খানকে অত্যাচার করা হ'ল আপনার সামনে স্যার। তাই আমরা আপনার তরফ থেকে এর প্রতিকার না পাওয়া পর্যন্ত এবং মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে মান্নান সাহেবের শরীর খারাপকে কটাক্ষ করেছেন, তার প্রতিকার না পাওয়া পর্যন্ত কোনো মতেই এই হাউসে ..... (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।)।

মিঃ স্পীকার : ..... (গোলমাল) ..... আমার উত্তরটা শুনে যান। আপনি উত্থাপন করেছেন, আমার কথাটা শুনতে হবে। ..... (গোলমাল) ..... এটা সৌজন্য, এটা দাবী করে। আপনি বলে চলে যাবেন, এটা হ'তে পারে না। আপনাকে শুনতে হবে। যেমন আপনারা অভিযোগ করেছেন, সেই রকমই আমাদের সিকিউরিটি স্টাফেদের অভিযোগও আমি পেয়েছি যে, তাদের ওপর অত্যাচার করা হয়েছে, তাদের মারধোর করা হয়েছে, নিগৃহীত করা হয়েছে। ..... (গোলমাল) ..... শুনুন, আমাকে বলতে দিন ..... (গোলমাল) ..... আমি সব তদন্ত করতে দিয়েছি ..... (গোলমাল) ..... শুনুন, আমি দুটো অভিযোগই ..... (গোলমাল) ..... এটা চেঁচামেচি করার জায়গা নয় ..... (গোলমাল) ..... আপনারা হাউসে না থাকতে চান, আলাদা কথা, কিন্তু যে অজুহাতে আপনারা বেরিয়ে যাচ্ছেন, এই অজুহাত সমর্থনযোগ্য নয়।..... (গোলমাল) ..... বসুন, বসুন ..... (গোলমাল) ..... কোয়েশ্চেন আওয়ারটা হবে, বসুন। ..... (গোলমাল) ..... আমি তদন্ত করতে দিয়েছি,

আমি এনকোয়্যারি করতে দিয়েছি ..... (গোলমাল) ..... আমি এনকোয়্যারি করতে দিয়েছি সেক্রেটারীকে, ... (গোলমাল) ..... বসুন আপনারা। এনকোয়্যারি রিপোর্ট পেলে আমি অর্ডার দেবো ..... (গোলমাল) ..... সেক্রেটারী এনকোয়ারি রিপোর্ট দিলে আমি ব্যবস্থা নেবো। বসুন, বসুন ..... (গোলমাল) ..... প্লিজ, প্লিজ গো টু ইওর সিট, লেট কোয়েশ্চেন আওয়ার কন্টিনিউ ..... (গোলমাল) ..... প্লিজ আপনারা বসুন। ..... (গোলমাল) .....

..... (প্রচণ্ড গোলমাল) .....

Starred Questions

(to which oral answers were given)

বিদ্যালয়ের পাঠক্রমে সিঙ্গুর আন্দোলনের অন্তর্ভুক্তিকরণ

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪) শ্রী সমীর কুমার জানা ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিদ্যালয়ের পাঠক্রমে সিঙ্গুর আন্দোলনের বিষয়টি অন্তর্ভুক্ত হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়টি কোন শ্রেণির পাঠক্রমে সংযুক্ত হচ্ছে?

(তুমুল হইচই, এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্যবৃন্দ ওয়েলে নেমে গোল করে ঘুরতে ঘুরতে চিৎকার করে শ্লোগান দিতে থাকেন।)

* ২০ (নট রেসপন্ডেড)।

* ২১ (নট রেসপন্ডেড)।

(প্রচণ্ড হইচই)

* ২২ (হেল্ড ওভার)।

মিঃ স্পীকার : শ্রী জয়ন্ত নস্করের প্রশ্নটা হেল্ড ওভার হয়েছে, মাননীয় মন্ত্রী চিঠি দিয়ে পাঠিয়েছেন, উনি অসুস্থ, হাসপাতালে ট্রিটমেন্টের জন্য গেছেন। ওনারটা হেল্ড ওভার করা হয়েছে।

* ২৩ (নট রেসপন্ডেড)।

(প্রচণ্ড হইচই)

ডঃ পার্থ চ্যাটার্জী : স্যার, মাননীয় বিধায়ক শ্রী সমীর কুমার জানার উৎথাপিত প্রশ্ন ক) এটা কি সত্যি যে, বিদ্যালয় পাঠক্রমে সিঙ্গুর আন্দোলনের বিষয়টি অন্তর্ভুক্ত হচ্ছে। হাঁ। খ) সত্যি হলে, উক্ত বিষয়টি কোন শ্রেণীর পাঠক্রমে সংযুক্ত হচ্ছে ? অষ্টম শ্রেণীর ইতিহাস পাঠ্যপুস্তকে উক্ত বিষয়টি সংযুক্ত হচ্ছে।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন মহামান্য সুপ্রীম কোর্ট সিঙ্গুর আন্দোলনটিকে স্বীকৃতি দিয়েছে ? দয়া করে যদি হাউজকে বলেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি হচ্ছে যে সিঙ্গুর আন্দোলনে মমতা বন্দ্যোপাধ্যায়ের ২৬ দিনের অনশন, ১৫ দিনের কৃষিজমি অধিকার রক্ষার দাবীতে তিনি যে ঐতিহাসিক ভূমিকা নিয়েছিলেন আমাদের দেশের সর্বোচ্চ আদালত কৃষকদের স্বপক্ষেই সেই রায় দিয়েছেন এবং বলেছেন যে, জমি যাদের তাদের সকলকেই জমি ফেরৎ দিতে হবে ১২ সপ্তাহের মধ্যে। আমরা তার আগেই কৃষকদের জমি কৃষকদের হাতে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পৌঁছে দিয়েছি।

(প্রচণ্ড হইচই)

* ২৪

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বর্তমানে সিঙ্গুর আন্দোলনের বিষয়বস্তু কি মহামান্য সুপ্রীম কোর্ট যে ভাবে সমর্থন জানিয়েছেন কৃষকদের সুবিধার্থে যে ঐতিহাসিক দলিলে পরিণত হয়েছে তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জ্ঞাপন করছি। আমার অতিরিক্ত এবং শেষ প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে, এই যে সিঙ্গুর আন্দোলনের যে প্রেক্ষাপট এর ঐতিহাসিক গুরুত্ব নিঃসন্দেহে এক নবতম অধ্যায়ের সূচনা করেছে। এই ঐতিহাসিক গুরুত্ব এবং এই মুহূর্তে সুপ্রীম কোর্টের রায়কে মেনে নিয়ে আমরা চাষের কাজে কৃষকদের কতটা সহযোগিতা করতে পেরেছি বা তারা কতটা অগ্রগতি করতে পেরেছে, যদি মাননীয় মন্ত্রী বলেন।

(প্রচণ্ড হইচই)

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মহতী সভায় মাননীয় সদস্যরা শুনলে খুশী হবেন যে, ইতিমধ্যেই প্রায় ৪০০ একরের উপরের জমিতে ধান চাষের কাজ শুরু হয়ে গেছে, এছাড়াও অন্যান্য সবজি এবং ফলন সেখানে শুরু করা হচ্ছে।

(প্রচণ্ড হইচই)

[11:10 – 11.20 a.m.]

...(এই সময় কংগ্রেস পরিষদীয় দল এবং বামফ্রন্টের সমস্ত সদস্যরা ওয়েলে নেমে স্লোগান দিতে থাকেন)...

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে বিনীতভাবে একটা প্রশ্ন রাখতে চাইছি। যদিও সরাসরি এই প্রশ্নের সাথে নয়। আমরা একটা ব্যাপার দেখেছি, এবারে প্রাইমারি স্কুলে বেশ কিছু মানুষের চাকরি হয়ে গেল। বেশ কিছু মানুষ চাকরি পেয়েছে। এর জন্য সরকারকে ধন্যবাদ জানাতে হয়। কিন্তু এছাড়াও অন্যান্য যেগুলো হচ্ছে আপার প্রাইমারি এবং উচ্চ শিক্ষার যে চাকরির লিস্টগুলো রয়েছে এগুলোর মধ্যে কটা করে হতে পারে, কতদিনের মধ্যে চাকরিগুলো হতে পারে যদি মাননীয় মন্ত্রী আপনার মাধ্যমে এর উত্তরটা দেন।

...(গোলমাল)...

ডঃ পার্থ চ্যাটার্জী : এর সঙ্গে এই প্রশ্নের কোন সম্পর্ক নেই যখন প্রশ্ন আসবে নিশ্চয়ই আপনাকে জানাবো।

মিঃ স্পীকার : আপনি নোটিস দেবেন।

সেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে জানাচ্ছি যে, সিঙ্গুর একটা বিরাট অধ্যায়। স্যার, এই যারা চিৎকার করছে এরা জবরদস্তি করে জমি নিয়েছিল। জবরদস্তি করে জমি নিয়ে মিথ্যা অপপ্রচার করেছিল আবার চিৎকার করছে আজকে সভায়। সভা ভন্ডুল করে দেওয়ার চেষ্টা করছে। কিন্তু মাননীয় সুপ্রীম কোর্টের রায় দেওয়ার পরে আমাদের সরকার ব্যবস্থা গ্রহণ করেছে এবং যাদের জোর করে জমি নেওয়া হয়েছে তাদের জমি ফিরিয়ে দিয়েছে। ঐ অপচেষ্টা বামফ্রন্ট সরকার করেছিল এবং জোর করে জমি কেড়ে নিয়েছিল। আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি যে এটা আমাদের শিক্ষার পাঠে অন্তর্ভুক্ত করা হয়েছে। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার একটা প্রশ্ন হচ্ছে যে, পরবর্তীকালে আমাদের সরকারের এই জোর করে জমি নেওয়ার ব্যাপারে দৃষ্টিভঙ্গি কি আছে। এটা আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি।

মিঃ স্পীকার : এটা রিলেটেড প্রশ্ন নয়, আপনি পরে নোটিস দেবেন। পরে নোটিস দিলে উনি এই প্রশ্নের উত্তর দেবেন।

...(গোলমাল)...

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি একটা কথা বলতে চাই। যারা এখানে বিক্ষোভ করছেন সেই সমস্ত সদস্যদের উদ্দেশ্যে বলতে চাই যে, নেপাল মাহাত যেটা বললেন, মাননীয় মুখ্যমন্ত্রী কটাক্ষ করেছেন এটা আমি কোথাও দেখিনি। এ ধরনের একটি অসত্য অভিযোগ নিয়ে সভায় গণ্ডগোল করা হচ্ছে এটা বোধ হয় ঠিক কাজ হচ্ছে না। বরং মুখ্যমন্ত্রী সেদিন ঘটনার সঙ্গে সঙ্গেই তিনজন ডাক্তারকে আব্দুল মান্নানসাহেবকে দেখার জন্য পাঠিয়েছিলেন। পরবর্তীকালে আপনার স্মরণে থাকতে পারে আপনি নিজে এবং আমি ও তাপস রায় মান্নানসাহেবকে দেখতে গিয়েছিলাম এবং মুখ্যমন্ত্রী তাঁর স্বাস্থ্য সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছিলেন। পরে স্বয়ং মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হিসাবে তাঁকে বেসরকারি হাসপাতালে দেখতে যান। যাঁরা এই একটা নন-ইস্যুকে ইস্যু করবার চেষ্টা করছেন তাদের বলি, এখানে বিগত দিনেও বিরোধী দলনেতা, বিরোধী দলনেত্রীসহ বিধায়করা তাঁরা অসুস্থ হলে কোনদিন মুখ্যমন্ত্রী তাঁর কাছে যাননি। আমরা গর্বিত যে, আমাদের মুখ্যমন্ত্রী দলমত নির্বিশেষে, ঊর্ধ্বে উঠে বিরোধী দলনেতার কাছে পৌঁছেছেন এবং তাঁর দ্রুত আরোগ্য কামনা করেছেন। সুতরাং যারা এটা করছেন তারা নিজেরাও জানেন যে কোন কাজ নেই, কোন ইস্যু নেই তাই এখানে এসে সভাকে ভন্ডুল করবার চেষ্টা করছেন। আমি অনুরোধ করবো, তাঁরা নিজেদের আসনে যান। কোন রকম কটাক্ষ মুখ্যমন্ত্রী করেননি। এই একটা অসত্য অজুহাত দিয়ে সভার কাজকে পরিচালনা না করবার যে চেষ্টা হচ্ছে তার আমি তীব্র নিন্দা করি।

...(গোলমাল)...

Shri Amar Singh Rai : Hon'ble Speaker Sir, it has come to the notice that the voluntary and para-teachers working in different schools have been told to report to the DI office in Siliguri and some of the para-teachers and voluntary teachers owing allegiance to one political party have received text messages through mobile phones but whereas 116 para-teachers from the Hills have not received text messages and when they went to the Siliguri DI office their names were not called. As such there is a dilemma for the voluntary and para-teachers from the Hills whether they would be called for interview or not, Sir.

ডঃ পার্থ চ্যাটার্জী : I am happy that you have raised this question and probably you will be knowing that Smt. Mamata Banerjee when she resumes the office of the Chief Minister she has given more importance to the hills and the people who were taken by the earlier times not on educational background were taken by the schools under specific pressure. There is no politics in it. It is the Chief Minister who has already declared that those who are voluntary teachers and para-teachers, will be verified on their qualifications and 504 teachers are there in our record, they will be taken in presence.

..(তুমুল হট্টগোল)...

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার প্রশ্ন, প্রথমেই বলতে চাই যে, পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারের তরফ থেকে মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় সিঙ্গুর আন্দোলন পর্ব শেষ হওয়ার পরে তিনি ওই আন্দোলনের প্রতি সমর্থন জানাবার পর মা-মাটি-মানুষের সরকারের কৃষকদের জমি ফেরত দেওয়ার একটা ঐতিহাসিক সিদ্ধান্ত আজকে সফল হয়েছে এবং তার পরবর্তী পর্যায়ে সেই আন্দোলনকে সামনে রেখে আগামী দিনে ছাত্রছাত্রীরা যাতে সেই ইতিহাস জানতে পারে সেই ইতিহাস সম্পর্কে পাঠক্রম চালু করবার সিদ্ধান্ত মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে শিক্ষাদপ্তর গ্রহণ করেছে এটাকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই। মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, পাঠক্রম চালু কোন বছর থেকে শুরু হবে, এটা জানাবেন কি ?

...(তুমুল হট্টগোল)...

ডঃ পার্থ চ্যাটার্জী : ইতিমধ্যেই এ'বছরে অষ্টম শ্রেণীর পাঠ্য পুস্তকে এটা সংযুক্ত হয়েছে। কিছুটা বই, পাঠ্য পুস্তক অনেক জায়গায় চলেও গেছে। কিছুটা যায়নি, আমরা চেষ্টা করছি মধ্যশিক্ষা পর্ষদের সঙ্গে কথা বলে যথাসময়ে পৌঁছে দেওয়া - যাতে ছাত্রছাত্রীদের কোনো অসুবিধা না হয়।

...(তুমুল হট্টগোল)...

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় স্পীকার স্যারের মাধ্যমে আমার সম্মানীয় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাই। শিক্ষার ক্ষেত্রে একটার পর একটা বিপ্লব উনি আনছেন এবং শিক্ষা ব্যবস্থাটাকে উনি একটা জায়গায় মাত্রা দিয়েছেন। ৩৪ বছরের সি পি এম সরকার যেভাবে শিক্ষা ব্যবস্থাটাকে শেষ করে দিয়েছিলেন। আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর কাছে আমার একটা অনুরোধ যে, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়গুলোতে সাফাই কর্মীর মাধ্যমে ঝাড় দেওয়া হত। ৩৪ বছরে সি পি এমের রাজত্বে থাকতে থাকতে সেই ঝাড়ুদাররা আর সকালবেলায় ঝাড়ু দেয় না। তাই অনুরোধ যে, এইগুলো কি বিদ্যালয়ে আবার ডেপুট করা হবে ? নতুন করে ডেপুট করবেন ? এটাই আপনার কাছে অনুরোধ।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয়া সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, এ বিষয়ে আমাদের দপ্তর ইতিমধ্যেই সিদ্ধান্ত নিয়েছে এমনকি মাননীয়া মুখ্যমন্ত্রী পর্যন্ত বলেছেন যে, আমাদের যে সমস্ত জায়গায় ১০০ দিনের কাজ হচ্ছে সেই সমস্ত জায়গা থেকে অন্ততঃ একজনকে প্রতিটি বিদ্যালয়ে নিযুক্ত করবার - যাতে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় থাকে।

...(তুমুল হট্টগোল)...

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে বাংলার মাননীয় শিক্ষামন্ত্রী যিনি এই চরম সিদ্ধান্ত নিয়েছেন তাঁকে আমার অতিরিক্ত প্রশ্ন, যারা চিৎকার করছে দেখুন - এরাই সিঙ্গুরকে সর্বনাশের পথে ঠেলে দিয়েছিলেন। আর তাদের সাথে আজকে মিলেছে কংগ্রেস। একসাথে সিঙ্গুরের যারা কৃষক তাদের পেটে লাথি মারার চক্রান্ত করেছিলেন। মাননীয় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাই, তিনি বাংলার যে ছাত্রসমাজ তাদের কাছে সিঙ্গুর আন্দোলন কি - সেটা পৌঁছে দেওয়ার ব্যবস্থা করেছেন।

(তুমুল হট্টগোল)

আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে প্রশ্ন করতে চাই যে তিনি অষ্টম শ্রেণীতে এটা চালু করেছেন এবং এ বছর থেকেই চালু হচ্ছে। এই সিঙুর আন্দোলন যেদিন থেকে বাংলার জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শুরু করেছিলেন, সেদিন থেকে সুপ্রীম কোর্টের রায় হওয়া পর্যন্ত এবং তারপরে শিক্ষামন্ত্রীর তত্ত্বাবধানে সিঙুরের চাষযোগ্য জমিকে আবার নতুন অবস্থায় ফিরিয়ে আনার যে প্রচেষ্টা এটা নিয়ে ডিগ্রী কোর্সে কোন পাঠ্য পুস্তক করার ব্যবস্থা করছেন কি ?

[11:20 – 11.30 a.m.]

(তুমুল হট্টগোল)

ডঃ পার্থ চ্যাটার্জী : এই মুহূর্তে এই ধরনের কোন চিন্তা ভাবনা আমাদের নেই।

(তুমুল হট্টগোল)

শ্রী সওকত মোল্লা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে একটা বিষয়ে জানতে চাই যে আজকে এখানে যাঁরা চিৎকার করছেন, আমরা দেখেছি পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থাটাকে একদম ভেঙে চুরমার করে দিয়েছিলেন। স্যার, আমার বিধানসভা এলাকায় লজ্জার বিষয়, এখানে দু-একজন প্রাক্তন মন্ত্রীও আছেন দেখছি, যে প্রায় ৫টা গ্রাম পঞ্চায়েতে কোন জুনিয়র হাইস্কুল ছিল না। বামফ্রন্ট সরকারের আমলে এই অবস্থা হয়েছিল। গত পাঁচ বছরে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায়, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীর হাত ধরে সেখানে প্রায় ৩০টি জুনিয়ার হাইস্কুল হয়েছে। এখন পর্যন্ত স্যার, দুটি গ্রাম পঞ্চায়েতে কোন জুনিয়র হাইস্কুল নেই। আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে আমরা প্রপোজাল করে পাঠালে সেটা কি শিক্ষা দপ্তর অনুমোদন করবেন ?

(তুমুল হট্টগোল)

ডঃ পার্থ চ্যাটার্জী : প্রশ্নটা শোনা যাচ্ছে না। গণতন্ত্রের এই প্রতিষ্ঠানে এদের যে বাধা আছে, সেই বাধাকে উত্তীর্ণ করে আপনার কণ্ঠস্বর যদি একটু উঁচু করে বলেন আমি নিশ্চয় আপনার প্রশ্নের উত্তর দেবো।

(তুমুল হট্টগোল)

মিঃ স্পীকার : মনোজ বাবু আপনার শরীর খারাপ। মনোজ বাবু আপনার শরীর খারাপ আপনি অন্য কাউকে শ্লোগান দিতে বলুন। আপনি অসুস্থ হয়ে পড়লে মুস্কিলে পড়ব।

(তুমুল হট্টগোল)

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় সদস্যকে জানাই, আমি এই বিষয়টা জানি যে আলিপুরদুয়ারের হিন্দী শিক্ষক-শিক্ষিকাদের সুযোগ কমেছে। তার কারণ হচ্ছে, আমাদের যা রিজার্ভেশান আছে,

সেই রিজার্ভেশান অনুসারেই আমরা এই শিক্ষকদের নিয়েছি। যদি শিক্ষক আরো হিন্দী স্কুলের বাড়ে তাহলে বাড়ার সঙ্গে সঙ্গেই আমরা শিক্ষকদের দেব। এখন পর্যন্ত যে স্কুলগুলোর জন্য প্রয়োজন ছিল সেই স্কুলগুলোতে দিয়েছি। এরপরে যদি আরো দরকার হয় আমরা দেবো।

(তুমুল হট্টগোল)

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যম দিয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বামফ্রন্টের ৩৪ বছরে শিক্ষা ব্যবস্থা বলে কিছু ছিল না। শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করে গিয়েছিল। সারা পশ্চিমবঙ্গের উপরে শিক্ষা বলে কিছু ছিল না। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গের দায়িত্ব নেওয়ার পরে সারা বাংলায় শিক্ষা ব্যবস্থাকে সমৃদ্ধশালী করা হয়েছে। সেই জায়গাতে আমি শিক্ষামন্ত্রীর কাছে একটি প্রশ্ন করছি, আমার বিধানসভা এলাকায় ডায়মন্ডহারবার এক নম্বর ব্লকে দিয়াড়া গ্রাম পঞ্চায়েত এলাকায় কোন জুনিয়র হাইস্কুল বা হাইস্কুল নেই। বিধানসভায় প্রচুর স্কুল হয়েছে। কিন্তু ঐ একটি গ্রাম পঞ্চায়েতে এখন পর্যন্ত হাইস্কুল বা জুনিয়র হাইস্কুল না থাকাতে অসুবিধা হচ্ছে, যদি একটা স্কুল করা যায় কিনা বা সম্ভব কিনা, করলে কি করতে হবে যদি বলেন তাহলে উপকৃত হবো।

(তুমুল হট্টগোল)

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি নিশ্চয় অবগত আছেন যে বিগত সাড়ে তিন দশক ধরে যে সরকার ছিল, তারা শিক্ষার ব্যবস্থাকে প্রায় দলতন্ত্রে পরিণত করেছিল।

...(গোলমাল)...

...(এইসময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের সকল সদস্য ও বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের সকল সদস্যরা ওয়েলে নেমে রিপোর্টারদের চেয়ার প্রদক্ষিণ করে স্লোগান দিতে থাকেন এবং বিক্ষোভ দেখাতে থাকেন।)...

এবং বিভিন্ন ধরনের শিক্ষক নিয়োগ না করে পার্টির ক্যাডারদের বিভিন্ন নামে তারা শিক্ষা প্রতিষ্ঠানে ঢুকিয়ে দিয়েছিল। কোনোটা প্যারা টিচার, কোনোটা অর্গানাইজড টিচার, কোনোটা পার্ট টাইম টিচার, এইরকমভাবে নানা ধরনের টিচার, কনট্রাকচুয়াল টিচার, এইরকম সব ঢুকিয়ে দিয়েছিল। এরফলে স্কুলের পরিকাঠামো, স্কুলগুলোর সংখ্যা বৃদ্ধি এদিকে তারা নজর দেয়নি।

...(গোলমাল)...

আমি মাননীয় বিধায়ককে আশ্বস্ত করতে পারি, আমাদের দপ্তর দেখছে কোথায় প্রাইমারি স্কুল একটাও নেই, কোথায় আপার প্রাইমারি স্কুল একটাও নেই, কোথায় মাধ্যমিক নেই, হায়ার সেকেন্ডারি নেই, এইসমস্ত বিষয়গুলো পর্যবেক্ষণ করার পরেই, পরীক্ষা করার পরেই আমরা সেইসমস্ত জায়গায় যাতে স্কুল হয় সেটা আমরা আমাদের অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যালেন্ডারে ধরব এবং মমতা বন্দ্যোপাধ্যায় জোর দিয়েছেন যে স্কুল এবং এলিমেন্টারি এডুকেশান এবং হায়ার এডুকেশান তার ফার্স্ট প্রায়োরিটি।

...(গোলমাল)...

ইতিমধ্যেই আমাদের শিক্ষক নিয়োগের প্রক্রিয়াও চলছে। সেইসঙ্গে স্কুলগুলির ব্যাপারেও আমরা দেখব।

...(গোলমাল)...

শ্রী শ্রীকান্ত মাহাত : বিগত ৩৫ বছর এবং স্বাধীনতার পর থেকে কংগ্রেস এবং সিপিএম সারা বাংলা শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করে দিয়েছিল। একদম মৃতপ্রায় ভূমিতে হার্মাদদের আখড়াখানা তৈরি হয়েছিল এই শিক্ষা ব্যবস্থা।

...(গোলমাল)...

সেই জায়গায় মা-মাটি-মানুষের সরকার ২০১১ সালে ক্ষমতায় আসার পর বহু কলেজ এবং বহু ইউনিভার্সিটি, বহু আপার প্রাইমারি, প্রাইমারি, হাই স্কুল, ইলেভেন টুয়েলভ ক্লাস, নতুন নতুন স্কুল, কলেজ প্রতিষ্ঠান তৈরি হয়েছে। শিক্ষা ক্ষেত্রে আমূল পরিবর্তন করার জন্য সারা বাংলায় ব্যাপক উন্নয়ন, ব্যাপক ডেভেলপমেন্ট, কর্মসংস্থান এবং শিক্ষার প্রসার চলছে।

...(গোলমাল)...

আপনি এও জানেন, আমি শিক্ষামন্ত্রীর কাছে প্রশ্ন করতে চাই, আপনারা দেখেছেন যে আমাদের এলাকায় কিছু নতুনভাবে ইন্টিগ্রেটেড মডেল স্কুল তৈরি হয়েছে। সেই ইন্টিগ্রেটেড মডেল স্কুলগুলি হচ্ছে, রেসিডেন্সিয়াল ইংলিশ মিডিয়াম স্কুল। সেই রেসিডেন্সিয়াল ইংলিশ মিডিয়াম স্কুলগুলি চালু হয়েছে প্রায় এক বছরের মধ্যে ২০১৩-১৪ সালে। সেই ইন্টিগ্রেটেড মডেল স্কুলগুলি চালু হওয়ার পর ব্যাপকভাবে চলছে এবং গ্রামের ছেলেমেয়েরা, গরীব ছেলেমেয়েরা ইংলিশ মিডিয়ামে পড়ার সুযোগ পেয়েছে। কিন্তু সরকারের কর্মসূচী ছিল। টাকা নেই, পয়সা নেই, তবুও কর্মসূচী ছিল স্কুল রেসিডেন্সিয়াল, ফাইভ সিক্স, বারো ক্লাস পর্যন্ত চালু হয়েছে।

...(গোলমাল)...

ইতিমধ্যে ৩-৪ টি ক্লাস হয়ে গেছে। কিন্তু স্যার এখনো হস্টেল চালু হয়নি। আমি শিক্ষা মন্ত্রীর কাছে প্রশ্ন করছি, এই হস্টেলগুলি যদি চালু হত, যা মা-মাটি-মানুষের সরকার করেছে এবং গরীব ছেলেমেয়েদের উপকার করেছে এবং আমার জঙ্গলমহলের উপকার করেছে, আমরা ব্যাপক আকারে উপকার পেতাম। মাননীয় শিক্ষা মন্ত্রী যদি অনুগ্রহ করে জানান যে কবে থেকে এই ইন্ট্রিগ্রেটেড মডেল স্কুলগুলিতে হস্টেল চালু পূর্ণভাবে সম্পন্ন হবে।

...(গোলমাল)...

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক একটি অত্যন্ত ভালো প্রশ্ন করেছেন। সকলেই জানেন যে আমাদের মুখ্যমন্ত্রী জঙ্গলমহলে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন। সেখানে রাস্তাঘাট তৈরি হয়েছে, সেখানে বিদ্যুৎ গেছে, সেখানে কর্মসংস্থানের সুযোগ হয়েছে। এমনকি মূল স্রোতে সবাই ফিরে এসেছে।

...(গোলমাল)...

নামজাদা কলেজ যদি দেখা যায়, তাহলে সবথেকে বেশি এই জঙ্গলমহলেই সরকারী কলেজ গড়ে উঠেছে, স্কুল গড়ে উঠেছে, প্রাথমিক বিদ্যালয় গড়ে উঠেছে। আমরা নিজেরাই চেষ্টা করছি যত শীঘ্র সম্ভব, যেখানে যেখানে হস্টেলের প্রস্তাব আছে সেগুলোকে বাস্তবায়িত করার।

...(গোলমাল)...

আমরা কথা দিতে পারি, যেখানে যেখানে শিক্ষক নেই, বিশেষ করে দেখা যাচ্ছে 'অলচিকি' শিক্ষকের অভাব আছে, আমরা 'অলচিকি'র লোকদের বলেছি এবং তাদের সংস্থাকেও বলেছি যে আপনারা আপনাদের বিষয়গুলি নিয়ে আমাদের কাছে আসুন।

...(গোলমাল)...

আমরা দেখব সেখানে যাতে অলচিকি শিক্ষক দেওয়া যায় এবং আপনাদের হস্টেলের ব্যাপারটাও আমরা দেখছি। একে বাস্তবায়িত করার লক্ষ্যে আমরা নিশ্চয়ই সম্পূর্ণ ব্যবস্থা নেব।

...(গোলমাল)...

..(এইসময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের সকল সদস্যগণ ও বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের সকল সদস্যরা স্লোগান দিতে দিতে সভাকক্ষ ত্যাগ করেন।)...

শ্রী পার্থ ভৌমিক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর জ্ঞাতার্থে একটি সাবজেক্ট আনতে চাই। বামফ্রন্ট সরকারের আমলে নৈহাটি ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ, একটিই কলেজ ছিল। হঠাৎ ঘোষণা করা হল, নৈহাটিতে নাকি তিনটি কলেজ হয়েছে। অর্থাৎ একটি কলেজকে কোনো ইনফ্রাস্ট্রাকচার তৈরি না করে তাকে তিনটি কলেজ করে দেওয়া হল। সমস্যা হল, একটি টিচার্স রুম, তাতে একই সময়ে, ধরুন, মর্নিং সেশান শেষ হয়নি, ডে কলেজের প্রফেসাররা ঢুকে পড়েছেন।

[11:30 – 11.40 a.m.]

আবার ডে কলেজ শেষ হয়নি তখন নাইট কলেজের প্রফেসাররা টিচারস রুমে ঢুকে পড়েছেন। রীতিমতো এই প্রবলেম নিয়ে একটা সময়ে দু'দিন কলেজ বন্ধ ছিল। বামফ্রন্ট সরকার একটা সময়ে নতুন কলেজ করতে পারেনি, কিন্তু একটা কলেজকেই তারা তিন টুকরো করে দিয়ে বাংলার মানুষকে বলেছেন আমরা এতগুলো নতুন কলেজ করেছি। মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর আপনি ইনফ্রাস্ট্রাকচার ডেভালপমেন্টের জন্য অনেক কিছু করেছেন। আপনি যদি নিজে একটু খবর নিয়ে বঙ্কিম চন্দ্র কলেজের ইনফ্রাস্ট্রাকচার ডেভালপমেন্টের জন্য উদ্যোগী হন তাহলে কলেজের এই সমস্যাটা মিটতে পারে।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি আমরা পশ্চিমবাংলার বিভিন্ন কলেজে এবং কলকাতার কলেজে ঘুরি তাহলে এই ব্যাপারটা আমরা দেখতে পারব। একই বিল্ডিং-এ তিনটে কলেজ চলছে - একটা মর্নি, একটা ডে এবং আরেকটা নাইট । যেমন কলকাতায় আশুতোষ কলেজে যোগমায়াদেবী কলেজ চলছে এবং রাত্রিতে শ্যামাপ্রসাদ কলেজ চলছে। সিটি কলেজেও তাই। এই কলেজগুলো যদি নিজেদের জমি না নেয় এবং কলকাতার বুকেই থাকতে চায় তাহলে এই ব্যাপারটার সমাধান করা খুবই কষ্ট। আপনি যে বঙ্কিম চন্দ্র কলেজের কথাটা এখানে উল্লেখ করলেন সেখানেও একই সমস্যা আছে। বিগত সরকার এই জিনিসটা দেখেনি। আপনি সাড়ে তিন দশকের কাজ যদি আমার ঘাড়ে চাপিয়ে দেন তাহলে তো আমি পারব না। আমার পাঁচ কেজি নেওয়ার অভ্যেস, আমার ঘাড়ে যদি পঞ্চাশ কেজি চাপিয়ে দেন তাহলে আমি কি করে পারব। আমরা তবুও এই ব্যাপারে চেষ্টা করছি এবং আপনার এই সমস্যার সমাধানের জন্য আপনি আমাদের প্রিন্সিপাল সেক্রেটারিকে লিখুন আমরা দেখব। ওখানে কতদূর কি করা সম্ভব হবে।

শ্রী মৈনুদ্দিন শামস্ : স্যার, আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে একটি প্রশ্ন করতে চাই, আমার নলহাটি বিধানসভা কেন্দ্রর মধ্যে হীরালাল ভগত বলে একটি কলেজ আছে। বামফ্রন্ট

আমলেও সেই কলেজে সায়েন্স বিভাগ খোলা হয়নি, ফলে সেখানকার ছাত্র-ছাত্রীরা সায়েন্স পড়তে পারছে না। আমি এই ব্যাপারে একটা চিঠি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে দিয়েছি। এই ব্যাপারটা যদি মাননীয় মন্ত্রীমহাশয় আমাকে জানান তাহলে ভালো হয়। দ্বিতীয় ব্যাপার হচ্ছে। আমার বিধানসভা কেন্দ্রে কলিকা হায়ার সেকেন্ডারি একটি স্কুল আছে। সেখানে বিজ্ঞান বিভাগের শিক্ষক না থাকার জন্য বিজ্ঞান বিভাগ বন্ধ হয়ে আছে। আর হরিপ্রসাদ হাইস্কুল নামে একটি স্কুল আছে, সেখানে আবার কমার্স বিভাগের শিক্ষক না থাকার জন্য কমার্স বিভাগ বন্ধ হয়ে আছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয়ের কি পরিকল্পনা আছে তা আমি জানতে চাই।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন যে প্রশ্নোত্তরগুলো হচ্ছে, এগুলো হচ্ছে মধ্যশিক্ষা এবং প্রাইমারি শিক্ষা নিয়ে। কলেজ বা বিশ্ববিদ্যালয় শিক্ষার ব্যাপারটা যেদিন থাকবে সেদিন এই ব্যাপারে প্রশ্ন করবেন। আজকে শুধুমাত্র স্কুল শিক্ষার ব্যাপারেই দিনটা ধার্য আছে। আপনি যে দুটো স্কুলের কথা বললেন, সেখানে তো শিক্ষক নেওয়াই হয়নি। আমি আবার বলছি, সাড়ে তিন দশক ধরে এই ব্যাপারে কোন পরিকল্পনা করা হয়নি। শিক্ষক নিয়োগ, সেইমতো তার রেশিও, তার সাবজেকট পড়ানো, স্কুলের ল্যাবরেটরি আছে কিনা, লাইব্রেরী আছে কিনা, এইসব কোন কিছুই তখন দেখা হয়নি। আপনি শুনলে খুশী হবেন, আমাদের মুখ্যমন্ত্রী বার বার বলেন আমাদের অর্থনৈতিক কষ্ট আছে, কিন্তু তা সত্ত্বেও শিক্ষা যেন থেমে না থাকে। সেই লক্ষ্যে আমাদের সরকার ইতিমধ্যে প্রায় ৭২ হাজার শিক্ষক নিয়োগের পরিকল্পনা করেছেন। যা আজকে প্রায় শেষ পর্যায়ে আছে। এখনো পর্যন্ত মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকের পরীক্ষাটা চলছে, সেখানে নিয়োগটা শীঘ্রই হবে। প্রাথমিক নিয়োগের কাজটা সমাপ্তির দিকে গেছে। এরপরে আমরা দেখব কি করে এদের ডিস্ট্রিবিউশানটা করা যায়। একটু আগে মাননীয় সদস্য মনোজ টিগা মহাশয় একটা প্রশ্ন করেছিলেন। হিন্দী শিক্ষকদের যে প্যানেল, সেই প্যানেলের থেকে কম শিক্ষক আমাদের লাগবে। আমরা তাও দেখছি এদেরকে রেখে দেওয়া যায় কিনা। তাহলে আমরা পরবর্তী সময়ে হিন্দু স্কুলের সংখ্যা বাড়িয়ে সেখানেও আমরা তাদেরকে রাখব।

তেমনি ভাবে জি.টি.এ.এরও একটা সমস্যা ছিল,প্রায় ৫০৪ জনের মতন লোক ভলেনটিয়ারী তারা বিভিন্ন স্কুলে কাজ করছেন উচ্চ মাধ্যমিকের এবং মাধ্যমিকের। আমরা সেগুলোকে রেগুলাইজ করার চেষ্টা করছি, যাতে তাদের কোন অসুবিধা না হয়। আপনাদের এই কাজটা সম্পূর্ণ হলে নিঃসন্দেহে বিজ্ঞান, কর্মাস যে যেখান চাইছেন - শুধু দেখতে হবে যেন ছাত্র থাকে। ছাত্র নেই মাস্টার আছে এ রকম স্কুল আছে প্রচুর। আবার একটা মাস্টার আছে ছাত্র আছে অনেক - এ রকম স্কুল আছে প্রচুর। সুতরাং এই দুটোকে ভাগ করতে হবে এবং প্রপারলি সব জায়গায় যাতে রেশিও অনুযায়ী ছাত্র-ছাত্রী থাকে এবং মাস্টার মহাশয়রা থাকেন, তার নিশ্চয় ব্যবস্থা আমরা করছি।

Shri Pulin Behari Roy : আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়কে ধন্যবাদ জানাই, আমার একটা অতিরিক্ত প্রশ্ন মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে। আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে একটা প্রশ্ন করছি যে আমরা 'সবুজ সাথী' প্রকল্পে হাজার হাজার এমনকি লক্ষাধিক সাইকেল বিতরণ করছি ছাত্র ছাত্রীদের মধ্যে; এতে আমার অঞ্চলে গাইঘাটা বিধানসভা কেন্দ্রে বহু স্কুল আছে যেখানে বহু দূর দূরান্ত থেকে ছাত্র এবং ছাত্রীরা সাইকেল চড়ে স্কুলে আসে এবং সময় বাঁচায়। সুতরাং তারা উপকৃত হচ্ছেন। আমার প্রশ্ন হাজার হাজার সাইকেল প্রতিটি স্কুলে আমরা দিয়েছি, কিন্তু সেই সাইকেল রাখার জায়গা নেই। প্রত্যেকটা স্কুলে যখন আমরা গিয়েছি তখন তারা একটাই দাবি করেছে যে, আমাদের একটা সাইকেল সেড চাই। তাহলে বর্ষাকালে বিশেষ করে সাইকেলগুলো বাইরে থেকে নষ্ট হয়ে যাচ্ছে। আমাদের যে প্রকল্প সেটাও বানচাল হয়ে

যাবে। তাই মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন, এই সাইকেল সেড ব্যবস্থার জন্য আপনারা কোন প্রকল্প গ্রহণ করেছেন কি ? বা করা যায় কিনা। সেটার ব্যাপারে যদি কিছু বলেন তাহলে উপকৃত হব।

ডঃ পার্থ চ্যাটার্জী : এই সমস্ত কাজে তো বিধায়কদের তহবিল আছে, গাইঘাটার বিধায়ক হিসাবে আপনি সেই তহবিল থেকে সাইকেল স্ট্যান্ডের জন্য দিতে পারেন। তাহলে সরকার উপকৃত হয়। কেননা সরকার এক লপ্তে শিক্ষক নেবে, টাকাও দেবে বাড়ি তৈরি করার - এত অর্থ বোধহয় নেই। বোধ'হয় কেন,নেই। আমি মাননীয় বিধায়কদের বলব তাঁর অঞ্চলের এই রকম সাইকেল স্ট্যান্ড থাকে তাহলে তাদের তহবিল থেকে সেই টাকাটা দিলে সেই স্কুল উপকৃত হবে,সেই কলেজ উপকৃত হবে। আমি সেই আবেদনই আপনাদের কাছে রাখছি।

শ্রী তাপস কুমার সাহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার প্রশ্ন, আমার পলাশিপাড়া বিধানসভাতে কোন কলেজ আজ অবধি কেউ করেননি এবং নতুন করে আমার বিধানসভাতে কোন কলেজ করার চিন্তা-ভাবনা বা পরিকল্পনা আছে কিনা - মাননীয় মন্ত্রী মহোদয় যদি জানান তাহলে বাধিত হব।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সব জায়গায়,সব বিধানসভায়, সব ব্লকে যদি কলেজ হয় তাহলে ছাত্র পাওয়া যাবে তো ! সেটা আমাদের দেখতে হবে। আমরা ইতিমধ্যে প্রায় ৪৬টি কলেজ তৈরি করেছি। যা একটা রেকর্ড। আমরা নিজেরাই ১৬টা এবং সেন্ট জেভিয়ার্সকে নিয়ে - ১৭টা বিশ্ববিদ্যালয় হয়েছে। আবার সেই সঙ্গে সঙ্গে ক্লাস রুমের সংখ্যা বাড়িয়েছি। আপনাদের কলেজ নিয়ে যদি কোন প্রশ্ন থাকে তাহলে আপনি কলেজে হায়ার এডুকেশানের প্রশ্নোত্তর যে দিন থাকবে সে দিন যদি আপনি বলেন তাহলে আমি দেখব। - সেদিন আমরা দেখব আমাদের কাছে কি পড়ে আছে এবং কি আছে। তবে কলেজ তৈরির ক্ষেত্রে আমি অনুরোধ করব যে, আপনারা মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলবেন, তিনি জেলায় জেলায় সফর করেন তখন যদি কোন অনুমোদন দেন তাহলে নিশ্চয় শিক্ষা দপ্তর সেটাকে অনুমোদন দেবে।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রীর আরও একটা প্রশ্ন আছে, সবাই সাপ্লিমেন্টারি করার সুযোগ পাবেন ।

* প্রশ্ন নং ২৫ (নট কল্ড)

মিঃ স্পীকার : শ্রী আব্দুল খালেক মোল্লা, আপনার প্রশ্নটা হেল্ডওভার হল মাননীয় মন্ত্রী অসুস্থ হয়ে পড়েছেন,সকালে আমাকে চিঠি দিয়ে বলেছেন, যার জন্য উনি হাসপাতালে চিকিৎসার জন্য গেছেন, আপনার প্রশ্নটা হেল্ডওভার হল।

[11:40 – 11.50 a.m.]

* প্রশ্ন নং ২৬ (H.O.)

* প্রশ্ন নং - ২৮ (নট কল্ড)

* প্রশ্ন নং -২৪ (নট কল্ড)

* প্রশ্ন নং - ২৪ (অনুসৃত)

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাই । ৩৪ বছর শিক্ষা ক্ষেত্রে যে নৈরাজ্য ছিল, ওনার মাধ্যমে ওনার উদ্যোগে গোটা পশ্চিমবাংলায় বহু স্কুল-কলেজ এবং শিক্ষা প্রতিষ্ঠান চালু হয়েছে। সেই জন্য

আমি ওনাকে ধন্যবাদ জানাই। আমার মেটিয়াবুরুজ বিধানসভা কেন্দ্রে বহু উর্দু এবং হিন্দী ভাষী ছাত্র-ছাত্রী আছে, সেখানে মৌলানা আজাদ নামে একটি প্রাইমারী উর্দু মিডিয়াম স্কুল আছে। তারা জুনিয়র হাইস্কুলের জন্য অ্যাপ্লাই করেছে। সেটা এখনও অনুমোদন হয়নি। আর একটি গান্ধী হিন্দী বিদ্যালয় আছে, তারা হাইস্কুলের জন্য অ্যাপ্লাই করেছে, সেটা এখনও অনুমোদন হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এগুলো পরবর্তীকালে কবে কি হবে ?

....(এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দল এবং বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের মাননীয় সদস্য এবং সদস্যাগণ স্লোগান দিতে দিতে সভা কক্ষে প্রবেশ করেন এবং স্লোগান দিতে দিতেই সভা কক্ষ ত্যাগ করেন।).....

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে, আপনি লিখিত নিয়ে আমার দপ্তরে আসবেন, আমি নিশ্চয়ই এটা বিবেচনা করব।

.....(গোলমাল).....

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, আমার সাঁকরাইল বিধানসভায় হিন্দী ভাষী অনেক ভাই আছেন। সেখানে হিন্দী পড়ার জন্য কোনও স্কুল এখনও পর্যন্ত নেই। আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করছি, আমাদের ওখানে দেবধারী নামে একটি হিন্দী হাই স্কুল আছে। পরিকাঠামো থাকা সত্ত্বেও কিন্তু স্কুলটা এখনও পর্যন্ত হিন্দী স্কুলের জন্য অনুমোদন পায়নি। দয়া করে উনি বলবেন কি, এই হিন্দী স্কুলটা অনুমোদনের জন্য পারমিশন দেবেন কিনা ?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ককে জিজ্ঞাসা করতে চাই, এটা বেসরকারী স্কুল না সরকারী স্কুল , যে অ্যাফিলিয়েশান পাবে ? সেটা দেখেননি। আগে ভাল করে খবর নিয়ে আসুন, দপ্তরের সঙ্গে কথা বলছি, নিশ্চয়ই ব্যবস্থা করে দেব।

শ্রী শীতল কুমার সর্দার : স্যার, অনেক দিন ধরে তো আমি চেষ্টা করে যাচ্ছি।

ডঃ পার্থ চ্যাটার্জী : যাচ্ছেন তো। আপনি নিয়ে আসুন। আপনি নিজেই তো ভাল করে জানেন না সেটা সরকারী না বেসরকারী । সুতরাং ওটা ঠিক করে তারপরে আসুন।

শ্রী বুলুচিক বরাইক : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষা মন্ত্রীকে প্রশ্ন করতে চাই, আমাদের গোয়ারেশ্বর পাড়ার ট্রাইবালদের মধ্যে যারা হিন্দী ভাষী - যারা হিন্দীতে পড়াশোনা করবে, তারা হিন্দীতে প্রশ্নপত্রের উত্তর দেবে এবং সেই এলাকায় একটি হিন্দী কলেজের ডিমান্ড তাদের দীর্ঘদিন ধরে ছিল। কিন্তু দীর্ঘদিন আন্দোলন করার পরেও ওখানে সেই দাবী পূরণ হল না। ২০১১ সালে মা-মাটি-মানুষের সরকার আসার পরে সেই ট্রাইবালদের দাবী হিন্দী প্রশ্নপত্র এবং হিন্দী কলেজ আজকে পূরণ হল। সেই জন্য আমি মা-মাটি-মানুষের সরকারকে ধন্যবাদ জানাই। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমি ধন্যবাদ জানাই। কিন্তু আমার বিধানসভায় পরিমল মিত্র কলেজ আছে। সেই কলেজে ৬০-৭০ % হিন্দী ভাষী আছে, ট্রাইবাল আছে। কিন্তু ওখানে হিন্দীতে পড়াশোনা কিংবা হিন্দীতে প্রশ্নপত্র অথবা হিন্দীতে পরীক্ষায় লেখার কোন সুযোগ নেই। সেই জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, আগামী দিনে এই কলেজেও যাতে হিন্দী প্রশ্নপত্র এবং পরীক্ষায়ও যাতে হিন্দীতে লিখতে পারে, তারজন্য মাননীয়া মুখ্যমন্ত্রীকে এটা বলতে চাই।

Dr. Partha Chatterjee : বিষয়টি খুবই ভালো এবং আপনি ঠিক প্রশ্ন করেছেন যে, বিগত - আবার সেই বলতে হয়, সাড়ে তিন দশকে এই সব হয়নি, এখন একটা আশার আলো

দেখা দিয়েছে যে, মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় সমাজের পিছিয়ে পড়া মানুষদের জন্য শিক্ষাকে দোড়গোড়ায় এনেছেন। কলেজ তৈরি করছেন, বিশ্ববিদ্যালয় তৈরি করছেন। ভাষাগত দিক থেকেও যেমন, সাঁওতালি ভাষাকে স্বীকৃতি দিয়ে সেখানে শিক্ষক নিয়োগের কাজ চলছে, স্কুল চলছে। আপনি যেটা বলেছেন সেটা আবার সেই কলেজকে সামনে রেখে - পরিমল মিত্র কলেজ। এটা যে দিন উচ্চশিক্ষা দপ্তরের প্রশ্ন-উত্তরের বিষয়গুলি আসবে সেদিন আপনি বলবেন। আমি আজকে জেনে গেলাম। সেদিন আপনাকে বিশদভাবে জানিয়ে দেব।

Shri Tamonash Ghosh : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে আমি একটা প্রশ্ন করি। আজকে শিক্ষার আলোকে উনি অনেক চেষ্টা করে একটা পরিস্থিতি তৈরি করেছেন যে পরিস্থিতির মধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় ইউনিভার্সিটি হচ্ছে, সমাজের সবচেয়ে পিছিয়ে পড়া মানুষ যাঁরা তাদেরকে শিক্ষার আলোকে আনার চেষ্টা হচ্ছে। কিন্তু স্যার, একটা পরিকল্পনা হচ্ছে, ষড়যন্ত্র হচ্ছে। মাননীয় মন্ত্রীকে বলব, সেই দিকটাতে উনি নজর রেখেছেন কিনা। প্রাথমিক শিক্ষার স্তরই হচ্ছে শিক্ষার বুনিয়াদ। এই প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আমাদের সরকার, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী আপ্রাণ পরিশ্রম করে স্বচ্ছভাবে যাতে তাদের এ্যাপোয়েন্টমেন্ট দিয়ে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাটাকে সচল করা যায়, তিনি সেই চেষ্টা করছেন। কিন্তু বিরোধী দলের মদতে কিছু মানুষ তারা কথায় কথায় কোর্টে চলে যাচ্ছেন এবং কোর্টে গিয়ে সমস্ত পরিকল্পনাটাকে বানচাল করে দিচ্ছেন। আমি যে বিধানসভা থেকে নির্বাচিত, ২০০১ সাল থেকে আপনাদের এখানে আছি। আমার বিধানসভা, ফলতা। এখানে এখনও বহু স্কুল আছে যেখানে স্টুডেন্টরা সকালবেলা আসে, বিকেলবেলা চলে যায়। শুধু বসে থাকে এবং মিড-ডে মিল খায়। কোনও শিক্ষক নেই। এদের এই ষড়যন্ত্রের জন্য আজকে এই শিক্ষক নিয়োগ আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী করতে পারছেন না। আমি শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাইছি, একটা যে ব্যবস্থা আপনি গ্রহণ করেছেন, ইতিমধ্যেই কিছু নিয়োগ করেছেন, কিছু বাকি আছে। এই সম্পূর্ণ বিষয়টি কবে শেষ করে গ্রামীণ এবং সমস্ত প্রাথমিক স্তরে শিক্ষাব্যবস্থাকে আপনি সচল করবেন সেটা একটু হাউসে জানিয়ে দিলে খুশি হব।

Dr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, তমোনাশবাবু আমাদের এই মহতি সভার সদস্য হিসাবে বহুদিন কাজ করছেন এবং তিনি জানেনও যে, আমাদের এই সরকার ২০১১য় আসার পর প্রথম প্রাথমিক শিক্ষক নিয়োগ করেন এবং তারপরেও মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে নিয়োগ করেন। তা সত্ত্বেও দেখা যাচ্ছে যে, আমাদের রাজ্যে প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক - এই স্কুলগুলিতে কোথাও ছ'জন শিক্ষক এবং ছ'জন ছাত্র আছে। কোথাও আবার দু'শোজন ছাত্র আছে এবং একজন মাস্টারমশায়। এই বৈষম্যগুলো আছে। তাই আমরা প্রথম থেকেই প্রতিটি স্কুলের ডি.আই-দের বলেছি, স্কুলের কত সংখ্যা, কত ছাত্র এবং কত শিক্ষক - এটা আমাদের দিন। প্রাথমিক ভাবে আমরা এই রেশিও অনুযায়ী বদলি করছি। অনেকে আবার অসুস্থ আছেন। তাঁরা নিজেরাই চেয়েছেন, আমাদেরকে যদি কাছাকাছি কোন জায়গায় এনে দেওয়া যায়। সেটাও আমরা দেখছি, কীভাবে তাদেরকে এ্যাকোমোডেট করা যায়। ইতিমধ্যেই আমাদের প্রায় ৪২ হাজার ৪০০-র মতো প্রাথমিক শিক্ষক নিয়োগের কাজ শেষ পর্যায়ে। অর্থাৎ, তাদের ইন্টারভিউ চলছে। আপনি ঠিকই বলেছেন, যেগুলো আমরা অনেক আগেই করতে পারতাম। কিন্তু বার বার কালো কোর্ট পড়ে আইনের কাছে অর্থাৎ হাইকোর্টে গিয়ে তারা বিভিন্ন নামে এবং যারা আজকে এখান থেকে চলে গেছেন তাদের উকিলরা গিয়ে এই প্রক্রিয়াকে আটকাবার চেষ্টা করছে। এই কারণে করছে যে, তারা যে কাজ করেনি, মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় সে কাজ কেন করছেন। তাঁরা দু'লক্ষ কোটি ঋণ রেখে গেছেন। মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় সেই ঋণের

টাকা শোধ করে মাস্টার নিয়োগ করছেন এবং প্রতিমাসের প্রথম দিনে তাদের মাইনা দিচ্ছেন, সরকারী কর্মচারীদের মাইনা দিচ্ছেন, শিক্ষকদের মাইনা দিচ্ছেন - এ এক অদ্ভুত অবস্থা, কি করে করছেন। সুতরাং, সেটাকে বাধা দাও। আমরা সমস্ত বাধা অতিক্রম করে খুব দ্রুততার সঙ্গে এগোচ্ছি এবং প্রাথমিক শিক্ষক নিয়োগের কাজ সমাপ্তির দিকে।

[11:50 – 12.05 p.m.]

এর পর আপার প্রাইমারী। আপার প্রাইমারীতেও একই জিনিস। আমরা কিছু দিনের মধ্যেই, আমাদের নিজেদের ধারণা যে 15th মার্চের মধ্যে আমরা উচ্চ-মাধ্যমিক এবং মাধ্যমিকের কাজ শেষ করব। এবং এই মাসের মধ্যেই আমরা প্রাথমিকে যাদের অ্যাপয়েন্টমেন্ট দেবার কথা, রিজারভেশন-সহ, অনেক জায়গায় দেখা যাচ্ছে যে রিজার্ভেশন আছে। ১৪ কিন্তু পাশ করে গেছে ৪০। সেখানে তো আমাদের কিছু করার নেই। অনেকে রাস্তায় বসে পড়ছেন। বসে তো কোন লাভ নেই। যা রিজার্ভেশন পলিসি আছে সেই রিজার্ভেশন পলিসি অনুযায়ী শিক্ষক নিয়োগ হবে। যেখানে ভ্যাকান্সি আছে সেখানে শিক্ষক নিয়োগ হবে। যেখানে অতিরিক্ত হবে সেখানে বদলি করে অন্য জায়গায় নিয়ে যাওয়া হবে এবং নতুন নিয়োগ করা হবে। আমরা যথেষ্ট স্বচ্ছতার সঙ্গে এটা করেছি। কারও যদি মনে হয় না, এটা অন্যায় হয়েছে, আসবেন। আমি সব কিছু দেখিয়ে দেব। কোন অসুবিধা নেই। অনেকে চিৎকার করে বলছিলেন, কাগজে দেখলাম, 'ওয়েবসাইটে কেন দিচ্ছেন না?' ওয়েবসাইটে দিলে তো তাড়াতাড়ি গণ্ডগোল করার সুযোগ আসে। আমরা ওয়েবসাইটেও দিচ্ছি। প্রাথমিকের-টা ওয়েবসাইটেও দিয়েছি। কখন দিয়েছি? যখন দেখা যাচ্ছে যে, কাজটা শুরু হয়েছে। কাজটাই বন্ধ করে দেয়! এই অভিজ্ঞতা আমাদের আছে। কোর্টে যাচ্ছে, গিয়ে কোনক্রমে একটা ইনজাংশন নিয়ে এসে ফেলে রাখছে। আমরা চাই দ্রুততার সাথে, কারও যদি কোন অভিযোগ থাকে, নিয়োগের ব্যাপারে কোন রকম। অভিযোগ থাকে তাহলে সরাসরি বলবেন। কিন্তু প্রমাণ দিয়ে বলতে হবে। 'বুঝলেন আমরা দেখলাম তমা-বাবুর মেয়ে পেয়েছে' - এ বললে হবে না। আপনাকে প্রমাণ দিয়ে বলতে হবে। গতবারের খাতা যখন কমপ্লিট পাই, ৭ হাজার আর.টি.আইয়ে খাতা আমরা দেখিয়েছিলাম। একটাও পাশ করতে পারেনি। এবারও আমরা রেজাল্ট বের করবার আগে ১ মাস ধরে টাইম দিয়েছি ; তোমাদের যদি কোন অভিযোগ থাকে তোমরা বল। প্রায় ৫ হাজার এই রকম অভিযোগ ছিল। ৫ হাজারের একটাও টেকেনি। এমনও দেখা যাচ্ছে যে, লিখছে 'আমরা বি.এড. পাশ' কিন্তু সে বি.এড পাশ-ই না। এমনও হচ্ছে, এস.সি বলে বলছে কিন্তু এস.সি সার্টিফিকেট নেই। বলতে হয় তাই নানা রকম বলে ঢুকে পড়ার চেষ্টা করছে। প্যারাটিচার বলছে অথচ তারা প্যারাটিচার-ই না। একটা টিক মেরে দিল প্যারাটিচারে। আমরা এবার খুব কঠোরভাবে এটা দেখছি । যদি কোথাও আমাদের দুর্বলতা লক্ষ্য করেন তাহলে এই সদনে বলে গেলাম, আপনারা আমাকে জানাবেন, নিশ্চয়ই সেই সমস্ত ক্ষেত্রে ব্যবস্থা নেব।

শ্রীমতী বনশ্রী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের কাছে প্রশ্ন, উচ্চ-প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়গুলো, বর্তমান '১৭-'১৮ বর্ষে কতগুলো স্কুলকে উন্নীত করা হয়েছে এবং সেই সঙ্গে সঙ্গে আমার আরেকটা প্রশ্ন স্যার, আমাদের মাননীয় মন্ত্রী অত্যন্ত উদার এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর উন্নয়নের যে কার্যধারা সারা বাংলায় পৌঁছে দিয়েছেন, ঘরে ঘরে, তার ফলে আমাদের প্রত্যাশা অনেক বেড়ে গেছে। তাই প্রত্যেকটা শিক্ষকের কাছে একটাই প্রশ্ন, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এই বিদ্যালয়গুলো স্বাস্থ্য সাথীর আওতায় আনছেন কিনা এবং সেই পরিকল্পনা আপনার আছে কিনা। সেই ব্যাপারে আপনার কাছে আমি জানতে চাই। ধন্যবাদ স্যার।

ডঃ পার্থ চ্যাটার্জী : আবার আমি বলি যে, আর্থিক সুবিধা এর সঙ্গে যুক্ত আছে। এটা শিক্ষামন্ত্রী চাইছেন কিনা তার ওপর নির্ভরশীল নয়। মন্ত্রীসভার সিদ্ধান্ত অনুযায়ী হয় এবং মাননীয়া মুখ্যমন্ত্রী সেখানে সভাপতিত্ব করেন। আপনার উদ্বেগ-টা আমরা বুঝেছি । আমাকে অনেকেই বলেছেন, যাঁরা স্কুল শিক্ষক আছেন তাদের-টা হচ্ছে কিনা। সরকারের যে আর্থিক অবস্থা, সেই অবস্থার মধ্যে দিয়ে সবটা একসঙ্গে করা কতটা সম্ভব তার পরীক্ষা-নিরীক্ষা মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় করছেন এবং তিনি সমব্যথী। এটা নয় যে 'সমব্যথী' আর 'বৈতরণী' বলে নতুন দুটো প্রকল্প তিনি করেছেন, সেটা নয়, সত্যিকারের সমব্যাথী। আমরা এবিষয়টি দেখব।

আর, আপনি যে দ্বিতীয় প্রশ্নটি করলেন সেটা পশ্চিমবঙ্গ সরকারের যে বই প্রতি বছর বেরোয়, এ বছরও বেরিয়েছে, তাতে বিশদভাবে আছে। আমাদের ওয়েবসাইট খুঁজলে দেখবেন তাতেও বিশদভাবে আছে। আপনি সেখান থেকে দেখে নেবেন। যদি অসুবিধা হয় আমাকে বলবেন আমি দিয়ে দেব।

শ্রীমতী রহিমা মন্ডল : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে আমার প্রণাম জানাই। বিগত তিন বছর সভাধিপতি থাকাকালীন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের যে সুযোগসুবিধা মানুষের মধ্যে পৌঁছে দিতে পেরেছিলাম তারজন্য নিজেদেরকে গর্ববোধ মনে করি। মাননীয় শিক্ষামন্ত্রী আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে উত্তর ২৪ পরগনা জেলা পরিষদে বিগত ৩৪ বছর সিপিএম দখল করে ছিল। আশি কোটি টাকার উপরে ACR ছিল। সেই ACRগুলো সমস্ত স্কুলে ডিস্ট্রিবিউশান করেছি। নতুন নতুন বিল্ডিং হয়েছে। এম.এস.কে., এস.এস.কে.তে কুড়ি কোটি টাকার উপরে ছিল। সেই টাকাগুলো ডিস্ট্রিবিউশান করে ACRগুলো কালেকশান করেছিলাম। আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে প্রশ্ন আমার সরকারের ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা দেনা, তবুও আমরা সমব্যথী - এম.এস.কে. স্কুলের শিক্ষকদের যদি আপনি একটু ব্যবস্থা করতেন, আর এই সমস্ত এম.এস.কে. স্কুলে দেখা যায়, আপনার নজরে আছে বা আমি নিজেও ভিজিট করে দেখেছিলাম, পাঁচ কিলোমিটারের মধ্যে কোন হাইস্কুল নেই। অথচ সেই সমস্ত স্কুলের ইনফ্রাস্ট্রাকচার খুব সুন্দর, খেলার মাঠ থেকে শুরু করে পঠন পাঠন খুব সুন্দর। সেই সমস্ত স্কুলগুলোকে মাধ্যমিক পর্যায়ে আনার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিষয়টি অত্যন্ত চিন্তার। কিন্তু আপনি নিজেই বলেছেন যে জেলা পরিষদের মাধ্যমে এগুলো হয়। এম.এস.কে. এবং এস.এস.কে. নিয়ে পঞ্চায়েত মন্ত্রী যখন থাকবেন, তাঁর যেদিন দিন থাকবে তাঁকে প্রশ্ন করবেন নিশ্চয়ই তিনি উত্তর দেবেন।

শ্রী সৌরভ চক্রবর্তী : মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় মহাশয়কে আমার অন্তরের অন্তঃস্থল থেকে শ্রদ্ধা জানাই। কারণ পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থা যেটা বাম আমলে ৩৪ বছর ধরে শিক্ষার সম্পূর্ণ গণতন্ত্র ধ্বংস হয়ে গিয়েছিল এবং শিক্ষা ১৯ তম স্থানে চলে গিয়েছিল। সেই রাজ্য পশ্চিমবঙ্গ আজকে শিক্ষায় ভারতবর্ষে এক নম্বর স্থান নিয়েছে। শিক্ষায় সমস্ত কলেজ ইউনিভার্সিটিতে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে। শিক্ষার পরিবেশ ফিরে এসেছে। শিক্ষার প্রগতি এবং শিক্ষার যে অঙ্গন, সেই অঙ্গনকে মজবুত করার জন্য মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী তিনি যা পদক্ষেপ নিয়েছেন, সেটা এক কথায় অসাধারণ। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে, যে পলিসিতে শিক্ষক নিয়োগ এবং যেভাবে শিক্ষক নিয়োগ হয়েছে, আজকে বিদ্যালয়গুলো, প্রাইমারি স্কুলগুলোতে আজকে শিক্ষার সঠিক পরিবেশ এসেছে। আমি মাননীয় মন্ত্রীকে এই প্রশ্নটা একটু করতে চাই - আমাদের যে RMSগুলো আছে, আমাদের নতুন জেলা

আলিপুরদুয়ার হয়েছে, আরো নতুন জেলা হচ্ছে। মুখ্যমন্ত্রী আগামীকাল আরো নতুন জেলা করবেন। এই জেলাগুলোতে যে RMSগুলো আছে, যে স্কুলগুলো RMSর আওতায় এসেছে, সেই RMSর ফান্ডটা কি বিদ্যালয় শিক্ষা দপ্তরের থেকে পাবে না এই স্কুলগুলোর ক্ষেত্রে যাদের RMS করা হয়েছে তাদের কীভাবে পরিচালনা হবে? এই প্রশ্নটার সংগে সংগে এটাও করতে চাই বিদ্যালয়ে যে শিক্ষক নিয়োগ শিক্ষামন্ত্রী বলছিলেন- কত শিক্ষক নিয়োগ আমাদের রাজ্যে হল এটা যদি বলেন তাহলে কৃতজ্ঞ থাকবো।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নটি হল আরএমএসের বিষয়ে। তাতে আমাদের দপ্তরের কাজ চলছে। চলার পর কখন থেকে এটাকে আমরা ছড়িয়ে দিতে পারবো- উচ্চশিক্ষায় আরএমএসের অলরেডি ইনট্রোডিউস হয়েছে। এখানেও তাই হচ্ছে। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে আমরা প্রাথমিকে প্রায় ৪২ হাজার চারশো এবং টোটাল প্রাথমিক, উচ্চপ্রাথমিক এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিকে প্রায় ৭২ হাজার শিক্ষক নিয়োগ হবে, যা আগেই বলেছি ১৫ই মার্চের মধ্যে সম্পূর্ণ হবে।

শ্রীমতি বৈশালী ডালমিয়া : স্যার, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে একটা প্রশ্ন করতে চাই। আমাদের ওখানে দেখছি অনেক স্কুলে খুব কম ছাত্রছাত্রী আছে। সেটাকে কি আমরা - একই ওয়ার্ডে দেখছি কোনটায় দুটো, কোনটায় চারটে এই রকম ছাত্রছাত্রী আছে। এদের একসঙ্গে অ্যামলগামেট করে কি আমরা স্কুলটাকে আমরা চালনা করতে পারি ? তাহলে আমার মনে হয়, অনেক ইনফ্রাস্ট্রাকচার কস্ট বেয়ার করছি সেটা অনেকটা সেভ করতে পারা যাতে পারে।

ডঃ পার্থ চ্যাটার্জী : খুব ভাল প্রশ্ন কিন্তু মুসকিল হচ্ছে যে এই রকম তো প্রায় চলে এসেছে সাড়ে তিন দশক ধরে। এখন আমি যদি ওটা অ্যামালগ্যামেট করে দিই, দিয়ে দেখা গেল চার হাজার স্কুল দুই হাজারে পরিণত হয়ে গেল। সঙ্গে সঙ্গে বাঁদিকের লোকেরা চিৎকার,চেঁচামেচি করে বলবে মমতা বন্দ্যোপাধ্যায় শিক্ষা সংকুচিত করছে। বিষয়টি নিঃসন্দেহে হওয়ার এবং যেখানে ছাত্র নেই সেখানে কেন নেই, সেটা আপনারা নিজেরাও দেখুন। দেখে আমাদের জানান আমরা নিশ্চয় ব্যবস্থা নেবো। কিন্তু বিদ্যালয়ের সংখ্যা কমিয়ে দিয়ে ছাত্রদেরকে - তারমানে বিদ্যালয়টা দরকার ছিল না। মাস্টারের প্রয়োজনে বিদ্যালয় তৈরি হল, ছাত্রদের প্রয়োজনে বিদ্যালয় বিগত দিনে তৈরি হয়নি। আমরা সেই দিকে লক্ষ্য রাখি, নিশ্চয় দেখবো এটা।

Mr. Speaker: The Question Hour is over.

Starred Questions

(to which answers were laid on the Table)

বিদ্যালয়গুলিতে প্রধান শিক্ষকের শূন্যপদে নিয়োগ

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯) **শ্রী রফিকুল ইসলাম** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে রাজ্যে প্রাথমিক, উচ্চ প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কতগুলি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে; এবং

(খ) উক্ত বিদ্যালয়গুলিতে প্রধান শিক্ষক নিয়োগের কোন উদ্যোগ নেওয়া হয়েছে কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

৩১ শে ডিসেম্বর , ২০১৬ সাপেক্ষে রাজ্যে প্রধান শিক্ষকদের শূন্যপদের সংখ্যা নিম্নরূপ : প্রাথমিক বিদ্যালয় - ২০,৪৮১ উচ্চ প্রাথমিক বিদ্যালয় - ১৩০ মাধ্যমিক বিদ্যালয় - ৬৩১ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় :- ১,৩১৮

হ্যাঁ, উদ্যোগ নেওয়া চলছে।

কৃষিজাত পণ্য বাজারজাতকরণের সুবিধার্থে রাস্তাঘাট নির্মাণ

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫) **শ্রী মানস মজুমদার ঃ** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

(ক) এটা কি সত্যি যে, কৃষিজাত পণ্য বাজারজাত করার স্বার্থে সরকার রাস্তাঘাট তৈরির ওপর জোর দিয়েছে;

(খ) সত্যি হলে, ১লা এপ্রিল, ২০১১ থেকে ৩১শে মার্চ, ২০১৬ পর্যন্ত সময়ে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(গ) অনুমোদিত রাস্তাগুলির নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) হ্যাঁ

(খ) মোট ৩২৪৭.০৬৭৪৮৯ লক্ষ টাকা।

(গ) মোট অনুমোদিত রাস্তার সংখ্যা ১১৪ । এর মধ্যে ৯৬ টির কাজ শেষ হয়ে গেছে। ১০টি রাস্তার কাজ চলছে। কেবলমাত্র ৮টির কাজ কিছুদিনের মধ্যেই শুরু হবে।

রাজ্যে বিপর্যয়ের ঘটনা ও তার মোকাবিলা

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *১০) **শ্রী অসিত মিত্র ঃ** বিপর্যয় ব্যবস্থাপনা ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) ১লা জানুয়ারী, ২০১৬ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ে রাজ্যে মোট কতগুলি বিপর্যয়ের ঘটনা ঘটেছে; এবং

(খ) উক্ত সময়ে বিপর্যয় মোকাবিলায় কত পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে?

বিপর্যয় ব্যবস্থাপন ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ১লা জানুয়ারি, ২০১৬ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ে রাজ্যে যতগুলি বিভিন্ন প্রকার বিপর্যয়ের ঘটনা ঘটেছে তারমধ্যে প্রধান ঘটনাগুলি নিম্নরূপ —

*৩১শে মার্চ, ২০১৬ কলকাতায় বিবেকানন্দ ফ্লাইওভার ভেঙে পড়া।

*১৪ই মে, ২০১৬ কালনা ঘাটে নৌকাডুবি।

*২০১৬- এর জুলাই মাসব্যাপী উত্তরবঙ্গের বিভিন্ন জেলা জুড়ে ভারী বৃষ্টিপাত ও ধস।

*২০১৬-এর আগস্ট-সেপ্টেম্বর মাসব্যাপী দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা জুড়ে ভারী বৃষ্টিপাত ও বন্যার মতো পরিস্থিতি।

*২৭শে আগস্ট মুর্শিদাবাদ মেডিকেল কলেজে আগুন লাগার ঘটনা।

* কলকাতার পাতিপুকুর সুভাস পল্লি বস্তিতে আগুন লাগার ঘটনা।

এ ছাড়াও, সাপে কাটা ও বজ্রাঘাতের মতো বিপর্যয়ের ঘটনায় মোট ৮৭৩ জনের মৃত্যু হয়েছে।

(খ) উক্ত সময়ে বিপর্যয় মোকাবিলায় সর্বমোট প্রায় ১৪৪.৯৯ কোটি টাকা পরিমান অর্থ ব্যয়িত হয়েছে।

ধান ক্রয়ের জন্য নির্দিষ্ট সমবায়ের সংখ্যা

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪) **শ্রীমতী শ্যামলী প্রধান** ঃ সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে যে সমবায়গুলি ধান ক্রয় করছে তার সংখ্যা কত; এবং

(খ) সমবায়গুলি থেকে সমস্ত কৃষক কি তাদের বিক্রীত ধানের সহায়ক মূল্য পেয়েছেন?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) রাজ্যে এখনও পর্যন্ত প্রায় ৮০০ টিরও বেশি সমবায় সমিতি ধান ক্রয় করার জন্যে ত্রিপাক্ষিক চুক্তি করেছে। তার মধ্যে এখনও পর্যন্ত ৪২০ টি সমবায় সমিতি ধান ক্রয় করছে। এই সংখ্যাটি প্রতিদিন বৃদ্ধি পাচ্ছে।

(খ) এ বছর কৃষক তাদের বিক্রীত ধানের সহায়ক মূল্য সরাসরি তাদের ব্যাংক অ্যাকাউন্টে পেয়ে যাচ্ছেন।

রাজ্যে ধান ক্রয়কেন্দ্রের সংখ্যা

*২৫ (অনুমোদিত প্রশ্ন নং *১৮২) **শ্রী সুজিত চক্রবর্তী** ঃ কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে কতগুলি ধান ক্রয়কেন্দ্র আছে;

(খ) ১লা অক্টোবর, ২০১৬ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত কত পরিমাণ ধান ক্রয় করা হয়েছে; এবং

(গ) ধান ক্রয় বাবদ কৃষকদের কত পরিমাণ অর্থ প্রদান করা হয়েছে?

কৃষিজ বিপণন বিভাগের বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

ক) রাজ্যে বর্তমানে ৩২৫ টি ধান ক্রয় কেন্দ্র আছে ।

খ) ১লা অক্টোবর ২০১৬ থেকে ৩১শে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ৬৩৫৪ মেট্রিক টন ধান ক্রয় করা হয়েছে ।

গ) ধান ক্রয় বাবদ কৃষকদের অর্থ প্রদান করা হয়েছে ৯.৪৭ কোটি টাকা।

পূর্ব মেদিনীপুর জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫) **শ্রী সেক ইব্রাহিম আলি** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে পূর্ব মেদিনীপুর জেলার প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

পূর্ব মেদিনীপুর জেলার সরকারি সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৩২৬৪।

কৃষি সমবায় সমিতির কর্মচারীদের বেতন পরিকাঠামো গঠন

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬১) **শ্রী কালিপদ মন্ডল** ঃ সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কৃষি সমবায় সমিতিতে নিযুক্ত কর্মচারীদের বেতন পরিকাঠামো গঠন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) পশ্চিমবঙ্গ সমবায় সমিতিসমূহের আইন এবং নিয়মাবলী অনুযায়ী সমবায় সমিতিতে নিযুক্ত কর্মচারীদের বেতন স্থির করে সংশ্লিষ্ট সমবায় সমিতি।

(খ) বর্তমানে প্রযোজ্য নয়।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received 1 (one) notice of Calling Attention from Shri Sekh Sahonawez on the subject of urge for speedy completion of work for upgradation of Siblum Primary Health Centre including appointment of Medical Officer.

I have admitted this.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Dr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিষয়ে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর সঙ্গে কথা বলে তাকে যথাযথ উত্তর দিতে অনুরোধ জানাবো।

MENTION CASES

Shri Pradip Kumar Saha: Absent.

Shri Samar Hazra : Absent.

Shri Sujit Chakraborty : Absent.

Smt. Rama Biswas: Absent.

শ্রী সেখ শাহানওয়াজ : মাননীয় স্পীকার স্যার,আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় এস.এইচ. - ৭ রাস্তার বাদশাহী রোডের পালিটা মোড় একটা পি.ডব্লিউ.ডি. রাস্তা কাটোয়া ব্লক পর্যন্ত গিয়েছে। এই রাস্তাটি দীর্ঘদিন ধরে অচল অবস্থায় পড়ে আছে। রিসেন্টলি কাজ আরম্ভ হয়েছে ৬ কিলোমিটার। এটা ২১ কিলোমিটার রাস্তা, সেই রাস্তা রসুইঘাট পর্যন্ত বিস্তৃত। এখান থেকে রাস্তাটা চুরপূর্ণী পার হয়ে কোশীগ্রাম পর্যন্ত ২১ কিলোমিটার পি.ডব্লিউ.ডি. রাস্তাটা অতি সত্ত্বর সংস্কার করা প্রয়োজন। এখানে যানবাহন এবং মানুষের চলাচলের প্রচণ্ড অসুবিধা। আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে উক্ত রাস্তাটি নতুন করে তৈরি করার আবেদন জানাচ্ছি।

শ্রীমতি মিতালী রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার ধূপগুড়ি বিধানসভা এলাকার অন্তর্গত নাথুয়া বাজার,হরিণ খাওয়া বাজার,ডাওকিমারি বাজার,কালীঘাট বাজার ভায়া ধুপগুড়ি হয়ে জলপাইগুড়ি পর্যন্ত দীর্ঘ ৬২ কিলোমিটার উত্তরবঙ্গ পরিবহণ দপ্তরের মাধ্যমে গত ১লা ফেব্রুয়ারি ২০১৭ তারিখে জনসাধারণের স্বার্থে বাসটি চালু হওয়ার জন্য আমি মা-মাটি-মানুষের সরকার এবং পরিবহণ দপ্তরকে ধন্যবাদ জানাই এবং সেই সঙ্গে উত্তরবঙ্গের উন্নয়ন ক্রমাগতভাবে এই সরকার এগিয়ে নিয়ে চলছে, ধন্যবাদ।

মিঃ স্পীকার : The house stands adjourned till 1 p.m.

মাননীয় সদস্যদের আমি অনুরোধ করবো লবিতে আজকে সরোজিনী নাইডুর জন্মদিন, শ্রদ্ধার্ঘ্য অর্পণ হবে। মাননীয় সদস্যদের আমি লবিতে যাওয়ার জন্য অনুরোধ করবো।

[1:00 pm – 1:10 pm]

General Discussion on Budget

শ্রী জটু লাহিড়ী : সম্মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ২০১৭-১৮ সালের যে বাজেট বিবৃতি দিয়েছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করছি। বিরোধী পক্ষের আনা সমস্ত কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। স্যার, মাননীয় অর্থমন্ত্রী ২০১৭-১৮ সালের বাজেট বিবৃতিতে জনকল্যাণমূলক অনেক কাজের প্রস্তাব রেখেছেন, যেগুলি সবই মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রেরণায়। আমরা যদি একটু পেছনে চলে যাই যে ২০১১ সালের নির্বাচনের আগে, এরপর ১১ থেকে ১৬ - মুখ্যমন্ত্রী হয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায় এবং সেই পাঁচ বছর মুখ্যমন্ত্রী হিসাবে কাজ করেছেন। ২০১৬ সালে বিপুল ভোটে, বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে আমরা আবার ক্ষমতায় এসেছি। বামফ্রন্ট এবং কংগ্রেসের যৌথ যে দুরভিসন্ধি, যে অপপ্রচার, তার বিরুদ্ধে মানুষ রায় দিয়েছে ২০১৬ সালে। ২০১১ সালের আগে আমরা ক্ষমতায় ছিলাম না। ৩৪ বছর বামফ্রন্ট ক্ষমতায় থাকার পর, ২০১১ সালের আগে আমাদের নেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী সিঙ্গুর এবং নন্দীগ্রামকে সামনে রেখে মানুষের অধিকার কেড়ে নেওয়ার বিরুদ্ধে তিনি যে সংগ্রাম শুরু করেছিলেন, যে সংগ্রামের মধ্য দিয়ে মানুষ সিদ্ধান্ত নিয়েছিল যে একদিকে অপশাসন, ৩৪ বছরের ভ্রষ্টাচার, বাংলাকে সর্বনাশের পথে নিয়ে গেছে বামফ্রন্ট। এদের বিরুদ্ধে সঠিক রায় দিয়ে ২০১১ সালের নির্বাচনে আমরা ১৮৫ জন বিধায়ক নিয়ে ক্ষমতায় আসি এবং মুখ্যমন্ত্রী হন মমতা ব্যানার্জী। এরপর পাঁচটা বছর গিয়েছে। খুব স্বাভাবিকভাবে এই পাঁচ বছর বাদে আমরা ২০১৬ সালে এত গরিষ্ঠতা, এত গরিষ্ঠ সংখ্যা আমরা পেলাম কি করে। বামফ্রন্টের আমলে ওরা তো দুধে জল মেশাত না। ওরা জলে দুধ মেশাত। কিন্তু আমরা দুধে দুধ দিয়ে প্রমাণ করেছি, আমরা ২১১ জন বিধায়ক নিয়ে ২০১৬ সালে জয়লাভ করে এসেছি, সেটা কাজের মধ্যে দিয়ে। আমাদের মুখ্যমন্ত্রী, তিনি যে স্বপ্ন দেখেছেন, একদিকে সর্বনাশা পশ্চিমবাংলা, তিনি ক্ষমতায় এসেছেন মুখ্যমন্ত্রী হয়ে।

সেই বাংলাকে নতুন করে গড়তে হবে , সেই বাংলাকে সারা ভারতবর্ষের মধ্যে অন্যতম শ্রেষ্ঠ রাজ্য করতে হবে। এটা শুধু স্বপ্ন দেখা ছিল না তার সে বাস্তবে কাজ করে সেই পরিকল্পনা মাফিক এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রী সঠিকভাবে অর্থের ব্যবস্থা করে সম্পূর্ণতা লাভ করেছিলাম এবং যার ফলে আমরা ক্ষমতায় এসেছি। এই ক্ষমতায় আসার পিছনে মাননীয়া মুখ্যমন্ত্রীর চিন্তাভাবনা কি ছিল ? আমরা যখন দেখি তিনি যে ঘোষণাগুলি করেছিলেন যে ঘোষণাগুলির মধ্যে দিয়ে ২০১৬ সালে ব্যাপকভাবে মানুষ আমাদের সমর্থন করেছে। কি ঘোষণা, কি প্রস্তাব - যেমন 'কন্যাশ্রী'। সমস্ত ছাত্রীদের জন্য তাদের অধিকারের লড়াই। টাকাটা কতটা দিয়েছেন তার থেকেও বড় কথা তারা বাস্তবে তাদের যাতে মনবল বাড়ে তাদের অভিভাবক-অভিভাবিকারা তাদের কন্যা সন্তানদের যাতে কোনভাবে অবহেলা করতে না পারেন এবং কন্যা সন্তান মানেই দায় তাকে যেভাবেই হোক পার করতে হবে এবং নাবালিকা অবস্থায় তাদের বিবাহ দিয়ে তাদের সর্বনাশ করতেন। এই জায়গায় আমাদের মুখ্যমন্ত্রী প্রথম সিদ্ধান্ত নিয়েছিলেন যে কন্যাশ্রীর মধ্যে দিয়ে বাংলার নারী সমাজকে জাগরিত করতে হবে। বাংলার মেয়েদের তাদের স্বাবলম্বী হতে হবে এবং সেই কন্যাশ্রীর মধ্যদিয়ে তিনি প্রমাণ করেছেন যে আজকে পাঁচ বছর বাদে তাদের অনেক স্বার্থ রূপায়ণ হয়েছে। আমরা যখন কাগজে দেখি যে কোন নাবালিকা মেয়ে তাকে বিয়ে দিতে গিয়ে সে আপত্তি করছে । সে বলছে যে আমি লেখাপড়া ছেড়ে বিয়ে করতে যাব না। আমার সেই অধিকার মমতা ব্যানার্জী দিয়েছেন, আমার অধিকার মুখ্যমন্ত্রী দিয়েছেন এবং আমাকে সহায়তা করছেন। আমাকে পড়তে দাও , আমাকে পড়তে দাও। কদিন আগে কাগজে বেরিয়েছিল দেখেছেন নিশ্চয়ই একজন মাইনরিটি ছাত্রী তার বাবা মা অন্য রাজ্যের একজন কারিগরের হাতে তাকে বিয়ে দেবে। নাবালিকা মেয়ে বলল আমি বিয়ে করব না, প্রতিবাদ করল কিন্তু তার বাবা-মা, তার পরিবার সম্পূর্ণ তার বিপক্ষে যে তার বিয়ে দেবেই। সে বাড়ি ত্যাগ করে তার স্কুলে সেখানে জায়গা করেছে এবং সমস্ত শিক্ষকমণ্ডলী অর্থাৎ এমন পরিবেশ তৈরি হয়েছে যে আমরা সবাই চাইছি যে মেয়েদের স্বাধীনতা অক্ষুণ্ণ থাকবে। মেয়েদের নাবালিকা অবস্থায় কোন মতে বিয়ে দেওয়া যাবে না। তাদের পড়ার সুযোগ দিতে হবে। সে যদি পড়তে চায় যতদূর পড়তে পারে আমাদের সরকার তাকে সাহায্য করবে। এই বন্দোবস্ত করেছেন বলেই আজকে সারা বাংলায় একটা নারী প্রগতি এসে গিয়েছে। মেয়েদের মধ্যে আত্মবিশ্বাস এসেছে। তারা সাহসিকতার সঙ্গে এরসঙ্গে সংগ্রাম করছে। দেখা যাচ্ছে শুধু কন্যাশ্রীই নয়, আজকে খাদ্যসাথী বলুন, স্বাস্থ্যসাথী বলুন , সবুজ সাথী বলুন, সবুজশ্রী বলুন, মাভৈঃ বলুন, জল ধর জল ভর প্রকল্প, নিজ গৃহ নিজ ভূমি, গীতাঞ্জলি, লোক প্রসার প্রকল্প, গতিধারা, সমব্যাথী, স্বামী বিবেকানন্দ স্কলারশিপ প্রকল্প, তপশিলী জাতি এবং উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষাশ্রী প্রকল্প, সংখ্যালঘু ভাই বোনদের জন্য স্কলারশিপ লোন ও বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প। শুধু ঘোষণা নয়, এই ঘোষণার মধ্যদিয়ে তিনি বিগত পাঁচ বছরে প্রতিটি ক্ষেত্রে নির্দিষ্ট কর্মসূচি পালন করে সারা বাংলায় একটা জনজাগরণ এনেছেন। মানুষের আস্থা, মানুষের বিশ্বাস ফিরে এসেছে যেটা ৩৪ বছর শুধু অঙ্কই করে গিয়েছিল। আজকে মানুষ নতুন করে স্বপ্ন দেখছে। মানুষ নতুন করে আশা প্রকাশ করছে যে না মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আমরা আমাদের বাংলাকে নিশ্চিতভাবে নতুন করে গড়ে তুলবই, বাস্তব করে তুলব এই প্রতিজ্ঞা আজকে বাংলার আপামর জনসাধারণের।

তাই যখন দেখি যে খাদ্যসাথীর কথা বলে, আমি নিজেও বিস্মিত হয়েছিলাম যে তিনি বলেছিলেন দু'টাকা কেজি চাল এবং তিন টাকা কেজি গম বাংলার ৮ কোটি মানুষকে দেবেন। কথার কথা ছিল না এবং সেই কাজের মধ্যে দিয়ে তিনি প্রমাণ করেছেন, যার প্রসেস এখনও খাদ্য মন্ত্রী করে চলেছেন। কোনো মানুষ যাতে তার নিজের অধিকার, তার রেশন সে যাতে নির্দিষ্ট ভাবে পায়, কেউ যাতে বঞ্চিত না হয় সেটা কিন্তু এখনও সমভাবে তিনি করে চলেছেন। আজকে

যদি আমরা দেখি স্বাস্থ্যসাথী, স্বাস্থ্যস্বাথীর মধ্যে দিয়ে 'তিনটে তো জিনিস শিক্ষা, স্বাস্থ্য, খাদ্য। এই তিনটে জায়গায় তিনি মানুষকে নিশ্চিন্ত করেছেন যে বাংলায় কোনো মানুষ বিনা সেবায় মরবে না। বাংলার প্রতিটি মানুষ বিনে পয়সায় চিকিৎসার সুযোগ পাবে। সে যতবড় দুরারোগ্য রোগ হোক না কেন তার সেবাটা, তার চিকিৎসাটা বিনে পয়সায় হবে। এই কথাটা তিনি কাজের মধ্যে দিয়ে আশ্বস্ত করতে পেরেছেন বাংলার মানুষকে। -তাই তো বাংলার মানুষ আজকে স্বপ্ন দেখছে যে বাংলা, বিশ্ব বাংলা হবে, বাংলা ভারতবর্ষের মধ্যে আবার অন্যতম শ্রেষ্ঠ রাজ্যে পরিণত হবে। আজকে তাই আমি বলি এর মধ্যে দিয়ে প্রমাণ হয়ে গিয়েছে ২০১৬ সালের নির্বাচনে বাংলার মানুষ ব্যাপকভাবে সমর্থন করেছিল। মাননীয়া মুখ্যমন্ত্রীর দূরদৃষ্টি, মাননীয়া মুখ্যমন্ত্রীর কাজ এবং মানুষ মাননীয়া মুখ্যমন্ত্রীকে বিশ্বাস করে যে তিনিই পারেন আমাদের এগিয়ে নিয়ে যেতে। ২০১৬ নির্বাচন মে মাসে হয়েছে, জুনে আমরা ক্ষমতায় এসেছি। মাত্র ৪-৫ মাস বাদেই আবার ষড়যন্ত্র, আবার দুরভিসন্ধি। এবার কি? না কেন্দ্রীয় সরকার ঠিক করল যে রাতারাতি ৫০০ ও ১০০০ টাকার নোট বাতিল। যখন আমাদের মুখ্যমন্ত্রী, আমাদের মন্ত্রী পরিষদ, আমাদের অর্থ মন্ত্রী আমরা সবাই মিলে যখন ভাবছি যে বিশ্ব বাংলা হবে, বাংলা আবার এগিয়ে যাবে, বাংলা আজ যা ভাবে, ভারতবর্ষ কাল তা ভাববে এবং আমরাও সেই পথে যাব। সেই মুহূর্তে আবার নতুন ষড়যন্ত্র নোটবন্দী। কী হল? কেন্দ্রীয় সরকার ৫০০, ১০০০ টাকার নোট বাতিলের মধ্যে দিয়ে প্রায় ৮৬ শতাংশ টাকাকে অচল করে দেওয়া হল। মাত্র ১৪ শতাংশ টাকা দিয়ে সারা রাজ্যে এই বিশাল কর্মধারা কী করে চালাবে? যার ফলে আমাদের রাজ্যে বহু মানুষ কর্মহীন হয়ে গেল। যারা কৃষি কাজে রত, ধনী কৃষক, যারা মহাজন তাদের কাছে টাকা না থাকার ফলে বহু কৃষক বেকার হয়ে গেল। তেমনি ভাবে ক্ষুদ্র শিল্প, সেই ক্ষুদ্র শিল্পে তারাও কিন্তু ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হল। সপ্তাহে তারা কাজ পায় না, যেহেতু তাদের বেতন দিতে পারছে না যার ফলে আমরা সব ব্যাপারে পিছিয়ে যাচ্ছিলাম। কেন্দ্রীয় সরকারের নোটবন্দীর ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে অসংখ্য ক্ষুদ্র ব্যবসায়ী। সংগঠিত ছোটো ব্যবসায়ী নোটবন্দীর ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে। পাট শিল্প, বস্ত্র শিল্প, চর্ম শিল্প, হস্ত শিল্প, সনির্ভর গোষ্ঠীগুলোর সঙ্গে যুক্ত বিশাল সংখ্যক মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। এরপরেও কিন্তু আমরা থেমে থাকিনি। আমাদের যোগ্য অর্থমন্ত্রী, পূর্বতন বামফ্রন্ট সরকারের সেই জিরো বাজেটের অর্থমন্ত্রী নয়। একদিকে মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণা, মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্ন, মাননীয়া মুখ্যমন্ত্রীর কাজ এবং তাকে যথাযথ সহায়তা করতে আমাদের সম্মানীয় অর্থমন্ত্রী সহযোগে সমভাবে কাজ করছেন। যার ফলে আমরা কী দেখছি? এ সত্ত্বেও নোটবন্দীর মধ্যেও আমরা দেখলাম শিল্প ক্ষেত্রে পশ্চিমবঙ্গের বৃদ্ধির হার ৪.৮ শতাংশ।

৪.৮ শতাংশ আমাদের পশ্চিমবাংলায় শিল্পের ক্ষেত্রে বৃদ্ধির হার।পরিকল্পনা খাতে ব্যয় ২০১০-১১র তুলনায়-২০১৬-১৭তে চার গুণ হয়েছে । চার গুণ বৃদ্ধি পাবে । ২০১০-১১র তুলনায় ২০১৬-১৭তে পরিকল্পনা খাতে চার গুণ বৃদ্ধি পাবে। আমরা দেখছি মূলধনী ব্যয়ের ক্ষেত্রেও ২০১০-১১র তুলনায় ২০১৬-১৭তে সাত গুণ বৃদ্ধি পাবে। চার বছর ধরে ধারাবাহিকভাবে পশ্চিমবঙ্গ এই বছরও কৃষি কর্মণ পুরস্কার ২০১৬ লাভ করেছে। এইগুলো সবই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী, আমাদের মন্ত্রীপরিষদ, আমাদের অর্থমন্ত্রী সমভাবে কাজ করেছেন আর আমরা সৈনিক হিসাবে সহায়তা করেছি বলেই আজকে এই সাফল্য। ২০১৭-১৮র যে বাজেট প্রস্তাব আমাদের মাননীয় অর্থমন্ত্রী দিয়েছেন, সমস্ত অঙ্গনওয়াড়ি কর্মীদের, মাননীয়া মুখ্যমন্ত্রী এর আগেই তাদের স্বাস্থ্যসাথী প্রকল্পের আওতায় এনেছেন। মুখ্যমন্ত্রীর প্রেরণায় অর্থমন্ত্রীর প্রচেষ্টায় ২০১৭-১৮র বাজেটে দু লক্ষেরও বেশি অঙ্গনওয়াড়ি কর্মীদের অনারারিয়াম অতিরিক্ত পাঁচশো টাকা বৃদ্ধির প্রস্তাব তিনি রেখেছেন যেটা এর আগে কোনকালে হয়নি। বামফ্রন্ট তাঁরা কাজ করেছে কিন্তু সবাইকে বঞ্চিত করে। এই প্রস্তাবটি রেখেছেন আমাদের অর্থমন্ত্রী অঙ্গনওয়াড়ি কর্মীদের যাদের মুখ্যমন্ত্রী স্বাস্থ্য

সাথী প্রকল্পের মধ্যে এনেছেন তাঁদের পাঁচশো টাকা অনারারিয়াম বৃদ্ধি পাবে। মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এর আগে এই বাজেটের আগে 'আশা' কর্মীদের স্বাস্থ্যসাথী প্রকল্পের আওতায় আনা হয়েছে। তাঁদেরও মাননীয় অর্থমন্ত্রী ২০১৭-১৮ সালের বাজেটে মাসে পাঁচশো টাকা করে অনারারিয়াম বৃদ্ধি করেছেন। নোটবন্দির ফলে হাজার হাজার কৃষক, নোটবন্দির ফলে আমাদের রাজ্যের বাইরে হাজার হাজার দক্ষ কারিগর যারা সেখানে কাজ না পেয়ে রাজ্যে ফিরে এসেছে তাঁদের জন্য আমাদের মুখ্যমন্ত্রী, আমাদের অর্থমন্ত্রী ভেবেছেন। তাঁদের জন্যও ব্যবস্থা করেছেন। প্রায় এক লক্ষ কর্মীকে এক কালীন ৫০ হাজার টাকা করে দেওয়ার ব্যবস্থা করেছেন তারা যাতে ছোটো কোন ব্যাবসা, ছোটো কোন দোকান, ছোটো কোন শিল্প করে তারা যাতে আরও সংগঠিত হতে পারে, তারা যাতে নিজেরা রোজগার করতে পারেন এবং পশ্চিমবাংলাতেই স্থায়ীভাবে বাস করতে পারেন তার ব্যবস্থার দিকেও আমাদের অর্থমন্ত্রী, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী লক্ষ্য রেখেছেন। আমরা যখন দেখি যে নোটবন্দির ফলে বহু কৃষক ঠিকমতো চাষ করতে পারেননি, সেখানেও মুখ্যমন্ত্রী ভাবনা ভেবেছেন যে ক্ষতিগ্রস্থ কৃষক যাঁরা ঠিকমতো চাষ করতে পারেননি তাদের জন্য একশো কোটি টাকার একটা ফান্ড যাতে তাদের কাজে সহায়তা করা যায়। এই ভাবে আজকে ২০১৭-১৮র বাজেটে মাননীয় অর্থমন্ত্রী তাঁর যোগ্য নেতৃত্ব দিয়েছেন আমি বলব কারণ আমি আগের বামফ্রন্টের অর্থমন্ত্রী দেখেছি, তিনি খালি কথা বলতেন, বাজেটে শূণ্য ঘাটতি দেখাতেন কিন্তু বছরের শেষে দেখতাম শুধু হাহাকার। কোন জায়গায় কোন কাজ হয় নি। আজকে কিন্তু আমরা প্রতিটি ক্ষেত্রে এগোচ্ছি। আজকে একটু লক্ষ্য করলেই দেখা যাবে মানুষের মধ্যে যে মনোবল বেড়েছে, মানুষের যে সাহসিকতা বেড়েছে যার মধ্যে দিয়ে প্রতিপন্ন হচ্ছে যে আমরা ঠিকপথে চলছি। আমাদের মুখ্যমন্ত্রী যে দিকনির্দেশ দিচ্ছেন, যে কাজের কথা বলছেন সেই কাজের মধ্যে দিয়ে আমরা সঠিক পথে চলে সঠিক ভাবে এগোচ্ছি। তাই তো আজকে জনসাধারণ ব্যাপকভাবে, বিপুলভাবে আমাদের সমর্থন করছে।

আজকে আমরা উল্টোদিকের বেঞ্চিগুলিতে কি দেখছি! তারা খালি আন্দোলনের নামে মানুষের সঙ্গে প্রতারণা করছেন। মানুষ যখন সংগ্রাম করছে, লড়াই করছে আরো পাবার আশায়, মানুষ যখন লড়াই করছে নিজেকে প্রতিষ্ঠিত করার জন্য, যেখানে তাদের সহায়তা করা উচিত, যেখানে বোঝা উচিত যে ৩৪ বছরে তোমরা যেটা পারোনি, মাত্র পাঁচটা বছরে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তা পেরে, তা করে দেখিয়েছেন। কথা বলেননি। কাজ করে দেখিয়েছেন। তাঁকে তোমাদের স্যালুট করা উচিত। এইভাবে হাউস ছেড়ে পালিয়ে যাওয়ার কোন কারণ থাকতে পারে না। এটা পালিয়ে যাওয়া। অর্থাৎ সত্য কথা স্বীকার করতে পারছে না। ওরা বুঝতে পারছে যে পায়ের তলা থেকে মাটি আস্তে আস্তে সরে যাচ্ছে। জনসাধারণের কাছ থেকে ওরা আরও দূরে দূরে সরে যাঁচ্ছে। এমন একটা সময় আসবে যখন এই বামফ্রন্ট চলার মধ্যে বিলীন হয়ে যাবে।খুঁজেও পাওয়া যাবে না এই বামফ্রন্ট এবং ওই কংগ্রেসকে। এখনও মানুষের কাছে আসুন। মানুষের দুঃখ বুঝুন। মানুষের ভালোবাসা পান। তবেই আপনারা সঠিক লড়াই করতে পারবেন নতুবা নয়। আমাদের অর্থমন্ত্রী যে বাজেট ২০১৭-১৮ এনেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী স্নেহাশীষ চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, এই বিধানসভায় উপস্থিত আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী সহ রাজ্যের অন্যান্য মন্ত্রীগণ এবং অন্যান্য সদস্যরা স্যার গত ১০ই ফেব্রুয়ারি মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র এই কক্ষে ২০১৭-১৮ সালের আর্থিক বছরের যে অ্যানুয়াল ফাইনানসিয়াল স্টেটমেন্ট, যে ফিসক্যাল পলিসি, যাকে আমরা সাধারণ ভাষায় বাজেট বলি তা পেশ করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কয়েকটা কথা বলব। স্যার, ১৯২৯ সালের লাহোর কংগ্রেসের সভাপতি জওহরলাল নেহেরুকে সাংবাদিকরা যখন জিজ্ঞাসা করলেন যে

আপনি ভারতবর্ষের স্বাধীনতা বলতে কী বোঝেন। ভারতবর্ষের স্বাধীনতা মানে কি শুধু ক্ষমতার হস্তান্তর! ভারতবর্ষের স্বাধীনতা মানে কি শুধু ইউনিয়ন জ্যাকের পরিবর্তে তে-রঙা পতাকার উত্তোলন! ভারতবর্ষের স্বাধীনতা মানে কি শুধু সাদা চামড়ার বদলে কালো চামড়ার মানুষদের এস ডি ও, বি ডি ও করে দেওয়া! সেদিন জওহরলাল নেহেরু বলেছিলেন - না, আমি ভারতবর্ষের স্বাধীনতা বলতে বুঝি ভারতবর্ষের মানুষের সার্বিক মুক্তি, রাজনৈতিক বন্ধন হতে মুক্তি,সাংস্কৃতিক বন্ধ্যাত্ব হতে মুক্তি, অর্থনৈতিক বন্ধন হতে মুক্তি। "স্যার, এই সার্বিক মুক্তির জন্যই ১৯৪৭ সালের ১৫ই আগস্ট আমরা স্বাধীনতা পাই। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয়,অত্যন্ত দুঃখের কথা যে স্বাধীনতার পর ৬৯ বছর অতিক্রান্ত হয়ে যাবার পরেও কেন্দ্রীয় সরকারে বিভিন্ন রাজনৈতিক দল ক্ষমতায় থেকেছে। কিন্তু ভারতবর্ষের মানুষকে সেই সার্বিক উন্নতি আজও এনে দেওয়া যায়নি। আজও মোট জনসংখ্যার একটা বিরাটসংখ্যক মানুষ দারিদ্র্যসীমার নীচে বাস করে। আজও শিক্ষার আলো সমাজের সর্বত্র আমরা পৌঁছে দিতে পারিনি। আজও স্বাস্থ্য পরিষেবা থেকে বঞ্চিত মানুষের সংখ্যা নগণ্য নয়। আজও ভারতবর্ষের সংবিধানের যে মৌলিক অধিকারগুলি আছে সেই সম্বন্ধে সচেতনতা নেই। এই রকম মানুষের সংখ্যাও বিরাট। এই সামাজিক, রাজনৈতিক পরিমণ্ডলের মধ্যে ২০১১ সালে বাংলার রাজনৈতিক পরিবর্তনের পর তৃণমূল কংগ্রেস বাংলায় ক্ষমতায় আসার পরে, এই বাংলার দায়িত্ব নিজের কাঁধে তুলে নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে উন্নয়নের জোয়ার সৃষ্টি করলেন, যে উন্নয়নের বৃত্ত তিনি রচনা করলেন, যে বৃত্তের মধ্যে বাংলার জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সমস্ত মানুষকে অন্তর্ভুক্ত করলেন যেভাবে, যেভাবে তিনি বাংলার মানুষের যে প্রাথমিক চাহিদাগুলি আছে, খাদ্য বস্ত্র বাসস্থান, স্বাস্থ্য শিক্ষা, প্রতিটিকে অত্যন্ত গুরুত্ব দিয়ে একেবারে তৃণমূল স্তরে উন্নয়নকে পৌঁছে দিলেন,তাতে আমরা নিশ্চিতভাবে বলতে পারি যে আগামী দিনে বাংলার মানুষকে আমরা সেই সার্বিক মুক্তি এনে দিতে চলেছি।স্যার, এই যে সামাজিক ডেভেলপমেন্ট হচ্ছে, এই গত ৫ - ৬ বছরের মধ্যে এত উন্নয়ন এটা সম্ভব হয়েছে, বাংলা একটা আর্থিক ভিতের উপরে দাঁড়িয়েছে।

আর্থিক দিক থেকে বাংলা ঘুরে দাঁড়িয়েছে। যে বাংলা এক সময় - ২০১১ সালে আমরা ক্ষমতায় আসার সময় বিরাট আর্থিক বোঝা নিয়ে সরকারে এসেছিলাম। সেই বাংলা আজকে আর্থিক দিক থেকে নিজের পায়ে দাঁড়াতে পারছে এবং যিনি এর কারিগর, তিনি হলেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র। তিনি এই রাজ্যকে আর্থিক দিক থেকে স্বাবলম্বী করে তুলেছেন। ২০১০-১১ আর্থিক বর্ষে যেখানে বাংলার নিজস্ব রাজস্ব সংগ্রহ ছিল ২১ হাজার ১২৯ কোটি টাকা, সেটা ২০১৫-১৬ আর্থিক বছরে সেটা প্রায় হয়ে গেছে - গত বছরই ৪৮ হাজার ৯২৬ কোটি টাকা। অর্থাৎ প্রায় দ্বিগুণের বেশি নিজস্ব রাজস্থ সংগ্রহ উনি করতে পেরেছেন। শুধু যে রাজস্ব সংগ্রহ বেড়েছে তাই নয়, সমস্ত আয়গুলোকে তিনি বিভিন্ন ক্ষেত্রে সুষম বণ্টনের মধ্য দিয়ে একটা সার্বিক উন্নয়নের পথে রাজ্যকে নিয়ে এসে দাঁড় করিয়েছেন। স্যার, যেকোনো দেশের আর্থিক উন্নতি, সামাজিক উন্নতি নির্ভর করে সেই দেশের সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার ওপর। পার্চেসিং পাওয়ারের ওপর। যদি বিভিন্নভাবে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতাকে বাড়িয়ে দেওয়া যায়, যদি তাদের হাতে অর্থ পৌঁছে দেওয়া যায়, তাহলে ভোগ প্রবণতা বাড়ে। অর্থাৎ প্রোপেনসিটি টু কনজিউম বেড়ে যায়। ভোগ প্রবণতা বাড়া মানেই মানুষ তার অতিরিক্ত অর্থ দিয়ে আরো বেশি বেশি করে তার প্রয়োজনীয় জিনিসপত্র কেনাকাটা করে - খাদ্য-বস্ত্র থেকে শুরু করে, বিলাস দ্রব্য থেকে শুরু করে মানুষ আরো বেশি ভোগের ব্যাপারে খরচ করতে পারে। আর মানুষের ভোগ প্রবণতা যত বাড়বে, ততই সেগুলো যোগান দেওয়ার জন্য শিল্প, ব্যাবসা, বাণিজ্য বাড়তে থাকবে। যত শিল্প, ব্যাবসা, বাণিজ্য বাড়তে থাকবে, ততই সরকার আরো বেশি বেশি করে রেভিনিউ অর্জন করবে। এইভাবে একটা সাইকেলের মধ্য দিয়ে, একটা চক্রের মধ্য দিয়ে দেশ

এগোতে থাকে, দেশ আরো উন্নত থেকে উন্নততর হয়। দেখবেন, পরিবারে একটা কথা চালু আছে - আয় বুঝে ব্যয় করো। অর্থাৎ তোমার যে আয়, সেই আয়ের থেকে বেশি ব্যয় কোরো না, এটা আমরা পরিবারে বলে থাকি। কেন বলি ? আমরা যদি আয়ের থেকে বেশি ব্যয় করি, তাহলে আমরা আর্থিক দিক থেকে বিপদের মধ্যে পড়তে পারি। স্যার, এই প্রবাদটা একটা পরিবারের ক্ষেত্রে যতটা প্রযোজ্য, যতটা খাটে, একটা ডেভেলপিং কান্ট্রির ক্ষেত্রে কিন্তু এই কথা খাটে না। একটা ডেভেলপিং কান্ট্রির ক্ষেত্রে বলা হচ্ছে, তোমার যা আয়, তার থেকে তুমি বেশি করে ব্যয় করো। অর্থাৎ তোমার ব্যয়টাকে তুমি বেশি করে রাখো বাজেটে। আর এই বেশি ব্যয়টা করো পরিকল্পনা খাতে। পরিকল্পনা খাতে যদি এই ব্যয়টা বেশি করে করা যায়, তাহলে এনশিয়ান্ট মাল্টিপ্লায়ার অনুসারে সমাজে আরো বহুগুণ আকারে তার রিটার্ন আসতে থাকে। স্বাধীনতার পরবর্তীকালে আমাদের দেশে যতবার বাজেট হয়েছে, তত বারই আয়ের থেকে বেশি করে ব্যয়, মানে ঘাটতি ব্যয় দেখিয়ে বাজেট করা হয়েছে। অর্থাৎ মানুষের মধ্যে সমাজে একটা টাকার ফ্লো তৈরি করা হয়েছে। মানুষের ভোগ প্রবণতাকে বাড়িয়ে দেওয়ার চেষ্টা করা হয়েছে। আর রিজার্ভ ব্যাঙ্ক এই অতিরিক্ত অর্থটা কেন্দ্রীয় সরকারের হাতে তুলে দিয়েছে ঋণ হিসেবে। এটা হচ্ছে আমাদের দেশের কালচার। ফলে এনশিয়ান্ট মাল্টিপ্লায়ার কাজ করতে থেকেছে। কিন্তু স্যার, এনশিয়ান্ট গুনকতত্ত্ব কাজ তখনই করবে না, বা কম করবে যদি মানুষের মার্জিনাল পোটেনশিটি টু কনজিউম – তান্ত্রিক ভোগ প্রবণতা কমে যায়। আর সেটাই নোট বন্দির জন্য হয়ে গিয়েছে আজকে ভারতবর্ষে। ৮৬% মানুষের হাত থেকে টাকা কেড়ে নেওয়া হয়েছে। তাদের কেনাকাটার ক্ষমতাকে কেড়ে নেওয়া হয়েছে। ফলে শিল্প, ব্যাবসা, বাণিজ্য একেবারে তলানিতে এসে পৌঁছে গেলো। লক্ষ কোটি টাকার ওপর রেভিনিউ লস্ করলো রাজ্য সরকার। এই অবস্থার মধ্যে আজকে বাজেট। তাই আমি মনে করি যে, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী এই অবস্থার মধ্যে যে বাজেট করেছেন, সেটা হচ্ছে প্রতিকূল অবস্থাকে মোকাবিলা করার বাজেট। তাই তিনি সঙ্গত ভাবেই বাজেটের বইতে এক জায়গায় বলেছেন, "অর্থনীতির বৃদ্ধির হার কিছুটা নির্ভর করে রাজ্যের পরিকল্পনা খাতে ব্যয় এবং মূলধনী খাতে ব্যয়ের ওপর। আপনারা জেনে আনন্দিত হবেন যে, পরিকল্পনা খাতে ব্যয় ২০১০-১১ সালের তুলনায় ১৫-১৬ সালে চারগুণ বৃদ্ধি পেয়েছে।"

... মূলধনী খাতে ব্যয় ৭গুণ বৃদ্ধি পেয়েছে। এই যে বাজেট উনি তৈরি করেছেন তাতে পরিকল্পনা খাতে ব্যয় ১১.৫% বাড়ানো হয়েছে, যেটা বামফ্রন্টের শেষ আর্থিক বছরে ছিল ১৪৬০০ কোটি টাকা, সেটায় উনি প্রস্তাব রেখেছেন ৬৪,৭৩৩ কোটি টাকা। অর্থাৎ প্রায় 4.43% বেশি করেছেন। এটা কতটাতে উনি কতটা কমাতে পেরেছেন। এটা বামফ্রন্টের শেষ বছরে যেটা ছিল 4.1%, সেটা এখন 2.28 % ২০১৫-১৬ সালে উনি নামাতে পেরেছেন, এটা কিন্তু কম কথা নয়। আমাদের বিরোধী দল বিভিন্ন সময় বলছে যে আমরা অনেক ঋণ করে ফেলেছি। আমরাতো একটা ঋণের ফাঁদের মধ্যে দিয়ে সরকারে এসেছি যেটাকে ডেথ ট্রেপ বলা হয়। একটা সরকার যদি ক্রমাগত ঋণ নিতে থাকে, তাহলে ঋণ নিতে নিতে একটা ঋণের ফাঁদের মধ্যে সে জড়িয়ে যায়। তখন ঋণের সুদ-আসল দিতে গিয়ে তাকে আবারও ঋণ করতে হয়। সেই ফাঁদ কেটে বেরিয়ে যাওয়া কিন্তু শক্ত হয়ে পড়ে। আমরা এই ৫ বছরে এত যে সামাজিক ডেভেলপমেন্ট করেছি - আচ্ছা। আমরা কি এটা এড়িয়ে যেতে পারতাম শুধুমাত্র সুদ-আসল দিতে গিয়ে ? এ বছরই প্রায় ৪৭ হাজার কোটি টাকা সুদ-আসল শোধ করতে হচ্ছে ঋণ এবং ঋণের পরিমাণ থেকে যা বেড়েছে। সামাজিক ডেভেলপমেন্টকেতো অস্বীকার করা যাবে না। সামাজিক ডেভেলপমেন্ট চালাতে হবে, পুরনো ঋণ শোধ করতে হবে, এটা করতে গিয়ে ঋণের পরিমাণ বেড়েছে এবং বাধ্যতামূলকভাবে কিছু ঋণ নিতেই হয়। সরকারকে, সেই হিসাবে ঋণের পরিমাণ বেড়েছে। কিন্তু আমাদের দেখতে হবে ঋণের

পরিমাণটা GDP-র তুলনায় কি অবস্থায় আছে। এটা বামফ্রন্টের শেষ বছরে কত ছিল ? ছিল ৪২.৯%। GDP-র তুলনায় বেঙ্গলে ঋণের পরিমান, আর এখন কত জানেন ? এখন ৩২.১%। প্রায় ১০% উনি কমিয়ে দিতে পেরেছেন। তার মানে ডেভেলপমেন্ট যেটা হচ্ছে সেই তুলনায় কিন্তু ঋণের পরিমাণটা বেশি নয়। স্যার, এই ভাবে আমাদের রাজ্য কিন্তু একটা শক্তিশালী আর্থিক ভিতের উপর এসে দাঁড়িয়েছে। স্যার, এই বাজেটে আমরা একদিকে দেখছি যে উনি রাজস্ব বাড়িয়েছেন, রাজস্ব যেমন বাড়িয়েছেন তেমনি প্রতিটি দপ্তরে আর্থিক বরাদ্দটা বাড়াতে পেরেছেন। আর্থিক বরাদ্দ বেড়েছে মানে সেই সব দপ্তরে কাজ বেশি হচ্ছে, মানুষ আরও বেশি বেনিফিট পাচ্ছে এটা স্বাভাবিক। সঙ্গে সঙ্গে অঙ্গনওয়াড়ী কর্মী, আশাকর্মী তাদের ৫০০ টাকা করে বাড়ানো হয়েছে, বাড়িয়ে একেবারে তৃণমূল স্তরে যে চারাগাছগুলো সেখানে অক্সিজেন দেওয়ার চেষ্টা করা হয়েছে। এটা একটা দারুণ উদ্যোগ। আজকে ডিমনিটাইজেশানে হাজার হাজার শ্রমিক অন্য রাজ্য থেকে বাধ্য হয়ে ফিরে এসেছে, কাজ হারিয়ে। আমাদের দেশে যত কর্মসংস্থান তার ৮০% হচ্ছে অসংগঠিত ক্ষেত্রে। এবং সরকার যে রেভিনিউ কালেকশান করে তার ৪০% আসে এই অসংগঠিত ক্ষেত্র থেকে। একেবারে তছনছ হয়ে গিয়েছে, কারণ তার সবটাই ক্যাশে লেনদেন হয়। প্রচুর শ্রমিক, আমরা কেন্দ্রে তো যারা বোম্বে, দিল্লীতে হীরের কাজ করে, সোনার কাজ করে, বিভিন্ন কাজ করে সব ফিরে এসেছে। এই শ্রমিকদের অন্তত ঘুরে দাঁড়ানোর জন্য আমাদের মানবিক সরকার ২৫০ কোটি টাকার একটা প্যাকেজ তৈরি করেছে যেখানে ৫০ হাজার টাকা করে ৫০ হাজার জনকে দেওয়া হবে। এই যে কৃষিকাজ ব্যাহত হয়েছে, সমবায় সমিতিগুলোকে সংকুচিত করে দেওয়া হয়েছে। আমার জেলা হুগলিতে ৩৭২টা সমবায় সমিতি আছে, ৩ লক্ষ ৭৫ হাজার কৃষক তার উপরে নির্ভর করে। রবি চাষ, আলু চাষে তাদের সমবায় সমিতিগুলো সেই ভাবে সাহায্য করতে পারেনি। তার জন্য ১০০ কোটি টাকার একটা ফান্ড তৈরি করা হয়েছে তাদের সহযোগীতা করার জন্য।

সরকার একদিকে যেমন তার আয় বাড়িয়েছে, কেন্দ্রীয় সাহায্যগুলোকে যেমন সুষ্ঠভাবে কাজে লাগানো হয়েছে তেমনি প্রতিটা দপ্তরে যে দপ্তরগুলো বাংলার মানুষের যে চাহিদা - খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, স্বাস্থ্য যেগুলো দিলে মানুষের জীবনযাত্রার মানের পরিবর্তন ঘটে যায় সেইসব দপ্তরগুলোতে গুরুত্ব দিয়ে অর্থ বরাদ্দ করা হয়েছে। আচ্ছা, এই অর্থ আসছে কোথা থেকে? আচ্ছা, এরজন্য কি আমাদের মাননীয় অর্থমন্ত্রী বেশি বেশি করে কর আরোপ করেছেন গত বছর? একদম না। উনি কি করের পরিমাণ বাড়িয়ে দিয়েছিলেন? না, সেটাও করেননি। মানুষের থেকে কর আদায়ের আরো একটা বিকল্প পদ্ধতি আছে। সেটা হল, করের কিছু রিল্যাক্সেশন দেওয়া। কর ব্যবস্থাকে সরলীকরণ করা। উনি ই-ট্যাক্সেশন চালু করেছিলেন যাতে ১০৩% রাজস্ব আদায় বৃদ্ধি ঘটে গেছে। স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফি এগুলোর ক্ষেত্রে সরলীকরণের মধ্য দিয়ে অনেক বেশি কর সংগ্রহ করা হয়েছে। এমনকি অনেক ক্ষেত্রে কর ছাড় দিয়ে উনি অনেক মানুষকে উৎসাহিত করেছেন কর প্রদান করতে। অনেকের কি হয়, কর ফাঁকি দেওয়ার একটা চেষ্টা থাকে এবং সেই কর ফাঁকি দেওয়া মানুষের সংখ্যাটাও কিন্তু অনেক বেশি। কিন্তু তাকে যখন কিছুটা রিল্যাক্সেশন দেওয়া হয় তখন সে ভাবতে থাকে যে তাহলে আমি আর বেআইনি কাজটা কেন করবো। এই ভাবনার মধ্যেই চলে আসে একটা বিরাট সংখ্যক মানুষ এবং সেখান থেকে আদায় হয় অনেক রাজস্ব। উনি এইসব পথগুলোকে নিয়েছেন এবং নিয়ে রাজস্বটাকে বৃদ্ধি করেছেন। আচ্ছা, আমাদের এই রাজ্যে, আমাদের রাজ্যে কেন বলবো সারা ভারতবর্ষে আবাসন শিল্পের একটা বিরাট মন্দা যাচ্ছে। এটা খরা যাচ্ছে। ডিমানিটাইজেশন সেটাকে পুরো একেবারে মরার উপর খাঁড়ার ঘা করে দিয়েছে। মানে পেরেক ঠুকে দেওয়া হয়েছে। আচ্ছা, আবাসন শিল্প

কি শুধু প্রোমোটারদের লাভ দেয়? মানুষের, গৃহহীন মানুষকে ঘরও দেয়। অনেক মানুষের স্বপ্ন পূরণও করে এবং সঙ্গে সঙ্গে সরকারের রাজস্ব বৃদ্ধিতেও সাহায্য করে। সেই আবাসন শিল্পকে চাঙ্গা করার জন্য উনি কতগুলো ব্যবস্থা গ্রহণ করেছেন। যেমন - প্রথমেই রেজিস্ট্রেশনের ক্ষেত্রে যে স্ট্যাম্প ডিউটি দিতে হয় তিনি পুরোটা দেওয়াটাকে বন্ধ করলেন। মাত্র ২% দিয়ে যে দলিল রেজিস্ট্রেশন করা যায়, এগ্রিমেন্ট, সেল এগ্রিমেন্ট যেটা করা হল তারপর তিনি চার বছর সময় দিলেন ধাপে ধাপে সেটা পেমেন্ট করার জন্য। এক বছরে পেমেন্ট করলে তিনি ২০% ছাড় দিয়ে দিলেন। এই যে এইগুলো দেওয়া হল এতে কিন্তু আবাসন শিল্পে একটা ঘুরে দাঁড়ানোর ব্যবস্থা হবে। আর গত তিন মাসে গত যে বছরটা চলে যাচ্ছে এই লাস্ট তিন মাসে পশ্চিমবঙ্গে ৫০০ কোটি টাকার আবাসন শিল্প কম হয়েছে। এতে পশ্চিমবঙ্গ সরকার ৩০ কোটি টাকা রেভিনিউ লস করেছে। তাহলে উনি ঐ যে ব্যবস্থাগুলো নিলেন ফলে আমরা ওখান থেকে অনেক বেশি রেভিনিউ সংগ্রহ করবো। ওনার তো লক্ষ একটাই যে রেভিনিউ কত সুন্দরভাবে, মানুষের উপর চাপ সৃষ্টি না করে আমি কতটা বাড়াতে পারবো। তবেই তো আমি সামাজিক ক্ষেত্রে ব্যয় করতে পারবো। উনি সেই পথগুলোকে তৈরি করেছেন। সঙ্গে সঙ্গে আরো সুন্দরভাবে মাননীয়া মুখ্যমন্ত্রী এই বাংলায় যে পরিবর্তন ঘটাচ্ছেন আমাদের অর্থমন্ত্রী তাঁর সঙ্গে থেকে সেই ভাবেই আর্থিক ব্যবস্থার পরিবর্তন ঘটিয়ে দিয়ে বাংলাকে একটা অন্ধকার থেকে আস্তে আস্তে আলোর পথে উত্তরণের পথে নিয়ে আসছেন। তাই এই বাজেটকে আমি পূর্ণাঙ্গভাবে সমর্থন করে আমার কথা শেষ করছি। নমস্কার।

শ্রী দিলীপ কুমার ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সংযোগই এরকম যখন আমি বলতে উঠি বিরোধীতে আমি একাই থাকি। আপনাদের সম্মানেই আমাকে বলতে হয়। মাননীয় অর্থমন্ত্রী উপস্থিত আছেন যিনি একজন প্রাজ্ঞ, প্রবীণ, স্বনামধন্য অর্থশাস্ত্রী। আমাদের কাছে এটা খুবই গর্বের। তাঁর মত একজন ব্যক্তিকে বাংলা অর্থমন্ত্রী হিসাবে পেয়েছে খুবই আনন্দের। কিন্তু একটা মজার কথা মন্ত্রী মহাশয়কে বলি, গত তিনমাস ধরে আপনি আমাদের খুব ভয় দেখিয়েছেন। 'গব্বর আ জায়েগা, গব্বর আ জায়েগা, গব্বর আ জায়েগা। খোদা পাহাড় নিকলা চুহা'। ডিমানিটাইজেশন। কি গল্প বলেছেন আপনারা। মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি তো সরকার ছেড়ে দিয়ে রাস্তায় হেঁটেছেন। আমি ভাবলাম জানি না কবে পাহাড়টা ভেঙে পড়বে, আকাশ ভেঙে পড়বে। সেই দিল্লীর গল্প মনে পড়লো - ভূকম্প আ জায়েগা। কেয়া আয়া? আপকা পাশ বহত পয়সা আয়া। আপ মানা নেহি কর সাকতে। সবচেয়ে বেশি লাভবান হয়েছেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী। ১ লক্ষ ২৯ হাজার কোটি টাকা আপনার টোটাল আয় তার মধ্যে সাড়ে ৭৮ হাজার কোটি টাকা মোদির। তার উপরে আপনি বাজেট করে দিয়ে চালিয়ে দিলেন আর সব জায়গায় লাভই লাভ।

দুর্ভাগ্যের ব্যাপার সমস্ত ডিপার্টমেন্টে আপনি ইনকামটা টার্গেট ক্রশ করতে পারেননি হয়তো। গতবছর আপনি সাড়ে চার হাজার কোটি টাকা কম ট্যাক্স আদায় করতে পেরেছিলেন। আমরা ভাবলাম বোধহয়, এবার আরো কমে যাবে। টার্গেট অনেক বড় ছিল। কিন্তু মাত্র ১৮০০ কোটি টাকা ডেফিসিট আছে। মানে আপনার কথার উল্টোই হয়েছে স্যার। আর, ওদিক থেকে আপনি ভেবেছিলেন যে, ৪১,০০০ কোটি টাকা মতো পাবো। পেয়েছেন আরো ৪,০০০ কোটি টাকা বেশি। কারো সর্বনাশ কারো পৌষমাস। আপনার তো পৌষমাসই চলছে পুরো। কোথাও মাইনাস হয়নি। অথচ আপনি মোদী বাবুর নামে চালিয়ে দিলেন পুরোটা ভয় দেখিয়ে। কমপক্ষে আপনি ব্যক্তিগতভাবে দিল্লি গেলে একটু ধন্যবাদ দিয়ে আসবেন। কাউকে বলার দরকার নেই। পুরো তথ্য ডিমানিটাইজেশনের বিরুদ্ধে গেছে যেটা আপনারা শুনিয়েছিলেন। আমার মাননীয় সদস্য খুব কষ্ট পাচ্ছিলেন। যা তথ্য দিয়েছেন - কেন মানুষকে বোকা বানালেন, ভয় দেখালেন? পুরো বাজেট পড়ে দেখুন। কোথাও একটু নিশান নেই যে ডিমানিটাইজেশানের প্রভাব পড়েছে,

যেটা আপনি বলেছিলেন। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন, ২৫% নাকি ইনকাম কমে যাবে রাজ্যের। কীসের তথ্যে ? আপনিও বলেছেন ২% গ্রোথ রেট কমে যাবে। ২-৩ বছর লাগবে ধাক্কা সামলাতে। তিন মাসেই সব ফাঁকা হয়ে গেল। উল্টো হয়ে গেছে। তর তর করে এগোচ্ছে। আমাদের মতো রুগ্‌ন রাজ্যও এগিয়ে যাচ্ছে। আমি তথ্য দিয়ে বলছি, আপনাকে সমালোচনা করার জন্য বলছি না। বলছেন, দুর্ভিক্ষ হয়ে যাবে। বাবা - যা মেলা, লীলা আর খেলা চলছে চারদিকে - এটা দুর্ভিক্ষ ? মাইকের আওয়াজে কান রাখা যায় না ঠিক, বড় বড় বক্স বসিয়ে নাচা গানা হচ্ছে সরকারি পয়সায়। যাত্রা উৎসব করেছেন, শুনলাম ৭০ লক্ষ টাকার স্টেজ তৈরী হয়েছে। এটা দুর্ভিক্ষ ? তাহলে আনন্দের দিন কবে আসবে আর ? চারিদিকে খুশি আর আনন্দ চলছে। অস্বীকার করতে পারবেন না। এমন কোনো জায়গায় পশ্চিমবাংলায় আমি গেলাম না যেখানে মেলা হচ্ছে না, উৎসব হচ্ছে না। মাননীয় মেয়ররা এখানে রয়েছেন। প্রত্যেকটি শহরে উৎসব-মেলা হয়েছে - টাকা কোথা থেকে আসছে। কোথাও অভাব নেই। মনটা ছোটো। ভয়ে ভয়ে বলছেন আপনারা। মোদী থাকতে কারোর চিন্তা নেই। ...(গোলমাল)... গতবছর আপনি অনুদান পেয়েছিলেন, ৮,২১৪ কোটি টাকা। এবারে পেয়েছেন ৩৩,৭৫০ কোটি। আগামী বারে ৩৫,০০০ কোটি টাকার বেশি পাওয়ার সম্ভাবনা আছে।

...(এই সময় মাননীয় সদস্য শ্রী তাপস রায় মহাশয় কিছু বলতে ওঠেন।)

... শুনে নিন, বসুন, বসুন, আপনারা অনেকবার বলেছেন। বসুন, বসুন, বসুন। আমারটা শুনে নিন। আরে এরকমভাবে কেউ বলবে না। বসুন, বসুন। আপনি গতবারে যে ট্যাক্সের টার্গেট রেখেছিলেন ৪,০০০ কোটি টাকা মাইনাস ছিল, এবারে ১৮০০ কোটি টাকা মাইনাস আছে। আপনি জানেন যে, ট্যাক্স ভালো আসবে, ইনকাম ভালো হচ্ছে। মুখে যাই বলুন, আপনি বিশ্বাস করেন। তাই ৫৫,০০০ কোটি টাকা আপনি টার্গেট রেখেছেন। আপনার বাজেট থেকে বলছি। কোথায় ডিমানিটাইজেশানের কোনো প্রভাব পড়েনি। কেবল রাজনীতি হচ্ছে। মানুষকে ভয় দেখিয়ে বিপথগামী করার চেষ্টা হচ্ছে। এটা আপনি স্বীকার করে নিয়েছেন। কমপক্ষে রাজনীতিবিদ যারা ঠিক আছে। মাননীয় অর্থমন্ত্রীর কাছ থেকে আমি কমপক্ষে এটা আশা করিনি। ...(নয়েজ)... খুব চিন্তার বিষয়। আপনারা সাহস করে শোকপ্রস্তাবে তাদের নামই রাখলেন না। দুঃখের বিষয়। আমি আশা করেছিলাম কমপক্ষে লিস্ট আসবে। কতজন মারা গেছে। ববিদা হাসছেন। জানেন উনি। পুরোটাই ধোকা। কমপক্ষে সেই লোকগুলোর সম্মানে নাম রাখা উচিত ছিল। কেন রাখলেন না শোকপ্রস্তাবে। এরচেয়ে বেশি হিপোক্রেশি হয় না। তো, আপনি সব বিভাগে পিছিয়ে আছেন। একটা বিভাগে ট্যাক্স সবচেয়ে বেশি আবগারী ডিপার্টমেন্ট। আমার বন্ধু সেদিন আমাকে বলছিলেন। আপনি দুধ খেয়ে লড়াই করেন। আমি দুধ খেয়ে লড়াই করি। কিন্তু আপনারা কি করেছেন ? যাবৎ জীবেৎ সুখং জীবেৎ ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ। এটা আপনাদের আপ্তবাক্য। মাননীয় অর্থমন্ত্রী বিবেকানন্দের কথা বলেন, নেতাজীর কথা বলেন। বিবেকানন্দ বলেছেন, তেনতত্ত্বেন ভঙ্গিত্বাহা। আর করছেন কি চার্বাকের জীবনপদ্ধতিকে নিজের বাজেটে নিয়ে এসেছেন। যাবৎ জীবেৎ সুখং জীবেৎ ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ। ঘৃতং কোথায় - সুরাং পিবেৎ। সবাইকে মদ খাওয়াচ্ছেন আপনারা। আজকের কাগজে খবর এসেছে দুটো। খুব মর্মান্তিক। বলতে বাধ্য হচ্ছি স্যার, একটা বাচ্চা ছেলে স্কুলে পড়ে, ক'টাকার জন্য মদ খেতে গিয়ে মারামারি করে একজনকে খুন করেছে। আমি খড়গপুরের বিধায়ক। দুটি পাড়ার থেকে মহিলারা এসেছিলেন। কি ? না, একটি পাড়ার মধ্যে বার চলছে। সেখানে মদ খেয়ে মহিলাদের সঙ্গে অপব্যবহার করা হচ্ছে। তারা আমার কাছে এসেছিলেন, আমি সেখানে ঘেরাও করেছিলাম, ডি এম-এর সঙ্গে দেখা করেছিলাম। এখন সেটা বন্ধ হয়েছে। একটি মুসলমান পাড়া থেকে মায়েরা এসেছিলেন আমার কাছে। বলছে, স্কুলে

পড়ে ছেলেমেয়েরা তারা ড্রাগ নিচ্ছে। ওখানে ড্রাগ বিক্রি হচ্ছে। আমরা কি GDP বাড়াবার জন্য আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে এই অন্ধকারে ঠেলে দেব ?

তারা ড্রাগ নেবে, তারা মদ নেবে ? আমি আপনার কাছে বিনীত অনুরোধ করছি আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে এইদিকে নিয়ে যাবেন না। আমাদের দরকার নেই। দিদি বলেছেন, আমরা আলু ভাতে খাব, ডাল খাব, আমরা প্রস্তুত। বাঙালীরা প্লেন খাবার খেয়েও হাই থিঙ্কিং করে। চার্বাকের দর্শনে আমরা যাব না। আমাদের ভবিষ্যতের প্রজন্ম তার জন্যই আমরা সবটুক করছি। তাদের জীবন যেন অন্ধকার না হয়। আমি আপনাদের কাছে আবেদন করবো, দরকার নেই ট্যাক্স। বাকি মন্ত্রী মহাশয়রা আছেন, এই জিনিসটা গুরুত্ব দিয়ে ভাবুন, যেন আগামী প্রজন্ম এই রাস্তায় না যায়,তারা যেন অন্ধকারে না বয়ে যায়, নেশায় না চলে যায়।

শিক্ষা বিভাগ নিয়ে বলব, মাননীয় শিক্ষামন্ত্রী বোধহয় জরুরি কাজে বাইরে গেছেন। আমি যতটুকু দেখলাম শিক্ষা বিভাগ থেকে ছাঁটাই করে দিয়েছেন আপনি। বাঙালীর পরিচয় শিক্ষিত হিসাবে। কৃষ্টি, সংস্কৃতি, শিক্ষা আমাদের পরিচয়, সারা ভারতবর্ষের দিক থেকে। কিন্তু মাননীয় মন্ত্রী বলেছেন যে, এত স্কুল, এত কলেজ, এত ইউনিভার্সিটি দিয়ে উনি শুরু করেছেন। যদি টাকা না বাড়ান, শিক্ষাকর্মী, শিক্ষক, অন্যান্য ইনফ্রাসট্রাকচার কোথা থেকে আসবে ? সবচেয়ে বেশী তো ওখানে বাড়ানো উচিত ছিল। কিন্তু আপনি কি করেছেন, সংখ্যালঘু খাতে সবচেয়ে বেশী বাড়িয়েছেন। কেবল ভোটের চিন্তা ? ভবিষ্যতের চিন্তা নেই ? এই যে স্কুল, কলেজ হচ্ছে, সেখানে যদি টিচার না থাকেন, ব্যবস্থা না থাকে, তাহলে ছেলে মেয়ে গিয়ে করবে কী ? যেটা মাননীয় মন্ত্রী মহাশয় করছেন, কে জি এস হবে, কে ইয়ে হবে, এটাই ঠিক করছেন, বাকি সব শিক্ষার - ভুলে গেছেন। স্কুল কলেজের মধ্যে মারামারি, ছেলে মেয়েদের রক্ত পড়ছে, ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলার পালিয়ে যাচ্ছে, কলেজের প্রিন্সিপাল বলছেন আমাকে মাফ করো, আমি থাকতে পারব না, এই অত্যাচারের মধ্যে। বাঙলার এটা কি পরিচয় হোক,শিক্ষা মানে হিংসা, মারামারি গুন্ডামী করার জায়গা। খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আমাকে। শিক্ষামন্ত্রীর কাছে আমি আবেদন করবো, আপনি এটা খেয়াল করুন। নাহলে যেমন আপনারা কিষাণ মান্ডি করেছেন, নীল সাদা ১৬৫টা বিল্ডিং তালা মারা আছে কেউ ঢুকতে পারে না, কেউ বেরুতে পারে না, এক পয়সার বিজনেস হয় না। সুপার স্পেশালিটি হসপিটাল করেছেন, বড় বড় বিল্ডিং, বেড নেই, বেড থাকলে নার্স নেই, নার্স থাকলে ডাক্তার নেই, ডাক্তার থাকলে ওষুধ নেই। এ রকম কি আপনি মেমোরিয়াল তৈরী করতে চাইছেন স্কুল কলেজগুলোকে ? যদি টাকা না দেন চলবে কি করে? শিক্ষা নিয়ে আমি আগের দিনও বলেছি, আমার আপনার নয়, রাজনীতি নয়, আমাদের সমাজের ভবিষ্যৎ। আপনি গুরুত্ব দিয়ে এটাকে ভাবুন। সেখানে টাকা বাড়ানো উচিত। আমরা যদি করি, অনেক পরিবারে হয়, একটু টানাটানি হয়েছে, আচ্ছা ছেলের দুধটা বন্ধ করে দাও। দুধ কেনা বন্ধ হয়ে গেল। এটা কি বুদ্ধিমানের কাজ ? দরকার হলে কসমেটিকস কেনা বন্ধ করুন, ইলেকট্রিক বিল কম করুন,মোবাইল এর বিল কম করুন,কিন্তু বাচ্ছার দুধ বন্ধ করবেন না। কেননা তার শরীর, স্বাস্থ্য, ভবিষ্যৎ দুধের উপর নির্ভর করে। শিক্ষাও তেমনি সমাজের মধ্যে – আমি আবেদন করবো আবার একটু ভাবুন। শিক্ষায় অধিক আরো বরাদ্দ করে, শিক্ষাকে আরো সুন্দর করা উচিত, আরো হিংসামুক্ত শিক্ষা হওয়া উচিত।

জি এস টি নিয়ে কত নাটক হল। আমি ব্যক্তিগতভাবে মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে কথা বলেছিলাম, জি. এস. টি. নিয়ে – উনি বললেন সর্বনাশ হয়ে যাবে - আপনিই প্রথম জি এস টি কে সমর্থন করলেন। আমি বললাম কেন - নিজের স্বার্থে বললেন, আজ আমাদের লাভ হবে বলে - আপনি জি এস টি.কে সমর্থন করেছেন ; বিরোধিতা করতে করতে, নাটক করতে করতে,

সমর্থন করতে বাধ্য হয়েছেন। আজকে কেন্দ্রীয় সরকারের দূরদর্শীতা এটাই আমরাও বুঝতে পেরেছি, আপনি বুঝেছেন যে রাজ্যের লাভ হবে, রাজ্যের স্বার্থে জি এস টি সমর্থন করেছেন। (ভয়েস :- জি এস টি প্রথম ২০০৯ সালে আমরাই চেয়েছি।) কিন্তু ওনার হাতেই তো সমস্ত দায়িত্ব ছিল, উনি তো সিরিয়াসলি করেননি। তাহলে আমি গর্ব করে বলতে পারতাম,বাঙলা আপনার সঙ্গে দাঁড়িয়েছে। আজকে সবচেয়ে বেশী যেখানে উপভোক্তা হবে সেখানে তার বেশী লাভ হবে, কারণ বাংলায় সাড়ে ৯কোটি উপভোক্তা আছি আমরা। মাননীয় অর্থমন্ত্রী উপার্জন বেশী হবে বলে উনি সমর্থন করেছেন, নৈতিক দিক থেকে করেননি। আপনি সবচেয়ে দায়িত্বশীল, আমাদের গর্বের বিষয় যে আপনি পাস করাবেন, কিন্তু আপনি বিরোধিতা করেছেন। সেইটাই তো বলছি আমি, সেই অধিকারটা আমাকে দিলেন না, আমি দিল্লি গিয়ে বলতাম,আমার অর্থমন্ত্রী পাস করেছেন। আপনারা সেখানে রাজনীতি করে, শেষে আবার পিছনের দরজা দিয়ে মেনে নিয়েছেন। এইটা আমি আশা করিনি মাননীয় অর্থমন্ত্রীর কাছে।

ঋণ - আমি বলেছি। আমাদের সংসার ঋণেই চলছে। এবারে হিসাব করে দেখা গেছে যে মাননীয় আমার বামপন্থী, ডানপন্থী বন্ধুরা আপনাদেরকে ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা ঋণ দিয়ে গিয়েছিলেন আর সেটাকে আপনি কৃতিত্বের সঙ্গে প্রতি বছর বাড়িয়ে নিয়ে যাচ্ছেন, আজকে ৩ লক্ষ ৬৬ হাজার কোটি টাকা আমাদের ঋণ। আমি চার্বাকের কথা আগে বলেছি। আগে ঋণ করে ঘি খেতাম, এখন অন্য কিছু খাচ্ছি। কতদূর যাবে ? বছরে মোটামুটি ২৯ হাজার কোটি টাকা আমরা বাড়িয়েছি প্রতি বছর ঋণ, এবারে আরো ৮হাজার কোটি টাকা তার সঙ্গে যুক্ত হবে, আমাদের বাজেটের বেশীরভাগটা ওর মধ্যে চলে যাবে।

ডেভেলপমেন্ট কোথা থেকে হবে ? আর যেটুকু করেছেন, আপনারা বলেছেন যে বিরাট উৎপাদন হয়েছে, বিরাট লাভ হয়েছে। সে সবই কেন্দ্রের দয়ায় হয়েছে। আমাদের কোথা থেকে নতুন করে আসছে ? তার কোনো তথ্য দিতে পারেননি। তাই দিনে দিনে এই যে ঋণের বোঝা বাড়ছে, তা মেটানোর কোনো চেষ্টা নেই। আপনারা বলছেন যে ওটা তো ওরা দিয়েছে, আমরা কি করব। ওরা দিক, আমরা দিক, আমরা সবাই সেই ঋণের টাকা খেয়েছি। তার দায়িত্ব বাংলার লোকের শোধ করার, সরকারের শোধ করার। কাল আপনি না থাকলে অন্য কেউ এলে তার কি অবস্থা হবে। অতএব ভ্যভয়েড করতে পারেন না। ঋণ শোধ করার ব্যবস্থা করার জন্য কোনো সোর্স নেই। সেটা ভাবুন। এটা আপনার কাছে আমার আবেদন। এবারে আসি, কর্মসংস্থানের কথায়। আপনি আমাদের আশ্বাস দিতে পারেননি, কেবল স্বপ্ন দেখিয়েছেন। স্যার, স্বপ্ন দেখার জন্য কোনো পয়সা লাগে না। কিন্তু ইনভেস্টমেন্ট কত হবে তার কোনো নিশ্চয়তা নেই। কর্মসংস্থান কোথায় কিভাবে তার কোনো সম্ভাবনা নিশ্চিতভাবে আমাদের কাছে আপনি দেখাতে পারেননি। কোনো কংক্রিট ডাটা দিতে পারেননি। সবকিছু যেন হাওয়াতে চলেছে। এভাবে চলতে পারে না। ২৫০ কোটি টাকা মাননীয় অর্থমন্ত্রী রেখেছেন। যারা কর্মসংস্থান হারিয়েছেন তাদের জন্য। কত হারিয়েছে, কোনো তালিকা আছে ? কিসের ভিত্তিতে বলেছেন ? কতজন চলে এসেছে কাজ হারিয়ে ? কোনো তথ্য আছে আপনার কাছে ? এই ২৫০ কোটি টাকা কারো জন্য নয়। ক্যাডার বা নেতা পোষার জন্য রাখা হয়নি তো, পেছনের দরজা দিয়ে ? আমি এমনি এইসব বলছি না। গত বছর, মাননীয় মন্ত্রীর মনে আছে, ১০০ কোটি টাকা চা শিল্পের উন্নয়নের জন্য রাখা হয়েছিল। আমি আর টি আই করে জেনেছি, ৫০ কোটি টাকা তোলা হয়েছে। সেটা ভূতে খেয়ে ফেলেছে। তার কোনো হিসাব নেই। আমি আপনাকে চ্যালেঞ্জ করছি হিসাব দিন। আওয়াজ দিয়ে মুখ বন্ধ করা যায় না। সেজন্য চা শিল্পের কথা আমি বললাম। মাননীয় স্পীকার মহাশয় আমাকে যা সময় দিয়েছিলেন সেই সময় প্রায় সম্পূর্ণ হয়ে এসেছে। স্যার, আমি আপনার

কাছে অন্য একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। অনেক বক্তা অনেক বিষয়ে বলবেন। আমি অর্থনীতিবিদ নই। সেদিন আমাদের মুখ্যমন্ত্রী সভাতে একটি বিষয় তুলেছিলেন আমার নাম করে। তিনি ধান ভানতে শিবের গীত গেয়েছিলেন। আমিও একটু গাই। তিনি বলেছেন আমাকে নাকি সরকার বাহাদুর সিওরিটি দিয়েছেন। আমি কারো কাছে সিকিওরিটি চাইনি। দিলীপ ঘোষের কোনো সিকিওরিটি লাগে না। খালি সরকার বাহাদুর পাঠিয়েছিলেন বলে আমি সম্মানের সঙ্গে তাঁকে স্বীকার করেছি। আমি তাকে সম্মান দিয়েছি। কিন্তু আমি আপনাকে বলতে চাই, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সাত বছর ধরে সেন্ট্রাল আর পি এফের সুরক্ষায় থেকেছেন। কাঁচের বাড়িতে থেকে অন্যের বাড়িতে ঢিল মারাটা বুদ্ধিমানের নয়। সেজন্য দরকার হলে আপনারা তুলে নিন। আপনি আমার বাড়িতে গুন্ডা ডাকাত পাঠাবেন, ঢিল পাটকেল মারবেন। আবার সিকিওরিটি পাঠাবেন। আবার বিধানসভাতে খোঁটাও দেবেন। এই রাজনীতি চলতে পারে না। সেজন্য আমি এটা খণ্ডন করছি এবং আমি বলছি যদি আপনি মনে করেন সেন্ট্রাল সিকিওরিটি ছেড়ে দিন, তারপরে দিলীপ ঘোষের সঙ্গে কথা বলবেন। ধন্যবাদ।

শ্রী অসিত মজুমদার : মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্র গত ১০ই ফেব্রুয়ারি এই পবিত্র সদনে ২০১৭-১৮ সালের যে বাজেট পেশ করেছেন আমি সেই বাজেটকে সমর্থন করি। বাংলার জননেত্রী মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্নকে সফল করার জন্য মাননীয় অর্থমন্ত্রী যে প্রস্তাব এই বাজেটে ব্যাখ্যা করেছেন এবং দেখিয়েছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করে ২-১টি কথা এই পবিত্র সদনে বলব। কেন্দ্রের একটা সরকার একটা তুঘলকি এবং হিটলারি সিদ্ধান্তের মধ্য দিয়ে ভারতবর্ষ এবং বাংলার মানুষকে একটা চরম অর্থনৈতিক নৈরাজ্যের মধ্যে ফেলে দেওয়ার পরে এবং কেন্দ্রীয় বাজেটে সারা ভারতবর্ষের মানুষের কাছে বিভ্রান্তি ছড়িয়ে দেওয়ার পর আমার রাজ্যের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন বিগত ৩৪ বছর ধরে বাংলায় একটা জগদ্দল পাথরের সরকার রাজত্ব চালিয়েছেন।

এই চৌত্রিশ বছরে যে ঋণ বামফ্রন্ট সরকার নিয়েছিল সেই ঋণের বোঝা সুদে-আসলে প্রায় ৪০ হাজার কোটি টাকা পৌঁছাবার পর, মমতা বন্দোপাধ্যায়ের স্বপ্নকে সার্থক করবার জন্য মাননীয় অর্থমন্ত্রী যে পদক্ষেপ নিয়েছেন তা প্রশংসনীয়। বাংলার মেহনতী-নিপীড়িত মানুষ, বাংলার ছাত্র-ছাত্রী, বাংলার দুঃস্থ, সমস্ত মানুষের দিকে তাকিয়ে বাংলার অর্থনীতিকে চাঙ্গা করার লক্ষ্যে তিনি বিভিন্ন ধরনের প্রস্তাব নিয়েছেন। স্যার, আমি তথ্য দিয়ে দু-একটি কথা বলব। ২০১৬-১৭ সালের এপ্রিল থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত ইনডেকস অফ ইন্ডাসট্রিয়াল ডেভেলপমেন্ট বৃদ্ধির হার ০.১%। সেখানে এই সময় পশ্চিমবঙ্গে এই বৃদ্ধির হার +৪.৮%। এর মানে কী ? এর মানে হচ্ছে যে অর্থনৈতিক অস্থিরতা মোদিজির সরকার তৈরী করেছিল তার আগেই কিন্তু ভারতবর্ষের শিল্প বৃদ্ধির হার একদম তলানিতে ঠেকেছিল। শিল্প বৃদ্ধির হার একদম সর্বনাশের পথে ভারতকে নিয়ে গিয়েছিল। সেই অবস্থায় পশ্চিমবঙ্গে এই শিল্প বৃদ্ধির হার তুলনামূলকভাবে মাথা উঁচু করে দাঁড়িয়ে ছিল। স্যার, আপনার মাধ্যমে এই পবিত্র সদনকে আমি জানাতে চাই এবং আপনারাও জানলে খুশী হবেন, যাঁরা সকাল থেকে এই সদনকে বন্ধ করে দেবার প্রচেষ্টায় লিপ্ত ছিল তাঁরা এখন আর সদনে নেই, পালিয়ে গিয়েছেন। তাঁরা বাংলার সর্বস্ব শেষ করে দিয়েছেন। তাই তাদের এই সদনে থাকতে আর ভালো লাগছে না। আমাদের মাননীয় অর্থমন্ত্রী মানুষের স্বার্থে এই বাজেট পেশ করেছেন, তাই এটা ওঁদের শুনতে ভালো লাগছে না, তাই ওঁরা পালিয়ে যাবার রাস্তা করেছে। আর অন্যান্য সদস্য যারা এই হাউসে রয়েছে, প্রশ্নোত্তর পর্বে তাদের গণতান্ত্রিক অধিকারকে ওরা নষ্ট করার চেষ্টা করেছে। স্যার, যে কথাটা আমি বলছিলাম পরিকল্পনা খাতে

ব্যয় ২০১০-১১ সালের তুলনায় ২০১৬-১৭ সালে চারগুণ বৃদ্ধি পেয়েছে। আপনারা জানলে আরও আনন্দিত হবেন, ২০১০-১১ সালের তুলনায় মূলধনী খাতে ব্যয় ২০১৬-১৭ সালে সাতগুণ বৃদ্ধি হয়েছে। এই কথাগুলো বিরোধী বন্ধুদের শুনতে ভালো লাগছে না। তাই ওরা মাঠে ময়দানে টি.ভি-তে যাবার চেষ্টা করছেন। কারণ বাড়িতে ওদের কেউ দেখে না, পাড়াতেও কেউ ওদের দেখে না। বিধানসভা না চললে তো টি.ভি. ওদের আর দেখাবে না। বিধানসভা চলার দৌলতে এই সভাতে ওরা এই সমস্ত অপকীর্তি, অপকর্ম করে বেড়াচ্ছে।

স্যার, বলুন তো পাঁচটা বছর বাংলার জননেত্রী মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই সরকারের দায়িত্ব নিয়েছেন এবং অর্থমন্ত্রী প্রথম থেকেই আমাদের ডঃ অমিত মিত্র রয়েছেন। পাঁচ বছরের একটা সরকার এই চার-পাঁচ মাস বাদ দিয়ে,নতুন সরকার। ২০১৬ সালের পর - আর ৩৪ বছর একটা সরকার চলেছিল। কি করেছিল মানুষের জন্য, অর্থনৈতিকভাবে মানুষের কথা চিন্তা করে। কোন পদক্ষেপ নেই। ৫৫ হাজার কলকারখানা বন্ধ করে দিয়ে চলে গিয়েছিল। হাজার হাজার শ্রমিক তাদের সর্বনাশ করে দিয়ে গিয়েছিল। আর পাঁচ বছরে এই সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্নকে পূরণ করার জন্য অর্থমন্ত্রী অমিত মিত্র' এর 'কন্যাশ্রী' প্রকল্প। ব্যঙ্গ করেন অনেকে। ভারতবর্ষে নয় স্যার, বিশ্বের ইতিহাসে এই প্রকল্প নিয়ে আলোচিত হচ্ছে যে কন্যাশ্রী প্রকল্প কীভাবে এই ৪০ হাজার কোটি টাকার সুদে-আসলে দেনা তার মধ্যেই এই প্রকল্প কীভাবে চলছে। 'সবুজশ্রী', মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রকল্প। 'সবুজ সাথী', ক্লাস ix থেকে xii, সমস্ত ছাত্র-ছাত্রীদের কোন বড়লোক,গরিব কোন রকম বাদ বিচার নেই জাত-ধর্ম, হিন্দু-মুসলমান-খ্রীস্টান-বৌদ্ধ,তফসিলি জাতি-উপজাতি যারা ix থেকে xii,xi পড়ছে তাদের জন্য এই 'সবুজ সাথী' প্রকল্প। 'খাদ্য সাথী' স্যার, মাননীয় খাদ্যমন্ত্রী সভায় আছেন, একটু আগে দিলীপবাবু বক্তব্য রেখেছিলেন,তারপর বাইরে চলে গেলেন। বড় বড় কথা বলেন। কত দিয়েছে কেন্দ্রীয় সরকার ? আর রাজ্য সরকার প্রায় ৭ কোটি ৯০ লক্ষ মানুষকে এই 'খাদ্য সাথী' প্রকল্পের মধ্যে এনেছেন। আজকে বড় বড় কথা বলে লাভ নেই, সরকার কাজ করছে। স্যার, 'স্বাস্থ্য সাথী' প্রকল্প, 'মাভৈঃ' প্রকল্প। ক'দিন আগে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন এবং অর্থমন্ত্রী দশ তারিখে ঘোষণা করেছেন 'স্বাস্থ্য সাথী' প্রকল্প আমাদের রাজ্যের দুই লক্ষ অঙ্গনওয়াড়ি কর্মী তৃণমূল স্তরের মহিলাদের গরিব ঘরের যারা জননী হবেন, যারা বাচ্চা প্রসব করেছেন, যাদের বাচ্চা স্কুলগুলোতে পড়ে, কোন ধনী পরিবারের বাচ্চা অঙ্গনওয়াড়িতে যায় না। যাঁরা অর্থনৈতিকভাবে স্বচ্ছল তাদের বাচ্চা ওই বামফ্রন্ট সরকার তো করে দিয়ে গেছে। নানান ইংরাজী মিডিয়ার স্কুল, সেখানে পয়সার জোরে চলে যায়। আর এই গরিব ঘরের ছেলে মেয়েরা সেই অঙ্গনওয়াড়ি স্কুলে পড়ে। সেই দুই লক্ষ অঙ্গনওয়াড়ি কর্মীর জন্য শুধু ৫০০ টাকা অনুদান বাড়িয়েছেন তাই নয় - তাদের 'স্বাস্থ্য সাথী' প্রকল্পের মধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, অর্থমন্ত্রী অমিত মিত্রের মাধ্যমে তাদের সুযোগ করে দিয়েছেন স্বাস্থ্য সুরক্ষার জন্য। ভাবুন তো, জীবনে কেউ ভেবেছেন ভারতবর্ষের কোন রাজ্য আজ পর্যন্ত কোন রাজ্যের ইতিহাসে নেই। আমাদের গ্রামীণ নিম্নস্তরে যারা স্বাস্থ্যের পরিষেবা দেন তৃণমূল স্তরে....

গ্রামে গ্রামে, অঞ্চলে অঞ্চলে প্রতিটি মৌজায় সেই 'আশা' কর্মী, ৫০ হাজার 'আশা ' কর্মী সারা বাংলায়, তাদের শুধু ৫০০ টাকা বাড়িয়েছেন তাই নয়, এই ৫০০ টাকা শুধু বাড়ানো বাদ দিয়েও তাদেরকে 'স্বাস্থ্য সাথী'-র আওতায় আনা হয়েছে। স্যার, এটা একটা সরকারের মানবিক দৃষ্টান্ত, মানবিক দিক। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্ন। ভাবা যায় ! 'সমব্যথী' প্রকল্প '- একজন গরীব মানুষ, যার শ্মশান বা কবর খানায় খরচ যোগানোর সামর্থ্য নেই, মানবিক সরকার বা মানবিক অর্থমন্ত্রী দু' হাজার টাকা করে সেই পরিবারকে সাহায্য করার জন্য ঘোষণা

করেছেন। আমি শুধু বলতে চাই যে, মা-মাটি-মানুষের সরকারের নাম, মা-মাটি-মানুষের জন্য এই সরকার কাজ করে চলেছে এবং কাজ করে চলবে।তার শপথ আমাদের এই সদন থেকে, সরকারের সমস্ত মন্ত্রী এবং বিশেষ করে অর্থমন্ত্রী, তিনি মমতা ব্যানার্জীর স্বপ্নকে সফল করার চেষ্টা করছেন। তাই আমরা এই বাজেটকে সমর্থন করছি এবং এই বাজেট নিয়ে বাংলা আগামী দিন আরও বিশ্ব বাংলায় রূপান্তরিত হবে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবল ডেপুটি স্পীকার স্যার, মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জীর অনুপ্রেরণায় মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় গত ১০ ই ফেব্রুয়ারি ২০১৭-১৮ বর্ষে কর না বাড়িয়ে যে বাজেট পেশ করেছেন, আমি মনে করি এই বাজেট একটা সেরা বাজেট, এই বাজেট একটা মানবিক বাজেট এবং সাধারণ মানুষের বাজেট। তাই এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে পবিত্র সদনে দু-চারটি কথা বলতে চাই। বামফ্রন্টের বন্ধুরা, কংগ্রেস বন্ধুরা যারা বাজেট অধিবেশনকে বয়কট করে আমাদের সদনের বাইরে গিয়ে নকল পার্লামেন্ট করে যে নাটক তৈরী করছেন সংসদীয় গণতন্ত্রে, আমি মনে করি এটা বাংলার মানুষকে শুধু অপমান নয়, আমাদের সরকারকে শুধু অপমান নয়, বাংলার প্রায় সাড়ে ন' কোটি মানুষকে তারা অপমান করছেন। তাই বাংলার মানুষ এদের কখনও ক্ষমা করবে না। তাই তো আমরা দেখতে পাই স্যার, আস্তে আস্তে করে ওরা মানুষের কাছ থেকে দূরে সরে যাচ্ছে। ভঙ্গুর রাজনীতিতে পরিণত হয়েছে। ইতিহাস তার স্বাক্ষী। আজকের এই পবিত্র সদনে দাঁড়িয়ে মাননীয় দিলীপবাবু যে বক্তব্য রাখতে গিয়ে বললেন, যিনি কিছু দিন আগে, যখন আমাদের ভারতবর্ষের নোবেল বিজয়ী ডঃ অমর্ত্য সেনের বিরুদ্ধে, তিনি যেহেতু নোটবন্দীর বিরুদ্ধে বক্তব্য রেখেছিলেন, সেই জায়গাতে দাঁড়িয়ে তিনি যে ভাষায় তাঁর প্রতি আক্রমণ করেছেন, আমরা মনে করি তিনি বাংলাকে অপমান করেছেন, নিজে তো অপমানিত হয়েছেন, বাংলাকেও তিনি অপমানিত করেছেন এবং তিনি যে কথা বলতে গেছেন যে, এই বাজেট নাকি অবাস্তব, এই বাজেট নাকি দিশাহীন, সাধারণ মানুষের বাজেট নয়, এটা নাকি সাধারণ মানুষের স্বার্থের পরিপন্থী। তাই দিলীপবাবুর কাছে বলতে চাই, যতই আপনি কেন্দ্রীয় সরকারের সাফল্যের জয়গান গান না কেন, কিন্তু বাংলার মাটিতে দাঁড়িয়ে, বাংলার মানুষকে ভুল বুঝিয়ে, তাদের কখনও আপনি নিজের দলে আনতে পারবেন না।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি যে কথাটা বলতে চাইছি, আমাদের রাজ্য যে ভৌগোলিক এবং সাংস্কৃতিক দিকে থেকে যে পরিস্থিতি সেটা কিন্তু অন্যান্য রাজ্যের তুলনায় আলাদা। নোটবন্দি নিয়ে মানুষের পাশে দাঁড়িয়ে রাজ্য বাজেট পেশ করেছেন মাননীয় অর্থমন্ত্রী। স্বাভাবিক ভাবেই নোটবন্দির প্রভাব তো এই বাজেটে পড়বে, তা বাস্তব। অনারেবল ডেপুটি স্পীকার স্যার, একটা রাজ্যের সাফল্য নির্ভর করে সেই রাজ্যের জি.ডি.পি-র অগ্রগতির ওপর। যে কথাটা অন্যান্য বিধায়ক বন্ধুরাও আজকের বাজেট আলোচনা করতে গিয়ে বলেছেন। স্যার, আমরা যদি পর্যালোচনা করি তাহলে দেখতে পাব, বর্তমান সরকারের আমলে ২০১২-১৩ -র থেকে ২০১৬-১৭ পর্যন্ত রাজ্যের সমৃদ্ধির হার কেন্দ্রের গড় সমৃদ্ধির হারের চেয়ে উল্লেখযোগ্য ভাবে বেশি হয়েছে যা বামফ্রন্টের আমলে কখনও নিরবচ্ছিন্নভাবে ঘটেনি। স্যার, জি.ডি.পি-র সাপেক্ষে ২০১৫-১৬ অর্থবর্ষে রাজকোষ ঘাটতি ২০১৪-১৫ র তুলনায় যথেষ্ট কমেছে। ২০১৪-১৫ তে ছিল ৩.৪ শতাংশ। ২০১৫-১৬ তে এটা কমে দাঁড়িয়েছে ২.২৮ শতাংশ। ২০১৫-১৬ অর্থবর্ষে সংশোধীত বাজেটে যা ধরা হয়েছিল ২.৬ শতাংশ, তার চেয়েও কমেছে। এবং জি.ডি.পি-র সাপেক্ষে রাজ্যের রাজস্ব ঘাটতি এবারে উল্লেখযোগ্যভাবে কমেছে। এটা দায়িত্ব নিয়ে বলতে পারি। অনারেবল ডেপুটি স্পীকার স্যার, ২০১৪-১৫ তে রাজস্ব ঘাটতি ছিল ২.১ শতাংশ, ২০১৫-১৬ এটা ১.১৩

শতাংশে নেমেছে। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, বামফ্রন্টের শেষ বছরে এই রাজ্যের জি.ডি.পি-র সাপেক্ষে রাজকোষ এবং রাজস্ব ঘাটতি ছিল যথাক্রমে ৪.১ ও ৩.৬ শতাংশ। রাজ্যের রাজস্ব ঘাটতিকে শূন্য শতাংশে নামিয়ে আনতে পারলে অর্থাৎ, Fiscal Responsibility and Budget Management Act - এতে এটা বলা হয়েছে যে, যদি রাজস্ব ঘাটতিকে শূন্য শতাংশে আনতে পারি তাহলে রাজ্যের যে রাজস্ব শৃঙ্খলা তার একটা আশানুরূপ সাফল্য আসবে বলে আমরা মনে করি। স্যার, যদি আমরা আয়-ব্যয়ের দিকে লক্ষ্য রাখি, তাহলে আমরা দেখতে পাব, ২০১৭ ১৮ অর্থবর্ষে মোট রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য্য হয়েছে ১ লক্ষ ৪২ হাজার ৬৪৪ কোটি টাকা। এটা ২০১৬-১৭ অর্থবর্ষের তুলনায় প্রায় ১০.৫ শতাংশ বেশি। স্যার, ২০১৭-১৮ অর্থবর্ষে এ রাজ্যের পরিকল্পনা ব্যয় ধরা হয়েছে ৬৪ হাজার ৭৩৩ কোটি টাকা। ২০১৬-১৭ সালে ধরা হয়েছিল ৫৮ হাজার ৬৮ কোটি টাকা অর্থাৎ, বৃদ্ধির হার ১১.৫ শতাংশ। এখানে উল্লেখ্য যে, এই বৃদ্ধি বামফ্রন্টের শেষ বছরে পরিকল্পনা ব্যয় ছিল ১৪ হাজার ৬০০ কোটি টাকা। আর এই ব্যয় বামফ্রন্টের শেষ বছরের তুলনায় চারগুণের বেশি। মূলধনী ব্যয়ের দিকটা যদি আমরা লক্ষ্য করি তাহলেও আমরা স্যার, দেখতে পাব যে, আমাদের বাজেট পেশের সময় মাননীয় অর্থমন্ত্রী খুব জোড়াল ভাষায় উল্লেখ করেছেন যে, ২০১৬-১৭ অর্থবর্ষে রাজ্যের মূলধনী ব্যয় বামফ্রন্ট সরকারের শেষ বছরের তুলনায় সাতগুণের বেশি বেড়েছে। বামফ্রন্টের শেষ বছরে ছিল ২ হাজার ২২৬ কোটি টাকা আর সেটা ২০১৬-১৭ তে এসে প্রায় ১৬ হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে। উল্লেখযোগ্য যে, বামফ্রন্টের শেষ পাঁচ বছরের তুলনায় রাজ্যের এই সরকারের প্রথম মূলধনী ব্যয় প্রায় তিনগুণ বেড়েছে।

বামফ্রন্টের ৫ বছরে ছিল ১৩ হাজার ৬৪৭ কোটি টাকা। আর, বর্তমান সরকারের ৫ বছরে তা হয় ৪০ হাজার ৬৫ কোটি টাকা। তাহলে ২০১৭-১৮ সালে মূলধনী ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে আগের বছরের থেকে ২০ শতাংশ বেশি।

অনারেবল ডেপুটি স্পীকার স্যার, একটা দেশের অগ্রগতি নির্ভর করে আমাদের স্টেট প্ল্যান এক্সপেন্ডিচারের ওপর। কতটা আমরা এক্সপেন্ডিচার করতে পারলাম, তার অগ্রগতির ওপর দেশের সামগ্রিক চিত্রটা আমরা বুঝতে পারি। স্যার, স্টেট প্ল্যান এক্সপেন্ডিচার, যেটা বলা হচ্ছে in crore -এ, ২০১০-১১ সালে স্যার যেখানে ছিল ১১ হাজার ১৩৭.৮৫ ক্রোড়স ২০১১-১২তে সেটা দাঁড়িয়েছে ১৪ হাজার ৭৪.৫২ ক্রোড়স। ২০১২-১৩তে সেটা দাঁড়িয়েছে ১৮ হাজার ৯৯৪.১১ ক্রোড়স। ২০১৩-১৪তে দাঁড়িয়েছে ২৪ হাজার ২০৭.১১০। ২০১৪-১৫তে দাঁড়িয়েছে ৩৯ হাজার ৪৪৪.২০ ক্রোড়স। এবং ২০১৫-১৬তে সেটা দাঁড়িয়েছে ৫১ হাজার ৩৮৫.৪২ ক্রোড়স। এর দ্বারা বোঝা যায় একটা দেশ, একটা রাজ্য কীভাবে এগিয়ে চলেছে। আজকে বিরোধী বন্ধুরা, যাঁরা বলছেন এই বাজেট দিশাহীন, অবাস্তব, সাধারণ মানুষের স্বার্থে বাজেট নয় আমি তাদের উদাহরণ দিয়ে এই কথাগুলো বলতে চাই যে, স্টেট প্ল্যানের মধ্যে দিয়ে পশ্চিমবাংলা দিনের পর দিন যেভাবে এগিয়ে চলেছে তাতে আগামীদিন সারা ভারতবর্ষের মধ্যে বাংলা নিজেদের একটা স্থান করে নিতে পারবে।

স্টেট ওন্ড ট্যাক্স রেভিনিউ যদি আমরা দেখি, তার থেকেও আমরা দেখতে পাব, তার যে পরিমাণ, যেটা দেখা যাচ্ছে তাতে আমরা দেখতে পাচ্ছি স্যার, ২০১০-১১তে ছিল ২৩ হাজার ২২৮.৭৪ ক্রোড়স।২০১১-১২তে সেটা দাঁড়ায় ২৪ হাজার ৯৩৮.১৬ ক্রোড়স। ২০১২-১৩তে দাঁড়ায় ৩২ হাজার ৮০৮.৪৯ ক্রোড়স।২০১৩-১৪তে দাঁড়ায় ৩৫ হাজার ৮৩০.৫৬ ক্রোড়স। ২০১৪-১৫তে দাঁড়ায় ৩৯ হাজার ৪১১.৯৬ ক্রোড়স। এবং ২০১৫-১৬তে দাঁড়ায় ৪২ হাজার ৪৯২.০৮ ক্রোড়স। স্টেট অ্যান্ড ট্যাক্স রেভিনিউর মধ্যে দিয়ে আমাদের এই সরকারের সাফল্য এতে তুলে ধরেছেন মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র। তাই এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীমতী ফিরদৌসী বেগম : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী ২০১৭-১৮ অর্থ বছরের জন্য যে বাজেট ১০-ই ফেব্রুয়ারি পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কিছু বলতে চাই।

কেন্দ্রীয় সরকারের হঠাৎ নোট বাতিলের সিদ্ধান্তে রাজ্য জুড়ে এবং আমাদের দেশে যে একটা বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছিল তার প্রভাব আমাদের রাজ্যেও পড়েছিল। সাধারণ খেটে-খাওয়া মানুষের ওপর এর প্রভাব বেশী পড়েছিল। আর, বাম আমলে করা ঋণের দায় সেটাও এই সরকারকে বয়ে নিয়ে যেতে হচ্ছে। গত ১লা ফেব্রুয়ারি ২০১৭ তারিখে কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছিল, অনেকে অনেক কথা বলে গেল একটু আগে, কিন্তু সেই বাজেট একেবারেই দৃষ্টিহীন, দিশাহীন, ভিত্তিহীন, প্রভাবহীন ও অমানবিক। তার সঙ্গে এই সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটা মানবিক বাজেট। কীভাবে মানবিক বাজেট পেশ করতে হয় সেটা দেখিয়ে দিয়েছেন এই বাজেটের মধ্যে দিয়ে।

আমরা দেখতে পাচ্ছি এই বাজেট সম্পূর্ণ সাধারণ মানুষের জন্য, তাই অভিনন্দন জানাই মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। আমাদের সরকারের টাকার অভাব সত্ত্বেও নির্বাচনী ইস্তেহারে ২০১১ থেকে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সেই প্রতিশ্রুতি এখনও পর্যন্ত পালন করে যাওয়া হচ্ছে। তার সঙ্গে নতুন যে বাজেট পেশ হয়েছে, তাতেও নতুন করে বাজেটের বরাদ্দ বাড়ানো হয়েছে। সব প্রকল্পগুলোই কিন্তু মানুষের উন্নয়নের জন্য এবং প্রত্যেকটাতেই মানুষ উপকৃত হবেন। স্যার, ই -গভর্নেন্স চালু করে মাননীয় অর্থমন্ত্রী রাজস্ব আদায় করেছেন। কিন্তু কোন করের বোঝা সাধারণ মানুষের উপর চাপানো হয়নি। এই নোট বাতিলের প্রভাবে প্রচুর মানুষের ক্ষতি হয়েছে। সেখানে সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে আমাদের কারিগররা। যারা বিভিন্ন জায়গায় কাজ করত তারা দেশে ফিরে এসেছে। কৃষকরাও ক্ষতিগ্রস্ত হয়েছে। সেই জায়গায় দাঁড়িয়ে একশো কোটি টাকার একটা তহবিল কৃষকদের জন্য মাননীয় অর্থমন্ত্রী রেখেছেন। যাতে করে কৃষকরা সেই অর্থের সাহায্যে নিজেরা আবার এগিয়ে যেতে পারে। তার সঙ্গে কর্মহীন ৫০ হাজার শ্রমিক যারা বিভিন্ন জায়গা থেকে ফিরে এসেছেন তাদের জন্যও একটা তহবিল গঠন করা হয়েছে। ৫০ হাজার টাকার একটা অনুমোদন তাদের দেওয়া হবে এককালীন। সেটা নিলে তারা নিজেদের পায়ে দাঁড়াতে পারবেন, সাবলম্বী হতে পারবেন - এটা একটা ভাল সিদ্ধান্ত নিয়েছেন। আমি ধন্যবাদ দিতে চাই মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে কারণ মহিলা হিসাবে -৩৪ বছর ধরে যে সরকার চলেছিল সেই সরকার মহিলাদের জন্য কোন চিন্তাভাবনা করেনি, কিন্তু এই সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মহিলাদের জন্য তিনি বিভিন্ন উন্নয়ন প্রকল্প রেখেছিলেন, তার মধ্যে আমরা দেখেছি - আজকে এই বাজেটে যে সিদ্ধান্ত হয়েছে এবং আমরা বাজেটে দেখতে পেয়েছি অঙ্গনওয়াড়ী, আশা এবং যারা সহায়িকা - এই কর্মীরা যারা, তাদের জন্য ২০১১ সালে একটা বরাদ্দ করা হয়েছিল। বেড়েছিল তাদের ভাতা। তার সঙ্গে তারা এবছরও স্বাস্থ্যসাথী বিমাতে এসেছে। তার সঙ্গে তাদের ৫০০ টাকা করে আরো ভাতা বাড়ানো হয়েছে। কারণ বাংলার প্রত্যেকটা ঘরের মা, সদ্যোজাত শিশু, গর্ভবতী মহিলা যারা থাকেন প্রত্যেকের জন্য তারাই সেবা করেন এবং তারাই বিভিন্ন পরিকল্পনা -মাননীয়া মুখ্যমন্ত্রীর সরকারের যে পরিকল্পনা প্রকল্প তারা পৌঁছে দেয়। তাদের দেখার জন্য কেউ নেই। সেটাই করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী, আমাদের সরকারের নেত্রী। আমরা বিভিন্ন ধরনের উন্নয়ন দেখেছি। সর্বস্তরের মানুষের জন্য এই বাজেট তৈরি হয়েছে, সব মানুষের কথা বলা হয়েছে। সকলস্তরের মানুষের জন্যই এই বাজেট। তাও একটু বলি- সংখ্যালঘু উন্নয়নের জন্য আমি সংখ্যালঘুর ঘরের মহিলা, বউ হিসাবে বলতে চাই এই বাজেটে আমাদের সরকার আন্তরিক। বরাবরই আন্তরিক,

এবারেও তিনি সংখ্যালঘু দপ্তরের জন্য বেশ কিছু টাকা বরাদ্দ করেছেন। উন্নয়নের জন্য সেই বরাদ্দ হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ক্ষমতায় আসার পর তিনি কন্টিনিউ এটা বাড়িয়ে চলেছেন। আড়াইশো কোটি টাকা প্রথমে বরাদ্দ ছিল। এবারে ২০১৭-১৮ তে বেড়ে ৪ হাজার আটশো পনেরো পয়েন্ট পঁয়ষট্টি কোটি টাকা আরো বাড়ানো হয়েছে। এই নোটবন্দিকে উপেক্ষা করে এবং ঋণের বোঝা মাথায় নিয়ে তা সত্ত্বেও কিন্তু এই বাজেটে এখানে বাড়ানো হয়েছে। সংখ্যালঘু মহল থেকে এটা প্রশংসনীয়, এই বরাদ্দ বাড়ানোর জন্য, সংখ্যালঘু উন্নয়নের অর্থ বৃদ্ধি পাওয়ার জন্য ইতিমধ্যে যে কাজগুলো ইনকমপ্লিট ছিল, সেগুলো শেষ হবে এবং বিভিন্নভাবে তদারকিও করা যাবে। আলিয়া বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়ন থেকে শুরু করে, হজ হাউস, ওয়াকফ বোর্ডের অধীনে হোস্টেল নির্মাণ প্রভৃতি কাজ- সবটাই কিন্তু এখান থেকে বাড়বে বা শেষ হবে আশা করা যায়। ৪ লক্ষ ৯৯ হাজার সংখ্যালঘু সম্প্রদায়ের বেকার যুবক যারা ছিল ২০১১ সাল থেকে এখনও পর্যন্ত ১৮০ কোটি টাকা ঋণ তাদের দেওয়া হয়েছে। বর্তমানে আরো বেড়ে এক লক্ষ ৩৬ হাজার মানুষ উপকৃত হবে এখান থেকে। বিগত পাঁচ বছরের সরকারের ২৩১ কোটি টাকা ব্যয়ে যে কবরস্থানগুলো ছিল, পবিত্রতা রক্ষা করার ক্ষেত্রে তিন হাজারের বেশি কবরস্থানে প্রাচীর দেওয়া হয়েছে। ২০১৬-১৭ তে আরো একশো কোটি টাকা বরাদ্দ দিয়ে সেখানে আরো কাজ চলছে। আর পার্বত্য অঞ্চলের জন্য বিশেষ জোর দিয়ে দ্য ওয়েস্ট বেঙ্গল পাহাড়ী মাইনোরিটি ডেভেলপমেন্ট বোর্ড গঠন করা হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী সেটা বাস্তবায়িত করার জন্য, এই বাজেটে সংখ্যালঘুদের জন্য যে বাজেট পেশ করেছেন তাতে পাহাড়ী অঞ্চলের সংখ্যালঘু মানুষ উপকৃত হবে।

আর নোটের চোটে বেসামাল আবাসন শিল্পকে ছন্দে ফেরাতে এই বারের বাজেটে মাননীয় অর্থমন্ত্রী ক্রেতাদের বেশ কিছু ছাড়ের সুবিধার প্রস্তাব রেখেছেন। যার মধ্যে রয়েছে বিক্রি, চুক্তিভিত্তিক হাত বদলের জন্য স্ট্যাম্প ডিউটি মেটানোর সুবিধা এবং রেজিস্ট্রেশানের ছাড় এই সবগুলো। এছাড়া যখনই বুকিং করবে, বুকিং করার সঙ্গেই ২% স্ট্যাম্প ডিউটি দিলেই চলবে, বাকি ৫% সেটা চার বছর ধরে ধাপে ধাপে আদায় করতে পারবে। এই সময়ে কোন পরিবারের অন্য সদস্য যদি মনে করেন নিজের কারো নামে নথীভুক্ত করবে রেজিস্ট্রেশান চার্জ যেটা আলাদা আলাদা দিতে হত সেই জায়গায় এই একই সুবিধার মধ্যে তারা এই ট্রান্সফারটা করতে পারবে। এই একটা ছাড় আছে। আরো একটা যেটা, এক বছরের মধ্যে যদি সেই রেজিস্ট্রেশানটা ছেড়ে দেওয়া হয় বাড়ি কেনার, তাহলে ২০% ছাড় সেখানে অটোমেটিক ক্রেতারা পেয়ে যাচ্ছে। নতুন প্রস্তাবে যেমন নির্মাণ সংস্থা, যারা নির্মাণ করছে, যারা ক্রেতা এবং সরকার - এই পর পর তিন পক্ষই লাভবান হবে। এই ফ্ল্যাট কেনার পর যেটা রেজিস্ট্রেশান করার ক্ষেত্রে যে সমস্যা হত সেখানে তারা অধিকার পেত না। সেই ক্ষেত্রে সাধারণ মানুষের হয়রানি বা পজিশান নিতে নিতে অনেক সময় লাগতো এবং সরকারের খাতে একটা রেভিনিউ লস হত। সেই রেভিনিউটাও আসছে এখান থেকে। তাই আমরা বলতে চাই, এই আবাসন শিল্পকে বাঁচাতে এবং ক্রেতাদের সুবিধার্থে এই বাজেটে মাননীয়া মুখ্যমন্ত্রী, আমাদের অর্থমন্ত্রী একটা নতুন দিশা দেখিয়েছেন। বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা এই বাজেটের মধ্যে আছে আমরা দেখেছি। সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী বার বার আমাদের পাশে দাঁড়িয়েছেন এবং বিভিন্ন রকম সহযোগিতা করেছেন। আর আজকে হাউসে আমাদের আর একপক্ষ আছেন। ওনাদের কয়েকজন আছেন। তাঁরা তাঁদের মত করে কিছু বক্তব্য রাখছেন কিন্তু সরকারীভাবে যদি কেউ বলতে চাইতেন বা এই হাউসে সবাই উপস্থিত হতে পারেনি একটাই কারণে আমার মনে হয় এই বাজেট বইয়ে যে পরিকল্পনা ২০১১ থেকে নেওয়া হয়েছে, যে উন্নয়নের জোয়ার উঠেছিল সেই উন্নয়নের জোয়ার উন্নয়নের বন্যার মত প্রভাব ফেলছে এই বাজেটে। কারণ তারা কোন বক্তব্য রাখতে পারবেন না এবং কিছু

বলতে পারবে না। সেটাকে মাথায় রেখে তারা পালিয়ে যেতে ব্যস্ত। মাইনোরিটি ডিপার্টমেন্ট থেকে অনেক রকম কাজ হচ্ছে। সেখানে কিছু কমিউনিটি হল হচ্ছে স্যার, আমার মনে হয় ওনাদের নাটক করার জন্য একটা কমিউনিটি হল যদি অ্যাসেম্বলীর বাইরে করা হত, সেখানে বসে নাটকটা অন্ততঃ দেখাতে পারতো। আমাদের প্রেস, মিডিয়ার সামনে ব্যাপারটা আসতো। তাই সব শেষে বলতে চাই, মা মাটি-মানুষের সরকারের এই বাজেট এটা হচ্ছে দেশের সেরা বাজেট। কবির ভাষায় আমি বলতে চাই, জীবনানন্দ দাসের রূপসী বাংলার " আবার আসিব ফিরে, ধান সিঁড়িটির তীরে এই বাংলায়, নবান্নের দেশে।" ধন্যবাদ।

শ্রীমতী নমিতা সাহা : মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে এই পবিত্র সদনে গত ১০ তারিখে আমাদের অর্থমন্ত্রী মাননীয় অমিত মিত্র মহাশয় ২০১৭-১৮ - এর বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কিছু কথা বলতে চাই। ডেপুটি স্পীকার স্যার, আপনারা জানেন গত ১ লা ফেব্রুয়ারি সরস্বতী পূজোর দিন কেন্দ্রীয় বাজেট প্রকাশিত হয়েছিল কিন্তু আমারা দেখেছি সেই বাজেট দিশাহীন, হৃদয়হীন এবং তার কোন রুট ম্যাপ ছিল না। সেই রকম পরিস্থিতির মধ্যে দিয়ে আমরা দেখতে পেলাম বাংলার জন্য সেই রকম কিছু ব্যবস্থা কেন্দ্রীয় বাজেটে ছিল না কিন্তু আমাদের মানবিক মুখ্যমন্ত্রী, তিনি ২০১১ থেকে ২০১৬ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের উন্নয়নের যাত্রা শুরু হয়েছিল। সর্বপ্রথম সেই উন্নয়নের যাত্রা ২০০৮ থেকে শুরু হয়ে তারপরে ২০১১ থেকে ২০১৬ সাল পর্যন্ত বাংলার মানুষ দেখেছে পশ্চিমবাংলায় কী উন্নয়ন হয়েছে। আমরা দেখলাম একদিকে নোট বাতিলের যে কর্মকাণ্ড বাংলা তথা ভারতবর্ষে শুরু হয়েছে, সেই রকম একটা সময়ে এবং বামফ্রন্ট সরকারের ফেলে রেখে যাওয়া ঋণ, সরকার ঋণে ঝাঁঝরা হয়েছিল।

সেই রকম একটা সময়ে আমাদের যে বাজেট, এই বাজেটে বাংলার সর্বস্তরের মানুষের কথা বলা হয়েছে। করের বোঝায় সাধারণ মানুষকে রেহাই দেওয়া হয়েছে। বিশেষ বিশেষ জায়গায় কর ধার্য করা হয়েছে। এই মা-মাটি-মানুষের সরকারের যে উন্নয়নমূলক প্রকল্পগুলি, সেই প্রকল্পগুলিতে আমরা দেখলাম যে 'সবুজসাথী' প্রকল্প থেকে শুরু করে 'শিক্ষাশ্রী' প্রকল্প, 'খাদ্যসাথী' প্রকল্প, 'যুবশ্রী' প্রকল্প থেকে শুরু করে বিভিন্ন প্রকল্পের উন্নয়নের জয়যাত্রা। আমরা তাই এই বাজেটে দেখলাম যে, সর্বপ্রথমে বলব 'কন্যাশ্রী' প্রকল্প। আমরা জানি কন্যা পৃথিবীর শ্রেষ্ঠ সম্পদ। আমরা প্রত্যেকে জানি যে কন্যা পৃথিবীর সম্পদ। এই কথা কিন্তু কেউ আগে বলেনি। বিগত সরকার চিন্তা-ভাবনা করেনি। কন্যাদের সম্বন্ধে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী,তাঁর মস্তিষ্কপ্রসূত এই 'কন্যাশ্রী' প্রকল্প। যে প্রকল্পের মধ্য দিয়ে কন্যারা এগিয়ে চলছে শিক্ষায় দীক্ষায় এবং সর্বস্তরে। সেই কন্যাদের জন্য সর্বপ্রথমে এই প্রকল্পে ধার্য্য হয়েছিল ৫০০ টাকা। পরবর্তীকালে এই পবিত্র সদনে কন্যাশ্রী প্রকল্পে ধার্য্য হয়েছে ৭৫০ টাকা। তারপরে আমরা দেখলাম যে উচ্চ মাধ্যমিক পাশ করার পর কন্যারা এককালীন ২৫ হাজার টাকা পাবে। সেই সুব্যবস্থা আমাদের সরকার করেছেন। কন্যারা এগিয়ে চলছে। আমরা দেখছি কন্যারা হারিয়ে গিয়েছিল। শিক্ষায় দীক্ষায় পিছিয়ে পড়েছিল। বাবা-মায়ের কাছে কন্যারা বোঝা ছিল। আজকে ৬০% কন্যা, একটা স্কুলে গিয়ে আমরা যদি দেখি তাহলে দেখব ৬০% কন্যা পড়াশোনার দিকে এগিয়ে যাচ্ছে। ৪০% সেখানে ছেলে। তাই আপনাদের বলব কন্যাশ্রী প্রকল্পের মধ্য দিয়ে শিক্ষার জয়যাত্রা শুরু হয়েছে। এরপরে আমরা বলব 'খাদ্যসাথী' প্রকল্প। খাদ্যসাথী প্রকল্পে আমরা দেখেছি যে বাংলার মানুষ, প্রায় দশ কোটি মানুষ এই খাদ্যসাথী প্রকল্পের মধ্যে, অর্থাৎ নয়কোটি মানুষ এই খাদ্যসাথী প্রকল্পের সুবিধা পেয়েছে। আমরা রাস্তা-ঘাটে যখন চলাফেরা করতাম, আমরা ট্রেনপথে যখন আসতাম, আমরা যখন বাড়িতে থাকতাম, আমরা দেখতাম ভিখারীতে ছয়লাপ।

আজ কিন্তু বাংলায় একটাও ভিখারী দেখতে পাওয়া যায় না। খাদ্যের দিক থেকে দেখেছি যে ডিজিটাল কার্ড দেওয়া হয়েছে। এ এ ওয়াই, এছাড়া এস পি এইচ এইচ,পি এইচ এইচ, আর কে এস ওয়াই -ওয়ান, আর কে এস ওয়াই -টু, তার মধ্য দিয়ে যে বণ্টন ব্যবস্থা খাদ্যসাথী প্রকল্পের মধ্য দিয়ে, মানুষ এগিয়ে যাচ্ছে, খাদ্য পাচ্ছে, মানুষ সুখে, শান্তিতে থাকছে। আমরা দেখলাম 'গীতাঞ্জলি'প্রকল্প, মানুষের মাথায় ছাদ ছিল না। মানুষ বাস করত রেল লাইনের ঝুপড়িতে। মানুষ বাস করত খাল পাড়ের ঝুপড়িতে। মানুষ 'গীতাঞ্জলি' প্রকল্পের মধ্য দিয়ে মাথার উপর ছাদ পেয়েছে। আমরা দেখছি যে আই সি ডি এসের মেয়েরা সর্বপ্রথম যখন কাজ করে, তারপরে তাদের কিছুটা অনারারিয়াম বাড়ানো হয়েছিল। পরবর্তীকালে- এই বছরে ২০১৭-১৮ তে তাদের অনারারিয়াম আবার পাঁচশো টাকা করে বাড়ানো হয়েছে। তাদের 'স্বাস্থ্যসাথী' প্রকল্পের আওতায় আনা হয়েছে। শুধু তাই নয় দু'লক্ষেরও বেশি এই আই সি ডি এস কর্মী এবং সহায়িকা, তাদের সুব্যবস্থা করা হয়েছে। শুধু তাই নয়, আমরা জানি আশা প্রকল্পের মেয়েরা যারা কাজ করে, তারা প্রথমে হতাশায় ভুগত। তারা বলত আমরা এত পরিশ্রম করি, আমরা কি পাচ্ছি? আমাদের মুখ্যমন্ত্রী কিন্তু মানবিক মুখ্যমন্ত্রী। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ২০১৩ সালে নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে আশার মেয়েদের ডাকলেন। সেখানে তারা উপস্থিত হল। ২০১৩ সালের ১৩ই মে ১৩০০ টাকা তাদের অনারারিয়াম বাড়িয়ে দিয়েছেন। কিন্তু এই ১৭-১৮ অর্থবর্ষে বাজেটে আবার তাদের পাঁচশো টাকা অনারারিয়াম বাড়ানো হয়েছে এবং স্বাস্থ্যসাথী প্রকল্পের মধ্যে তাদেরও আনা হয়েছে।

এইভাবে ৫০ হাজার আশাকর্মীরা সুবিধাভোগ করবে এই বাজেটের মধ্যে দিয়ে। তাই আমি বলতে চাই যে বিরোধীরা অনেক কথা বলছে, অনেক কিছু অপব্যাখ্যা করছে মা-মাটি-মানুষের সরকারের নামে। গতকাল আমার বাড়ির কাছাকাছি দুই মিনিটের পথ একটা থানা আছে সেখানে তারা একটা পথসভা করছিল। পথসভায় শুধু মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রীর নামে নানা কথা বলছিল। এদের এছাড়া অন্য উপায় নেই। তাই আমরা দেখছি প্রতিদিন হাউজ ত্যাগ করছে। এরা কি বিরুদ্ধাচারণ করবে ? এদের বিরুদ্ধাচারণের কোন ভাষা নেই এটা আমরা ভাল মতন জানি। আমরা জানি যে সাধারণ মানুষের স্বাস্থ্য ভাল রাখতে হবে এবং ভাল রাখার জন্য আমাদের রাজ্যে চিকিৎসা করা হয় তারজন্য বিভিন্ন হসপিটাল আছে। সেই হসপিটালগুলিতে সুচিকিৎসা দেওয়া হচ্ছে। বিনা পয়সায় চিকিৎসা, স্বাস্থ্য পরীক্ষা, বিনা পয়সায় বেড তাদের দেওয়া হচ্ছে। আমরা দেখলাম যুবশ্রী প্রকল্প এবং গতিধারা প্রকল্প সবদিক থেকে এগিয়ে যাচ্ছে। সুন্দরবন এলাকার মতন জায়গায় সেখান থেকে প্রসূতি মায়েরা তাঁরা চিকিৎসা করার জন্য অনেক অসুবিধা হয়। তাদের জন্য তিনটি জায়গাতে ওয়েটিং হাট তৈরি করা হয়েছে। তাই আমি বলতে চাই আমাদের সরকারের মুখ্যমন্ত্রী তিনি মানবিক মুখ্যমন্ত্রী। তিনি যে প্রতিশ্রুতি দেন সেই প্রতিশ্রুতি পালনের মধ্যে দিয়েই তিনি এগিয়ে চলছেন। তাই আমাদের এই সরকারকে আরো উন্নয়নশীল সরকার সারা বাংলা কেন অন্যান্য স্টেট এই সরকারকে অনুকরণ করে এগিয়ে যাচ্ছে। আমার সময় প্রায় শেষ তাই আমি বলতে চাই এই বাংলা আগামী দিনে বিশ্ব বাংলায় পরিণত হবে সেটা আমাদের সবাইয়ের জানা। তাই আমি পুনরায় আমাদের অর্থমন্ত্রীকে আর একবার বলব তিনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সর্বাঙ্গীণ সুন্দর এবং সাধারণ মানুষের জন্য এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ।

শ্রী শ্রীকান্ত মাহাত : স্যার ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে বাজেট বিবৃতি পেশ করেছেন সেই বাজেট বিবৃতিকে সমর্থন জানিয়ে একটা দুটো কথা এই বাজেটের

সমর্থনের পক্ষে এই সদনে উপস্থাপন করার চেষ্টা করছি। স্যার আমি আপনার কাছে বলতে চাই যে আমাদের অর্থমন্ত্রী খুব বিচক্ষণতার সঙ্গে বিগত পাঁচ বছর এই পশ্চিমবাংলার অর্থব্যবস্থা পরিচালনা করেছেন। পশ্চিমবাংলায় যে বিগত সরকার ছিল সেই বিগত বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার অর্থ ব্যবস্থাকে কঙ্কাল ব্যবস্থা তৈরি করে দিয়ে গিয়েছিল। শুধু তাই নয় পশ্চিমবঙ্গ সরকারের ঋণের যে বেহাল দশা ২ লক্ষ ৪০ হাজার কোটি টাকা -যে ঋণের বেহাল দশা তৈরি করেছিল সেই দশা থেকে বাংলাকে কীভাবে বাঁচানো যাবে, বাংলার মানুষকে কীভাবে অন্ন, বস্ত্র, বাসস্থান দেওয়া যাবে,খাবার দেওয়া যাবে, শিক্ষা দেওয়া যাবে, স্বাস্থ্য দেওয়া যাবে সঙ্গে সঙ্গে বাংলার কি করে উন্নয়ন করা যায় সেই উন্নয়নের ব্যাপারে তিনি বিদগ্ধতার এবং বিচক্ষণতার পরিচয় দিয়েছেন। শুধু তাই নয় একটা নিরোগগ্রস্ত রাজ্যকে এগিয়ে নিয়ে আসার পরিকল্পনার সঙ্গে সঙ্গে নতুন নতুন কিছু পরিকল্পনা গ্রহণ করে সারা ভারতবর্ষে অন্যান্য রাজ্যের সঙ্গে আমাদের রাজ্যে একটা চমকপ্রদ পরিস্থিতি এবং একটা উন্নয়নমুখী পরিস্থিতি তৈরি করেছেন আমাদের অর্থমন্ত্রী। তাই আমরা সমর্থন করতে চাই শুধু রাজনৈতিক ভাবে নয় যে কংগ্রেস, বি.জে.পি, সি.পি.আই.এম বিরোধিতা করছে,হই- হট্টগোল করছে শুধু রাজনৈতিকভাবে সরকারে আছি বলে বাজেটকে সমর্থন করছি সেটা বলছি না। কিছু যুক্তিবাদী কথা এবং পরিস্থিতি - প্রেক্ষাপট যেটা যুগোপযগী এবং যুগোপযগী প্রেক্ষাপটের জায়গা থেকে আমাদের মুখ্যমন্ত্রীর সহযোগিতা সাহায্য নিয়ে আমাদের অর্থমন্ত্রী বাংলাকে সুন্দরভাবে ঢেলে সাজানো, গোছানোর কাজকর্ম শুরু করেছেন এটাই আমরা বলতে চাই। আমি বলতে চাই আমাদের হাউজে এখানে যে সমস্ত প্রকল্প গুলি অর্থমন্ত্রী কম টাকার মধ্যে মানুষের কাছে এবং পশ্চিমবাংলার সাড়ে নয় কোটি মানুষের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন ঘটিয়ে মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান, স্বাস্থ্য, শিক্ষা, শান্তি এবং স্বাধীনতার একটা উন্নয়নমুখী পরিস্থিতি প্রেক্ষাপট তৈরি করেছেন।

প্রথম যখন ২০১১ সালে ক্ষমতায় এসেছেন তখন দেখেছেন কীভাবে ব্যাডিক্যালি জঙ্গলমহল থেকে পাহাড় পর্যন্ত ডেভেলাপমেন্ট করেছিলেন। আর এইবারের বাজেটে কীভাবে নতুন নতুন প্রকল্প নিয়ে এসে মানুষের কাছে একটা নতুন জায়গা তৈরি করা যায়। কেন আমি এই বাজেটকে যুগোপযোগী বাজেট বলছি স্যার? তার কারণ হচ্ছে আপনারা জানেন যে ইদানিং এই ভারতবর্ষে নোটবন্দির মধ্যে দিয়ে ভারতবর্ষের অর্থনীতিকে শেষ করে দিয়েছে আমাদের কেন্দ্রীয় সরকার, ভারতবর্ষের জি.ডি.পি. র রেটকে, জি.ডি.পি.র অবস্থাকে কোথায় নামিয়ে নিয়ে গিয়েছে। যখন ভারতবর্ষে অর্থনৈতিক বেহাল দশা, যখন নোটবন্দির মাধ্যমে লক্ষ লক্ষ মানুষ কর্মহীন হচ্ছে, দিল্লি, চেন্নাই, মুম্বাই থেকে অসংগঠিত শ্রমিক সোনার দোকানে কাজ করে, জোড়ির দোকানে কাজ করে তারা ফেরত এসেছে। তখন সেই সমস্ত কর্মহীন মানুষদের জন্য, কর্মহীন যুবক-যুবতীদের জন্য আমাদের অর্থমন্ত্রী ৫০ হাজার টাকা করে বরাদ্দের মধ্যে দিয়ে তাদের কর্মসংস্থান সৃষ্টি করে বাংলায় একটা নতুন চিন্তা ভাবনার সৃষ্টি করেছে। এর জন্য আমাদের অর্থমন্ত্রীকে ধন্যবাদ দেওয়া দরকার। আমাদের বাজেট বক্তৃতায় তাঁর প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা দরকার বিরোধীদের। কিন্তু সেটা তারা না করে তারা বয়কট করছে। শুধু তাই নয়, আমরা দেখেছি যে আমাদের সরকার আসার পর নতুন নতুন যেমন কলেজ হয়েছে, তেমনি নতুন নতুন বিশ্ববিদ্যালয় হয়েছে। প্রাইমারি স্কুল, আপার প্রাইমারি এবং কম খরচে টেন এবং ইলেভেন, টুয়েলভ পাশ করছে। পয়লা মাসে বেতন দেওয়ার হচ্ছে। এর সঙ্গে সঙ্গে চিন্তা করেছেন আমাদের মুখ্যমন্ত্রী অর্থ মন্ত্রীকে জানিয়েছেন যে কি কি জিনিস গুলো করলে আমাদের রাজ্যের ছেলে-মেয়েরা, আমাদের রাজ্যের মানুষ, আমাদের রাজ্যের নতুন প্রজন্মের আরো উন্নত দিশা তৈরি করা যায়। যেমন কন্যাশ্রী করেছে, যুবশ্রী করেছে, অধিকার করেছে, গীতাঞ্জলি করেছে, আমার বাড়ি করেছে, শিক্ষাশ্রী করেছে, দু'টাকা কেজি চাল দিয়েছে, জুতো দেওয়ার ব্যবস্থা তৈরি করেছে।

সঙ্গে সঙ্গে ব্যবস্থা করেছে প্রত্যেকটির ক্ষেত্রে যাতে মানুষের কাছে সেই বার্তাগুলো পৌঁছে দেওয়া যায়, যে বার্তার মধ্যে দিয়ে মানুষের ন্যূনতম অর্থ এবং দারিদ্র্য দূরিকরণ, অন্য-বস্ত্র-বাসস্থানের একটা ব্যাডিক্যালি ডেভেলাপমেন্টের মাধ্যমে কর্মসংস্থান করা যাবে। দেখবেন এই বই-এর মধ্যে লেখা আছে আমাদের জলসম্পদ বিভাগ থেকে যেমন চেকড্যাম্প হয়েছে, কৃষির উন্নয়নের জন্য সেচের ব্যবস্থা প্রতিটি ক্ষেত্রে দেখবেন অর্থ বেশি করে বরাদ্দ করা হয়েছে। যাতে সব ক্ষেতে, পরিকাঠামো ক্ষোত্রে, ডেভেলাপমেন্টের ক্ষেত্রে বেশি করে কাজে লাগানো যায়। দেখবেন এখানে প্রানীসম্পদ বিভাগ থেকে শুরু করে, খাদ্যপক্রিয়াকরণ শিল্প থেকে শুরু করে, মৎস্য বিভাগ থেকে শুরু করে প্রত্যেকটা বিভাগে নতুন নতুন প্রকল্প তৈরি করা হয়েছে। যে নতুন নতুন প্রকল্পগুলোর মধ্যে একটা নতুন সৃষ্টিশীল ভাবনা, ক্রিয়েটিভ ভাবনা দেখা গিয়েছে। যেটা কিন্তু ২০১১ সালের আগে কোনো বাজেটে কিন্তু এগুলো আমরা দেখতে পাইনি। যেমন সবুজশ্রী নামে একটা প্রকল্প, সবুজশ্রী প্রকল্পের মধ্যমে কী হচ্ছে? আজকে ফরেস্ট ডিপার্টমেন্টের মাধ্যমে একটা শিশু জন্মগ্রহণ করলে তাদের পরিবারের অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য কী করে তৈরি হবে, তার পরিবারের ওই কন্যা সন্তানটার কীভাবে অর্থনৈতিক উন্নতি করে মাথা উচু করে দাঁড়াবার জন্য পরিবারটাকে সাবলম্বী তৈরি করা যায় সেই প্রকল্পের সৃষ্টিশীল ভাবনা অর্থমন্ত্রী এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর মাথার মধ্যে এসেছে। যেটা কিন্তু ভারতবর্ষের অন্য কোনো রাজ্যের বাজেটে খুঁজলে এইরকম সৃষ্টিশীল ভাবনাগুলো আপনি দেখতে পাবেন না। আমি মনে করি জাতি, দল নির্বিশেষে সমস্ত মানুষ অর্থমন্ত্রীকে ধন্যবাদ দেওয়ার দরকার আছে। এইখানে বলছিল- বি.জে.পি বড় বড় কথা বলে, লম্বা লম্বা কথা বলে। এর আগে বলেছিল ৫০ দিন পেরিয়ে গেলে সব সমস্যার সমাধান হয়ে যাবে। এটা প্রথম লাইন, আর ভারতবর্ষের কোনো মানুষকে লাইন দিতে হবে না। রেশনে লাইন যেমন সপ্তাহে সপ্তাহে, মাসে মাসে, বছর বছর দিতে হয়, এতে একবার লাইন দিতে হচ্ছে। ৫০ দিন পেরিয়ে গিয়েছে কিন্তু এখনও লাইন দিতে হচ্ছে। এখনও ব্যাঙ্কের অর্থনৈতিক অবস্থা ঠিক হয়নি। স্বশাসিত রিজার্ভব্যাঙ্কের গভর্নর উর্জিত প্যাটেল বলছে কবে টাকার সমস্যার সমাধান হবে এই কথাটা আমরা বলতে পারব না। বাজেটেও কিন্তু তারা বলতে পারেনি। সেটার ব্যাপারে সি.পি.এম. এবং কংগ্রেস কিন্তু বিরোধিতা করছে না। আমাদের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলছে। তাই এই বাজেট সমস্ত চড়াই উতরাইকে অতিক্রম করে, ভারতবর্ষের অর্থনীতি যখন বেহাল অবস্থা হচ্ছে, যখন জি.ডি.পি. কমে যাচ্ছে, তখন আমাদের বাজেটের মধ্যে দিয়ে রাজ্যের ক্ষতি হতে পারে, কর্মসংস্থানহীন হতে পারে, কাজ হারিয়ে যেতে পারে সেগুলো যাতে সৃষ্টি করা যায় তার জন্য মাননীয় অর্থমন্ত্রী নতুন সৃষ্টিশীল ভাবনার মধ্যে দিয়ে একটা নতুন কার্যক্রম পরকল্পনা গ্রহণ করেছে এই বাজেটের মধ্যে।

তাই আমাদের অর্থমন্ত্রীকে সকলের কৃতজ্ঞতা জানানো দরকার। যেমন, স্যার, দেখবেন এখানে কিছু কিছু জিনিস আছে যেগুলো আমরা কল্পনা করতে পারিনি। সেগুলো এই প্রকল্পের মধ্যে এসেছে। আমাদের উত্তরবঙ্গে যাবেন দেখবেন কীভাবে ইকো ট্যুরিজম - ৪১টা ইকো ট্যুরিজম কেন্দ্রগুলোর নাম এবং পরিকাঠামো উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ হয়েছে। পুরুলিয়াতে যাবেন অযোধ্যা পাহাড় থেকে বাঁকুড়া থেকে মুকুটমণিপুর - কীভাবে উন্নয়ন হয়েছে। যে উন্নয়নগুলো আমরা আশা করতে পারিনি। আমাদের রাজ্যের এত অর্থনৈতিক দুর্দশা, এত বেহাল দশা তার মধ্যেও আমাদের অর্থমন্ত্রী সব ক্ষেত্রে টাকা বরাদ্দ করে রাজ্যের লোককে একটা দুর্দশার মধ্যেও বেঁচে থাকার একটা পথ তৈরী করে দিয়েছে। তাই আমরা আমাদের অর্থমন্ত্রীকে কৃতজ্ঞতা জানাব, ধন্যবাদ জানাব। এই বাজেটও কিন্তু তাঁর সৃষ্টিশীল ভাবনার কার্যক্রম তৈরী করছে। তাই আমি আপনাদের কাছে বলতে চাই আমাদের অর্থমন্ত্রীর যে চিন্তাভাবনা কার্যক্রম সেটা যুগোপযোগী এবং প্রেক্ষাপট যুক্ত এবং আমাদের রাজ্যকে পরিস্থিতি

খারাপের মধ্যে দিয়েও বাঁচানোর একটা জায়গা তাই আমরা সবাই মিলে এবং বিরোধী দলমত নির্বিশেষে সবাই মিলে এই বাজেটকে সমর্থন করা দরকার। আমিও এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে, ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অরূপ খাঁ : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রের ২০১৭-১৮ সালের যে বাজেট বিবৃতি দিয়েছেন ১০ই ফেব্রুয়ারী তাকে সমর্থন জানিয়ে কয়েকটি বিষয়ের উপরে আলোচনা করছি। আমাদের-মা-মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের অর্থমন্ত্রীর মাধ্যমে যা প্রতিফলিত হয়েছে এই বাজেটে, সবচেয়ে যেটা বড় দিক হল যে আজকের নোটবন্দী খেলার ফলে সারা ভারতবর্ষের সাথে সাথে বাংলায় মেহনতী গরীব মানুষ, কৃষক, শ্রমিক তাদের কাজের সময়ে, কৃষকদের চাষের মরশুমে নাবি মরশুমে, বোরো চাষের সময়ে যখন মাঠের ধান কাটা হচ্ছে সেই সময়ে এইরকম একটা সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকারের, সমবায়গুলোকে বন্ধ করে দেওয়া হল যার মাধ্যমে কৃষক তার ঋণ পান। এইরকম অদ্ভুত একটা পরিস্থিতির মধ্যে দিয়ে বাংলার খেটে খাওয়া মানুষ, তার উৎপাদন ক্ষমতা হ্রাস পেল। কারণ কৃষকরা তার ঋণ পেলেন না। সার কিনতে পারলেন না। এই পরিস্থিতির মধ্যে দিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বাংলার বুকে উন্নয়নের যে কর্মযজ্ঞ পরিবর্তনের সরকারের পর তা কিন্তু চেষ্টা করে এগিয়ে নিয়ে গেছেন। ২০১৭-১৮ সালের বাজেটে তার প্রতিফলন ঘটিয়েছেন মাননীয় অর্থমন্ত্রীর মাধ্যমে। আমরা ছোটবেলায় বইয়েতে পড়তাম তিনটে জিনিসের কথা। একটা মানুষের জীবনধারণের জন্য তিনটি জিনিসের প্রয়োজন। এগুলো হচ্ছে খাদ্য, লজ্জা নিবারণের জন্য বস্ত্র,তৃতীয় হচ্ছে রোদ ও বৃষ্টির হাত থেকে বাঁচবার জন্য একটা আচ্ছাদন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই খাদ্যসাথী প্রকল্পের মাধ্যমে প্রায় আট কোটির উপর মানুষকে এর আওতায় অন্তর্ভুক্ত করেছেন যাতে গরীব মানুষেরা কম দামে খাদ্য পায়।

আগে কি ছিল? আগের সরকারের আমলে গরীব মানুষরা ঘর পেত কখন? যদি তার বি. পি. এল. তালিকায় নাম থাকত, তখন সে ঘর পেত আই এ ওয়াই এর মাধ্যমে। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বললেন যে বি পি এল তালিকা ভুলে ভরা। বহু গরীব মানুষের নাম নেই। তাহলে তারা কি কোনদিন বাড়ী পাবেন না? তাই তিনি প্রকল্প ঘোষণা করলেন- 'আমার বাড়ী, আমার ঠিকানা,' 'গীতাঞ্জলি'। এই আবাসন প্রকল্পের মাধ্যমে মানুষের কাছে ঘর আচ্ছাদন পৌঁছে যাচ্ছে। এই বছর এই বাজেটে প্রতিফলিত হয়েছে প্রায় দু লক্ষের উপরে বাড়ী। দেখবেন এই বাজেটে প্রতিফলিত হয়েছে ২ লক্ষ ৮২ হাজার ৮৩৭ টি গৃহ। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে বলি, 'কন্যাশ্রী' প্রকল্পের কথা বাংলার বুকে দাঁড়িয়ে যেদিন মমতা বন্দোপাধ্যায় ঘোষণা করেছিলেন, সেদিন অনেকে অনেক টীকা টিপ্পনী কেটেছিলেন, অনেকে অনেক কথা বলেছিলেন। কিন্তু আজকে শুধু বাংলায় 'কন্যাশ্রী' প্রকল্প সমাদৃত হয়নি, অন্য রাজ্য থেকেও অনেকে আসছেন মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে যে মাননীয়া মুখ্যমন্ত্রী কিভাবে 'কন্যাশ্রী' প্রকল্পের রূপায়ণ করেছেন। ভারতবর্ষের বাইরে থেকেও আসছেন মমতা বন্দোপাধ্যায়ের কাছে এই 'কন্যাশ্রী' প্রকল্পের রূপায়ণ তিনি কিভাবে করেছেন সেটা জানতে। আজকে নামটা বাড়ছে কার? গৌরব বাড়ছে বাংলার। মমতা বন্দোপাধ্যায় 'কন্যাশ্রী' প্রকল্পের রূপকার। আমাদের বাড়ীর গরীব মেয়েরা যারা সকলে স্কুলছুট হয়ে যেত,আজকে তারা স্কুলমুখী হচ্ছে এবং তারা নিজের পায়ে দাঁড়াবার জন্য আজকে আবার ১৮ বছর হবার পরে ২৫,০০০ টাকা করে পাচ্ছে। এই প্রসঙ্গে বলতে গিয়ে বলি - আমরা যখন গ্রামে গঞ্জে ঘুরি, তখন দেখছি একটা জায়গায় জটলা হচ্ছে। আমি সেই জায়গায় দাঁড়িয়ে পড়েছি। সেই জটলার মূল মাধ্যম কী? সেই জটলার

মূল মাধ্যম হল- একটি কমরেড পরিবারের বাড়ীর সাথে তাদের মেয়ের ঝগড়া হয়েছে। সেখানে সেই আলোচনা হচ্ছে। সেই আলোচনার বিষয়বস্তুটা কি? সেটি হল - বাবাকে মেয়ে বলেছে যে," বাবা আমার ১৮ বছর হয়ে গেছে, আমি ২৫,০০০ টাকা পেয়েছি।" বাড়ীতে ঝগড়া হচ্ছে। কি জন্য? না, মেয়ে বলছে, "আমি কন্যাশ্রী প্রকল্পে টাকা পেয়েছি। দিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। আজকে তোমরা পারোনি। যেটা মমতা বন্দ্যোপাধ্যায় করতে পেরেছেন। "তার ভাই, তার দাদা 'সবুজসাথী' প্রকল্পে সাইকেল পেয়েছে।সে তার বাবাকে বলেছে," বাবা তোমরা এতদিন ক্ষমতায় ছিলে, কই আমাদের তো 'সবুজসাথী' প্রকল্পে সাইকেল দিতে পারো নি !আমরা সবাই তাই মমতা বন্দ্যোপাধ্যায় সমর্থক।" তার স্ত্রীও স্বামীর সঙ্গে লড়াই করেছে। তিনি বলেছেন যে, "তোমরা অনেক কথা বলতে, এত গরীব মানুষের কথা বলতে, কই কখনো তোমাদের মুখ থেকে এই কথা শুনিনি, যে গরীব মানুষের জন্য দু টাকা কে জি দরে চাল। আজকে সেটা দিয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় দু টাকা কেজি দরে চাল। তাই আমরা সবাই সমর্থক আজকে মমতা বন্দ্যোপাধ্যায় মা-মাটি-মানুষের সরকারের।" এই সেই জায়গায় দাঁড়িয়ে এই বাজেটে আরও কয়েকটি প্রকল্প প্রতিফলিত হয়েছে। আজকে 'আশা' কর্মীদের কথা অনেক বিধায়ক বলেছেন। 'আশা' কর্মীরা যেভাবে কাজ করেন, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সেদিন এখানে দাঁড়িয়ে বলেছিলেন, তা অর্থমন্ত্রীর বাজেটে প্রতিফলিত হয়েছে। 'আশা' কর্মীদের আজকে ৫০০ টাকা করে আরও ভাতা বাড়িয়ে দেওয়া হল। কতজনের? ৫০,০০০ 'আশা' কর্মীদের ভাতা বাড়িয়ে দেওয়া হল। আই. সি. ডি. এসে ২ লক্ষের উপরে সহায়িকা ও কর্মীরা আছেন।তাদের ক্ষেত্রেও ৫০০ টাকা করে বাড়িয়েছেন।কেন না এরা গ্রামে গঞ্জে সেটা করেন।

আজকে অনুরূপভাবে পরিবহন ক্ষেত্রে প্রায় ৫৪৫টা নতুন বাস চালানো হয়েছে। ই-রেজিস্ট্রেশন করা হয়েছে এবং ক্রীড়া ক্ষেত্রেও যদি দেখা যায় তাহলে দেখবেন, আজকে অনূর্ধ্ব ১৭ বিশ্বকাপ যে ম্যাচ বাংলায় হবে যুব ভারতী ক্রীড়াঙ্গনে, তাকে নতুন করে সাজানো হচ্ছে। এবারে সেখানে বিশ্বমানের খেলা যুব ভারতী ক্রীড়াঙ্গনে হবে। আজকে তাই এই বাজেটকে পূর্ণ সমর্থন করে দিলীপবাবু যেটা বলছিলেন যে, সুপার স্পেশালিটি হাসপাতাল না শপিং মল - বুঝতে পারছেন না। উনি এতো বেশি শপিং মলে যান - বাইরে থেকে সুপার স্পেশালিটি হাসপাতাল দেখে ওনার সেটাই মনে হয়েছিল। ভিতরে বোধ হয় প্রবেশ করেননি। আমি যে জায়গার বিধায়ক, যদি দিলীপবাবু চান, তাঁকে ঘুরিয়ে আনতে পারি নিজের টাকায় - মমতা বন্দ্যোপাধ্যায় যে স্বপ্ন, সুপার স্পেশালিটি হাসপাতাল - সেই হাসপাতালে গেলে আপনি বুঝতে পারবেন যে, এই সুপার স্পেশালিটি হাসপাতালের যে পরিষেবা, সেই পরিষেবা আস্তে আস্তে কোন জায়গায় পৌঁছাচ্ছে এবং যে ডাক্তারবাবুরা গ্রামে যেতে ভয় পেতেন, যেতে চাইতেন না, সেই ডাক্তারবাবুরাও সুপার স্পেশালিটি হাসপাতালে গিয়ে বলছেন যে, আমরা আর এখান থেকে যাব না, এই হাসপাতালেই থাকতে চাই। সেখানে যে সুযোগসুবিধা, সেখানে যা কিছু আছে সেটা কিন্তু অত্যন্ত ভালো এবং সেটা আমার অভিজ্ঞতা থেকে বলছি। আজকে স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে সব রোগীদের জন্য কোনো টাকা-পয়সা লাগে না। আজকে বিনা খরচে চিকিৎসা হয় রোগীদের, পথ্য ভালো দেওয়া হয়। আজকে ফেয়ার প্রাইস শপিং-এ ওষুধ দেওয়া হয় কম দামে। আজকে প্রত্যেকটা জিনিসের ক্ষেত্রে পি.পি.পি. মডেলে ডায়গনেস্টিক সেন্টার থেকে আরম্ভ করে, এম.আর.ই. থেকে আরম্ভ করে সব কিছুই চলছে কিন্তু একটা ছন্দের মধ্য দিয়ে। আজকে বহু হাসপাতালে - বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতালে আগে একটা এক্সরে মেশিন ছিল। সেখানে রোগীরা ঠিকমতো পরিষেবা পেত না। এখন প্রত্যেকটা জায়গার মেডিকেল কলেজগুলোতে ডিজিটাল এক্সরে বসানো হয়েছে এবং তার মাধ্যমে সাথে সাথে রোগীর এক্সরে হয়, আর তার রিপোর্টটাও ডাক্তারবাবুরা পেয়ে যান এবং তার চিকিৎসাটাও তাড়াতাড়ি করে

শুরু হয়। আজকে এইসব পরিষেবাগুলোর মাধ্যমে আমাদের বাজেটে যা আছে, কৃষি ও কৃষি বিপণন বিভাগের ২০১৬ সালে সহায়ক হেল্ড কার্ড ১৩ লক্ষ, ২০১৭তে ২২ লক্ষ এবং কৃষি বীমা - ২০১৬তে ১০.৯ লক্ষ মানুষ পেয়েছেন এবং ২০১৭তে ৩২.৪০ লক্ষ মানুষ পেয়েছেন। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগে 'মিশন নির্মল বাংলা' ভারতবর্ষে নদীয়া জেলা প্রথম হিসেবে ঘোষিত হয়েছে। বলা হ'ত আমাদের বাঁকুড়া জেলা নাকি পিছিয়ে পড়া জেলা। অনেক সরকার এসেছে, গেছে। কিন্তু আমি বাঁকুড়া জেলার মানুষ হিসেবে এটুকু গর্ব বোধ করি যে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী - বাঁকুড়া জেলায় বৈশাখ জৈষ্ঠ্য মাসে তাপমাত্রা ৪৬ ডিগ্রি সেলসিয়াস, ৪৮ ডিগ্রি সেলসিয়াস হয়ে যায়। পানীয় জলের অভাব, কিন্তু আজকে পানীয় জল প্রকল্পে প্রথম পর্যায়ের কাজ প্রায় শেষ। ১১০০ কোটি টাকার জল প্রকল্প ১৪টি ব্লকে আজকে শেষ হওয়ার মুখে এবং আরও ৭টি ব্লকে প্রায় ৮০০ কোটি টাকার প্রকল্প মঞ্জুর হয়েছে। আজকে জল হচ্ছে মানুষের জীবনে একটা অঙ্গ। আজকে মানুষের জীবনে মূল অক্সিজেন হচ্ছে পানীয় জল, বিশুদ্ধ পানীয় জল। সেটাও মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দিয়েছেন। আজকে ডঃ অমিত মিত্রের আনা। বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে, সকলকে আর একবার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সত্যজিত বিশ্বাস : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমাদের মাননীয় অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্র গত ১০ তারিখ ২০১৭-১৮ অর্থবর্ষের যে বাজেট বিবৃতি পেশ করেছেন, আমি তাঁকে পূর্ণাঙ্গ সমর্থন জানিয়ে এই মহান সদনে কয়েকটি কথা বলছি। আমরা আপনারা সকলেই জানি যে দীর্ঘ ৩৪টা বছর এই বাংলায় একটা লুঠেরাজ সরকার বাংলাটাকে তছনছ করে দিয়ে বাংলার মাথার উপরে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনার বোঝা চাপিয়ে দিয়ে ২০১১ সালে বিধানসভার নির্বাচনে বাংলা থেকে তাঁরা চলে যান। আমরা অনেক সময় দেখেছি, আজকেও আমরা সকাল থেকে নাটক তৈরী করতে দেখেছি সেই সিপিএমের বন্ধু এবং কংগ্রেসের বন্ধুদের। বিভিন্ন রকম নাটকের মধ্যে দিয়ে তাঁরা এই হাউজটাকে বন্ধ করার চক্রান্ত করেছেন। যে জিনিসটা আমাদের সকলেরই জানা আমরা বাঙালী হিসাব গর্বিত, এই বাংলায় এমন একজন জননেত্রী মমতাময়ী নেত্রীকে পেয়েছি যে নেত্রী দিনের পর দিন ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনার বোঝা মাথায় থাকা সত্ত্বেও ২০১১ বিধানসভা নির্বাচনের ঠিক প্রাক্কালে তিনি বাংলার মানুষের সামনে যে কথা দিয়েছিলেন, প্রত্যেকটা কথা মাননীয় অর্থমন্ত্রী তাঁর প্রত্যেকটা বাজেটে প্রত্যেকটা দপ্তরের মধ্যে দিয়ে একের পর এক করে চলেছেন। আমরা জানি ২০১১ সালে বিধানসভা নির্বাচনের প্রাক্কালে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তখনও মুখ্যমন্ত্রী হননি, কিন্তু বাংলার সাড়ে ৯কোটি মানুষের দুঃখ-দুর্দশার কথা চিন্তাভাবনা করে তিনি সেই দিন বাংলার মানুষের সামনে - তার সরকার যদি বাংলায় তাঁর দল গঠন করতে পারেন তাহলে বাংলার মানুষের জন্য কি কি কাজ করবেন তার প্রতিশ্রুতির একটা ইস্তাহার প্রকাশ করেছিলেন। আমরা তৎকালীন সময়ে সেই জায়গায় দেখেছিলাম মাননীয়া মুখ্যমন্ত্রী হওয়ার আগেই তিনি বলেছিলেন বাংলার মানুষের উন্নতি তখনই সম্ভব যদি বাংলার মানুষের, কৃষকবন্ধুদের উন্নয়ন করা যায়, শিক্ষা ব্যবস্থার উন্নয়ন করা যায়, স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন করা যায়, পরিকাঠামো দিক যেমন রাস্তাঘাট, পানীয় জল, বিদ্যুতের উন্নয়ন ইত্যাদি বিভিন্ন রকমের যে সমস্ত উন্নয়ন আছে, সেইগুলো যদি সুসংগঠিতভাবে করা যায় তাহলে এই বাংলার তাহলে বাংলার মানুষ দুবেলা দুমুঠো খেয়ে-পড়ে সুখে-স্বাচ্ছন্দ্যে বসবাস করতে পারবে। তাই আমরা তখন দেখেছিলাম মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর ইস্তেহারের মধ্যে প্রত্যেকটা বিষয়কে উল্লেখ রেখেছিলেন। ২০১১ বাংলার মা-মাটি-মানুষ তাদের দু-হাত ভরে আশীর্বাদ এবং দোয়ার মাধ্যমে মা-মাটি-মানুষের সরকার যখন ক্ষমতায় আসলেন তখন আমাদের মাননীয় অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্র তাঁর সেই ২০১১-১২র বাজেট থেকে শুরু করে

আজকে ২০১৬-১৭ প্রত্যেকটা বাজেটে তিনি যে বিষয়ে যে টাকা বরাদ্দ রেখেছিলেন প্রত্যেকটা খাতে সেই টাকাগুলো সঠিকভাবে খরচ করে প্রমাণ করে দিয়েছেন যে এই বাংলার মানুষের যে আশা-আকাঙ্ক্ষা নিয়ে বাংলার এই মা-মাটি-মানুষের সরকারকে ক্ষমতায় এনেছিলেন তিনি প্রত্যেকটা কাজ বাস্তবে রূপায়িত করেছেন।

বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন, কৃষক বন্ধুদের উন্নয়ন। আমরা যদি একটুখানি খেয়াল করে দেখি বাংলার বুকে যত মানুষ বসবাস করি একজন দিন মজুরী খেটে খাওয়া মানুষ, একজন চাকরিজীবী, একজন উকিল, একজন ব্যারিস্টার প্রত্যেকটা মানুষকে আমাদের কৃষক বন্ধুদের উপর নির্ভর করতে হয়। তাদের মুখের দিকে তাকিয়ে থাকতে হয়। কৃষক যে সোনার ফসল উৎপাদন করে সেগুলোই আমরা অন্ন হিসাবে গ্রহণ করি এবং সমস্ত মানুষ বেঁচে থাকি। তাই মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর প্রতিশ্রুতির মধ্যে সর্বপ্রথম রেখেছিলেন যে, কৃষক বন্ধুদের উন্নয়ন করতে হবে। আমরা দেখেছি কৃষক বন্ধুদের উন্নয়ন করবার জন্য পর্যাপ্ত পরিমাণে সেচের ব্যবস্থাপনা, বিভিন্ন জায়গায় কৃষক বন্ধুদের কিষাণ ক্রেডিট কার্ডের মাধ্যমে লোন দিয়ে তারা যাতে পর্যাপ্ত পরিমাণে ফসল উৎপন্ন করতে পারে, প্রত্যেকটা মানুষের অন্নের সংস্থান করতে পারে তার ব্যবস্থাপনা করেছেন। আমরা দেখেছি তিনি বলেছিলেন শিক্ষা ক্ষাতে উন্নয়ন করবো আমরা। ৩৪ বছরের আমলে একটা সময় আমরা দেখতাম স্কুল, কলেজ বিভিন্ন জায়গায় তার পরিকাঠামোগত দিকে কোন উন্নয়ন ছিল না, শিক্ষক ছিল না, লেখাপড়া সঠিকভাবে হত না। প্রাইমারি স্কুল থেকে ইংরাজী শিক্ষা তুলে দেওয়া হয়েছিল। সমস্ত কিছুকে উপেক্ষা করে আমাদের বাংলার মা-মাটি-মানুষের জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সেই কথার উপর দাঁড়িয়ে আমরা দেখেছি ক্লাস ওয়ান থেকে ক্লাস টেন পর্যন্ত বিনা পয়সার বই/পুস্তক দেওয়া। বিভিন্ন ছেলেমেয়েরা যাতে স্কুলে যায় তার জন্য বিভিন্ন রকমের প্রকল্প চালু, মিডডে মিল থেকে শুরু করে, স্টাইপেন থেকে শুরু করে, এস.সি, এস.টিদের, সংখ্যালঘুদের বিভিন্ন রকমভাবে তিনি একের পর এক পরিকল্পনা রচনা করেছেন। আমরা দেখেছি মানুষের স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন করবার জন্য তিনি বিভিন্ন জায়গায় মেডিকেল কলেজ হাসপাতাল, হাসপাতাল, হাসপাতালে বেডের ব্যবস্থাপনা, ন্যায্য মূল্যের ওষুধের দোকান, বিভিন্ন জায়গায় ডাক্তার নিয়োগ, নার্স নিয়োগ বিভিন্নরকমভাবে তিনি একের পর এক এই কাজগুলো করে চলেছেন। অনেক বন্ধুরা বলছেন, বি.জে.পির বন্ধুরা বলছেন, সি.পি.এমের বন্ধুরা বলছেন। বর্তমানে আমরা যদি হাসপাতালগুলোতে যাই আজ থেকে ছয় বছর আগে যে হাসপাতালগুলোতে নাকে রুমাল দিয়ে ঢুকতে হত এখান সেখানে আমরা যদি ঢুকি দেখতে পাবো সেগুলো নার্সিংহোমের মত তৈরী হয়েছে। সেখানে আর রুমাল দিয়ে ঢুকতে হয়না। সি.পি.এম, কংগ্রেস ও বি.জে.পির বন্ধুরা এই সমস্ত উন্নয়ন চোখে দেখতে পায় না। এরা বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম কথাবার্তা বলেন। পরিকাঠামোগত দিক - বাংলার প্রত্যেকটা গ্রাম পঞ্চায়েত এলাকায় একের পর এক রাস্তা তৈরী হয়েছে, পানীয় জলের ব্যবস্থাপনা হয়েছে। প্রত্যেকটা বাড়িতে বাড়িতে বিদ্যুতের আলো পৌঁছে দেওয়া হয়েছে। আমরা একটা সময় দেখেছি সি.পি.এমের ৩৪ বছর জামানায় ২৪ ঘণ্টায় ১০ ঘণ্টা, ১২ ঘণ্টা করে লোডশেডিং। তৎকালিন সময়ের সি.পি.এমের বন্ধুরা থাকলে ভালো হত। তখন এই বন্ধুরা কিন্তু প্রত্যেকটা পরিবারে বিদ্যুৎ পৌঁছে দেননি। মাত্র ৫০.৫৫% বাড়িতে বিদ্যুৎ ছিল। বর্তমান সরকার প্রায় ৯৭% বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দিয়ে ২৪ ঘণ্টায় সাড়ে ২৩ ঘণ্টা করে বিদ্যুৎ পরিষেবা দিচ্ছেন। এই সমস্ত বন্ধুরা কিন্তু এই সমস্ত উন্নয়ন চোখে দেখতে পারছেন না। এদের শুধু বিরোধিতা করাই কাজ। বিধানসভায় দাঁড়িয়ে বিরোধিতা করবে, বিভিন্ন রকমভাবে আন্দোলন করে যাতে বিধানসভার কাজকে অচল করা যায় শুধু তারজন্যই একের পর এক পরিকল্পনা এরা রচনা করে চলেছেন। আমরা দেখেছি, বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর। কথার উপর দাঁড়িয়ে বলেছিলেন যে, কন্যাশ্রী প্রকল্প চালু করবো,

শিক্ষাশ্রী প্রকল্প চালু করবো, যুবশ্রী প্রকল্প চালু করবো। তিনি একের পর এক সেগুলো প্রমাণ করে দিয়েছেন। আমাদের বি.জে.পির একজন বিধায়ক অনেক বড় বড় কথা সুর দিয়ে বলছিলেন অমিত মিত্রকে। আমাদের মাননীয়া অর্থমন্ত্রীকে অনেক সম্মান জানাচ্ছিলেন। লজ্জা করে ওনার কথা শুনলে। উনি আমাদের নেত্রীকে উদ্দেশ্য করে বলছিলেন, ভুতের মুখে রাম নাম। আমি ওনাকে বলি, একটা অর্থমন্ত্রীকে এই বিধানসভায় দাঁড়িয়ে সুনাম করছেন আর গত কয়েকদিন আগে নোবেল পুরস্কারপ্রাপ্ত অর্থমন্ত্রী অমর্ত্য সেন তাঁর বিরুদ্ধে কুরুচিকর মন্তব্য করে - যে মানুষটা এখনও বিভিন্ন জায়গায় দাঁড়িয়ে ক্ষমা চাননি সেই মানুষটা দাঁড়িয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে যখন কথা বলে শুনলে আমাদের লজ্জা হয়। এই সমস্ত মানুষ এখনও আমাদের বাংলায় বসবাস করছেন। যারা বিভিন্ন জায়গায় বিভিন্ন রকমভাবে এই ধরনের উস্কানিমূলক কথাবার্তা বলে বাংলাকে অশান্ত করার পরিকল্পনা রচনা করছেন তাদের কথা আমাদের শুনতে হবে। একদিকে ভারতবর্ষের প্রধানমন্ত্রীর তুঘলকি সিদ্ধান্ত এবং যে সিদ্ধান্তের কারণে সারা ভারতবর্ষ অর্থনৈতিক ভাবে একেবারে পিছিয়ে যাচ্ছে। ভারতবর্ষ প্রত্যেকদিন হাজার হাজার কোটি টাকা লোকশানের দিকে চলছে। সেই দলের একজন প্রতিনিধি হিসাবে তিনি যখন সেই সরকারের সপক্ষে দাঁড়িয়ে কথা বলেন, লজ্জা হয় তখন আমাদের যে এই মানুষটা কি বলতে চাইছেন, কি বলার উদ্দেশ্য এনার। তাই আমি এই মহান সদনে দাঁড়িয়ে বি.জে.পির বন্ধু, কংগ্রেসের বন্ধুদের কাছে কতগুলো প্রশ্ন করতে চাই।

বন্ধু আপনারাতো জানেন, কন্যাশ্রী প্রকল্প চালু করেছিলেন বি জে পি'র বন্ধুরা আপনারা একটু শুনে রাখুন, কন্যাশ্রী প্রকল্প চালু করে, মাননীয়া মুখ্যমন্ত্রী যখন বিশ্বের দরবারে একটা ইতিহাস সৃষ্টি করলেন, ঠিক সেই সময় দাঁড়িয়ে ভারতবর্ষের প্রধানমন্ত্রী তার অনুরূপ একটা প্রকল্প ঘোষণা করলেন, বেটি বাঁচাও বেটি পড়াও। মমতা বন্দ্যোপাধ্যায় কন্যাশ্রী প্রকল্প চালু করে বাংলার ৩৪ লক্ষ মেয়েকে এর আওতায় আনলেন। তার জন্য বরাদ্দ রাখলেন ১০০০ কোটি টাকা। আর আমাদের ভারতবর্ষের প্রধানমন্ত্রী ঠিক সেইটাকে ড্যামি করে বললেন, বেটি বাঁচাও বেটি পড়াও - বরাদ্দ কত ? ১০০ কোটি। প্রশ্নটা বে জি পি'র বন্ধুদের কাছে আমাদের, ভারতবর্ষ কতগুলো রাজ্য নিয়ে তৈরি-২৯টা রাজ্য নিয়ে। তাহলে ২৯টা রাজ্যর জন্য যদি ১০০ কোটি টাকা বরাদ্দ হয়, তাহলে বাংলার মানুষ কত টাকা পাবো। একটু খানি আপনারা সেই কথাটা বলবেন। কিন্তু আমাদের নেত্রী বাংলার মেয়েদেরকে বাঁচানোর জন্য এক ঢিলে দুটো পাখি মারার সিদ্ধান্ত তিনি নিয়েছিলেন। একদিকে মেয়েরা যাতে সুশিক্ষায় শিক্ষিত হতে পারে - তার পরিবার তাকে যাতে অল্প বয়সে বিবাহ না দেয়। ঠিক সেই কারণে মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছিলেন কন্যাশ্রী প্রকল্প - মেয়েরা যাতে সঠিকভাবে পড়াশুনা করতে পারে। আমরা জানি যে, ১৩ বছর পূর্ণ হলে, সেই মেয়েটা প্রথম অবস্থায় ৫০০ টাকা পাচ্ছিল, এখন সেটা বর্তমানে ৭৫০ টাকা করে। মেয়েটির বয়স যখন ১৮ বছর পূর্ণ হবে সে এককালীন ২৫,০০০ টাকা পাবে এর থেকে অনুদান কি হতে পারে ? সবুজসাথীর সাইকেল, বিভিন্ন রকম অনুদানের মধ্য দিয়ে শিক্ষা ব্যবস্থায় উন্নয়ন করেছেন, একের পর এক বিরোধীরা তখন সেই জিনিসটাকে সহ্য করতে পারছেন না। তাই আমি বিরোধী বন্ধুদের কাছে একটা প্রশ্ন রাখতে চাই, আপনার ছেলেমেয়েরা, আপনার দলের ছেলেমেয়েরা যখন কন্যাশ্রীর টাকা, ১৮ বছর পরে ২৫০০০ টাকা নিয়ে গিয়ে বলে বাবা, আমাদের বাংলার জননেত্রী মমতাময়ী মমতা বন্দ্যোপাধ্যায়, মা মাটি-মানুষের সরকার ঘোষণা করেছিলেন কন্যাশ্রীর মাধ্যমে অনুদান দেওয়া হবে - এই দেখো ২৫,০০০ টাকা দিয়েছে। তোমরাতো অনেক কিছু বলো সেই নেত্রীর বিরুদ্ধে তখনও কি তোমাদের লজ্জা করে না ? আমার মেয়েটা বাড়িতে এসে বলছে যে, মাননীয়া মুখ্যমন্ত্রী ২৫০০০ টাকা অনুদান দিয়েছে তখনওতো তোমাদের জানা প্রয়োজন এটা মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের যে উন্নয়ন, সেই উন্নয়নের

ফসল আমার মেয়েটা আমার ঘরে নিয়ে এসেছে। অনেক বন্ধুরা গতকাল দেখছিলাম সি পি এমের বন্ধুরা জাঠা মিছিল করছে, বিভিন্ন জায়গায় মিটিং করছে। মিছিল করছেন। সেই মিছিলে দেখছি সবুজসাথীর সাইকেল। সাইকেল নিয়ে মিছিল করতে চলে যাচ্ছেন। বড় বড় কথা বলছেন, ইনক্লাব জিন্দাবাদ। বিভিন্নরকমের স্লোগান তুলছেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে কুৎসা রটনা করছেন। আমি সেই সমস্ত সি পি এমের বন্ধুদের বলতে চাই যখন সাইকেলটা চালিয়ে স্লোগান দিতে দিতে যান তখনও কি আপনার মনে পড়ে না, আমি যে সাইকেলটার উপরে বসে এই স্লোগানটা দিচ্ছি, বাংলার জননেত্রী, মমতাময়ী নেত্রীর বিরুদ্ধে কুৎসা রটনা করছি - এই সাইকেলটাও মমতা বন্দ্যোপাধ্যায়ের দান। সেটাও তো আপনাদের চিন্তাভাবনার মধ্যে থাকা উচিত। আমি দেখেছি, কংগ্রেসের বন্ধুরা অনেক বড় বড় কথা বলেন বিভিন্ন সময়ে। একসঙ্গে স্লোগান দিচ্ছেন, কংগ্রেসের বন্ধুদের কাছে আমাদের প্রশ্ন, ৩৪টা বছর ধরে এই সি পি এম বাংলার বুকে ক্ষমতায় থাকাকালীন তেরঙ্গা ঝান্ডা বহন করতে গিয়ে কত কংগ্রেসের বন্ধু খুন হয়েছেন। যে সমস্ত কংগ্রেসের বন্ধু খুন হয়েছিলেন, তাদের জন্য আপনারা কি করেছেন। আর যারা খুন করল তাদের হাত ধরে আপনারা একসঙ্গে মিলেজুলে স্লোগান দিচ্ছেন। বিধানসভা অচল করার পরিকল্পনা নিচ্ছেন। এই জিনিস বাংলার মানুষ দেখছে - বাংলার মানুষ যেভাবে ২০১৬ বিধানসভা নির্বাচনে একের পর এক বিভিন্ন জায়গার থেকে আপনাদের পায়ের নীচের মাটি সরিয়ে দিয়েছে। আগামীদিনেও কিন্তু সেই জায়গাটা তৈরী হবে। এর থেকে আপনারা সতর্ক থাকবেন, সচেতন থাকবেন। আমরা দেখেছি, অনেক জায়গায়, অনেক রকমভাবে এই কংগ্রেস সি পি এম বিভিন্ন রকমের কুৎসা রটনা করছেন, সঙ্গে বি জে পির বন্ধুরা তারাও এই কুৎসার সঙ্গে সামিল হয়েছেন। একটা জিনিস খেয়াল রাখবেন ভারতবর্ষের নোবেলজয়ী যে মানুষটা তার বিরুদ্ধে যে কুরুচিকর মন্তব্য করেছেন দিলীপবাবু, দিলীপবাবুরা জেনে রাখবেন, অমর্ত্য সেন আমি দেখছিলাম, টিভির পর্দায় চোখের জল টপ টপ করে পড়ছে। এই চোখের জল কিন্তু বৃথা হবে না। এই বাংলার থেকে বি জে পি'কে উৎখাত - অমর্ত্য সেনের চোখের জলেই আপনারা উৎখাত হয়ে যাবেন। তাই আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি পেশ করেছেন, আমি তাকে পূর্ণাঙ্গ সমর্থন জানিয়ে উপস্থিত সকলকে আমার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

ADJOURNMENT

The House was then adjourned at 3.15 p.m. till 11.00 a.m. on Tuesday, the 14th February, 2017 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 14th February 2017 at 11:00. A.M

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 19, Ministers, 11, Ministers of State and 226 Members.

[11:00 – 11.10 a.m.]

মিঃ স্পীকার : এখন পয়েন্ট অফ অর্ডার - শুরুতেই পয়েন্ট অফ অর্ডার হবে না। নো পয়েন্ট অফ অডার। কোয়েশ্চেন আওয়ারের পরে। কোয়েশ্চেন আওয়ারের পরে যা শোনার শুনবো। কোয়েশ্চেন আওয়ারেরর পরে পয়েন্ট অফ অর্ডার হবে। কোয়েশ্চেন আওয়ারটা হতে দিন। তারপর শুনবো। কোয়েশ্চেন আওয়ারটা হতে দিন তারপরে শুনবো। প্লীজ বসুন। আমি বলছি তো আমি কোয়েশ্চেন আওয়ারের পরে শুনবো।

..Noise..

(এই সময় কংগ্রেস দলের মাননীয় সদস্যগণ পয়েন্ট অফ অর্ডারের দাবিতে শ্লোগান দিতে থাকেন।)

..Noise ..

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী, রফিকুল ইসলাম আপনার সাপ্লিমেন্টারী করুন। প্লীজ সাপ্লিমেন্টারী। আপনারা বসুন, আমি যা শোনার পরে শুনবো। কোয়েশ্চেন আওয়ারের পরে শুনবো। রফিকুল ইসলাম আপনার কোন সাপ্লিমেন্টারী নেই। মাননীয় সদস্য রফিকুল ইসলাম আপনার কোন সাপ্লিমেন্টারী নেই।

Starred Questions

(to which oral answers were given)

অগ্নিনির্বাপণ-এর জন্য সরকারি ব্যবস্থা

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭) **শ্রী অসিত মজুমদার ঃ** অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

(ক) অগ্নিনির্বাপণের জন্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে;

(খ) চুঁচুড়ায় অগ্নিনির্বাপণ কেন্দ্রটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত ক্ষেত্রে রাজ্য সরকারের আর্থিক বরাদ্দ কত?

অগ্নিনির্বাপণের জন্যে বর্তমান আর্থিক বছরে ৫ টি নতুন অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনের কাজ পরিসমাপ্ত হয়েছে। এছাড়া ২১ টি অগ্নিনির্বাপণ কেন্দ্রের নির্মাণ কাজ চলছে। এর মধ্যে

১৮ টি সম্পূর্ণ নতুন অগ্নিনির্বাপণ কেন্দ্র ও ৩ টি পুরাতন অগ্নিনির্বাপণ কেন্দ্রের জন্য নতুন ভবন তৈরী।

৩১ শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে ৯০ টি নতুন গাড়ী অগ্নিনির্বাপণ ব্যবস্থার সঙ্গে যুক্ত হয়েছে এছাড়াও অগ্নিনির্বাপণ ব্যবস্থার আধুনিকীকরণের জন্য রাজ্য সরকার বহুবিধ ব্যবস্থা গ্রহণ করেছে তার মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি নিম্নরূপ :

১। অগ্নি স্থলে দ্রুত কথোপকথনের জন্য ওয়াকি টকি হ্যান্ড সেট ক্রয় করা হয়েছে - ২০০ টি।

২। জি. পি. এস. প্রযুক্তি দ্বারা ফায়ার ব্রিগেড হেড কোয়ার্টার ও অন্যান্য ডিভিশনাল হেড অফিসকে যুক্ত করা হয়েছে, অগ্নিনির্বাপণ গাড়ীগুলিকেও নেভিগেশন সিস্টেম দ্বারা যুক্ত করা হয়েছে।

৩। ১৫টি হাইড্রলিক রেসকিউ টুল ও ১২টি অত্যন্ত উন্নতমানের ডি-ওয়াটারিং পাম্প বিদেশ থেকে ক্রয় করা হয়েছে।

৪। ৮ ১টি ব্রিদিং অ্যাপারেটার্স সেট ক্রয় করা হয়েছে।

৫। ৪০০ টি পার্সোনাল প্রটেকটিভ ইক্যুইপমেন্ট ক্রয় করা হয়েছে।

৬। অত্যন্ত সরু গলি বা ঘিঞ্জি এলাকায় দ্রুততার সঙ্গে আগুন মোকাবিলা করার জন্য অত্যাধুনিক মোটর বাইক অগ্নিনিরোধক যন্ত্র সহ ব্যবহার করা হচ্ছে।

(খ) চুঁচুড়া অগ্নিনির্বাপণ কেন্দ্রটির নতুন ভবন নির্মাণের জন্য টেন্ডার প্রক্রিয়া শুরু হয়েছে। ভবনটির নির্মাণ কাজ বর্তমান বছরের মধ্যে শেষ করা যাবে বলে আশা করা যায়।

(গ) চুঁচুড়া অগ্নিনির্বাপণ কেন্দ্রে নতুন ভবন নির্মাণের জন্য এখনও পর্যন্ত ২,৭৯,০৩,৬২২ (দুই কোটি ঊনআশি লক্ষ তিন হাজার ছয় শত বাইশ) টাকা বরাদ্দ হয়েছে।

...(এইসময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের ও বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের সকল সদস্য ও সদস্যাগণ স্পীকার পোডিয়ামের সামনে গিয়ে বিক্ষোভ দেখাতে থাকেন এবং স্লোগান দিতে থাকেন।)...

মিঃ স্পীকার : আমি আপনাদের বলতে দেব। আপনারা কোয়েশ্চেন আওয়ারটা হতে দিন, প্লিজ। আপনারা যার যার জায়গায় বসুন। আমি আপনাদের কথা শুনব। আমাদের কোয়েশ্চেন আওয়ার হতে দিন প্লিজ।

...(গোলমাল)...

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন। চুঁচুড়ায় অগ্নিনির্বাপণ কেন্দ্রে গাড়ির সংখ্যা অত্যন্ত কম। এই অগ্নি নির্বাপণ কেন্দ্র দুটো জেলার হেড কোয়ার্টার। এখানে কি গাড়ির সংখ্যা বাড়ানো যায় ? এখানে মন্ত্রী বা সরকারের। কি কোনো পরিকল্পনা আছে ?

...(গোলমাল)...

শ্রী শোভন চ্যাটার্জী : আমি মাননীয় বিধায়ক অসিত মজুমদারের প্রশ্নের উত্তরে জানাই, বিষয়টি যখন তিনি এই হাউসে উত্থাপন করেছেন আমি নিশ্চয়ই ব্যাপারটি পর্যালোচনা করব

এবং সে সম্পর্কে যা গ্রহণীয় ব্যবস্থা নিশ্চয় সরকারের কাছ থেকে গ্রহণ করার ব্যবস্থা করা হবে।

...(এইসময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের ও বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের সকল সদস্য ও সদস্যাগণ ওয়েলে নেমে বিধানসভার রিপোর্টারদের চেয়ার প্রদক্ষিণ করে স্লোগান দিতে থাকেন এবং বিক্ষোভ দেখাতে থাকেন।)...

শ্রী অসিত মজুমদার : স্যার, আমার অতিরিক্ত দ্বিতীয় প্রশ্ন, বিগত ৩৪ বছর ধরে বামফ্রন্ট সরকার এই অগ্নিনির্বাপণ কেন্দ্রগুলোকে অত্যন্ত খারাপ অবস্থায় পৌঁছে দিয়েছিল। এই জরুরী পরিষেবা মানুষের জন্য এবং বিশেষ করে শহরাঞ্চলে যেখানে বিভিন্ন ঘন বস্তি এবং রাজ্যের বিভিন্ন অফিস রয়েছে। সেখানে গত ৩৪ বছরে এরা এমন অবস্থা তৈরি করেছিল যে লোকসংখ্যা কমতে কমতে যেখানে লোকের সংখ্যা অনেক দরকার, কিন্তু দেখা যাচ্ছে সেখানে লোকসংখ্যা একদমই নেই, কোনমতে ফায়ার সার্ভিসগুলো চলছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করতে চাই, যে অবস্থা বামফ্রন্ট সরকার তৈরি করে গিয়েছিলেন সেখান থেকে বর্তমান আমাদের মা-মাটি-মানুষের সরকার এই অবস্থায় লোক নিয়োগের জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

...(গোলমাল)...

শ্রী শোভন চ্যাটার্জী : আমি এই প্রশ্নের উত্তরে জানাই, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এত কিছুর মধ্যে মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শপথ নেওয়ার পর প্রায় বারোশো অক্সিলিয়ারি ফায়ার ওয়াকার্স নিযুক্ত হয়েছে। তারপরেও ইতিমধ্যে বিভিন্ন জায়গায় আমাদের বহু ফায়ার স্টেশানের প্রয়োজনীয়তা পর্যালোচনা করে এবং পাশাপাশি বেশ কিছু জায়গায় আরো ফায়ার স্টেশান নতুনভাবে তৈরি হতে যাচ্ছে।

...(গোলমাল)...

(বিরোধী কংগ্রেস ও বামফ্রন্ট পরিষদীয় দলের মাননীয় সদস্যরা ওয়েলে নেমে স্লোগান দিতে থাকেন।)

তার নিয়োগ পদ্ধতি নিয়ে ডিপার্টমেন্টের কিছু প্রোপোজাল মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিল। প্রায় তিন হাজার ফায়ার ওয়ার্কার নিয়োগের ব্যাপারে মুখ্যমন্ত্রীর প্রাথমিক অনুমোদন পেয়েছে।

(গোলমাল)

ডঃ রোহিত শর্মা : Hon'ble Speaker, Sir, I would like to know from the Hon'ble Minister regarding the fire stations in Darjeeling District. Sir, at present there are only two fire stations in Darjeeling and Kurseong and one in Kalimpong. But I would like to know from the Minister concerned whether he has any plans to open up fire station in Sonada, in Mongpu and in Tindharia. Tindharia is world class old heritage logo workshop centre, Mongpu is one of the finest places for cinchona plantation and Sonada is surrounded by tea gardens. Whether the Minister has any plans to set up fire stations in these areas, Sir?

শ্রী শোভন চ্যাটার্জী : Sir, through you I can place this information for the district of Darjeeling that today is the auspicious day when within the Darjeeling district, the Hon'ble Chief Minister of our state, respected Mamata Banerjee, is going another district 'Kalimpong'. We welcome that. There is

also other ongoing project in Darjeeling district that is, Mirrik fire station. If I get a concrete proposal from your end definitely West Bengal Fire Service is ready to consider after getting total proposal.

শ্রীমতী রত্না ঘোষ কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে আন্তরিক ধন্যবাদ জানাই। কারণ ১৭টি অঞ্চল নিয়ে চাকদা ব্লক গঠিত,সেখানে একটি ফায়ার স্টেশানের প্রয়োজন দীর্ঘদিন ধরে মানুষ অনুভব করেছিল। আমাদের মা-মাটি মানুষের সরকার বাংলায় প্রতিষ্ঠিত হওয়ার পর মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমরা ফায়ার স্টেশান করবার জন্য আবেদন জানিয়েছিলাম। মাননীয় মন্ত্রীর উদ্যোগে আমাদের ওখানকার ফায়ার স্টেশানটির কাজ এই বছরের জানুয়ারী মাসে একশো শতাংশ সম্পন্ন হয়েছে। মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাই আমাদের এই ফায়ার স্টেশানটি কবে নাগাদ চালু হবে ?

শ্রী শোভন চ্যাটার্জী : ধন্যবাদ, মাননীয় সদস্যাকে, তিনি যেটা বলেছেন সেটা ঠিকই, চাকদা ফায়ার স্টেশানের সম্পূর্ণ কমপ্লিশান রিপোর্ট চলে আসার পরেই সেই ফায়ার স্টেশানটিকে আমরা সাধারণ মানুষের কাছে উপস্থাপনার জন্য উদ্বোধন করে দেব।

(গোলমাল)

শ্রী হিতেন বর্মন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে। আমার অতিরিক্ত প্রশ্ন, আমার বিধানসভা এলাকা শীতলকুচি। আমাদের মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পর একটি অগ্নি-নিরাপত্তা কেন্দ্র অনুমোদন করেছিলেন। তার কাজ প্রায় শেষের দিকে, প্রায় ৯৫ শতাংশ কাজ হয়ে গেছে। সামান্য অর্থের জন্য বাঁকি কাজ শেষ করা যাচ্ছে না। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে এডিশনাল ফান্ড মঞ্জুর করে এর কাজ শেষ করে এই অগ্নি নির্বাপণ কেন্দ্রটি উদ্বোধনের জায়গায় নিয়ে আসবেন।

শ্রী শোভন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শীতলকুচির বিধায়ক যেটা বললেন সেই ব্যাপারে আমি তাকে জানাতে চাই, যেটুকু কাজ বাকি আছে তার জন্য অর্থের অসুবিধা হওয়ার কথা নয়, আমি সেই অর্থ বরাদ্দের ব্যাপারে সরকারের পক্ষ থেকে যথাযথ ব্যবস্থা নেব।

শ্রী অসীম কুমার মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমার বিধানসভা কেন্দ্র বলাগড়,সেখানে কোন অগ্নিনির্বাপণ কেন্দ্র নেই।

অগ্নিনির্বাপণ কেন্দ্র আছে বাঁশবেড়িয়া , আর কালনায় আছে। এই দীর্ঘ ৫০ কিলোমিটারের মাঝে বলাগড় অবস্থিত। এখানে কোন অগ্নিনির্বাপন কেন্দ্র চালু করার কোন পরিকল্পনা আছে ?

শ্রী শোভন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বলাগড়ে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, যে আমাদের ইতিমধ্যেই প্রায় ২১টি নতুন ফায়ার স্টেশন অন গোয়িং চলছে। এবং এই বছরের মধ্যেই কাজ শেষ হবে। বর্তমানে মেমারিতে হচ্ছে,বলাগড়ের অবস্থা। নিশ্চয় পর্যালোচনা করে - উনি নির্দিষ্ট প্রস্তাব আমার কাছে বা ডিপার্টমেন্টের কাছে পাঠালে আমরা পুরো বিষয়টা পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারব।

শ্রীমতী রহিমা মন্ডল : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্বাধীনতার পরে আমার এলাকা থেকে অনেক নেতা মন্ত্রী, অনেক বিধায়ক। এই পবিত্র সদনে এসেছিলেন। কিন্তু একটা ফায়ার স্টেশনের দাবি 'দেগঙ্গা'র মানুষের দীর্ঘদিনের ছিল। আমি বিধায়ক হওয়ার পরে সমস্ত পেপার্স,জমি ডিমার্কেশান করে ডি.এম.এর মাধ্যমে ডিপার্টমেন্টের কাছে পাঠিয়েছি। মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, যে ২০১৬-১৭ আর্থিক বছরের মধ্যে এই ফায়ার স্টেশনটার কাজ হবে কি না ?

শ্রী শোভন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় বিধায়কের প্রশ্নের পরিপ্রেক্ষিতে জানাই যে, দেগঙ্গায় প্রপোজাল উনি দিয়েছেন, আমার সঙ্গে কথাও হয়েছে। কিন্তু সম্পূর্ণ প্রপোজালটা ডি.এম.এর কাছে আসবার পর,প্রপোজাল'টা রেডি হলেই আমরা দেগঙ্গায় ফায়ার স্টেশনের কাজ শুরু করব।

*** প্রশ্ন নং ৩২**

শ্রী অসিত মিত্র:- .....(not respondent)....

জলতীর্থ প্রকল্প

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২২) **শ্রী সমীর কুমার জানা** ঃ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) জলতীর্থ প্রকল্পের উদ্দেশ্য কি; এবং

(খ) ২০১৬-১৭ আর্থিক বর্ষে উক্ত প্রকল্পে কোন কোন জেলায় কী কী কর্মসূচী গ্রহণ করা হয়েছে?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : ক) মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় "জলতীর্থ' প্রকল্পের উদ্দেশ্য হল বীরভূম,বাঁকুড়া,পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুরের মতো খরাপ্রবণ জেলাগুলিতে সেচের বিস্তার ঘটানোর পাশাপাশি ভূ-পৃষ্ঠস্থ জলাশয়ের সৃষ্টি, উন্নয়ন ও সংরক্ষণ যার মাধ্যমে এই অঞ্চলের মানুষ শুখা মরশুমে লাভবান হতে পারে। এভাবে জল সংরক্ষনের দ্বারা ভূগর্ভস্থ জলভাণ্ডারকে সমৃদ্ধ করা ও ভূমিক্ষয় প্রতিরোধ করা সম্ভব হচ্ছে। এই প্রকল্পের ফলে কৃষির উৎপাদন উৎপাদনশীলতা বৃদ্ধির দ্বারা রাজ্যের ক্ষুদ্র ও প্রান্তিক চাষী-ভাইদের আর্থ সামাজিক উন্নয়নও বৃদ্ধি পাচ্ছে। চেক বাঁধ (চেক ড্যাম) এস এফ এম আই এস ও জলসংরক্ষণ কারী পুকুর (ওয়াটর হারভেসটিং ট্যাংক) এই কর্মসূচীতে নেওয়া হয়েছে।

(খ) ২০১৪-১৫ সালে নেওয়া জলতীর্থ প্রকল্পে এখন পর্যন্ত জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ দ্বারা বীরভূম জেলায় ২৬ টি, বাঁকুড়া জেলায় ১৩৮ টি, পুরুলিয়া জেলায় ২৩২ টি ও পশ্চিম মেদিনীপুর জেলায় ২১৩ টি সর্বমোট ৬০৯ টি চেক বাঁধ, এস. এফ. এম. আই. এস ও জলসংরক্ষণকারী পুকুর অনুমোদিত হয়েছে, যার আনুমানিক ব্যয়ভার প্রায় ৪৭১ কোটি টাকা এবং ইর্গেশন পোটেনশিয়াল লক্ষ্যমাত্রা প্রায় ২৬,১২৫ হেক্টর। ২০১৫-১৬ আর্থিক বর্ষ পর্যন্ত এই ৪ টি জেলায় মোট ২৫৩ টি প্রকল্পের কাজ শেষ হয়েছে। যার ফলে ৯,৬১১ হেক্টর ইরিগেশন পোটেনশিয়াল সৃষ্টি হয়েছে।

(গ) ২০১৬-২০১৭ আর্থিক বৎসর উক্ত প্রকল্পে বীরভূম জেলার ১৫ টি, বাঁকুড়া জেলায় ৯৭ টি, পুরুলিয়া জেলায় ১৬৬ টি ও পশ্চিম মেদিনীপুর জেলায় ৭৮ টি সর্বমোট ৩৫৬ টি প্রকল্পের রূপায়ণের কাজ চলছে। এর মধ্যে ৩১-১২-২০১৬ পর্যন্ত বীরভূম জেলায় ৪ টি (চেক ড্যাম-২, এস এফ এম আই এস ১, ডব্লু এইচ টি- ১) বাঁকুড়া জেলায় ৩৪ টি (এস এফ এম আই এস -৩১, ডব্লু এইচ টি- ৩) পুরুলিয়া জেলায় ৭৭ টি (চেক ড্যাম- ৪২, এস এফ এম আই এস-৩৫) ও পশ্চিম মেদিনীপুর জেলায় ৫৭ টি (সিডি-২, এস এফ এম আই এস-৪, ডব্লু এইচ টি-৫১) সর্বমোট ১৭২ টি প্রকল্পের কাজ শেষ হয়েছে,যার হলে ৮,৮৯৬ হেক্টর ইরিগেশন পোটেনশিয়াল সৃষ্টি হয়েছে। বর্তমানে প্রায় ১৬০ টি প্রকল্পের কাজ চলছে। ২০১৬-২০১৭ আর্থিক বর্ষে এই দপ্তর জলতীর্থ প্রকল্পে ৩১-১২-১৬ পর্যন্ত মোট ১৪৬.৯২ কোটি টাকা অনুমোদিত হয়েছে ও প্রায় ৯৮ কোটি টাকা ব্যয় হয়েছে।

[11:20 – 11.30 a.m.]

পাশপাশি জলতীর্থ কর্মসূচীতে অন্যান্য দপ্তর যথা পূর্ত (৯০ টি) বন (৫০ টি) পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর (১০ টি) সেচ ও জলপথ (৯৭ টি),পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তর (৬৩ টি) সর্বমোট ৩১০ টি চেক বাঁধ প্রকল্প রূপায়ণ করেছে। ৩০-১১-১৬ পর্যন্ত এই দপ্তরগুলি বীরভূমে ২৬ টি, বাঁকুড়ায় ১৭ টি, পুরুলিয়ায় ১৬৬ টি ও পশ্চিম মেদিনীপুরে ৩৯ টি সর্বমোট ২৪৮ টি প্রকল্প রূপায়িত করেছে, যার ইরিগেশন পোটেনশিয়াল প্রায় ১৩,৬৫০ হেক্টর। এই দপ্তরগুলি দ্বারা আরো প্রায় ৫০ টির অধিক প্রকল্পের কাজ চলছে

.....(এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দল এবং বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের মাননীয় সদস্য এবং সদস্যাগণ ওয়েলে নেমে বিধানসভার রিপোর্টারদের চেয়ার প্রদক্ষিণ করে স্লোগান দিতে থাকেন। এবং বিক্ষোভ দেখাতে থাকেন।).....

শ্রী সমীর কুমার জানা : ধন্যবাদ মাননীয় স্পীকার মহোদয়, আপনাকে অশেষ অশেষ ধন্যবাদ জ্ঞাপন করছি। মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রয়াসে যে চারটি জেলায়- বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুরের মত খরা প্রবণ জেলাগুলিতে সেচের বিস্তার ঘটানোর মধ্যে দিয়ে সবুজায়ন তৈরি করা হয়েছে। সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয় এবং মাননীয়া মুখ্যমন্ত্রীকে অশেষ ধন্যবাদ জ্ঞাপন করছি। যেভাবে আমরা দেখতে পাচ্ছি আমাদের মাননীয় সদস্যগণ একদিকে বন্দেমাতরম্ অন্যদিকে ইনকিলাব জিন্দাবাদ সমন্বয় করে সংসদীয় গণতন্ত্রকে দিনের পর দিন উপেক্ষা করছে, তাতে বলার কিছু নেই। এবার আমি আমার অতিরিক্ত প্রশ্নে আসছি। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে পারমিশন নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন হল - ফেজ ওয়ান, ফেজ টু এবং ফেজ থ্রি-র কাজ কবে শেষ হবে এবং এর বরাদ্দ কত ?

.....(গোলমাল)...

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, ফেজ ওয়ান, ফেজ টু এবং ফেজ থ্রি -এই তিনটির কাজ ২০১৪-১৫ -তে শুরু হয়েছে ২০১৬-১৭, ২০১৭ -র মার্চ মাসে এই প্রকল্পের কাজ আমরা শেষ করে দেব। এই প্রকল্পে আমরা ৩৯৬ কোটি টাকা বরাদ্দ পেয়েছি এবং এই বরাদ্দের মধ্যে ৬০৯ টি ধরা আছে। তার মধ্যে ৪২৫ টি আমরা সম্পূর্ণ করে ফেলেছি। ২৪৩ টি ওয়াটার হার্ভেস্টিং ট্যাঙ্ক, ২৫৩ টি এস এফ এম আই এস, চেক ড্যাম ১১৩ টি। ২০১৭-র মার্চ মাসে সব কাজগুলো শেষ হয়ে যাবে।

.....(গোলমাল)...

শ্রী সমীর কুমার জানা: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার শেষ অতিরিক্ত প্রশ্ন- মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন ফেজ ফোরের কাজটা কবে শুরু হবে ? সুন্দরবন এলাকায় জলতীর্থের মাধ্যমে।

'জলতীর্থ' এটাকে আনার জন্য কোন পরিকল্পনা আপনার আছে কিনা ?

.....(এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দল এবং বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের মাননীয় সদস্য এবং সদস্যাগণ স্পীকার পোডিয়ামের সামনে গিয়ে স্লোগান দিতে থাকেন এবং বিক্ষোভ দেখাতে থাকেন)....

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, সম্মানীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি, এই 'জলতীর্থ' প্রকল্প - এটা মা-মাটি-মানুষের সরকারের সর্বজন শ্রদ্ধেয়া মমতা বন্দোপাধ্যায়ের মস্তিষ্কপ্রসূত। এই প্রকল্পের জন্য কোন কেন্দ্রীয় বরাদ্দ বা কোন জায়গা

থেকে কোন অর্থ সাহায্য আসেনি। এত প্রতিকূল অবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেমন এরিড জোনগুলির কথা তাঁর মাথাতে রেখে এই প্রকল্পের মাধ্যমে অতিরিক্ত সেচ এরিয়া সৃষ্টির কথা ভেবেছিলেন, সেই অনুযায়ী কাজ চলছে।

(এই সময় বিরোধীদল লেফ্টফ্রন্ট এবং কংগ্রেস উভয়েই শ্লোগান দিতে দিতে সভাকক্ষ ত্যাগ করেন।)

তিনি ভেবেছিলেন সুখা জায়গাগুলির কথা। এ বছর ১৭ই এপ্রিল থেকে ফেজ-ফোর শুরু করব। আগামী ১৮ই মার্চ পর্যন্ত ফেজ-ফোরের কাজ চলবে এবং এত প্রতিকূল অবস্থার মধ্যে থেকেও ফেজ-ফোরে ইতিমধ্যেই তিনি ১৬০ কোটি টাকা বরাদ্দ করেছেন। খুব আনন্দের সঙ্গে বলি, যেমন ভাবে জঙ্গলমহলের এরিড জোন- বীরভূম এবং এই রকম সব জায়গাগুলোর কথা ভেবেছেন। এবারের প্রকল্প হ'ল, লবনাক্ত এরিয়া বিশেষ করে সুন্দরবন ঐ এরিয়ার মধ্যে এই জলতীর্থ প্রকল্পের মধ্য দিয়ে অতিরিক্ত সেচের আওতায় আনার জন্য জমিগুলিতে তিনি বরাদ্দ করেছেন। এবারে সুন্দরবনকে এই আওতায় আনা হয়েছে। এছাড়া পার্বত্য এলাকায় এই প্রকল্পের বিস্তার লাভ করানো হবে বলে এই সিদ্ধান্তও নেওয়া হয়েছে।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, মা-মাটি-মানুষের সরকারের উন্নয়নের লক্ষ্য হ'ল সমন্বিত উন্নয়ন- conservanced development, আপনি যদি অনুগ্রহ করে জানান যে, আপনার ডিপার্টমেন্ট এই সরকারের অভিমুখকে বাস্তবায়িত করতে কী ধরনের প্রকল্প গ্রহণ করেছেন? তার সাকসেস বা সাফল্যের রূপটা কেমন যদি একটু বলেন।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, শ্রদ্ধেয় বিধায়ক তাঁর প্রশ্নের উত্তরে আমি বলি, ইতিমধ্যে মাননীয় বিধায়ক জ্যোতির্ময়বাবু যে প্রশ্ন করেছিলেন এই যে সমন্বয়, আগে একটি ডিপার্টমেন্টের সঙ্গে অন্য একটি ডিপার্টমেন্টের সমন্বয় ছিল না। কিন্তু সমন্বয়ের বিষয়টি প্রথম মাথায় আসে আমাদের শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের। সেই কারণে ঐ প্রশ্নের উত্তরে দেখবেন এরিড জোন জলতীর্থ প্রকল্পের যতগুলি চেক-ড্যাম হয়েছে সেই চেক-ড্যামগুলি বিভিন্ন দপ্তরকে সমন্বয় করেই হয়েছে বলে আজকে ৩২২টি চেক-ড্যাম আমরা এক বছরের মধ্যে কমপ্লিট করতে পেরেছি। সেই জায়গায় আপনাকে আমি বলছি, বিভিন্ন দপ্তর এর সঙ্গে যোগ দিয়েছে। আর সাকসেস কোথায়। আমি একটা চেক-ড্যাম তৈরি করতে যাব বিভিন্ন দপ্তরের অধীনে যে জলের খালটি ওখানে আছে সেটা যেহেতু তার অধীনে তাই এটা প্রথম মাননীয়া মুখ্যমন্ত্রীর মাথায় আসে। এই কাজটা যদি বনদপ্তরকে দিয়ে দেওয়া হয় অর্থাৎ চেক-ড্যামের টেকনোলজি যদি আমরা তাদেরকে সাপ্লাই করি তাহলে তাড়াতাড়ি কাজটা করতে পারব। সেই ভাবে সেচ ও জলপথ - তার মন্ত্রী এখানে বসে আছেন, তারা ৯৭টি করেছেন। তাদেরকে আমাদের সঙ্গে সংযুক্তিকরণ করা হয়েছে। সঙ্গে সঙ্গে গ্রাম, পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন তাকেও আমরা এদের সঙ্গে যুক্ত করে নিয়েছি। আর এরিড জোন বেশিরভাগই পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তর, সেটাকেও এর সঙ্গে আমরা যুক্ত করেছি। এ ছাড়া world bank-এর অধীনে যে স্কীম-গুলি চলছে বা প্রজেক্ট চলছে সেটা সমন্বয় করেই সেই প্রজেক্ট চলছে। কারণ, সেচের জল লাগে না এমন কোনও জায়গা নেই। হর্টিকালচার দপ্তরকে আমরা ট্যাগ করেছি। ফিসারিকে এর মধ্যে নিয়েছি। সর্বোপরি, এগ্রিকালচার দপ্তর - এই রকম সব এ্যালায়েড দপ্তরকে কন্ট্রোল করে আমরা সেগুলিকে নিয়েছি এবং সেটা মাননীয়া মুখ্যমন্ত্রীর মস্তিস্কপ্রসূত হওয়ার ফলে আমরা তার ফল হাতেনাতে পাচ্ছি।

ইতিমধ্যেই আপনারা দেখবেন, গ্রাম বাংলায় যাদের এক একর জমি আছে কিংবা তারও কম তাদেরকে আমরা প্রান্তিক চাষী বলি। সেই প্রান্তিক চাষীরা এই ইন্টিগ্রেটেড প্রকল্প হওয়ার ফলে এবং সবার সমন্বিত চেষ্টা করার ফলে তারা উপকৃত হচ্ছে। যার ছোট্ট জায়গা সে ফল চাষ করছেন, মাছের চাষ করছেন। আমি জল দিচ্ছি। এই নিয়ে দেখা গেছে, প্রভূত পরিমাণ গ্রাম বাংলায় সোসিও ইকোনমিক প্রোগ্রামস, সেটা ইতিমধ্যেই হয়েছে।

শ্রী কালিপদ মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, গ্রাম বাংলায় চাষীর সুবিধার্থে অনেক আর.এল.আই প্রকল্প হয়েছে। সেই আর.এল.আই প্রকল্পগুলি যন্ত্রচালিত ছিল। বর্তমানে অর্থনৈতিক সমস্যা থাকার ফলে ঐ যন্ত্র চালিত আর.এল.আই প্রকল্পগুলি প্রায় বন্ধ হয়ে গেছে। এগুলিতে বিদ্যুৎ সংযোগ করার কোনও পরিকল্পনা আছে কিনা।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক সুন্দর প্রশ্ন করেছেন। ইতিমধ্যে আমরা ৯৩৭টি প্রকল্প বিদ্যুতায়ন করার জন্য নিয়ে নিয়েছি। এবারে আর.আই.ডি.এফ হয়েছে। আর.আই.ডি.এফ - ২২ এ আপনি দেখবেন, সমস্ত প্রকল্পকে ডিজেল থেকে কনভার্ট করে দেব।

[11:30 – 11.40 a.m.]

শ্রীনবীনচন্দ্র বাগ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন রাখছি। রাজ্যে ভূ-গর্ভস্থ জলের পরিমাণ কত এবং তার মধ্যে ব্যবহারযোগ্য জলের পরিমাণ কত ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, ভূ-গর্ভস্থ জল যে পরিমাণে সঞ্চিত থাকে সেটার পরিমাণ কখনও ফিক্স নয়। যার ফলে এটা বলা সম্ভব নয় গত দু'দিন আগে কতটা ছিল এবং সেটা এখন কতটা হয়েছে। তবে এটুকু আমি আপনাদের বলতে পারি, আমাদের যে সমস্ত জায়গায় আর্সেনিক আছে, ফ্লোরাইড আছে, এই সমস্ত জায়গাগুলো ব্যবহারযোগ্য কিনা সেটা পি.এইচ.ই দপ্তর তারা বলতে পারবে। আমার পরিমাণ অনুযায়ী যে জায়গা আছে তার শতকরা ৯০ শতাংশ জল সবটাই ব্যবহারযোগ্য।

বর্ধমান জেলায় নলকূপ সংস্কার

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১১) **শ্রী সেখ শাহনেওয়াজ** ঃ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারি, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ে বর্ধমান জেলায় সেচ ব্যবস্থার জন্য ব্যবহৃত কতগুলি নলকূপ সংস্কার ও কতগুলি নতুন নলকূপ খনন করা হয়েছে?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, সম্মানীয় বিধায়ক সেখ শাহনেওয়াজ সাহেব যে প্রশ্ন করেছেন তার উত্তরে বলি, ১লা জানুয়ারি ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত সময়ে বর্ধমান জেলায় সেচ ব্যবস্থার জন্য ব্যবহৃত ৬টি নলকূপ সংস্কার ও ৫৬৭টি নতুন নলকূপ খনন করা হয়েছে। এর দ্বারা মোট ৮,৯৩২ হেক্টর সেচ সম্ভাব্য এলাকা (ইরিগেশন পোটেনশিয়াল) সৃষ্টি হয়েছে।

শ্রী সেখ শাহনেওয়াজ : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন। বর্ধমান জেলা সারা রাজ্যের মধ্যে কৃষি প্রধান জেলা। এবং এই জেলার গ্রামীণ এলাকাগুলো অনেকাংশেই অ-গভীর

নলকূপ, আর.এল.আইয়ের ওপর নির্ভর করে। আমাদের বর্ধমান জেলায় এই ঘটিত কতগুলো স্কীম নেওয়া হয়েছে। এবং তার ইরিগেশন পোটেনশিয়াল কত?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, বর্ধমান জেলায় আমাদের যে স্কীমগুলো চলছে, অ-গভীর, গভীর নলকূপ সেগুলো কিছু কিছু হ্যান্ডেডওভার এবং কিছু কিছু দপ্তর চালিত। বেশীর ভাগই হ্যান্ডেডওভার স্কীম ওখানে আছে। সর্বমোট স্কীমের সংখ্যা ২ হাজার ৫৬২। যার মধ্যে ২ হাজার ৫৩টি স্কীম এখান চলছে। ৬৮টি স্কীম আছে temporarily defunct এবং permanently defunct হয়ে আছে ৪৩৫টি। এর কারণ যে সময়ে এগুলো বসানো হয়েছিল তাতে তাদের vitality প্রায় শেষ। যার ফলে permanently defunct হয়ে আছে। বর্ধমান জেলায় আমরা ইরিগেশন প্রোটেনশিয়াল ইতিমধ্যে যা সৃষ্টি করেছি সেটা হচ্ছে ৯৮ হাজার ৭৮৭ হেক্টর।

শ্রী সেখ শাহনেওয়াজ : মাননীয় মন্ত্রীকে অসংখ্য ধন্যবাদ। আপনি জানিয়েছেন যে বর্ধমান জেলায় অনেক হ্যান্ডেডওভার স্কীম আছে। আমরা দেখেছি আমার বিধানসভা এলাকা কেতুগ্রামে বিগত সরকারের আমলে অনেক পঞ্চায়েত সমিতির হান্ডেডওভার স্কীম অচল অবস্থায় আছে। বর্তমানে আমার কেতুগ্রাম বিধানসভায় ২০১৬-১৭তে ক্ষুদ্রসেচের অবস্থান কী এবং পরিকল্পনা কী?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, আসলে হ্যান্ডেডওভার স্কীম মানে যখনই আমরা এই সম্পদ-টা তৈরী করি সরকার পক্ষ থেকে তখন একটা বেনিফিসীয়ারিস তৈরী করে দেওয়া হয়। এই বেনিফিসিয়ারিস তৈরী করে দিলে তাদের-ই দায়িত্ব এগুলোকে মেন্টেন করা, এগুলোকে চালানো কারণ সরকারপক্ষ থেকে যেহেতু এর পরিবর্তে কোন জল-কর সেখান থেকে নেওয়া হয় না তাই এটা তাদের দায়িত্বে থাকে। বিগতদিনে এব্যাপারে আপনাদের অভিজ্ঞতা আছে। এখন তবু এই যে বেনিফিসিয়ারিস, একে আমরা একটু স্ট্রং করেছি যার ফলে এর যে অপ-ব্যবহার, অনেকটা বন্ধ হয়েছে বলে এর সংখ্যাটা আস্তে আস্তে কমছে।

কিন্তু আগের দিনের যে সংখ্যা থেকে গেছে। সেটাকে এখনই কমিয়ে ফেলা বা কোন রকমে একটা পলিসি তৈরি করে - আমরা সেই চেষ্টা করিনি। কারণ অনেক সংখ্যায় দিয়ে দেওয়া হয়েছে। তবুও আমরা চেষ্টা করবো এটাকে কোন একটা পলিসি করে, অল্প বিস্তর যদি কোন রিপেয়ারিং থাকে, কৃষক বন্ধুদের যাতে হেল্প হয় সেই চেষ্টাটা আমরা করবো। সেটা এবারের বাজেটেও ধরেছি। আপনার কেতুগ্রাম ওয়ান এবং টু - দুটো ব্লক নিয়ে হয়েছে। আমরা ২০১৬-১৭ তে যেটা করেছি একটা মেজর আর.এল.আই.কেতুগ্রাম ওয়ানে হচ্ছে। যেটাতে ৩৪.১১ লক্ষ টাকা ব্যয় করা হচ্ছে। এটা ৬০ হেক্টর ইরিগেশন পোটেনশিয়াল হবে। এটা কমপ্লিট যে স্কিমটা আমরা কমপ্লিট করে ফেলব এই মার্চের মধ্যে সেগুলো হচ্ছে - রেনোভেশন স্কিম আছে নতুনগ্রাম দুইয়ে। এটা ৬০ হেক্টর ইরিগেশন পোটেনশিয়াল ক্রিয়েট করবে। সেটাতে ব্যয় হবে ৩৬.৪২ লাখ। বিষ্ণুপুর দুই ওখানেও রেনোভেশন আছে। সেখানেও ৬০ হেক্টর ক্রিয়েট হবে। ৩২.৪১ লাখ টাকা ব্যয় করা হবে। নৈহাটিতে একটা হচ্ছে- কেতুগ্রাম দুইয়ে। সেখানেও ৬০ হেক্টর ক্রিয়েট হবে। ৩৬.২১ লাখ ব্যয় হবে। বিষ্ণুপুর ওয়ানে আছে- যেটাকে একটু আগে আমাদের সম্মানীয় বিধায়ক কালীপদবাবু বলছিলেন কনভারশান - ওটাকে আমরা ইলেকট্রিসিটিতে নিয়ে চলে যাচ্ছি। তাতেও ব্যয় করা হবে ১৭.৩ লাখ টাকা। এগুলো তাড়াতাড়ি কমপ্লিট হয়ে যাবে, কাজ চলছে। আরেকটা কাজ আমরা এবারে কোর সেক্টরে দু চার দিনের মধ্যে শুরু করবো, সেটা হচ্ছে মৌরগ্রামে মেজর একটা আর.এল.আই. রেনোভেশন হবে। সেটাতেও ৬০ হেক্টর পোটেনশিয়াল ক্রিয়েট করতে পারবো। এই নিয়ে আপনার এলাকায় যে টাকাটা ব্যয় হবে সেটা প্রায় ১৫০.৪১ লাখ। আর ১২২ হেক্টরের বাইরে পোটেনশিয়াল ক্রিয়েট হবে।

ডাঃ এম.নুরুজ্জামান : মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটি বিষয়ে জানতে চাইছি - আমার বিধানসভা কেন্দ্র পুড়শুড়া, হুগলী জেলা, আরামবাগ সাব-ডিভিশন। সেখানে বহু আর.এল.আই. পাম্প খারাপ হয়ে আছে। সেগুলো সারানোর জন্য কি পরিকল্পনা আছে সরকারের?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, সম্মানীয় বিধায়ককে বলি - আপনার অনেকগুলি আরএলআই খারাপ হয়ে আছে মানে কতগুলি সরকার পরিচালিত, কতগুলি হ্যান্ডেডওভার। এটা প্রথম আমি আপনাকে বলবো, আমাদের যিনি এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার আছেন তাঁর সঙ্গে যোগাযোগ করে শটআউট করে নিন। কারণ আরআইডিএফ- টুয়েনটি টু তে আমরা ম্যাক্সিমাম, আমাদের দপ্তরের যেগুলি খারাপ হয়ে আছে ঐগুলিকে আমরা আগে সারিয়ে তোলার চেষ্টা করছি। তাই ইতিমধ্যে যদি না রিপোর্ট এসে থাকে আপনি এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারের সঙ্গে একটু দয়া করে যোগাযোগ করে নেবেন। পৌঁছলেই আমরা সবগুলি পুনরায় সারিয়ে দেব।

শ্রী মানস মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীকে আমার প্রশ্ন, গোঘাট এক এবং গোঘাট দুই ব্লকে সেমি ক্রিটিক্যাল এবং ক্রিটিক্যাল, সুইডের একটা সমস্যা রয়েছে সেটা আপনি জানেন। সেই জায়গায় দাঁড়িয়ে ভূগর্ভস্থ যে জল সেই জলে চাষিদের পক্ষে চাষাবাদ করা খুবই কষ্টের। মানে সম্ভব হয় না একপ্রকার। এরকম একটা পরিস্থিতিতে বৃষ্টির যে জল, সেই জল ধরে রেখে ড্যাম তৈরি করে বা খাল খনন করে, পুকুর খনন করে জল ধরে রেখে চাষিদের চাষ করানোর কোন পরিকল্পনা সরকারের আছে কিনা? আমি আপনাকে কয়েকটি প্রপোজালও দিয়েছিলাম, সেই প্রপোজালগুলো যদি থাকে তাহলে কাজ কবে নাগাদ শুরু হবে?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, সম্মানীয় বিধায়ক যে প্রশ্ন করেছেন - অ্যাকচ্যুয়ালি আজকে যেটা ক্রিটিক্যাল, আজকে যেটা সেমি ক্রিটিক্যাল কালকে দেখা যাবে সেট সেফ জোন হয়ে যাবে। সেই নিয়ে চিন্তার কোন কারণ নেই। ইতিমধ্যে পরিসংখ্যান দিয়েছি - ময়না বলে একটা ব্লক ছিল যেটা ক্রিটিক্যাল ছিল। এখন দেখছি আবার সেটা সেফ জোন। আমরা তো প্রকৃতিকে অস্বীকার করতে পারি না। কিন্তু আপনি যে জায়গাটায় গুরুত্ব দিয়েছেন বৃষ্টির জল ধরে রাখা। আর এটাই তো আমাদের মুখ্যমন্ত্রীর আসল পরিকল্পনা, আসল স্বপ্ন রূপ পেয়েছে 'জল ধরো জল ভরো' দিয়ে। আপনার ওখান থেকে তিনটে পরিকল্পনা আপনি দিয়েছেন। ইতিমধ্যে আপনিও জানেন আমরা সেগুলো আরআইডিএফ - টুয়েনটি টু তে ধরে নিয়েছি। আরআইডিএফ - টুয়েনটি টু এর কাজ খুব তাড়াতাড়ি শুরু হয়ে যাবে। তখনই আপনার তিনটে পরিকল্পনা বিশেষ করে গোঘাটকে গুরুত্ব দিয়েছি কারণ যারা আলু চাষিরা আছেন তারা যাতে মার না খান। চিন্তার কোন কারণ নেই।

ক্রেতা সুরক্ষা আদালত

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪২) **শ্রী আব্দুল খালেক মোল্লা** ঃ উপভোক্তা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট কতগুলি জেলায় ক্রেতা সুরক্ষা আদালত চালু আছে; এবং

(খ) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে উক্ত আদালতগুলিতে নিযুক্ত কর্মীর সংখ্যা কত?

শ্রী সাধন পান্ডে : ক) মাননীয় স্পীকার স্যার, আজকে আমাদের তরুণ তরুণীদের জন্য একটা শুভ দিন। আজ নতুন জেলা, ২১ তম জেলা উদ্বোধন করবেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী কালিম্পংয়ে। তাই মাননীয় সদস্যকে এই উত্তর দিচ্ছি যে, সবগুলি জেলায় ক্রেতা সুরক্ষা আদালত চালু আছে। সবগুলো জেলায় বলতে কয়েকটি জেলায় দুটো আছে যেমন উত্তর ২৪ পরগনায় ব্যারাকপুর এবং বারাসাতে আছে।

খ) ১১৫ জন এমপ্লয়ী আছে।

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়,আমার অতিরিক্ত প্রশ্ন, দক্ষিণ ২৪ পরগনা জেলায় কোন ক্রেতা সুরক্ষা আদালত আছে কি ?

শ্রী সাধন পান্ডে : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্যের উত্তরে বলি, দক্ষিণ ২৪ পরগনা জেলায় বারুইপুরে ক্রেতা সুরক্ষা আদালত আছে আর সুন্দরবন যদি জেলা হয় বা অন্য কোন জেলা যেমন কালিম্পং হয়েছে প্রত্যেক জেলাতে ক্রেতা সুরক্ষা আদালত থাকবে। যে কটা জেলা হবে প্রত্যেক জেলাতে থাকবে। সুন্দরবন যদি আর একটা জেলা হয় তাহলেও দক্ষিণ ২৪ পরগনায় সেখানেও ক্রেতা সুরক্ষা আদালত হবে।

শ্রী তাপস রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় ক্রেতা সুরক্ষা মন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। আমি প্রথমেই ক্রেতা সুরক্ষা মন্ত্রীকে অভিনন্দন জানাই যে একটা দপ্তরকে তিনি যে জায়গায়, যে মানে নিয়ে গিয়েছেন এবং উন্নীত করেছেন এবং ক্রেতারা উপকৃত হচ্ছেন আমি নিজেও জানি, আমার কাছে এই রকম অনেক সংবাদও রয়েছে। কারণ ঠক এবং ঠকানোর ব্যাপারটা যে পর্যায়ে গিয়েছিল এই হাতে দমন না করলে সেটা কোথায় পৌঁছাতো সেটা বলা কঠিন। আমার প্রশ্ন, আজকের দিন পর্যন্ত ক্রেতা সুরক্ষা আদালতে সারা বাংলায় আজকে ২১ তম জেলা - ২০টি জেলায় কতগুলি কেস চলছে এবং সেই কেসে কতগুলো ক্রেতা সুরক্ষা পেয়েছেন বা তাদের সমস্যার সমাধান হয়েছে।

শ্রী সাধন পান্ডে : মাননীয় স্পীকার স্যার, আমাদের মাননীয় তাপস রায় যে প্রশ্ন করেছেন তাকে একটু নোটিশ দিতে হবে কারণ এই ফিগারগুলো আমার দপ্তর থেকে আমাকে দিতে হবে। আপনাদের আর একটা কথা জানিয়ে দিই যে প্রত্যেক জেলাতে - নতুন জেলাতে হবে। আর আমার ইচ্ছা আছে। রাজারহাটে আমরা একটা নতুন সুরক্ষা ফোরাম করবো। কেন না উত্তর ২৪ পরগনায় আমাদের ব্যারাকপুর আছে, বারাসাত আছে কিন্তু কোলকাতার কাছাকাছি এই রাজারহাট হলে নিউটাউন থেকে শুরু করে সল্টলেক সবাই উপকৃত হবে। তার একটা প্রোপোজাল আমরা তৈরি করছি।

শ্রী পুলিন বিহারী রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি মন্ত্রী মহোদয়ের কাছে একটা প্রশ্ন করছি। ক্রেতা সুরক্ষায় কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের একটা বিশেষ ভূমিকা গ্রহণ করে। কারণ ক্রেতারা বিশেষভাবে বিভিন্ন জায়গায় তাদের অজ্ঞতার জন্য ক্ষতিগ্রস্ত হয় এবং সেই ক্ষতিগ্রস্তের ফলে তারা জানতে পারে না কোথায় কীভাবে, কী করতে হবে ? তাই আপনার বিভাগের মাধ্যমে কিভাবে এই ক্রেতাদের সুরক্ষা হয়, সেটা আপনারা প্রচার করছেন, তার জন্য কী কী উদ্যোগ নেওয়া হয়েছে। যাতে সাধারণ লোক, সাধারণ ক্রেতা যারা গ্রামে গঞ্জে থাকে তারাও যাতে বঞ্চিত না হয়, তারা যাতে এই বিক্রেতাদের শিকার না হয় কোন বঞ্চনার, তারজন্য আপনারা যে যে ব্যবস্থা গ্রহণ করেছেন একটু যদি বলেন তাহলে ভাল হবে।

শ্রী সাধন পান্ডে : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে এটাই বলব যে ক্রেতা সুরক্ষা আদালত আছে। কিন্তু সেই আদালতে অনেক গরীব মানুষ, তারা হয়তো গিয়ে

পৌঁছাতে পারছেন না। গরীব মানুষদের সাহায্যের জন্য বা যে সব মানুষ আদালতে যেতে চায়, ভয় পায়, কেননা আমাদের আদালতে উকিল বাধ্য নয়। নিজের কেস নিজে করতে পারে। সেইজন্য আমরা কনজিউমার অ্যাসিসট্যান্স ব্যুরো - প্রতিটি আদালতে আমরা কনজিউমার অ্যাসিসট্যান্স ব্যুরো করছি। সেই ব্যুরো আমরা বিজ্ঞাপন দিয়ে সোসাল অরগানাইজেশানগুলোর কাছ থেকে রেসপন্স পেয়েছি। তাদের কাছ থেকে রেসপন্স নিয়ে সিলেকশান হয়েছে প্রতিটি জেলাতে। সেই কনজিউমার অ্যাসিসট্যান্স ব্যুরো বসে থাকবে। তাকে কমপিউটার থেকে সমস্ত ইনফ্রাস্ট্রাকচার আমরা প্রভাইড করছি। তারা গরীব মানুষ বা যে কোন মানুষ অবহেলার মধ্যে আছে, তিনি গিয়ে কোর্টে দরখাস্ত করার আগে, উকিলবাবুর কাছে যাওয়ার আগে আমাদের অ্যাসিসট্যান্স ব্যুরোর কাছে যাবে। তারাই ড্রাফট করে দেবে, তারাই সমস্ত পিটিশান করে দেবে এবং আদালতে পেশ করবে। যেমন যেমন তারা কেস সাকসেসফুল হবে, তাকে সেইরকম ভাবে আমরা আর্থিক সাহায্য দেব। অতএব একটা নতুন পরিবর্তন আসছে যে আদালতে এবং কেন্দ্রীয় সরকারও এটা অ্যাপ্রিসিয়েট করছে যে আদালতে অনেক মানুষের যে চাহিদা, সেই চাহিদাটাকে পূরণ করার জন্য আমাদের প্রতিটি আদালতে একটা করে কনজিউমার অ্যাসিসট্যান্স ব্যুরো তৈরি করছি। সিলেকশান হয়ে গেছে। প্রত্যেকটা জেলায় তারা ফাংশান করবে এবং গরীব মানুষ বা যারা পিটিশানগুলো গ্রহণ করবে। তারা সব সোসাল অরগানাইজেশান। তাদেরকে আমরা তিনলাখ টাকা করে বছরে দিচ্ছি যে তুমি প্রত্যেকের উপকার করো এবং আমরা মাঝেমধ্যে রিভিউ করছি। যারা খারাপ কাজ করছে তাদের বাদ দিচ্ছি। যারা ভাল কাজ করছে তাদেরকে অ্যাপ্রিশিয়েট করছি।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমরা ধন্যবাদ জানাতে পারি অবশ্যই, কারণ এর আগে এরকম একটা দপ্তর ছিল, এটা আমাদের জানা ছিল না। মাননীয় মন্ত্রী এই দপ্তরে আসার পর বাংলার মানুষ জানতে পেরেছে। তারা বিভিন্ন ক্ষেত্রে এই দপ্তরের সহযোগিতা চাইছে, নিচ্ছে। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা প্রশ্ন রাখতে চাই যে বিগত পাঁচ বছরে কত মানুষ এখানে অ্যাপ্লিকেশান করেছেন এবং দোষী সাব্যস্ত হয়েছে মানুষ। তাদের কত টাকা ফাইন এখন অব্দি সরকার আদায় করতে পেরেছে?

শ্রী সাধন পান্ডে : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে এটাই বলব আপনি আমাকে একটা লিখিত নোটিশ দিন। তাহলে আমি সেটার উত্তর দিতে পারব,ডিটেলস এইভাবে দেওয়া যায় না।

*** প্রশ্ন নম্বর ৩৮**

শ্রী প্রদীপ কুমার সাহা:- (অ্যাবসেন্ট)

শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্প

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭) **শ্রী কল্লোল খাঁ :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে শ্রমিকদের জন্য বিভিন্ন ধরনের সামাজিক সুরক্ষা প্রকল্প চালু আছে;

(খ) সত্যি হলে, ঐ প্রকল্পগুলি কী কী; এবং

(গ) উক্ত প্রকল্পগুলিতে এখন পর্যন্ত মোট কত শ্রমিক অন্তর্ভুক্ত হয়েছেন?

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী কল্লোল খাঁ মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই - ক) হ্যাঁ, রাজ্যে শ্রমিকদের জন্য সংগঠিত ও অসংগঠিত শিল্পে বিভিন্ন ধরনের সুরক্ষা প্রকল্প চালু আছে।

খ) সংগঠিত ক্ষেত্র ঃ

পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ তহবিল আইন, ১৯৭৪ এর ১১ নম্বর ধারা অনুযায়ী পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদ নিম্নলিখিত প্রকল্পগুলি গ্রহণ ও রূপায়ণ করে থাকে।

১। সমগ্র পশ্চিমবঙ্গে মোট ৫০টি শ্রমিক কল্যাণ কেন্দ্র পরিচালনা করে থাকে। এর মধ্যে ২৩টি আদর্শ শ্রমিক কল্যাণ কেন্দ্র, ২৭টি সাধারণ শ্রমিক কল্যাণ কেন্দ্র আছে। এই কেন্দ্রগুলির মাধ্যমে বিভিন্ন বিনোদনমূলক কর্মসূচী পরিচালিত হয়। খেলাধুলা, সাংস্কৃতিক চর্চা, শিক্ষামূলক প্রকল্প গ্রহণ করা হয়ে থাকে। প্রতিটি কেন্দ্রে একটি করে গ্রন্থাগার ছাড়াও শ্রমিক পরিবারের সদস্যদের জন্য নাচ ও সেলাই প্রশিক্ষণের ব্যবস্থা আছে।

২। শ্রমিক পরিবারের মেধাবী পুত্র-কন্যাদের উচ্চশিক্ষার্থে স্কলারশিপ বা, স্টাইপেন্ড প্রদানের ব্যবস্থা আছে।।

৩। পশ্চিমবঙ্গে দীঘা, বকখালি ও দার্জিলিং এবং পশ্চিমবঙ্গের বাইরে ওড়িশার পুরী এবং সিকিমের গ্যাংটকে শ্রমিক পরিবারের সদস্যদের জন্য নামমাত্র মূল্যে হলিডে হোমের ব্যবস্থা আছে।

৪। যে সমস্ত শ্রমিক ই.এস.আই স্কীমের আওতাভুক্ত নয়, তাদের ক্ষেত্রে কঠিন ব্যাধির জন্য এককালীন ১৫,০০০/- টাকা অনুদানের ব্যবস্থা আছে।

৫। শ্রমিক পরিবারের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য বিনামূল্যে টেস্ট পেপার প্রদান করা হয়ে থাকে।

৬। শ্রমিকদের ক্রীড়া সরঞ্জাম বিতরণ করা হয়ে থাকে।

অসংগঠিত ক্ষেত্রঃ

রাজ্য সরকার অসংগঠিত শ্রমিকদের উন্নয়নের জন্যও ইতিমধ্যে অনেকগুলি কল্যাণমূলক প্রকল্প চালু করেছেন। উক্ত কল্যাণমূলক প্রকল্পগুলি নিম্নরূপ ঃ

১.(ক) 'অসংগঠিত শ্রমিকদের জন্য রাজ্য সরকারের সাহায্যপ্রাপ্ত ভবিষ্যনিধি প্রকল্প (SASPFUW),

(খ) SASPFUW প্রকল্পে নথিভুক্ত শ্রমিকদের জন্য স্বাস্থ্যসুরক্ষা প্রকল্প।

২. ভবন ও অন্যান্য নির্মাণ শ্রমিকদের জন্য কল্যাণমূলক প্রকল্প।

৩. পরিবহণ কর্মীদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্প।

৪. বিড়ি শ্রমিক কল্যাণ প্রকল্প।

(গ) সংগঠিত ক্ষেত্রে কেন্দ্র, রাজ্য এবং ব্যক্তিগত মালিকানাধীন বিভিন্ন সংস্থায় কর্মরত শ্রমিকদের সংখ্যা প্রতিনিয়ত পরিবর্তিত হয়। সুতরাং এই ক্ষেত্রে নথিভুক্ত শ্রমিকের সঠিক সংখ্যা দেওয়া সম্ভব নয়।

অসংগঠিত ক্ষেত্র ঃ

১. SASPFUW প্রকল্পে ৫৭,৬১,৬০১ জন।

২. ভবন ও অন্যান্য নির্মাণ শ্রমিকদের জন্য কল্যাণমূলক প্রকল্পে ২৯,৫৬,০৭২ জন এবং

৩. পরিবহণ-কর্মীদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্পে ৩,১৩,৯৮৬ জন শ্রমিক নথিভুক্ত আছে।

৪. পশ্চিমবঙ্গে ১৪,৪৩,৯৮৭ জন বিড়ি শ্রমিককে পরিচয় পত্র দেওয়া হয়েছে।

[11:50 – 12.00 Noon.]

শ্রী কল্লোল খাঁ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে বিগত বামফ্রন্ট সরকারের আমলে অসংগঠিত এবং সংগঠিত শ্রমিকের সংখ্যা রেকর্ডেড রেজিস্ট্রেশানের সংখ্যা কত ছিল জানাবেন কি ?

শ্রী মলয় ঘটক : স্যার মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই ২০০০ থেকে ২০১১ সালে বিগত সরকারের রেজিস্ট্রেশানের সংখ্যা ছিল ২৩ লক্ষের মতন আর বর্তমানে তা ৯০ লক্ষ পেরিয়ে গেছে।

শ্রী কল্লোল খাঁ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে বিগত বামফ্রন্ট সরকারের আমলে এই সংগঠিত এবং অসংগঠিত শ্রমিকদের ক্ষেত্রে যে অর্থিক বণ্টন এবং বর্তমান মা-মাটি-মানুষের সরকার ২০১১ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত কত সংগঠিত এবং অসংগঠিত শ্রমিকদের জন্য অর্থ ব্যয়িত হয়েছে জানাবেন কি ?

শ্রী মলয় ঘটক : স্যার আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই যে ২০০০ থেকে ২০১১ পর্যন্ত বামফ্রন্ট সরকারের সময় অনুদানের পরিমাণ ছিল ৯ কোটি টাকা এবং বর্তমান সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নির্দেশে এই টাকার পরিমাণ সাড়ে পাঁচ বছরে ৮৮০ কোটি টাকা হয়েছে। ১০০ গুণের বেশি হয়েছে, হানড্রেড টাইমসের বেশি।

শ্রী নির্মল ঘোষ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী সামাজিক সুরক্ষা যেটা সত্যি কথা বলতে অর্গানাইজ, আন-অর্গানাইজ সামাজিক সুরক্ষা একটা শ্রমিক সেইভিয়ার হিসাবে এটা গৃহীত হয়েছে ফলে সুন্দর কাজ গত পাঁচ বছর ৯ মাসে হয়েছে। স্যার আমার প্রশ্ন যে জেসপ কোম্পানী এবং ডানলপ এই দুটো কোম্পানীকে মালিক বন্ধ করে শ্রমিকদের একেবারে মৃত্যুর মুখে ঠেলে দিয়েছিল, তাদের সামাজিক সুরক্ষা ধ্বংস করে দিয়েছিল। সেই জায়গায় আমাদের গভর্নমেন্ট মান্যবর মুখ্যমন্ত্রী উদ্যোগ নিয়েছিলেন এবং আপনি বিল পাশ করিয়েছিলেন যে দুটো কারখানাকেই সরকার অধিগ্রহণ করেছিল। এখন তার স্টেটাস পজিশান কী আছে ? আমি শুনেছি দশ হাজার টাকা আপনি দিচ্ছেন কিন্তু স্টেটাসটা কি আছে, কী পর্যায়ে এসে সেই অধিগ্রহণটা দাঁড়িয়ে আছে। যদি জানান তবে ভাল হয়।

শ্রী মলয় ঘটক : স্যার মাননীয় সদস্যকে আপনার মাধ্যমে জানাই জেসপ এবং ডানলপ এই দুটি কারখানা এই বিধানসভাতেই অধিগ্রহণ বিল পাশ করা হয়েছিল।

কিন্তু যেহেতু এই বিলটি কেন্দ্রীয় সরকারের অনুমোদনের দরকার, সেই অনুমোদনের অপেক্ষায় আমরা আছি। আর বর্তমানে যারা সেখানকার কর্মচারী, মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে তাদেরকে ১০ হাজার টাকা করে প্রতি মাসে দেওয়া হয়। যেহেতু এই বিষয়টি আমার দপ্তরে নয়, এটি ইন্ডাস্ট্রিয়াল রিহ্যাবিলিটেশান দপ্তরের আন্ডারে, তাই বিস্তারিত তথ্য তারা দিতে পারবে।

Dr. Rohit Sharma : Hon'ble Speaker, Sir, I would like to know through you from the Hon'ble Minister that there are more than 200 cases of die in harness under Gorkhaland Territorial Administration. I would like to know from the Hon'ble Minister as to how long this will take to resolve the problem as because die in harness cases they are giving much problem to the families of the deceased as well as to the functioning of the GTA , Sir. Thank you.

Shri Moloy Ghatak : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই Actually the die in harness cases are dealt by the individual departments. So, individual department can say which die in harness case is pending for what reasons. If there is any die in harness case in our department either in Law or Labour Department kindly point it out, I would try to solve the matter

শ্রী সমীর চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর কাছে একটি প্রশ্ন আমরা সকলে জানি কিছুদিন আগে আমরা দেখলাম কেন্দ্রের বি.জে.পি. সরকারের আর একটি তুঘলকি সিদ্ধান্ত ঘোষণার কথা। বি.আই.এফ.আর, তারা তুলে দিয়েছে। পশ্চিম বাংলার কতগুলো কেস বি.আই.এফ.আর. এর আন্ডারে ছিল এবং কত শ্রমিক এই বি.আই. এফ.আর. তুলে দেওয়ার জন্যে বিপর্যয়ের মুখে গিয়ে পড়ল আমি মাননীয় শ্রম মন্ত্রীর কাছে মাননীয় স্পীকার সাহেবের মাধ্যমে জানতে চাইব তার কোনো পরিসংখ্যান আপনি দিতে পারেন কি না?

শ্রী মলয় ঘটক : স্যার, এই প্রশ্নটা আমার দপ্তরের সঙ্গে যুক্ত নয়। আপনি প্রশ্ন করেছেন আমি লিখিতভাবে দেব। তবে এটা আমি বলতে পারি যে বি.আই.এফ.আর. তুলে দেওয়ার ফলে অনেক কল কারখানা বি.আই.এফ.আর. এর ইন্টারিম অর্ডার অনুযায়ী এখানে চলত তাদেরকে আবার নতুন করে দখাস্ত করতে হচ্ছে। নতুন যে ট্রাইবুনাল খোলা হয়ছে সেই ট্রাইবুনালে এখনও পর্যন্ত খুব কমই কেস ফাইলিং হয়েছে। আরো কিছুদিন অপেক্ষা না করলে এর বিপর্যয়টা ঠিক সঠিক ভাবে বলা যাবে না।

অসংগঠিত শিল্প শ্রমিকদের অর্থনৈতিক অবস্থার উন্নতি

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৬) **শ্রী কালিপদ মন্ডল :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অসংগঠিত শিল্প শ্রমিকদের অর্থনৈতিক অবস্থার উন্নতির জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কী কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

শ্রী মলয় ঘটক : ২০১১ সালের তুলনায় অসংগঠিত শ্রমিকদের ন্যূনতম মজুরির আমূল সংস্কার হয়েছে।

কৃষিক্ষেত্রে ১০১ %, নির্মাণ শিল্পে ৯৬%, আবার সজ্জা বা ডেকোরেশন-এর মতো শিল্পে ১৫৪ % মজুরি বৃদ্ধি হয়েছে।

তাছাড়া ২০১১ সালের ৬১ টি তপশিলভুক্ত কর্মক্ষেত্রের স্থলে ৯১ টি কর্মক্ষেত্র তপশিলভুক্ত হয়েছে এবং ৮২ টি কর্মক্ষেত্রে ন্যূনতম মজুরি নির্ধারণ করা হয়েছে। অবশিষ্ট ৯ টি ক্ষেত্রেও ন্যূনতম মজুরি নির্ধারণ পক্রিয়া শুরু হয়েছে।

এছাড়াও রাজ্য সরকার অসংগঠিত শ্রমিকদের আর্থিক উন্নয়নের জন্য নিম্নলিখিত কল্যাণমূলক প্রকল্পগুলি চালু করেছেন।

১) (ক) 'অসংগঠিত শ্রমিকের জন্য রাজ্য সরকারের সাহায্যপ্রাপ্ত ভবিষ্যনিধি প্রকল্প' (SASPFUW)

খ) SASPFUW -এ নথিভুক্ত শ্রমিকদের জন্য স্বাস্থ্য সুরক্ষা প্রকল্প।

২) ভবন ও অন্যান্য নির্মাণ শ্রমিকদের জন্য কল্যাণমূলক প্রকল্প।

৩) পরিবহন কর্মীদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্প।

৪) বিড়ি শ্রমিক কল্যাণ প্রকল্প।

আপনি জানেন বিগত সরকার ৩৪ বছর রাজত্বের মধ্যে তাদের শেষ ২২ বছরে মিনিমাম ওয়েজেসের কোনো রিভিশান তারা করে যায়নি।

কিন্তু এই সরকার আসার পরে মাননীয়া মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে তা প্রায় ৩ গুণ বাড়িয়ে দেওয়া হয়েছে।

[12:00 Noon – 12.11 p.m.]

শ্রী কালিপদ মন্ডল : স্যার, গ্রাম বাংলার শ্রমিকদের জন্য এই অত্যন্ত জনহিতকর স্বাস্থ্য প্রকল্পে আগে প্রত্যেক অঞ্চলে একজন করে এজেন্ট থাকত, তারাই কালেকশনটা করত, তারাই নামগুলো নথিভুক্ত করত। কিন্তু বর্তমানে অন লাইন করার ফলে সাধারণ মানুষ খুব অসুবিধার সম্মুখীন হচ্ছে। এই প্রকল্পটা অন লাইন না করে যারা এজেন্ট আছে তাদের মারফত করলে অসুবিধা কোথায়, এটা বিবেচনা করার জন্য বলব মাননীয় মন্ত্রীকে।

শ্রী মলয় ঘটক : এই সরকার ক্ষমতায় আসার পরে রাজ্যের সমস্ত বিষয়ে স্বচ্ছতা আনার জন্য সমস্ত বিষয়ে অন লাইন ব্যবস্থা শুরু হয়েছিল। আমাদের শ্রম দপ্তরে যারা অনুদান পান তাদের আগে ডাইরেকটলি চেক বা টাকা দেওয়া হত, তার ফলে ব্যাপক দুর্নীতি ছিল। এই সরকার আসার পর সেইগুলো সবই সরাসরি ব্যাঙ্ক অ্যাকাউন্টে পেমেন্ট পাঠিয়ে দেওয়া হয়। এবং যাদের রেজিস্ট্রেশন করা হয় বা যাদের রিনিউয়াল করা হয়, সেইগুলো আগে অন লাইন হত না, এখন অন লাইন ব্যবস্থা চালু করা হয়েছে, তাতে একটু অসুবিধা হচ্ছে। এই কারণে আমরা একটা নতুন সিদ্ধান্ত নিতে চলেছি যে, যারা এস.এল.ও. আছেন, যারা রেজিস্ট্রেশন এবং রিনিউয়াল গুলো করেন, যাতে তাদের মাধ্যমেই এইগুলো করানো যায়, তারা যে ভাবে কালেকশন এবং রেজিস্ট্রেশনের কাজগুলো করছিলেন, সেইগুলো যাতে করানো যায়, তারা যাতে সেইগুলো কম্পিউটারের মাধ্যমে অন লাইনে পাঠাতে পারেন, তার জন্য আমরা আমাদের দপ্তরে দু-একবার আলোচনা করেছি, হয়তো কিছুদিনের মধ্যে আমরা এই সিদ্ধান্ত নেব।

Mr. Speaker : Question Hour is Over

Starred Questions

(to which answers were laid on the table)

বুনিয়াদপুরে দমকল কেন্দ্র চালুকরণ

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১) **শ্রী রফিকুল ইসলাম** ঃ অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গঙ্গারামপুর মহকুমার বুনিয়াদপুর এলাকার দমকল কেন্দ্রটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায় ?

অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

বুনিয়াদপুর অগ্নি নির্বাপণ কেন্দ্রটি নির্মাণের প্রথম পর্যায়ে একটি দ্বিতল ভবনের নির্মাণ কার্য সম্পন্ন হয়েছে। দ্বিতীয় পর্যায়ে ভবনটির তৃতীয় তল নির্মাণের জন্য গত ৩০.০১.২০১৭ তারিখে প্রয়োজনীয় কার্যাদেশ (Work Order) জারী করা হয়েছে। আশা করা যায় বর্তমান বছরের মাঝামাঝি নাগাদ নির্মাণ কার্য শেষ করে অগ্নি নির্বাপণ কেন্দ্রটি চালু করা যাবে।

শব্দ দূষণ রোধে নতুন বিধি প্রণয়ন

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১২) **শ্রী অসিত মিত্র** ঃ পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার শব্দ দূষণ রোধে নতুন বিধি প্রণয়ন করেছে; এবং

(খ) সত্যি হলে, তার রূপরেখা কীরূপ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) না।

(খ) প্রযোজ্য নয়।

সাসপেনশন অফ্ ওয়ার্কে চলা কারখানার সংখ্যা

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪০) **শ্রী মানস মুখার্জী** ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে মোট কত সংখ্যক কারখানায় সাসপেনশন অফ্ ওয়ার্ক হয়ে আছে; এবং

(খ) কতগুলি কারখানা বন্ধ হয়ে আছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) যেহেতু সাসপেনশন অফ ওয়ার্ক হল সাময়িক কর্মবিরতি, সেইহেতু সবসময়ই দু-একটি কারখানায় সাময়িক কর্মবিরতি হয়, আবার খুলেও যায়। সেজন্য সাসপেনশন অফ ওয়ার্ক হয়ে থাকা কারখানার যথার্থ সংখ্যা দেওয়া সম্ভব নয়।

(খ) বর্তমানে রাজ্যে কোন কলকারখানা বন্ধ নেই।

ই.এস.আই, গ্র্যাচুইটি প্রভৃতি।

এছাড়া লকৃড আউট বা, কাজ স্থগিত আছে। এরূপ কারখানার শ্রমিকদের জন্য রাজ্য সরকারের নিজস্ব তহবিল থেকে প্রদত্ত আর্থিক সহায়তা প্রকল্প।

(FINANCIAL ASSISTANCE TO THE WORKERS OF LOCKED OUT INDUSTRIES) রয়েছে। শ্রম দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, এর Resolution No. 506- IR,

তাং ১৪/০৫/১৯৯৮ অনুযায়ী কোন শিল্প প্রতিষ্ঠানের কর্মচারীরা উক্ত শিল্প প্রতিষ্ঠানে লক্‌ড আউট বা, সাসপেন্সন অফ ওয়ার্ক এর কারণে দীর্ঘস্থায়ী রূপে কর্মহীন হলে সরকারের তরফে এই প্রকল্পের মাধ্যমে তাদের আর্থিক সহায়তা প্রদান করা হয়। বর্তমানে এই আর্থিক সহায়তার পরিমাণ মাসিক ১৫০০/- টাকা এবং বাৎসরিক এককালীন বোনাস বা, এক্সগ্রাসিয়া ১৫০০/- টাকা।

বর্তমানে গৌরীপুর জুটমিল, উঃ ২৪ পরগণা, সুরা জুটমিল, কলকাতা এবং মঙ্গলপুর জুটমিল, বর্ধমান- এই মিল গুলির শ্রমিকরা এই প্রকল্পে সুবিধা পাচ্ছে।

বন্ধ জুটমিলের সংখ্যা

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১) শ্রী রুনু দত্ত ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে ১লা জানুয়ারি, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ে কতগুলি জুটমিল বন্ধ হয়েছে;

(খ) উক্ত জুটমিলগুলি খোলার জন্য সরকার কি কোন উদ্যোগ নিয়েছে; এবং

(গ) বন্ধ মিলগুলির শ্রমিকদের জন্য সরকার কোনরূপ ভাতা বা অন্য কোন আর্থিক তহবিল প্রদানের ব্যবস্থা গ্রহণ করেছে কিনা ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

ক) ১লা জানুয়ারি ২০১১ সাল থেকে ৩১শে ডিসেম্বর ২০১৬ সাপেক্ষে পশ্চিমবঙ্গে কোনো জুটমিল বন্ধ হয়নি।

খ) যেহেতু উপরোক্ত সময়কালের মধ্যে কোনো জুটমিল বন্ধ হয়নি, সেহেতু এই প্রশ্নটি প্রাসঙ্গিক নয়।

তৎসত্ত্বেও জুটমিল গুলির বিভিন্ন সমস্যাবলী সমাধানের বিষয়ে বিভিন্ন সময়ে বিবিধ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যেমন ১২.০২.২০১০ তারিখে সংগঠিত ত্রিপাক্ষিক চুক্তির মেয়াদ শেষ হয়ে যাওয়ার পর একাদিক্রমে ৩৬টি ত্রিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে এবং ০২.০৪.২০১৫ তারিখে মাননীয় শ্রমমন্ত্রী, পশ্চিমবঙ্গ এর উপস্থিতিতে একটি নতুন চুক্তি স্বাক্ষরিত হয়।

এছাড়াও বিভিন্ন সময়ে চটশিল্পের বিভিন্ন সমস্যাবলী নিরসনের জন্যে মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রীমণ্ডলী গঠিত হয়েছে।

চটকল মালিক কর্তৃপক্ষ ও শ্রমিকদের মধ্যে যখনই কোনো বিরোধ ঘটে বা কাজে স্থগিতাদেশ জারী হয় তৎক্ষণাৎ শ্রমদপ্তরের আধিকারিকেরা পরিচালকবর্গ এবং ইউনিয়নগুলির সাথে আলোচনা করে সর্বজনগ্রাহ্য সমাধানে পৌছাতে চেষ্টা করেন।

গ) জুটমিল শ্রমিকেরা সংগঠিত ক্ষেত্রের শ্রমিক এবং বিভিন্ন শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হন। রাজ্যে জুটমিল গুলি বিভিন্ন শ্রম আইন এবং নিয়ম- বিধি দ্বারা পরিচালিত হয়। রাজ্য শ্রম দপ্তর, সরকার। প্রণীত এই আইন এবং নিয়ম- বিধি অনুসারে জুটমিল শ্রমিকদের নানাবিধ সুযোগ সুবিধা পাওয়ার জন্য পদক্ষেপ গ্রহণ করে যেমন প্রভিডেন্ট ফান্ড, ই.এস.আই, গ্র্যাচুইটি প্রভৃতি।

এছাড়া লক্‌ড আউট বা, কাজ স্থগিত আছে এরূপ কারখানার শ্রমিকদের জন্য রাজ্য সরকারের নিজস্ব তহবিল থেকে প্রদত্ত আর্থিক সহায়তা প্রকল্প।

(FINANCIAL ASSISTANCE TO THE WORKERS OF LOCKED OUT INDUSTRIES) রয়েছে। শ্রম দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, এর Resolution No. 506- IR, তাং ১৪/০৫/১৯৯৮ অনুযায়ী কোন শিল্প প্রতিষ্ঠানের কর্মচারীরা উক্ত শিল্প প্রতিষ্ঠানে লক্‌ড আউট বা, সাসপেন্সন অফ ওয়ার্ক এর কারণে দীর্ঘস্থায়ী রূপে কর্মহীন হলে সরকারের তরফে এই প্রকল্পের মাধ্যমে তাদের আর্থিক সহায়তা প্রদান করা হয়। বর্তমানে এই আর্থিক সহায়তার পরিমাণ মাসিক ১৫০০/- টাকা এবং বাৎসরিক এককালীন বোনাস বা, এক্সগ্রাসিয়া ১৫০০/- টাকা।

বর্তমানে গৌরীপুর জুটমিল, উঃ ২৪ পরগনা, সুরা জুটমিল, কলকাতা এবং মঙ্গলপুর জুটমিল, বর্ধমান- এই মিলগুলির শ্রমিকরা এই প্রকল্পে সুবিধা পাচ্ছে।

মাইক বাজানোর শব্দসীমা

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮) **শ্রী প্রদীপ কুমার সাহা ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মাইক বাজানোর শব্দ সীমা উঠে গিয়েছে; এবং

(খ) সত্যি না হলে, ডি. জে. বক্স বন্ধ করা হচ্ছে না কেন?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) না।

(খ) শোভাযাত্রা এবং কোনো চলমান বাহনে ডি জে বক্স ব্যবহারে নিষেধাজ্ঞা সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি আছে।

বিচারকহীন মহকুমা আদালতের সংখ্যা

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪) **শ্রী সেক ইব্রাহিম আলি ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৬ তারিখের সাপেক্ষে রাজ্যে বিচারহীন মহকুমা আদালতের সংখ্যা কত; এবং

(খ) উক্ত আদালতগুলিতে বিচারক নিয়োগের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

ক) ৩১শে ডিসেম্বর, ২০১৬ তারিখের সাপেক্ষে রাজ্যে বিচারকহীন মহকুমা আদালতের সংখ্যা তিন (৩) টি।

খ) হ্যাঁ, আছে। তবে, বিচারক নিয়োগের প্রস্তাব ও প্রয়োজনীয়তা মহামান্য উচ্চ আদালতের এক্তিয়ারভুক্ত।

জল ধরো জল ভরো প্রকল্প

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৯) **শ্রীমতী তাপসী মন্ডল** ঃ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমান আর্থিক বছরে 'জল ধরো জল ভরো' প্রকল্পে এ পর্যন্ত রাজ্যে মোট কতগুলি জলাশয় খনন ও সংস্কার হয়েছে; এবং

(খ) উক্ত প্রকল্পে মোট ব্যয়িত অর্থের পরিমাণ কত?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) বর্তমান আর্থিক বছরে (২০১৬-১৭) 'জল ধরো জল ভরো প্রকল্পে' ৩১-১২-১৬ পর্যন্ত রাজ্যে মোট ৩২,৪১৬ টি জলাশয় খনন ও সংস্কার হয়েছে। যার মধ্যে ২২, ৯৬৬ টি MGNREGA প্রকল্পের অধীনে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন (P&RD) বিভাগের সহায়তায় সৃষ্টি হয়েছে এবং জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ৯,৩৮৫ টি সমসংখ্যক পুকুর ও MGNREGA প্রকল্পে এই দপ্তরের মাধ্যমে ৬৫ টি জলাশয় খনন করা হয়েছে।

(খ) জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ দ্বারা উক্ত প্রকল্পে ২০১৬-১৭ বছরে ৩১-১২-২০১৬ পর্যন্ত মোট ব্যয়িত অর্থের পরিমাণ প্রায় ১৪৫. ১৩ কোটি টাকা।

মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৩) **শ্রী হিতেন বর্মন** ঃ স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোচবিহার জেলায় মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা কত; এবং

(খ) উক্ত গোষ্ঠীর মধ্যে কতগুলি গোষ্ঠী কী পরিমাণ সরকারী আর্থিক সাহায্য পেয়েছে?

স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) কোচবিহার জেলার মহিলা স্ব-নির্ভর গোষ্ঠীর সংখ্যা ৩২,২২১ টি ; এবং

(খ) উক্ত গোষ্ঠীর মধ্যে ২০,২৬৭টি মহিলা স্বনির্ভর গোষ্ঠীকে রিভলভিং ফান্ডে। ২৮ কোটি ২৯ লক্ষ ২০ হাজার টাকা দেওয়া হয়েছে।

ব্যাঙ্ক ঋণ সংযুক্তি(Bank Credit link) সম্পন্ন মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা হল ১৯,৫৮৭টি এবং তাদের ১৮২ কোটি ৭৬লক্ষ ৯১ হাজার টাকা দেওয়া হয়েছে।

গোষ্ঠী লগ্নী পুঁজিতে (Community Investment Fund) ৪ কোটি ৯৫ লক্ষ ৯০ হাজার টাকা দেওয়া হয়েছে ১,৭৩৭টি মহিলা স্বনির্ভর গোষ্ঠীকে।

জলপাইগুড়ি জেলায় পুকুর ও জলাশয় সংস্কার

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৫) **ডঃ সুখবিলাস বর্মা** ঃ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে মার্চ, ২০১৬ সাপেক্ষে জলপাইগুড়ি জেলায় 'জল ধরো জল ভরো' প্রকল্পে কত সংখ্যক পুকুর ও জলাশয় সংস্কারের কাজ হয়েছে;

(খ) উক্ত জেলায় জলপাইগুড়ি বিধানসভা কেন্দ্রে কত সংখ্যক পুকুর ও জলাশয়ের কাজ হয়েছে; এবং

(গ) ঐ সময়ে উক্ত প্রকল্পে কত টাকা খরচ হয়েছে?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) মে ২০১১ থেকে ৩১ শে মার্চ ২০১৬ সাপেক্ষে জলপাইগুড়ি জেলায় 'জল ধরো জল ভরো 'প্রকল্পে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন (P & RD) বিভাগের সহায়তায় MGNREGA প্রকল্পে মোট ২,৫৮৭ টি পুকুর ও জলাশয় সংস্কারের কাজ হয়েছে।

(খ) উক্ত জেলায় জলপাইগুড়ি বিধানসভা কেন্দ্রে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের সহায়তায় MGNREGA প্রকল্পে গত দুই আর্থিকবর্ষে মোট ৪০ টি জলসংরক্ষণকারী পুকুর খনন করা হয়েছে।

(গ) P & RD বিভাগ টাকা খরচের পরিমাণ জানাতে পারবে।

গভীর নলকূপ ও নদী জল উত্তোলন প্রকল্প

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৯) **শ্রী মহসীন আলী** ঃ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলায় বন্ধ হয়ে যাওয়া গভীর নলকূপ ও নদী জল উত্তোলন প্রকল্পের সংখ্যা কত;

(খ) ভগবানগোলায় উক্ত প্রকল্পে বন্ধ হয়ে যাওয়া সেচ ব্যবস্থাগুলি চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(গ) থাকলে, কত দিন নাগাদ তা কার্যকর হবে?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) মুর্শিদাবাদ জেলায় বন্ধ হয়ে যাওয়া গভীর নলকূপ ও নদী জল উত্তোলন প্রকল্পের সংখ্যা যথাক্রমে ১৬৮ টি ও ৮১ টি।

(খ) ভগবানগোলায় উক্ত প্রকল্পে বন্ধ হয়ে যাওয়া ২৫ টি সেচব্যবস্থার মধ্যে আপতভাবে চালু করার যোগ্য ৫ টি গভীর নলকূপ আছে। এর মধ্যে ২ টি গভীর নলকূপের পুনর্খননের কাজ RIDF -২১ (Ph-II) প্রকল্পে চলছে। বাকী ৩ টির পুনঃখননের প্রস্তাবনা আরো বিশদভাবে খতিয়ে দেখা হচ্ছে।

(গ) খ - এ উল্লিখিত ২ টি গভীর নলকূপের পুনর্খননের কাজ চলতি আর্থিক বছরের মধ্যে কার্যকর হবে বলে আশা করা যায়।

বিচারাধীন মামলার সংখ্যা

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪২০) **শ্রী আনিসুর রহমান** ঃ বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে রাজ্যের আদালতগুলিতে বিচারাধীন মামলার সংখ্যা কত; এবং

(খ) উক্ত মামলাগুলির নিষ্পত্তির জন্য বিশেষ কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) মহামান্য উচ্চ আদালত, কলকাতা থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, ৩০শে সেপ্টেম্বর, ২০১৬ তারিখের সাপেক্ষে বর্তমানে রাজ্যের আদালতগুলিতে বিচারাধীন মামলার সংখ্যা ২৭১৮৭৮৮ (সাতাশ লক্ষ আঠার হাজার সাতশত অষ্টাশি)।

(খ) মামলা নিষ্পত্তির বিষয়ে রাজ্য সরকারের (প্রত্যক্ষ কোন ভূমিকা থাকে না। আদালতগুলির অধীনে সামগ্রিক বিচারপ্রক্রিয়ার উপর এই বিষয় নির্ভর করে। মহামান্য উচ্চ আদালতের নির্দেশমতো প্রয়োজনীয় নতুন আদালত স্থাপন ও শূন্যপদে বিচারক নিয়োগ সংক্রান্ত বিষয়ে শুধুমাত্র সরকার ভূমিকা গ্রহণ করে থাকে।

শিশু শ্রমিক বিদ্যালয়ের সংখ্যা

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৬) **শ্রীমতী জাহানারা খান** ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে এন. সি. এল. পি.-এর অন্তর্ভুক্ত শিশু শ্রমিক বিদ্যালয়ের সংখ্যা কত (জেলাভিত্তিক তথ্য);

(খ) উক্ত বিদ্যালয়ে ছাত্র, ছাত্রী ও ইনস্ট্রাকটর কর্মী সংখ্যা কত; এবং

(গ) ইনস্ট্রাকটর কর্মীদের মাসিক ভাতা ও সাম্মানিক ভাতার পরিমাণ কত?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

ক্রমিক নং	জেলার নাম	অনুমোদিত শিশু শ্রমিক বিদ্যালয়ের সংখ্যা	
		অনুমোদিত	চলছে
১	উত্তর দিনাজপুর	৪০	৪০
২	দার্জিলিং	২৫	১৪
৩	কলকাতা	৪০	৩৫
৪	হাওড়া	৪০	৩৩
৫	নদিয়া	১০০	১০০
৬	পূর্ব মেদিনীপুর	৩৫	৩০
৭	জলপাইগুড়ি (আলিপুরদুয়ার সমেত)	১৯	(৭+১১)=১৮
৮	উত্তর চব্বিশ পরগনা	৪০	৪০
৯	দক্ষিণ চব্বিশ পরগণা	৪০	৪০
১০	হুগলি	৬৮	–
১১	বর্ধমান	৪৬	৪৬
১২	বাঁকুড়া	৬২	৫৫

১৩	বীরভূম	৫৫	৪৬
১৪	পুরুলিয়া	৯০	৮৯
১৫	মুর্শিদাবাদ	১৪০	১৪০
১৬	মালদা	৪০	৪০
১৭	দক্ষিণ দিনাজপুর	৪০	৪০
১৮	কোচবিহার	১৯	১৯
১৯	পশ্চিম মেদিনীপুর	৪৬	৪২
মোট		৯৮৫	৮৫৬

ক্রমিক নং	ছাত্র ছাত্রীর সংখ্যা	ইনস্ট্রাকটরের সংখ্যা
৭	৩৬২৪৭	১৭১২

উত্তরঃ- প্রতিটি ইনস্ট্রাকটর কর্মীদের মাসিক সাম্মানিক ভাতার পরিমাণ ৬০০০/- টাকা।

মুর্শিদাবাদের বিড়ি শ্রমিকদের উন্নয়ন

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৩) **শ্রী অপূর্ব সরকার** ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদের বিড়ি শ্রমিকদের উন্নয়নের স্বার্থে রাজ্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

মুর্শিদাবাদ বিড়ি শ্রমিকদের উন্নয়নের স্বার্থে রাজ্য সরকার "পশ্চিমবঙ্গ বিড়ি শ্রমিক কল্যাণ প্রকল্প" নামে একটি পরিকল্পনা গ্রহণ করেছ।

বিড়ি শ্রমিক কল্যাণ তহবিল বিধি, ১৯৭৮ আইনের অধীনে কেন্দ্রীয় সরকারের কিছু সুনির্দিষ্ট প্রকল্প আছে।

তাছাড়া ৩১ শে ডিসেম্বর ২০১৬ সাপেক্ষে রাজ্যে বিড়ি শ্রমিকদের সামগ্রিক উন্নয়নে রাজ্যের নিজস্ব তহবিল থেকে রাজ্য সরকার "পশ্চিমবঙ্গ বিড়ি শ্রমিক কল্যাণ প্রকল্প" নামে একটি পরিকল্পনা গ্রহণ করেছে। এই পরিকল্পনা অনুযায়ী বিড়ি শ্রমিকদের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য নিম্নলিখিত তিনটি প্রকল্পে সুবিধা দেওয়া হয়ে থাকে, যথা- (১) গৃহ নির্মাণের জন্য অনুদান প্রকল্প, (২) শ্রমিকদের গৃহে বিদ্যুৎ সংযোজনের জন্য প্রকল্প, (৩)বিড়ি শ্রমিকদের পরিকাঠামো উন্নয়নে সমবায় আবাসন এর সুবিধা।

এছাড়াও সাস্‌পফাউ প্রকল্পে রাজ্য সরকার বিড়ি শ্রমিকদের অন্তর্ভুক্ত করেছেন।

বিড়ি শ্রমিকের সংখ্যা

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৩) **শ্রী রাম শঙ্কর হালদার** ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

(ক) রাজ্যে ২০১৬ সালের ৩১শে ডিসেম্বর সাপেক্ষে নথিভুক্ত বিড়ি শ্রমিকের সংখ্যা কত (জেলাওয়ারি তথ্য); এবং

(খ) উক্ত শ্রমিকদের বর্তমানে মজুরি কত ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

ক্রমিক নং	জেলার নাম	পরিচয় পত্র প্রেরণ		
		রাজ্য সরকার দ্বারা	কেন্দ্রীয় সরকার দ্বারা	মোট
১	উত্তর দিনাজপুর	৫৯৫০৮	৩৪৪৪	৬২৯৫২
২	দার্জিলিং	৯৪০	০	৯৪০
৩	কলকাতা	০	৭১৪৮	৭১৪৮
৪	হাওড়া	১১৩৫৮	৩০৯০	১৪৪৪৮
৫	নদিয়া	৪৬০৯৬	৩২১০২	৭৮১৯৮
৬	পূর্ব মেদিনীপুর	৮২২৫৬	২৮৭২৩	১১০৯৭৯
৭	জলপাইগুড়ি	৬৯৩৯	৯৩৬	৭৮৭৫
৮	উত্তর চব্বিশ পরগণা	৮০৯৪১	১০৩৪৮	৯১২৮৯
৯	দক্ষিণ চব্বিশ পরগণা	৪৩৩৬৭	২১৭২৪	৬৫০৯১
১০	হুগলি	১৮৬১২	৬০০৬	২৪৬১৮
১১	বর্ধমান	২৫৬৪১	২৯৬	২৫৯৩৭
১২	বাঁকুড়া	১১০২৩	১০৭৬৮	২১৭৯১
১৩	বীরভূম	১১৭৪৪	০	১১৭৪৪
১৪	পুরুলিয়া	৪৪১৯৮	৪৬৩২৬	৯০৫২৮
১৫	মুর্শিদাবাদ	৩২৮০৩৮	১০৪৪০৬	৪৩২৪৪৪
১৬	মালদা	২৪৪৪০১	৪৩২৭৩	২৮৭৬৭৮
১৭	দক্ষিণ দিনাজপুর	১৫৬০২	৩০১৪	১৮৬১৬
১৮	কোচবিহার	১৯৫৯৯	১২৩৭৬	৫১৯৭৫
১৯	পশ্চিম মেদিনীপুর	৯৩৩৪	৩০৪১০	৩৯৭৪৪
মোট		১০,৭৯,৫৯৭	৩,৬৪,৩৯০	১৪,৪৩,৯৮৭

অঞ্চল	প্রতি ১০০০ বিড়ি বাধার জন্য মজুরি (টাকায়)	দৈনিক মজুরি (টাকায়)	মাসিক মজুরি (টাকায়)
কলকাতা, উত্তর ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা	২৩৬.৯৯	২৩৫.৮৯	৬১৩৩.১৪
হাওড়া এবং হুগলি	২০৬.৯৭	২০৬.০২	৫৩৫৬.৫২
অন্যান্য	১৯৭.৫৭	১৯৬.৬২	৫১১২.১২

Hon'ble Members, I have received a message from Respected Governor of West Bengal. The Message is in reply to Motion of Thanks adopted by the House on the 8th February, 2017.

Now, as required under Rule 23 of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly, I report it.

Dear Shri Biman Banerjee,

I am in receipt of your D.O. letter dated 8.2.2017 enclosing the Motion of Thanks adopted by the West Bengal Legislative Assembly in reply to my Address in the West Bengal Legislative Assembly on February 3, 2017.

I extend my appreciation to you and to request you to convey the same to the Hon'ble Members of the Legislative Assembly, West Bengal.

With my personal regards,

Yours sincerely,

Sd/-Keshari Nath Tripathi

Calling Attention

Mr. Speaker : Today, I have received two notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Present status of the proposal for Construction of a bridge over Pakhinala River in Patharpratima Block, South 24-Parganas	: Shri Samir Kumar Jana
(ii) Urge for setting up of an I.T.I. in Ketugram Block-I	: Shri Sk. Sahonawez

I have selected the notice of Shri Samir Kumar Jana on the subject of present status of the proposal for construction of a bridge over Pakhinala River in Patharpratima Block, South 24-Parganas.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Sobhandeb Chattopadhyay : মাননীয় অধ্যক্ষ মহোদয় সংশ্লিষ্ট মন্ত্রির সঙ্গে যোগাযোগ করে এই প্রশ্নের উত্তর তিনি কবে দেবেন জানিয়ে দেওয়া হবে।

Mr. Speaker : Now, I call upon the Minister-in Charge of the Water Resources Investigation and Development Department to make a statement on the subject of urgent restoration of River Lift Irrigation System at Sitahati in Ketugram Block-II (Attention called by Shri Sekh Sahonawez on the 9th February, 2017).

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কেতুগ্রাম বিধানসভার মাননীয় সদস্য শ্রী শেখ শাহনওয়াজ সাহেব উল্লিখিত গত ০৯.০২.১৭ তারিখে দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে বলি, কেতুগ্রাম বিধানসভার কেতুগ্রাম ২ নম্বর ব্লকে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর কর্তৃক পরিচালিত সীতাহাটি ২ নং RLI স্কীমের বার্জটি পাম্প মোটর সহ গত ২৯.০১.২০১৭ তারিখে ভাগীরথী নদীতে ডুবে যায়। ঘটনাটি জানার সাথে সাথেই ডুবে যাওয়া বার্জটি তোলার জন্য KATWA (AM) SUB DIVISION এর সহকারী বাস্তকার, তৎপরতার সঙ্গে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন। ক্ষতিগ্রস্থ পাম্প মোটর সহ বার্জটি ১০.০২.২০১৭ তারিখে উদ্ধার করা হয়েছে। বর্তমানে নিকটবর্তী চালু সীতাহাটি ১ নম্বর RLI স্কীম থেকে উক্ত প্রকল্পে প্রয়োজনীয় সেচ দেওয়া হচ্ছে। আশা করা যায় সীতাহাটি ২ নম্বর স্কীমটি আগামী সপ্তাহে সেচ দেওয়ার লক্ষে নতুন পাম্প মোটর সহ চালু করা সম্ভব হবে।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ, আমি সকলের কাছে আবেদন করব যে বিধানসভার মর্যাদা অক্ষুণ্ণ রাখবার জন্য আমাদের সকলের প্রচেষ্টা করা উচিত। কিছু কিছু অবাঞ্ছনীয় ঘটনার পরিপ্রেক্ষিতে গত ৮ই ফেব্রুয়ারি আমাকে একটা রুলিং দিতে হয়েছিল। তার পরিপ্রেক্ষিতে অনেকে অসন্তুষ্ট হয়েছেন , ক্ষুব্ধ হয়েছেন। ক্ষোভের বহিঃপ্রকাশে তারা যে সমস্ত আচরণ করছেন আমার মনে হয় তাতে বিধানসভার মর্যাদা বজায় থাকছে না। আমি সকলের কাছে অনুরোধ করব যে বিধানসভাটা সকলের এবং বিধানসভার মর্যাদা রক্ষা করা আমাদের সকলের দায়িত্ব এটা নিশ্চয় সকলে মনে রাখবেন। আজকে সকালে অনেকে বিরোধী দলের নেতা বিশেষ করে কংগ্রেস পরিষদীয় দল থেকে কিছু বক্তব্য রাখবার জন্য আমার অনুমতি চেয়েছিলেন। আমি তাঁদের অনুমতি দিয়েছিলাম যে কোশ্চেন আওয়ারের পরে তারা বলবেন কিন্তু তাঁরা যেহেতু সভায় উপস্থিত নেই সেই বলার সুযোগটা তারা নিজেরাই হারালেন। Hon'ble Members, you are aware that an unfortunate incident took place in the House on 8th February, 2017 causing damage/loss to furniture and other articles in the Chamber of the Assembly. I directed the Secretary of the Assembly to submit a report on assessment of loss/damage caused to furniture and other articles in the Chamber on that day and accordingly, the Secretary of the Assembly has submitted a report.

According to the report, one antique table made of Burma Teak wood in front of Seat Nos. 21 to 24 was partly damaged and was shifted from its base fixed with the wooden floor, and one writing tray, also made of Teak wood, suffered crack. The authorities of PWD (Civil) informed that the damaged

table was required to be refixed to its original place while the writing tray was required to be replaced by a new one involving a total cost of Rs.2000/- only. On the other hand, the authorities of PWD(Electrical) informed that eight numbers of Delegate Units against Seat Nos. 21, 22, 25, 26, 30, 31, 35 and 36 as well as ten microphones became either damaged or non-functional and the said Department had no other alternative but to replace those by new ones involving an expenditure of Rs.12,41,636/- only in order to restore the system. The antique value of the property damaged could not be assessed. The total amount of loss/damage suffered comes out to Rs.12,41,636/- only in terms of money value. The report is under my examination. I shall pass necessary orders in this regard in due course.

MENTION CASES

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় স্পীকার স্যার , আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বক্তব্য রাখছি। আমার বিচালিঘাটে যে গার্ডেনরিচ রেশনিং অফিস কলকাতা সাউথ জোন সেটা আজ দু বছর হল এখান থেকে স্থানান্তরিত করে এটাকে লেক গার্ডেনসে নিয়ে যাওয়া হয়েছে। স্যার, এখানে মেটিয়াবুরুজ বিধানসভা কেন্দ্রে ছটা কে এম সি ওয়ার্ডে প্রায় দু লক্ষ ভোটার এবং বন্দর এলাকার তিনটে কে এম সি ওয়ার্ডে প্রায় দেড় লক্ষ ভোটার। এই সাড়ে তিন লক্ষ মানুষের রেশন শপ দীর্ঘদিন এখানে ছিল সেটা হঠাৎ করে লেক গার্ডেনসে নিয়ে যাওয়া হয়েছে যে কারণে এখানকার স্থানীয় মানুষের খুবই অসুবিধা হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব ওই অফিসকে যে অফিসকে লেক গার্ডেনসে নিয়ে যাওয়া হয়েছে তাকে পুনরায় মেটিয়াবুরুজ অঞ্চলে নিয়ে আসা হোক।

শ্রীমতী মিতালি রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে আমার বিধানসভা এলাকার অন্তর্গত বারঘোরিয়া অঞ্চলের ধূপগুড়ি পৌরসভার ৯ নাম্বার ওয়ার্ড হতে বৈদ্যশ্রম, মনেরডাঙ্গাঁ, ডাংধরী হয়ে মোরঙ্গা ভায়া জালাপাড়া রেলগেট পর্যন্ত ৮ কিলোমিটার পাকা রাস্তা নির্মাণ করার জন্য অনুরোধ জানাই।

ডাঃ এম.নুরুজ্জামান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আমার বিধানসভা কেন্দ্র হুগলি জেলার পুরশুড়া সহ হুগলি জেলার বিস্তীর্ণ অঞ্চলের আলু চাষীরা খুব বিপন্ন অবস্থায় আছে। আলুর দাম নেই বস্তা ১০০ টাকায়, এমন কি ৮০ টাকাতে বিক্রি হচ্ছে। যার ফলে আলু চাষীরা মাঠ থেকে আলু তুলতেই পারছে না। সুতরাং এই অবস্থা থেকে উদ্ধারের জন্য সরকারের কাছে আমার অনুরোধ যে, হয় আর এম সি অথবা সমবায়ের মাধ্যমে আলু কিনে আলু চাষীদের উদ্ধারের ব্যবস্থা করুন। ধন্যবাদ।

মিঃ ডেপুটি স্পীকার : The house is adjourned till 1 P.M.

(এইসময় মিঃ ডেপুটি স্পীকার বেলা একটা পর্যন্ত সভা মুলতুবি রাখেন)

[1.00 – 1:10 p.m.]

General Discussion on Budget (2nd Day)

Mr. Speaker: Before I call the names of the speakers, Hon'ble Members, yesterday, I received a Notice from Dr. Manas Ranjan Bhunia, MLA requesting to allow him to speak on the Budget on 14-02-2017 i.e. today as a member of this august House. He has stated, inter alia, that the Legislature Party has not given his name for inclusion in the list of speakers in the said debate which is now going on.

In this context, I am to mention that according to the well-established parliamentary practice and convention, a Member who desires to take part in a debate or discussion in the House, may adopt any of the following three methods vide Practice and Procedure of Parliament by M. N. Kaul and S.L. Shakdher, Sixth Edition, 2009, pages 956 - 957.

(i) He may have his name communicated to the Hon'ble Speaker through the Legislature Party or group to which he belongs.

(ii) He may prefer to write direct to the Speaker without having to go through the machinery of Legislature Party or group.

(iii) He may catch the Speaker's eye.

Lists of speakers supplied by the Whips of the Legislature Party or groups are for the guidance of the Chair. The Chair has the right to regulate the debate and select Members to take part in a debate or discussion in the House. On the basis of the requests received direct from the Members, the list of speakers can be changed and altered by the Chair.

Here in this case, Hon'ble Members, Dr. Manas Ranjan Bhunia has approached me through his letter for allowing him time to take part in the debate. And accordingly, I allow Dr. Manas Ranjan Bhunia to speak on the Budget. The time allotted for him is fifteen minutes. I will call his name in due course.

Shri Tanmoy Bhatacharyya: Absent

Shri Parash Dutta: (In Beng.)...Hon'ble Speaker... Sir...

শ্রী পরশ দত্ত : মাননীয় স্পীকার স্যার, রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে ৭ লক্ষ ৬ হাজার ৩৮১ কোটি টাকার বাজেট পেশ করেছেন এই সদনে, তাকে আমি সম্পূর্ণ সমর্থন করে কিছু কথা রাখছি। স্যার, এই বাজেট তৈরি করার পরিপ্রেক্ষিতটা আগে বলে রাখা দরকার। মানুষের উপরে, মানুষের আস্থার ওপর নির্ভর করে এই সরকার - মা-মাটি-মানুষের সরকার মমতা ব্যানার্জীর নেতৃত্বে গত ৫ বছর প্রচুর জনস্বার্থবাহী কাজ করেছেন এবং সেটা করেছেন বলেই মানুষ হাজার বিরোধীদের বিরোধিতা এবং এক শ্রেণীর সংবাদ মাধ্যমের অপপ্রচার - এই সমস্ত উপেক্ষা করে বিপুল ভোটে এই সরকারকে পুনঃ নির্বাচিত করেছেন।

মানুষ মমতা ব্যানার্জীর প্রতি যে আস্থা প্রকাশ করে বিধানসভা ভোটে ২১১টি আসন তৃণমূল কংগ্রেসকে দিয়েছিল তার উপরে ভরসা করেই বর্তমান অর্থবর্ষে সরকার দৃঢ়পায়ে এগিয়ে চলেছে। এর মাঝে হঠাৎ করে নেমে এলো কেন্দ্রীয় সরকারের একটি সিদ্ধান্ত, যে সিদ্ধান্ত কোন রকম আগাম নির্দেশ বা আগাম প্রস্তুতি ছাড়াই হঠাৎ করে ৮ই নভেম্বর যে ডিমানিটাইজেশান ঘোষণা করলেন তার চরম আঘাত সারা ভারতের অর্থনীতির উপরে পড়েছে। এর ফলে অনেকেই মনে করছেন যে GDP বৃদ্ধির হার ১% থেকে ৩.৫% কমে যায়। এর ফলে হিসাব করে দেখা যাচ্ছে যে দেড় লক্ষ কোটি টাকা থেকে ৫ লক্ষ কোটি বেশী টাকার বেশী ভারতবর্ষের আর্থিক ক্ষতি হবে। এই অবস্থা কেন হলো ? দেশের প্রধানমন্ত্রী দুটি কারণে অন্তত বলেছেন তাই এই ডিমানিটাইজেশান ঘোষণা করলেন একটা হচ্ছে কালো টাকা উদ্ধার এবং কালো টাকার যে প্যারালাল ইকোনমি চলছে সেই প্যারালাল ইকোনমিটাকে বন্ধ করে দেবার জন্য তিনি নাকি করেছেন। পরবর্তীকালে অবশ্য দেখা গেছে একের পর এক সিদ্ধান্ত ঘোষণা করে তার সঙ্গে তিনি নানান রকম কারণ দেখালেন কেন তিনি এই ডিমানিটাইজেশানের পথে গেছেন। কখনও স্বল্প নগদ অর্থনীতি, কখনও? সম্পূর্ণ ক্যাশলেস সোসাইটি ট্যাগ করেছেন। আসল কারণটা আজ অবধি আমি বুঝতে পারিনি, কেন না। ডিমানিটাইজেশানের তিনি প্রথমে যেটা বলেছিলেন যে কালো টাকা উদ্ধার করবেন। এটা তিনি বিগত লোকসভা নির্বাচনের আগেও বলেছিলেন যে, সমস্ত কালো টাকা বিদেশ থেকে নিয়ে এসে প্রত্যেক ভারতবাসীকে ১৫ লাখ না কত করে টাকা তার এ্যাকাউন্টে দেবেন। সে সবতো হয়নি, আর ডিমানিটাইজেশান নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারি তিনমাস হয়ে গেল এখনও ডিমানিটাইজেশানের ফলে কালো টাকা কিন্তু উদ্ধার হয়নি। সেই জন্যই গত তিনমাস ধরে এক একবার এক একরকম কারণ। মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন। এবং সব চেয়ে আশ্চর্যের কথা এই ডিমানিটাইজেশানের মতো এই রকম একটা গুরুত্বপূর্ণ ঘোষণা যখন হলো তখন ভারতবর্ষের রিজার্ভ ব্যাংকের গভর্নর তার সঙ্গে জড়িত নেই, দেখলাম না। ভারতবর্ষের অর্থমন্ত্রী দু, তিনদিন ধরে চুপ করে থাকলেন, কিছু বললেন না। বোঝা যাচ্ছে অর্থমন্ত্রী এবং রিজার্ভ ব্যাংকের গর্ভনর এই দুজন যাঁরা ডিমানিটাইজেশান হলে তার সঙ্গে সরাসরি যুক্ত থাকবেন, তাঁরা এর মধ্যে ছিলেন না। একজন রাজনৈতিক নেতা, তিনিও সর্বভারতীয় নেতা বলে আমি মনে করি না, কারণ কোনদিন শুনিনি, তার নাম হয়েছিল গুন্ডামি করার জন্য। তাকে সঙ্গে নিয়ে As if he is the Finance Minister এই ডিমানিটাইজেশান ঘোষণা করলেন। ভারতের আপামর জনসাধারণ কি দেখলো ? ডিমানিটাইজেশানের করার কারণটা দেখানো হয়েছিল যে, ভারতবর্ষের আপামর জনসাধারণের উপকারার্থে। দেখা গেল যে, সাধারণ মানুষ ৯ তারিখ থেকে নানান অসুবিধা ভোগ করতে লাগলো।

[1.10 – 1:20 p.m.]

আমি নিজে, আমার এক জায়গায় টাকা দেওয়ার ছিল ৯/১০ তারিখের ভেতরে কিন্তু আমি ব্যাঙ্কে টাকা তুলতে পারলাম না। বললো ৪ হাজার টাকার বেশি তোলা যাবে না। এই ধরনের প্রতিবন্ধকতা কৃষিক্ষেত্রে পড়েছে। কৃষক তার ফসল তৈরী করেছে সেই ফসল কাটবার জন্য যে ক্ষেতমজুর দরকার সেই ক্ষেতমজুরকে নিয়ে এসেছে কিন্তু ক্ষেতমজুরকে পয়সা দিতে পারছে না। ক্ষেতমজুর তো আর চেক নেবে না অথবা তাকে ব্যাঙ্কে ট্রান্সফার করেও দেওয়া যাবে না। ফলে প্রচুর ফসল জমি থেকে গোলায় তুলতে অসুবিধা হল। আমি যেখানকার নির্বাচিত এম.এল.এ সেখানে বহু লোক ফসল ঘরে তুলতে পারেনি। ঠিক এক জিনিস দিনমজুরদের যারা শিল্পক্ষেত্রে কাজ করেন। দিনমজুর মানে দিনের কাজ করে দিনেই টাকা পায়। সেই দিনমজুরের দিনে কাজ করাটা ঠিক থাকতে পারে কিন্তু টাকা পাওয়াটা ঠিক ছিল না। এইরকম একটা বিচ্ছিরি অবস্থার

মধ্যে পড়ে সকলেই, ভারতবর্ষের এমন কোন বুদ্ধিজীবী নেই, এমন কোন অর্থনীতিবিদ নেই যিনি এটার বিরোধিতা করেননি। আর পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জী তো প্রথম দিনই নোটবন্দীর বিরুদ্ধে আন্দোলনের কথা বলেছেন যে, এটি ভারতবর্ষের বুকে চরম আঘাত নিয়ে আসবে। সত্যি কথা তাই এসেছে। এখন যদি কেউ বলেন যে, কম টাকায় জীবনযাপন করা অভ্যাস করার জন্য ডিমানিটাইজেশন করেছি তাহলে তো এটা অর্থনৈতিক কথা হলনা। আমার সন্দেহ আছে যে যারা, কেন্দ্রীয় সরকারের যে সব মন্ত্রীরা - আমি অনেককেই চিনি যাঁরা অর্থনীতিটা বোঝেন তাঁরা এর সঙ্গে নেই। এই ডিমানিটাইজেশন করা হয়েছে এবং প্রত্যেক সপ্তাহে একটা করে নতুন সিদ্ধান্ত নেওয়া হয়েছে, নতুন অর্ডার দেওয়া হয়েছে জাস্ট পাবলিসিটির জন্য। মানুষকে বোঝানো আমি তোমাদের জন্য অনেক কিছু করছি। ঠিক লোকসভা নির্বাচনের আগে যে পাবলিসিটি হয়েছিল সেই ধরনের পাবলিসিটি করার জন্য। স্যার, এই অবস্থায় দাঁড়িয়ে রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রকে বাজেট বানাতে হয়েছে। এই বাজেট বানানোর সময়ও যা যা অসুবিধা হয়েছে - দু'ধরনের কাজ হয়েছে বাজেটে। একটা হচ্ছে, যে ক্ষতি হয়েছে সেই ক্ষতি সামাল দেওয়ার জন্য কিছু কিছু পদক্ষেপ নিতে হয়েছে। যেমন - যে সমস্ত শ্রমিকরা বাইরে অন্য রাজ্যে গিয়ে কাজ করতেন তারা কাজ হারিয়েছেন এবং কাজ হারিয়ে পশ্চিম বাংলায় ফেরত চলে এসেছেন। তাদের আবার নতুন করে কাজ শুরু করার জন্য ৫০ হাজার ঐ ধরনের শ্রমিককে ডিসপ্লেস্ট ওয়াকারকে আবার রিহ্যাবিলিটেশনের জন্য ৫০ হাজার টাকা করে দেবার সিদ্ধান্ত এই বাজেটে আছে। এর জন্য ২৫০ কোটি টাকা আলাদা করে এই বাজেটে প্রভিশন রাখা হয়েছে যাতে ডিসপ্লেস্ট শ্রমিকরা কিছু কাজ করতে পারে। স্যার, মা-মাটি-মানুষের সরকার গত ৫ বছরে সাধারণ মানুষের উপকারার্থে যে ভাবে ইনফ্রাস্ট্রাকচার বৃদ্ধির জন্য বাজেট বরাদ্দ করেছেন এবং কাজ করেছেন সেটা অভূতপূর্ব। আমি কন্যাশ্রীর কথা আর নতুন করে বলবো না। সারা পৃথিবী জানে যে এইরকম একটা প্রোজেক্ট পশ্চিমবঙ্গ সরকার নিয়েছে এবং সেটা সাধারণ মানুষের বিশেষ করে পশ্চিম বাংলার মেয়েদের যারা সমাজের মূল ভিত্তি তাদের ছোট স্কুল থেকে নিজের পায়ে দাঁড়িয়ে নিজের পরিবার ও নিজের সমাজকে আর্থিক ভাবে শক্তিশালী করার জন্য এই প্রকল্প নেওয়া হয়েছিল। কয়েক হাজার কোটি টাকা বরাদ্দ করে শুধু পশ্চিম বাংলার মহিলাদের জন্য কন্যাশ্রী প্রকল্প নেওয়া হয়েছিল। এই প্রকল্পের বিরোধিতা তো কেউ করছেই না উল্টে কেন্দ্রীয় সরকার সেখানে এই কন্যাশ্রীর নাম একটু চেঞ্জ করে 'বেটি পড়াও বেটি বাঁচাও' বলে সারা ভারতের জন্য ১০০ কোটি টাকা বরাদ্দ করেছে।

এগুলো থেকে একটা জিনিস খুব স্পষ্ট হয় যে, আসল আর্থিক উন্নয়নের কথা কেন্দ্রীয় সরকার চিন্তা করেননি। কেন্দ্রীয় সরকার যেটা চিন্তা করেছেন সেটা হচ্ছে, publicity করা এবং যেহেতু এই মহিলাদের ক্ষেত্রে বিশেষ করে এই কন্যাশ্রী প্রচণ্ডরকম success পেয়েছে, সেইজন্য একে নকল করে শুধু publicity করার জন্য ওই 'বেটি পড়াও বেটি বাঁচাও' ইত্যাদি এসব করা হয়েছিল। স্যার, আমি আর একটি কথা বলব শুরুতে, রাজনৈতিক সাফল্য আর অর্থনৈতিক সাফল্য এক জিনিস নয়। ইংরেজীতে একটা P21 016, good politics is often bad economics and bad politics is often good economics. বোধহয়, এই জিনিসটা ভুলে গিয়েছিল অনেকে। সেইজন্য কাল, পরশু, আজ খবরের কাগজ খুলে দেখছি যে, কেন্দ্রীয় সরকারের এক প্রতিনিধি তিনি নিজেকে প্রচণ্ড প্রাজ্ঞ অর্থনীতিবিদ হিসেবে ঘোষণা করার জন্য বিশ্ববরেণ্য অর্থনীতিবিদদের খুব কটু ভাষায়) এবং অজ্ঞের মতো সমালোচনা করছেন। খুব দুঃখের কথা পশ্চিমবাংলায় এ জিনিস হচ্ছে। অবশ্য পশ্চিমবাংলায় এই জিনিস প্রথম নয়। অমর্ত্য সেনকে যেমন অনেকভাবে কটূক্তি করা হচ্ছে, সমালোচনা করা হচ্ছে, স্বয়ং রবীন্দ্রনাথকেও তাই করা হয়েছিল এবং করা হয়েছিল বিশ্বভারতীর প্রাঙ্গন থেকে। রবীন্দ্রনাথের অন্যতম সহযোগী,

তাঁর ছেলে সেই সময় বিশ্বভারতীর Assistant Secretary বা কিছু একটা ছিলেন। রবীন্দ্রনাথ যখন ইউরোপ ভ্রমণ করছেন, তখন রবীন্দ্রনাথকে স্বৈরতন্ত্রীদের সঙ্গে আঁতাত বেঁধেছেন বলে একাধিক আর্টিক্যাল লেখা হয়েছিল বিশ্বভারতীর কাগজে, monthly কাগজে। কাজেই এ জিনিস নতুন নয়, এ জিনিস এই বাংলা থেকেই হয় এবং বাংলাতেই হারিয়ে যায়। সেই লোকটার নাম আমার মনে নেই। তার বাবা রামানন্দবাবু রবীন্দ্রনাথের সহযোগী ছিলেন।

স্যার, আমার সময় প্রায় কমে এসেছে। আমি খালি বলব একটা কথাই যে, মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় যেভাবে প্রত্যেকটি sector-এর দিকে নজর দিয়ে তার বরাদ্দ বাড়িয়েছেন। তিনি যেভাবে অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকাদের মাসিক অনারারিয়াম বাড়িয়েছেন, আমি সেটাকে খুব সাধুবাদ জানাই। কেন না এই অঙ্গনওয়াড়ী কর্মীরাই ভবিষ্যতের ছাত্র তৈরি করে এবং মানুষ তৈরি করার জন্য - তা নাহলে লক্ষ লক্ষ শিশু অশিক্ষিত থেকে যেত, নিরক্ষর থেকে যেত। ... (এই সময় ভারতীয় জনতা পার্টির মাননীয় সদস্য শ্রী দিলীপ ঘোষ মহাশয় কিছু বলে ওঠেন।)... যদি আমার কথা শুনতেই তাহলে ওই কথাগুলো এখানে দাঁড়িয়ে বলতে না। আমার কথা শুনতেই। মাথায় যদি শুনতেই মাথায় যদি বুদ্ধি থাকে তাহলে মাথার বুদ্ধিটা প্রয়োগ করো। স্যার, যে কথা দিয়ে শেষ করবো ভাবছি সেটা হচ্ছে, মা-মাটি-মানুষের অর্থমন্ত্রী মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নকে বাস্তব করার জন্য যে যে পদক্ষেপ নিয়েছেন, তার ফলে সবচেয়ে বড় কাজ যেটা হয়েছে, সেটা হল আদায় বেড়েছে।

কর ব্যবস্থা অনেক সরলীকৃত এবং পরিষ্কার হয়েছে। ট্রান্সপারেন্ট হয়েছে। এই অবস্থায় দাঁড়িয়ে এতটা অর্থনৈতিক পরিমণ্ডলের সারা ভারতের যে নিম্নমুখী ট্রেন্ড, তার ভেতরে দাঁড়িয়েও, উনি যে বাজেট যে ভাবে পেশ করেছেন আমি সেটাকে সম্পূর্ণ সমর্থন করে এবং তাঁকে সাধুবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[1.20 – 1:30 p.m.]

ডাঃ মানস রঞ্জন ভুঁঞ্যা : অসংখ্য ধন্যবাদ,মাননীয় অধ্যক্ষ মহোদয়। বিধানসভার রীতি অনুযায়ী আপনার ক্ষমতাবলে আমার আবেদনকে স্বীকৃতি দিয়ে আপনি আমাকে বলার সুযোগ করে দিয়েছেন বাজেটের আলোচনাতে, আমি তাঁর জন্য কৃতজ্ঞতা জানাচ্ছি। আমার সামনে বাম দিকটা শূন্য। পরশবাবুর বক্তব্য শুনলাম। গতকাল ভারতীয় জনতা পার্টির প্রতিনিধি এবং সভাপতি, আমার জেলারই মানুষ, দিলীপবাবুর বক্তব্য শুনেছি। আমার সামনে দুটো মানচিত্র। একটা - চৌত্রিশ বছরের জ্যোতিবাবুর তেইশ বছর, বুদ্ধবাবুর ১১বছর ; প্রাক্তন অর্থমন্ত্রী অশোক মিত্র, জ্যোতিবাবু নিজে দেড় বছর,আর ২৭শে মে, '৮৭ সালের মে মাসে probably 15th of May, যদি ডেটটা - আপনি একটু রেকটিফাই করে দেবেন ডঃ মিত্র, ডঃ অসীম দাশগুপ্তের ২০১০ সাল অবধি বাজেট আর ৬ বছর ডঃ অমিত মিত্রের এই সরকারের বাজেট, আমার সামনে পড়ে আছে। আমি রাজনীতির কথা কমই বলব, অর্থনীতির কথাটাই বলব। এই কারণেই Political ambit may be discussed in every forum. কিন্তু হাউসের ভেতরে বাজেটকে বিশ্লেষণ করে তার মূল্যায়ন করাটাই বোধহয় বিধায়কদের কর্তব্য। আমি যে সমস্ত মানুষদের সঙ্গে কথা বলেছি, তারা বলেছেন একটা কমপারেটিভ স্টাডি করো মানস। বামপন্থী বন্ধুরা থাকলে খুব ভাল লাগত, বিতর্ক করতে। হয়ত ঘরে বসে শুনছেন। কিংবা রাস্তায় আছেন, মিছিল করে যাচ্ছেন কোথাও, রাজভবনের দিকে। কিন্তু দিলীপবাবুকে পেয়ে গিয়েছি, ভারতবর্ষের শাসন ক্ষমতার প্রতিনিধি ; '৭৭ থেকে ২০১০; প্রবীণ মন্ত্রী আছেন সুব্রতবাবু, আমাদের রাজনৈতিক দীক্ষাদানের অন্যতম নেতা, সহকর্মী আছেন, দি সেকেন্ড ইন কমান্ড ইন দি ক্যাবিনেট, পার্থবাবু। আরো সব চেনা মুখ। একটা বিধ্বস্ত বাংলা, শুকিয়ে যাওয়া বাংলা, অর্থনীতি ভেঙে চুরমার - আলিমুদ্দীন স্ট্রীটে

বসে সাংবাদিক সম্মেলন করছেন আমাকে ক্রেডিট দিতে হবে, জিরো ডেফিসিট বাজেট পেশ করলাম। ডঃ মিত্র পণ্ডিত মানুষ, অর্থনীতির শিক্ষা তারও আছে, আমি জানিনা, জিরো ডেফিসিট বাজেট একটা ডেভলপিং কান্ট্রির অঙ্গরাজ্যে করা যায় কিনা। আমি তো পড়িনি। আমি বিজ্ঞানের ছাত্র, ডাক্তারির ছাত্র, ইকনমি আমার first love- History, economy and geography। আমি পড়ি ইকনমিটা। আপনার সঙ্গেও পড়েছি বোধ হয় বার দশেক, আপনার অফিসে গিয়ে। তো, আমি তো কোথাও শুনিনি বাবা, সুব্রতদা বলতে পারবেন যে Zero deficit budget in a developing country in one state can it be possible ? হয় না। এই করতে করতে, করতে করতে, করতে করতে, করতে করতে, করতে করতে, তখন ছিল ২৮টা রাজ্য, এখন ২৯টা রাজ্য। Fiscal Responsibility Budget Management এ্যাক্টকে বুড়ো আঙুল দেখিয়ে, একজন পণ্ডিত অর্থমন্ত্রী বুক চাপড়ে বলতেন আমি এম আই টি.র ডক্টরেট।

আমি তাঁকে উপহাস করে বলেছিলাম মার্কেট ইকোনমির ছাত্র এম আই টি-র ডক্টরেট ডঃ অসীম দাশগুপ্ত, সি পি এমের সদস্য হয়ে বামফ্রন্টের মন্ত্রীসভার অর্থনীতির অর্থমন্ত্রী, আর ইউ নট স্যান্ডউইচড ইন বিটুইন দ্য টু ইকোনমিক অ্যান্ড পলিটিক্যাল ডক্ট্রিন রেজাল্ট। বাংলা ছিল ইন্ডাস্ট্রিতে সেকেন্ড পোজিশানে, নেমে এল নয়ে। বাংলা ছিল এডুকেশানে সেকেন্ড পোজিশান নেক্সট টু কেরল, নেমে এল তেরোতে। বাংলা ছিল হেল্থ এক নম্বর, নেমে এল এগারোতে। আর অর্থনীতি - খাবি খাচ্ছে। কোথায় নেমে এল - দু লক্ষ তিন হাজার কোটি টাকার দেউলিয়া ঋণ। আমরা তখন হাত ধরে একসঙ্গে এই কালা পাহাড়দের সরানোর জন্য ২০১১ সালে নেমেছিলাম মাঠে বিতাড়িত হল। ভাঁড়ার শূন্য। কিচ্ছু নেই, কিছু ইঁদুর ঘুরে বেড়াচ্ছে, ছুঁচো ঘুরে বেড়াচ্ছে। মানুষকে দেওয়ার কিছু নেই। দায়িত্ব নিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী। আমি সেই মন্ত্রীসভার সেচমন্ত্রী। অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র। কি বিপজ্জনক অর্থনৈতিক পরিণতি ! কি ভয়ঙ্কর পরিবেশ ! আমরা হিসেব করছিলাম একদিন বসে। হাজার হাজার কারখানা বন্ধ হয়ে গেছে, প্রায় ৬৫ হাজার ক্ষুদ্র, ছোট, মাঝারি, বড় মিলিয়ে। আর কয়েক শো পার্টি অফিস থেকে বৃদ্ধি হল প্রায় ৭৭ হাজার পার্টি অফিস। সেভেনটি সেভেন থাউজেন্ড পার্টি অফিস ! সিক্সটি ফাইভ থাউজেন্ড কারখানা বন্ধ ? ৭৭ হাজার পার্টি অফিস তৈরি হয়ে গেল। দেড় লক্ষ হোল টাইমার, এক কোটি বেকার। দ্য লেফট ফ্রন্ট প্রোডিউসেস ওয়ান ক্রোর আনএমপ্লয়েড ইয়ুথ ? দেড় লক্ষ হোল টাইমার নিয়োগ করল, এক কোটি বেকার তৈরি করল। ৬৫ হাজার কারখানা বন্ধ হল। ৭৭ হাজার পার্টি অফিস তৈরি হল। এই জায়গায় নতুন সরকার দায়িত্ব নিয়েছিলেন। আমরাও তার সহযোগী ছিলাম। আমরা দায়িত্ব এড়াতে পারি না। এক বছর চার মাস দু দিনের মাথায় বিচ্ছেদ। কেন বিচ্ছেদ হল আমি এখনো বুঝিনি স্যার। আমিও শীর্ষে ছিলাম দলের। ওই উপরওয়ালাদের বোঝানোর চেষ্টা করেছিলাম, আমরা পালিয়ে যাচ্ছি কেন ? হাত ধরলাম, পাঁচ বছরের শাসন উপহার দেব বাংলাকে বললাম। রাজ্যের মুখ্যমন্ত্রী একটা নীতিগত কারণে এফ ডি আই এ্যান্ড রিটেইল বিজনেস.. প্রতিবাদ করেছেন করতেই পারেন। কিন্তু দিল্লির নেতারা বুঝতে পারলেন না। ছেড়ে দিলেন, ভাগ হয়ে গেল। সরে গেলাম। বিচ্ছেদ হয়ে গেল। কিন্তু নীতিগত কারণে দ্য কমিটমেন্ট টু দ্য পিপল থেকে আমরা কি সরে আসতে পারি ? একসঙ্গে তো ভোট চেয়েছিলাম। তারপরেই দেখি আমার কিছু সহকর্মী বন্ধু তারা চিৎকার করে উঠলো, কোথায় গেল বন্ধু, কোথায় গেল বন্ধু, আমি যে পথ হারিয়েছি, হাত ধরো। চলে গেল বাম দিকে। পথ হারিয়ে বামদিকে চলে গেল, গিয়ে খাবি খাচ্ছে। দেখুন, ফাঁকা। দেখুন, চারিদিকে ফাঁকা। হচ্ছেটা কি। বিধানসভা বিতর্ক করার জায়গা। ইউ আর কমিটেড টু দ্য পিপল টু ডেলিভার দ্য গুডস ফর দ্য ইন্টারেস্ট অফ দ্য পিপল এ্যান্ড কন্সটিটিউয়েন্সি। কোথায় ? পার্লামেন্টারি ডেমোক্রেসির জনক ভারতবর্ষের জাতীয় কংগ্রেস। আমি বিনম্র চিত্তে তাদের উদ্দেশ্যে জানাতে চাই, সেই কমিটমেন্টটুকু ফুলফিল করছেন

তো বাংলার বুকে বঙ্গীয় নেতারা ? করছেন ? স্পীকারকে সমালোচনা করুন, ইমপিচমেন্ট করুন, নো কনফিডেন্স নিয়ে আসুন, কিন্তু স্পীকারকে আঙুল তুলে কিছু বলা যায় না। দিস ইজ দ্য এথিকস অফ দ্য পার্লামেন্টারি ডেমোক্রেসি। ভুলে গেলেন ? কমিউনিস্টদের গা ঘেঁষে বসতে বসতে সংসদীয় গণতন্ত্রকে ধ্বংসকারী কমিউনিস্টদের বন্ধু হয়ে সংসদীয় গণতন্ত্রের বেদীমূলে কুঠারাঘাত করছি, ইজ ইট এক্সপেক্টেড ? মাই এ্যনসার ইজ - নো। তাই সংসদীয় গণতন্ত্রকে ধ্বংস করা সত্ত্বেও দেখুন, ভারতীয় জনতা পার্টির প্রতিনিধি এখানে বসে আছেন কৌশল করে।

[1.30 – 1:40 p.m.]

They are taking the advantage of absence of the opposition parties. I personally feel that it is due to the demonetization। আপনি ব্যাপারটা শুনুন, আপনার সঙ্গে আমি কুড়ি ঘণ্টা ডিবেট করতে প্রস্তুত আছি। এই অবস্থার পরিপ্রেক্ষিতেও আজকে ৪৮ হাজার ৯২৬ কোটি টাকা রেভিনিউ মপ আপ করেছেন ডঃ অমিত মিত্র মহাশয়। টার্গেট ছিল ৫০ হাজার কোটি টাকা, কিন্তু একটু কমেছে। স্ট্যাম্প ডিউটি থেকে আয় কমেছে - কারণ জমি রেজিস্ট্রেশান হয়নি, বাড়ি রেজিস্ট্রেশান হয়নি। লোকের হাতে টাকা নেই। আমি কালকে ঘরে বসে শুনছিলাম,দিলীপ বাবু কালকে বক্তৃতা করার সময় বলছিলেন মোদির টাকায় নাকি রাজ্য চলছে। এটাতো মানুষের টাকা। পাগল হয়ে গেছে আমার এই ভাই দিলীপ ঘোষ, তাই তিনি *** মত কথা বলছেন।

মিঃ স্পীকার :*** শব্দটি বাদ যাবে।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : ঠিক আছে, আমি ভাইকে জিজ্ঞাসা করি, মোদির কি আলাদা সিন্দুক আছে। এটাতো মানুষের ট্যাকসের টাকা। এতো ডেভিলিউশান অফ দি ফান্ডস। ফোর্টিনথ্ ফিনান্স কমিশনের ৩২ থেকে ৪২ পারসেন্টে ওঠার টাকা, ভারতবর্ষের ২৯টি রাজ্যে আসছে। শুধু মমতা ব্যানার্জীর কাছে নয়, ডঃ অমিত মিত্রের কাছে নয়, It is the basic directive principle of the fiscal policy of the Government এটা কারো দয়া নয়। হ্যাঁ, দেখতে হবে খরচা হচ্ছে কিনা। খরচা তো হচ্ছেই। ভাইটি গত কালকে বক্তৃতা করার সময় বলছিলেন ডিমানিটাইজেশানের এফেক্ট এখানে কোথায়। স্যার, ভারতবর্ষে ২৯টি রাজ্য আছে, সাড়ে ছয় হাজার ব্লক আছে, পয়ত্রিশ লক্ষ গ্রাম পঞ্চায়েত আছে, সাড়ে চার হাজার বিধানসভা আছে, ৮১৩টি ডিস্ট্রিকট আছে। কিন্তু আমার বন্ধু কি জানেন, সারা ভারতবর্ষে মাত্র ১ লক্ষ ৩৮ হাজার ব্যাঙ্কের ব্রাঞ্চ আছে, আর ২ লক্ষ ৩ হাজার এ.টি.এম আছে। স্যার, আজকে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে ২১টি জেলা হয়ে গেছে, day of valentine' the love and affection to the people of Kalimpong. চিফ মিনিস্টার ডিক্লেয়ার করছেন আজকে। আজকে পশ্চিমবঙ্গে ২১টি জেলা হয়ে গেছে। পশ্চিমবঙ্গে জনবসতি গ্রাম হচ্ছে ৩৭,৪৪২,আর জনবসতিহীন গ্রাম হচ্ছে। ৪১ হাজার। আর ব্যাঙ্কের সংখ্যা হচ্ছে মাত্র ৭,৭৪২। গ্রাম পঞ্চায়েতের সংখ্যা ৩,৩৩১, গ্রাম ৩৭ হাজার, মিউনিসিপ্যালিটি ১২৬, কর্পোরেশান ৫টি। এখানে ব্যাঙ্কের কি অত ব্রাঞ্চ আছে ? নেই। এখানে পোস্ট অফিসের সংখ্যা মাত্র ৮,৩৪২। সব জায়গায় কি পোস্ট অফিস আছে ? নেই। সব জায়গায় কি এ.টি.এম আছে? নেই। তাহলে ডিমানিটাইজেশানের এফেক্ট কি হয়নি ? আমি থ্রি হান্ড্রেড পারসেন্ট সমর্থন করছি ডঃ মিত্রকে। একটা বেহিসাবী লাগামছাড়া সিদ্ধান্ত নিয়ে,একটা আর্থিক দুর্ভিক্ষ তৈরী করেছিলেন কেন্দ্রীয় সরকার। আজকে সারা ভারতবর্ষ উত্তাল, ১২০ জন মানুষ মারা গেছেন। তার মধ্যে ১২ জন হচ্ছে পশ্চিমবঙ্গের। বর্ধমান জেলার স্বপন বাবু বসে আছেন।

*** "অধ্যক্ষের আদেশানুক্রমে বাতিল"

তিনি জানেন, কালনার একজন। আদিবাসী, যিনি পিঁয়াজ চাষ করেছিলেন, কিন্তু বিক্রি করতে পারেননি। ঋণের টাকা শোধ করতে পারছিলেন না বলে তিনি বিষ খেয়ে আত্মহত্যা করেছেন। স্যার, আমরা দুর্ভিক্ষের মৃত্যু শুনেছি, প্লাবনের মৃত্যু শুনেছি, আয়লায় মৃত্যু শুনেছি, আগুনের মৃত্যু শুনেছি, কিন্তু কেন্দ্রীয় সরকারের তৈরী করা আর্থিক দুর্ভিক্ষের মৃত্যুর কথা কোনওদিন শুনিনি। কিন্ত সেটা আমরা শুনলাম এবং দেখলাম। এটা আপনি অস্বীকার করতে পারবেন না। তাই আজকে ভারতবর্ষের সমস্ত রাজনৈতিক দল, এই রাজ্যের মুখ্যমন্ত্রীর ডাকে সাড়া দিয়ে একত্রিত হয়েছেন। প্রথমে চারটি দল, পরে ১৬টি দল; প্রথমে পাঁচ জন এম.পি, পরে ২০০ জন এম.পি। অস্বীকার করতে পারবেন ? জাতীয় দলের সহ-সভাপতি সাংবাদিক সম্মেলনে বাংলার মুখ্যমন্ত্রীর পাশে বসে আছেন। আর বঙ্গীয় কংগ্রেসের দুই কালিদাস, তারা বলছেন না আমরা বামফ্রন্টের সঙ্গে যাব। এ কি কথা ! এরা সাপও নয়, সাপিনীও নয়। গ্রামের দিকে একটা কথা আছে রাজীব তুমি জানোতো, ডোমজুড়েও বলে, মেদিনীপুরেও বলে - সাপও নয়, সাপিনীও নয়, লম্বা মতো একটা কি। এদেরও অবস্থা হয়েছে তাই।

৫২ হাজার খুন হল যাদের হাতে মানুষ, ১৭,০০০ হাজার খুন হল কংগ্রেসের কর্মী, ৬৫০০ খুন হল তৃণমূল কংগ্রেস,৩৩০০০ হাজার সংখ্যালঘু মুসলিম,আমতায় হাতে/ ভোট দিতে গিয়ে দুটো হাত কেটে দিল যারা - তাদের সঙ্গে এখন গভর্নর হাউসে গিয়েছে। অবাক কাণ্ড। ..... (নয়েজ)..... মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডঃ মিত্রকে দুই-চারটি কথা বলব, নাম্বার ওয়ান। নাম্বার ওয়ান, I congratulate you for introduction of e-taxation and e-revaluation and valuation. opartat excise-এর টাকাটা অনেকটা তুলেছেন, stamp duty কমে গেছে, ল্যান্ড রেভিনিউ একটু কমেছে। এই জায়গাটা আপনাকে একটু সতর্ক হতে হবে। আর রিসেন্টলি একটা সরকারের declared policy নিয়ে। একটু গুঞ্জন হচ্ছে। The Government is proposing to take over the entire business of the wine of foreign liquor - এটা একটু এক্সপ্লেন করবেন, কি হচ্ছে ? কারণ ১৭ হাজার ডিলার,তারা রাস্তায় নেমে প্রতিবাদ করছে আপনি একটু বুঝিয়ে দেবেন, যে ভাল-মন্দ কি হবে। এটা একটু দেখবেন আপনি। আমি কিন্তু ওদের হয়ে দালালি করছি না,আমি ব্যবস্থাটা বুঝতে চাইছি কারণ অন্ধ্রপ্রদেশ আপনার আগে চালু করেছে এবং চার গুণ revenue আদায় করেছে। এটা ভাল হবে আশা করি রাজ্যের পক্ষে। আমি যে জায়গাটা ...(এই সময় নীল বাতি জ্বলে ওঠে)..... একটু টাইম দেবেন স্যার। আমাদের মাননীয় সদস্য দিলীপবাবু বলছিলেন কিছুই ক্ষতি হয়নি। ক্ষতিটা কেমন হয়েছে, আমার কাছে ধরা পড়েছে। সেটা হল আপনার ৫০ হাজার ৭৭৩ কোটি ৫২ লক্ষ টার্গেট ছিল রেভিনিউ mop up। আপনি তুলতে পেরেছেন ৪৮ হাজার ৯২৬ কোটি ৬৯ লক্ষ টাকা। এখন এই যে রেভিনিউ mop up কমল, এতে 'কন্যাশ্রী', 'সবুজ সাথী', 'শিশুশ্রী', 'যুবশ্রী' - এই যে প্রকল্পগুলো historically introduced হয়েছে। ভারতবর্ষের কোন রাজ্যে এইগুলো আর নেই। পশ্চিমবঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী চালু করেছেন এগুলো affected হবে কি হবে না। কেননা revenue mop upটা আপনার কমেছে। এমনিতে বলেছেন সেন্ট্রাল টাকা বাড়িয়ে দিয়েছে, সেন্ট্রাল টাকা বাড়ায়নি। এটা ১৪তম Finance Commissionএর ৪২ পারসেন্ট recommendationএর এফেক্ট Bengal Government পাচ্ছে। রাজীববাবু বসে আছেন, ২৫০০ কোটি টাকা ওর Irrigationএর বাজেট ধরা হয়েছে। আর কেন্দ্রীয় বাজেট কত জানেন দীলিপবাবু ? ২০০০ কোটি টাকা। কেন্দ্রীয় বাজেট Water & Irrigation 2000 ফ্লাড কন্ট্রোল প্রোগামে মাত্র ১৫০ কোটি টাকা ভাবা যায়। আর রাজীব বন্দ্যোপাধ্যায় ডঃ অমিত মিত্র ২৫০০ হাজার কোটি টাকা বরাদ্ধ করেছেন। বা! চমৎকার।। .....(নয়েজ).....কিচ্ছু যাচ্ছে না,কিচ্ছু যাবে না আপনি চোখটা মেলে তাকান। দিলীপবাবু ভালবাসার দিনে প্রেমের দিনে,ভারতীয় জনতা পার্টির বিধায়ক না হয়ে

মেদিনীপুর বাংলার মানুষ হয়ে ভালবাসা দিয়ে তাকান বাংলার দিকে, তাহলেই বুঝতে পারবেন। তাহলেই বুঝতেই পারবেন। স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব, capital expenditureএ আপনি দারুণ ভাল,দারুণ ভাল করেছেন। কিন্তু এই যে pension,এই যে। পেনশান দিতে আপনার চলে যাচ্ছে,এই যে salaryতে যে টাকাটা যাচ্ছে,subsidyতে যা যাচ্ছে, সাবসিটিতে। কত ? আপনার দিতে হবে ৫ হাজার ৭৯৪ কোটি টাকা। আপনার salary দিতে হচ্ছে কত ? ৩৯ হাজার ৩৩ কোটি টাকা। লোন রি-পেমেন্ট করতে হবে কত ? ৪৫ হাজার ৩৪৯ কোটি টাকা। Aggreegate of loan repayment with interest, aggreegate of salary, aggreegate of pension and other benefits after retirement and aggreegate of subsity, will it tally ? এটা একটু আপনি আমাদের বোঝাবেন।। দ্বিতীয়, যে বিষয়টা আপনাকে বলি, সেটা হল এই কিষাণ মান্ডি, ১৬৪টা কিষাণ মাণ্ডি তৈরি হয়েছে। অনেকগুলো চালু হয়েছে, কিন্তু অনেকগুলো চালু হয়নি। আমি আপনাকে বিনম্রচিত্তে একটা অনুরোধ করব।

[1:40 – 1:50 p.m.]

এগ্রিকালচার মার্কেটিং আর এগ্রিকালাচারের সঙ্গে কথা বলে আপনি ওখানে প্রত্যেকটি কিষাণ মাণ্ডিতে একটা করে মাল্টিপারপাস কোল্ড স্টোরেজের ব্যবস্থা করুন, তাহলেই দেখবেন কিষাণ মাণ্ডি ভরপুর চলতে শুরু করবে। আমি শিক্ষা মন্ত্রীকে ধন্যবাদ জানাই। তিনি ৭৪ লক্ষ প্রাইমারী স্কুলের শিশুদের মিড ডে মিল দিচ্ছেন। আপার প্রাইমারী স্টেজে ৩৪ লক্ষকে দিচ্ছেন। প্রায় ৪২ হাজার শিক্ষক শিক্ষিকার চাকরির প্রস্তুতি প্রায় কমপ্লিট। আজকে আপনার বিবৃতি দেখেছি, মার্চের মধ্যে কমপ্লিট হয়ে যাবে। বিশ্ববিদ্যালয় এবং কলেজগুলোতে অনেকগুলো জায়গায় অধ্যক্ষ নেই। আমি জানি, আপনি এই ব্যাপারে খুবই উদগ্রীব। এই টিচার ইনচার্জ দিয়ে কলেজ চালাতে গিয়ে অনেক সমস্যা হচ্ছে। আপনি এটা একটু জোর দেবেন যে কলেজগুলোতে অন্ততঃ অধ্যক্ষ যাতে নিয়োগ হয় এবং সঠিকভাবে কলেজ পরিচালনা করা যায়। স্বাস্থ্য ক্ষেত্রে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাব। ৪১ টি গ্রামীণ হাসপাতাল, অনেকগুলো মেডিকেল কলেজ, অনেক পি পি পি মডেলে ডায়গোনেস্টিক, অনেকগুলি এস এন সি ইউ, সি এন সি ইউ এবং সি এন বি বি চালু করে দিয়েছেন। এইগুলোতে প্যারা মেডিক্যাল স্টাফ যাতে বেশি করে নিয়োগ হয় সেই বিষয়টা মাননীয় অর্থমন্ত্রীকে মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে দেখতে বলব। দিলীপবাবু, আপনার সরকার আই সি ডি এস-এর টাকা কেটেছে, মিড ডে মিলের টাকা কেটেছে, সর্ব শিক্ষা অভিযানের টাকা কেটেছে। এটা জানেন তো ? জানেন তো ? কি নির্লজ্জ, বীভৎস, ভয়ঙ্কর অর্থনীতির গলা টিপে হত্যা করার চেষ্টা, সংসদীয় গণতন্ত্রকে ফেডারেল স্ট্রাকচারকে, আর আপনারা বিবৃতি দিয়ে বলছেন, কেন্দ্র পুলিশ পাঠিয়ে দেবে ? ইজ ইট নট ডাইরেক্ট হিটিং আউট এফেক্ট অফ দি ফেডারেল স্ট্রাকচার ? পারেন, পারেন কি আপনারা ? তাই ৩৪ বছরের মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে বামফ্রন্টের শুকিয়ে দেওয়া বাংলা ছ' বছরে ডঃ অমিত মিত্র জলসিঞ্চন করে বাঁচিয়ে তোলার চেষ্টা করছেন। তাকে আঘাত না করে আসুন সাহায্যের হাত বাড়িয়ে দিন, সহযোগিতা করুন।

শ্রী সমীর কুমার জানা : শ্রদ্ধাভাজন অধ্যক্ষ মহোদয়, আপনাকে শ্রদ্ধা জানিয়ে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৭-১৮ বর্ষের ১০ ই ফেব্রুয়ারি যে বাজেট পেশ করেছেন, তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে দু-একটি কথা উপস্থাপন করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মা-মাটি-মানুষের সরকার ২০১১ সালে আসীন হয়েছে। এই আলোচনায় যাওয়ার আগে আমি বলব, যেহেতু আমার সময়টা খুবই নির্ধারিত, তবুও ছোট করে বলবার চেষ্টা করছি কারণ, ওরা ইচ্ছাকৃতভাবে বাইরে চলে গেলেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ওই সময়গুলোতে - যারা বলতে আগ্রহী, আমাদের

অনেকে আগ্রহী আছেন - সেই সময়টা আমাদের একটু দিয়ে দেন, তাহলে বলার সুযোগ পাই। চেষ্টা করে দেখবেন কিছু করার নেই। যখন মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হল ২০১১ সালে, মাননীয়া মুখ্যমন্ত্রী সেই অবস্থায় গিয়ে যে রাজনৈতিক পরিমণ্ডল ছিল, যে অর্থনৈতিক দুরাবস্থা, বামফ্রন্ট সরকারে যারা দায়িত্বে ছিলেন, তাঁরা কেবলমাত্র ঘাটতি শুন্য বাজেট পেশ করতে করতে একবারে পশ্চিমবঙ্গের রাজকোষটাকে শেষ করে দিয়ে নিজেদের অর্থনৈতিক বুনিয়াদটাকে সুদৃঢ় করে চলে গিয়েছিলেন। সেই রকম অবস্থায় একটা ডামাডোলের বাজারে একই রক্তক্ষয়ী অবস্থার মধ্য দিয়ে একদিকে যেমন শান্তি প্রতিষ্ঠা, অন্যদিকে গোটা পশ্চিমবঙ্গের প্রতি ভালোবাসা রেখে, সহৃদয় সেই পরিবেশটাকে তৈরি করে, সহমর্মিতার পরিবেশটাকে তৈরি করে অর্থনৈতিক বুদ্ধিদীপ্ত চিন্তা-ভাবনা মাননীয় অর্থমন্ত্রীর সাহায্য নিয়ে এক সঙ্গে মিলে এই আন্তরিকতার পরিবেশটাকে তৈরি করতে পেরেছিলেন বলে সেই ২০১১ সাল থেকে এই পর্যন্ত কোন অর্থনীতিবিদ বা কোন বিদগ্ধ ব্যক্তিত্ব এর বিরুদ্ধে কোন আঙ্গুল তুলে দেখাতে পারেননি। কারণ এটা কেবল/ গালগল্পের বিষয়বস্তু নয়, বুঝতে গেলে অর্থনৈতিক চিন্তা-ভাবনার মধ্য দিয়ে, প্রশ্ন উত্তরের মধ্যে দিয়ে আসতে হবে। নিশ্চয়ই পশ্চিমবঙ্গের বিদগ্ধ মানুষ যারা রয়েছেন, তারা মাননীয় অর্থমন্ত্রীর যে চিন্তা-ভাবনা, তাকে উপেক্ষা করতে পারেনি। বিরোধী দল, যারা আজকে সমালোচনা করছে, যারা এখান থেকে চলে গিয়ে বাঁচবার চেষ্টা করেছেন, কারণ যে যে বিষয়গুলোকে আজকে এই বাজেটে উপস্থাপিত হয়েছে, তার সঠিক উত্তর দেওয়ার মত ক্ষমতা নেই।

মানুষের দরবারে মমতা বন্দ্যোপাধ্যায় প্রতি মুহূর্তে আজকে পৌঁছে যেতে পেরেছেন। এই কারণের জন্য বারে বারে নির্বাচন এসেছে। জনগণ রায় দিয়েছে, আশীর্বাদ করেছে। তাই আজকে ২১১ তে তৃণমূল কংগ্রেসের সদস্য আসতে সক্ষম হয়েছে। এহেন পরিস্থিতি আমরা দেখেছিলাম, যখন দু'লক্ষ তিন হাজার কোটি টাকা ঋণের বোঝা নিয়ে মা-মাটি-মানুষের সরকার চলতে শুরু করেছিল এবং এটাকে কাভার করার জন্য রাজস্ব বৃদ্ধির ওপর যে ভাবে জোর দিয়েছিলেন, বামফ্রন্টের সময়ে যেখানে ২১ হাজার কোটি টাকা রাজস্ব আদায় হ'ত, সেই জায়গায় এ পর্যন্ত মাননীয় অর্থমন্ত্রীর দূরদর্শীতার কারণে আমরা ৪৮ হাজার কোটি টাকাতে নিয়ে আসতে সক্ষম হয়েছি। আগামী দিনে আরও যাতে রাজস্ব বাড়ে তার জন্য এই রাজস্বকে টেনে তুলবার চিন্তা-ভাবনা করছি। কিন্তু সঙ্গে সঙ্গে আমাদের দেখতে হচ্ছে, এই এত টাকা রাজস্ব আদায় করলেও কেন্দ্রীয় সরকারের যে বঞ্চনা এবং আমাদের আবেদনটাকে খারিজ করে দিয়ে আমাদের ম্যাক্সিমাম টাকা তারা আজকে কেটে নেওয়ার চেষ্টা করছে। তার জন্যে এ বছর আমাদের চল্লিশ হাজার কোটি টাকা এবং আগামী বছরে পঁয়তাল্লিশ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার আমাদের কাছ থেকে কেটে নিচ্ছে। এরপর গোদের ওপর বিষ ফোঁড়ার মত ৮৬ শতাংশ পাঁচশো এবং হাজার টাকার নোটকে বাতিল করে দিয়ে হঠাৎ করে একটা নতুন স্বপ্ন দেখতে মাননীয় প্রধানমন্ত্রী গোটা ভারতবর্ষকে একটা ম্যাজিক দেখাবার চেষ্টা করেছিলেন। গোটা ভারতবর্ষের মানুষ অস্থিরতায় ভুগছে। অর্থনৈতিক অবস্থার মধ্যে সারা পশ্চিমবঙ্গের মানুষ আজ জেরবার হয়ে গেছে। এটা মাননীয় দিলীপবাবুরা ভালোভাবে জানেন। দিলীপবাবু বক্তব্য রাখার সময় শুনছিলাম, এই নোটবন্দির ফলে নাকি অর্থনৈতিক দিক থেকে পশ্চিমবঙ্গ আজকে উপকৃত হয়েছে। তিনি কি একটু দয়া করে বলেবেন যে, নোটবন্দির জন্য আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে, কেন আজ এখানে একজন দায়িত্বশীল ব্যক্তি হয়ে আজকে সর্বশিক্ষা থেকে আরম্ভ করে, আজকে আমাদের জলসেচ বিভাগের টাকা থেকে আরম্ভ করে, আই.সি.ডি.এস-এর ক্ষেত্রে কেন আজকে আপনাদের কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের প্রতি অবিচার করেছে? আপনি এখানকার দায়িত্বশীল ব্যক্তি হিসাবে তার বিরুদ্ধে তো একটা কথাও বলতে পারেননি। আর সে

বলবার মত হিম্মত আপনি দেখাননি। আপনি কেবলমাত্র বলতে পারেন, অর্থনীতিবিদ অমুকবাবু, তিনি বাঙ্গালি, তিনি কি কাজ করেছেন, আমি জানতে পারলাম না। তারা নাকি পায়ে পড়ে যায়, অমুক করে, তমুক করে। এবার যদি অর্থনীতিবিদ থেকে শুরু করে বিদগ্ধ ব্যক্তিত্বরা স্পষ্ট কথা বলার, যেটা আপনি চিন্তা-ভাবনা করছেন, সেই স্পষ্ট কথা বলতে গেলেও আপনার দলের বিরুদ্ধে তো আঙ্গুল চলে যাবে। তখন কি আপনি ঐ বিদগ্ধ ব্যক্তিত্বদের কাছে ভালো করে কথা বলতে পারবেন? সেটা আপনার পারার মতো সুযোগ নেই। আপনি চেষ্টা করুন যাতে মানুষের কল্যাণের জন্য বাংলার যাতে কল্যাণ সাধিত হয় তার দিকে নজর দিতে। আমরা আজকে নতুন প্রস্তাবগুলোর মধ্যে দেখতে পেয়েছি যে, আই.সি.ডি.এস-এর ক্ষেত্রে দু'লক্ষ সহায়িক বা আমাদের যারা কর্মী রয়েছে তাদের যে বদান্যতা, গোটা পশ্চিমবঙ্গে তারা একটা বিশেষ রোল প্লে করছে মা-মাটি-মানুষের সরকারের হয়ে। তারা আজকে গর্ভবতী মায়েদের থেকে শুরু করে ছোট ছোট ছেলে-মেয়েদের ইমিউনাইজেশান থেকে আরম্ভ করে অন্যান্য ক্ষেত্রে উল্লেখযোগ্য দায়িত্ব পালন করছে। সেই জন্য মা-মাটি-মানুষের সরকারের পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্রের পক্ষ থেকে তাদেরকে পাঁচশো টাকা অনারারিয়াম বাবদ দিয়ে স্বাস্থ্যসাথী প্রকল্পের সঙ্গে সংযোগ করে দেওয়া হয়েছে। একই ভাবে আশা প্রকল্পের ক্ষেত্রে পঞ্চাশ হাজার আশাকর্মীদেরও পাঁচশো টাকা দেওয়া হচ্ছে। এর ফলে তারাও উপকৃত হচ্ছে। কেন আমরা আজকে দেব না? আজকে তাদের যে পারফর্মেন্স, সামান্য টাকা পেলেও তারা ভালো ভাবে দায়িত্ব পালন করছে। আজকে শিশু মৃত্যুর হার হাজারে ৩২ থেকে ২৬ শে নেমে এসেছে। আজকে ইন্সটিটিউশনাল ডেলিভারি বামফ্রন্টের আমলে ষাট থেকে বাষট্টি শতাংশ হ'ত, সেটা নব্বই শতাংশকে ক্রশ করে গেছে। এই ভাবে একটার পর একটা উল্লেখযোগ্য কাজের মধ্য দিয়ে তারা যে ভাবে আন্তরিকতার মধ্য দিয়ে কাজ করছে, সেই জন্য তাদের জন্য পাঁচশো টাকা অনারারিয়ামের ব্যবস্থা করা হয়েছে। নিঃসন্দেহে এটাকে স্বাগত জানাই। এটার প্রয়োজনীয়তা আছে। আর একটি মানবিক দৃষ্টিভঙ্গি দেখুন। আজকে নোট কাণ্ডের পরিপ্রেক্ষিতে গোটা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের, সেই সঙ্গে পশ্চিমবঙ্গের স্বর্ণকার থেকে আরম্ভ করে যাঁরা রাজ্যের বাইরে থাকতেন তাঁরা বিতাড়িত হয়েছেন। কাজ পায়নি, চলে এসেছে। আজকে মানবিক মুখ্যমন্ত্রী, মানবিক অর্থমন্ত্রী, তাদের জন্য আজকে বিশেষ ব্যবস্থা করেছেন যাতে তারা আর্থিক দিক থেকে নিজেদের পায়ে দাঁড়াতে পারেন এবং নিজেদেরকে আর্থিক দিক থেকে তুলে ধরতে পারে তার জন্য সেখানে আড়াইশো কোটি টাকার ব্যবস্থা করা হয়েছে যাতে তাঁরা প্রত্যেকে পঞ্চাশ হাজার টাকা করে সাহায্য পায়। এটা আর একটা মাননীয়া মুখ্যমন্ত্রীর দরদী দিক হয়ে গেল। যে গরিব কৃষকেরা জমিতে খেটে মানুষের জন্য পরিশ্রম করে থাকে, তাদের দিকে লক্ষ্য রেখে করা হয়েছে যেহেতু তারা ক্ষতিগ্রস্ত হয়েছে। যেখানে যে সমস্ত প্রপার্টিগুলো থেকে গেছে, তার থেকে তারা কোনও লোন গ্রহণ করতে পারেনি। তাদের কথা চিন্তা-ভাবনা করে একশো কোটি টাকা তাদের জন্য বরাদ্দ করা হয়েছে। এটাই একটা এই বাজেটের বিশেষ অভিমুখ। একে নিশ্চয় স্বাগত জানানো ছাড়া অন্য কোনও পথ আছে বলে আমরা মনে করি না।

[1:50 – 2:00 p.m.]

বাজেটে নতুন কর চাপানো হয়নি। রাজ্যবাসীর জন্য কল্যাণ ও উন্নয়নের কর্মযজ্ঞ অব্যহত রাখা হয়েছে। সাধারণ মানুষের কল্যাণে যে বিভিন্ন প্রকল্প চালু হয়েছে তা বাস্তবায়িত করবার জন্য বিশেষ ভাবে চেষ্টা করা হচ্ছে। এই ভাবে ডেভেলপমেন্ট হচ্ছে বলে আজকে সারা ভারতবর্ষ আমাদের অর্থনৈতিক চিন্তা-ভাবনাকে স্বাগত জানিয়েছে। শ্রেষ্ঠত্বের দাবিদার আমরা হয়েছি। এটা কেন্দ্রীয় সরকার মেনে নিতে বাধ্য হয়েছে। আমাদের রাজস্ব পদ্ধতি এবং আর্থিক ব্যবস্থা

আন্তর্জাতিক স্তরে সমাদৃত হয়েছে। এটা মাননীয় দিলীপবাবুর জেনে রাখা ভালো। আমরা দেখতে পাচ্ছি ADB - Asian Development Bank ৩০০ মিলিয়ন ডলার, ২ হাজার কোটি টাকা soft loan-র অনুমোদন করেছে। এর দ্বারা প্রমাণিত হয় ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের ফিসক্যাল পলিসি কত উন্নতমানের। তাকে আজকে কার্যকরী করবার জন্য চেষ্টা করা হয়েছে। এখানে আমরা দেখতে পাচ্ছি ছোট এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের রিলিফ দেওয়ার জন্য ভ্যাটের প্রাথমিকস্তর ৫ লক্ষ টাকা থেকে ১০ লক্ষ টাকার টার্নওভার করতে পেরেছি। আমরা এখানে দেখতে পাচ্ছি ভ্যাটের রেজিস্ট্রেশনের ক্ষেত্রে সরলীকরণ করা হয়েছে। আমরা চায়ের ওপর সেস মকুব করার চেষ্টা করেছি এই বাজেটে। স্ট্যাম্প ডিউটি ৫ পারসেন্ট থেকে কমিয়ে আনা হয়েছে ২ পারসেন্টে। এই ভাবে একের পর এক ট্যাক্সেশন, ফিসক্যাল পলিসিকে একটা বিশেষ জায়গায় নিয়ে আসার চেষ্টা করা হয়েছে। নোট বন্দীর কারণে সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্য একটা অসহনীয় অবস্থার মধ্যে পড়েছে। কিন্তু এই মুহূর্তে আমরা জানি বিভিন্ন প্রকল্পের ফলে আমাদের রাজ্যের জি.ডি.পি ৯.২ শতাংশ হারে বৃদ্ধিপ্রাপ্ত হবে। ফলে এরকম একটা জায়গায় আমরা মনে করি কন্যাশ্রী প্রকল্প, ইত্যাদির মাধ্যমে সামাজিক ব্যবস্থাকে কার্যকরী করার ব্যবস্থা করা হয়েছে। ৩৪ লক্ষের ওপর আমাদের বাড়ীর মেয়েরা এতে নাম নথিভুক্ত করতে পেরেছে। কন্যাশ্রী প্রকল্প আন্তর্জাতিক খ্যাতি পেয়েছে। 9-10, 11-12-র স্কুলের মেয়েরা, যাদের ১৬ বছর ১৭ বছরে বিয়ে হয়ে যেত তারা আজকে বাবার সঙ্গে যোগাযোগ করে যাতে বিবাহ বন্ধ করা যায়, সেই যে চেতনা এটা কন্যাশ্রী প্রকল্পের জন্য এসেছে। আজকে খাদ্যসাথী প্রকল্পে প্রায় ১ কোটি মানুষের জন্য দু'টাকা কিলো দরে চাল দেওয়া ব্যবস্থা করা হয়েছে। সবুজশ্রী প্রকল্পের মধ্যে দিয়ে আমরা দেখতে পাচ্ছি একটা ছেলে জন্ম গ্রহণ করার সঙ্গে সঙ্গে তার ভবিষ্যতের কথা চিন্তা করে তাকে একটা গাছ দান করা হচ্ছে। ১৫-২০ বছর পরে তা বিক্রি করে তার ভবিষ্যৎ গড়তে পারবে। এই ভাবে নানা রকম উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করা হয়েছে। আজকে বিদ্যালয়ে আমরা অনেক শিক্ষককে অ্যাপয়েন্টমেন্ট দিতে পেরেছি, রিক্রুটমেন্ট করতে পেরেছি। কলেজ শিক্ষকদের ক্ষেত্রে ৬০ থেকে ৬২ বছর করা হয়েছে। পঞ্চায়েতে দেখতে পাচ্ছি NREG তে পশ্চিমবঙ্গ ভারতের মধ্যে প্রথমস্থান অধিকার করেছে, আমাদের মা-মাটি-মানুষের সরকার। এগুলোকে গুরুত্ব দিয়ে দেখতে হবে। নির্মল বাংলা প্রকল্পে ভারতবর্ষের মধ্যে .... (এই সময় বক্তার মাইক বন্ধ হয়ে যায়।) ....

শ্রী নর্মদা চন্দ্র রায় : (absent)।

ডঃ সৌরভ চক্রবর্তী : মিস্টার স্পীকার স্যার এবং মেম্বার প্রেজেন্ট ইন দ্য হাউজ, আমি আজকের এই ঐতিহাসিক বাজেট, যে বাজেট আমাদের সকলের শ্রদ্ধেয়া মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পরিকল্পনা অনুযায়ী এবং মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট এই অধিবেশনে পেশ করেছেন তার সমর্থনে আমি আজকের এই সভাকে সম্বোধিত করতে চাই।

মিস্টার স্পীকার স্যার, আমরা যদি ইকোনোমিক রিভিউ ২০১৬-১৭ দেখি, যদি আমরা পুরো ২০১৫-১৬, আমরা যদি সাস্টেনেবল ইকোনোমির কথা ভাবি তাহলে প্রথমে আমাকে বলতেই হবে যে ৮ই নভেম্বর ২০১৬ সাল আমাদের দেশের মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীজী যিনি ৫০০ এবং হাজার টাকার নোট বাতিল করেছিলেন তার পর আমাদের প্রায় ৬ হাজার কোটি টাকার রাজস্ব ক্ষতি হয়েছিল।

এক কোটি ৮০ লক্ষ মানুষ কর্মসংস্থানহীন হয়েছিলেন। এখনও পর্যন্ত আমাদের রাজ্যের কোথাও কোন ব্যাঙ্কের সামনে, কোন এটিএমের সামনে, এমন কোন এটিএম নেই যেখানে এখনও লম্বা লাইন নেই। এখনও চা বাগানের মানুষের কাছে তিন মাস হয়ে গেল ৫০ শতাংশ চা বাগানের শ্রমিকরা তাদের বেতন পায়নি কারণ চা বাগান একটা জায়গা যেখানে ১৩২ টাকা আমাদের

সরকার করেছেন, বামফ্রন্টের আমলে মাত্র ২৬ টাকা, ৪০ টাকা ছিল। কিন্তু চা বাগানের তিন লক্ষ শ্রমিকের কোন ব্যাঙ্ক অ্যাকাউন্ট নেই। সমবায় যে ধাক্কা খেয়েছে সেই ধাক্কা থেকে এখনও আমরা ঘুরে দাঁড়াতে পারিনি। তাও ধান কেনা হচ্ছে। এরকম একটা পরিস্থিতিতে ৩৪ বছরে বামফ্রন্টের আমলে বন্ধ্যাত্ব, ৩৪ বছরে বামফ্রন্টের আমলে সর্বনাশ করে দেওয়া পশ্চিমবঙ্গের বুকে দাঁড়িয়ে I would like to congratulate our Hon'ble Chief Minister, our mother আমাদের মা, সেদিন বানারহাটের ঘটনার পর আমার মনে হয়েছে, আমাদের প্রত্যেকের জীবনেই একটা জন্মদিন থাকে। আমার মা আমাকে জন্ম দিয়েছেন। কিন্তু আমার মনে হয় পশ্চিমবঙ্গের নবজন্ম দিয়েছেন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যার চোখ সমস্ত জায়গায় আছে। একটা সাধারণ বানারহাটের সংখ্যালঘু পরিবার মাটি চাপা পড়ে মারা গিয়েছিলেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে বলেছিলাম, ২৪ ঘণ্টার মধ্যে দু লক্ষ টাকা করে চেক পৌঁছে গেছে। ভাবা যায় না।

I would like to congratulate our Hon'ble Chief Minister for the economic review for the year 2016-2017. Ma-mati-manush Government and implementation of this policy is under the bold leadership of Smt. Mamata Banerjee. The management of the Hon'ble Chief Minister has made a growth reality despite several challenges and economic constriant Government has broadened the ambit of facilities in the state. Considerable changes have been observed in this sector like industry, health, education, transport, tourism, agriculture, irrigation, sports, etc. and also become a new destination, our Bengal become new destination of the industry. Education, culture and sports become the symbol of good governance, transparency in Governance address the issues of vulnerable implementation of e-governance providing benefits to all within the existing development. Discourses have made the state a safe place for our purpose of living. আমি ধন্যবাদ জানাতে চাই মাননীয়া মুখ্যমন্ত্রীকে, আমাদের সরকারকে, কেন? GSDP বাজেটের কথা বলতে গেলে GSDP আসবেই। Gross State Domestic Product যেখানে ২০১২-১৩ সালে আমরা ছিলাম চৌদ্দ পয়েন্ট ফাইভ ফোর পারসেন্ট Now in 2016-17, we are reaching above 15%. যেখানে এই major achievement এর মধ্যে আমরা উল্লেখ করতেই পারি আমাদের State Domestic Product (NSDP), real state income for the year 2016-17 stands at Rs.8 lakh 13 thousand crore. আমরা এই সমস্ত achievement করেছি কখন? আমরা করছি আমাদের একটার পর একটা উল্লেখযোগ্য সিদ্ধান্ত, পশ্চিমবঙ্গ সরকারের, তার মধ্যে আমি কয়েকটা উল্লেখ করতে চাই। The Third Bengal Global Business Summit 2017 underline the scheme of 'come to Bengal, ride the globe' has been concluded with an announcement of Rs.2.35 lakh crore worth of investment proposal in different sectors OMST আড়াই লক্ষ কোটি টাকার আজকে এখানে different sector-এ investment এর সম্ভাবনা নিয়ে global summit হয়ে গেল।

[2:00 – 2:10 p.m.]

We are proud of setting up a cluster of development parks. Textile parks "Karmatirtha Hub" providing skill development programmes to

ascertain creating one stop statutory portal and single application gateway. "Tantisathi'launched in July, 2015, old age pension increased to 1000. আমরা উল্লেখ করতে পারি " কৃষি কর্মন অ্যাওয়ার্ড ", আমরা উল্লেখ করতে পারি জলতীর্থ। আমরা উল্লেখ করতে পারি সারা পৃথিবীর বুকে সবচেয়ে আকর্ষণীয় কন্যাশ্রী প্রকল্প। The conditional cash transfer scheme initiated by the Government of West Bengal since 2013 has been effectively fulfilling the twine targets of promoting secondary education among the adolescent girls delaying their age of marriage অনারেবেল স্পীকার স্যার, আমি মেনশান করতে চাই, সবুজ সাথী, আমি বলতে চাই শিক্ষাশ্রীর কথা, যুবশ্রীর কথা, মুক্তধারার কথা, স্টেট অ্যাসিসটেন্স স্কীম অফ প্রভিডেন্ট ফান্ডের কথা, আমি বলতে চাই স্বাস্থ্যসাথীর কথা। আমি বলতে চাই, ক্যাগস বেনিয়মের কথা। আমি যদি বলতে থাকি তাহলে আমি জানি সারা দিন, সারা রাত পার হয়ে গেলেও মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের বার্তা আমি মানুষের কাছে পৌঁছতে পারবো না। এত বার্তা পৌঁছাতে গেলে মিনিমাম ২৪ ঘণ্টা বক্তব্যের জন্য সময় দরকার। আমি ধন্যবাদ জানাই, মাননীয় ডঃ অমিত মিত্র মহাশয় আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে যেখানে নোটের ধাক্কায় ৭.১ ডিক্রিজ হয়েছে সারা ভারতবর্ষের অর্থনীতি মন্দার বৃদ্ধির হার সেখানে ৯.২৭% বৃদ্ধির হারের দিকে আমরা এগিয়ে চলেছি। আমি প্রণাম জানাই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে যিনি নবান্নে বসে রাজ্যকে চালাননি। বামফ্রন্টের মুখ্যমন্ত্রীদের আমরা দেখেছি, প্রধানমন্ত্রীকে আমরা দেখেছি আমি কাউকে অসম্মান করতে চাই না কিন্তু একজন মুখ্যমন্ত্রীকে দেখলাম মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় যিনি তৃণমূল স্তরে গিয়ে অঙ্গনওয়াড়ি কর্মীদের কথা ভেবে তাদের ৫০০ টাকা করে মাসিক ভাতা বৃদ্ধি করে তাদের নতুন করে বাঁচার আশা দিলেন। আমি ধন্যবাদ জানাতে চাই সরকারকে আশা কর্মীদের বেতন বৃদ্ধির প্রস্তাব রাখার জন্য। আমি ধন্যবাদ জানাতে চাই, কারণ আমার রাজস্থানে রাজবংশী কর্মীরা আমার জেলার রাজস্থানে মার্বেলের কাজ করতে, কর্মহীন হয়ে চলে এলেন জলপাইগুড়ি, আমার মেদিনীপুরের, হাওড়ার যারা আজকে সোনার কাজ করতেন তারা বোম্বে থেকে ফিরে চলে এলেন সেই সমস্ত কর্মহীনদেরকে ৫০ হাজার টাকা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হল। আজকে আর্থিক বৃদ্ধির যদি কথা বলি,আজকে দেখুন এই রকম একটা পরিস্থিতিতে যেখানে রাজ্য বাজেট পেশ হল,সেখানে চা বাগানের সেস তুলে দেওয়া হল, নেওয়া হল না টাকা। অথচ এগ্রিকালচারে টাকা বাড়ানো হল। আমি সর্টে বলছি, আজকে আর্থিক বৃদ্ধি এখানেই বলা যায় যেখানে ২০১৫-১৬ সালে এগ্রিকালচারে ছিল ১৫ হাজার কোটি, আজকে ৩ হাজার কোটি বৃদ্ধি হয়ে হয়েছে ১৮ হাজার কোটি, ইরিগেশান, ফ্ল্যাড কন্ট্রোলে যেখানে ১৫ শ কোটি ছিল, সেটা বৃদ্ধি হয়ে হয়েছে তিন হাজার কোটি। এডুকেশান,কালচার অ্যান্ড ইনফর্মেশন যেখানে ছিল ৫ হাজার কোটি ২০১৫-১৬ সালে সেটা বৃদ্ধি হয়ে হয়েছে ১১ হাজার কোটি। এখান থেকে বোঝা যায় যে সোসাল সেক্টর একটি সরকার যে সোসাল সেক্টরে, এডুকেশান বা বিভিন্ন জায়গায় বৃদ্ধি হয় সেখানে পরিস্কার প্রমাণ হয় সরকারের চিন্তা কী ? সরকারের চিন্তা ইনফ্রাস্ট্রাকচারকে আরো শক্তিশালী করা। এই রাজ্যকে দেশের এক নম্বর জায়গায় নিয়ে যাওয়া। যখন কেন্দ্রীয় বাজেটে দেখতে পাচ্ছি না একটা টাকাও এই পশ্চিমবঙ্গের জন্য, উত্তরবঙ্গের জন্য আছে, তখন নতুন জেলা ঘোষণা করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রমাণ করলেন আরো ভালভাবে আমাদের এই রাজ্যকে তিনি পরিচালনা করতে চান। প্রশাসনিকভাবে এবং সামাজিকভাবে আমাদের মানুষকে আরো এগিয়ে নিয়ে যেতে চান, আমি তাকে ধন্যবাদ জানাই। এস.সি,এস.টি.এবং ব্যাকওয়ার্ড ক্লাস এর সেখানে বরাদ্দ বৃদ্ধি হয়েছে। টোটাল ১ লক্ষ ৮২ হাজার ২৯৬ কোটি টাকার যে আমাদের বাজেট, টোটাল এক্সপেন্ডিচার সেই এক্সপেন্ডিচারে আমরা দেখতে পাচ্ছি প্রত্যেকটা সেক্টরে বৃদ্ধি হয়েছে। আমি ধন্যবাদ জানাতে চাই আমাদের সরকারকে।

আমি ধন্যবাদ জানাতে চাই আমাদের এই রাজ্যে নতুন ২১টি ডিস্ট্রিক্ট, ৪২টি পার্লামেন্ট সিট, ২৯৪টি বিধানসভা, ১২৬টি মিউনিসিপ্যালিটি, ৬টি কর্পোরেশান, ৭১হাজার বুথ - প্রত্যেকটি জায়গায় পৌঁছে গেছে। বাজেটটা যদি আমি সম্পূর্ণভাবে পড়ি তাহলে আপনারা বুঝতে পারবেন প্রত্যেকটা মানুষের কাছে এই বাজেট, তাদের প্রত্যক্ষভাবে মানুষের লাভের বাজেট হয়ে উঠেছে। তাই আমি সরকারকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সেখ শাহানেওয়াজ : মাননীয় স্পীকার স্যার,২০১৭-১৮ সালের যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন, সেই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমরা জানি যখন এই বাজেট পেশ করা হচ্ছে, তার কিছুদিন আগে সারা ভারতবর্ষে নোট বাতিলের ধাক্কায় শুধু পশ্চিমবাংলা নয়, সারা ভারতবর্ষের মধ্যে একটা সুনামি আছড়ে পড়েছিল। যার জেরে সব জায়গায় কলকারখানা থেকে আরম্ভ করে শ্রমিক, কৃষক - সমস্ত মানুষকে বিপদের সম্মুখীন হতে হয়েছিল। সমস্ত অর্থনীতিবিদরা বলেছিলেন যে ভারতবর্ষে জি ডি পি নেমে যাবে এবং সত্যি এখন সবাই আশংকা করছেন যে জি ডি পি এক পারসেন্ট থেকে নেমে সাড়ে তিন পারসেন্ট পর্যন্ত হতে পারে। ভারতবর্ষে আর্থিক ক্ষতির পরিমাণ দেড় লক্ষ কোটি টাকা থেকে সাড়ে পাঁচ লক্ষ কোটি টাকা পর্যন্ত নেমে যেতে পারে। এই জরুরী অবস্থা কেন্দ্রীয় সরকার ঘোষণা করে সাধারণ মানুষের কর্মসংস্থানের, রুজি রোজগারের যে ব্যবস্থা, সেটাকে সম্পূর্ণ ধ্বংস করে দিয়েছে। লক্ষ লক্ষ অসংগঠিত ক্ষুদ্র ব্যাবসা সব নষ্ট হতে চলেছে। পাট শিল্প, বস্ত্র শিল্প, চর্ম শিল্প, হস্ত শিল্প - সমস্ত রকম শিল্প ধ্বংসের পথে। রিজার্ভ ব্যাংক বারবার যেভাবে একটা স্বায়ত্তশাসনের প্রতিষ্ঠান, কেন্দ্রের স্বৈরাচারী সরকার, কেন্দ্রের স্বৈরাচারী প্রধানমন্ত্রী স্বৈরাচারী ভূমিকার মত যিনি রিজার্ভ ব্যাংকের স্বায়ত্তশাসনকে শুধু খর্ব করে দিয়ে নিজে চালাক হয়ে বারবার বিবৃতি দিয়ে মানুষের যাতনাকে আরও বাড়িয়ে দিয়েছেন এই অবস্থায় আমাদের রাজস্ব ঘাটতি যে হয়েছে, সেই ঘাটতিকে সামলে নিয়ে আমাদের যোগ্য অর্থমন্ত্রী, যিনি বাজেট পেশ করেছেন, আমরা জানি বিগত বামফ্রন্টের আমলে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের ফাঁদে জড়িয়ে আছি। যার জন্য গত পাঁচ বছরে। ১ লক্ষ ৪০হাজার কোটি টাকা সুদে ও আসলে লেগেছে। ২০১৬-১৭সালে সেটা প্রায় ৪০হাজার কোটি টাকা লাগবে। ২০১৭-১৮সালে সেটা ৪৭হাজার কোটি টাকায় পৌঁছাবে। এতদসত্ত্বেও সামাজিক এবং অর্থনৈতিক কর্মসূচি মাথায় রেখে অর্থনৈতিক যে বৃদ্ধি, কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক বৃদ্ধিকে ৭.১%, যেটা নিয়ে যাবে আশংকা করছেন, তা সত্ত্বেও পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটে আমাদের সমস্ত উন্নয়নকে ধরে রাখার প্রচেষ্টা করেছেন। এই মানবিক বাজেট, মানবিক সরকারের মানবিক দৃষ্টিভঙ্গি এতে প্রতিফলিত হয়েছে। আমরা জানি শিল্পের ক্ষেত্রে সমস্ত ভারতবর্ষে শিল্পে যে অটোগ্রাফি হয়েছে গত ২০১৬-১৭ সালের এপ্রিল থেকে সেপ্টেম্বর ইন্ডেক্স অফ ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশান সেন্ট্রাল গভর্নমেন্টের মাইনাস জিরো পয়েন্ট ওয়ান পারসেন্ট থেকে নেমে এসেছিল। সেখানে বাংলার বৃদ্ধির হার ছিল ৪.৮%। এত দুর্বিষহ অবস্থার মধ্যেও মাথা তুলে দাঁড়িয়েছিল। তা সত্ত্বেও আমাদের সরকার, মাননীয় অর্থমন্ত্রী যে স্টেটমেন্ট দিয়েছেন বাজেটে, সেটাকে ধন্যবাদ জানাতেই হয়। আমাদের মা মাটি মানুষের সরকারের উন্নয়ন গত পাঁচ বছর ধরে যেটা চলছে কন্যাশ্রী থেকে সবুজশ্রী থেকে, সবুজসাথী থেকে, খাদ্যসাথী থেকে আরম্ভ করে স্বাস্থ্যসাথী, নিজ গৃহ নিজ ভূমি, গীতাঞ্জলি, লোকপ্রসার প্রকল্প, বৈতরণী, সমব্যথী, স্বামী বিবেকানন্দ স্কলারশিপ থেকে আরম্ভ করে

তফশিলী উপজাতি, জাতিদের বিভিন্ন স্কীম। সেই স্কীমগুলো আমাদের গত পাঁচ বছরে চলেছে এবং তার ফলপ্রসূ হিসাবে আমরা দেখেছি মানুষ আমাদের পক্ষে রয়েছে।

[2:10 – 2:20 p.m.]

আমরা দেখছি এখন দুর্বিষহ অবস্থার মধ্যে মানবিক সরকার যে নতুন প্রস্তাব বাজেটে নিয়েছেন সেটা দেখার মতন। আমাদের মা-মাটি-মানুষের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং আমাদের অর্থমন্ত্রী শিক্ষক থেকে আরম্ভ করে, প্রফেসর থেকে আরম্ভ করে শুধু উচ্চবিত্তদের কথাই চিন্তা করেন না। যারা সামান্য আয়ের মানুষ তাদের কথা মাথায় রাখেন সেই কথা মাথায় রেখে যারা মানুষকে পরিষেবা দেয়। প্রসূতি মায়েদের পরিষেবা দেয়, সদ্য জননীদের পরিষেবা দেয়, অল্প বেতন পায় সেই আই.সি.ডি.এস কর্মীদের এই অর্থনৈতিক অবস্থার মধ্যে তাদের সুবিধার জন্য ২ লক্ষ আই.সি.ডি.এস কর্মীদের ৫০০ টাকা করে ভাতা বাড়িয়েছেন। এছাড়াও আরো মানবিক দিকটা আমরা জানি যে কোটি কোটি লোক কাজ হারিয়েছে ভারতবর্ষে এবং বাংলায় এক কোটির উপরে মানুষ কাজ হারিয়েছে। বিভিন্ন রাজ্য থেকে বিভিন্ন শিল্পী, সোনা শিল্পী থেকে আরম্ভ করে মজদুর, কারিগর সবাই ফিরে এসেছেন। তাঁদের কথা মাথায় রেখে ৫০ হাজার কারিগরকে ৫০ হাজার টাকা দেওয়া হবে। বাজেটে তার জন্য ২০০ কোটি টাকা বরাদ্দ করেছেন অর্থমন্ত্রী এবং তিনি যে কত দূরদর্শিতার পরিচয় দিয়েছেন এটা বুঝতে পারা যায়। আমরা দেখেছি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছিল আমাদের বাংলার কৃষক সমাজ। সেখানে কৃষকদের ৯০% মানুষ গ্রামে বাস করে। তারা চাষ করার সময় সার পায়নি, কীটনাশক ওষুধ পায়নি এবং সমবায় (গুলি বন্ধ হয়ে গেছে। সমবায় গুলিকে বেশি কেন্দ্রীয় সরকার স্বৈরাচারীভাবে তাদের নিয়ন্ত্রণ কায়েম করার চাষিদের আরো দুর্বিষহ অবস্থা হয়েছিল। তাদের কথা মাথায় রেখে তাদের জন্য সরকার ১০০ কোটি টাকা বাজেটে বরাদ্দ রেখেছেন। আমাদের সরকার বিগত দিনে বিগত বছরে- চার বছর কৃষিতে কৃষিকর্মণ পুরস্কার পেয়েছে। ২০১১-১২ থেকে ২০১৫-১৬ পর্যন্ত। পাঁচ বছর কৃষিকর্মণ পুরস্কার পেয়েছে। ২০১৬ সালে সয়েল 1হেল্থ কার্ড চালু করেছে ১৩ লক্ষ মানুষের। ২০১৭ সালে ২২ লক্ষ মানুষের সয়েল 1হেল্থ কার্ড দেওয়া হয়েছে। সরকার কৃষকদের ফসল বিমা যোজনায় ১৫-১৬ সালে ১০ লক্ষ দেওয়া হয়েছে এবং এখন ৩২ লক্ষ কৃষককে কৃষক বিমার আওতায় আনা হয়েছে। খাদ্য সরবরাহ বিভাগের আমাদের খাদ্যমন্ত্রী সব সময় চেষ্টা করে যাচ্ছেন। আমাদের অর্থমন্ত্রী সেখানে সমস্ত রকম সুযোগ সুবিধা করে দিয়েছেন। ৭ কোটি ৯০ লক্ষ মানুষকে তাদেরকে আমাদের খাদ্যসাথী প্রকল্পে আনার জন্য সরকারকে যে ভর্তুকি দিতে হয় সেই কথা মাথায় রেখেছেন। ৬৩ হাজার তপসিলি উপজাতি মানুষকে প্রতিমাসে ৩৫ কেজি করে চাল দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই সমস্ত উন্নয়নের পথ আমাদের সরকার করেছে। দেখেছিলাম বিগত রাজ্যপালের ভাষণের বিতর্কের সময়ে নারেগা প্রকল্পের সম্বন্ধে বলা হয়েছিল যে আমাদের সরকার নারেগা প্রকল্পে ঠিক মতন কাজ করেনি। কিন্তু আমরা দেখেছি যে বাজেট বরাদ্দ চেয়েছে সেই বরাদ্দের ২৮% কাজ পঞ্চায়েত দপ্তর করেছে। ৫ হাজার ৬০০ কোটি টাকা খরচ করেছে এটা আমাদের গর্বের এবং সেটা আমাদের সরকার মাথায় নিয়েছেন। নির্মল বাংলা মিশনে আমরা চারটে জেলা ইতিমধ্যে ঘোষণা করেছি - নদীয়া, হুগলি, মেদিনীপুর এবং ২৪ পরগনা। এই সমস্ত উন্নয়নের স্বার্থে তিনি যে কাজ শুরু / করেছিলেন তার সরলীকরণ করে তিনি আরো মজবুত করার জন্য তিনি স্ট্যাম্প ডিউটি এবং অন্যান্য খাতে ৪% থেকে ২% করে যেভাবে বাজেট পেশ করে আমাদের অর্থনীতিকে মজবুত করার জন্য যে দৃষ্টিভঙ্গি নিয়ে বাজেট তৈরি করেছেন সেই বাজেটকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী রমা বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয় ও মাননীয় সদস্যগণ আমাদের জানা আছে যে বিধানসভায় আমরা যখন সদস্যরা আলোচনা করি তখন সেই আলোচনার সারবস্তুর মধ্যে জনগণের জন্য যে বিষয়গুলি সেগুলি বিধানসভার অভ্যন্তরে গ্রহণ করার চেষ্টা করা হয়। বিগত সময়ে আমার অভিজ্ঞতা যে বিরোধীরা যে প্রশ্নই তোলেন, সেই প্রশ্নেই শাসক পক্ষ থেকে বলা হয়... (ক্রমশঃ) 'আবার হারলো'

আমরা যখন ভোটাভুটি চাই মানুষের স্বার্থে, তখন শাসক পক্ষ থেকে বলা হয় যে হেরে গেল, আবার হেরে গেল। আমার বিনীত অনুরোধ সদস্য হিসেবে আমরা যে মন্তব্যগুলো করতে চাই, সেই মন্তব্যগুলো জনগণের স্বার্থে কি না, সেটা মাননীয় স্পীকার সাহেব দেখবেন। বাজেট পেশ হয়, সেই বাজেট শুধুমাত্র শাসক দলের নয়। বাজেট একটা সরকারের, বাজেট জনগনের। সেই বাজেটে আমরা দেখলাম মূলত যখন মানুষের কাজের ব্যবস্থা করতে হয়, সেই কাজের ব্যবস্থার মূল ক্ষেত্র থাকে ভারি শিল্প। সেই ভারি শিল্পের সঙ্গে অনুসারি শিল্প গড়ে ওঠার ফলে জীবনজীবিকার কাজ মানুষের ক্ষেত্রে বৃদ্ধি পায়। কিন্তু দেখলাম একেবারে প্রায়োরিটি দিতে দিতে ভারি শিল্পের ক্ষেত্রটাই ৩২ নম্বরে চলে গিয়েছে। অর্থাৎ মানুষের জীবনজীবিকার যে জায়গাটা, সেটাকে কত গুরুত্ব দেওয়া হচ্ছে এটা দেখলে বোঝা যায়। আপনারা দেখেছেন যে ইতিমধ্যেই কৃষকরা, তারা এই বিমার আওতায় আসতে পারেনা। কেন্দ্রীয় সরকার তার ভুল নীতির ফলে, দায়িত্ব রাজ্য সরকারের উপরেও পড়ে। ফলে কৃষকরা বিমার অভ্যন্তরে কীভাবে প্রবেশ করবে তার জন্যে রাজ্য সরকারের নীতির মধ্যে কিছু বক্তব্য থাকা উচিত ছিল, বাজেটে তার সংস্থান থাকা দরকার ছিল। এই জায়গাটায় মনে হয়েছে আরো বেশি গুরুত্ব দিয়ে আমাদের এই বাজেটের সংশোধন করা দরকার। স্যার, ঋণ নিয়ে বহু কথা। আমরা শুনছিলাম যারা আজ আমাদের বিধানসভার অভ্যন্তরের সদস্য নয়, তারা বিগত দিনে সরকারের একটা অংশ হিসেবেই কাজ করে গিয়েছেন। কিন্তু তাদের নাম করে করে বিধানসভায় অনেক কিছু বলা হয়েছে। কিন্তু যখন বলা হচ্ছে ধারের প্রশ্ন, সেই ধার এবার শোধ করতে হয়েছে ৪০ হাজার কোটি টাকা। বিগত সময়ে ধার করার যে সমস্যা, সেই সমস্যা যখন বারে বারে আলোচনা করা হয়েছে, তাহলে কেন স্যার ধার নেওয়া হয়েছে? এবারও যে বাজেট, সেই বাজেটে বলা হয়েছে ২০১৬-১৭ সাল থেকে এই ধার শোধ করতে হবে। তাহলে যদি করতেই হয় তাহলে ২০১১ সাল থেকে এই ধারটা কেন নেওয়া হল? একটা সরকার যখন বিগত সরকারের ভুলত্রুটি সংশোধন করে নিজেদের আরো ভালো করে চালাতে চায়, জনগণকে যে প্রস্তাব দেয় তখন তাদের আরো বেশি ভালো ভূমিকা নেওয়ার প্রশ্নে যে গুরুত্ব দেওয়া দরকার ছিল, স্যার বাজেটের মধ্যে সেই বিষয়টা আমরা দেখতে পাইনি। আরো একটা বিষয় গত ৩৪ বছরের যে কথা বলা হয়, সেই গত ৩৪ বছরের মধ্যে একটা বড় সময় কেন্দ্রীয় সরকারের নীতি ছিল যে স্বল্প সঞ্চয়ে আমাদের রাজ্যের মানুষ যা জমা করবেন তার একটা নির্দিষ্ট অংশ রাজ্য সরকারকে বাধ্যতামূলকভাবে নিতে হবে। তাই এই বাধ্যতামূলকভাবে যে ঋণ রাজ্য সরকারের ঘাড়ে চাপানো হয়েছে সেই ঋণের জন্যে কোনো সরকার দায়ি হতে পারেনা। এটা রাষ্ট্রের নীতি অথচ যখন আক্রমণ করা হয় তখন বলা হয় এই ঋণ ইচ্ছাকৃতভাবে নেওয়া হয়েছে। এখন অবশ্য ওইসবের বালাই টালাই নেই। কারণ মানুষ স্বল্প সঞ্চয় করেনা। কারণ বিভিন্ন ধরণের চিটফান্ড দিয়ে স্বল্প সঞ্চয়ের প্রবণতা থেকে মানুষকে অনেক দূরে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। স্বল্প সঞ্চয় আর মানুষের লাগেনা। পোষ্টঅফিস বা ব্যাঙ্কের ক্ষেত্রে এই জায়গাগুলো একেবারে ওমিট করে দেওয়ার মত অবস্থা তৈরি হয়েছে। কিন্তু উল্টোদিক দিয়ে যদি আমরা দেখি যে বিগত সময়ে সর্বোচ্চ কেন্দ্রীয় বাজেটের যে অংশ আসত তাতে ২৯ পার্সেন্টের বেশি আসত না। কিন্তু এখন কেন্দ্রীয় সরকার সেই জায়গায় দাঁড়িয়ে ৪২ পার্সেন্ট বাড়িয়েছে। আমরা বলেছি ৫০ ভাগ পর্যন্ত বাড়াতে হবে। ৪২ পার্সেন্ট হয়েছে ভালো

কথা। কিন্তু এই অংশটাকে যদি সরকারের সাফল্য হিসেবে দেখানো হয় তাহলে কিন্তু সরকারের যে মূল ঘাটতি, সেই ঘাটতিটাকে অন্য জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করা হয়। ফলে আমি এটাকে প্রতিবাদ করছি। আমাদের মনে হয়, এই বিধানসভা থেকে প্রস্তাব দেওয়া দরকার যে ৪২ ভাগ নয়, ৫০ ভাগ আমাদের বাজেটের টাকা দিতেই হবে। এই জায়গায় দাঁড়িয়ে আমাদের মনে হয় একটা সর্বসম্মত প্রস্তাব নেওয়া দরকার। শাসকদল যখন বলে হেরে গেলি হেরে গেলি তোরা, তাহলে ৫০ ভাগ দিতে হবে এই যে প্রস্তাব সেই প্রস্তাবের প্রশ্নে নিশ্চয়ই হেরে গেলি হেরে গেলি না করে বিধানসভা থেকে সর্বসম্মত এই প্রস্তাব পাশ হবে।

[2:20 – 2:30 p.m.]

কর্মসংস্থানের প্রশ্নে একবার দেখি। একটা প্রস্তাব দেওয়া হয়েছে, ২০১৬-১৭ অর্থবর্ষে কর্মসংস্থানের জন্য লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৩ লক্ষ ২৭ হাজার। স্বপ্ন দেখা ভালো, কিন্তু স্বপ্নটা এমন হয়ে গেছে যে, যেখানে কেন্দ্রীয় সরকার সারা দেশে প্রতি বছর কর্মসংস্থান সৃষ্টি করে ১.৫ লক্ষ, সেখানে একটা রাজ্য সরকার, একটা অঙ্গ রাজ্য, সেই সরকার তার বাজেটে কর্মসংস্থানের ভাবনা ভাবছে ১৩ লক্ষ ২৭ হাজার ! স্যার, আমার মনে হয় একটা বাজেট তার সরকারের মর্যাদা রক্ষা করে। এমন কোন বাজেট পেশ করা উচিত নয় যে, বাজেটটা দেখলেই মনে হয় তার ভিতরে সারবত্তা থেকে প্রচারের আঙ্গিকই সবচেয়ে বেশি আছে। সুতরাং আমার মনে হয় এইগুলোকে সংশোধন করা দরকার। যখন আরও সদস্যরা বলবেন সরকারের ভালো ভালো কাজ হয়েছে, তখন ভেবে দেখবেন এই যে ১৩ লক্ষ ২৭ হাজারের কোটা ধরা হয়েছে, সেইগুলো কোন কোন জায়গায় হবে, কী কী ভাবে হবে। এটা একটু ভাববেন। বিগত দিনে আমরা বারবার বলেছি সরকারের পক্ষ থেকে কর্মসংস্থানের যে দাবী করা হচ্ছে, সেই কর্মসংস্থান কোথায় হয়েছে। যদি NREGA ধরা হয় তাহলে ঠিক আছে, যদি মিড-ডে-মিল এর কর্মী ধরা হয় তাহলে ঠিক আছে। একটা মিড-ডে-মিল এর গ্রুপে ১২ জন থাকে। একটা সংখ্যা তো সরকারের পক্ষ থেকে স্পষ্টভাবে বলা উচিত। ডিমানিটাইজেশন নিয়ে অনেক কথা আছে। অনেক সদস্য বলছেন এই ডিমানিটাইজেশনের জন্য রাজ্য সরকার ক্ষতিগ্রস্ত হয়েছে। ঠিকই তো, ডিমানিটাইজেশন মানে ক্যাশলেস করো এবং একটা গরীব মানুষের শ্রমের যে টাকা, সেই টাকা থেকে ২.৫ হারে টাকা নিতে নিতে সরকার গোটাটা মানুষের কাছ থেকে নিয়ে যাবে, যাতে গরীব, শ্রমজীবী মানুষ তার প্রকৃত আয় থেকে বঞ্চিত হয়। খুব খারাপ স্যার। কিন্তু ডিমানিটাইজেশনের ফলে যারা ক্ষতিগ্রস্ত হ'ল, তার সংস্থান কোথায় স্যার ? তাদের সুরাহার জন্য এই বাজেটে কি সংস্থান ধরা হয়েছে? মাননীয় অর্থমন্ত্রী নিশ্চয় পয়েন্টসগুলো নিয়ে ভাববেন এবং বলবেন কীভাবে এই কাজগুলো আমরা করতে পারি। বিনিয়োগের প্রশ্নে গতবার আমিও শুনেছিলাম অনেক কোটি টাকা বিনিয়োগ হয়েছে। কিন্তু বাস্তবে একটা মজার কথা হচ্ছে যে, আমরা যাই বলি না কেন, যেমন কেন্দ্রীয় সরকার বলছে ডিমানিটাইজেশন করে কালো টাকা উদ্ধার করে প্রত্যেকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ১৫ লক্ষ টাকা যাবে এবং জিনিসপত্রের দাম কমবে। কিন্তু এখন আমরা বুঝতে পারছি এটা সত্যি সত্যি একটা ভাঁওতা। আমরা যাই বলি না কেন, তথ্য আমাদের এমন একটা জায়গায় দাঁড় করায় যে, সেই তথ্যের বাইরে আমরা যেতে পারি না, এটা একটা বিজ্ঞান। মোট যে বিনিয়োগ হয়েছে তা হচ্ছে ঘোষণার মাত্র ২.৪ শতাংশ। আর পাইপলাইনে আছে .৮৮৩%। সুতরাং তথ্য আমাদের এমন একটা জায়গায় এনে দাঁড় করিয়ে দিয়েছে যে, সেই জায়গা থেকে আমাদের আর বেরনোর উপায় নেই। বাজেট রাজ্য সরকারকে করতেই হবে। কিন্তু বাজেটের সর্বনাশা দিকগুলো কেন শুধু বিরোধীরাই তুলবে স্যার ? শাসক দলের পক্ষ থেকে জনগণের প্রতি যে দায়বদ্ধতা, সেই দায়বদ্ধতার কথা কেন পালন করা হবে না ? আমরা দেখছি রাজস্ব পরিকল্পনা

খাতে যে বিষয়ের কথা বলা হয়েছে, সেই বিষয়ে যদি বলি তাহলে দেখব কেন্দ্রীয় সরকারের ৭৫ শতাংশ অর্থ পরিকল্পনা ব্যয়ের ক্ষেত্রে দেখিয়ে আমাদের এই তথ্য দিয়ে বলা হয়েছে ঠিকই। টাকা তো রাজ্য সরকারের। আমাদের রাজ্যের মানুষ ট্যাক্স হিসাবে দিয়েছে সরকারকে। কিন্তু সেই তথ্যটা আমরা যদি ঠিক সেভাবেই করতে পারতাম তাহলে প্রকৃত তথ্যের কাছে, জনগণের কাছে আমরা পৌঁছতে পারতাম। এই যে বাজেট, এই বাজেটের মধ্যে এতটা করতে পারলাম, এতটা করতে পারলাম না। বাজেটটা পরিসংখ্যান নয়,একটা মূল্যায়ন সরকারের। সেই মূল্যায়নের মাধ্যমে একটা ইতিবাচক বা নেতিবাচক দিক, মূল্যায়নের সেই দিকটা আমার মনে হয় আরও বেশি ভালো। আমার শেষ প্রশ্ন, ৫০০ টাকা করে বাড়ানো হয়েছে আই.সি.ডি.এস. এবং আশা কর্মীদের। স্যার, এস.এস.কে., এম.এস.কে., অন্যান্য যা প্রকল্পকর্মী, সেই প্রকল্পকর্মীদের প্রশ্নে কী ভূমিকা এই বাজেটে ? এমনকি বলা হচ্ছে এইগুলোর দায় আর রাজ্য সরকার নেবে না। তাহলে অল্টারনেটিভ স্কুলিং, যেমন কম্পালসারি স্কুলিংয়ের প্রশ্নে আমরা সরকারের দায় দেখি, সেরকম অল্টারনেটিভ স্কুলিংয়ের জন্যও সরকারের দায় থাকে। তাহলে অল্টারনেটিভ স্কুলিং এবং কম্পালসারি স্কুলিংয়ের ক্ষেত্রে সরকারের কি দায়, সেটা আমার মনে হয় বাজেটের মধ্যে আনা দরকার ছিল।

আপনার ৫০ হাজার কাজ হারানো শ্রমিকের জন্য এককালীন ৫০হাজার টাকা করে দেওয়া হবে। এটা ঠিক করবে কে ? কে বাইরে কাজে গিয়েছিলেন ? আমাদের অভিজ্ঞতা আছে 'স্যার' ক্লাবকে টাকা দেওয়া হচ্ছে। আমরা বাইরে শুনছি যে-'ক্লাবে শাসকদলের সমস্ত এম .এল.এ-ক্লাবে টাকা গণওয়ার নাকি ফর্ম পান নি। না কি যাদের গায়ের জোর বেশি তারা না কি ফর্ম পেয়ে যাচ্ছেন। আর বিরোধীপক্ষদের তো ফর্মই দেওয়া হয় নি। তাহলে এই যে ৫০হাজার টাকা করে যাদের বলা হচ্ছে তাহলে তারা কীভাবে টাকা পাবে ? কাজ হারানো শ্রমিকরা ডিমনিটাইজেশনের জন্য যাদের কাজ হারিয়েছে তাদের কীভাবে আমরা চিহ্নিতকরণ করব ? কারা পাবে। স্যার ? তাহলে কি শাসকদলের কর্মীরাই পাবে ? কারা পাবে ? একটা কিছু বলা যাক যে, হ্যাঁ, শাসকদলের কর্মীরাই পাবে। যেভাবে দেখা যাচ্ছে যে বিরোধীদলের কোন কথা , কোন মন্তব্যই শোনা যাচ্ছে না। এমনকি গায়ের জোরে চালানোর চেষ্টা করা হচ্ছে। (মাইক অফ।)।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার , আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীর পেশ করা বাজেট ভাষণের শেষ দুটো লাইনের প্রতি অকুণ্ঠ সমর্থন ঘোষণা করে সামগ্রিক বাজেট সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আমি যখন স্কুলে পড়তাম স্যার, আমার ক্লাসে সুমিত গুপ্ত বলে আমার এক বন্ধু ছিল। আমরা তো পুরনো হায়ার সেকেন্ডারির ছাত্র। আমাদের সময়ে ক্লাস সেভেন, এইট থেকেই ইকনমিকস পড়ানো হত, সিভিকস পড়ানো হত। আমার সেই প্রিয় বন্ধুটি স্যার, বাংলায় খুব কাঁচা ছিল। অঙ্কতেও খুব কাঁচা ছিল। কিন্তু সিভিকস এবং ইকনমিকসে সে খুব ভাল ছাত্র ছিল। মাননীয় অর্থমন্ত্রী যে দুটো লাইন দিয়ে তাঁর বাজেট ভাষণ শেষ করেছেন 'নম নম সুন্দরী মম জননী বঙ্গভূমি, গঙ্গার তীর স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি'। এই লাইন দুটো স্যার আমাদের ক্লাস এইটে ভাব সম্প্রসারণ এসেছিল। আমার সেই বন্ধুটি স্যার, যেহেতু, বাংলায় কাঁচা সেহেতু সে জীবন জুড়ালের মানে করেছিল 'মৃত্যু', গঙ্গার তীরের স্নিগ্ধ সমীরের মানে করেছিল 'গঙ্গার তীরের শ্মশান ' আর গঙ্গার তীরের সেই স্নিগ্ধ সমীর বয়ে আসছিল ' গঙ্গার তীরের সমস্ত গাছগুলো থেকে'। এইভাবে স্যার, গোটা ভাব সম্প্রসারণটা দুপাতা লিখে সে পরীক্ষার খাতা জমা দিয়েছিল। আর আপনি জানেন স্যার, আমরা যখন স্কুলের ছাত্র ছিলাম, আপনি আমার চেয়ে সিনিয়র ছাত্র। আমাদের সময়ে স্যার, ৬ লাখ টাকার বিনিময়ে রিটিন মেসেজে পরীক্ষার উত্তর আসত না। আমাদের সময়ে পরীক্ষার খাতাগুলো ছাত্রদের দিয়ে দেওয়া হত, তাদের বাড়িতে দেখানোর

জন্য। তাদের শিক্ষকদের দেখানোর জন্য,নিজে দেখার জন্য। সুমিতের খাতা যখন ফেরত এল স্যার, আমরা দেখলাম সুমিত ১২'র মধ্যে শূন্য পেয়েছে ভাব সম্প্রসারণে। 'জীবন জুড়ালের মানে মৃত্যু, স্নিগ্ধ সমীরের মানে গাছের হাওয়া আর গঙ্গার তীরের মানে শ্মশান যেখানে মরবার পরে যেতে হয়। এই যে স্যার, মানেটা সুমিত করেছিল, আমি জানি না স্যার, শ্রদ্ধেয় অর্থমন্ত্রীর অর্থনীতিতে পান্ডিত্য নিয়ে আমার বিন্দুমাত্র সংশয় নেই। কিন্তু বাংলায় তিনি কবিগুরুর এই লাইনটা এই মানেটাই পরোক্ষে বুঝিয়ে দিয়ে রাজ্যটা যে শ্মশানের দিকে এগিয়ে চলেছে সেইটা বোঝাতে চেয়েছেন কিনা, এইটা আমার জানার মধ্যে নেই স্যার। সেই জন্য এই দুটো লাইনের প্রতি আমি আমার অকুণ্ঠ সমর্থন ঘোষণা করলাম।

[2:30 – 2:40 p.m.]

নোটবন্দি সম্পর্কে বাজেটের প্রথম দুটো পাতায় যা বলা হয়েছে আমি স্যার তার সঙ্গে সম্পূর্ণ একমত পোষণ করছি। মাননীয় অর্থমন্ত্রী নোটবন্দিকে সুনামির সঙ্গে তুলনা করেছেন। বলেছেন লক্ষ লক্ষ অসংগঠিত ক্ষুদ্র ব্যবসা বসে গেল। সংগঠিত ছোট ব্যবসা, কৃষকের স্বপ্ন, স্বনির্ভর গোষ্ঠীর সঙ্গে যুক্ত বিশাল সংখ্যক মানুষ পড়ে গেলেন অথৈ জলে। আচ্ছা স্যার,বাজেট অধিবেশনের শুরুতে মাননীয় রাজ্যপাল ভাষণ দেন। আমি নতুন এম এল এ, জানায় ভুল থাকলে সংশোধন করে দেবেন। যতদুর শিখেছি সিনিয়রদের কাছে থেকে, তাঁরা আমায় বলেছেন রাজ্যপালের ভাষণ মানে হচ্ছে সরকারের দিশা ও অভিমুখ। আর বাজেট মানে হচ্ছে- সেই দিশা ও অভিমুখের পথে সরকারের যাত্রার রুট। যদি তাই হয় স্যার,তাহলে মাননীয় রাজ্যপালকে দিয়ে তাঁর ভাষণে বলা হল, এই সরকার বলাল যে, নোটবন্দিকে এই রাজ্য সাফল্যের সাথে মোকাবিলা করেছেন। নোটবন্দির কু-প্রভাব এই রাজ্যে পড়তে দেওয়া হয় নি। নোটবন্দির ফলে বিপর্যস্ততা মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায়, বলিষ্ঠ নেতৃত্বে, এই রাজ্য দূর করতে পেরেছে। অথচ স্যার, বাজেট ভাষণে মাননীয় রাজ্যপালকে দিয়ে যা বলানো হল, তার ঠিক উল্টো কথা স্যার। আমি ঠিক এই কথাটাকেই সমর্থন করছি। সরকার খালি যেন স্বীকার করে নেয় রাজ্যপালকে দিয়ে যা বলানো হয়েছিল সেটা ঠিক বলানো হয় নি। আর যদি উল্টোটা হয়,তাহলে সেটাও যেন সরকার জানিয়ে দেয়। স্যার, চারের পাতার প্রথম অধ্যায়ের ব্যাপারে বলি - ইনডেকস অব ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশনের বৃদ্ধির হার দেশে ০.১% এ নেমে এসেছিল। একই সময়ে পশ্চিমবঙ্গে বৃদ্ধির হার প্লাস ৪.৮% ছিল। স্যার, আমার স্মৃতি যদি বিশ্বাসঘাতকতা না করে, ২০০৩-০৪ সালে অল ইন্ডিয়ায় মাইনাস ০.১, এ রাজ্যে প্লাস ৭.৬। ২০০৬-০৭ এ দেশে প্লাস ১.২, এ রাজ্যে প্লাস ৯.৭। তাহলে স্যার, এই যে তথ্য পেশ করা হচ্ছে এই তথ্যটা অল ইন্ডিয়ার চাইতে ভালো হলেও এই রাজ্যের সর্বকালীন ভালো নয়। স্যার, ছয়ের পাতায় কৃষিকর্মণ পুরস্কারের কথা বলা হয়েছে। কৃষিকর্মণ পুরস্কার আমরা পেয়েছি এই কথা ঠিক। বিধায়করা আনন্দিত এই কথা ঠিক। কিন্তু স্যার,১৯৭৯ -৮০ সাল থেকে ২০১৫-১৬সাল পর্যন্ত মাত্র দু বছর পশ্চিমবাংলা কৃষিকর্মণ পুরস্কার পায় নি। বাকি প্রতি বছর পেয়েছে। এটা বিগত বামফ্রন্ট সরকারের ধারাবাহিক সাফল্য এবং সেই সাফল্যের একটা কনটিনিউয়েশন চলছে। অতিরিক্ত কিছু নয়। তা সত্ত্বেও, এই সরকার স্যার প্রথম বছরে পুরস্কারটার থেকে বঞ্চিত হয়েছিল। তারপর পরপর চার বছর পেয়েছে। স্যার, বারোর পাতায় দেখুন, এখানে বলা হয়েছে "রাজ্য সরকার সবার জন্য বিনামূল্যে চিকিৎসা, হাসপাতালগুলোতে পরীক্ষা, ওষুধ, শয্যাভাড়া" দিচ্ছে। আচ্ছা স্যার,যদি এটা সত্য হয়, তাহলে তেরোর পাতায় কি করে বললেন ন্যায্যমূল্যের ওষুধের দোকানগুলিতে ক্রমবর্ধমান বিক্রিতে ২০১৬ সালের ডিসেম্বর পর্যন্ত মোট বিক্রির পরিমাণ ১৩৩১ কোটি টাকার। আপনি স্যার, বিনামূল্যে ওষুধ দিচ্ছেন হাসপাতালের রোগীদের। আর আপনার ন্যায্যমূল্যের ওষুধের দোকান থেকে ১৩৩১ কোটি টাকার ওষুধ বিক্রি হচ্ছে। ওগুলি কি স্যার, বিনামূল্যে বিক্রি হচ্ছে? একটু বোঝা দরকার।

নাহলে এত সত্যের অপলাপ, এত মিথ্যাচার, একসঙ্গে যদি স্যার, একটা বাজেট ভাষণে থাকে, তাহলে স্যার বাজেট ভাষণ বুঝতে আমাদের অসুবিধা হয়। আর বাইরে গিয়ে বাজেট বোঝাতে আমাদের অসুবিধার পরিমাণ বেড়ে যায়। স্যার, ১৪ নাম্বার পাতায় দেখুন "মাধ্যমিক পরীক্ষার্থী এইবছরে ৭৫,০০০ কমেছে" সমস্ত স্তরে সরকারি স্কুলগুলিতে"। এটা উদ্বেগের সকলের - আমাদের এবং আপনাদেরও।

সরকারি স্কুলগুলোতে, সরকার পোষিত স্কুলগুলোতে ভর্তি কমছে, ছাত্র সংখ্যা কমছে। আগামি দিনে রাজ্য সরকার হয়তো বাধ্য হবে অনেকগুলো স্কুলকে অ্যামালগামেট করে দিতে, বন্ধ করে দিতে। এটা আমাদের শিক্ষার পক্ষে ভালো চিত্র যাচ্ছে না। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান - আই.সি.এস.ই., সি.বি.এস.ই. - গড়ে উঠছে এবং সেখানে বেশিরভাগ ছাত্র চলে যাচ্ছে। এটা কি করে মোকাবিলা করা যায়, সেই ব্যাপারে শিক্ষা দপ্তরকে ভাবতে হবে, গোটা বিধানসভাকে ভাবতে হবে, আমি আমার উদ্বেগটা প্রকাশ করে রাখলাম স্যার।

স্যার, ১৭ নম্বর পাতায় সরকারি চাকরিতে যোগদানের বয়সসীমা বাড়িয়েছেন। গ্রুপ-এ পদের ক্ষেত্রে এত, গ্রুপ-বি এত, সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইব এত। স্যার, একটাও শূন্য পদ পূরণ করলেন না। পাঁচ বছরে পুলিশী সরকারে পরিণত করলেন পুলিশ বিভাগের শূন্য পদ পূরণ করে। পুলিশ বিভাগ ছাড়া আর কোনো বিভাগের কোনো শূন্য পদ পূরণ হ'ল না।

..... (গোলমাল) .....

মিঃ স্পীকার : প্লিজ, মাননীয় অর্থমন্ত্রী শুনছেন, উনি উত্তর দেবেন। আপনারা ওনাকে ডিস্টার্ব করবেন না প্লিজ। ..... (গোলমাল) .....

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার, আপনি বয়সসীমা বাড়াচ্ছেন। আমি বলছি স্যার, বাড়াবেনই যখন, তখন সেই ৪১, ৪২ করে করে ন্যাকামোর দরকার কি স্যার ? আপনি আজীবন যেকোনো বয়সে অ্যাপ্লাই করা যাবে লিখে দিন না। ..... (গোলমাল) ..... অসুবিধার কি আছে ? পদ নেই, পদ পূরণ হবেনা, কত বয়সে অ্যাপ্লিকেশন করা যাবে সেই হিসেবের দরকার কি স্যার ?

..... (গোলমাল) .....

স্যার বিদ্যুৎ - বিদ্যুৎ সম্পর্কে বলতে গিয়ে বলা হয়েছে ২১ নম্বর পাতায় - কি কি ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমার স্যার বিনম্র জিজ্ঞাসা, টিটাগড় তাপবিদ্যুৎ কেন্দ্র কি গত ৬ মাস ধরে উৎপাদন করছে না ? বজবজের যে ইউনিটগুলো আছে, তার ভিতর দুটি ইউনিট কি স্থায়ীভাবে বন্ধ করে রাখা হয়েছে ? রাজ্যে শিল্প নেই, বিদ্যুতের চাহিদা কমছে। বিদ্যুতের চাহিদা কমতে কমতে এই স্তরে এসেছে যে, বিগত বামফ্রন্ট সরকার বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা যতটা করে গিয়েছিল, তারপরে এক মেগাওয়াটও বাড়তি উৎপাদন না করে নূতন অবস্থায় বাড়তি বিদ্যুতের কোনো চাহিদা হচ্ছেনা, বিদ্যুতের কোনো ঘাটতিও হচ্ছে না, শিল্প সব বন্ধ, শিল্প সব উঠে যাচ্ছে এবং বিদ্যুতের যে বরাদ্দ সেই বরাদ্দ এই বছর কমিয়ে দিতে বাধ্য হয়েছেন।

সংখ্যালঘু ছাত্র বৃত্তি - ২৪ নম্বর পাতায়, ১ কোটি ৭ লক্ষ ৪০ হাজার। তার পরের লাইনে ২০১১ সাল থেকে - এটা একটা সর্বকালীন রেকর্ড। স্যার ২০১১ থেকে ২০১৭ অবধি এই রকম হিসেবে কোনো সর্বকালীন রেকর্ড হয় ? সর্বকালীন রেকর্ড তো এক বছরের হয়, একটা ফিন্যান্সিয়াল ইয়ারের হয়। ৫ বছরের যোগফল সর্বকালীন রেকর্ড ! ৩ বছরের রেকর্ড সর্বকালীন রেকর্ড ! এই রকম সর্বকালীন রেকর্ড কী করে স্যার আবিষ্কার হয়, আমার বোধগম্যতার মধ্যে ঢোকেনি স্যার, আমি জানিয়ে দিলাম।

স্যার, এতদিন জানতাম আমাদের সরকার ৪০ লক্ষ সাইকেল বিলি করেছে 'সবুজ সাথী' প্রকল্পে। ২৬শে জানুয়ারি মাননীয়া মুখ্যমন্ত্রী ৩৫ লক্ষ সাইকেল বিলির কথা বললেন এই বছরের। ২৭শে জানুয়ারি সব কাগজে আছে। এর মাঝখানে 'আশা' প্রকল্পে সবাই সাইকেল পেয়েছে। আই.সি.ডি.এস. প্রকল্পের কর্মীরা সবাই সাইকেল পেয়েছে - ১ লক্ষ ৮ হাজার ৭৪৫। বিভিন্ন সংখ্যা বিভিন্ন সময়ে বলা হয়েছে। আর আমরা গতবারেই বলেছিলাম ৬১ কোটি টাকায় কতগুলো সাইকেল কেনা যায় ৩২০০ টাকা দরে। মাননীয় অর্থমন্ত্রীকে আমি ধন্যবাদ দেবো, তিনি এবারে ফিগারটা দিয়েছেন ২৪ লক্ষ ৮৬ হাজার ৭২০টি বাই-সাইকেল বিতরণ করা হয়েছিল। তাহলে স্যার, ভোটের আগে সব সময় সকলের মুখে ৪০ লক্ষের যে গল্পটা চলছিল, ওই গল্পটা যে মিথ্যা, সেই মিথ্যার ফানুসটা ..... (গোলমাল) ..... তাহলে স্যার ফেটে গেলো, ওই ফানুসটা দিয়ে আর চলল না স্যার। ..... (গোলমাল) .....

স্যার, বৃহৎ শিল্প এবং উদ্যোগ - একটা প্যারাগ্রাফ রাখতে হয়। সেইজন্য স্যার রাখা হয়েছে। স্যার আমার বিনম্র জিজ্ঞাসা, এই বৃহৎ শিল্পের জন্য যতগুলো শিল্প সম্মেলন হয়েছে লন্ডন হোক, সিঙ্গাপুর হোক, আমাদের মিলন মেলা হোক, সায়ান্স সিটি হোক, হলদিয়া হোক - স্যার, সবকটা শিল্প সম্মেলন মিলে সরকারের মোট কত টাকা খরচ হয়েছে ?

[2:40 – 2:50 p.m.]

আর স্যার, সব কটা শিল্প সম্মেলন মিলে বাস্তবে সরকারের মোট কত টাকা বিনিয়োগ হয়েছে? যদি দেখা যায় খরচটা বেশি বিনিয়োগ কম, তাহলে শিল্প সম্মেলনটা বন্ধ করে দেওয়া হোক। শিল্প বন্ধ হওয়াটা ঠেকানোরতো কোন উপায় নেই, এই সরকার সে পথ খুঁজে পাবে না। বন্ধ শিল্পের যে জায়গাগুলো সেই জায়গাগুলোয় আবাসনের পর আবাসনের উঠতেই থাকবে, যেমন Carter Pooler-এর জমি সংক্রান্ত বিষয়ে ৩৫ কোটি টাকার ডিল হয়ে গেল, সেই রকম একটার পর একটা ডিল হয়ে যাবে। সেগুলো স্যার, হতে থাকুক। কিন্তু স্যার, শিল্প সম্মেলনে কত টাকা খরচ হয়েছে, সেই খরচটা অন্ততপক্ষে স্যার, জানিয়ে দেওয়া হোক, তাহলে আমাদের গোটা বিষয়টা বুঝতে সুবিধা হবে। স্যার, খুব বড় বড় করে প্রচার হচ্ছে ৮ কোটি মানুষকে ২ টাকা কিলো চাল খাওয়াচ্ছে রাজ্যের সরকার। একজন বিধায়ক আছেন যিনি বলতে পারবেন তাঁর বিধানসভা কেন্দ্রে পুরনো যা রেশন কার্ড ছিল, তার অর্ধেক লোক রেশন কার্ড পেয়েছে। কেউ বলতে পারবেন না। ..(হইচই)... আমি সকলের তথ্য দিয়ে দেব। আমি সকলের তথ্য দিয়ে দেব। দাঁড়ান, শুনুন, মাননীয় খাদ্যমন্ত্রীর বিধানসভা কেন্দ্র, NFSA-এর news status report as on ৯.২.২০১৭ স্যার, রাজ্য সরকারের তথ্য, মাননীয় খাদ্যমন্ত্রীর বিধানসভা কেন্দ্রে এখন পর্যন্ত রেশন কার্ড বিলি হয়েছে কেন্দ্রীয় সরকারের তিন রকম, রাজ্য সরকারের দু রকম মিলিয়ে ৭০,৪২১টা। কটা রেশন কার্ড ছিল স্যার ? ২ লক্ষ ৭৩ হাজার ৭৪৫টা। যে ৭০,৪২১টা বিলি হয়েছে, তার ভিতর কেন্দ্রীয় সরকারের তিন রকম রেশন কার্ড AAY, PHH, SPHH কত স্যার ? ৪০,৬৬০টা। রাজ্য সরকারের RKSY-I আর RKSY- II কত স্যার ? ৩৮,৭২৪টা। ৩৮,৭২৪টার ভিতর RKSY-II কটা স্যার ? ২২,২৯২টা। যাদের চাল ২টাকা না, ১৩ টাকা। যে কোন বিধায়ক নিজেরা সংগ্রহ করতে না পারলে তাঁদের বিধানসভা এলাকায় রেশন কার্ডের তথ্য আমার কাছ থেকে নিয়ে যাবেন। ...(হইচই)... দায়িত্ব নিয়ে বলছি রেশন দোকান ধরে ধরে তথ্য দিয়ে দেব আপনাদের। মিথ্যাচারের একটা সীমা থাকা উচিত স্যার। গোটা রাজ্যে যেখানে খাদ্যমন্ত্রীর বিধানসভা এলাকা হাবড়া ব্লক ১, হাবড়া মিউনিসিপ্যালিটি, গোবরডাঙ্গা মিউনিসিপ্যালিটি ওয়ার্ড পিছু, রেশন দোকান পিছু তথ্য দিয়ে দেব স্যার। এই যেখানে খাদ্যমন্ত্রীর এলাকার চেহারা, সেখানে গোটা রাজ্যের চেহারা কি স্যার, ২ লক্ষ ৭৩ হাজার রেশন কার্ড যেখানে ছিল, সেখানে ৭০ হাজার মানে কত স্যার?

২৫%-এর কাছাকাছি। গোটা রাজ্যজুড়ে মানুষ রেশন কার্ডের জন্য হাহাকার করছে। ঘুরছে রেশন কার্ডের জন্য। আর সরকার এখানে বিবৃতি দিচ্ছে। বলে যাচ্ছে ৮ কোটি মানুষকে ২ টাকা কেজি দরে চাল দিচ্ছি। কত দিন ধরে এই অসত্য চলতে পারে ?

মিঃ স্পীকার : *** শব্দটা বাদ যাবে, ওখানে অসত্য হবে।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার, আমি মিথ্যা শব্দটা withdraw করছি, অসত্য ভাষণ চলছে স্যার। আজকে স্যার, সকালবেলার অধিবেশনের শেষে আপনার একটা রুলিং শুনছিলাম বাইরের মাইকে। আপনি স্যার সরকারী সম্পত্তি ধ্বংসের জন্য একটা জরিমানার অঙ্ক বলেছেন।

মিঃ স্পীকার : জরিমানার অঙ্ক করি নি, আপনি ভুল শুনেছেন। আমি রিপোর্টটা পেশ করেছি।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : কত ক্ষয়ক্ষতি হয়েছে সেটা বলেছেন। ঠিক আছে স্যার, আমি withdraw করছি, আমি বাইরে থেকে শুনেছি, আমি ভুল শুনতে পারি। আমার কথা হচ্ছে।

..(হইচই)...

মিঃ স্পীকার : প্লিজ ওঁনাকে বলতে দিন, ওঁনার সময় শেষ হয়ে আসছে। বলুন, বলুন।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : আমার কথা হচ্ছে স্যার, ঘটনা ঘটেছিল বিরোধী দলনেতা আব্দুল মান্নানকে নিয়ে আপনি জানেন, আমি নিশ্চিতভাবে বলবো দুঃখজনক ঘটনা, দুর্ভাগ্যজনক ঘটনা। কিন্তু স্যার, যা ঘটলো আর তার পরে ...

মিঃ স্পীকার : এটা তদন্তের বিষয়বস্তু, আমি enquiry করতে দিয়েছি, রিপোর্ট পেলে আমি জানাবো। সাবজেক্টে থাকবেন।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : আমি স্যার, আলোচনা করছি না, আমি শুধু বলছি এই মাইকগুলো এখনও পর্যন্ত এই রকমভাবে ব্ল্যাকটেপ লাগানো আছে তার মানে হচ্ছে স্যার, এই সরকারের চারটে মাইক ঠিক করতে ৭দিনের বেশী সময় লাগে। এই যদি সরকারের অবস্থা হয়, সেই সরকার রাজ্য চালাবে কি করে ? আমি এইটা আপনার কাছে বিনয়ের সঙ্গে জানতে চাইছি।

স্যার, আমার শেষ কথা হচ্ছে, মাননীয় সম্মানীয় বিধায়করা ভাবুন, লোকের কাছে আমরাও যাই আপনারাও যান। বিধানসভার ভিতরে যা বলছেন পাড়ার লোকের কাছে তাই তাই বলতে পারেন তো? যদি পারেন আমি আপনাদের অভিনন্দন জানাবো আর যদি না পারেন নিজেদের সংশোধন করার রাস্তা খুঁজুন। ধন্যবাদ।

শ্রী কল্লোল খাঁ : পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্র ১০ই ফেব্রুয়ারি ২০১৭-১৮, যে বাজেট বিবৃতি এই পবিত্র সদনে দিয়েছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে কয়েকটি কথা রাখতে চাই। নিশ্চিতভাবেই দেখতে পেলাম কয়েক দিন ধরে সিপিএমের পরিষদীয় নেতা সম্মানীয় শ্রী সুজন চক্রবর্তী মহাশয়ের নেতৃত্বে কংগ্রেসের বিরোধী দলনেতা যৌথভাবে বিধানসভার ভিতরে বাংলার মানুষের সুখ-দুঃখের কথা না বলে তারা যে ঘটনা ঘটালো নিশ্চয়ই এটা নিন্দনীয়। এই ভ্যালেনটাইন ডে-তে কংগ্রেসের বন্ধনকে ছিঁড়ে তারা বাজেট অধিবেশনে অংশগ্রহণ করার জন্যে আমরা সমস্ত বিধানসভার সদস্যরা ধন্যবাদ জানাই। আমিও শুনলাম, আমাদের নদীয়া জেলারই প্রতিনিধি সিপিএমের শ্রীমতী রমা বিশ্বাস মহাশয়া ও আমাদের সিপিএমের তন্ময়বাবু যে বক্তব্য রাখলেন,

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল

এতে বাজেট বক্তৃতার থেকে আমার মনে হয়না যে তাঁরা আসল তথ্যটা সঠিকভাবে পবিত্র বিধানসভায় বলতে পারলেন। ৩৪ বছর বামফ্রন্ট সরকারের জমানায় আমিও নদীয়া জেলা থেকে ১০ বছর সেই সময় মানুষের আশীর্বাদ ও শুভেচ্ছায় নির্বাচিত হয়েছিলাম। সেই সময় বামফ্রন্ট সরকারের স্বভূমিকা কি দেখেছিলাম? বাজেট অধিবেশনেও আমরা দেখেছি, রাজ্যপালের ভাষণও শুনেছি সবটাই তৈরি করা হত বামফ্রন্ট সরকারের আলিমুদ্দিন স্ট্রীট থেকে। নির্দেশ ছিল শুধু ক্যাডার পালন করা উন্নয়ন নয়। আমরা দেখেছি খুন, রাহাজানি আর সন্ত্রাস। অন্ধকার কারাগারে সারা পশ্চিম বাংলার মানুষকে বন্দী করে রেখে আলিমুদ্দিন স্ট্রীট থেকে সেই অত্যাচারের কাহিনীর কথা বর্তমানের সিপিএম নেতারা কি ভুলে গিয়েছেন? বিগত পঞ্চায়েত নির্বাচন বলুন, লোকসভা নির্বাচন বলুন, বিধানসভা নির্বাচন বলুন, তার ফলস্বরূপ আপনারা প্রমাণ পেয়েছেন যে বাংলার মানুষ আর আপনাদের চায় না। আগামী বছরই পঞ্চায়েত নির্বাচন হবে। সেই নির্বাচনে শূন্য ফল হবে। তাই বাজেট অধিবেশনে আমি বলতে চাই ডঃ অমিত মিত্র বাংলার সার্বিক চিন্তাধারা নিয়ে সমস্ত ধর্মের মানুষের জন্যে যে বাজেট বক্তৃতা ১০ই ফেব্রুয়ারি রেখেছেন তা নিশ্চয়ই অত্যন্ত কল্যাণমূলক। পশ্চিম বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার মানুষের আশীর্বাদ ও শুভেচ্ছায় বাংলা বিশ্ব বাংলায় রূপান্তরিত করবেন তার প্রমাণ আজকে পাহাড় থেকে সাগর, সাগর থেকে জঙ্গলমহল সমস্ত ধরনের মানুষের কাছে উন্নয়নের রথ পৌঁছেচে। নিশ্চিতভাবে বিগত ৫ বছরে আপনারাও তার প্রমাণ পেয়েছেন যে, বাংলার মানুষ কোন সরকারকে সমর্থন করেছে। নিশ্চিতভাবে মা-মাটি-মানুষের সরকার ৩৪ বছরের আর্থিক অনটন, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা নিয়ে আমরা দেখেছিলাম সেদিনকার অনুন্নয়ন। পাশাপাশি এই ঋণের বোঝাকে কাঁধে বহন করে বাংলায় মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকারের মাননীয় মন্ত্রী বাংলার সব ধরনের মানুষের সহযোগিতা নিয়ে উন্নয়নের রূপরেখার মালা গেঁথেছেন। যা পশ্চিম বাংলার মানুষের কাছে আজকে পৌঁছেচে। নিশ্চিতভাবে আজকে পাহাড়ের মানুষ হাসছে। পাহাড়কে কি বানাতে চেয়েছিলেন? একটা আগ্নেয়গিরির স্তূপ করে রেখেছিলেন। মমতা বন্দ্যোপাধ্যায় সেই এলাকার ভাষা, সেই এলাকার কৃষ্টি সংস্কৃতিকে সঙ্গে নিয়ে এলাকার মানুষের কাছে উন্নয়নকে পৌঁছে দিয়েছেন।

[2:50 – 3:00 p.m.]

আজকে একটা গুরুত্বপূর্ণ দিনে নতুন একটা জেলা কালিম্পং ঘোষিত হয়েছে। নিশ্চিতভাবে অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই যে, সেখানকার পরিকাঠামোর জন্যে যে অর্থ বরাদ্দ হবে নিশ্চিতভাবে পাহাড়ের মানুষ আপনাকে দু'হাত ভরে আশীর্বাদ, দুয়া, শুভেচ্ছা জানাবে। হাসিমুখে তারা বরণ করে নিয়েছে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বকে। আজকে জঙ্গলমহলের কি রূপ ? আমরা বিগত দশ বছর আগে এই বিধানসভার সদস্য ছিলাম। যেখানে পিঁপড়ের ডিম খেয়ে সেই এলাকার মানুষ জীবনযাত্রা পালন করত। বেকারত্বের জ্বালায় হাহাকার ছিল। কৃষকরা চাষের জমি চাষ করতে পারতো না। শিক্ষাক্ষেত্র বন্ধ ছিল। সার্বিকভাবে জঙ্গলমহলে একটা অনুন্নয়ন একটা অন্ধকারের রাজত্ব কায়েম হয়েছিল। সেই অন্ধকারের রাজত্ব থেকে মমতা বন্দ্যোপাধ্যায়ের বিগত পাঁচ বছর বারে বারে গিয়ে সেই পিছিয়ে পড়া সমাজের মানুষ যারা তপশীল জাতি তপশীল উপজাতি, অনগ্রসর শ্রেণীর মানুষ তাদের কৃষ্টি সংস্কৃতিকে মাথায় নিয়ে তাদের সুখদুঃখের জ্বালাকে সঙ্গে করে আজকে উন্নয়নের মালা গাঁথা। সেই এলাকার চাষীরা আজকে হাসিমুখে চাষ করতে যাচ্ছে। শিক্ষাক্ষেত্র খুলে আজকে ছাত্রছাত্রীরা পড়াশুনা করছে। তারসঙ্গে শিক্ষার মানোন্নয়ন সবুজসাথী, কন্যাশ্রী - আজকে সার্বিকভাবে যুবশ্রী থেকে শুরু করে সমস্ত করে আজকে কর্মসূচী বাংলার মা-মাটি-মানুষের সরকার জঙ্গলমহলের ছাত্রছাত্রীরা তারা পেয়ে অত্যন্তভাবে খুশি এবং আনন্দিত। দক্ষিণবঙ্গে আমরা যারা বাস করি, আমরা দেখতে পেয়েছি যে, দক্ষিণবঙ্গে জেলাগুলিতেও

আজকে যে অনুন্নয়ন ছিল, সেখানেও আজকে উন্নয়নের ছোঁয়া আমরা প্রতি পদক্ষেপে পেয়েছি। ক্ষুদ্র কুটির শিল্প হোক, সে তাঁত শিল্প হোক, আজকে নদীয়া জেলাতে আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাবো হরিণঘাটায় ৩০০ বিঘে জমির উপরে যে IT হাব তৈরি হচ্ছে, নিশ্চিতভাবে একটা টেকনোলোজির ক্ষেত্রে একটা নতুন দিগন্ত খুলে দেবে বাংলার তথা ভারতবর্ষের মানুষের কাছে। আমি বলতে চাই যে, এই বাজেট পশ্চিমবাংলায় যদি সঠিকভাবে আমরা দেখি বা পড়াশুনা করি তাতে দেখতে পেয়েছি যে, প্রায় ৪৮,৯২৮ কোটি ৭০ লক্ষ টাকা আয় করে বর্তমানে আমাদের ডঃ অমিত মিত্র প্রমাণ করে দিয়েছেন বাংলার মানুষের কাছে যেখানে আজকে এই পরিমাণ প্রায় দ্বিগুণ। প্রায় ২৭,৭০০ কোটি টাকা মতো। আমরা দেখতে পেয়েছি বিগত দিনে যেখানে বামফ্রন্ট সরকারের আমলে এই আয় ছিল ২১,০০০ কোটি টাকা এবং ঋণের বোঝাও আজকে দাঁড়িয়েছে ৪০,০০০ কোটি টাকা। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা মাটি-মানুষের সরকারকে এই ঋণের বোঝা গুণতে হচ্ছে বলে এর চারগুণ উন্নয়ন বাংলার মানুষের কাছে পৌঁছে যেত সার্বিক ক্ষেত্রে। এই ঋণের বোঝার জন্যে আজকে বিগত সরকারই দায়ী। বাংলার মানুষের কাছে অনুন্নয়ন পৌঁছে দিয়ে আজকে সেই অর্থগুলো আমরা দেখেছি যে, ক্যাডার পোষা ছাড়া আর কোনো ক্ষেত্রে উন্নয়ন হয়নি। সেটা অনুভব করেছেন বলেই বাংলার জনগণমন নেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবাংলায় পাঁচ বছরে যে উন্নয়ন করেছেন প্রত্যেকটা জেলায় - আমরা শিক্ষার ক্ষেত্রে যে নৈরাজ্য হয়েছিল এটা প্রমাণিত। যে ৪৬টা সরকারি কলেজ, বেসরকারির কথা ছেড়ে দিলাম ১৭টা ইউনিভার্সিটি তৈরি করে বাংলার ছাত্রছাত্রী সমাজের কাছে প্রমাণ করেছে যে শিক্ষার ক্ষেত্রে তার উন্নয়নের মান আজকে কোন জায়গায় পৌঁছেছে। আজকে কৃষিক্ষেত্রে আমরা দেখেছি যে, পশ্চিমবাংলায় বিভিন্ন - আমার বিধানসভা কেন্দ্রেই আজকে চাষের ক্ষেত্রে যে উন্নয়ন হয়েছে। সঠিক সময়ে সার ও বীজ পৌঁছে দিয়ে এবং প্রত্যেকটা ব্লকে যেখানে চাষীরা চাষ করে এবং পুরো বাংলায় ৯০ ভাগই কৃষিজীবি মানুষের বাস। আজকে প্রমাণ হয়েছে যে, কৃষকদের যথাসময়ে আজকে সমস্ত বন্টন ব্যবস্থায় পৌঁছে দিয়ে পশ্চিমবাংলার কৃষকরা যেভাবে উপকৃত হয়েছে আমরা কৃতজ্ঞ পশ্চিমবাংলার অর্থমন্ত্রী এবং মা-মাটি-মানুষের সরকারের কাছে। আজকে ক্ষুদ্র কুটির শিল্পের ক্ষেত্রেও একটা নতুন দিগন্ত আমি বৃহৎ শিল্পের কথায় যাচ্ছি না। আমরা যারা গ্রাম বাংলায় বাস করি, ক্ষুদ্র কুটির শিল্পের ক্ষেত্র একটা উজ্জ্বল দৃষ্টান্ত।

বাংলার সমস্ত শ্রমজীবি মানুষের কাছে পৌঁছেচে এবং এটাও একটা ইতিহাস যে ৫০হাজার বিভিন্ন রাজ্য থেকে যারা দক্ষতার সঙ্গে কারিগর ছিল, সেই কারিগরদের ক্ষেত্রে আজকে পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী তাদের ৫০হাজার টাকা অর্থ বরাদ্দ করে তাদের নিজের পায়ে দাঁড়াবার যে ক্ষমতা দিয়েছেন, নিশ্চিতভাবে আমরা হাউসের তরফ থেকে বাংলার সেই কারিগরী দক্ষ শ্রমিকদের পক্ষ থেকে তাঁকে ধন্যবাদ অভিনন্দন জানাই। সঠিক সময়ে মমতা বন্দ্যোপাধ্যায় যে নোটবন্দী খেলায় বাংলার সব ধরনের মানুষকে সঙ্গে নিয়ে ভারতবর্ষের সমস্ত মানুষকে সঙ্গে নিয়ে যে আন্দোলন করেছেন, সেই আন্দোলন আগামী দিনে বাস্তবায়িত হবে এবং সফলতালাভ করবে। তাই অত্যন্ত যোগ্য সময়ে নোটবন্দী খেলাকে উপেক্ষা করেও বাংলার অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র বাংলার সব ধরনের মানুষের জন্যে যে বাজেট পেশ করেছেন '১৭-'১৮ সালের, সার্বিকভাবে তাকে সমর্থন জানিয়ে বিরোধীদের কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

ডাঃ নির্মল মাঝি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মা-মাটি-মানুষের নেত্রী বাংলার সাড়ে ৯ কোটি মানুষের, হৃদস্পন্দন, নয়ণের মণি বাংলার গরীব চাষ, কলের শ্রমিক, ক্ষেত মজুরের মসীহা সংখ্যালঘু সম্প্রদায়ের এবং তপশিলী জাতি উপজাতির একমাত্র উন্নয়নের কারিগর। স্বাধীনোত্তর

পশ্চিমবাংলায় তাঁর নেতৃত্বে আমাদের মাননীয় অর্থমন্ত্রী প্রাজ্ঞ অভিজ্ঞ বিজ্ঞ, বিশিষ্ট অর্থনীতিবিদ শ্রী অমিত মিত্র মহাশয় ২০১৭-১৮ অর্থবর্ষের জন্য পরিকল্পনা খাতে ৬৪হাজার ৭৩৩ কোটি টাকা বরাদ্দের যে প্রস্তাব, সেই প্রস্তাব বাংলার স্বাধীনোত্তর বাংলায় একটি নবজাগরণ, একটি ঐতিহাসিক সিদ্ধান্ত, তাই এই বাজেটকে আমি সুস্বাগতম জানাচ্ছি। সকলের জন্য কাজ, ১৩লক্ষ ২৭হাজার কর্মসংস্থানের ব্যবস্থা এবং ভারতবর্ষে ৫০০ এবং হাজার টাকার নোট বাতিলের ধাক্কায় যে আর্থিক ক্ষতির পরিমাণ ৫.২৫লক্ষ কোটি টাকা এবং ১২০জন বাংলার খেটে খাওয়া মানুষের মেহনতী মানুষের মৃত্যুর পর মৃতদেহের উপর দিয়ে এই ডিমানিটাইজেশানের যে ধাক্কা, আর অন্যদিকে ২লক্ষ ৩হাজার কোটি টাকার যে ঋণের বোঝা তারপরেও এই ১৩ লক্ষ ২৭ হাজার কর্মসংস্থানের ব্যবস্থা এক কথায় আমাদের এখন অবধি একটি ইতিহাস। ইতিহাস,সমাজ,সময় দেশকাল এটিকে মনে রাখবে। আমার পূর্বতন বক্তা - পূর্ববর্তন বক্তা শ্রী তন্ময় ভট্টাচার্য্য সি পি আই এম-এর যাত্রা সম্রাট স্বপনকুমারের মত নাটকীয় ভঙ্গিমায় বুদ্ধিজীবি মানুষের মুখোশ পরে অসত্য এবং অর্ধ সত্য কিছু কথা এই সদনে বলেছেন। আমি তাঁর কথার খেই ধরে বলছি যে, যিনি বলছিলেন যে ১১২টি নায্য মূল্যের ওষুধের দোকান পর্যায়ক্রমে আরো ৭টি ওষুধের দোকান চালু হচ্ছে। ২০১৬ ডিসেম্বর পর্যন্ত মোট বিক্রির পরিমাণ ১,৩৩১কোটি টাকা। রোগীরা ৮২৯কোটি টাকা ছাড় পেয়েছেন এবং ২.৯৩কোটি টাকার প্রেসক্রিপশান পাওয়া গিয়েছে। উনি বলেছেন যে যেখানে সারা বাংলার, সারা বাংলার সাধারণ গরীব মানুষ-স্বাস্থ্য কারোর ভিক্ষা নয়, স্বাস্থ্য মানুষের জন্মগত অধিকার, এই অধিকারকে মান্যতা দিয়ে আমাদের মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সারা বাংলায় যে একটি নবজাগরণের সৃষ্টি করেছেন, গ্রামীণ হাসপাতাল থেকে আরম্ভ করে,মহকুমা জেলা হাসপাতাল এবং টার্সিয়ারী মেডিকেল কলেজ হাসপাতালগুলোতে সেখানে তো বিনা পয়সায় ওষুধ সংস্থান হয়েছে।

[3:00 – 3:10 p.m.]

তাহলে কেন এই ফেয়ার প্রাইস মেডিসিন শপের উপযোগিতা ? আমি তার কথার উত্তরে বলি, এখনো প্রয়োজন আছে আমাদের ফেয়ার প্রাইস মেডিসিন শপের। কারণ যাদের নুন আনতে পান্তা ফুরায়, যাদের ওষুধ কেনার ক্ষমতা থাকে না, যারা দিন আনে দিন খায়, হাসপাতালে যারা চিকিৎসা নেন না হাসপাতালের বাইরে, এমনকি বহুজাতিক বাণিজ্যিক সংস্থার নার্সিং হোম এবং হাসপাতালে যাঁরা চিকিৎসা নেন তাঁরা এইসব হাসপাতালে সুলভ মূল্যে, এক তৃতীয়াংশ মূল্যে যেখানে কাট মানি, কমিশান, সিন্ডিকেটের কোনো প্রভাব নেই সরাসরি বহুজাতিক বাণিজ্যিক সংস্থার ওষুধের কোম্পানি আউট লেট থেকে ইন্ডোর, আউটডোর এবং অপারেশন থিয়েটারের সাইড রুমে জীবনদায়ী ওষুধ, থার্ড জেনারেশান এ্যান্টিবায়োটিক এ্যান্টিসেরাম ভেনাম থেকে আরম্ভ করে সমস্ত জরুরি ওষুধগুলো তাদের হাতে পৌঁছে যাচ্ছে। আমাদের স্বাধীনোত্তর পশ্চিমবাংলায় আমরা দেখেছি, বার বার দেখেছি যে কোনো ক্যান্সারে আক্রান্ত রোগী সে কিউট leukemiaই হোক বা apoplexy anemia হোক, cancer tomcat হোক, আমরা দেখেছি একটি রোগী তার জীবন বাঁচানোর জন্য তার রক্ত সম্পর্কিত আত্মীয়রা ক্লাব এবং পার্শ্ববর্তী যে স্বেচ্ছাসেবী সংগঠন, বেসরকারী যে সংগঠন তাদের কাছে হাত পাতে এবং তারা ভিক্ষার পাত্র নিয়ে, কৌটো নেড়ে সমাজের কাছে চাঁদা তুলে যেকোনো রোগীর চিকিৎসা পরিষেবার জন্য বা তার নিরাময়ের জন্য এক একটি পরিবার, পশ্চিমবাংলার এইরকম প্রায় সাত শতাংশ যারা ট্রিটমেন্ট করতে আসে তারা বিলো পভার্টি লেভেল - দারিদ্র্য সীমার নিচে চলে যায়। কিন্তু আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় স্বাধীনোত্তর পশ্চিমবাংলায় একটি ইতিহাস সৃষ্টি করেছেন। যে তিনটি মেডিক্যাল কলেজ তৈরি হয়েছে আমাদের মা-মাটি-মানুষের সরকার

২০১১ সালে ক্ষমতাসীন হওয়ার পরে সেখানে দেখা যাচ্ছে, আমাদের তিনটি মেডিক্যাল কলেজে আগামী দেড় বছরের মধ্যে আরো ৫০টি করে আসন সেইসব জায়গায় বৃদ্ধি হবে এবং অন্যদিকে আমাদের আরো পাঁচটি জেলাতে মেডিক্যাল কলেজ তৈরি হচ্ছে। মেডিক্যাল কলেজ মানে শুধু ডাক্তারি প্রশিক্ষণ নয়, তার সঙ্গে সঙ্গে স্বাস্থ্য পরিষেবাতেও সেইসব জেলাগুলি উপকৃত হবে। সবার জন্য বিনা পয়সায় চিকিৎসা, সবার জন্য বিনা পয়সায় শয্যা ভাড়া, ঔষধপত্র ও অপারেশানের যে ব্যবস্থা বিনামূল্যে করা হয়েছে তাতে ২০১৫-১৬তে বাজেট বরাদ্দ ছিল ৪০৩ কোটি টাকা। ২০১৬-১৭তে তা বাড়িয়ে ৭৫৭.৩৯ কোটি টাকা করা হয়েছে। স্বাস্থ্য দপ্তরের প্রচেষ্টায় ১৩টি মাদার এ্যান্ড চাইল্ড হাব তৈরি হয়েছে এবং একই ছাতার তলায় মা ও শিশুদের সমস্ত রকমের অপারেশান ও সমস্ত রকমের জরুরি পরিষেবা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ, মেদিনীপুর, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, ক্যালকাটা মেডিক্যাল কলেজ, উলুবেড়িয়া সাব ডিভিশনার হাসপাতাল, মুর্শিদাবাদ এবং নদীয়ায় আমাদের মাদার এ্যান্ড চাইল্ড হাব এখন চালু হয়েছে। আমাদের নবজাতকদের জন্য ৩০৩টি সিক নিউ বর্ণ স্টেবিলাইজেশান ইউনিট, এস এন সি ইউ তৈরি হয়েছে। ৪৭২টি ডেলিভারি পয়েন্টে নিউ বর্ণ কেয়ার কর্ণার তৈরি হয়েছে। সুন্দরবনের দুর্গম অঞ্চলে ৩টি অপেক্ষাগৃহ তৈরি হয়েছে। রাজ্যে শিশু মৃত্যুর হার এবং প্রসূতি মৃত্যুর হার অনেক কমেছে। হাজার পিছু ৩২ থেকে হ্রাস পেয়ে ২৬ হয়েছে শিশু মৃত্যুর হার, স্বাস্থ্য কেন্দ্র এবং হাসপাতালগুলিতে প্রাতিষ্ঠানিক যে প্রসবের ঘটনা, ইনস্টিটিউশনাল ডেলিভারি ৬৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ৯০ শতাংশ হয়েছে। আগামী অর্থ বছরে আমাদের মোট পাঁচটি মেডিক্যাল কলেজে ৫০০টি এম বি বি এস আসন এবং আমাদের মালদা, মুর্শিদাবাদ, কামারহাটি এই তিনটি মেডিকেল কলেজের জন্য আরো ১০০ আসন, মোট আরো ৬০০ এম বি বি এস আসন বৃদ্ধি হবে যা ১৩৫০ থেকে বেড়ে ৩৩৫০এ পরিণত হবে। ৪২টি ক্রিটিক্যাল কেয়ার ইউনিট, ৩০টি হাই ডিপেনডেন্সি ইউনিট আমাদের চালু আছে। রাজ্য জুড়ে ৪৬টি ফেয়ার প্রাইস ডায়াগনস্টিক সেন্টার এবং ডায়ালিসিস পরিষেবা চালু আছে। আমাদের এনজিওপ্লাস্টির জন্য স্টেন্ট বেলুন, অর্থপেডিক ইমপ্ল্যান্ট এবং অন্যান্য সমস্ত জিনিস বিনা পয়সায় দারিদ্র্যসীমার নীচের মানুষদের দেওয়া হচ্ছে। ৮৫টি এই ধরনের ইউনিট পাবলিক-প্রাইভেট-পার্টনারশিপ মডেলে বাজারমূল্যের তুলনায় ন্যূনতম মূল্যে দেওয়ার ব্যবস্থা চালু আছে। যার মধ্যে ৩৩টি ডায়ালিসিস, ১২টি সি টি স্ক্যান, ৪টি এম আর আই এবং ৩৬টি ডিজিটাল এক্স-রে আমাদের চালু আছে। 'স্বাস্থ্য কারো ভিক্ষা নয়, স্বাস্থ্য মানুষের জন্মগত অধিকার' এই দাবিতে আমরা সাধারণ মানুষকে নিয়ে যখন জুনিয়ার ডাক্তার ছিলাম, তখন কলকাতার রাজপথে এবং অন্যান্য জেলায় আমরা এই দাবিতে মিছিল করেছিলাম। কিন্তু সরকারি ঔদাসীন্য আমাদের এই কথায় ভ্রূক্ষেপ করেনি। কিন্তু আমাদের মা-মাটি-মানুষের সরকার তাকে মান্যতা দিয়েছে। বিগত বছরগুলিতে স্বাস্থ্য ক্ষেত্রে নজিরবিহীন যে দুর্নীতি হয়েছে, স্বজন পোষণ - গণতন্ত্র কায়েম হয়েছে, অন্যদিকে প্রায় ৫৬ হাজার দেশপ্রেমিক জাতীয়তাবাদী মানুষকে নির্মমভাবে খুন করা হয়েছে এবং হাজার হাজার কোটি টাকা বিগত কুড়ি বছরে স্বাস্থ্য ক্ষেত্রে দুর্নীতি হয়েছে। আমাদের পূর্বতন স্বাস্থ্যমন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্রের স্ত্রী শ্রীমতী উষা মিশ্র তিনি সভাপতি হিসাবে ভগবতী দেবী সোসাইটি নাম দিয়ে বিভিন্নভাবে এইডস সোসাইটির টাকা বরাদ্দ করেছিলেন। সেই ব্যাপারে এখনও তদন্ত চলছে। তদন্তে রিপোর্ট বেরোলে আশা করি

..(এইসময় মাইক বন্ধ হয়ে যায়।)...

श्री मनोज तिग्गा :- माननीय उपाध्यक्ष महोदय, गत 10 तारिख को माननीय अर्थ मंत्री डा. अमित मित्रा महाशय ने 10 फरवरी 17 शुक्रबार को 2017

- 18 के लिए पश्चिम बंगाल के लिए बजट पेश किये हैं। तो हम अपनी ओर से इस बजट को असत्य,दिशाहीन और वास्तबिकता से कोसो दूर मानते है। माननीय उपाध्यक्ष महोदय, जब अर्थ मंत्री महाशय बजट पेश कर रहे थे तो उस समय बजट पर कम और नोटबन्दी पर ज्यादा बोल रहे थे। हमें तो एसा लग रहा था कि माननीय अर्थ मंत्री यहाँ पर बजट नही बल्कि नोटबन्दी के तहत प्रस्ताव रख रहे है। हम आपके माध्यम से सदन को बताना चाहते है कि नोटबन्दी के कारण कितना नुकसान हुआ यह लेखा-जोखा माननीय अर्थमंत्री इस सदन में रखने में असमर्थ है और नाकाम भी रहे है।

Demanetizetion के फलस्वरुप हमारा जहाँ तक मानना है कि 2014 से पहले लोग मानते थे कि घोटाले के फलस्वरुप कितना गया लेकिन अब नोटबन्दी के चलते यह बहस का विषय बना हुआ है कि कितना आया। और यहाँ पर हमलोगों ने देखा है कि माननीय उपाध्यक्ष महोदय कि नोटबन्दी को ले करके हमारे माननीय मुख्यमंत्री राज्य के बाहर भी आन्दोलन किये और विभिन्न क्षेत्र मे आन्दोलन हुए और विशेष करके सदन में भी बहस हुआ। माननीया मुख्य मंत्री महोदया ने कहा कि चाय वगान बुरी तरह से प्रभावित है, तो माननीय उपाध्यक्ष महाशय मै आपके माध्यम से अर्थ मंत्री से पूछना चाहता हूँ कि नोटबन्दी के कारण कितने चाय वगान बन्द हुये है। महाशय मै आपको अवगति के लिए, आपकी जानकारी के लिए बोलना चाहता हूँ कि जो चाय वगान बन्द पड़े है मै आपको बताना चाहता हूँ कि जैसे रेडवैन्क चायवगान, डिमापुर चाय वगान, सुरेन्द्र नगर,ढेकलापाडा चाय वगान दशको से बन्द पड़े है और आपको अवगति के लिए बताना चाहता हूँ माननीय उपाध्यक्ष महाशय कि जो इंकन के 14 चाय वगान उसके साथ साथ जयमिश्रा चाय वगान मालापाडी बन्द है मधु चाय वगान बन्द है तो इसको खोलने के लिए और एसे बहुत एसे चाय वगान खुले भी है उनका हालत खराब है तो माननीय अर्थ मंत्री से मै पूछना चाहता हूँ कि जो चाय वगान बन्द पड़े हुए है और जो चाय वगान खुले है जिसका हाल काफी बुरा है,उसको असली जगह मिले। उसको अच्छा अवस्था में लाने के लिये मिले आपने इस बजट में कितना रुपया दिया है। चाहे सरकार Left की रहे या Right की Government रहे सब समय उतर बंगाल को अनदेखी की गई है। इसलिये माननीय अर्थ मंत्री महोदय से मेरा आग्रह है कि उतर बंगाल में जितना बजट दिया जाता है उसे अधिक से अधिक बढाया जाय, जिससे चाय वगान की मूल ख्राब अबस्था में है उसको ठीक अवस्था में लाया जाय। माननीय उपाध्यक्ष महोदय के माध्यम से मै माननीय अर्थ मंत्री से पूछना चाहता हूँ कि चाय वगान में जो शेष इच्छुक 31 मार्च 2018 तक दी गई है उसका लाभ मालिकों को मिलता है,श्रमिकों को क्या मिलता है। मालिक को शेश के माध्यम से जितना लाभ होता है वह मालिक चाय वगान में कितना खर्च करते है इसका Accountability इसका हिसाब कौन लेगा, कौन देखेगा हमने विगत बजट में देखा कि चाय वगान का जो 100 करोड़ रुपया की निधारित की गई। RTI के माध्यम से पता चला कि 50 करोड़ रुपया खर्च हुआ तो इस 50 करोड़ रुपया का क्या हुआ, कहाँ खर्च हुआ कैसे खर्च हुआ इसका कोई अता पता नहीं है। साथ ही अभी Tea Directorate का जो निर्माण किया गया है, Tea

[3:10 – 3:20 p.m.]

Directorate की जो स्थापना की गई है इसका दशा और दिशा क्या होगा? ये भी हमे मालुम नहीं है कि चाय वगान के श्रमिकों के उत्थान के लिए जो Tea Directorate बनाया गया है, इसका दिशा और दशा क्या होगा और साथ ही माननीय उपाध्यक्ष महोदय के माध्यम से मैं माननीय अर्थ मंत्री को पूछना कि माननीय अर्थ Ha a Special Recruitment Drive to remove shortfall in the percentage of SC/ST employees in Govt. Jobs was taken up. In the first phase 4142 SC and 943 ST को requirement किया गया है यह requirement कहाँ हुआ कैसे हुआ किस ग्रुप में हुआ, यह किसी को पता नही है। हमलोग जानते हैं कि उतरे बंगाल में सबसे ज्यादा चायवगान में सबसे ज्यादा SC/ST रहते है,लेकिन हमलोग वहाँ पर मेरे ही विधानसभा क्षेत्र में देखे तो 218 बुथ है हमने कभी भी वहाँ नहीं देखा कि एक SC या ST को नौकरी मिला हो तो यह अत्यन्त ही दुख का बात है। इस तरह की जो बातें की जाती है वह सत्य से परे है और आशा के बारे में 500 बढाया गया है

माननीय उपाध्यक्ष : अब खतम किजिये।

श्री मनोज तिग्गा : अर्थ मंत्री इतना उत्साह से कह रहे थे कि लग रहा है कि 500 रुपया नहीं बल्कि 5000 रुपया बढाया जा रहा है, यह उट के मुंह में जीरा देने के बराबर है। माननीय उपाध्यक्ष महोदय, आपने हमें समय दिया

आपको धन्यवाद देते हुए मै अपनी बात यही समाप्त करता हूँ। धन्यवाद।।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই পবিত্র সদনে পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় ডঃ অমিত মিত্রের আনীত ২০১৭-১৮ অর্থবর্ষের বাজেটে আমাকে বলার সুযোগ করে দেওয়ার জন্য আমি কৃতজ্ঞ। এই জনদরদি বাজেটকে আমি সম্পূর্ণ সমর্থন জানিয়ে দুই-একটি কথা বলছি। স্যার, কেন্দ্রীয় সরকারের নোট বাতিলের ধাক্কায় সর্বস্তরের মানুষের মধ্যে তার প্রভাব পড়েছে। এর ফলে অসংগঠিত ক্ষুদ্র ব্যবসা এবং সংগঠিত ছোট ব্যবসায় প্রচুর ক্ষতি হয়েছে। প্রভাব পড়েছে পাট শিল্প,বস্ত্র শিল্প, হস্ত শিল্প সহ সমস্ত ছোট ব্যবসার উপরে। অসহায় হয়েছে অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকরা, বিপন্ন হয়েছে স্ব-নির্ভর গোষ্ঠির সঙ্গে যুক্ত মানুষেরা। কেন্দ্রীয় সরকারের এই জনবিরোধী এবং হঠকারী সিদ্ধান্তে তাৎক্ষণিক প্রতিবাদ জানান আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী — সারা ভারতবর্ষের মধ্যে সবার আগে, তার জন্য তাঁকে সেলাম জানাই। স্যার, নোট বাতিলের সিদ্ধান্তের জন্য হাজার হাজার দক্ষ কারিগররা যাঁরা দেশের বিভিন্ন রাজ্যে কাজ করতেন, তাঁরা কাজ হারিয়ে বাংলায় ফিরে এসেছেন। রোজগার বন্ধ হয়ে যাওয়ায় ওই পরিবারগুলো তীব্র আর্থিক সমস্যায় পড়েছেন। তাঁদের অসহায় অবস্থার কথা চিন্তা করে মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় ৫০ হাজার দক্ষ কারিগরের প্রত্যেককে এককালীন ৫০ হাজার টাকা করে অর্থ সাহায্য করার প্রস্তাব মাননীয় অর্থমন্ত্রী এবারের বাজেটে রেখেছেন।

তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীকে আদাব জানাই। মাননীয় স্পীকার স্যার, আমাদের দেশের শতকরা ৭০ ভাগ মানুষ চাষের কাজের সঙ্গে যুক্ত। তারা যদি ফসল না ফলায়, পশ্চিমবঙ্গ সহ গোটা দেশের মানুষের কী অবস্থা হবে তা সহজেই অনুমান করা যায়। নোট বাতিলের সিদ্ধান্তে সব থেকে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে চাষী ও চাষের সাথে যুক্ত মানুষ। বিরাট সংখ্যার চাষী ভাইরা সময়মতো বীজ, কীটনাশক ইত্যাদি জমিতে দিতে পারেনি। তার ফলে তারা

ক্ষতিগ্রস্ত হয়েছে। চাষীরা সমবায় ঋণের উপরে বিশেষ ভাবে নির্ভরশীল। নোটবন্দীর প্রভাবে এই ঋণ ব্যবস্থা পরিকাঠামো একবারে ভেঙে পড়েছে। আমি বর্ধমানের চাষী পরিবারের মেয়ে। আমি বর্ধমানের গ্রামীণ এলাকায় মেমারী হতে বিধায়িকা হয়েছি। বর্ধমানকে পশ্চিমবঙ্গের ধানের গোলা বলা হয়। সাধারণভাবে বর্ধমান জেলায় কৃষিজাত দ্রব্য সব চেয়ে বেশি উৎপন্ন হয়। নোটবন্দীর ফলে চাষীদের উপর আঘাত নেমে এসেছে। চাষীদের সমস্যার কথা মাননীয়া মুখ্যমন্ত্রী হৃদয় দিয়ে বোঝেন বলেই তাঁরই অনুপ্রেরণায় মাননীয় অর্থমন্ত্রী চাষীদের সমস্যা কমাতে এবারের বাজেটে একশো কোটি টাকার বিশেষ তহবিল গঠনের প্রস্তাব দিয়েছেন। যা গোটা দেশের কাছে নজির সৃষ্টি করেছে, যা সত্যিই কৃষকদরদি বাজেট। কিন্তু দুঃখের বিষয় বিগত ২৪ বছরে বামফ্রন্ট সরকার কৃষকদের এই ধরনের দুঃখ দুর্দশা দূর করার জন্য কোনরকম সাহায্যের হাত বাড়ায়নি। তার নজির পাওয়া যায় না। বরং ওই সময় চাষীদের উৎপাদিত ফসলের সঠিক মূল্য না পাওয়ার জন্য চাষীরা আত্মহত্যা করেছে। কিন্তু মা-মাটি-মানুষের সরকার বিভিন্ন রকম সরকারি মদতে চাষীদের ফসলের ন্যায্য মূল্য দেওয়ার চেষ্টা করেছে। মা-মাটি মানুষের সরকার চাষীদের প্রতি কত দরদি, তার প্রমাণ মেলে সিঙ্গুরের ঐতিহাসিক ঘটনার মধ্যে দিয়ে। মাননীয়া মুখ্যমন্ত্রীকে প্রণাম জানাই। মাননীয় অর্থমন্ত্রী এবারের বাজেটে অঙ্গনওয়াড়ি কর্মী, আশা কর্মী ও সহায়িকাদের মাসিক ভাতা বাড়ানো সহ তাদের 'স্বাস্থ্য সাথী' প্রকল্পের আওতায় আনার প্রস্তাব দিয়েছেন। এর ফলে প্রায় আড়াই লক্ষ কর্মী উপকৃত হয়েছেন। গত ৩৪ বছরে বামফ্রন্ট সরকারের অঙ্গনওয়াড়ি কর্মী হোক, আশা কর্মী হোক, তাদের বেতন বাড়ায়নি, তাদের শোষণ করেছে, আর পাপীদের কাজে লাগিয়েছে। মা-মাটি-মানুষের সরকার ওদের কথা চিন্তা করেছে বলে মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই। গত ৩৪ বছরে বামফ্রন্ট সরকার কোনও কর্মসংস্থানের ব্যবস্থা করেনি। এই সময় হতে বিভিন্ন দপ্তরে কর্মচারীদের অভাবে কাজের গতি কমে গিয়েছে। মুখে বামফ্রন্ট সরকার বেকার ছেলেমেয়েদের দরদ দেখিয়েছে, কিন্তু কর্মসংস্থানের কোনও ব্যবস্থা করেন নি। কেবল নিয়ম করে বছরে ব্রিগেড আর বন উৎসব পালন করেছে। বেকার ভাতার নাম করে ক্যাডার পোষার ব্যবস্থা করেছে। রাজ্যের কর্মসংস্কৃতিকে একদম নষ্ট করে দিয়েছে। কিন্তু এই সরকার সঠিক পদক্ষেপ নেওয়ার মাধ্যমে কর্মচারী বৃদ্ধি করেছেন। সরকারি দপ্তরগুলো সচল রেখেছেন। এবারের বাজেটে মাননীয় অর্থমন্ত্রী প্রচুর নতুন কর্মসংস্থানের প্রস্তাব রেখেছেন। এর জন্য অর্থমন্ত্রীকে নমস্কার জানাই। এই কথা ভুললে চলবে না মাথার উপর বাম জামানার আকাশছোঁয়া ঋণের বোঝা তার সঙ্গে যুক্ত হয়েছে। ইদানীং নোট বাতিলের ধাক্কা, এরই মাঝে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী এবারের বাজেটে মানবিক ও কল্যাণকর উন্নয়নগুলি অবশ্যই রেখে আরও উন্নয়নের প্রস্তাব রেখেছেন। এই বাজেটকে আমি পূর্ণ সমর্থন করি। নমস্কার, আদাব।

"লাখ বুরা চাহে তো কেয়া হোতা হ্যায়,

ওহি হোতা হ্যায় যো মঞ্জুরে খোদা হোতা হ্যায়।"

[3:20 – 3:30 p.m.]

শ্রী শ্যামল মন্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১০ই ফেব্রুয়ারি, ২০১৭, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র ২০১৭-১৮ সালের যে বাজেট পেশ করেছেন এই পবিত্র হাউসে সেই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য পেশ করছি। ২০১৭-১৮ সালের বাজেটে পরিকল্পনা খাতে ৬৪ হাজার ৭৩৩ কোটি টাকার যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব এনেছেন, তাকে সমর্থন জানাই। উল্লেখযোগ্য বিষয় হ'ল, যে ২০১৬-১৭ সালের বাজেটে পরিকল্পনা খাতে ছিল ৫৭ হাজার ৯০৫ কোটি টাকা। ২০১৭-১৮-তে ৬৪ হাজার ৭৩৩ কোটি

টাকা। তাহলে বাজেট বরাদ্দের বৃদ্ধি ৬৮২৮ কোটি। বিরোধী বন্ধুদের বলতে চাই, এর থেকে কি বোঝা যায়, যে পশ্চিমবাংলার কি উন্নয়ন হচ্ছে না? যাঁরা বিরোধী বন্ধুরা বক্তব্য রাখছিলেন তাঁদের উদ্দেশ্যে বলতে চাই, যে এই বাজেট পশ্চিমবাংলার মানুষের একটা উন্নয়নের দিশা দেখাতে সাহায্য করেছে। একটা ঘাটতি শূন্য বাজেট, এ ঐতিহাসিক বাজেট। কোনও রকম ট্যাক্স-এর বোঝা চাপানোর প্রবণতা নেই এই সরকারের। নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে। তাহলে বামফ্রন্ট সরকার চলে যাওয়ার সময় যে দু'লক্ষ তিন হাজার কোটি টাকার দেনাটা মাথায় চাপিয়ে দিল এই নতুন গভর্নমেন্টের ওপরে তার সুদসহ, আসলসহ শোধ করতে হচ্ছে প্রতি বছর। তবুও আমাদের অর্থমন্ত্রী মাননীয় অমিত মিত্র ও আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক প্রচেষ্টায় ট্যাক্সের সংস্কার করা হয়েছে। অনলাইন ব্যবস্থায় ইট্যাক্সেশান্ চালু হয়েছে। এটা তো বামফ্রন্ট করেনি। তাই তাঁরা রাজস্ব আদায় ভালোভাবে করতে পারেনি। তার জন্যে তারা এই পশ্চিমবঙ্গকে পিছিয়ে দিয়েছে। এখন রাজস্ব আদায় বাড়ছে। একটা সরকারের যদি রাজস্ব আদায় না বাড়ে তাহলে সেই রাজ্যের মানুষের সামগ্রিক উন্নয়ন সর্বদিকে ব্যাঘাত ঘটবে। ২০১১-১২ সাল থেকে উত্তরোত্তর ট্যাক্স আদায়, রাজস্ব আদায় বাড়ছে। ২০১৪-১৫ সালে এই মা-মাটি-মানুষের সরকার ৩৯ হাজার ৪১১ কোটি টাকা ট্যাক্স- রাজস্ব আদায় করেছে। ২০১৫-১৬ সালে ৪২ হাজার ৪৯৬ কোটি টাকা, ২০১৬-১৭ সালে ৪৮ হাজার ৯২৬ কোটি টাকা। তার ফলে পরিকাঠামোগত উন্নয়ন এবং বিভিন্ন উন্নয়নের ক্ষেত্রে যে টাকা খরচ হচ্ছে, আজকে সেটা রেকর্ড সৃষ্টি করেছে পশ্চিমবাংলার মাটিতে। যদি আয় হয় তাহলে সঠিকভাবে ব্যয় করা এবং রাজ্যের মানুষের উন্নয়নের স্বার্থে সেটাকে প্রতিফলিত করা যায়। বিরোধী বন্ধুরা আপনাদের বলতে চাই, তাহলে চৌত্রিশ বছর ধরে বাংলা কেন পিছিয়ে ছিল? কেন পিছিয়ে ছিল, বলুন। ক্ষুদ্র ব্যবসায়ীরা তারা যাতে ব্যবসা করতে পারে তার জন্য ভ্যাটের ক্ষেত্রে কুড়ি লক্ষ টাকা পর্যন্ত তাদেরকে আওতায় আনা হয়েছে যাতে তারা ভালোভাবে ব্যবসাটা করতে পারে। আমি পরিষ্কার বলতে চাই, আমাদের মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় ভারতবর্ষের সংবিধানকে মাথায় রেখে প্রতিটা লাইন অক্ষরে অক্ষরে পালন করে থাকেন। তার প্রত্যেকটা উদাহারণ আছে। আপনারা বলুন তো, বামফ্রন্ট আমলে যে বি.সি.ডব্লু. ডিপার্টমেন্ট তাদের কি সেই এলাকার উন্নতি হয়েছিল? অনুন্নত সম্প্রদায়ের মানুষদের উন্নতি হয়েছিল? কত টাকার বাজেট আপনারা করেছিলেন? আজকে ব্যাকওয়ার্ড ক্লাস ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট এবং ট্রাইবাল ডিপার্টমেন্টের বাজেটে এ বছরে ৭৪১.৩১ কোটি টাকা এবং বি.সি.ডব্লু. ডিপার্টমেন্টে ৬২৫.৭৫ কোটি টাকা আছে। ভারতবর্ষের সংবিধানে প্রতিটা আর্টিকেল মেনটেন করে যেখানে আর্টিক্যাল ৪৬ — জেনে নিন, আপনারা তো রাজত্ব চালিয়েছেন সংবিধানকে বুড়ো আঙুল দেখিয়ে, নৈরাজ্য সৃষ্টি করে, বাংলার মাটিকে রক্তাক্ত করেছেন। কিন্তু আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় আর্টিক্যাল ৪৬ অনুযায়ী কাজ করছেন। এসসি, এসটি, ওবিসি শ্রেণিগোষ্ঠীর মানুষদের শিক্ষা এবং অর্থনৈতিক স্বার্থ সংরক্ষণের জন্য, উন্নয়নের জন্য তিনি কাজ করে যাচ্ছেন।

আর্টিকেল ২৪৪, তফশিলিভুক্ত অঞ্চলকে বিশেষভাবে গুরুত্ব দিয়ে প্রসারের ব্যবস্থা করেছেন। সবচেয়ে উল্লেখযোগ্য বিষয়, সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা, কেবল সংখ্যালঘু মুসলমানরা নয়, বার বার অনেকে আওয়াজ তোলার চেষ্টা করেছেন, খ্রীষ্টান আছে, জৈন আছে, বুদ্ধিস্টও আছে, তাদেরও বাজেট বৃদ্ধি করা হয়েছে। ২,৮১৫ কোটি ৬৫ লক্ষ টাকা। মাইনরিটি ডেভেলপমেন্ট ফিন্যান্স কমিশন তৈরি হয়েছে। বিগত চার বছর ধরে পশ্চিমবঙ্গে রেকর্ড পরিমাণ খাদ্যশষ্য উৎপাদন হয়েছে। সবটাই আমাদের গর্ভনমেন্টের সাফল্য। আর, কেন্দ্রীয় সরকার, দিল্লীর সরকার পর পর চার বছর 'কৃষি কর্মণ' পুরস্কার দিয়েছে পশ্চিমবঙ্গ সরকারকে। স্বাস্থ্য

পরিষেবার ক্ষেত্রে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী, ভারপ্রাপ্ত স্বাস্থ্যমন্ত্রী সকলের জন্য বিনা মূল্যে চিকিৎসার ব্যবস্থা করেছেন। ১১২টা ন্যায্য মূলের ওষুধের দোকান চলছে। গ্রামের মানুষ উপকৃত হচ্ছে। আরো ১০-১২টা ন্যায্য মূলের ওষুধের দোকান তৈরির চেষ্টা চলছে। শিক্ষা মানুষের মৌলিক অধিকার। ভারতবর্ষের সংবিধানে লিপিবদ্ধ আছে – "অর্থনৈতিক অধিকার, সামাজিক অধিকার, শিক্ষার অধিকার"। শিক্ষার ক্ষেত্রে আমাদের সরকার উত্তরোত্তর উন্নয়ন বৃদ্ধি করছে। স্কুল এডুকেশন ডিপার্টমেন্টকে ৯,৬৬০ কোটি টাকার বাজেট বরাদ্দ করা হয়েছে। প্রাইমারিতে ৪২,৯৪৯ জন শিক্ষক, মাধ্যমিক স্তরে ২,২৩৩ জন শিক্ষক, হায়ার সেকেন্ডারিতে ৬,২৯৯ জন শিক্ষক নিয়োগের প্রক্রিয়া চলছে। উচ্চ শিক্ষার ক্ষেত্রে ১৫টা বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছে। তার মধ্যে অন্যতম হচ্ছে ডায়মন্ড হারবারে একটা মহিলা বিশ্ববিদ্যালয় হয়েছে। ৪৬টা নতুন কলেজ স্থাপন হয়েছে। বাজেট বরাদ্দ হয়েছে ৫৭৫ কোটি টাকা। সমাজ কল্যাণের ক্ষেত্রে আমরা তরতর করে উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছি। কন্যাশ্রীতে ৩৫ লক্ষ ৬৩ হাজার ৯৪২ জন ছাত্রী আবেদন পেশ করেছে। বামফ্রন্ট কখনও ভাবেনি এসব। নারী শিক্ষার আন্দোলনে, নারীরা যাতে শিক্ষা লাভ করেতে পারে, স্টাইপেন্ড এস.সি./এস.টি., ও.বি.সি. কমিউনিটি ছাড়াও স্পেশ্যাল করে "কন্যাশ্রী প্রকল্প" আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় চালু করেছেন। স্যার, আর একটা পয়েন্ট বলব, অতিক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগে পশ্চিমবাংলা এক নম্বরে আছে। পরিষ্কার করে বলতে চাই, ৩৭ লক্ষেরও বেশী মাঝারি-ক্ষুদ্র শিল্প চলছে পশ্চিমবাংলায়। ১ লক্ষ কোটি টাকা ঋন-দান পেয়েছে এই সরকারের পক্ষ থেকে। স্বয়ংসম্পূর্ণ ভাবে অতিক্ষুদ্র, ক্ষুদ্র-মাঝারি, ছোট উদ্যোগে পশ্চিমবাংলা এক নম্বর স্থানে চলে গেছে। আর, তাই আজকে বেকার সংখ্যা কমছে। আপনারা ভুলে যাচ্ছেন ? আপনারা কী করেছেন বলুন ? কেবল খুন করা, মানুষ খুন করা যাদের পেশা ছিল তারা আবার বাংলার উন্নয়ন করবেন? কী ? মাটি খুঁড়লেই কঙ্কাল, মাটি খুঁড়লেই কঙ্কাল। কোথায় গেল তন্ময় ভট্টাচার্য্য।। মাটি খুঁড়লেই কঙ্কাল। তাপসী মালিককে কারা ধর্ষণ করেছিল? সি.পি.এমের সুহৃদ দত্ত আর দেবু মালিক। ইতিহাস কোনদিন মিথ্যা কথা বলবে না। সিঙ্গুরের চাষীরা, সিঙ্গুরের মানুষ সারা জীবন মনে রাখবে একজন ১৭ বছরের যুবতী মেয়েকে সিঙ্গুরের মাটিতে সারা রাত ধরে ধর্ষণ করেছিল দেবু মালিক ও সুহৃদ দত্ত। আজকে মানুষ কী ভুলে যাবে ? আইনের শাসন ছিল না পশ্চিমবাংলায়। তাই আমি পরিষ্কার করে বলতে চাই স্যার, আমাদের বাংলার মা-মাটি-মানুষের সরকারের নেত্রী এবং আমি মনে করি স্বপ্নের ফেরিওয়ালা, উন্নয়নের প্রতীক, সততার প্রতীক, স্বচ্ছতার প্রতীক শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় আগামী পাঁচ বছরের মধ্যেই এই বাংলাকে আবার বিশ্বের এক নম্বর রাজ্যে পরিণত করবেন। আর, সি.পি.এম.-রা তাই গায়ের জ্বালায়, কংগ্রেস-রা তাই গায়ের জ্বালায়, সহ্য করতে পারছেনা ; হাউস বর্জন করে বাইরে ঘুরছে যাযাবরের মত। তাদের লজ্জা করেনা। তাদের লজ্জা হওয়া উচিত। .... (এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।)

[3:30 – 3:40 p.m.]

শ্রী সওকাত মোল্লা : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি প্রথমেই ধন্যবাদ জানাব রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে, যাঁর অনুপ্রেরণায় আজকে আমাদের প্রিয় অর্থমন্ত্রী গত ১০ তারিখে যে বাজেট পেশ করেছেন, এই বাজেটটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। তিনি অত্যন্ত পরিকল্পনা করে এবং আমাদের রাজ্যের সমস্ত দিক বিবেচনা করে বাংলাকে আগামীদিনে আলোর পথের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যে বাজেট পেশ করেছেন সেই বাজেটটাকে আমি পূর্ণ সমর্থন করছি। আমাদের যাঁরা বিরোধী বন্ধুরা আছেন তাঁরা দিশাহীন অনেক কথা বলছেন, বলছেন-এই বাজেটের কোনও বাস্তবতা নেই। কিন্তু আমি মনে করি

বিশেষ করে যারা দীর্ঘদিন ধরে সরকারে ছিল–আমি দু হাজার এক থেকে দু হাজার দশ পর্যন্ত তৎকালীন অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত তাঁর বাজেটটা দেখছিলাম। এই বাংলাটাকে একেবারের সর্ব দিক থেকে শিক্ষা, স্বাস্থ্য, পরিকাঠামোতে ভেঙে চুরমার করে দেওয়া হয়েছিল। আজকে আমাদের প্রিয় অর্থমন্ত্রী গত ৬ বছর ধরে প্রতিটি বছর যেভাবে এই বাংলাকে এগিয়ে নিয়ে যাবার জন্য, যে পরিকল্পনা করছেন এককথায় সেটা অভিনন্দনযোগ্য বলে আমি মনে করি। স্যার, কাজী নজরুল ইসলামের একটা কথা শুনেছিলেন – বিংশ শতাব্দীর অসম্ভবের সম্ভাবনার যুগে তিনি বলেছিলেন আমি জন্মগ্রহণ করেছি, এই অভিযান সেবাদলের একজন। এটাই হোক আমার সবচাইতে বড় পরিচয়।। স্যার,আমাদের প্রাক্তন রাষ্ট্রপতি এ.পি.জে. আব্দুল কালাম বলতেন, যদি আমরা কোন রিস্ক না নিতে পারি, ঝুঁকি না নিতে পারি তাহলে সেই কাজ কখনও সম্পূর্ণ করা যায় না। আমি মনে করি যে আজকে যদি কাজী নজরুল ইসলাম বেঁচে থাকতেন তিনি হয়তো বলতেন অসম্ভব সম্ভাবনার যুগে আমাদের প্রিয় অর্থমন্ত্রী তিনি আগামীদিনে বাংলাকে পথ দেখাবার দিশারী হিসাবে এই বাজেটটা পেশ করেছেন। তাই একজন জ্ঞানী পরিবারের থেকে উঠে আসা সুন্দরবনের প্রত্যন্ত গ্রাম থেকে, ধুলো, কাদা মাখা মানুষ হিসাবে, একজন জনপ্রতিনিধি হিসাবে – আমি ধন্যবাদ জানাব মাননীয় অর্থমন্ত্রীকে কারণ তিনি যেভাবে গ্রামোন্নয়নের কথা ভেবেছেন, সেটা এককথায় আমাদের কাছে অভিনন্দনযোগ্য। কারণ গান্ধিজি বলতেন, তোমরা গ্রামে চলে যাও কারণ গ্রামে সত্তর শতাংশ মানুষ বাস করে। তারা যদি না বাঁচে শহর বাঁচবে না। গ্রামের গরীব, গ্রামের ক্ষেতমজুর, গ্রামের শ্রমিক তারা যদি ফসল না ফলায় তাহলে আমরা বাঁচবো না। তাই আমি মনে করি আমাদের প্রিয় অর্থমন্ত্রী গ্রামীণ কল্যাণে যেভাবে গুরুত্ব দিয়েছেন সেটা অত্যন্ত আনন্দের। বিশেষ করে গ্রামোন্নয়নের ক্ষেত্রে, পঞ্চায়েতের ক্ষেত্রে, গ্রামীণ রাস্তাঘাট, গ্রামীণ পানীয় জল, গ্রামীণ আবাসন থেকে শুরু করে অত্যন্ত পরিকল্পিতভাবে তিনি এই বাজেট বরাদ্দটা রেখেছেন।

আমি একটু আগে শুনছিলাম আমার বিরোধী দলের তন্ময় ভট্টাচার্য্যের কথা। আসলে উনি টেলিভিশনে বলতে বলতে এতটাই মিথ্যা কথা বলে ফেলেন যে উনি পবিত্র সদনে এসে সেই একই কথা বলছেন। উনি একটা তথ্য দিলেন আমি দেখছিলাম। উনি বলছেন গত কয়েক বছর ধরে নাকি সবুজ সাথী প্রকল্পে আমাদের অর্থমন্ত্রী ২৪ লক্ষ ৮৬ হাজার ৭২০টি সাইকেলের কথা বলেছেন। আর আমরা নাকি সব সময় ৪০ লক্ষ সাইকেলের কথা বলি। কিন্তু স্যার, উনি হয়তো বাজেট বইটি ভাল করে পড়ে নেননি কারণ ওনাকে তো মিথ্যা কথা বলতে হবে সেই কারণে উনি প্রথম পৃষ্ঠায় ২০১৫-১৬ সালের ২৪ লক্ষ ৮৬ হাজার আছে। আর ২০১৬-১৭ সালে স্যার ৭ লক্ষ ৫৪ হাজার ৫৪৯টি আছে। ফলে উনি একটা মিথ্যা কথা এখানে বলে গেলেন। শুধু তাই নয়, উনি আর একটা কথা বললেন, আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে কথা বলেছেন, ভারতবর্ষের সর্বপ্রথম স্বাধীনতার পরে এখানে সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য প্রায় ১ কোটি ৭ লক্ষ ছাত্রছাত্রীকে স্কলারশিপ দেওয়া হয়েছে। আমি তো মনে করি এটা খুব অভিনন্দনযোগ্য। এটা গোটা ভারতবর্ষের মধ্যে কোনও একটা অঙ্গরাজ্যে এই রকম একটা সিদ্ধান্ত নেওয়া এর আগে কোনও রাজ্যের সরকার করেছে বলে আমার অন্তত জানা নেই। আজকে আবাসনে আমরা দেখি যে, একটা সময়ে সংখ্যালঘুদের নিয়ে অনেক কথা বলতেন আমাদের বিরোধীরা। আমার একটা ছোট্ট কথা মনে পড়ে স্যার, ২০১০ সালের, পাটুলীতে একটা হাউজিং হচ্ছিল। গণশক্তি পত্রিকায় অ্যাডভার্টাইজমেন্ট দেওয়া হয়েছিল এই হাউজিংয়ের ৫০% সংখ্যালঘুদের জন্য বরাদ্দ করা হবে। যখন হাউজিংটা ৫০% হয়ে গেল আবার গণশক্তিতে অ্যাডভার্টাইজমেন্ট করে, একটা চিঠি দিয়ে বলা হল সেটাকে ২৫%-এ নামিয়ে আনা হল। যখন হাউজিংটা কমপ্লিট হয়ে গেল তৎকালীন মন্ত্রী দুমদাম করে সেটাকে শুরু করলেন। তখন বলা হল এখানে সংখ্যালঘুদের কোনও বরাদ্দ নেই।

ফলে আজকে যারা সংখ্যালঘু সম্পর্কে বলে, আমাদের বিরোধী বন্ধুরা তাদের বলি, পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকার মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে সংখ্যালঘুদের দিকে তাকিয়েছেন ২০১০-১১-তে যেখানে তিনশো কোটি টাকা ছিল, আজকে সেখানে ২৮০০ কোটি টাকার উপরে বরাদ্দ করে বাংলার সংখ্যালঘু মুসলমানদের অনেকটা এগিয়ে নিয়ে গেছেন, এটা এক কথায় অভিনন্দনযোগ্য বলে মনে করি। আমি সেই কারণে আমাদের প্রিয় অর্থমন্ত্রী তাঁকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বাজেট বক্তব্য এখানে শেষ করছি।

[3:40 – 3:50 p.m.]

শ্রী খগেন মুর্মু : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গত ১০ই ফ্রেব্রুয়ারি এই পবিত্র সদনে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি পেশ করেছেন, আমি এই বাজেট বিবৃতি কোনও মতেই মেনে নিতে পারছি না। তা সত্ত্বেও স্যার আমি ধন্যবাদ জানাবো মাননীয় অর্থমন্ত্রীকে। একটু দেরিতে হলেও তাঁর শুভ সহযোগী মানসিকতার উদয় হয়েছে। আই.সি.ডি.এস. এবং আশা প্রকল্পে ভাতা ৫০০ টাকা করে তিনি বৃদ্ধি করেছেন। এটা বাড়িয়েছেন, ঠিক আছে। মাননীয় অর্থমন্ত্রী এখানে নেই,স্যার উনি হয়তো শুনছেন বাইরে থেকে। আই.সি.ডি.এস. প্রকল্পে যখন থেকে শুরু করেছেন, দফায় দফায় এটা বাড়তে বাড়তে ২০১০ সালে সর্বশেষ বৃদ্ধি হয়েছিল। ২০১০ সালে বৃদ্ধি হয়ে অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকাদের ভাতা ২৮৫০ টাকা এবং কর্মীদের ভাতা ৪৩৫০ টাকা হয়। এই সাড়ে পাঁচ বছরে কোনও রকম ভাতা বৃদ্ধি তিনি করেননি।

এইবারে তিনি ভাতা বাড়িয়েছেন। ফলে এখন সহায়িকাদের ক্ষেত্রে ভাতা হয়েছে ৩৩৫০টাকা, অঙ্গনওয়াড়ি কর্মীদের ক্ষেত্রে হচ্ছে ৪৮৫০টাকা। আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই কেরলে এখন হেল্পারদের স্যালারি হচ্ছে সাত হাজার টাকা। অঙ্গনওয়াড়ি কর্মীদের দশ হাজার টাকা। অন্ধ্রপ্রদেশে হেল্পারদের স্যালারি হচ্ছে ৪৫০০টাকা, অঙ্গনওয়াড়ি কর্মীদের স্যালারি হচ্ছে সাত হাজার টাকা। তেলেঙ্গানা রাজ্য অল্পদিন হয়েছে। (গোলমাল) এখানে তথ্য আছে দেখে নিন। এরমধ্যে তেলেঙ্গানা রাজ্য। অল্পদিন তৈরি হয়েছে, অল্প সময়ে। ভাতা ৪৫০০টাকা হেল্পারদের, অঙ্গনওয়াড়ি কর্মীদের ক্ষেত্রে সাত হাজার টাকা। এতদিন পর যেটা বৃদ্ধি করা হয়েছে, তা কোনও রকম সমতুল্য নয়। স্যার, আপনি জানেন আমাদের দেশের মধ্যে সর্বোচ্চ আদালতে যেটা বলা হয়েছে সমকাজে সমবেতনের কথা আমাদের দেশের শ্রমিকশ্রেণি - তারা বারে বারে আন্দোলন করছেন, ধর্মঘট করছেন। ১৮ কোটি মানুষ ১৮ কোটি শ্রমিক তাঁরা একসঙ্গে ধর্মঘট করছেন। তাঁরা দাবি করেছিলেন কমপক্ষে তাদের ন্যূনতম মজুরি হওয়া উচিত ১৮ হাজার টাকা। সেই ক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বিবৃতিতে আমি কিছু দেখতে পেলাম না। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করব যে তিনি আশা কর্মী এবং আই সি ডি এস কর্মীদের ক্ষেত্রে ভাতা বৃদ্ধির সুপারিশ করেছেন কিন্তু কি হবে এস এস কে-র? যাঁরা শিশু শিক্ষা কেন্দ্রে আছেন, এম এস কে, মাধ্যমিক শিক্ষা কেন্দ্রে যাঁরা কর্মী আছেন, প্যারা টিচার, মিড ডে মিল ওয়ার্কার, এত আছে গোটা রাজ্যে, আমাদের এখানে যাঁরা সামনের দিকে আছেন, তাঁদেরও ঘরের অনেকে আছেন? এই মিড ডে মিল কর্মী, তাঁদের কী হবে? তাঁদের সম্পর্কে কোনও কথা এই বাজেট বিবৃতিতে দেখলাম না। এখানে অনেক ঢাকঢোল পিটিয়ে নেওয়া হয়েছিল সিভিক ভলেন্টিয়ার। প্রথমে নেওয়া হয়েছিল সিভিক পুলিশ হিসাবে এখন তাদের বলা হচ্ছে সিভিক ভলেন্টিয়ার।বাজেট বিবৃতিতে দেখতে পেলাম না সিভিক ভলেন্টিয়ারদের বিষয়ে কী হবে। বাইরে তো শুনেছি এগারো হাজার টাকা, সাড়ে এগারো হাজার টাকা, সেটা বাইরে শুনেছি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি অনেক সময় ঘোষণা করেছেন। এখন তারা কত পায়? সাড়ে পাঁচ হাজার টাকা। এই বিষয়টিও আমি বাজেট বিবৃতিতে দেখলাম না যে ওদের বেতন বৃদ্ধি করা

হয়েছে। এখানে আপনি বলবেন যে ডি.এ. আমাদের রাজ্যের কর্মচারীরা ডি.এ. পাচ্ছে না। ৪৬% ডি.এ তে পিছিয়ে আছে আমাদের রাজ্য। এই সম্পর্কেও মাননীয় অর্থমন্ত্রী পরিষ্কার করে কিছু বললেন না। প্রথমে তিনি বলেছেন এত ঋণ, নোটবন্দি, ঠিকই। আমাদের এখানে ঋণ কত ছিল স্যার? ২০১০-১১ সালে ? ঋণ ছিল ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা। এটা ছিল ২০১০-১১ আর্থিক বছরে। এখন কত ঋণ স্যার? মাননীয় অর্থমন্ত্রী আছেন। এখন হচ্ছে ২ লক্ষ ১৫৫০০কোটি টাকা। আপনি এই সাড়ে পাঁচ বছরে কত ঋণ নিয়েছেন? এটা আপনি একটু বলবেন। বললে আমরা বুঝতে পারতাম। এই পবিত্র সদনে মাননীয় সকল বিধায়কই আছেন। সাড়ে পাঁচ বছরে আপনি ঋণ নিয়েছেন ১ লক্ষ ২৩৫০০কোটি টাকা। ২০১০-১১ সাল পর্যন্ত কত ছিল? ২০১০-১১ সাল পর্যন্ত বছরে তিন হাজার কোটি টাকা করে ঋণ ছিল। আর এখন এই সাড়ে পাঁচ বছরে, আপনি বছরে ঋণ নিচ্ছেন ২২ হাজার ৪৫৪ কোটি টাকা। আপনি বলবেন এই ঋণ শোধ করতে হচ্ছে। আপনি এখানে যে ঋণটা নিয়েছেন, ঋণ নেওয়ার পর আপনি মেলা করলেন, উৎসব করছেন। ২০১৬ সালে শপথ অনুষ্ঠান হল। সেখানে কত টাকা খরচ করেছেন দয়া করে বললে ভাল হয়। স্যার, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করব শপথ গ্রহণ অনুষ্ঠান হল আমাদের মাননীয় মন্ত্রিসভার। সেখানে কত খরচ? দশ কোটি টাকা খরচ করেছেন। মাটি উৎসব করেছেন, দশ কোটি টাকা খরচ করেছেন। ক্লাবগুলোকে সাহায্য করার নাম করে টাকা দিয়েছেন। আপনার মাসল পাওয়ার যারা, তাদের জন্য খরচ করেছেন ২৭৩ কোটি টাকা। মদ খেয়ে মারা গেলে আপনি দুলক্ষ করে টাকা দিচ্ছেন, সেটা কিন্তু বাজেট বিবৃতিতে লেখা নেই। নীল-সাদা রঙ করতে কত খরচ হয়েছে, এটাও কিন্তু আপনি এখানে দেননি।

অথচ অন্যদিকে আপনি দেখবেন মাননীয় উপাধ্যক্ষ মহোদয় আমাদের রাজ্যে আত্মহত্যা করছে বিভিন্ন কারণে। কৃষকরা আত্মহত্যা করছে ফসলের দাম না পাওয়াতে, তারা ঋণে ঋণে জর্জরিত হয়ে আত্মহত্যা করছে। এই পর্যন্ত আমাদের রাজ্যে ১৬৭ জন কৃষক আত্মহত্যা করেছেন। বাজেট বিবৃতিতে এখানে বললেন না। মদ খেয়ে মারা গেলে ২ লক্ষ টাকা আর কৃষক আত্মহত্যা করছেন ঋণের দায়ে, ফসলের দাম না পেয়ে। এখানে যাঁরা আছেন তাঁরা বুকে হাত দিয়ে বলতে পারবেন সমস্ত এলাকাতে কৃষক ফসলের দাম পাচ্ছে ? ঘোষণা করা হচ্ছে C.P.C অর্থাৎ সেন্ট্রাল পার্চেস সেন্টার ধান ক্রয় করছে। খাদ্যদপ্তর থেকে ধান কেনার কথা বলা হয়েছে, কোথায় ধান কেনা হয়েছে ? কোথায়? আমাদের সমস্ত জায়গাতে কৃষকরা ধান বিক্রি করতে পারছেন না শুধু ফোড়েরা ধান কিনছে। ফোড়েদের জন্য আপনারা - আপনারা ব্যবস্থা করেছেন। সাধারণ কৃষক বা গরিব কৃষক তারা কি ধান বিক্রি করতে পারছেন ? পারছেন না। এটা আপনি বুকে হাত দিয়ে এখানে বলতে পারবেন না, বাইরে বলবেন কিন্তু আপনারা এখানে যাঁরা আছেন তাঁদের অনেকের মনের কথাই বলছি। শাসক দলের এম.এল.এ-রা বলেন, আমরা ভিতরে বলতে পারব না। স্যার এই হচ্ছে আমাদের রাজ্যের অবস্থা। চা বাগানের শ্রমিকরা আজ মারা যাচ্ছে। সেই চা শ্রমিকদের কথা এই বাজেট বিবৃতিতে কিছু বলা নেই। পেনশনার্সরা আত্মহত্যা করছে তাদের সাহায্যের কথা কিছু বলা নেই। আজকে মহিলারা ধর্ষিতা হচ্ছে তারপরে খুন হচ্ছে। আমাদের এই পর্যন্ত ১৭ জন এই নতুন সরকার তৈরি হওয়ার পর ধর্ষিতা হয়েছেন, খুন হয়েছেন। সেই পরিবারগুলিকে সাহায্য করবার জন্য আমাদের মাননীয় অর্থমন্ত্রী বা আমাদের রাজ্য সরকারের কোনও রকম সহযোগিতামূলক কোনও কর্মসূচি এখানে নেওয়া হয়নি। স্যার পঞ্চায়েতের ক্ষেত্রে আপনি ভাতা বাড়িয়েছেন, ধন্যবাদ। তাদের জন্য অনারারিয়াম বাড়িয়েছেন। আপনি যা বাড়িয়েছেন সেটা বাজেট বিবৃতিতে উল্লেখ করা হয়নি। আমাদের রাজ্যে বলা হয়েছিল আজ থেকে সাড়ে পাঁচ বছর আগে নির্বাচনী ইস্তেহারে ঢাক, ঢোল পিটিয়ে শিল্প করা হবে। প্রত্যেকটা মহকুমাতে ছোট, বড় মিলিয়ে দশটা করে শিল্প তৈরি করা হবে। আমি এখানে মাননীয় অর্থমন্ত্রী আছেন শিল্প সম্পর্কে

তিনি বিবৃতি দিয়েছেন। এখানে ছোট বড় মিলে প্রত্যেকটা মহকুমাতে দশটা করে হওয়ার কথা সেটা আপনি উল্লেখ করলেন না যে কোথায় হয়েছে আর কোথায় হয়নি। আজকে শিল্পের যে অবস্থা আমাদের গোটা রাজ্যে দিনের পর দিন শিল্পগুলি বন্ধ হয়ে যাচ্ছে। আমাদের অনেক শ্রমিক বেকার হয়ে যাচ্ছে, কাজ হারাচ্ছে, সেই ব্যাপারেও কিন্তু এখানে বলেন নি। এখানে বেঙ্গল গ্লোবাল সামিট করা হয়েছে, স্যার তিন বার, বেঙ্গল গ্লোবাল সামিটের ক্ষেত্রে কিছু বলা নেই। মাননীয় উপাধ্যক্ষের মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে বলব সিঙ্গাপুর গেলেন, লন্ডন গেলেন — এখন পর্যন্ত আমাদের শিল্পে কি উন্নতি হয়েছে ? রাজ্যের ক্ষেত্রে কতটা নতুন শিল্প হয়েছে ? আমাদের ২০১০-১১ সালে শিল্পে ছিলাম ভারতবর্ষের মধ্যে প্রথম কিন্তু সেটা উল্লেখ করেননি। এরমধ্যে যে বেঙ্গল গ্লোবাল সামিট করেছেন জানুয়ারি মাসে সেখানেও উল্লেখ করা হয়নি। কত টাকা সেই সময় বিনিয়োগ হত সেটাও বলেননি। ২০১০-১১ সালে বিনিয়োগ হয়েছিল ২ লক্ষ ৯৬ হাজার ৯৫৮ কোটি টাকা আর এখন কত ? এখন হচ্ছে মাত্র ৫ হাজার ১০৪ কোটি টাকা। পাঞ্জাবের থেকেও আমরা পিছিয়ে আছি। আমাদের রাজ্যের স্থান ১৪তম সারা ভারতবর্ষের মধ্যে। আজ থেকে সাড়ে পাঁচ বছর আগে এক নম্বরে ছিলাম আর এখন ১৪তম স্থানে। আমাদের আগে আরো ১৩টা রাজ্য আছে। আমাদের রাজ্যে বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের জন্য যেটা গোটা রাজ্যের মানুষের উন্নয়নের জন্য কাজ হচ্ছে। দেখা যাচ্ছে যে প্রত্যেকটা জিনিসের দাম বেড়েছে। সেক্ষেত্রে আমরা বারে বারে বলেছি, আমরা এই পবিত্র সদনেও বলেছি কিন্তু এখনও পর্যন্ত বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের টাকা বৃদ্ধি করা হয়নি। এই বিষয়টা মাননীয় অর্থমন্ত্রীকে বিবেচনার জন্য অনুরোধ করব। এই কথা বলে কী ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3:50 – 4:00 p.m.]

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত্র মিত্র ২০১৭-১৮ সালের যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। স্যার, প্রথমে আমি ধন্যবাদ জানাব আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে। আজকে নোটবন্দির জেরে যেভাবে মানুষ মারা গিয়েছে সেই ক্ষেত্রেও আজকে তিনি যে বাজেটটি এখানে উত্থাপন করেছেন, সত্যি এটা এককথায় অভূতপূর্ব, অতুলনীয়। স্যার, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, আমি ওনাদের কথায় পরে আসছি। আজকে আমাদের বিরোধী দলের সদস্যরা যেভাবে বক্তব্য রাখলেন তা কতটা সত্য কি অসত্য সেটা পরে বলছি আমি। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বামফ্রন্টের রেখে যাওয়া ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা মাথায় নিয়েও আজকে পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্পের মাধ্যম দিয়ে তিনি যে উন্নয়ন করেছেন, উন্নয়নের বার্তা পৌঁছে দিয়েছেন গ্রামে-গঞ্জে সব জায়গাতে, আজকে তাঁদের কিন্তু এগুলো চোখে পড়ছে না। খালি বিরোধিতা করতে হবে বলেই তাঁরা বিরোধিতা করে যাচ্ছেন। আমি প্রথমে বলি মাননীয় তন্ময়বাবুকে, আপনি শিক্ষার কথা বলছিলেন। আপনারা কি ভুলে গেলেন ৩৪ বছর ধরে শিক্ষাটাকে কোন জায়গায় পৌঁছে দিয়েছিলেন? আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী, তিনি যেভাবে পশ্চিমবাংলায় শিক্ষার মানকে একটা উঁচু জায়গায় নিয়ে যাচ্ছেন, যেখানে শিক্ষক-শিক্ষিকা নেই সেখানে নিয়োগ করা হচ্ছে, কোনো জায়গায় স্কুল তৈরি করা হচ্ছে, কোনো জায়গায় কলেজ তৈরি করা হচ্ছে, কোনো জায়গায় বিশ্ববিদ্যালয় করা হচ্ছে। আপনি বলছেন শিক্ষার মানটা কোন জায়গায় পৌঁছে গিয়েছে! আমি এবার আসি আমাদের পূর্ববর্তী বক্তার কথায়। তিনি বলছিলেন যে অঙ্গনওয়াড়িতে ৫০০ টাকা করে বাড়ানো হয়েছে। আপনারা কিন্তু ভুলে যাবেন না যে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা চাপিয়ে দেওয়ার জন্য প্রতি বছর আমাদের সুদ যে দিতে হচ্ছে তার অঙ্কটা করুন। তা যদি আমরা পেতাম তাহলে আজকে আমরা এই ৫০০ টাকার

জায়গায় ১০০০ টাকা মাননীয় অর্থমন্ত্রীকে বলে বাড়াতে পারতাম। আপনাদের ঋণের বোঝা বহন করার জন্য আমাদের পশ্চিমবঙ্গের এই অবস্থা। তা সত্ত্বেও আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জী আজকে কন্যাশ্রী প্রকল্প, ভাবতে পারেন যারা গরিব ঘরের মানুষ, যাদের মেয়ে হলে চিন্তা করত আমার মেয়ের কী হবে? মেয়ের পড়াশোনা হবে তো? মেয়ের বিয়ে দিতে পারব তো? আজকে কন্যাশ্রী প্রকল্পের মাধ্যম দিয়ে নারী জাতির শিক্ষা ও চেতনাকে বাড়িয়ে দেওয়ার জন্যে তিনি আজকে কন্যাশ্রী প্রকল্প করেছেন। শুধু তাই নয় যখন বিবাহযোগ্য হয়ে যাবে তখন তাকে টাকা দেওয়া হবে। এটা শুধু আমাদের পশ্চিমবঙ্গ নয়, আজকে ভারতবর্ষ নয়, বিশ্বের মানুষ বলছে কী করে সম্ভব? ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা মাথায় নিয়েও কিন্তু এটা করা সম্ভব। হ্যাঁ, সম্ভব তখনই যদি আমাদের আন্তরিকতা থাকে, যদি আমাদের সদিচ্ছা থাকে তবেই এটা সম্ভব হবে। স্যার, আমি আর একটা কথা বলি স্যার। এই যে আমাদের ছেলে-মেয়েরা যারা গ্রামে থাকে, দূরদূরান্ত থেকে আসে তারা স্কুলে যেতে পারত না। বাবা-মায়ের কাছে পয়সা নেই কী করবে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী, আমাদের মাননীয় অর্থমন্ত্রী আজকে সবুজসাথী প্রকল্পের মধ্যে দিয়ে সাইকেল দিয়েছেন। এটা নিয়ে অনেকে অনেক বিতর্কিত মন্তব্য করছেন। আমি বলব সমালোচনা নিশ্চয়ই করুন কিন্তু এমন সমালোচনা করবেন না যে সমালোচনার জন্য আপনারা মানুষের কাছে গিয়ে দাঁড়াতে পারবেন না।

এটা না হলেই আমার মনে হয় ভালো হবে। চিকিৎসার ক্ষেত্রে দেখুন, অনেক গরিব মানুষ তাঁদের ছেলে-মেয়েদের ঠিকমত চিকিৎসা করাতে পারতেন না। আমাদের মা-মাটি-মানুষের সরকার তাদের চিকিৎসার জন্য, স্বাস্থ্য পরিষেবার জন্য মেডিসিন থেকে সমস্ত কিছুর ব্যবস্থা করেছে। যারা ডাক্তারি পড়তে চায়, তাদের সিট সংখ্যা খুব কম ছিল। এই সরকার সেই সিট সংখ্যা বাড়িয়েছে। স্বাস্থ্য পরিষেবা সর্বত্র ছড়িয়ে দেওয়ার জন্য এটা করা হয়েছে। এটা কম কথা নয়। পশ্চিমবাংলা কৃষিপ্রধান রাজ্য। অনেক মানুষ এখানে চাষবাস করে জীবিকা নির্বাহ করে। বাংলার মাটি সোনার মাটি, এখানে যে ফসল ফলাতে চাইবে তাই ফলবে। কিন্তু কিছু জায়গায় জলের অভাবে চাষবাস করা যেত না। সেইজন্য আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ১ লক্ষ ৮০ হাজার পুকুর, জলাশয় সংস্কার করালেন 'জল ধরো জল ভরো' প্রকল্পের মাধ্যমে। তার ফলে আজকে চাষীরা ফসল ফলাতে পারছে। আমাদের খাদ্যমন্ত্রী ২ টাকা কিলো দরে ৮ কোটি মানুষকে চাল দিচ্ছেন। এটা কি গর্বের নয় ? আসল কথা হচ্ছে ওঁরা ভালো জিনিস দেখতে পান না। এই বাংলা সোনার বাংলা, এই বাংলায় আমরা জনধন করেছি। এই বাংলাকে আরও সুন্দরভাবে সাজাতে চাইছি। বল বল বল সবে, পশ্চিমবাংলা আবার ভারতবর্ষে শ্রেষ্ঠ আসন লবে। 'বাংলার মাটি বাংলার জল, বাংলার বায়ু বাংলার ফল পুণ্য হোক পুণ্য হোক হে ভগবান।' ওদের দুর্মুখ বন্ধ করে বাংলার জয়গান করুন। এই কটি কথা বলে, এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ রমেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই সদনে উপস্থিত সমস্ত বিধায়কবৃন্দ, মন্ত্রীগণ সকলকে শ্রদ্ধা, অভিনন্দন জানিয়ে আমি আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট পেশ করেছেন তার সমর্থনে দু-চারটি কথা নিবেদন করছি।

বিগত বাম জমানার ঘাটতিশূন্য বাজেটের নাগপাশ দূরীভূত করে, অনুন্নয়নের বেড়াজাল সরিয়ে উন্নয়ন এবং কর্মসংস্থানকে কার্যকরী করার জন্য আমাদের অর্থমন্ত্রী, মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় যে বাজেট পেশ করেছেন, একদিকে সমস্ত উন্নয়নের জন্য যে বরাদ্দ, সেই বরাদ্দকে অতিক্রম করে এবং নিজের বিগত দিনের বাজেটকে পেছনে ফেলে যেভাবে এই বাজেট পেশ করেছেন, সেই বাজেট কেবলমাত্র পড়ে পড়ে নয়, চারিদিকে তার কার্যকারিতা দেখে অবাক হতে হয়।

[4:00 – 4:10 p.m.]

যদি কেউ এই ব্যাপারে সমালোচনা করেন তাহলে আমি বলব উন্নয়নের যে গতিধারা সেই গতিধারায় বাধা সৃষ্টি করবার জন্যই কেবল সমালোচনা। উন্নয়নের দশভুজা, তুলনা তার নাই, বিশ্ব বাংলা হাসছে কত, লেখাজোখা নাই, সবার কাজে দৃষ্টি তাহার, জানা আছে তাই সহস্রাক্ষী নামটি তাকে দিচ্ছে কবি ভাই'। আপনারা দেখেন যদি পশ্চিম দিকে তাকান দেখবেন সূর্য অস্তমিত হচ্ছে না, উদিত হচ্ছে। জঙ্গলমহল সেই কথা বলছে। আমরা যা চেয়েছিলাম তাই আমরা পেতে যাচ্ছি। উন্নয়ন, উন্নয়ন আমাদের আষ্টেপৃষ্ঠে ভালবাসার বন্ধনে আবদ্ধ করতে চাইছে। এর মূল হোতা কে ? মমতা বন্দ্যোপাধ্যায়। দক্ষিণে দেখেন। সেখানে সড়ক নির্মাণ করে, বাঁধ দিয়ে এবং অন্যান্যভাবে সুন্দরবনের যে উন্নয়ন সাধন করা হচ্ছে তা তুলনাহীন। অদ্ভুত। উত্তরদিকে তাকান সেখানে দেখবেন পাহাড়ের সমস্ত সমস্যা নিরসন করে উন্নয়নের কর্মযজ্ঞ সাধিত হচ্ছে দিকে দিকে এবং সেখানে আজকে আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কালিম্পং নামে একটা জেলা নতুনভাবে তৈরি করছেন যা উন্নয়নের রাজসাক্ষী হিসাবে থাকবে। সমতলের অন্যান্য সমস্ত জায়গায় যেদিকে আপনারা দৃষ্টি নিক্ষেপ করুন দেখবেন সেখানে চলছে কেবল উন্নয়ন, উন্নয়ন, আর উন্নয়ন। কেউ কি কোনোদিন কল্পনা করতে পেরেছেন দুই লক্ষ তিরিশ হাজার কোটি টাকার ঋণ এবং বোঝা ঘাড়ে নিয়ে তিনি ২০১১ সালে ক্ষমতায় এসে কিভাবে সারা রাজ্যে সমস্ত দিকে দৃষ্টি দিয়ে উন্নয়ন সাধন করে চলেছেন এবং তাঁরই বাজেট, এবারের বাজেট আজকে তারই যোগ্য অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র পেশ করেছেন আমাদের সম্মুখে। সমালোচনা নয়, আসুন সকলে আমরা একে কার্যকরী করবার জন্য এগিয়ে চলি। কৃষিতে তিনি ১ হাজার ৯৭০কোটি টাকা, কৃষি বিপণনে ৩০০ কোটি টাকা, খাদ্য সরবরাহে ২৭০ কোটি টাকা, খাদ্য প্রক্রিয়াকরণে ১৬০ কোটি টাকা, প্রাণি সম্পদ উন্নয়নে ৫৩৫ কোটি টাকা, মৎস্যে ২৭৬ কোটি টাকা, পঞ্চায়েত গ্রামোন্নয়নে ১২ হাজার ৮৬৪ কোটি টাকা, সেচ ২ হাজার ৪১০ কোটি টাকা, বন বিভাগে ৩৪৭ কোটি, জল সম্পদে ৭৬৩, স্বাস্থ্য পরিবার কল্যাণে ৩ হাজার ২৯৯ কোটি, বিদ্যালয় শিক্ষায় ৯ হাজার ৬৬০ কোটি, উচ্চশিক্ষা, প্রযুক্তিতে ৫৭৫ কোটি, কারিগরি শিক্ষায় ৭৮১ কোটি, নারী, শিশু বিকাশে ৪ হাজার ৬৩৩ কোটি। শ্রম বিভাগে ৩৩০ কোটি, যুব কল্যাণে ৪৭৬ কোটি, তথ্য প্রযুক্তি ইত্যাদি এমন করে দেখানো যেতে পারে যে সমস্ত রেকর্ড ভঙ্গ করে তিনি যেভাবে এই বাজেট পেশ করেছেন, তার দ্বারা কেবলমাত্র সামান্য কাজ হবে না, অসামান্য কাজই হবে। অতএব আপনারাও শুধু দেখুন, বুঝুন এবং চিন্তা করুন। আগামী দিনে পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাবার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে তাঁর বাজেট পেশ করেছেন ডঃ অমিত মিত্রের মাধ্যমে, সেখানে হঠাৎ এসে দেখা দিয়েছে ওই টাকার অবমূল্যায়ন এবং নোট বাতিল। এই নোট-বাতিলের ফলে যে অচলাবস্থা তৈরি হয়েছে, তার জন্য আজকে দিকে দিকে অশান্তির বাতাবরণ তৈরি হয়েছে। কী জানি কার স্বার্থে কেন্দ্রীয় সরকার এই নোট বাতিল, এই নোটবন্দির ব্যবস্থা করেছেন। তারা যেভাবে বলেছেন নোটবন্দির এই হাহাকার, নোটের এই আকাল অল্পদিনের মধ্যেই শেষ হয়ে যাবে, কিন্তু আমাদের একজন বিখ্যাত মানুষ, পশ্চিমবঙ্গের নয় সারা বিশ্বের একজন বিখ্যাত মানুষ নোবেলবিজয়ী অমর্ত্য সেন, তিনি বলেছেন এতে ক্ষতি ছাড়া ভালো হচ্ছে না,ভালো হবে না। আপনারা লক্ষ্য করুন তার বিরুদ্ধেও মানুষ সোচ্চার হয়ে অনেক কথা বলছেন। কিন্তু আমরা তাহলে কোন পথে হাঁটছি। কেবলমাত্র সমালোচনার জন্য সমালোচনা করতে হবে। যে অনিরুদ্ধ গতি আজকে পশ্চিমবঙ্গের মানুষের মধ্যে সরকারের মধ্যে এসেছে, তাকে যদি বিভ্রান্ত করতে চেষ্টা করা হয়, তাহলে সেটা মহা অন্যায় হবে এবং তাতে করে পশ্চিমবরে উন্নয়ন কোন দিনই সম্পন্ন হবে না। আমরা দেখেছি ছোটখাটোভাবে সমস্ত দিকে মমতা বন্দ্যোপাধ্যায় এবং তাঁর অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রের দৃষ্টি আছে। আজকে

তাই এই পশ্চিমবঙ্গে ভিখারির সংখ্যা কমছে। মানুষ খেতে পাচ্ছে। মানুষ উন্নয়নের কর্মযজ্ঞে সামিল হচ্ছে। এবং সকলকে নিয়ে কাজ চালাবার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় যে কার্যকরী ব্যবস্থা করছেন, তাতে কেউ চুপ করে বসে থাকতে পারছেন না। কিভাবে কাজ করতে হবে, সেই দিশা দিয়ে তাঁদেরকে বলছেন, 'তোমরা ১০ দিনের মধ্যেই কাজ করবে।' এইভাবে উন্নয়নের বৈজয়ন্ত এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। তাতে আমরা আশা করতে পারি আগামীদিনে পশ্চিমবঙ্গ ফুলে ফুলে সুশোভিত হয়ে এবং মানুষের সমস্ত দুঃখ কষ্ট ভুলিয়ে একটা বিশেষ জায়গায় উপস্থিত হবে। এইদিনের আশা করে এবং এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[4:10 – 4:20 p.m.]

শ্রী আনিসুর রহমান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আমাদের অর্থমন্ত্রীকে এই ব্যাপারে একটু অভিনন্দন জানাব। জানাব এই কারণেই এতদিন আমি জানতাম তিনি অর্থনীতির লোক। অর্থনীতির কথা তিনি ভালোভাবে দেখেন এবং ভাবেন। তিনি যে এত ভালো কবি হয়েছেন, আমি জানতাম না। আজকে আমি দুটো কবিতার অংশ দেখলাম। যেহেতু কার লেখা সেই ব্যাপারে কোনো রেফারেন্স নেই, স্বাভাবিকভাবেই ধরে নিতে পারি এটা মাননীয় মন্ত্রীর লেখা। লিখেছেন খুব ভালো। কিন্তু ওই যে 'জল ধরো, জল ভরো ' বলেন না, সবাই জানে। আপনি তো ভালো করেই জানেন। 'জল ধরো, জল ভরো' পশ্চিমবাংলায় কোনো ব্যাপার নয়। এটা আমি ঠিকই বলছি। এটা আমাদের যে ১০০ দিনের কাজ শুরু হয়েছে, তাতে কী কী কাজ হল লেখা আছে –ওয়াটার হার্ভেস্টিং অ্যান্ড ওয়াটার কনজারভেশন। এর মানে আমি তাই জানি যে 'জল ধরো, আর জল ভরো।' এটা বাংলারও সৃষ্টি নয়, আমাদের মুখ্যমন্ত্রীরও সৃষ্টি নয়। এখন আপনারা লিখছেন সবই আপনারা করেছেন। ওই দেখছি যত গাঁয়ের ছোট ছোট কালভার্ট,সব নীল রঙ দিয়ে দিয়েছে। লোকে যেন বোঝে সবই মুখ্যমন্ত্রী করেছেন। এর জন্য কিন্তু আমাদের আপত্তি নেই। কিন্তু আমাদের মনে হচ্ছে এই যে কবিতার লাইনটা–বোধহয় আপনি একটা গান শুনে লিখতে গিয়েছিলেন। 'রোতে রোতে হাসনা শিখো, হাসতে হাসতে রোনা' - মনে হচ্ছে এটা থেকে নিয়েছেন। পশ্চিমবঙ্গের মানুষকে এটাই শিখিয়েছেন যে, কাঁদো, কাঁদো, কাঁদো, আর কেঁদেও হাসো। আর হেসেও কাঁদো, পাও বা না পাও। এই জিনিস আপনি করতে গিয়েছেন। আমি ছোটবেলায় যখন শুনতাম যে আমাদের পৃথিবীতে দু-তিন রকমের লোক আছে। তিন রকমের দেশ আছে।

কিছুকে বলা হয় ডেভেলপিং কান্ট্রিজ, কিছুকে বলা হয় আন্ডার ডেভেলপিং কান্ট্রিজ, আরেকটা হচ্ছে যারা একটু ওপর দিকে ওঠার চেষ্টা করছে – ডেভেলপিং কান্ট্রিজ। আমি তখন মনে মনে ভাবতাম যে, কী এমন মানুষ ওখানে আছে, যার জন্য আজকে সব দিক থেকে ভালো হয়েছে ওরা ? আমি কতগুলো দেশে গেলাম, যাওয়ার সুযোগ হয়েছিল আমার সরকারি ভাবে। আমেরিকা, ইংল্যান্ড, ফ্রান্স, জার্মানি, বেলজিয়াম, নেদারল্যান্ডস, আর এদিকে আবার অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, চায়না, সিঙ্গাপুর। আমি হাঁ করে তাকিয়ে থাকতাম যে, এদের কী আছে, যার জন্য এরা এত উন্নত ? শুধু গাড়ি, না। শুধু বাড়ি, না। শুধু টাকা, তাও না। এরা উন্নত হয়েছে একটি মাত্র কারণে যে, এখানকার মানুষ হচ্ছে উন্নত। উন্নত মানুষ ছাড়া উন্নত দেশ হয় না। এই রকম দু'খানা বই লিখে হবে না। উন্নত মানুষ যদি গড়তে হয়, তাহলে যারা মানুষগুলোর দায়িত্ব নিয়েছে সমাজে, তাদের উন্নত হতে হবে। দুর্ভাগ্য আমার দেশের, আগে তো ইংরেজরা ছিল। ৭০ বছর আমাদের দেশ পরিচালনা করেছে। মানুষ তৈরির কাজটা সব থেকে উপেক্ষিত হয়েছে। আমি একটা উদাহরণ দিয়েছিলাম। যেবার আমি অস্ট্রেলিয়ায় গেলাম, ওখানে একটা

বড় স্ক্যাম্ হয়েছে, দুর্নীতি হয়েছে। সবাই কাগজে-টিভিতে দেখছে। যাকেই জিজ্ঞাসা করি সেই মাথা নীচু করে কিছু বলে না। লজ্জা পেয়েছে। আমি বললাম, এত লজ্জার ব্যাপার কী হল ? তখন বলছে, খোঁজ নিয়ে জানলাম যে, একজন এম.পি. গাড়িতে করে বাড়ি আসছিল। যাওয়ার পথে গাড়িতে খানিকটা ঘুমিয়েছে। এটাই হচ্ছে বড় স্ক্যাম্। এতে কী আছে ? ঐ যে ঘুমিয়েছে ওর জন্য বাড়তি কিছু টাকা পাবে। এটা হচ্ছে স্ক্যাম্। লজ্জায় মাথা নীচু করে গোটা দেশের মানুষ বলছে, এটা আমাদের ছোটো কাজ। আর আমার দেশের এম.পি. জেলখানায় ঢুকে বলছে, আমার কোনো দোষ নেই। সব দোষ প্রমাণিত হয়ে যাওয়ার পরেও কোনো দোষ নেই। এটাই হচ্ছে আমাদের বেসিক ডিফারেন্স, যেটা হয়ে আছে। আমি এই কথা বললাম এই কারণেই – চালাকি করে আমরা সব কাজ করার চেষ্টা করছি। তাতেই সব থেকে সর্বনাশ হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী নিঃসন্দেহে পণ্ডিত লোক। তাঁর পাণ্ডিত্য নিয়ে আমার কোনো প্রশ্ন নেই। কিন্তু আমাদেরকে বাজেট বোঝাবার জন্য যেভাবে তিনি শুরু করেছিলেন, ওখান থেকে হারিয়ে গেলেন। প্রথমবার দিয়েছিলেন ছোট্ট একটা বাংলা বই। আপনাদের কাছে আছে কিনা আমি জানি না, লাইব্রেরিতে খুঁজে পেলামনা। উনি একটা ছোট্ট বাংলা বই দিয়েছিলেন, ভারি সুন্দর। বোঝার ক্ষেত্রে এত মজার যে, আমাদের উন্নতি হচ্ছে না।

অবনতি হচ্ছে সেটা ধরা যেতো সেই বইটা চলে গেল। তারপর এল বাজেট অ্যাট এ গ্ল্যান্স - সেই বই-এরও শেষ পাতায় আমাদের সমস্ত ডিপার্টমেন্টের প্ল্যানে কত টাকা পাবে, কত টাকা পেয়েছিল আগে - সব দেওয়া ছিল। ওটা হলে আমরা সহজেই বাজেটটা বুঝতে পারতাম। আজকে ওটাও নেই। মাঝখানে ভাগ করে করে অনেকগুলো ডিপার্টমেন্ট হয়ে গেছে, ডিমান্ড হয়ে গেছে। আমি দেখছিলাম যে, ৬৬টা ডিমান্ডে এই টাকাটা উল্লেখ করা থাকতো, আমাদের বুঝতে সহজ হত। আমরা ১১-১২, ১২-১৩, ১৩-১৪ মিলিয়ে বলতে পারতাম বেশি হ'ল না কম হল। এখন এটা করা কঠিন, আমার পক্ষে তো কঠিন হবেই, কারণ সেই সময়ই আমরা পাইনি। এই জন্য এটা থাকলে আমাদের সুবিধা হ'ত। কিন্তু যেটুকু আমি বুঝলাম যে, আহামরি একটা প্ল্যান করা হয়েছে মনে হচ্ছে – এখানে লেখা আছে ৬৪ হাজার কোটি টাকা। গতবার ছিল কত ? বোধহয় ৫৯ হাজার কোটি টাকা। ৫৯ থেকে ৬৪ - কত বেশি আমি জানি না। টাকার দাম কমে গেলে যা হয়, সেটা কত পার্সেন্ট হয় আমরা সবাই জানি। যার ফলে অ্যাকচুয়ালি যা হয়েছে তার থেকে আমাদের কম হয়ে গেছে। এটা হচ্ছে এক নম্বর। দুই নম্বর হচ্ছে - আমাদের মাননীয় সদস্য বলছিলেন – এত টাকা, এত টাকা, এত টাকা – এটাতে কী বুঝবে ? আগে ছিল এক হাজার টাকা, এখন কত হয়েছে সেটা বুঝলাম না। তাহলে বলে লাভ কী ? এই যে কত ছিল, কত বলা হয়েছে, যেখানে আমাদের চারটে হেড থাকে। দু-বছর, তিন বছর আগের অ্যাকচুয়াল থাকে, তারপর আগের বছরের বাজেট থাকে, আগের বছরের রিভাইজড বাজেট থাকে, তার পরের বছরের প্ল্যান থাকে। এটা স্টাডি করলে মোটামুটি বুঝতে পারা যায় যে, আমাদের কী অবস্থা হয়েছে। সেটা এবার হচ্ছে না কেন, কারণ সেই সময় আমরা পাইনি। তিন নম্বর বিষয় যেটা হচ্ছে যে, এর আগে আমি বলেছিলাম যে, সরকারের প্রধান কাজটা কী ? সরকারের তিন-চারটি প্রধান কাজের কথা বহুবার আলোচনা হয়েছে। এক নম্বর হচ্ছে, মানুষকে এমন পরিষেবা দিতে হবে যে, মানুষ তার অর্থনৈতিক কাজকর্ম ভালো করতে পারে, সে একটা স্থায়ী ইনকামের ব্যবস্থা করতে পারে। দ্বিতীয় হচ্ছে, তার পরিষেবার পাশাপাশি বেকার ছেলেদের কিছু আয়ের সঙ্গে যুক্ত করা। কত কাজের ব্যবস্থা করলাম, কত কর্মসংস্থান করলাম – এটা হচ্ছে একটা মাপকাঠি। তিন নম্বর মাপকাঠি হচ্ছে, তাকে অন্য পরিষেবা দেওয়া। সে পঞ্চায়েতের হোক, সে মিউনিসিপ্যালিটির হোক – তার পরিষেবা সে যেন নিশ্চিত করতে পারে, এটা হচ্ছে বড় কথা।

মাননীয় মন্ত্রীকে বিনীতভাবে জিজ্ঞাসা করবো উনি বলবেন। সত্যি একটা জুতো দেওয়া একটা দেশের অর্থনৈতিক উন্নয়নে বড় সহায়ক ? সত্যি একটা বালা দেওয়া ৩০ টাকা দামের অর্থনৈতিক উন্নয়নের সহায়ক ? আরও এই রকম দিয়েছেন সাইকেল, এটাই কি আমাদের উন্নয়নের সব চেয়ে বড় মাপকাঠি ? এই দিয়ে কী হতে পারে ? আজকে এটা সাহায্য হতে পারে, কিন্তু সত্যিকারের অর্থনৈতিক উন্নয়ন কখনই হতে পারে না। আমি একটা ছোট্ট উদাহরণ দেব, আমার গ্রামে ২ হাজার লোক বাস করে, ২ হাজার লোককেই যদি আমি সাইকেল দিতে পারি, একটা করে জুতো দিই, কত লাগতে পারে ১০০টাকা দাম হলে, কয়েক লক্ষ টাকার বেশি লাগে না। একবার দিয়ে দিয়েছি, আর তাকে দিতে হবে না। আমরা যদি একটা প্রাইমারি স্কুল করি ৫ জন শিক্ষকের ২০ হাজার করে বেতন হচ্ছে ১ লক্ষ টাকা, মাসে মাসে ১ লক্ষ টাকা, এক বছরে ১২ লক্ষ টাকা। ১০ বছরে কত হয়, গুনুন। তার পরে একজন মারা যাবে তাকে দিতে হবে, তার স্ত্রী আবার পেনশন পাবে, সে আবার পেনশন পাবে। কত কোটি টাকা লাগবে একটা প্রাইমারি স্কুলের জন্য। আর আপনি সেই টাকাতে আমার পশ্চিমবাংলার সবাইকে একটা জুতো দিতে পারবেন, সবাইকে বালা দিতে পারবেন, সব মেয়েদের কন্যাশ্রী করতে পারবেন, সব করা যাবে। ওয়ান টাইম দেওয়া, ভিক্ষে দেওয়ার মতো। মানুষকে ভিখিরি বানানোর জন্য আমাদের এই দপ্তর হয়েছে নাকি ? এই জন্যই সরকার হয়েছে ? ... (হইচই) ...আমি বিনীতভাবে বলবো নিজেরা বিচার করে দেখবেন। হ্যাঁ, এতে ভোট পাওয়ার ক্ষেত্রে সুবিধা হয়। সেই লোকটা ভাববে অনেক দিন জুতো ছিল না, একটা জুতো পেয়ে গেছি। হতে পারে, কিন্তু বড় রকমের লাভ কিছু হতে পারে না। দ্বিতীয় বিষয় হচ্ছে পদ্ধতি নিয়ে। মাননীয় মন্ত্রী ভালো করেই জানেন, আপনি কি বুকে হাত দিয়ে বলতে পারেন এই যে বিধানসভায় যে আলোচনা হচ্ছে বলুন তো আপনারা ক্লাবকে টাকা দিলেন, কে বাধা দিয়েছিল ? আমরা বলেছিলাম ক্লাবকে টাকা দেবেন না। আমরা বলেছিলাম ক্লাবকে টাকা দিলে তার একটা পদ্ধতি থাকবে। এর কী পদ্ধতি আমরা কেউ জানি না। আমি একটা ক্লাবের সারা জীবনের মেম্বার আমিও জানি না আমার ক্লাব কত টাকা পাচ্ছে ? তাদেরকে ডেকে নেওয়া হলো এখানে, তাদেরকে ব্যবস্থা করে টাকা দিয়ে দেওয়া হলো। কেউ জানলো না। এমএলএ জানবে না, প্রতিনিধি জানবে না। টাকা দিলেন কী জন্য ? না ভোটের জন্য। এমনকি কী বেকারদের কতগুলো স্কিম হচ্ছে তাও ঠিক তাই। বহু স্কিমের নামকরণ হয়েছে এখানে নাম হচ্ছে গীতাঞ্জলি, গীতাঞ্জলিতে নাম ঠিক করবে কে ? ফ্যামেলি মেম্বারের নাম লেখা আছে। আমরা জিজ্ঞাসা করলাম। বললো হ্যাঁ, ফ্যামেলি মেম্বারের নাম লেখা আছে। আমাদের একটা চিঠি দিল না, জানতে দিল না, হয়ে গেল। আপনি এখানে বলবেন যে নীতিগত ভাবে ঠিক হয়েছে। বলতে পারেন, বলুন। সমস্ত ক্ষেত্রে, অবাক হয়ে যাচ্ছি, আমি একটা ব্লকের এমএলএ, সেখানে কত প্রোগ্রাম হচ্ছে, কোনটার নাম যুব উৎসব, কোনটা মাটি উৎসব, কোনটা জল উৎসব, কোথায় গরু উৎসব, কোথায় ছাগল উৎসব কত কী হচ্ছে। ব্রাত্য হবে কেন এমএলএ ? একটা চিঠি পর্যন্ত পাবে না এমএলএ শুনেছেন কখনও ? আমার মনে আছে সুদীপ বন্দ্যোপাধ্যায়, আমাদের যিনি মাননীয় এম.পি., আমি যখন প্রথমবার মন্ত্রী হয়ে মাদ্রাসা বোর্ডের বাড়ি উদ্বোধনে গিয়েছিলাম, প্রধান অতিথি হচ্ছেন জ্যোতি বোস, ওখানে যেহেতু কেন্দ্রীয় প্রোগ্রাম, এমএলএ-কে ডাকতে হয় আমি জানতাম না, এমএলএ-কে বাদ দিয়ে আমি কার্ড করেছিলাম সবাইকে নিয়ে। সুদীপবাবু জ্যোতিবাবুকে বললেন, আর জ্যোতিবাবু আমাকে ডেকে বললেন আপনি কার্ডটা পাল্টিয়ে ওঁনাকে ডেকে নিন, আর পরে পারলে একটু বলবেন যে স্যরি। আমি সঙ্গে সঙ্গে ফোনে স্যরি বলে ওঁনাকে ডেকে নিয়ে জ্যোতিবাবুকে সাইন করালাম। আর এখানে আমাদের একটা প্রোগ্রাম করছে, আমার কাছে চিঠি গেল অমুক তারিখে আসিবেন, সকালে বলছে না আপনি আসিবেন না, আপনি আসিলে আমরা ঢুকতে দেব না। এই হচ্ছে

আমাদের সম্মান, মর্যাদা। আমি দেখছি আমার বিরুদ্ধে যে ভোটে দাঁড়িয়েছে মুর্শিদাবাদ জেলার তৃণমূল কংগ্রেসের প্রেসিডেন্টের ছেলে, দুবার ফেল করেছে। কী পদাধিকার বলে সে এখন হয়ে গেছে সব কিছুর উদ্বোধক। যুব উৎসবের উদ্বোধন করবে কে ? না তাঁর ছেলে, ওখানে উদ্বোধন করবে কে ? না তাঁর ছেলে। এগুলি আপনাদের মধ্যেই পড়ে, আপনাদের মতো বাদ দিয়ে হয় না। এটা কালেকটিভ রেসপন্সিবিলিটি। আপনাকে ওখান থেকে খোঁজ নিতে হবে। এখানেও ওই জিনিস হয়। কতবার বলা হয়েছে। আমরা আছি এমএলএ আমাদের সিকিওরিটি তুলে নেওয়া হয়েছে। আর তার জন্য সকালে গাড়িতে করে ৬টা gunওয়ালা লোক দাঁড় করিয়ে দেয়। মন্ত্রীদেরকেও লজ্জা দেয়। আমি যদি মিথ্যা কথা বলি, আমি তার দায়িত্ব নিয়ে বলবো। এই রকম করা হয়েছে, এইগুলো উন্নতি হতে পারে না। আজকে অন্যান্য ক্ষেত্রে চলে যান, আমি চোখের সামনে দেখলাম যে গমের বীজ দেওয়া হলো, গমের বীজ গেল দোকানে, অফিসে গেল, কোনো তালিকা নাই, কিছু নাই, জনাকয়েক তৃণমূলের লোক সে ধরিয়ে দিচ্ছে একটা স্লিপ সে মাল পেয়ে যাচ্ছে, নিয়ে চলে যাচ্ছে। এটা ডিসিপ্লিন ?

[4:20 – 4:30 p.m.]

এটা ডিসিপ্লিন? এই দিয়ে ভালো হবে? এই যে বলা হয়েছে যে, আমাদের মুখ্যমন্ত্রী কর্মঠ, মুখ্যমন্ত্রী ছুটতে পারেন, ডায়নামিক এ ব্যাপারে কোনো আপত্তি নেই। কিন্তু আপনি বলুন তো এই যে বলা হচ্ছে ১০০ মিটিং করেছেন, ১০০-র উপর মিটিং করেছেন এটা রেকর্ড হতে পারে, এতে গিনীস বুকে নাম উঠতে পারে কিন্তু কী হয়েছে? গাড়ি সাপ্লাই করবে কে–ডি.এম। খাবার সাপ্লাই করবে কে – বি.ডি.ও। টিফিন সাপ্লাই করবে স্কুলের মাস্টার মশাই। সব দেবে এবং সবাইকে বলো চলো বহরমপুর। ১ লক্ষ লোক নিয়ে যেতে হবে। সব খরচ করবে কে? না, সরকার। বক্তৃতা করবে কে? মাননীয়া মুখ্যমন্ত্রী। কী বক্তৃতা হবে? তৃণমূলের বক্তৃতা হবে। আমি দায়িত্ব নিয়ে বলছি, সব পলিটিকাল বক্তৃতা হয়েছে। সেখানে অন্য কোনো বক্তৃতা হয়নি। এম.এল.এ যায়নি, ডাকা হয়নি। যারা বিরোধী আছে কাউকে ডাকা হয়নি। ডাকা হয়নি। আর সবথেকে বড় কথা আমরা বলেছিলাম, এই অর্থনীতি সবকিছুর মধ্যেই আছে। আমার দেশে গণতন্ত্র থাকবে কিনা সে তো অর্থনীতির উপর নির্ভর করে। আপনি বলতে পারবেন মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয়, এটা কি সমর্থন করতে পারবেন? যে ভোটে জিতবে এক পার্টি আর সরকার গড়বে আর এক পার্টি। হয় কখনও? আজকে অনেক জায়গায় হয়েছে একটা তৃণমূলের মেম্বার নেই। পঞ্চায়েত কার? না, তৃণমূলের। একটা জেলা পরিষদের মেম্বার নাই। পঞ্চায়েত সমিতি কার? না, তৃণমূলের। এটা হাসতে ভালো লাগে। এখন সাময়িক ভালো লাগবে কিন্তু সে দিন আসবে এ চিরকাল মানুষ মেনে নেবে না। আর আপনি মনে করছেন যে, ঐ আমাদের দেখাচ্ছেন যে ২১৭, ২১৭। আমাদেরও একজন ভুল করে বলেছিল, ২৩৫। আর ২৩৫ বলতে সময় লেগেছিল ৩৫ বছর। ৩৫ বছর লেগেছিল। আর আপনারা এক বছরের মধ্যে তাই করেছেন। আর আজকে কী বলছেন, বলছেন আমাদের সাফল্য। তাকিয়ে দেখুন সারা ভারতের গণতন্ত্রের যদি পথপ্রদর্শক কেউ থাকে তার নাম হচ্ছে, বামফ্রন্ট সরকার। যখন সাম্প্রদায়িক দ্বন্দ্ব হয় জ্যোতি বসুর মত লোক প্রকাশ্যে বলতে পারেন যে সব ফেলে দিয়ে দরকারে সরকার ভেঙে দিন কিন্তু ঐ মসজিদ রক্ষা করতে হবে। এ কথা কে বলেছিল? তাঁর নাম জ্যোতি বোস। ১৮ বছর বয়সে ভোটার কার্ড করতে হবে কে বলেছিল? জ্যোতি বোস।... (এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রীমতী মিতালি রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ১০ই ফেব্রুয়ারি ২০১৭, যে জনমুখী বাজেট বিবৃতি দিয়েছেন আমি তার সমর্থনে দু-একটি

কথা বলতে চাই। স্যার, ডিমানিটাইজেশনের ফলে সাধারণ মানুষ থেকে কৃষিজীবী, শ্রমজীবী, ব্যবসায়ীসহ সমাজের সমস্ত স্তরের মানুষ যখন ক্ষতিগ্রস্ত, হতাশ এবং সমস্যার সম্মুখীন হয়েছিল ঠিক তখন আমাদের মা-মাটি-মানুষের সরকার জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হৃদয়ঙ্গম করা এই বাজেট সমস্ত বাংলার মানুষকে নতুন করে দিশা দেখাচ্ছে। মাননীয়া মুখ্যমন্ত্রী তাই কৃষকদের জন্য ১০০ কোটি টাকা বরাদ্দ করেছেন। স্যার, আমি গ্রামের মেয়ে। ৩৪ বছর ধরে উত্তরবঙ্গ বঞ্চিত, অবহেলিত। আমার জলপাইগুড়ি জেলা। স্যার, আজ গর্ব হয় যে উত্তরবঙ্গ আর বঞ্চিত নয়। উত্তরবঙ্গের মানুষ আমরাও তাই পেলাম – কন্যাশ্রী, যুবশ্রী, সবুজশ্রী, সবুজসাথী, খাদ্যসাথী, স্বাস্থ্যসাথী, নিজভূমি-নিজগৃহ, জলধরো-জলভরো, লোকপ্রসার প্রকল্প, সমব্যথী, গতিধারা, স্বামী বিবেকানন্দ স্কলারশিপ, তপশিলি জাতি/উপজাতি ছাত্রছাত্রীদের জন্য শিক্ষাশ্রী, সংখ্যালঘু ভাই-বোনেদের জন্য স্কলারশিপ লোন ইত্যাদি বিভিন্ন প্রকল্প। শুধু তাই নয় স্যার, আজ আমরা গ্রামের মানুষই এই সরকারের থেকে পেলাম এমন একটি প্রকল্প যার নাম বৈতরণী প্রকল্প। স্যার, ভাবতে পারবেন না। আমরা গ্রামবাংলার মানুষ যারা গ্রামে থাকি কখনও ভাবতেও পারিনা যে, সৎকারের জন্য এই রাজ্য সরকারের এমন একটি প্রকল্প যা এক কথায় অনবদ্য। শুধু তাই নয় অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকা থেকে শুরু করে আশা কর্মীদের বেতন বৃদ্ধি। আমি এই সদনে বসে অনেক কথাই শুনছিলাম। অনেক রকম কটূক্তি করে কথা বলা হয়। কিন্তু আমরা যারা সাধারণ মানুষ, আমরা যারা বিধায়ক, আমরা যারা জনপ্রতিনিধি গ্রামেগঞ্জে যখন ঘুরি তখন এই সমস্ত কর্মীরা যখন এসে বলে যে, তাদের বেতন বৃদ্ধি করার কথা, তখন সত্যিই স্যার আজকের এই বাজেট আমি বলব গর্ব করে বলতে পারি সেই মানুষগুলোর মুখে হাসি ফুটিয়েছে যা ভাবা যায় না ! আমি মনে করি, এই হাসি আমাদের মা-মাটি-মানুষের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্য একটি আশীর্বাদ। শুধু তাই নয় স্যার, কৃষিতে এই বাংলা কৃষি কর্মণ পুরস্কার ২০১৭ লাভ করেছে। তাই স্যার, আজ বলতে চাই যে, universalization of soil health card for the farmers of West Bengal প্রকল্পের অধীনে ২০১৫-১৬ অর্থবর্ষে আমার ধূপগুড়ি ব্লক আমাদের রাজ্যে প্রথম হয়েছে এবং প্রথম পুরস্কৃত হয়েছে। শুধু তাই নয় স্যার, এবারেও ২০১৬-১৭ অর্থবর্ষেও SHC টার্গেট আমার ধূপগুড়ি ব্লক ফিল আপ করেছে যা আগে কখনও এই বামফ্রন্টের আমলে হয়নি। শুধু তাই নয় স্যার, প্রাণিসম্পদ বিভাগের মধ্য দিয়েও আমরা দেখতে পাই, আমি জলপাইগুড়ি জেলার মেয়ে। আমার ময়নাগুড়িতে এই সরকার ভেটেরনারি এবং ফিশারি কলেজ করছে যা আমাদের জলপাইগুড়ি জেলার প্রত্যেকটি মানুষের জন্য অত্যন্ত আনন্দের এবং আগামীদিনে আমরা এখান থেকে নতুন করে আমাদের সমাজ দিশা দেখতে শুরু করেছে। শুধু তাই নয় স্যার, পঞ্চায়েতে সুস্থ স্বাস্থ্যসম্মত পরিবেশ গড়ে তোলার লক্ষে নির্মল বাংলা এই সরকার গড়ছে। এবং খুব শীঘ্রই স্যার বলতে পারি যে, আমার জলপাইগুড়ি জেলা নির্মল জেলা হিসাবে ঘোষিত হবে। শুধু তাই নয় স্যার, স্বাস্থ্য, এই স্বাস্থ্যতে আমার জলপাইগুড়ি district hospital – ১০ই ফেব্রুয়ারি আমাদের বাজেট বক্তৃতার পর আমি যখন ফিরে যাই, বইটা পড়ছিলাম তখন দেখলাম যে আমাদের জলপাইগুড়ি district hospital-এ Mother and Child Hub গড়ার জন্য এই সরকার পরিকল্পনা নিয়েছে। স্যার, আমি সেদিন রাত্রে আমাদের CMOH-কে ফোন করেছিলাম যে, সাহেব আমাদের Mother and Child Hub এই জিনিসটা আমি বুঝতে পারছি না। বলছেন যে, আমাদের এই Mother and Child Hub জলপাইগুড়িতে হয়ে গেছে। আমরা শুধু দায়িত্ব নেওয়ার অপেক্ষায় আছি। শুধু তাই নয় স্যার, আমাদের গ্রামীণ এলাকা ধূপগুড়ি ব্লক, এই ধূপগুড়ি rural hospital-এ আমাদের model labour room হয়েছে স্যার। শুধু তাই নয় স্যার, আমার প্রত্যন্ত গ্রামবাংলার প্রসূতি মায়েদের জন্য এবং তার সন্তানের জন্য SNSU Unit এখানে চালু হয়েছে। শুধু তাই নয়

স্যার, সমাজে মানুষের পথ নিরাপত্তা সুনিশ্চিত করতে এই সরকার safe drive save life-এর মতো প্রোগ্রাম করেছে। ট্রাফিক নিয়ন্ত্রণে CCTV ক্যামেরা ট্রাফিক যন্ত্রপাতি, রোড ইঞ্জিনিয়ারিং থেকে শুরু করে স্যার অনেক কিছু করেছেন। স্যার, আরো বলতে চাই যে, সামাজিক ভারসাম্য গড়বার লক্ষ্যে এই সরকার public police relationship programme করেছে যা আগে কখনও এই ৩৪ বছরের ইতিহাসে আমরা এই বাংলার মানুষ উত্তরবঙ্গের মানুষ আমরা কখনও দেখতে পাইনি। শুধু কি তাই স্যার, আজকে ভাবলে গর্ব বোধ হয়, আমি অত্যন্ত গর্বিত যে আমাদের দার্জিলিং, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলার ছেলেমেয়েদের জন্য হিমল-তরাই-ডুয়ার্স উৎসব যেখানে হাজার হাজার ছেলেমেয়েরা ফুটবল, ভলিবল, তীরন্দাজি, মার্শাল আর্ট প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে। স্যার, খেলাধুলায় এই অঞ্চলের ছেলেমেয়েরা বিশ্বের দরবারে অংশগ্রহণ করুক এই সরকারের এটাই লক্ষ্য। শুধু তাই নয় স্যার, আমার ধূপগুড়িতে ভারতবর্ষের স্বাধীনতার ইতিহাসে চা-বাগান অধ্যুষিত এলাকা সেখানে বানারহাটের মতো জায়গায় আজ হিন্দি কলেজ স্থাপন হয়েছে। ধূপগুড়িতে ITI college হয়েছে। নারীশিক্ষার কথা এখানে দাঁড়িয়ে অনেক কথা বলেন, আমি তাঁদের বলতে চাই ৩৪ বছরের ইতিহাসে আজকে ধূপগুড়ির মতো একটি জায়গায় আমরা মহিলা কলেজ পেয়েছি। এটা আমি মনে করি আমি নারী হিসাবে গর্বিত। তাই স্যার, এই জনমুখী বাজেটে আর একটি গুরুত্বপূর্ণ দিক হল, stamp duty-র রদবদল। যার ফলে সাধারণ মানুষ অতি সহজে তাদের সম্পত্তি সংক্রান্ত চুক্তিপত্র, বায়নানামা, registry office-এ নিবন্ধন করতে পারবে। সরকারের এই সিদ্ধান্তকে আমি স্বাগত জানাই। স্যার, একটা কথাই বলব শেষ করার আগে। স্যার রাজনৈতিক ক্ষমতা কাদের জন্য ? আমি মনে করি এই সদনে অনেক সমালোচনা হচ্ছে, স্বামী বিবেকানন্দ বলে গেছেন যে, রাজনৈতিক ক্ষমতা তাদের জন্য যে, সমাজে দুর্বল পীড়িত অসহায় মানুষ যারা, যারা চলতে পারে না, করতে পারে তাদের পাশে দাঁড়িয়ে আমরা সহযোগিতা করব এটাই হচ্ছে, আমাদের ক্ষমতার মূল উৎস।

তাই স্যার, বলতে চাই, সেই জায়গায় দাঁড়িয়ে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শুধু সেই মানুষগুলির জন্য উনি যে কাজগুলি করেছেন তার জন্য – তাই আমি, সেই মানুষগুলো, আর সকলেই মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আছে। যাঁরা সমালোচনা করছেন আমি বলব, তাঁদেরকে, তাদের আর জায়গা নেই,তাই মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের যে বাজেট, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র এই সদনে পেশ করেছেন ১০ তারিখ, আমি তাঁকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ, নমস্কার।

[4:30 – 4:50 p.m.]

শ্রীমতী রহিমা মন্ডল : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী ১০ তারিখে যে বাজেট এনেছেন যে জনমুখী-জনকল্যাণ-জনউন্নয়ন বাজেট তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটা কথা বলছি। আজকে আমরা বাংলার একজন মুখ্যমন্ত্রী পেয়েছি, বাংলার মানবিক মুখ্যমন্ত্রী, বাংলার মুক্তিসূর্য হিসাবে আমরা ইন্দিরা গান্ধীর নাম জানতাম,বর্তমান পশ্চিমবাংলার মমতা বন্দ্যোপাধ্যায় আগামী দিনে ভারতবর্ষের মুক্তিসূর্য হিসাবে চিহ্নিত হবে। আমরা গর্ববোধ করি মহিলারা। তিনি যে ১১ সালে মানুষের কাছে গিয়ে মানুষকে প্রতিশ্রুতি দিয়েছিলেন, স্বপ্ন দেখিয়েছিলেন ; স্বপ্ন দেখিয়েছিলেন বাংলার মানুষকে, বাস্তবে রূপদান করেছেন কন্যাশ্রী প্রকল্প। আজকে বিশ্বরেকর্ড করেছে। ইতিহাসে স্বর্ণাক্ষরে মমতা বন্দ্যোপাধ্যায়ের নাম লেখা থাকবে। ইউনিসেফ-এর প্রধানরা দেখতে এসেছিলেন বাংলার মুখ্যমন্ত্রীর কন্যাশ্রী প্রকল্প। আমরা গর্ববোধ করি, একজন নারী হিসাবে যে বাংলার মেয়েদের সম্মানীত করেছেন, এই মর্যাদা দিয়েছেন। শুধু তাই নয়, আজকে আশা কর্মী, আই সি ডি এস কর্মীদের তিনি এই

বাজেটে ভাতা বাড়িয়েছেন, অন্যদিকে তন্ময়বাবুরা, রমা দেবীরা, আনিসুর রহমানরা দেখতে পাচ্ছেন না স্যার। বুঝতে পারছেন না। জানিনা কেন, কোনো পঞ্চেন্দ্রিয় কাজ করছে না মনে হচ্ছে,ভারসাম্য হারিয়েছে, মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেছেন। খুড়তুতো, মাসতুতো, জেঠতুতো, পিসতুতো সব ভাইগুলো একসঙ্গে হয়েও বাংলার মানুষ তাদেরকে প্রত্যাখ্যান করেছে ২০১৩ সালে। তাই আমরা আর একবার স্মরণ করিয়ে দিতে চাই, এটা আমাদের অহঙ্কার নয়, ২১১; এটা আপনাদের আর একবার বিবেকের কাছে প্রশ্ন করা উচিত, যত চেঁচাচ্ছেন,তত মাইনাস। বাংলার একজন প্রথম মুখ্যমন্ত্রী যিনি বাংলার সমস্ত মানুষকে মর্যাদা দিতে চলেছেন। ৩৪ বছর ধরে তন্ময়বাবু বলছিলেন, আপনি উঃ ২৪ পরগনা জেলার মানুষ, উঃ ২৪ পরগনা জেলা পরিষদ সদস্য ছিলাম ২০০৮ সালে, ২০১৩ সালে পুনর্নির্বাচিত হয়ে জেলা পরিষদের একটা দায়িত্ব পেয়েছিলাম সভাধিপতি হিসাবে। ২০০টা গ্রাম পঞ্চায়েত, ২২টা পঞ্চায়েত সমিতি, ২৭টা পৌরসভা, ৩৩টা বিধানসভা, ৫টা লোকসভা, উঃ ২৪ পরগণায় প্রায় ১কোটি ১০লক্ষ মানুষের বসবাস। ৩৪ বছর ধরে যারা জেলা পরিষদ আঁকড়ে রেখেছিল, ভোট করতে দেয়নি, সুস্থভাবে মানুষকে গণতন্ত্র তারা প্রতিষ্ঠিত করতে দেয়নি। আমরা সকলেই জানি, জলের আর এক নাম জীবন। তন্ময়বাবুরা আমাদের সুন্দরবন এলাকার মানুষকে জল পর্যন্ত দেননি আপনারা – আমরা দেখলাম, ২০১৩ সালে জেলা পরিষদে মমতা বন্দ্যোপাধ্যায় হাত দেওয়ার পরে – সেই সুন্দরবনের মানুষ পুকুরের জল খাচ্ছে স্যার।

কুয়োর জল খাচ্ছে। সন্দেশখালি, হিঙ্গলগঞ্জ, মিনাখাঁর মানুষ জল পায় না। তারা আমার জেলা পরিষদে এসে ক্যাশ অ্যানালিসিস দেখেছে – প্রচুর টাকা। স্যার, টুয়েলফথ ফিনান্সের টাকা খরচ করতে পারেনি, সেকেন্ড ফিনান্সের টাকা খরচ করতে পারেনি বিগত জেলা পরিষদ। আমরা সেই টাকা খরচ করে দিয়েছি। সমস্ত স্কিম নিয়ে আমরা সেই টাকা খরচ করে দিয়ে, মাননীয় অর্থমন্ত্রী আমার উত্তর ২৪ পরগনা জেলার বিধায়ক, বিভিন্ন জল প্রকল্প আমরা মানুষের কাছে পৌঁছে দিয়েছি। ৭.৫ লক্ষের বেশি মানুষ উপকৃত হয়েছেন। এই ৭৭টি নলবাহিত জল সরবরাহ কর্মপ্রকল্পের মাধ্যমে আমরা জল কর পরিষেবা দিতে পেরেছি। এই জল প্রকল্পের কাজ মালঞ্চ, হাবড়া সহ সারা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় ৪৭৫টির মত কাজ এখনো চলছে। শুধু তাই নয়, যে সমস্ত আর্সেনিক প্রবণতা এলাকা, সেই সমস্ত এলাকার স্কুলের ছাত্রছাত্রীদের জন্য বিশেষ জল প্রকল্প এ টি এম প্রজেক্টের মাধ্যমে আমরা জল স্কুলে পৌঁছে দিতে পারছি। আমরা পূর্ত বিভাগের কথা বলি। রাস্তাঘাট, শ্মশান, কবরস্থান, বিভিন্ন উন্নয়নমূলক কাজ পশ্চিমবাংলা জুড়ে যেভাবে হচ্ছে আপনারা সেগুলো দেখতে পাচ্ছেন না। আমি তাই কবির ভাষায় বলতে চাই, 'বিশ্বকবির সোনার বাংলা, নজরুলের সেই বাংলাদেশ, জীবনানন্দের রূপসী বাংলা, আজকে তুলনা তাহার নেইকো শেষ।' আপনারা কৃষকদের স্বার্থে কৃষকদের কথা বলছিলেন যে কৃষকরা সব মৃত্যুর মিছিল করছে ? ২০০০ সালের বন্যার কথা আজকে সকলের মনে আছে। স্যার, ১৭ দিন ছাদের ওপরে ছিলাম। আমরা একটা তাঁবু পাইনি, চাল পাইনি। আমরা দেখেছিলাম শুধুমাত্র রাজনীতি হয়েছিল। ২০০০ সালের বন্যার কৃষকদের ক্ষতিগ্রস্তের টাকা ক্যাশ অ্যানালিসিসে আমি গত বছর সেই টাকা ডিস্ট্রিবিউশান করেছি, দিতে পারিনি। কৃষকের বন্ধু, যাদের চোখের জলে বুক ভেসে যায় কৃষকদের জন্য। বাংলার মানবিক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, বিগত বছরে যেভাবে সমস্ত ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতিপূরণ দিয়েছিলেন আমি নিজে হাতে করে পশ্চিমবাংলায়, সবার আগে উত্তর ২৪ পরগনা জেলা পরিষদে আমরা কোনো কমরেড দেখিনি, কোনো বি জে পি দেখিনি, সি পি এম দেখিনি, আমরা জন....

...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)...

Shri Ali Imran Ramz : Honourable Speaker Sir,

آج عزت مآب وزیر مالیات کے بجٹ کے discussion میں participate کرنے کیلئے وقت دیا اس کے لئے شکریہ، سب سے پہلے میں ہمارے عزت مآب وزیر مالیات صاحب سے یہ کہنا چاہوں گا کہ میں Economics کا اسٹوڈنٹ تو نہیں رہا اور میں آپ کی طرح Economist بھی نہیں ہوں لیکن میری چھوٹی سمجھ میں جو بات سمجھ میں آئی ہے اُس کو آپ کے سامنے رکھ کر آپ سے کچھ سوال پوچھنا چاہتا ہوں۔ میرا یہ کہنا ہے کہ آپ کے جو Budget at a Glance کا جو پہلا صفحہ ہے۔ اُس کو کھول کر جب میں نے دیکھا state Tax Revenue میں آپ کا 2016-17 کا جو بجٹ تھا اُس میں آپ کا ٹارگیٹ تھا 50773.52 crores لیکن آپ نے received کیا ہے 48926.69 crores جتنا آپ نے سوچا اُس سے کم آپ کو received ہوا۔ اور non tax revenue جو ہے اُس میں بھی آپ نے 2688 crores آپ نے بجٹ دیا تھا لیکن آپ کو اُس میں بھی تقریباً چھ سو سات سو کروڑ روپے آپ کو کم آیا۔ جو اسٹیٹ کے ہاتھ میں ہے، جس کی ملکیت آپ کے ہاتھ میں ہے جو کلکشن آپ کو کرنا چاہئے تھا وہاں پر آپ ہی کے بجٹ کے مطابق آپ ہی بتا رہے ہیں کہ آپ وہاں پر failure ہو گئے ہیں۔ اور جو central revenue ہے جو state share of union taxes and duties ہیں اُس میں سنٹرل جو دیتی ہے وہ سنٹرل اپنا کام آپ کا جتنا تھا اُس سے زیادہ مل رہا ہے grant -in- aids for central government اُس میں بھی آپ کو سنٹرل گورنمنٹ سے جو ملنا چاہئے تھا آپ کے ٹارگیٹ سے زیادہ مل رہا ہے۔ سنٹرل سے آپ کو زیادہ مل رہا ہے جہاں آپ کو آپ کی محنت سے جو ملنا چاہئے تھا اسٹیٹ سے وہاں پر آپ revenue collection نہیں کر پا رہے ہیں۔ اس سے یہ سمجھ میں آرہا ہے کہ کہیں نہ کہیں آپ as a finance minister اسٹیٹ کو جو آپ دیکھا رہے ہیں وہ آپ کر نہیں پا رہے ہیں۔ یہی بات سامنے آرہی ہے اور total آپ کا ریسیوڈ آپ نے دیکھایا ہے 182291.91 crores یہ آپ کا total received ہے capital received ہے۔ میں آپ سے صرف اتنا جاننا چاہوں گا کہ یہ جو آپ کا income جو آپ دیکھا رہے ہیں تو ایک چھوٹا سا سوال میں آپ سے کرنا چاہوں گا کہ ہمارے اسٹیٹ میں جو بھی گورنمنٹ ملازمین ہیں total government employees کا جو سالانہ ڈی اے دینے کی بات ہوتی ہے وہ total DA ہمارے بنگال کے تمام ملازمین کا approx ۵۰ فیصد ڈی اے باقی ہے۔ یہ ۵۰ فیصد ڈی اے جو ہمارے بنگال کے ملازمین کا باقی ہے 1% DA = 300 crore rupees ہوتا ہے اور ۵۰ فیصد ڈی اے اگر باقی ہے تو 50x300 crores اگر کیا جائے تو تقریباً ۱۵ ہزار کروڑ روپے ہوتا ہے۔ ایک سال کا ڈی اے اور پچھلے چھ سال سے ہمارے بنگال کے اسٹیٹ ملازمین کا ڈی اے باقی ہے

[4:50 – 5:00 p.m.]

اگر اس کو 15x6 کیا جائے تو یہ ۹۰ ہزار کروڑ روپے ہوتا ہے۔ تو ۹۰ ہزار کروڑ روپے ہمارے سرکاری ملازمین جو کہ اسٹیٹ کو سروس دے رہے ہیں، ہمارے بدھان سبھا کو سروس دے رہے ہیں ایسے اسٹیٹ ملازمین کا ۹۰ ہزار کروڑ روپے آپ کے پاس جمع ہے۔ اور آپ نے دیکھایا ہے کہ آپ کا total capital received 182291 crores ہے یعنی کہ آپ نے جتنا capital received دیکھایا ہے اُس کا ۵۰ فیصد پیسہ صرف ہمارے اسٹیٹ ملازمین کا آپ کے پاس ہے آپ کی سرکار کے پاس ہے آپ نے اُس کو لے رکھا ہے تو میں یہ جاننا چاہتا ہوں کہ ہمارے جو سرکاری ملازمین ہیں ان کا minimum salary ہے اُس میں ان کو تین ہزار

روپئے کا ہر مہینہ نقصان ہو رہا ہے۔ اور جو maximum salary والے ہیں اُن کو ۱۸ ہزار روپئے کا ہر مہینہ نقصان ہو رہا ہے۔ اتنا جو gap ہے یہ جو روپئے ان کا حق ہے ان کا Democratic Right ہے ان کا National Right ہے ان ملازمین کا پیسہ اسٹیٹ گورنمنٹ رکھ کر جو آپ نے اپنے بجٹ میں دیکھایا ہے کہ آپ نے آنگن واری ورکر، آنگن واری ہلپر، آشا کرمی ان لوگوں کے لئے ۵۰۰ روپے بڑھا دیا ہے۔ ابھی ہماری جلپائی گوڑی کی ایم ایل اے صاحبہ بول رہی تھیں کہ وہاں پر جول بھورو جول بھورو ہو رہا ہے، کنیا شری ہو رہا ہے، یوبا اتسو، ماٹی اتسو سے لے کر کریسی اتسو ہر طرح کا اسکیم وہاں پر مل رہا ہے اور وہ بہت خوش ہو رہی ہیں تو اُن کی جانکاری کے لئے میں بولنا چاہتا ہوں کہ جتنا بھی بنگال سرکار کی طرف سے جو جو اتسو آپلوگ منا رہے ہیں گاؤں گاؤں میں کریسی اتسو، یوبا اتسو، کلب کو پیسہ دینا موگرہاٹ میں دارو پی کر مر جانے والوں کو دو دو لاکھ روپیہ دینا، بھانگڑھ میں پولس کی گولی سے مارے گئے کسانوں کو دو دو لاکھ روپیہ دینا یہ سارا پیسہ ہمارے اسٹیٹ کے ملازمین کے پیسے سے دے رہے ہیں۔ آپ کا اسٹیٹ بجٹ کہاں ہے؟ آپ ہمارے اسٹیٹ کے ملازمین کے پیسے کو لیکر آپ سرکار چلا رہے ہیں۔ اور جو ملازمین ہمارے یہاں بدھان سبھا میں کھڑے ہیں کبھی اُن کی طرف پلٹ کر دیکھئے کہ جو آپ کو ایک گلاس پانی لا کر دیتا ہے، جو آپ کے دفتر میں چائے لا کر دیتا ہے، جو آپ کی گاڑی چلاتا ہے، جو بدھان سبھا کا دروازہ کھولتا ہے یہ سارے لوگ کہیں نہ کہیں آپ کی طرف دیکھتے ہیں کہ آپ کے بجٹ میں اُن کے لئے کیا ہوگا؟ آپ نے کبھی اُن کے لئے کچھ نہیں کہا۔ کیوں نہیں کہا گیا؟ ہمارے اسٹیٹ ملازمین کو اُن کا ڈی اے کیوں نہیں دیا جا رہا ہے؟ آپ سے میں سوال کرتا ہوں اور آپ سے اُمید کرتا ہوں کہ آپ سیدھے سادھے الفاظ میں یہ بتائیں گے کیا؟ جب سنٹرل گورنمنٹ نے ساتویں پے کمیشن آج پورے ہندوستان میں لاگو کر رکھا ہے اور ہمارے اسٹیٹ کے ملازمین ابھی تک اپنا ڈی اے کلیئر نہیں کر پا رہے ہیں جس کی وجہ سے اُن کا پے کمیشن لاگو نہیں کیا جا رہا ہے ابھی ہماری ایک ایم ایل اے صاحبہ پوچھ رہی تھیں کہ بایاں محاذ کے دور میں کیا کیا؟ یہ جانکاری کے لئے بتا دے رہا ہوں کیونکہ آپ لوگوں کو ٹریننگ دے کر یہاں پر بھیجا جاتا ہے کہ آپ لوگ صرف بدھان سبھا میں جا کر پیچھے بیٹھ کر چلاؤں جو کہ آپ کو کبھی نہیں دیکھا کہ آپ کھڑی ہو کر کبھی کسی issue پر ایک لفظ آپ نے بولا ہو۔ آپ نے اپنے بدھان سبھا کیلئے بھی نہیں بولا ہے۔ صرف یہاں پر چلانے کے لئے ٹریننگ دے کر بھیجا جاتا ہے۔ میں آپ کی جانکاری کے لئے بالوں کہ ۲۰۰۲ میں بایاں محاذ کی حکومت میں ۲۰۰۲ میں ایک بار ڈی اے سرکار نہیں دے پائی تھی تو اُس ڈی اے کو پورا کرنے کے لئے ۲۰۰۵ میں تین بار ڈی اے دیا گیا، ۲۰۰۶ میں تین بار ڈی اے دیا گیا، ۲۰۰۷ میں تین بار ڈی اے دیا گیا اور ۲۰۰۸ میں تین بار ڈی اے دیا گیا، ڈی اے دے کر اُس ایک سال کو پچھلے چار سال میں compensate کیا گیا تھا۔ یہ کرنے میں بایاں محاذ نے اُس کے بعد پے کمیشن لاگو کیا تھا یہ بایاں محاذ ہی کر کے گیا ہے لیکن آپ کی لیڈر شپ میں آج وزیر مالیات ہمارے اسٹیٹ کے ملازمین کے ساتھ سب سے بڑی ناانصافی ہو رہی ہے جو ہمارا اسٹیٹ کا سب سے بڑا استر بن کر آج ہے جس کی وجہ سے بدھان سبھا کا دروازہ کھولتا ہے اور اسٹیٹ چلتا ہے اگر یہ ملازمین اپنی جگہ پر آج تالا کھولنا بند کر دیں تو اسپیکر صاحب کا دروازہ نہیں کھلے گا، آپ کی گاڑی نہیں چلے گی آپ کے دفتروں میں کوئی آواز اٹھانے والا نہیں رہے گا۔ آپ نے کیا کیا ہے؟ آپ کہتے ہیں، بول تو رہے ہیں سنیے، سنیے، آپ سے میں کہتا ہوں کہ بجٹ میں ابھی ہمارے انیس الرحمان صاحب کہہ رہے تھے کہ جمہوریت میں Finance کا بہت بڑا ہاتھ ہوتا ہے۔ Economical Democracy ہمارے پاس رہے گا یا نہیں Financial Democracy، بھی ہم کو چاہئے یہ نعرہ ہم دیتے ہیں کہ ۱۹۴۷ میں ملک آزاد ہوا ہے لیکن آج بھی ہم Financially آزاد نہیں ہے۔ اس آزادی کی لڑائی میں آپ کو ہمارا ساتھ دینا ہوگا as a finance minister بنگال کو آزادی

کی طرف لے کر جانا ہوگا یہ ذمہ داری آپ کے کاندھے پر ہے۔تو آپ سے میں پوچھنا چاہتا ہوں کہ جہاں اسٹیٹ ملازمین کو ڈی اے نہیں مل رہا ہے اور اُسی اسٹیٹ میں جب کوئی اسٹیٹ ملازم اپنے حق کے لئے آواز اٹھاتا ہے ڈی اے کی مانگ کرتا ہے تو آپ کی سرکار آپ کی دفتر سے اُس کے لئے کیا فرمان آتا ہے ایک سرکلر جاری کر دیا جاتا ہے کسی بھی سرکاری آفس میں سرکاری وقت میں کوئی اندولن نہیں ہوگا، کوئی دھرنا نہیں ہوگا، کوئی پردرشن نہیں ہوگا یہ سرکلر آپ جاری کر دیتے ہیں تو میں آپ لوگوں سے پوچھنا چاہتا ہوں کہ سرکار کے خلاف اگر ہمیں آواز اٹھانی ہو یا سرکاری ملازمین کو آواز اٹھانا ہو تو بدھان سبھا کے ملازمین یا اسٹیٹ کے کسی بھی دفتر کے ملازمین ہوں وہ اپنی آواز کب اٹھائیں گے ؟جب دفتر بند ہو جائیگا اتوار کے دن sunday کے دن، national holiday کے دن یا state holidays کے دن، جس دن اسٹیٹ ہولی ڈے ہوگا، جس دن نیشنل ہولی ڈیس ہوگا، جس دن سنڈے ہوگا اُس دن وہ اندولن کریں گے ؟اُس دن وہ آفس میں جا کر دھرنا دیں گے آپ کا یہ سرکلر unconstitutional ہے یہ undemocratic ہے یہ جو سرکلر آپ کی سرکار نے دیا ہے۔اور یہ آپ کو ایک مثال کے طور پر بتا رہا ہوں کہ نبانہ میں جب سدیپ داس گپتا نام کے ایک ملازم نے ڈی اے کے لئے agitation کیا تھا تو آپ کی سرکار نے اُس کا ٹرانسفر کر کے اُس کو جی ٹی اے بھیج دیا، اُس کو جی ٹی اے بھیج دیا گیا تو آپ جمہوریت کی بات کرتے ہیں آپ ہی کہتے ہیں کہ (آمادر سونگے بونچونا ہوچے) آپ کو کوئی حق نہیں بنتا ہے کہ آپ کی سرکار بونچونا کی بات کرے آپ کی سرکار کو کوئی حق نہیں بنتا ہے کہ آپ جمہوریت کی بات کریں جو کہ آپ جمہوریت کا گلا گھوٹ رہے ہیں۔سدیپ داس گپتا کا کیا قصور ہے کہ اُس نے نبانہ میں یہ بات کہی کہ ہم لوگوں کو ڈی اے ملنا چاہئے صرف ڈی اے کا مانگ مانگا آپ لوگوں کے سامنے اُس کے لئے میں اُس کو ٹرانسفر کر کے جی ٹی اے بھیج دیا گیا۔اور آپ کی سرکار نے صرف ایک ملازم کے ساتھ کیس لڑنے کے لئے پبلک منی خرچ کر کے سپریم کورٹ میں اپنے آپ کو justify کرنے کے لئے آپ نے سدیپ داس گپتا کے خلاف سپریم کورٹ میں کیس لڑ رہے ہیں۔کس نے آپ کو حق دیا ہے؟ کیا آپ اسٹیٹ ملازم کے خلاف پبلک منی کو آپ استعمال کریں گے جبکہ اُس کا جمہوری حق ہے یہ چھوٹی چھوٹی بات

میں آپ لوگوں کے سامنے پوچھنا چاہتا ہوں کہ آج جو اسٹیٹ ملازمین ہیں ان ملازموں کی طرف آپ لوگوں کو دیکھنا چاہئے کہ پورے بنگال میں جس طریقے سے ہمارے اسٹیٹ ملازمین deprive ہو رہے ہیں ہر دفتر میں آپ کی سرکار میں ۴۵ ہزار سے زیادہ گورنمنٹ پوسٹ ابھی خالی ہے جس کا vacancy آپ نہیں نکال رہے ہیں، آپ approval نہیں دے رہے ہیں اور ایک ایک دفتر میں ملازم کم ہونے کے باوجود اُن لوگوں سے دوگنا کام لیا جا رہا ہے۔ایک ایک ملازم کو دو دو تین تین شیفٹ کا کام دیا جا رہا ہے، ایک چکلیہ میرے حلقے کی بات میں کرتا ہوں کہ میرے یہاں جو اے ایس آئی ہے Assistant school inspector وہ تین بلاک کو دیکھ رہا ہے تین بلاک (اسپیکر سر ایکٹوسومئی دیبین آپنی بھابتے پارین نا) تین بلاک دیکھ رہا ہے تین بلاک میں ایک اے ایس آئی ہے جو تین بلاک دیکھتا ہے گوالپوکھر ایک، گوالپوکھر دو اور ایٹھارتین بلاک میں ایک اے ایس آئی کو رکھا گیا ہے۔اور آپ کہتے ہیں کہ ہم یہاں ۲۷ لاکھ نوکری دیئے ہیں اسی لئے تو ہم آپ سے سوال کر رہے ہیں۔یہ بایاں محاذ نے نہیں کہا کہ ۲۷ لاکھ نوکری دیئے ہیں ۲۷ لاکھ نوکری آپ نے دیا ہے یہ بات آپ لوگوں نے کہا ہے عزت مآب وزیر اعلیٰ نے کہا ہے جو ۲۷ لاکھ نوکری آپ لوگوں نے دیا ہے ایک بلاک میں ایک اے ایس آئی نہیں ہے۔چکلیہ اسپتال میں بی ایم او ایچ نہیں ہے ڈاکٹر نہیں ہے gynae کا پوسٹ رہتے ہوئے gynae نہیں ہے dental کا پوسٹ رہتے ہوئے dentist نہیں ہے۔اور آپ بولتے ہیں کہ یہاں پر ترقی ہو رہی ہے کیا ترقی کی ہے آپ نے ؟ترقی کے نام پر صرف اتسو ہو رہا ہے اور اتسو بھی آپ کر رہے ہیں اسٹیٹ ملازمین کے پیسے کو لیکر صرف اسٹیٹ ملازمین کے پیسے کو آپ لوگوں نے

رکھ کر سرکار کا جو بجٹ ہے وہ اسٹیٹ ملازمین کے پیسے سے آپ کی سرکار چل رہی ہے آپ سے میں مانگ کرتا ہوں ہوں کہ آپ as a finance minister آج آپ declare کیجئے کہ آج آپ ہمارے اسٹیٹ ملازمین کو کتنا فیصد ڈی اے دے رہے ہیں ؟ کیا آپ یہ دیں گے یا نہیں؟ یا اسٹیٹ ملازمین کا ڈی اے رکھ کر سرکار چلانا یہ آپ اپنا moral responsibility سمجھتے ہیں اگر یہ سرکار کا moral responsibility سمجھتے ہیں تو میں یہ کہونگا کہ یہ unconstitutional ہے، undemocratic ہے اور یہ unlawful ہے جو ہمارے اسٹیٹ ملازمین کے ساتھ آپ لوگ کر رہے ہیں اسٹیٹ ملازمین کے لئے میں آپ سے مانگ کرتا ہوں کہ ہمارے اسٹیٹ ملازمین کے لئے آپ اعلان کریں یہاں پر کھڑے ہو کر کہ being a finance minister آپ ہمارے اسٹیٹ ملازمین کو کتنا فیصد ڈی اے دیتے ہیں اُن کا ڈی اے اُن کو دیا جائے یہ میں مانگ کرتا ہوں آپ سے

Mr. Speaker : Please conclude

Shri Ali Imran Ramz: یہی کہہ کر میں اپنی بات ختم کرتا ہوں۔

(اس کے بعد مائیک بند ہو گیا)

শ্রী সুকুমার মাহাত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, একদিকে বিরোধী এবং সি পি এম-এর অতি নাটকীয়তা, অন্য দিকে সারা ভারতবর্ষে ৮৬% নোটবন্দীর অগণতান্ত্রিক সিদ্ধান্ত, আর এক দিকে বামফ্রন্ট সরকারের চাপিয়ে দেওয়া আইনের বোঝার মাঝখানে আমাদের শ্রদ্ধেয় অর্থমন্ত্রী যখন বাজেট বক্তৃতা দিতে এলেন, তখন তিনি দীপ্তকণ্ঠে বললেন "আমরা গরীব হতে পারি, কিন্তু আমাদের মানসিকতা মানবিক।" অতএব, আমার মনে হয়েছে যে টোটাল বাজেট পেশ করতে এসে আমাদের অর্থমন্ত্রী সারা পশ্চিমবঙ্গের জন্য মানবিক বাজেট পেশ করলেন। এই বাজেট শুধু আজ নয়, দীর্ঘদিন ধরে আমাদের যখন ৩৪ বছর পর আমাদের শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তাঁর নির্দেশে পশ্চিমবঙ্গের উন্নয়ন চলছে। এর আগেও বাজেট আমরা মানবিক দেখেছি। আমার মনে হয়েছে এই বাজেট বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার বাজেট। এই বাংলাকে বিশ্ব বাংলা করার বাজেট। আমরা এই বাজেটে দেখলাম, একদিকে শ্রমিকরা কাজ হারিয়েছেন, সারা ভারতবর্ষে পশ্চিমবাংলায় যে শ্রমিকরা, না খেতে পাওয়া শ্রমিকরা যখন বিদেশে কাজ করতে যেতেন, সেই শ্রমিকরা নোটবন্দীর খেলায় পশ্চিমবঙ্গে ফিরে এসে, তাঁদের কাজ হারিয়ে অনাহারে থাকতে শুরু করলেন। এই বাজেটে সেই সমস্ত শ্রমিকদের জন্য এককালীন ৫০ হাজার টাকা অনুদান ঘোষণা করা হয়েছে এবং যার বরাদ্দ করা হয়েছে আড়াইশো কোটি টাকা। ভাবতে ভাল লাগছে যে, অগণতান্ত্রিক সরকারের সিদ্ধান্তে সারা ভারতবর্ষের মানুষ যখন কখনও এ টি এম-এ লাইন দিতে গিয়ে মৃত্যুর মিছিল করছেন, তখন আমাদের সরকার তাঁদের পাশে দাঁড়িয়ে তাঁদের জন্য আর্থিক অনুদানের ব্যবস্থা করেছেন।

আমাদের মাননীয় অর্থমন্ত্রী এদিকে যখন বাংলার কৃষকরা তাঁদের জমিতে সার দিতে পারেননি, বীজ কিনতে পারেননি নোটবন্দির খেলায়, কৃষকেরা ক্ষতির মুখে পড়েছেন তখন তাঁদের জন্য আর্থিক ঋণের ব্যবস্থা করেছেন। একশো কোটি টাকার বিশেষ তহবিল গঠনের প্রস্তাব দেওয়া হয়েছে। এই বাজেট অবশ্যই মানবিক বাজেট। এর আগেও আমরা মানবিক বাজেট দেখেছি। মা-মাটি-মানুষের সরকারের বিগত আয়লার সময়ে সুন্দরবনের মানুষ যখন বিপর্যস্ত হয়ে গিয়েছিল, যখন তাদের আশ্রয় ছিল না, খাদ্য-বাসস্থান ছিল না, তখন মানবিক

মুখ্যমন্ত্রীর নির্দেশে মা অন্নপূর্ণা রূপে সারা সুন্দরবনের মানুষের কাছে দু'টাকার চাল তুলে দিয়ে তিনি অন্নপূর্ণা রূপে পূজিত হলেন সারা সুন্দরবনের মানুষের কাছে। শুধু তাই নয়, বামফ্রন্টের মত এই পাঁচ বছরে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আমলাশোল উপহার দেননি, দিয়েছেন জঙ্গলমহলের মানুষকে দু'টাকার চাল, দিয়েছেন পাহাড়বাসীকে দু'টাকার চাল। তাই সাত কোটিরও বেশি মানুষকে খাদ্যসাথীর দু'টাকার চাল দিয়ে বাংলার মানুষের যেখানে মূল সমস্যা সেখানে মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর নিদান দেখতে পেলাম। বাংলার মানুষকে আমলাশোল উপহার দেননি। সেই জন্য ২৭০.৩০ কোটি টাকা বরাদ্দ হয়েছে খাদ্য সরবরাহ বিভাগে। আমাদের মুখ্যমন্ত্রীর নির্দেশে আমাদের অর্থমন্ত্রী শুধু গ্রাম পঞ্চায়েত নয়, গ্রাম উন্নয়ন নয়, সমস্ত উন্নয়নের দিকে এগিয়ে চলেছেন। আপনারা জানেন, দীর্ঘ চৌত্রিশ বছরে এই বামফ্রন্ট সরকার একটা টয়লেট করেনি। মানুষ কোথায় মল-মূত্র ত্যাগ করবে, তার চিন্তা-ভাবনা করেনি। আমাদের সরকার এসে বাংলাকে নির্মল করার জন্য, বাংলাকে নির্মল বাংলায় পরিণত করার জন্য, প্রায় ষোলো লক্ষের ওপর বাথরুম করেছেন। প্রায় ১২ হাজার ৮৬৪ কোটি টাকা বরাদ্দ হয়েছে রাস্তাঘাট নির্মাণের জন্য যা আগামী দিনে গ্রামবাংলার যে বিশেষ সড়ক যোগাযোগে, গ্রামবাংলার উন্নয়নে অগ্রাধিকার পাবে। স্যার, কয়েক বছর ক্ষমতায় আছি। আমাদের মাননীয় অর্থমন্ত্রী এই সকল বিষয়ে সিদ্ধান্ত নিয়েছেন। সেচ দপ্তরে দীর্ঘ চৌত্রিশ বছরে দেখেছি, যখন তখন বাঁধ ভেঙে বন্যা হয়েছে। গত পাঁচ বছরে আমরা কোনো বন্যা দেখিনি। নদীর বাঁধে কাজ হয়েছে, আয়লায় বাঁধ হয়েছে। সারা পশ্চিমবঙ্গে সেচের গুরুত্বপূর্ণ ডেভেলপমেন্ট হয়েছে। সেখানে আমরা সেচ ব্যবস্থার উন্নতি করতে পেরেছি। স্বাস্থ্য পরিবার কল্যাণ বিভাগকে নতুন করে ঢেলে সাজানো হয়েছে। আমরা জানি, গ্রামের মানুষ, সুন্দরবনের মানুষরা যেখানে সাধারণ একটা হসপিটাল পেত না সেখানে এখন শুধু প্রসূতি মায়েদের জন্য সুন্দরবনে আলাদা থাকার ঘর করা হয়েছে যেখানে মায়েরা রাত্রিবেলায় এসে থেকে যাতে ভোরবেলায় হসপিটালে পৌঁছাতে পারে। বিনা পয়সায় ওষুধ, বিনা পয়সায় চিকিৎসা পরিষেবা মনে হয় পৃথিবীর ইতিহাসে কোথাও নেই। আমাদেরই মানবিক মুখ্যমন্ত্রী সারা পশ্চিমবঙ্গের মানুষের জন্য সমস্ত হলপিটালগুলো ফ্রি করে দিয়েছেন। এর থেকে কি আমরা বলতে পারি না যে, এই বাজেট একটা গতিশীল বাজেট। এই বাজেট আমাদের এগিয়ে নিয়ে যাওয়ার বাজেট। আজকে যারা সবুজসাথী সাইকেল চড়ছেন, সবুজসাথী সাইকেল নিয়ে ছোট ছোট বাচ্চারা স্কুলে যাচ্ছেন, সেই সাইকেল নিয়ে গ্রামের মানুষদের দেখেছি, তারা বিভিন্ন ব্যবসা-বাণিজ্য করছেন। তাহলে এই সবুজসাথীর সাইকেল শুধু পড়াশোনার জন্য নয়, এই সাইকেল মানুষকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য। একটা গতিশীল প্রক্রিয়া যাতে মানুষ আগামী দিনে যে মানুষ একটা ছোট্ট খবরের কাগজের ব্যবসা করে, যে দুধের ব্যবসা করে ভোরবেলা উঠে, সে তার কাজের জন্য সাইকেলটা ব্যবহার করে আগামী দিনে এগিয়ে যেতে পারবে। শুধু আমার এইটুকু বলা, আজকে যে সরকার চৌত্রিশ বছর গ্রামবাংলার উন্নয়ন করেনি, এই সরকার কিন্তু সেই গ্রামবাংলার উন্নয়নের প্রচেষ্টা করছেন। আমি মনে করি, এই বাজেট পশ্চিমবাংলার উন্নয়নের বাজেট, এই বাজেট পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার বাজেট, এই বাজেট পশ্চিমবাংলাকে বিশ্ব বাংলায় পরিণত করার বাজেট। তাই পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

(At this stage, the House was adjourned at 5.00 p.m till 11 a.m. on Wednesday, 15th February, 2017 at Kolkata)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 15th February, 2017 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 19 Ministers-in-Charge, 12 Ministers of State and 194 Members.

[11:00 – 11.10 a.m.]

Starred Questions

(to which oral answers were given)

সরকারি বাস পরিষেবায় লাভ

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩) **শ্রী সমীর কুমার জানা** ঃ পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার সরকারি বাস পরিষেবার ক্ষেত্রে দীর্ঘদিনের আর্থিক ক্ষয়ক্ষতির বাধা কাটিয়ে লাভের মুখ দেখতে চলেছে; এবং

(খ) সত্যি হলে তার কারণগুলি কী?

.....(নয়েজ) .....

.....(এই সময় বিরোধী বেঞ্চ থেকে মাননীয় সদস্য এবং সদস্যাগণ একযোগে উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন).....

মিঃ স্পীকার : আমি শুনবো, শুনবো, কোশ্চেন আওয়ারের পরে শুনবো। না, না, আমি কোশ্চেন আওয়ার হওয়ার পরে শুনবো। শুনবো, শুনবো, আমি বলছি তো শুনবো। না, না আমি বলছি তো শুনবো। কোশ্চেন আওয়ার-টা হতে দিন, কোশ্চেন আওয়ারের পরে। কালকে আপনারা বলবেন বলে চলে গেলেন। না, না, আমি কোশ্চেন আওয়ার এরপর শুনবো।

*প্রশ্ন ৫০

(নট রেসপনডেন্ট)

.....(এই সময় মাননীয় বিরোধী বিধায়কগণ বিধানসভার ওয়েলে নেমে এসে প্রতিবেদকগণের টেবিল ঘিরে স্লোগান দিতে থাকেন এবং বিক্ষোভ দেখাতে থাকেন।).....

*প্রশ্ন ৫১

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের হাউজের প্রবীণ সদস্য, সম্মানীয় সমীরকুমার জানা মহাশয় যে প্রশ্ন দুটি করেছেন - (ক) এটা কী সত্যি যে রাজ্য সরকার সরকারি বাস পরিষেবার ক্ষেত্রে দীর্ঘদিনের আর্থিক ক্ষয়ক্ষতির বাধা কাটিয়ে লাভের মুখ দেখতে চলেছে ?

উত্তর

(ক) সরকারি বাস পরিষেবার ক্ষেত্রে দীর্ঘদিনের আর্থিক ক্ষয়ক্ষতির বাধা কাটিয়ে ওঠার লক্ষ্যে রাজ্য সরকার দ্বারা গৃহীত বিভিন্ন উদ্যোগের ফলস্বরূপ সম্প্রতি পরিচালন উদ্বৃত্ত অর্জন করা সম্ভব হয়েছে।

(খ) সত্যি হলে তার কারণগুলো কি ?

উত্তর- (খ) প্রাথমিক কারণগুলি হল -

১) উন্নত বাস পরিষেবার লক্ষ্যে আধুনিক প্রযুক্তির নতুন বাস চালু করা।

২) যাত্রী সাধারণের চাহিদাকে অগ্রাধিকার দিয়ে রাজ্যের বিভিন্ন প্রান্তে বাস পরিষেবা চালু করা।

৩) বাস চলাচলজনিত খরচের উল্লেখযোগ্য হ্রাস।

৩) স্বয়ংক্রিয় টিকিট বিক্রয়, অন-লাইন টিকিট ব্যবস্থা-সহ বিভিন্ন প্রশাসনিক পদক্ষেপ এর ফলে বাসভাড়া আদায়ে উল্লেখযোগ্য বৃদ্ধি।

৪) বাস চলাচলে নজরদারী জোরদার করা।

৬) বাস পিছু কর্মচারী অনুপাতের উল্লেখযোগ্য হ্রাস।

৭) কলকাতা ও রাজ্যের বিভিন্ন স্থানে বাসরুটগুলির সংযোজন, বিয়োজন ও পুনর্বিন্যাস।

৮) চালক, পরিচালকগণের প্রশিক্ষণ ও যাত্রী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সফল উদ্যোগ গ্রহণ।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয় প্রশ্নের উত্তরে বিস্তারিত জানিয়েছেন। মা-মাটি-মানুষের সরকারের মূল উদ্দেশ্য প্রত্যেকটা দপ্তরকে স্বাবলম্বী করে গড়ে তোলা । এক্ষেত্রেও উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করার ফলে লাভের মুখ দেখতে পেয়েছি বলে মা-মাটি-মানুষের সরকারে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় মন্ত্রী মহোদয়কে অশেষ ধন্যবাদ জ্ঞাপন করি।।

আমার অতিরিক্ত প্রশ্ন স্যার, আমি যদিও জানি বিরোধী দলের চিৎকার-চেঁচামেচি একটা নির্দিষ্ট সময় পর্যন্ত চলে। তাঁরা রুটিনমাফিক চলার চেষ্টা করছেন যাতে আমাদের কাজ-কর্মে ব্যাঘাত সৃষ্টি হয়। যাইহোক, তা সত্ত্বেও মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটি অতিরিক্ত প্রশ্ন, রাজ্য সরকার সম্প্রতি পরিবহণ বিভাগের বিভিন্ন সংস্থা বা এজেন্সীগুলোকে একক নিয়ন্ত্রণের ছত্রছায়ায় আনতে চেষ্টা করছেন। এটা যদি সত্যি হয় তাহলে উদ্দেশ্যটা কি ? অনুগ্রহ করে যদি বলেন।

শ্রী শুভেন্দু অধিকারী : উদ্দেশ্যটা একটাই, যাতে নিয়ন্ত্রণটা এক জায়গা থেকে হয় এবং মূলতঃ ব্যয়-সংকোচ করে। বিগত বাম-সরকারের আমলে এই সমস্ত নিগমের মাধ্যমে যে ধরনের ত্রুটি-বিচ্যুতি করে মূলতঃ নিগমগুলোকে অর্থনৈতিক দুরবস্থার মধ্যে ফেলা হয়েছিল, সেই উদ্দেশ্যেই এটা করা হয়েছে।

..... (তুমুল গোলমাল).....

.....(এই সময় মাননীয় বিরোধী সদস্যগণ বিধানসভার ওয়েলে নেমে এসে প্রতিবেদকগণের টেবিল ঘিরে স্লোগান দিতে থাকেন এবং বিক্ষোভ দেখাতে থাকেন).....

এটা মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের একটি সঠিক এবং বলিষ্ঠ সিদ্ধান্ত। এর ফলে আমাদের যে ৫ টি নিগম ছিল তার মধ্যে এনবিএসটিসি, এসবিএসটিসি থাকছে। ...(গোলমাল).....এবং কলকাতা কেন্দ্রিক যে তিনটি ডব্লিউবিএসটিসি, সিএসটিসি এবং সিটিসি - একে একত্রীকরণ করে ডব্লিউ বি টি সি নাম দেওয়া হয়েছে। এর মধ্য দিয়ে আমাদের যে অতিরিক্ত শ্রমিক বা কর্মচারী বা ম্যানেজমেন্ট কস্ট বা পরিচালনার ক্ষেত্রে যে ধরনের ত্রুটি বিচ্যুতি আছে বা একই রুটে বিভিন্ন নিগমের বাস থাকার জন্য অর্থনৈতিকভাবে যে ক্ষতি হচ্ছিল সবটা কাটিয়ে ওঠে একটা স্মার্ট ডিপার্টমেন্ট এবং একটা প্রফেশনাল পেশাদারিত্ব এনে অর্থনৈতিকভাবে স্বনির্ভর করে রাজ্যের মানুষকে সরকারি পরিবহণ ব্যবস্থার আধুনিক সুযোগ পাইয়ে দেওয়ার উদ্দেশ্যেই এটা করা হয়েছে।...(গোলমাল).....

শ্রী সমীর কুমার জানা : ...(গোলমাল).....মাননীয় মন্ত্রী মহোদয়কে অশেষ ধন্যবাদ। আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন, সরকারি পরিবহণ দুর্ঘটনা প্রতিরোধে রাজ্য সরকারের আরোপিত সেফ ড্রাইভ, সেভ লাইফ কর্মসূচীর গুরুত্ব কতখানি এবং এটা কার্যকরী করার জন্য মাননীয় মন্ত্রী মহোদয় কি উদ্যোগ গ্রহণ করতে চলেছেন অনুগ্রহ করে যদি বলেন? ...(গোলমাল).....

শ্রী শুভেন্দু অধিকারী : ...(গোলমাল).....দেখুন, আমাদের পশ্চিমবাংলায় ২০১৬র ঐতিহাসিক বিধানসভা নির্বাচনে কংগ্রেস, সিপিএম, বিজেপি এবং মিডিয়ার একটা অংশ তাদের যৌথ অপপ্রয়াসকে নষ্ট করে বাংলার মানুষ গণদেবতা, জননেত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে তৃণমূল কংগ্রেস সরকারকে বিপুল ভোটে পুনরায় নিয়ে এসেছেন। ...(গোলমাল)..... তারপরে প্রথম যে কর্মসূচীটি মাননীয়া মুখ্যমন্ত্রী শুরু করেছেন সেটা হচ্ছে ৮ ই জুলাই ২০১৬ সেফ ড্রাইভ, সেভ লাইফ লঞ্চ করেছেন। এর উদ্দেশ্য হচ্ছে আমাদের রাজ্যে দুর্ঘটনাজনিত বিষয়গুলিকে নিয়ন্ত্রণ করে, দুর্ঘটনার আশঙ্কা কমানো এবং মূলত মানবতার পক্ষে একটি দৃঢ় পদক্ষেপ। এই কাজে পরিবহণ দপ্তর মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে আমরা প্রতিনিয়ত কাজ করছি, সঙ্গে পুলিশ এবং অন্যান্য দপ্তরগুলিও আছে। ইতিমধ্যে ৫০ কোটি টাকা, আপনারা জানেন বাজেটে আমাদের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র প্রভিশান রেখেছেন। সেফ ড্রাইভ, সেভ লাইফের জন্য আলাদা ফান্ড তৈরি করা হয়েছে। বিভিন্ন থানা এবং জেলা পুলিশ কমিশনারেটগুলিকে ট্রাফিক সিগন্যাল, স্পিডোমিটার, রেজিং অ্যানালাইজার, এবং সিসিটিভি সহ নানা ধরনের আধুনিক উপকরণ দেওয়া হচ্ছে। ....(গোলমাল).....যাতে এই ট্রাফিক ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করে দুর্ঘটনার হার কমানো যায়। আমি অত্যন্ত আনন্দের সংগে আপনাদের বলতে চাই কলকাতা সহ রাজ্যের অধিকাংশ জায়গায় গত বছরের তুলনায় এই কর্মসূচী চালু হওয়ার পরে দুর্ঘটনার সংখ্যা অনেকটাই কমেছে। তবে কয়েকটি জায়গায় এখনও এই বিষয়টি নিয়ে আমরা গুরুত্ব দিয়েছি, সমস্যার জায়গা আছে সেটা আমরা মেটানোর জন্য উদ্যোগ গ্রহণ করছি। পুলিশ, পরিবহন দপ্তর, এবং অন্যান্য দপ্তরগুলিকে এক সঙ্গে নিয়ে আমরা সেফ ড্রাইভ, সেভ লাইফের কাজ করছি। ...(গোলমাল)..... প্রতিনিয়ত এখানে ট্রাফিক ব্যবস্থাকে কি করে উন্নত করে দুর্ঘটনা আরো রোধ করা যায় তার উদ্যোগ নেওয়া হয়েছে। আমাদের দিক থেকে যে সার্টিফিকেট অব ফিটনেস এবং দক্ষ ড্রাইভার তৈরি করার ক্ষেত্রে সিসিটিভি দিয়ে পুরো বিষয়টাকে মনিটারিং করে আরো পরিচ্ছন্ন, দক্ষ, পেশাদারিত্ব আনার অনেকগুলি উদ্যোগ নেওয়া হয়েছে।...(গোলমাল)..... মাননীয় সদস্যদের আমি জানাব, তাঁদের এলাকায় যদি দুর্ঘটনাপ্রবণ কোন এলাকা থাকে তারা নিজেরা লিখতে পারেন অথবা জেলাশাসক বা জেলা পুলিশ সুপারের মাধ্যমে ট্রাফিক সিগন্যাল, বাজার এলাকায় সিসিটিভি, বা নানা ধরনের যে ট্রাফিক উপকরণগুলি আছে,

এক্ষেত্রে যদি তাদের এলাকার জন্য কোন প্রস্তাব থাকে সেটা দিলে পরিবহণ দপ্তর তা কার্যকর করবে। ...(গোলমাল).....

(কংগ্রেস পরিষদীয় দল এবং বামফ্রন্টের বিধায়করা ওয়েলে নেমে স্লোগান দিতে থাকে।)

[11:10 – 11.20 a.m.]

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় স্পীকার সাহেবের মাধ্যমে আমি মাননীয় পরিবহণ মন্ত্রীকে জানাচ্ছি যে, আমি মেমারি কেন্দ্রের বিধায়ক। মেমারিতে তেমন বাস নেই।সি.এস.টি. সি. বা সরকারী বাস চালানোর কোন পরিকল্পনা আছে ?

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয়া সদস্যাকে আমি বলতে চাই যে আমাদের সরকারী পরিবহণ ব্যবস্থার বিস্তার আমরা প্রতিনিয়ত ঘটাচ্ছি। গত আর্থিক বছরে রাজ্য সরকারের পরিবহণ দপ্তরের প্ল্যান হেডের টাকায় ২৫৫টি এবং পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের টাকায় আরো ২০ সি.এন.জি. বাস মোট ২৭৫টি বাস আমরা রাস্তায় নামিয়েছি। এই ক্ষেত্রে সম্মানীয় সাংসদ, সম্মানীয় বিধায়ক বা অন্যান্য জনপ্রতিনিধি তাদের সুপারিশগুলি অগ্রাধিকার দেওয়া হয়েছে। সম্মানীয়া সদস্যা যদি আমাকে লিখিতভাবে তিনি মেমারি থেকে কোন রুটে বাস চান, আমাকে দেন তাহলে বর্ধমান মূলতঃ এস.বি.এস.টি.সি. পরিচালনে আছে। আমি সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশ দেবো যাতে আগামী অর্থ বছরে নতুন বাস নামানোর ক্ষেত্রে সম্মানীয়া সদস্যার যে প্রস্তাব অগ্রাধিকার দেওয়া হয়।।

শ্রী অলোক কুমার মাঝি : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে পরিবহণ মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন। গলসী বিধানসভার গলসী বাজার একটা বড় জায়গা। সেখানে একটা মহাবিদ্যালয়,কয়েকটি বিদ্যালয় এবং থানা আছে। সংলগ্ন এলাকায় জনগণের স্বার্থে যদি সকালের দিকে অফিস টাইমে এবং বিকালের দিকে সরকারি বাস যদি ঐ জায়গায় স্টপেজ করে দেয় খুব ভাল হয়। আপনার পরিকল্পনা আছে কি ?

শ্রী শুভেন্দু অধিকারী : দেখুন, গলসী একটি গুরুত্বপূর্ণ জায়গা। রাজনৈতিক কারণে আমি ওখানে অনেকবার গিয়েছি, আমার জানা আছে। আপনার বিষয়টি জেলা আর.টি.ও. -র সঙ্গে আমাদের দপ্তরের প্রধান সচিবকে আমি বলবো বিষয়টি টেকআপ করার এবং আর.টি.ও. -কে প্রয়োজনীয় নির্দেশ দেওয়ার। আর.টি.ও. আপনার সঙ্গে যোগাযোগ করে নিয়ে ওখানে নিশ্চয় প্রয়োজনীয় উদ্যোগ আমরা গ্রহণ করবো।

শ্রী জয়ন্ত নস্কর : স্যার,আপনার মাধ্যমে পরিবহণ মন্ত্রীকে আমার প্রশ্ন। উনি অনেক নতুন বাস দিয়েছেন, নতুন বাস কেনা হয়েছে বিভিন্ন রুটে। আমি একটা চিঠি ওনাকে দিয়েছিলাম যে গদখালি থেকে ধর্মতলা,ঝড়খালি থেকে ধর্মতলা এবং চুনোখালি থেকে ধর্মতলা সরকারী একটা বাস দেওয়ার জন্য। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী যদি কিছু বলেন।

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় সদস্যকে আমি জানাতে চাই, আপনার যে প্রস্তাব তারমধ্যে গদখালি রুটের বাসটি অনুমোদিত হয়েছে এবং এই অর্থ বছরে গদখালি রুটের বাসটি চলবে। বাকি দুটি প্রস্তাব পরবর্তী অর্থ বছরে নতুন বাস নামলে আমি অগ্রাধিকারের সঙ্গে বিবেচনা করবো।

শ্রী সুকরা মুণ্ডা :- माननीय अध्यक्ष महोदय ,मैं आपके माध्यम से मंत्रीसे जानना चाहूँगा कि मैं नागराकाटा विधान सभा क्षेत्र का विधायक हूँ वहाँ पर चाय वगान है 40। पहले वहाँ का अवस्था बहुत ही खराब था । अभी ये सरकार

आने के बाद में माँ -माटी -मानुष की सरकार आने के बाद में सडक बहुत ही अच्छी हो गई है । यदि बस का इन्तजाम हो जाय तो वहाँ के Studentवहाँ के Public बहुत सुविधा होगि।

श्री शुभेन्दु अधिकारी :- आपका सुझाव बहुँत अच्छा है । हमारा Department नागराकाटा के लिए निश्चित रुप से आपका जो सुझाव है उस पर काम करेगा।

শ্রী হিতেন বর্মন : মাননীয় মন্ত্রীকে প্রথমেই ধন্যবাদ জানাই উনি উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ বামফ্রন্টের জাণমানায় মুখ থুবড়ে পড়ে ছিল। মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পরে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সফল রূপ পায়। বিশেষকরে মাননীয় মন্ত্রী শুভেন্দু অধিকারী দায়িত্ব নেওয়ার পরে লাভের মুখ দেখা শুরু করেছে, নিশ্চয় তাকে ধন্যবাদ জানাই। আমি যে প্রশ্নটা করতে চাই,কোচবিহার জেলার চ্যাংড়াবান্ধায় একটা আন্তর্জাতিক চেক পোষ্ট আছে। প্রতিদিন রংপুর, ঢাকা থেকে মানুষ শিলিগুড়িতে বিভিন্ন জায়গায় আসেন। রংপুর, ঢাকার বহু ছেলেমেয়ে দার্জিলিংয়ে পড়াশুনা করে। আগামী দিনে যেমন কলকাতা - ঢাকা বাস চালু হয়েছে, সেই রকম রংপুর থেকে শিলিগুড়িতে বাস চালানোর কোন উদ্যোগ পরিবহণ দপ্তরের পক্ষ থেকে নেওয়া সম্ভব কিনা, এই বিষয়টি যদি একটু জানান।

(গোলমাল)

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় সদস্য, আমাদের প্রবীণ সদস্য, আপনার জ্ঞাতার্থে জানাই যে মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আমাদের রেসিপ্রকাল টান্সপোর্ট এগ্রিমেন্ট আছে,তাতে বাংলাদেশের সঙ্গে পর্যায়ক্রমে আমরা রুটগুলিতে বাস চালাচ্ছি। কলকাতা-ঢাকা চালু হওয়ার পরে কিছুদিন আগে আপনারা জানেন আমরা যশোর-খুলনা চালু করেছি। ট্রায়াল রান হয়ে গেছে এবং সাকসেসফুললি হয়েছে। আমি এর পরবর্তী পর্যায়ে আপনার যে প্রস্তাবটি আছে, যশোর-খুলনা পুরোমাত্রায় চালু হয়ে যাওয়ার পরে নিশ্চিতভাবে শিলিগুড়ি-রংপুর একটি খুব উল্লেখযোগ্য রুট। এই রুটে বাস চালানোর ক্ষেত্রে আমি পরবর্তী পর্যায়ে যশোর-খুলনা প্রায় আমাদের সাকসেসফুল হয়েছে। ওটা চালু হয়ে গেলে আপনারটা আমি নিশ্চিতভাবে গুরুত্ব সহকারে বিবেচনা করবো।

(এই সময়ে বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্যগণ এবং বাম পরিষদীয় দলের মাননীয় সদস্যগণ বিধানসভার রিপোর্টারদের চেয়ার ঘিরে স্লোগান দিতে থাকেন।)

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন- আমি প্রথমেই ওনাকে ধন্যবাদ জানাই যে বিগত ৩৪বছর বামফ্রন্ট সরকার পরিবহণ ব্যবস্থাকে জঙ্গলের রাজত্বে কায়েম করেছিল এবং আলিমুদ্দিন স্ট্রীটে দ্বিতীয় বিভাগ তৈরি করেছিল পরিবহণ দপ্তরকে। সেই পরিবহণ দপ্তরকে উনি আজ মানুষের স্বার্থে ব্যবহার করার উপযোগী সিদ্ধান্ত নিয়েছেন। আমি মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করতে চাই যে উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ এবং রাষ্ট্রীয় পরিবহণ নিগম টোটাল সারা দিন কত বাস মানুষের পরিষেবার ক্ষেত্রে বিভিন্ন বিভিন্ন সেক্টরে উনি প্রতিদিন রাস্তায় বের করছেন?

(গোলমাল)

শ্রী শুভেন্দু অধিকারী : এই সংখ্যাটা আপনার তিনটি নিগম মিলে প্রায় দু'হাজারের উপর হবে। আমাদের প্রায় ২৬০০ মতো বাস আছে। তাতে আমাদের চালু সংখ্যা দু'হাজার-বাইশশো। এটা ফ্ল্যাকচুয়েট করে। ৯০শতাংশ বাসই আমরা বিভিন্ন রুটে বের করছি এবং আপনারা

শুনলে অত্যন্ত খুশি হবেন যে যেখানে ২০১০-১১তে সরকারী পরিবহণ থেকে ২১১কোটি টাকা আয় হত। এটা ২০১৫-১৬তে ৩৯০কোটি টাকার কাছাকাছি গেছে। তাছাড়া আধুনিক মানের বাস দেওয়ার ফলে সরকারি পরিবহণের উপরে লোকের আস্থা এবং সেই পরিবহণকে ব্যবহার করার মানসিকতা অত্যন্ত জাগ্রত হয়েছে। মাননীয় বিধায়কদের মাধ্যমে আমি যে বিপুল পরিমাণ প্রস্তাব পাচ্ছি তাতে প্রমাণ হচ্ছে যে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর অনুপ্রেরণায় রাজ্য সরকারের পরিবহণ দপ্তর এখন আস্থাভাজন দপ্তরে পরিণত হয়েছে। তাছাড়া সম্মানীয় অসিত মজুমদার এস বি এস টি সির ভাইস চেয়ারম্যান। তিনি আমাদের সঙ্গেই থাকেন। তাঁর প্রস্তাবগুলি গুরুত্ব সহকারে আমরা সব সময়ই বিবেচনা করি। আগামী দিনেও নিশ্চিতভাবে তাঁর প্রস্তাবগুলি নিয়ে আমরা এই নিগমকে আরও এগিয়ে নিয়ে যাব।

শ্রী পুলিনবিহারী রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি পরিবহণ বিভাগের সংশ্লিষ্ট মন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। আমি গাইঘাটার বিধায়ক। গাইঘাটা দিয়ে আমাদের এন এইচ ৩৫- ন্যাশানাল হাইওয়ে বনগাঁ পর্যন্ত এবং একদম বাংলাদেশের বর্ডার পেট্রাপোল পর্যন্ত চলে গেছে। এই রাস্তার উপর দিয়ে যে সমস্ত বাস চলাচল করে সেটা বনগাঁ সাবডিভিশনে চারটি বিধানসভাকেই প্রায় কভার করে। গাইঘাটা, উত্তর বনগাঁ, দক্ষিণ বনগাঁ, বাগদা - এই চারটি বিধানসভার সঙ্গে সংযোগ স্থাপনের জন্য আপনি কোন পদক্ষেপ গ্রহণ করেছেন কি? আপনি নতুন সুবিধাযুক্ত যে সমস্ত বাস চালু করছেন এবং কেনা হচ্ছে, সেগুলো এই অঞ্চলে চালু করার কোন প্রকল্প আছে কিনা বা কোন পদক্ষেপ আছে কিনা দয়া করে জানান।

[11:20 – 11.30 a.m.]

(এই সময় বিরোধী পরিষদীয় দল কংগ্রেস এবং বিরোধী পরিষদীয় দল সি.পি.আই.এম -এর মাননীয় সদস্যরা হাউজের ওয়েলে নেমে স্লোগান দিতে থাকেন।)

শ্রী শুভেন্দু অধিকারী : .....(গোলমাল)..... সম্মানীয় সদস্যকে বলি আমি এর আগের উত্তরে বলেছি যে আমাদের রাজ্যের বর্তমান সরকারের সময়কালে প্রত্যেক বছর আমরা ধার করে বাস কিনি না যেটা সি.পি.আই.এম করত। এখন ১৩২ কোটি টাকা ব্যাংকে ঋণ এবং এন.পি.এ হয়ে আছে। যেটা সি.পি.আই.এম-এর আমলে হত। আমাদের আমলে প্ল্যানহেডে যে টাকা অর্থদপ্তর বাজেটের মাধ্যমে বরাদ্দ করেন সেখান থেকে বাস ক্রয় করা হয় এবং অর্থনৈতিক সমীক্ষা করে বা সম্মানীয় জনপ্রতিনিধিদের আমাদের সুপারিশ নিয়ে আমরা বাসকে বাড়াই। সমগ্র উত্তরবঙ্গ NBSTC নেটওয়ার্কের মধ্যে আমাদের চলে এসেছে এবং আমাদের WBTC একেও আমরা আরো শক্তিশালী করছি। আর SBSTC-তে জঙ্গলমহলটা আমাদের কম সংখ্যক আছে সেটা আমরা অগ্রাধিকারের জায়গা দিয়েছি। আপনার জ্ঞাতার্থে জানাই গতবারে আমরা ২৫৫ এবং CNG পরিচালিত যেটা মাননীয় মুখ্যমন্ত্রী সরকারি প্যারেডে ২৭শে জানুয়ারি উদ্বোধন করেছেন আরো ২০টি, ২৭৫টি নতুন বাস রাস্তায় নেমেছে। আমি বনগাঁ, বাগদা, গাইঘাটা এই এলাকার জন্য - এটাও আমাদের রাজ্যের মধ্যে। আমাদের বিভিন্ন রুটের বাস এখানেও দেওয়া হয়েছে। আমি সম্মানীয় সদস্যকে আগামী সাতদিনের মধ্যে NBWBTC আপনার ওই চারটি বিধানসভা এলাকায় গত অর্থ বছরে কয়েকটি রুট এবং কয়েকটি বাস দেওয়া হয়েছে সুনির্দিষ্ট করে তথ্য দিয়ে আমাকে চিঠি দিয়ে জানাবেন। তারপরেও যদি আপনি মনে করেন কোন খামতি থেকে গেছে আপনি বিধানসভা চলাকালীন আমাকে দুই লাইন লিখে দেবেন আমি পরবর্তী অর্থ বছরে বাস ক্রয় হবে সেক্ষেত্রে বা এখনি যদি আশু প্রয়োজন থাকে আমরা তার ব্যবস্থা নেব।

শ্রী মানস মজুমদার : .....(গোলমাল)..... মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে পরিবহণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে প্রশ্ন করতে চাই তার আগে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিতে চাই রামজীবনপুর, আরামবাগ, কোতুলপুর এবং কালীপুর এই রাস্তায় আগে খানাখন্দ ছিল। বর্ষার সময় মাছ চাষের পরিস্থিতি ছিল। এই সরকার ২০১১ সালে ক্ষমতায় আসার পর এই দুটি রাস্তাকে সংস্কার করেছে। সংস্কার করার পরে রাস্তা যেহেতু চওড়া হয়েছে প্রতিদিনই কিছু না কিছু দুর্ঘটনা ঘটছে। গত ১০ই অক্টোবর একটা মারাত্মক দুর্ঘটনায় ৪ জন প্রাণ হারিয়েছিলেন। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী চারজনের জন্য ২ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ ঘোষণা করেছেন যা আমাদের রাজ্যের ইতিহাসে প্রথম এবং পরিবারগুলি পেয়ে গেছে। তাই এই দুর্ঘটনাপ্রবণ রাস্তাগুলিতে সি.সি. টি.ভি ক্যামেরা বা অন্য কোন ব্যবস্থা করা যায় দুর্ঘটনা নিরসনের জন্য এই ব্যাপারে কোন চিন্তা ভাবনা আছে কিনা একটু জানাবেন। এরসাথে যাত্রী সুবিধার্থে আপনার দপ্তরের থেকে রাস্তার পাশে কিছু শেডের ব্যবস্থা করেছিল, যাত্রী প্রতীক্ষালয় । এই রাস্তায় পুরনো শেড ভাঙা রয়েছে কিছু প্রতীক্ষালয় দেওয়ার আপনার দপ্তরের কোন পরিকল্পনা আছে কি না জানাবেন।

শ্রী শুভেন্দু অধিকারী : .....(গোলমাল)..... সম্মানীয় সদস্যের যে উদ্বেগ এটা নিয়ে আমরা একমত। আমি আপনাদের বলেছি আমাদের Safe drive and save life এর কর্মসূচী তাতে ট্রাফিক ব্যবস্থায় আরো আধুনিকীকরণ আনার জন্য ৫০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। আমরা প্রত্যেকটা জেলাতে জেলা পুলিশ সুপারদের সুপারিশক্রমে ৪৫ লক্ষ টাকা দিয়েছি সি.সি.টি.ভি -এর জন্য। প্রত্যেকটা কমিশনারেটকে আমরা এক কোটি করে টাকা দিয়েছি। কলকাতার ক্ষেত্রে আমরা প্রায় ৬ কোটি টাকা কোলকাতা পুলিশকে দিয়েছি সি.সি. টি.ভি লাগানোর জন্য। সম্মানীয় সদস্য তার গোঘাট বিধানসভা এলাকায় যদি সুনির্দিষ্টভাবে জেলা পুলিশের পক্ষ থেকে সি.সি.টি.ভি গুরুত্বপূর্ণ জায়গায় দেওয়ার প্রয়োজন থাকে যেখানে এখনো লাগানো হয়নি তিনি যদি আমাদের লিখে দেন আমরা জেলা পুলিশের মাধ্যমে অথবা আমাদের যে নিগম আছে TIDC -এর মাধ্যমে আমরা সেই কাজ করে দিতে পারি। এরজন্য পর্যাপ্ত পরিমাণ অর্থ আমাদের রাজ্যসরকার অর্থদপ্তর মাননীয় অর্থমন্ত্রী আমাদের দিয়েছেন। সেই লক্ষ্যে ইতিমধ্যে আমরা অনেকগুলি কাজ করেছি।

(বিরোধী কংগ্রেস পরিষদীয় দল এবং বামফ্রন্ট দলের সদস্যরা ওয়েলে নেমে স্লোগান দিতে থাকেন।)

দ্বিতীয়ত যাত্রী প্রতীক্ষালয়ের ক্ষেত্রে এটা আমাদের ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্টের কাজ। এটা একটা কন্টিনিউয়াস প্রসেস। আমরা প্রত্যেকটা জেলার জেলাসদর এবং মহকুমাসদর ও গুরুত্বপূর্ণ বাসস্ট্যান্ডগুলোতে এই কাজ করে চলেছি। সুনির্দিষ্ট প্রস্তাব পেলে এটা নিশ্চিতভাবে অগ্রাধিকারের ভিত্তিতে আমরা করব।

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীকে ধন্যবাদ জানাই। পশ্চিমবাংলায় ভেঙে পড়া পরিবহণ ব্যবস্থার যে উন্নতি করেছেন উনি মন্ত্রী হওয়ার পর সেইজন্য আমি ওনাকে ধন্যবাদ জানাই। আমার একটা প্রশ্ন আমার মেটিয়াবুরুজ বিধানসভা কেন্দ্রে আখড়াফটক থেকে ধর্মতলা পর্যন্ত, স্যার, আপনিও জানেন ১২বি বাস যবে থেকে দেশ স্বাধীন হয়েছে সেই থেকে চলছে। সম্প্রতি তিন বছর হল সেই বাসটিকে সিফ্ট করে নিয়ে গিয়ে এখন কাচ্চিসড়ক থেকে ধর্মতলা পর্যন্ত যাচ্ছে। কিন্তু আমার মেটিয়াবুরুজ বিধানসভায় লক্ষ লক্ষ দর্জি শিল্পীর বাস। সেই জন্য আমি মাননীয়

মন্ত্রীকে অনুরোধ করছি আখড়াফটক থেকে যদি হাওড়া স্টেশন পর্যন্ত একটা নতুন বাস চালু করা যায় তাহলে ভালো হয়।

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় আব্দুল খালেক মোল্লা সাহেবকে জানাই আপনাদের এলাকার জনপ্রিয় সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় আপনাদের ওই এলাকার নতুন কিছু বাস চালানোর ব্যাপারে আমাদের প্রস্তাব দিয়েছিলেন। আমরা সেই প্রস্তাব অনুমোদনও করে দিয়েছি। আপনি নিশ্চিত থাকতে পারেন ৩১ মার্চের মধ্যে আপনার ওই এলাকাগুলিতে যে বাসের সমস্যা আছে সেই সমস্যার সমাধানের জন্য নতুন বাস নেমে যাবে।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন ডায়মন্ডহারবার থেকে কতগুলো বাস পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে চালানোর জন্য আমি একটি সুপারিশ করেছিলাম। যার ফলে আপনার দপ্তর থেকে একটা চিঠি আমি পেয়েছি। ডায়মন্ডহারবার থেকে তারাপিঠ পর্যন্ত বাস চালানোর জন্য একটা চিন্তাভাবনা চলছে। এই বিষয়টি কতদূর বা কোন পর্যায়ে আছে যদি বলেন?

শ্রী শুভেন্দু অধিকারী : আপনাকে আমরা অলরেডি কমিটমেন্ট দিয়েছি চিঠি দিয়ে যে, আপনার এই প্রস্তাবটা গ্রহণ করেছি। এই প্রস্তাবটা আমরা যখন গ্রহণ করেছি আপনি নিশ্চিত থাকতে পারেন যে আপনি এটা ফ্ল্যাগ অফ করবেন এবং এই বাসটা অতি শীঘ্রই চালু হবে।

শ্রী জটু লাহিড়ী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীর কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন আমাদের রামরাজাতলা বাসস্ট্যান্ড থেকে মাঝে মাঝে স্টেট বাস চালু হয়েছে আবার কিছুদিন বাদে বাস বন্ধও হয়ে যায়। এই রহস্যটা আমার জানা নেই যে চালুই বা হল কেন আর বন্ধই বা হল কেন? যাই হোক পরিবহণ মন্ত্রীর কাছে আমার আবেদন যে রামরাজাতলা বাসস্ট্যান্ড থেকে, কারণ ওখানে সাউথ-ইস্টার্ন -এর বহু প্যাসেঞ্জার যারা রামরাজাতলা স্টেশনে নামে তাদের যাতায়াতের খুব অসুবিধা হয়। টোটো যেভাবে চলছে তাতে করে পুরো রাস্তা জ্যাম হচ্ছে, সেই সঙ্গে মানুষকে বেশি ভাড়া বহন করতে হচ্ছে। তাই আমার বিশেষ অনুরোধ যে রামরাজাতলা বাসস্ট্যান্ড থেকে ৮ টা অন্তত বাস শ্যামবাজার বা গড়িয়া পর্যন্ত যদি দেওয়া হয় তাহলে খুবই উপকার হবে। ওই অঞ্চলের মানুষ এবং সাউথ-ইস্টার্ন রেলের যত প্যাসেঞ্জার রামরাজাতলায় নামে, খুব সোজা রাস্তা এখান থেকে চলে যাওয়া। সেই জন্য আমি আবেদন করছি রামরাজাতলা বাসস্ট্যান্ড থেকে একটা নতুন রুট যাতে চালু হয় এবং তা যেন পরে তুলে নেওয়া না হয় এটা আমার অনুরোধ।

শ্রী শুভেন্দু অধিকারী : আমি সম্মানীয় প্রবীণ সদস্যকে জানাই রুটগুলো চালু হয় এবং বন্ধ হয় কেন এর কারণ আপনি জানতে চেয়েছেন। আমরা এই ক্ষেত্রে বর্তমান পরিবহণ দপ্তর নিগমগুলিকে অর্থনৈতিক সমীক্ষা করার জন্য বলেছি। আমাদের একটা সোসাল অবলিগেশান আছে, সামাজিক দায়বদ্ধতা আছে। আমাদের সরকার প্রো -পিপল গভর্নমেন্ট। আমাদের মুখ্যমন্ত্রী সব সময় মানুষের কথা ভেবে সিদ্ধান্ত নেয়। আমাদের সামাজিক, সাংবিধানিক দায়িত্ব আছে। কিন্তু আমরা লস রুটগুলিকে, যেখানে দিনের পর দিন লস হচ্ছে যার ফলে নিগম গুলির অর্থনৈতিক দুরবস্থা আরো বাড়ছে।

[11:30 – 11.40 a.m.]

(এই সময় কংগ্রেস পরিষদীয় দল এবং বামফ্রন্টের বিধায়করা ওয়েলে নেমে স্লোগান দিতে থাকেন)

এক্ষেত্রে আমাদের মাপকাঠি এটাই যে, যদি ক্রমাগত লস হতে থাকে তাহলে সেই রুটকে আমরা অন্য রুটের সঙ্গে মার্জ করে দিই। আপনি রামরাজাতলার ব্যাপারে বলেছেন, এটা একটা গুরুত্বপূর্ণ জায়গা, আমি আপনার এই প্রস্তাবটা গুরুত্ব সহকারে বিবেচনা করব, এই প্রতিশ্রুতি আপনাকে দিচ্ছি।

শ্রী সুভাষ মন্ডল : একথা সকলকেই স্বীকার করতে হবে যে, ২০১১ সালের আগে বাংলার সাধারণ মানুষ সরকারি পরিবহণ ব্যবস্থার উপর আস্থা হারিয়েছিল। গাড়িগুলির অবস্থা ছিল অতি জঘন্য এবং রাস্তার অবস্থা এতই বেহাল ছিল যে গন্তব্য স্থানে পৌঁছবার উপায় ছিল না। তাদের আস্থা ছিল পাবলিক পরিবহণের উপরে। কিন্তু ২০১১ সালের পর থেকে এই অবস্থার অনেক উন্নতি হয়েছে, এখন মানুষ সরকারি পরিবহণের উপর আস্থা রাখছে। আমি ভাতার বিধানসভা কেন্দ্রের বিধায়ক। ভাতারে প্রচুর বাস যাতায়াত করে। সেখানে কেন বাসস্ট্যান্ড নেই। ভাতারে একটি বাসস্ট্যান্ড করার জন্য মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করব। আমি আরও অনুরোধ করব যাতে ভাতার থেকে কামারপাড়া হয়ে বর্ধমান হয়ে কলকাতা পর্যন্ত একটি বাস রুট চালু করা হয়।

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় সদস্য ঠিকই বলেছেন যে, সরকারি বাস ব্যবস্থাকে চরম ক্ষতিগ্রস্ত করে দিয়ে গেছে বাম আমলে। আপনাদের জ্ঞাতার্থে জানাই, যেটা ভারতবর্ষের কোথাও ছিল না শুধু পশ্চিমবঙ্গেই ছিল একটা বাসের পেছনে ১১ জন কর্মচারী। অর্থাৎ ক্যাডারদের ঢুকিয়ে দিয়ে গিয়েছিল সি.পি.এম. । আমাদের সময়ে আমরা উন্নত বাস পরিষেবা দিতে চাই, কিন্তু আমরা ক্যাডার পুষতে চাই না। এখন এটা নেমে এসেছে 1 : 5, জাতীয় রেকর্ডের নীচে। এখন আমাদের একটা বাসের পেছনে ৫ জন কর্মচারী আছেন, যেটা বাম আমলে ১টি বাসের সঙ্গে ১১ জন ছিল। এর বাইরেও মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এবং অর্থ দপ্তরের উৎসাহে আমাদের গুরুত্বপূর্ণ যেসমস্ত অব্যবহৃত জমি পড়েছিল সেখানে মানিটাইজেশন করে সরকারের আয় বাড়ানোর উদ্যোগ নিয়েছি। এইভাবে নানান ব্যবস্থা আমরা নিয়েছি। আপনার রুট চালু করার প্রস্তাব আমি পেয়েছি, সেটা গুরুত্ব সহকারে বিবেচনা করছি। আর বাস স্ট্যান্ডের বিষয়ে আমার প্রস্তাব, জেলা শাসকের মাধ্যমে জায়গা এবং ডি.পি.আর. এস্টিমেট বানিয়ে আমাদের দপ্তরে যদি পাঠিয়ে দেন তাহলে পরবর্তী অর্থবর্ষে পরিকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে ভাতার অগ্রাধিকার পাবে এটা আপনাকে আশ্বস্ত করতে চাই।

(এই সময় কংগ্রেস পরিষদীয় দল এবং বামফ্রন্টের বিধায়করা স্লোগান দিতে দিতে সভাকক্ষ ত্যাগ করেন।)

শ্রী ব্রজমোহন মজুমদার : আমি দক্ষিণ হাওড়ার বিধায়ক। আমি প্রতিমুহূর্তে অনুভব করি যে, স্থল পথে যেমন যানবাহন নিয়ন্ত্রণ করা প্রয়োজন তেমনি জলপথে যাতায়াত সুগম করার জন্য জলপথে যেসব জেটি আছে, লঞ্চ ঘাট আছে সেইগুলোর মার্জনা করা এবং তাদের ব্যবস্থা গ্রহণ করা এবং স্থলপথ যানবাহনকে সুনিশ্চিত করার জন্য এবং গতিশীল করার জন্য যানজট নিবারণ করা প্রয়োজন। এই ব্যাপারে কোন পরিকল্পনা - বিশেষ করে শিবপুর লঞ্চঘাটের ক্ষেত্রে - মাননীয় পরিবহণ মন্ত্রীর আছে কিনা যদি অনুগ্রহ করে জানান।

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় প্রবীণ সদস্যকে শ্রদ্ধা জানিয়ে বলি যে আমাদের বর্তমান সরকারের দ্বিতীয় পর্যায়ের কার্যকালে পরিবহণ দপ্তরের সবচেয়ে অগ্রাধিকারের বিষয় হচ্ছে- জলপথ। এবং ইতিমধ্যে আমাদের গঙ্গার উপরে থাকা মূল ৬৮ টি মেজর ঘাট, হলদিয়া নন্দীগ্রাম থেকে শুরু করে ফারাক্কার কাছে আহিরণ পর্যন্ত এই বিস্তীর্ণ বড় ৬৮ টি ঘাট রাজ্য সরকার

আমাদের হাতে, জলপথ পরিবহণের হাতে তুলে দিয়েছেন। এবং এটা পাওয়ার পরে আমরা এস.ও. পি তে কাজ শুরু করেছি এবং সেফটি সিকিউরিটির দিক থেকে জেটিগুলিকে সুন্দর করে নির্মাণ করার জন্য এই ৬৮ টি জেটি ঘাটে ১০ লক্ষ টাকা করে বরাদ্দ হয়েছে। ইতিমধ্যে আমাদের যে পুরানো জেটিঘাটগুলি ছিল একেবারে শিবপুর থেকে শুরু করে উত্তরপাড়া ইত্যাদি আমাদের পুরানো যে জায়গাগুলি ছিল, সেখানেও আমরা অনেকগুলি জায়গা, যেগুলি অত্যন্ত দুর্ঘটনাসংকুল অবস্থায় চলে গিয়েছিল, সেগুলির আমরা ব্যবস্থা নিয়েছি। সাথে সাথে একাধিক নতুন নতুন জলযান, রো রো সার্ভিশ ইত্যাদি করারও পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যে আমাদের চারটি নতুন জলযান গত দু তিন মাসে নেমেছে। আরও বারোটি স্টিল এবং বারোটি উডেন, মোট ২৪ টি নতুন জলযান তৈরি করার জন্য আমরা উদ্যোগ গ্রহণ করেছি এবং সামগ্রিকভাবে জলপথে বিকল্প পথ হিসাবে ব্যবহার করার জন্য যাত্রীপরিবহণ, পণ্য পরিবহণ, পর্যটন মানচিত্রের জায়গাগুলিকে সংযুক্তকরণ করা, এমনি কি সুন্দরবন এলাকায় আমাদের পরবর্তীকালে অ্যাম্বুলেন্স সার্ভিস আমাদের জলপথে সেগুলি করার পরিকল্পনা দপ্তরের পক্ষ থেকে নেওয়া হয়েছে।শিবপুর একটি গুরুত্বপূর্ণ জায়গা এবং আমাদের দক্ষিণ হাওড়াও একটি গুরুত্বপূর্ণ জায়গা এবং আপনার বিধানসভা কেন্দ্রের মধ্যে সাঁতরাগাছিতে আমরা রাজ্যের যে কেন্দ্রীয় বাসস্ট্যান্ড, এটা আমরা নির্মাণ করেছি এবং আগামী ১৭ তারিখে আপনার উপস্থিতিতে আরও অনেকগুলি কর্মসূচী সাঁতরাগাছিতে নেওয়া হয়েছে। তাই সম্মানীয় সদস্য, তিনি জাতীয় শিক্ষক এবং আমাদের প্রণম্য, তাঁর যে প্রস্তাব জলপথের এগুলি অগ্রাধিকারের ভিত্তিতে, আগামী দিনে আমরা কার্যকর করার উদ্যোগ গ্রহণ করব।

হিঙ্গলগঞ্জের ভেসেল পরিবহণ ব্যবস্থা

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫) **শ্রী দেবেশ মন্ডল** ঃ পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হিঙ্গলগঞ্জ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত লেবুখালী দুলদুলীর সাহেবখালী নদীতে ভেসেল পারাপারের পরিষেবা প্রতিদিন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকলে, তা কত দিনে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়; এবং

(গ) জনস্বার্থে ভেসেল পারাপারের ভাড়ার পরিকাঠামো পরিবর্তনের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রীর আর একটি প্রশ্ন আছে শ্রী দেবেশ মন্ডলের *৫৫। আপনি প্রশ্নটা করে নিন।

শ্রী দেবেশ মন্ডল : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীকে জানাতে চাই, যে ২০০৬ সালের ৭ই ফেব্রুয়ারি বামফ্রন্ট সরকার হাসনাবাদ- কাঁটাখালি নদীতে একটি ব্রীজ নির্মাণের কাজ শুরু করেছিলেন। কিন্তু ২০১১ সালের মধ্যেও ওই ব্রীজ তৈরী হয়নি।তাদের নির্মিত পিলার নষ্ট করে দিয়ে আমাদের মা-মাটি-মানুষের সরকার সেই ব্রীজের কাজ শুরু করেছে। হাসনাবাদ -কাঁটাখালি ব্রীজ গত নভেম্বর মাস থেকে শুরু হয়েছে। এই কাজটি কতদিনের মধ্যে হবে মাননীয় মন্ত্রী মহোদয় যদি একটু অবগত করেন তাহলে ভালো হয়।

মিঃ স্পীকার : আমি এই কোয়েশ্চেনটা সাপ্লিমেন্টারী হিসাবে নিলাম আর আপনি যে কোয়েশ্চেনটা করেছেন *৫৫ দ্যাট ইজ অ্যাডমিটেড কোয়েশ্চেন নাম্বার ১৬৫। দ্য অ্যানসার

হ্যাজ বিন লেড অন দ্য টেবিল। আপনাকে উত্তর দিতে হবে না। অ্যানসার হ্যাজ বিন লেড। আপনি সাপ্লিমেন্টারীর উত্তরটা শুধু দিন।

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় সদস্য যে কথা বলেছেন এটা পি ডব্লু ডি দপ্তর এই সেতুটা তৈরী করছে। আমি এই তথ্যটা সংগ্রহ করে জানাব। কিন্তু আপনার জ্ঞাতার্থে আমি জানাই -যে ওখানে আপনার লেবুখালির দুলদুলির সাহেবখালি নদীতে যে ভেসেল পারাপার চলে, সেটা তিনদিন ধরে চলত। আপনারই আনা প্রস্তাবে এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে আমরা এটা পাঁচদিন করার সিদ্ধান্ত নিয়েছি এবং অর্ডারও ইস্যু করে দেওয়া হয়েছে। কিছুদিনের মধ্যেই তিনদিনের পরিবর্তে পাঁচদিন এটা চালানো হবে। এবং এই যে সেতু নির্মাণ হচ্ছে পি ডব্লু ডি দপ্তরের পক্ষ থেকে সেটা ত্বরান্বিত করার ক্ষেত্রে সম্মানীয় পি ডব্লু ডি মন্ত্রী বা প্রধান সচিবের সঙ্গে আমরা নিশ্চয় কথা বলব যেহেতু আপনি আমার দৃষ্টি আকর্ষণ করলেন। কিন্তু ততদিন পর্যন্ত যাতে আপনাদের ওখানে ভেসেল সার্ভিসটা নিয়মিত হয় এবং সার্ভিসটা আরও বাড়ানো যায়,তারজন্য যা যা করণীয় আমাদের পরিবহণ দপ্তরের যে জলপথ বিভাগ রয়েছে ডব্লু বি টি সি-র অন্তর্ভুক্ত তারা উদ্যোগ গ্রহণ করেছে। এবং এক্ষেত্রে আপনার যদি কোন নির্দিষ্ট প্রস্তাব বা জলযান বৃদ্ধি করার মত কোন প্রস্তাব থাকে, সেটাও আমরা বিবেচনা করব।

[11:40 – 11.50 a.m.]

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার জিজ্ঞাস্য যে, পশ্চিমবাংলায় বর্তমান সরকার বা পরিবহণ দপ্তরের মাননীয় মন্ত্রী বাংলার মানুষের জন্য পরিবেশ বান্ধব একটি পরিকল্পনা গ্রহণ করেছেন। সেই পরিকল্পনাটার রূপরেখা কি জানাবেন কি ?

শ্রী শুভেন্দু অধিকারী : আমাদের রাজ্যে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের অর্থে পরিবহণ দপ্তর আমাদের গ্রীন বেঞ্চের যে অডার ছিল সেই অনুযায়ী আসানসোল এবং দুর্গাপুর এলাকাতে পরীক্ষামূলকভাবে সি.এন.জি. চালিত বাস পরিষেবা - প্রাথমিকভাবে ১০টি, মোট ২০টি নামবে - আমরা চালু করেছি এবং ২৭শে জানুয়ারী রাজ্য সরকারের যে উন্নয়নী প্যারেড়, সেখানে মাননীয়া মুখ্যমন্ত্রী এর উদ্বোধন করেছেন। আপনি শুনলে খুশি হবেন যে, প্রাথমিকভাবে কয়েকদিনের যে রিপোর্ট আমরা পেয়েছি, তাতে ডিজেল চালিত বাসের থেকে সি.এন.জি. পরিচালিত বাসের খরচ অনেক কম হচ্ছে এবং এটা একেবারে দূষণ মুক্ত। এটি একটি নতুন কনসেপ্ট, ভারতবর্ষের কোনো রাজ্যে এই ধরনের দূষণমুক্ত সি.এন.জি. বাস নেই, যেটা পশ্চিমবঙ্গের আঁসানসোল, দুর্গাপুরে আমরা নামিয়েছি। যেহেতু এখানে অর্থনৈতিক সমীক্ষা করে প্রাথমিকভাবে দেখা যাচ্ছে যে, ডিজেল পরিচালিত বাসের থেকে এর খরচ কম। পরবর্তীকালে আমরা এটা সমগ্র রাজ্যে পর্যায়ক্রমে ধীরে ধীরে, ধাপে ধাপে ছড়িয়ে দেওয়ার ব্যবস্থা করবো।

শ্রী গুলশন মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সকলেই জানি ৩৪ বছরে বাংলার পরিবহণ ব্যবস্থা মুখ থুবড়ে পড়েছিল। মানুষ রাস্তায় বেরোলে কখন বাড়ি পৌঁছাবে তা জানা ছিল না। আজকে মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী ক্ষমতায় আসার পর বাংলার মানুষ দিশা ফিরে পেলো। আজকে মনে হয় যেন বাড়ি যাওয়া যাবে। আজ আমাদের মাননীয় মন্ত্রী শুভেন্দু অধিকারী মহোদয় প্রচুর পরিমাণে বাসের ব্যবস্থা সারা বাংলায় করছেন। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ করবো - আমি লিখিত ভাবে জানিয়েছিলাম, আমার

বিধানসভা কেন্দ্র বানপুর বাস স্ট্যান্ড হইতে হাওড়া হয়ে ধর্মতলা পর্যন্ত যে পরিবহণ ব্যবস্থা ছিল, সেই পরিবহণ ব্যবস্থাটা উঠে গেছে বামফ্রন্টের সময়ে আপনি যদি দয়া করে আমাদের এই এলাকায় বাসের ব্যবস্থা করেন, তাহলে হাজার হাজার ছাত্র-ছাত্রী এবং সাধারণ মানুষ খুবই উপকৃত হবে, ধন্যবাদ।

শ্রী শুভেন্দু অধিকারী : আমি আপনার প্রস্তাব বিবেচনা করবো।

শ্রী মনোজ তিগ্গা : माननीय अध्यक्ष महोदय मैं आपके माध्यम से माननीय परिवहण मंत्री से जानना चाहता हूँ कि मेरा मदारीहाट विधान सभा क्षेत्र वहाँ प्राय सभी चाय वगान बन्द पड़े है तो सामने 22 तारिख से माध्यमिक परिक्षा है और इस रुट में जैसे लंकापाड़ा से बीरपाड़ा आना स्कुल कॉलेज वही पर है जैसे जिला टाउन में जाना तो जितना प्राइवेट बस है प्राय सभी बन्द है छोटी छोटी गाडियाँ चलती है मैक्सी या सबारी यहाँ तक कि स्टुडेन्ट को भी छत पर चढ़कर आना पड़ता है तो उसी अवस्था में माननीय परिवहन मंत्री के साथ ऐसी कोई इस रुट में बस चलाने की कोई परिकल्पना है या नहीं जैसे कि लंकापाडा से बीरपाडा होते हुए अलीपुरद्वार टोटोपाड़ा से मदारीहाट होते हुए अलीपुरद्वार इस रुट में यदि बस चलाये तो सरकार को लाभ भी होगा जो लोग है उनको फायदा भी मिलेगा।

श्री शुभेन्दु अधिकारी : देखिये आपका जो प्रस्ताव है उसमें दो बात है एक तो नया रुट चालू करने का सवाल है उसको मैं जॉच करुंगा Departmental Officer से बात करके और दूसरा जो जो सुझाव है ये बहुत गम्भीर मुद्दा है हमलोग कोशिश करेंगे । ठीक है ।

শ্রী আবদুর রহমান : মাননীয় স্পীকার স্যার, আমি ২৯৪ নম্বর বিধানসভা কেন্দ্রের বিধায়ক। আমাদের আগের বিধায়ক ছিলেন স্বর্গীয় ডঃ মোতাহার হোসেন। সেই এলাকায় মোতাহার হোসেনকে হারাবার জন্য বামফ্রন্ট সরকার যে বাসগুলো দিয়েছিলেন, ২০০১ সালে ওখানে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে বাসগুলো সব তুলে নিয়েছিল।

আমি না চাইতেও মাননীয় পরিবহণমন্ত্রীর কাছে মুরারই থেকে কোলকাতা বাস পেয়েছি। আমরা যদিও চাই নি, তবুও উনি মুরারই-এর প্রতি দৃষ্টি রেখে বাসটি দিয়েছেন। তার জন্য ধন্যবাদের ভাষা আমার নেই। আমি কেবল ওই বাসটিকে হরিশপুর থেকে কলকাতা, হরিশপুর আমার বিধানসভা এলাকা, সেখান থেকে কোন বাস বা ট্রেন ধরার অসুবিধা হয়। ওইটাকে হরিশপুর থেকে কলকাতা করুন, আর মালদা থেকে যে বাসগুলো আসানসোল আসে, সেটা ভায়া মুরারই আপাতত করুন, তাহলেই এলাকার মানুষ উপকৃত হবে। ধন্যবাদ।

শ্রী শুভেন্দু অধিকারী : আপনার দুটো প্রস্তাব আছে, একটা হরিশপুর পর্যন্ত বাস রুটটাকে বর্ধিত করার জন্য প্রয়োজনীয় নির্দেশ আমি দেব, কিন্তু এক্ষেত্রে একটি শর্ত থাকবে ইকোনমিক্যালী ভায়াবেল হতে হবে। আপনার সম্মানের জন্য আগামী ৬ মাস এটা চলবে হরিশপুর অবধি, কিন্তু ৬ মাসের মধ্যে আমরা দেখে নেব যাতে লস্ না হয়। এটা আপনাকেও দেখতে হবে। আর দ্বিতীয় প্রস্তাব আপনি যেটা দিয়েছেন সেটা আমি মালদা রুটের যে বাসগুলো আছে সেটা যাতে ওখানে স্টপেজ দেয় সে জন্য প্রয়োজনীয় নির্দেশ আমি NBSTC-কে দিয়ে দেব।

শ্রীমতী মিতালী রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আর একবার ধন্যবাদ জানাবো, কারণ এর আগের দিন ১৩ তারিখ আমি মেনশনে আমার ধূপগুড়ি বিধানসভা এলাকার নাথুয়া থেকে জলপাইগুড়ি পর্যন্ত যে বাসটি দেওয়া হয়েছে ১লা ফেব্রুয়ারি থেকে চলছে, সেদিন আমি ধন্যবাদ জানিয়ে ছিলাম। আজকে যেহেতু মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, তাঁকে আমি আরও একবার ধন্যবাদ জানাবো এর জন্য। আজকে আমার প্রশ্নটি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে করতে চাই-চামুচি চেকপোস্ট থেকে বানারহাঁট, গয়েরকাটা, ধূপগুড়ি হয়ে জলপাইগুড়ি পর্যন্ত একটি বাস যেটি আমাদের দুটো বিধানসভা এলাকার চা বাগান এলাকা নাগরাকাটা এবং ধূপগুড়ি এই চামুচি চেকপোস্ট থেকে এই এলাকার জন্য দীর্ঘ ৩৪ বছর থেকে সরকারী পরিষেবা থেকে এই মানুষগুলো বঞ্চিত হয়ে আছে, এর আগে যেমন নাথুয়া থেকে ৩৪ বছর যাবৎ এই পরিষেবা থেকে বঞ্চিত থাকার ফলে যেমন মানুষ ১লা ফেব্রুয়ারি থেকে পরিষেবা পাচ্ছে, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয় যদি চামুচি চেকপোস্ট থেকে বানারহাট, গয়েরকাটা, জলপাইগুড়ি পর্যন্ত প্রায় ৮৫ কিঃমিঃ চা বাগান এলাকার মানুষের জন্য উনি যদি আর একটি বাস করেন তাহলে এই এলাকার মানুষ অত্যন্ত উপকৃত হবে। ধন্যবাদ।

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয়া সদস্যার প্রস্তাব মতো সম্প্রতি একটি নতুন বাস ওখানে দেওয়া হয়েছে, এবং আমি একমত যে দীর্ঘ বাম আমলে আমাদের ধূপগুড়ি, নাগরাকাটা, কালচিনি, ময়নাগুড়িসহ ওই এলাকা অত্যন্ত অবহেলিত ছিল সর্বদিক থেকে। মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আমরা এই কাজ করছি এবং আপনার যে প্রস্তাব পরবর্তী অর্থ বছরে আমরা যখন নতুন বাস ক্রয় করবো তার জন্য একটু সময় লাগবে, তখন আমি অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনা করবো।

Shri Rohit Sharma : Hon'ble Speaker, Sir, through you, I would like to know from the Hon'ble Minister that, Sir, we are all aware that GTA has come into existance since 2012 and as per the GTA Act, page No. 15, clause no. 27, it has been mentioned that there shall be a Regional Transport Authority for the Gorkhaland Territorial Administration area with District Magistrate as the Chairman and two non-official members to be nominated by the Chief Executive. Sir, I would like to know from the Hon'ble M.I.C whether he has any plan to set up Regional Transport Authority for the GTA area or not. Thank you, Sir.

Shri Subhendu Adhikary : Thank you, Hon'ble Member, we have no such plan regarding this issue. GTA is violating the Motor Vehicles Act. Your Chairman has already started multiple number of volvo buses without the permission and registration from our end. It is not good. It is a serious violation.

[11:40 – 11.50 Noon.]

শ্রী বিশ্বনাথ দাস : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে জানাতে চাই যে, আমার জয়নগর বিধানসভা দীর্ঘদিন এস.ইউ.সি.আই-এর দখলে ছিল। বামফ্রন্ট রাজত্বকালে ৮০ রুটের বাসটা জয়নগর বাপলি বাজার থেকে গড়িয়া পর্যন্ত বা

ধর্মতলা আসতো সেটা ২৫ বছর ধরে বন্ধ হয়ে আছে ফলে মানুষের যোগাযোগ ব্যবস্থার খুবই অসুবিধা হচ্ছে। দয়া করে যদি বলেন এবং ঐ রুটে আগামী দিনে বাস যাতে চালানো যায় সেই ব্যবস্থা যদি করেন তাহলে বিধানসভার লোকেরা খুবই উপকৃত হয়। ধন্যবাদ।

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় সদস্যের প্রস্তাব অত্যন্ত যুক্তিসঙ্গত। কিন্তু আমাদের - কাট ইয়োর কোর্ট অ্যাকর্ডিং টু ইয়োর ক্লথ। দক্ষিণ ২৪ পরগনাতে আমরা অনেকগুলো নতুন রুটে নতুন নতুন বাস দিয়েছি এবং আরো বেস কিছু প্রস্তাব আমাদের কাছে বিবেচনাধীন রয়েছে। পরবর্তী আর্থিক বছরে আমি সম্মানীয় জয়নগরের যে বিধায়ক আছেন তাঁর প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনা করবো।

রাজীব গান্ধী বিদ্যুদয়ন যোজনা

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** ঃ বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলায় ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে "রাজীব গান্ধী বিদ্যুদয়ন যোজনায় মোট কত পরিবারকে নতুন বিদ্যুৎ সংযোগ দেওয়া সম্ভব হয়েছে; এবং

(খ) তন্মধ্যে, বি.পি.এল. তালিকাভুক্ত পরিবারের সংখ্যা কত?

মিঃ স্পীকার : আমার কাছে শ্রী জয়ন্ত নস্কর অনুমতি চেয়ে গেছেন যে ওনার প্রশ্নটা জয়ন্ত নস্কর করবেন এবং আমি ওনাকে সাপ্লিমেন্টারি করার জন্য অথরিটি দিচ্ছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বঙ্কিম চন্দ্র হাজরা যে প্রশ্ন করেছিলেন, শুনেছি তাঁর শারীরিক অসুস্থতার কারণে আসতে পারেননি সেই জায়গায় জয়ন্ত নস্কর মহাশয় যে প্রশ্ন করেছেন সেই প্রশ্নের উত্তরে জানাই,

ক) ১,৩৯,৯৮৭টি।

খ) ১,৩৯,৩৬৭টি।

শ্রী জয়ন্ত নস্কর : স্যার, আপনার মাধ্যমে আমাদের মাননীয় সিনিয়র মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, এখনও রাজীব গান্ধী বিদ্যুদয়নে অনেক পরিবার অন্তর্ভুক্ত হয়নি। একটা কথা এর আগেও জানিয়ে ছিলেন যে আগামী ৩১শে মার্চের মধ্যে বিশেষ করে সুন্দরবন এলাকা এবং সাগর সর্বত্র বিদ্যুতের কাজ সম্পন্ন হবে। যেগুলো বাকি আছে আমি আপনার কাছে প্রশ্ন করতে চাই যে, সেগুলো কতদিনের মধ্যে কানেকশন দেওয়া যাবে বলে মনে হয় ?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আমি একটু আপনাকে জানাই যে, পশ্চিম বাংলায় আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী যখন ২০১১ সালে ক্ষমতায় আসেন তখন অত্যন্ত শোচনীয় অবস্থা ছিল বিদ্যুতের ক্ষেত্রে। সেই সময় বিদ্যুৎ চলে গেলে সাধারণ ভাবে মানুষ তৎকালীন মুখ্যমন্ত্রীদের নাম করে বলতেন যে, উনি চলে গেলেন। রাজ্যে মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হওয়ার পর সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছিলেন বিদ্যুৎ দপ্তরকে। বিদ্যুৎ দপ্তরকে গুরুত্ব দেওয়ার মূল কারণ হল প্রগতি নির্ভরশীল বিদ্যুতের উপরে। অগ্রগতি নির্ভরশীল বিদ্যুতের উপরে। কোন স্কুল হবে, কলেজ হবে, বিশ্ববিদ্যালয় হবে, নতুন কলকারখানা হবে, দোকান হবে, বাজার হবে সবেতেই বিদ্যুৎ সবথেকে বেশি প্রয়োজন। এরজন্য তিনি সবথেকে বেশি গুরুত্ব দিয়েছিলেন। আমি আপনাকে বলি ২০১১ সাল পর্যন্ত এই রাজ্যে অর্থাৎ ৩৪ বছরে

৮৪ লক্ষ মানুষকে বিদ্যুৎ দিতে পেরেছিল বামফ্রন্ট সরকার। আর মাত্র ৬ বছরের মধ্যে, ৫ বছর ২০১১ থেকে '১৬ এবং আমাদের ৯ মাস এর মধ্যে আমাদের রাজ্যে আরও ৮৬ লক্ষ মানুষকে বিদ্যুৎ আমরা পৌঁছে দিতে পেরেছি। আপনি যে প্রশ্নটা করেছেন সেই প্রশ্নের উত্তরে জানাই যে, আমরা বিদ্যুৎ দেওয়ার জন্য অত্যন্ত আগ্রহী। আমাদের বিদ্যুতের ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়েছে। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে আমাদের তার নিয়ে যাওয়ার জন্য আঞ্চলিক ক্ষেত্রে যে বাধা রয়েছে সেই বাধা দূরীকরণের জন্য আমি অলরেডি আপনাকে এবং অন্যান্য সদস্যদের চিঠিও দিয়েছি। যাতে করে তারা সহযোগিতা করেন এবং বিদ্যুতের তার নিয়ে যাওয়ার ক্ষেত্রে আমরা দ্রুত এগিয়ে যেতে পারি । আপনি জিজ্ঞেস করেছেন, রাজীব গান্ধী scheme-তে আমাদের RGVY-এর 10th যে scheme ছিল তাতে scope ছিল village-এর ৮০টা, আমরা ৮০-টাই energize করেছি। BPL connection scope ছিল ১৪৮৫টা, আমরা ১৪৮৫-টাই আপনার জেলায় করেছি এবং APL connection ৬২০টা scope ছিল আমরা ৬২০টাই করেছি। RGVY-এর 11th scheme-তে ১৫৭৯টা scope ছিল আমরা ১৫৭৯টাই লাগিয়েছি Village, এটা গ্রামের কথা বলছি আর BPL connection ১,৩৭,৮৮২টি scope ছিল আমরা ১,৩৭,৮৮২টিই লাগিয়েছি। APL connection-এর কোনো বাকি নেই। অতএব লাগানোর বিশেষ কোনো প্রয়োজন নেই। WBREP supplementary যেটা ছিল, তাতে ৭০টি village-এর scope ছিল আমরা ৭০টিই লাগিয়েছি। এবং BPL connection ৬৯৫০টি scope ছিল আমরা ৬৯৫০টি লাগিয়েছি। BRGF-এ ১৯১১টি গ্রামের মধ্যে আমরা ১৮৭৮ গ্রামে electrification করেছি। এবং BPL connection ১৩৫৫১টির মধ্যে আমরা ১১৫৩৩টি লাগিয়ে দিয়েছি। APL connection যা ছিল অর্থাৎ ২,৬৪,৪৭৬-এর মধ্যে ২,৪৬,৭৩২টি লাগানো হয়েছে। ২০১৭-এর মার্চের মধ্যে আমরা এটা সম্পূর্ণ করে দেব। এছাড়া সুন্দরবন এলাকায় village electrification-এর ক্ষেত্রে যেটা SDB fund-এ ৮৪টি village-এর মধ্যে ৫৩টি আমরা করতে পেরেছি। BPL connection ১৭,১৮৮-র মধ্যে ৫৩৯টি করতে পেরেছি। এবং APL connection ৩৯,১১৭-র মধ্যে ১২,৮৯৭টি করতে পেরেছি। সাগরে যেটা কিনা বঙ্কিমবাবুর এলাকা ৪২টি village-এর মধ্যে ৪২টি village-ই electrification হয়েছে। BPL connection ২৫০-এর মধ্যে ২৫০টি হয়ে গেছে এবং APL connection ৩০,৮০০-এর মধ্যে ৩০,৮০০-টি connection দেওয়া হয়েছে। DDUJY-তে ৭৩টি village electrification এটা আপনার জেলার কথা বলছি, তারমধ্যে energize হয়েছে ১০টা। BPL connection ১৬,৩০০-এর মধ্যে দিয়েছি ১৭টি এবং APL connection এখনও দেওয়া হয়নি। এটা সাম্প্রতিককালে, যেহেতু এই scheme-টি কেন্দ্রীয় সরকার সম্প্রতি ঘোষণা করেছেন, তারফলে এটি এখনও পর্যন্ত আমরা দিতে পারিনি। আমাদের মোট BPL connection ১,৯৩,৬০৬-এর মধ্যে আপনাদের জেলায় দক্ষিণ ২৪ পরগণায় আমরা দিতে পেরেছি ১,৫৮,৬৬৬টি এবং APL connection ৩,৫০,০১৩-টির ক্ষেত্রে আমরা দিতে পেরেছি ২,৯১,০৪৯টি।

শ্রী অমর সিংহ রাই : Hon'ble Speaker Sir, through you I like to raise an issue before our Hon'ble Minister of Power. Sir, you may be aware that on June, the 26th, 2007 the erstwhile Left Front Government had signed an agreement with the NTPC along with the State of Sikkim regarding a power project in my constituency that is Fulbazar, Bijanbari block that is near Lodhama. The NTPC despite the agreement has not fulfilled the Community

Development Programme, the Community Development Policy, not to co-operate social responsibility... with reference to the project affected people as well as not resettled, many people got displaced. So I would be grateful if you look into this matter and arrange for some meeting between State Government, your Department then to NTPC and the local people. Thank you, Sir.

Shri Sobhandeb Chattopadhyay: Well Hon'ble Member has raised the question that is depending upon with NTPC, our State Government and Power Department. You kindly give me a letter on the particular subject. I can assure you within very short time, will convene a meeting and try to settle the matter.

Starred Questions

(to which answers were laid on the 'Table')

অচিরাচরিত শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫) **শ্রী অসিত মিত্র** ঃ বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি,

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে অচিরাচরিত শক্তির মাধ্যমে প্রতিদিন গড়ে কত পরিমাণ বিদ্যুৎ তৈরি হচ্ছে; এবং

(খ) এই পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন বেশি করার জন্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করছে/করেছে?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

২, ৯৭,৫০৪ .৬৯ ইউনিট।

পশ্চিমবঙ্গ সরকার নিম্নলিখিত প্রকল্পগুলি হাতে নিয়েছে:

(১) 'আলোশ্রী প্রকল্পের মাধ্যমে সরকারি ভবনের ছাদে গ্রীড সংযুক্ত সোলার প্ল্যান্ট বসানোর পরিকল্পনা করা হয়েছে।

(২) সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয়ে গ্রীড সংযুক্ত সোলার প্ল্যান্ট বসানোর কাজ চলছে। এখনও পর্যন্ত ৩০২ টি প্রতিষ্ঠানে সোলার প্ল্যান্ট স্থাপনের কাজ সম্পূর্ণ হয়েছে। ৪০০টি শিক্ষা প্রতিষ্ঠানে সোলার প্ল্যান্ট স্থাপনের কাজ চলছে। আরও ১১০০টি শিক্ষা প্রতিষ্ঠানে সোলার প্ল্যান্ট বসানোর কাজ শীঘ্রই শুরু হবে।

(৩) মেগাওয়াট স্তরের ক্ষমতা সম্পন্ন সোলার প্ল্যান্ট বসানোর উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। আগস্ট, ২০১৬ তে তিস্তা ক্যানাল ফলস হাইড্রো ইলেকট্রিক পাওয়ার প্ল্যান্ট স্টেজ-২ এর নিকটে ১০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন গ্রীড সংযুক্ত সোলার প্ল্যানের কাজ সম্পূর্ণ হয়েছে। এছাড়া ৭টি ১০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন, মোট ৭০ মেগাওয়াট গ্রীড সংযুক্ত সোলার প্ল্যান্ট বসানোর পরিকল্পনা করা।

অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকার সংখ্যা

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭) **শ্রী বিশ্বনাথ চৌধুরী** ঃ নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি–

৩০.১১.২০১৬ সাপেক্ষে রাজ্যে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের সংখ্যা কত?

নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া

৩০.১১ ২০১৬ সাপেক্ষে রাজ্যে অঙ্গনওয়াড়ী কর্মীর সংখ্যা ১০৭৫৪৭ জন ও অঙ্গওয়াড়ী সহায়িকার সংখ্যা ১০১৩১৫ জন।

রাজ্যে হোমের সংখ্যা

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮২) **শ্রী নর্মদা চন্দ্র রায়** ঃ নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) রাজ্যে মোট হোমের সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, সরকারি হোমের সংখ্যা কত?

নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

ক) রাজে মোট হোমের সংখ্যা ২৪৭।

এবং

খ) তন্মধ্যে, সরকারি হোমের সংখ্যা ৩০।

তমলুক পৌরসভায় পানীয় জল সরবরাহ

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫) **শ্রী অশোক কুমার দিন্দা** ঃ নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, তমলুক পৌরসভা অর্থের বিনিময়ে পানীয় জল সরবরাহ করছে?

নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

তাম্রলিপ্ত পৌরসভা থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, তাম্রলিপ্ত পৌরসভা সকল নাগরিকের জন্য ১/৪ ইঞ্চি সাইজের ফেরুলের মাধ্যমে জল সরবরাহের জন্য কোন চার্জ গ্রহণ করে না। কিন্তু যারা অতিরিক্ত জল সরবরাহের জন্য আবেদন করেন, তাদের ১/৪ ইঞ্চি সাইজের থেকে বড় মাপের ফেরুল সংযোগের মাধ্যমে অতিরিক্ত জল সরবরাহের জন্য চার্জ গ্রহণ করা হয়।

সরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪) **শ্রী রুনু দত্ত** ঃ **বিদ্যুৎ** ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

(ক) কতগুলি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র রাজ্য সরকারের অধীনে আছে; এবং

(খ) উক্ত কেন্দ্রে গড় উৎপাদন কত?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) মোট ১৯টি।

(খ) দৈনিক গড় উৎপাদন-৭৩.৫৩ মিলিয়ন ইউনিট।

হাঁসন বিধানসভা কেন্দ্রে সরকারি কলেজ স্থাপন

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯) **শ্রী মিল্টন রশিদ** ঃ উচ্চশিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈবপ্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

(ক) এটা কি সত্যি যে, হাঁসন বিধানসভা কেন্দ্রে নতুন সরকারি কলেজ স্থাপনের পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) সত্যি হলে, কতদিনের মধ্যে তা স্থাপিত হতে পারে বলে আশা করা যায় ?

উচ্চশিক্ষা বিজ্ঞান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

সৌরবিদ্যুৎ সরবরাহ

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬) **শ্রী প্রদীপ কুমার সাহা** ঃ বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) অপ্রচলিত শক্তির ব্যবহারে উৎসাহ দিতে রাজ্যের বিদ্যালয়গুলিতে সৌরবিদ্যুৎ সরবরাহের পরিকল্পনার অগ্রগতি কীরূপ; এবং

(খ) পূর্বস্থলীর দামপাল (পাখিরচর) ও নওপাড়া গঙ্গার চর অংশে (নদীয়ার দিকে), বসবাসকারী পরিবারগুলি কবে নাগাদ সৌরবিদ্যুৎ পাবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) ভাল।

(খ) ২০১৮।

কোলাঘাট পৌরসভা গঠনের পরিকল্পনা

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩) **শ্রী সেক ইব্রাহিম আলি** ঃ নগরোন্নয়ন ও পৌর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

(ক) এটা কি সত্যি যে, পূর্ব মেদিনীপুর জেলার কোলাঘাটে পৌরসভা গঠনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

বিদ্যুৎ অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) এই ব্যাপারে একটি প্রস্তাব রাজ্য সরকারের কাছে আছে।

(খ) কোলাঘাট পৌরসভা গঠনের বিষয়টি পরীক্ষাধীন।

[12:00 – 12.10 P.m.]

Consideration of the First Report of the Committee of Privileges (2016-2017)

Mr. Speaker : I call upon the Chairman Shri Haider Aziz Safwi to move that the First Report of the Committee of Privileges (2016-2017), West Bengal Legislative Assembly, as laid before the House on the 7th February, 2017 be taken into consideration.

Shri Haider Aziz Safwi : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to move that the First report of the Committee of Privileges (2016-2017), West Bengal Legislative Assembly, as laid before the House on the 7th February, 2017 be taken into consideration.

Mr. Speaker : Now the question before the House is that the motion moved by the Chairman of the Committee of Privileges. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

The motion is adopted. The motion is adopted.

Mr. Speaker: Now I again call upon the Chairman (Shri Haider Aziz Safwi to move that the recommendation contained in the First Report of the Committee of Privileges (2016-2017), West Bengal Legislative Assembly, be agreed to by the House.

Shri Haider Aziz Safwi: Mr. Speaker, Sir, with your kind permission, I beg to move that the recommendation contained in the First Report of the Committee of Privileges (2016-2017), West Bengal Legislative Assembly, be agreed to by the House.

Mr Speaker : Now the question before the House is that the motion moved by the Chairman of the Committee of Privileges. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

The motion is adopted. The motion is adopted.

Mr. Speaker: Further proceeding in this regard will be taken up later on.

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker: Hon'ble Members, have received an application from Shri CHIRANJEET CHAKRABARTI desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out

To

The Respected Speaker

W.B. L. A. Kolkata

Sir,

This is to let you know that I am going to visit my daughter at Houston, USA, as she is going to deliver her first child at the end of this month (February), according to doctors. I'll be highly obliged if you kindly grant me a leave of absence for a month, starting from 15th of February to 18th March, 2017. Unfortunately I won't be able to attend the last few days of the running session. Kindly pardon my inability.

Thanking you,

Yours faithfully,

(Chiranjeet Chakrabarti)

Mr. Speaker : I now ask whether Shri Chiranjeet Chakrabarti has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Shri Chiranjeet Chakrabarti has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 15th February, 2017 till the last sitting of the Current Session of the Assembly

Calling Attention

Mr. Speaker : Today, I have received one (1) notice of Calling Attention from Shri Sekh Sahonawez on the subject of urge for repairing of Naihati-Mougram road in Ketugram Block-II. I admit it and the Minister in–charge may please make a statement today, if possible or give a date.

Shri Sobhandeb Chattopadhyay: স্যার, সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে কথা বলে দিনটি আমি সভায় জানিয়ে দেব।

LAYING OF REPORT AND ACCOUNTS

The annual Report & Accounts and Audit Report thereon, of the West Bengal state Electricity Transmission Company Limited for the year 2015-2016

Shri Sobhandeb Chattopadhyay : Mr. Speaker, with your kind permission, Sir, I beg to lay the Annual Report & Accounts and Audit Report thereon, of the West Bengal state Electricity Transmission Company Limited for the year 2015-2016.

MENTION CASES

শ্রী সুজিত চক্রবর্তী : (অনুপস্থিত)

মিঃ স্পীকার : শেখ শাহনাওয়াজ, আপনি প্রত্যেকদিন কলিং অ্যাটেনশান দিচ্ছেন, প্রত্যেকদিন মেনশান দিচ্ছেন, প্রত্যেকদিন কোয়েশ্চেন করছেন। এটাকে একটু রেস্ট্রিক্ট করার দরকার আছে। আপনি যদি কলিং অ্যাটেনশান দেন, তাহলে মেনশান দেবেন না। মেনশান দিলে কলিং অ্যাটেনশান দেবেন না।

শ্রী শেখ শাহনাওয়াজ : ধন্যবাদ স্যার। স্যার, আপনার মাধ্যমে মাননীয় আবাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে আমার বিধানসভা এলাকার উপর দিয়ে এস এইচ ৭ রাজ্য সড়ক বয়ে যাচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার অনেক 'পথসাথী' প্রকল্প করছে। ওই এলাকায় বহু লোকজন যাতায়াত করে, গাড়ি ঘোড়া যাতায়াত করে, সেগুলো নর্থ বেঙ্গল পর্যন্ত যায়। ওই রাস্তার ওপরে পালিতা মোড় থেকে আরম্ভ করে মোরগ্রাম পর্যন্ত যেকোনো জায়গায় একটা 'পথসাথী' প্রকল্প করা হলে এলাকার লোক উপকৃত হবে। এই আবেদন আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে করছি।

ডাঃ এম নুরুজ্জামান : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার বিধানসভা কেন্দ্র পুরশুরা দামোদর এবং মুন্ডেশ্বরী নদীর মাঝখানে দোয়াব অঞ্চল, ওখানে খাল, বিল, নদী, নালা ঘেরা, প্রতি বছর বন্যা হয়। বিশেষ করে অরুন্ডা অঞ্চল খুব দুর্গম জায়গা। ওখানে খানাকুল ১ নং ব্লকের কাবিলপুর থেকে পাঁচারুল পর্যন্ত রাস্তাটি যদি নির্মাণ করা হয় তারজন্য আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী মিতালি রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীকে জানাই, ধূপগুড়ি পৌরসভার অন্তর্গত ১৫ নং ওয়ার্ডে অবস্থিত মহাশ্মশানঘাটে একটি বৈদ্যুতিক্ চুল্লী নির্মাণ করার জন্য স্থানীয় মানুষরা দীর্ঘদিন ধরে দাবি করে আসছেন। আমি এই বিষয়ে মাননীয় পৌরমন্ত্রীকে একটি বৈদ্যুতিক চুল্লী নির্মাণ করার জন্য অনুরোধ জানাই যাতে স্থানীয় মানুষরা এই চুল্লি ব্যবহারের ফলে শবদাহ কার্যে উপকৃত হবেন এবং প্রাকৃতিক পরিবেশও বজায় থাকবে। ধন্যবাদ।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আমার বিধানসভা মেমারিতে তিনি সিক নিউ বর্ন বেবি কেয়ার ইউনিট তৈরি করেছেন। এরজন্য আমি মা-মাটি-মানুষের সরকারকে ধন্যবাদ জানাই। যেখানে মন্তেশ্বর এবং জামালপুরের মানুষরাও ওই হাসপাতালে আসেন। এই যে সিক নিউ বর্ন বেবি কেয়ার ইউনিটটি তৈরি হয়েছে সেটা কবে নাগাদ চালু হবে, এই ব্যাপারে আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দুলাল মুর্মু : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার নয়াগ্রাম বিধানসভার

গোপীবল্লভপুর ১নং ব্লকের লোহামালিয়া থেকে কদমখন্ডী, তেলান্ত, দুধিয়াশোল হয়ে ছোটঝাড়রি পর্যন্ত এবং ভন্ডাহি থেকে ঝাটিয়াড়া পর্যন্ত পি এম জি এস ওয়াই রাস্তা তৈরি করার আবেদন জানাচ্ছি।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে বিনীতভাবে আবেদন জানাচ্ছি, কল্যাণী বেলঘড়িয়া এক্সপ্রেসওয়ের কাজ দ্রুত সম্পন্ন করে বেলঘড়িয়া এক্সপ্রেসওয়ের সাথে কল্যাণী রোডের যোগাযোগ ব্যবস্থা যদি করে দেওয়া যায় তাহলে এলাকার মানুষের খুব উপকার হয়। এই কাজটা কবে নাগাদ বা কিভাবে হতে পারে যদি সংশ্লিষ্ট মন্ত্রী আমাদের জানান।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, এই এক্সপ্রেসওয়ে চওড়ার কাজটা এখন পি ডব্লু ডি-কে দেওয়া হয়েছে এবং যে কানেকশানটা, সেখানে অনেক লোক বসবাস করে। সেটা স্থানীয় সাংসদ সৌগত রায়ের সঙ্গে কথা হয়েছে, ওই লোকগুলোর সাথে নেগোসিয়েশান চলছে। ওদের অন্য জায়গায় স্থানান্তরিত করে দিলে, যখনই করতে পারব তখন খুব তাড়াতাড়ি করতে পারব। কেননা এই প্রজেক্টে আমাদের স্টেট গভর্নমেন্টের অ্যাপ্রুভাল নেওয়া রয়েছে।

[12:10 – 1.30 p.m.]

শ্রী বিশ্বজিৎ দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ২০১১ সালে বাংলায় মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পরে অনেক কাজ হয়েছে, বিশেষ করে যেসব এলাকাগুলো প্রতি বছর বন্যায় ক্ষতিগ্রস্ত হয়। তারমধ্যে বাগজোলা খাল, নোয়াই খাল, ময়লা খাল, খড়দহ খাল - এই খালগুলো সংস্কার করার পরিকল্পনা যদি গ্রহণ করেন। তাহলে বন্যার সময় যে ক্ষতিটা হয় সেটা আগামী দিনে কম হতে পারে। এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য দাবি জানাচ্ছি।

শ্রী সমীর চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীকে জানাতে চাই, গত পাঁচ বছর ধরে আমরা লক্ষ্য করছি কলকাতা সহ গোটা পশ্চিমবাংলার রাস্তাঘাটের ব্যাপক উন্নয়ন হয়েছে। আমরা লক্ষ্য করেছি যখন বিশিষ্ট অতিথিরা বাংলার বুকে এসেছেন, অমিতাভ বচ্চন থেকে শুরু করে শাখরুখ খান, শচীন তেন্ডুলকর থেকে শুরু করে রাহুল দ্রাবিড়, তারা বলেছেন প্রত্যেক বছর যখন কলকাতায় আসছি, তখন দেখতে পাচ্ছি কলকাতা শহরটা প্রতিদিন পাল্টে যাচ্ছে। যে কোন বিদেশী শহরের সাথে কলকাতা শহর সমমানের হয়ে উঠছে। সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য কাজী নজরুল ইসলাম সরণী চওড়া করার কাজ এবং সৌন্দর্যায়নের যে কাজ চলছে তা কবে নাগাদ শেষ হবে। কলকাতা শহরকে আরও সুন্দরভাবে কবে নাগাদ আমরা দেখতে পাব এটা যদি জানান তাহলে ভালো হয়।

শ্রী ফিরহাদ হাকিম : এই কাজটা চলছে এবং রাস্তার ধারের প্লানটেশানের কাজটা দেওয়া হয়েছে ফরেস্ট ডিপার্টমেন্টকে। আমরা আশা করছি আর মাস ছয়েকের মধ্যে এই কাজটা আমরা সম্পন্ন করতে পারব।

শ্রীমতী মহুয়া মৈত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা শহরের বিশেষ করে পূর্ব কলকাতা বা ইস্ট ক্যালকাটার দ্রুত জলনিকাশী ব্যবস্থার জন্য কি পরিকল্পনা করা হয়েছে এটা যদি জানান তাহলে ভালো হয়।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, ইস্ট ক্যালকাটা টাউনশিপটা নতুন। আগের সরকার ওখানে জমি প্লটিং করে বিক্রি করে দিয়েছিল। কিন্তু সত্যিকারের ওখানকার নিকাশী ব্যবস্থার একটা

বড় সমস্যা রয়েছে। আমরা ইনিশিয়ালি কে.এম.ডি.এ -র পক্ষ থেকে কলকাতা কর্পোরেশানকে আমরা এই কাজটা দিয়েছি। ওরা ডি.পি.আরটা রেডি করছে। ইস্ট ক্যালকাটার এই ডি.পি. আরটা রেডি করতে একটু সময় লেগেছে। এটা শীঘ্রই আমরা এ.ডি.বি বা এই রকম কোন বড় সংস্থাকে ধরে এই কাজটাকে সম্পন্ন করব, সেইজন্য হয়তো আমাদের বছরখানেক সময় লাগবে।

শ্রী প্রদ্যুৎ কুমার ঘোষ : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বছরে মাঠে প্রচুর আলুর ফসল হয়েছে এবং উৎপাদন খুবই আশাব্যঞ্জক। কিন্তু বর্তমানে আলু চাষীরা আলুর সঠিক মূল্য পাচ্ছেন না। তাই এই অতিরিক্ত আলু সংরক্ষণ করার জন্য আমি দাবি জানাচ্ছি। যদি কোন সংরক্ষিত জায়গা থেকে আলুগুলো চার-পাঁচ মাস পরে বের করে বাজারে বিক্রির ব্যবস্থা করা হয় তাহলে আলু চাষীরা তার সঠিক মূল্য পাবে। এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য আমি আবেদন জানাচ্ছি।

(At this stage the House was adjourned till 1.30 p.m)

[1:30 – 1.40 p.m.]

শ্রী অশোক ভট্টাচার্য : স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশান আছে। স্যার, যখন হোল সেশান চলছে সেই সময় মাননীয়া মুখ্যমন্ত্রী কালিম্পং-এ গিয়ে অনেকগুলি নতুন নতুন প্রজেক্ট ঘোষণা করলেন। ওখানে নির্বাচনটা হবে বলে এবং এটা খুবই অনৈতিক এবং এই হাউসকে ছোট করা হচ্ছে, অপমানিত করা হচ্ছে। বিশেষ করে আমি চাইছি মুখ্যমন্ত্রী একটা বিবৃতি দিন, আলাদা জেলা করার বা বিভিন্ন কাউন্সিল করার আলাদা আলাদা করে - তার নীতিগত মানদণ্ড থাকতে হবে। একটা মানদণ্ড থাকতে হবে।.....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়).....

.....(নয়েজ).....

মিঃ স্পীকার : শুনেছি অশোকবাবু প্লিজ বসুন .....(নয়েজ).....মাননীয়া মুখ্যমন্ত্রী বা প্রধানমন্ত্রী বা অন্যান্য কোন রাজ্যের মুখ্যমন্ত্রীদের অনেক কাজ থাকে আপনি জানেন অনেক administrative work থাকে। সুতরাং বিধানসভা চলাকালীন কোন বিধানসভাতেই পুরো সেখানে সব দিন মুখ্যমন্ত্রী বা প্রধানমন্ত্রী বসে থাকতে পারেন না। এটা আপনিও জানেন। সুতরাং, এটা এমন কোন ব্যাপার নয় যে উল্লেখ করা যেতে পারে। .....(ইংরাজী).....

Presentation of the Report of Business Advisory Committee

Hon'ble Members, I beg to present the 13th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the programme of business for 17th February, 2017 and 20th February, 2017 as follows:

17.2.2017, Friday

(i) The West Bengal Finance
Bill, 2017 (Introduction, Consideration and Passing) - 2 hours

(ii) The West Bengal Appropriation Bill, 2017
(Introduction, Consideration and Passing) - 1 hour

20.2.2017, Monday The East Kolkata Wetlands
(Conservation and Management)

(Amendment) Bill, 2017

(Introduction, Consideration and Passing) - 1 hour

.....(নয়েজ).....

MOTION

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ১৩তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তার গ্রহণের জন্য সভার প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think the Motion is adopted. The motion is adopte.

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী রাম শঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী ১০ই ফেব্রুয়ারি ২০১৭-১৮ সালের যে বাজেট পেশ করলেন, সেই বিতর্কে অংশগ্রহণ করে এবং বিরোধীদের আনা কাটমোশানকে সমর্থন করে আমি কিছু বলতে চাই। আমরা জানি রাজ্যের অর্থমন্ত্রী তিনি একজন পণ্ডিত মানুষ কিন্তু এই বাজেট পরিসংখ্যান এই বাজেটে আমরা দেখছি যে এখান দিশাহীন বাজেট পরিসংখ্যানের কারসাজি বাংলার কৃষকদের সামনে কোন রকম বিষয় নেই, চরম একটা বঞ্চনার শিকার বাংলার কৃষক। আকাশছোঁয়া মূল্যবৃদ্ধি, আকাশছোঁয়া মূল্যবৃদ্ধি রোধ সম্পর্কে বাজেট কোন রকম ভাবনার নেই।

২০১৫ সালে কেন্দ্রীয় অর্থমন্ত্রকের রিপোর্ট অনুসারে দিনে ২০ টাকার বেশী খরচ করতে অক্ষম আমাদের দেশের ৬৩% মানুষ। মানুষের জীবনধারণের জন্য অত্যন্ত প্রয়োজনীয় বিষয়গুলো চাল, ডাল, নুন, তেল, কাপড়, জামা, ওষুধের দাম ক্রমাগত হু হু করে বাড়ছে। সরকারি তথ্য বা পরিসংখ্যান বলছে খাদ্য দ্রব্যের মুদ্রাস্ফীতি ১০.৬% থেকে এক লাফে ১৭.৭% বেড়ে গেছে। এই হিসাবটা পাইকারী বাজার দর অনুযায়ী । কিন্তু খুচরো বাজারে দাম তার চেয়ে অনেক বেশী। এই রকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে, মূল্যবৃদ্ধির রোধ করতে এক সময় দেখেছি। মূল্য বৃদ্ধি নিয়ে আপনারা, যারা শাসক দলে আছেন, তাঁরা ২০১০ সালের নভেম্বরে দেখেছি, থালা বাজিয়ে, থালা গলায় ঝুলিয়ে 'এত দাম, খাবো কি' বলে আপনারা মিছিল করেছেন কলকাতার রাজপথে। তার জন্য দায়ী বামফ্রন্ট সরকার, বামফ্রন্ট সরকার জিনিসের মূল্যবৃদ্ধি করছে। আর এখন যে জিনিসের দাম লাফিয়ে লাফিয়ে বাড়ছে, আপনার রাজ্য বাজেটে কোথায় মূল্য নিয়ন্ত্রণের দিশা আপনারা দেখিয়েছেন ? এটা মাননীয় অর্থমন্ত্রী বলবেন যে আমাদের রাজ্যের এটা রাজ্য সরকারের এক্তিয়ারে, না কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে ? যদি রাজ্য সরকারের এক্তিয়ারে হয়, তাহলে আপনি কি ব্যবস্থা নিয়েছেন, সেই সম্পর্কে নিশ্চিত করে বলবেন। মাননীয় অর্থমন্ত্রী ২০১৭-১৮ সালে পরিকল্পনা খাতে ৬৪ হাজার ৭৩৩ কোটি টাকা ব্যয় দেখিয়েছেন। সব মিলিয়ে টোটাল রিসিপ্ট দেখিয়েন, সেটা হচ্ছে রেভিউ এবং ক্যাপিটাল রিসিপ্ট, সব মিলিয়ে ১ লক্ষ ৮২ হাজার ২৯১.৯১ টাকা। আপনি এটা টোটাল রিসিপ্টটা দেখিয়েছেন। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি, আপনার এই বাজেটে গুরুত্বপূর্ণ যে দপ্তরগুলো আছে, সেই দপ্তরগুলোর মধ্যে বিশেষ করে হেলথ, সেখানে গত বছর হেলথে ৪ হাজার ২৪৯.৩৬ কোটি টাকা,আপনারা ২০১৬-১৭ -র রিভাইজড বাজেটে করলেন, আর এ বছর করলেন ৩ হাজার ২৯৯ টাকা,স্বাস্থ্য দপ্তর বাজেটে কমালেন কেন? আপনারা ফিশারিতে কমিয়েছেন, পাওয়ার অ্যান্ড নন কনভেনশানাল এনার্জী সোর্সেস কমিয়েছেন,

আপনি পঞ্চায়েতের মত একটা গুরুত্বপূর্ণ দপ্তর, সেখানে গত বছর আপনারা রিভাইজডে করলেন ১৪ হাজার ২১৩.০২। এই বছরে করলেন ১২ হাজার ৮৬৪.০৪। এই যে গুরুত্বপূর্ণ দপ্তরগুলোতে কমালেন। তারপর আরেকটা বিষয় হল - টাকা যেটা ক্যাপিটাল রিসিপ্ট ধরেছেন, তাতে দেখাচ্ছেন, মার্কেট লোন ২০১৪-১৫ -তে ২৪ হাজার কোটি টাকা লোন করেছেন, ২৬ হাজার কোটি টাকা ২০১৬-১৭ -র বাজেটে দেখালেন ৩২ হাজার কোটি টাকা আপনি রিভাইজড করলেন। এবারের বাজেটে আপনি দেখাচ্ছেন ৪৪ হাজার ৪৮২ কোটি টাকা মার্কেট লোন করতে হবে। তাহলে আমি যেটা বলতে চাইছি স্যার, আমাদের রাজ্যের একটা পরিসংখ্যান যদি দেখি, তাহলে রাজ্যের সেই পরিসংখ্যানে ধারের যদি একটা হিসাব দেখি, স্বাধীনোওরকালে আমাদের রাজ্যে, তার হিসাবটা এই রকম, ১৯৭৭ সালের আগে পর্যন্ত ৩০ বছর, ২২ মাস যুক্তফ্রন্ট বাদ দিলাম, ৩০ বছরের কংগ্রেস শাসন, যে সরকারের মন্ত্রী বা সদস্যরা এখনও এই সদনে আছেন, ১ লক্ষ ২০ হাজার কোটি টাকা ১৯৭৭ সালের আগে পর্যন্ত কংগ্রেস সরকারের দেনা, আর ১৯৭৭ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত সেখানে দেনা ৭২ হাজার কোটি টাকা। এই ১ লক্ষ ৯৯ হাজার কোটি টাকা বাম সরকারের ঘাড়ে চাপিয়ে দিচ্ছে। ৭২ হাজার কোটি টাকা বাম সরকার ৩৪ বছরে করেছে। আর এখন যে ঋণটা হয়েছে, এখন আপনাদের কথা হল, আপনাদের ৬ বছরে ১ লক্ষ ২৩ হাজার কোটি টাকা আপনাদের ঋণ হল। ৬ বছরে ১ লক্ষ ২৩ হাজার কোটি টাকা, তাহলে আপনাদের এই ধারাবাহিকতা যদি থাকে, তাহলে ২০২১ সালে ১০ বছর যখন পূর্ণ হবে, তখন আমাদের রাজ্যে এই সরকারের ঋণ দাঁড়াবে, আপনারাই শুধু বলবেন, প্রায় ২ লক্ষ ৫০ হাজার কোটি টাকা।

[1:40 – 1.50 p.m.]

তখন আমাদের রাজ্যের এই সরকারের ঋণ দাঁড়াবে, আপনারাই শুধু ঋণ করবেন, প্রায় দু'লক্ষ পঞ্চাশ হাজার কোটি টাকা। দশ বছরে যা করবেন, করলেন যা যাচ্ছে চৌষট্টি বছরে, যে ঋণ কংগ্রেস এবং বামপন্থীরা করেনি, তা আপনারা করবেন এই সরকারের শেষ পর্যন্ত হিসাবটা বলবেন। রাজ্যকে কি তাহলে দেউলিয়া করে দিয়ে যাবেন? আমার মনে পড়ছে এক দার্শনিক, চার্বাকের কথা, মহামতী চার্বাক বলেছিলেন "যাবৎ জিবেৎ সুখং জীবেৎ, ঋণং কৃত্বং, ঘৃতং পীবেৎ" eat, drink and memory. মেলা কর, উৎসব কর, খাওয়া দাওয়া কর, নাচ-গান কর আর কোন কিছু দরকার নেই। তারপর যতদিন আপনার সরকার থাকবে, ঋণ করেই আপনাদের চলতে হবে। ঋণের ফাঁদে গোটা রাজ্যের মানুষকে আপনারা একেবারে শশ্মানের দোরগোড়ায় দাঁড় করিয়ে দিয়ে যাচ্ছেন। আমি আপনাদের এই কথাই বলতে চাইছি। এতো গেল দেনা-পাওয়ার কথা। আপনি বলেছেন স্যার, প্রধান প্রধান দপ্তরের সাফল্যের খতিয়ানের কথা, আপনার বাজেট বক্তৃতায় বলেছেন। আমি আপনার খাদ্য সরবরাহ দপ্তরের বাজেটের কথা বলছি। বাজেট বাড়িয়েছেন ঠিক আছে, ধন্যবাদ আপনাদের কিন্তু বাজেটে আপনি দেখাচ্ছেন, ৭ কোটি ৯০ লক্ষ খাদ্যসুরক্ষার ব্যবস্থা করেছেন। আপনাদের এই বাজেট বইতে আপনারা রেখেছেন। এটাকে 'খাদ্যসাথী' প্রকল্প বলছেন। এটা যদি একদম মামার হাল দিয়ে সাত হাল করে দেন যে, কেন্দ্রের দেওয়া যে ছ'কোটি এক লক্ষ আর আপনারা কত দিচ্ছেন, ছ'কোটি এক লক্ষকে যদি বাদ দেওয়া যায় তাহলে আপনাদের এক কোটি ৮৯ লক্ষ আপনারা আপনাদের রাজ্যে দিচ্ছেন। কিন্তু পূর্বতন বামফ্রন্ট সরকার ২০১১ সাল পর্যন্ত দু'কোটি বাষট্টি লক্ষ এই বাংলার কৃষক এবং ক্ষেত-মজুরদের দিয়ে দিত। বিগত বামফ্রন্ট সরকার যা দিত তার থেকে আপনারা অনেক কম। আপনারা দিচ্ছেন কিন্তু পুরোটাই কেন্দ্রকে ধরে নিয়ে। অথচ বলছেন, আমরা সাত কোটি ৯০ লক্ষ, প্রায় আট কোটি মানুষকে আমরা খাদ্যসাথীর

আওতায় আনলাম। কেন্দ্রের ন্যাফসা এসে গেল এখানে খাদ্যসাথী। অদ্ভুত ভাবে এখানে নামটা পরিবর্তন হয়ে যায় দিল্লি থেকে আসতে আসতে। আমরা দেখলাম যে, স্যানিটেশান - স্যানিটেশান করতে গিয়ে এখানে পশ্চিমবঙ্গে - স্যানিটেশান যেটা হচ্ছে - ওখানে স্বচ্ছ ভারত অভিযান, তার আগে পশ্চিমবাংলা স্যানিটেশান, নির্মল গ্রাম হচ্ছে, নির্মল পঞ্চায়েত করতে হবে। তার জন্য আগের যে বামফ্রন্ট সরকার শুরু করেছিল, হয়েছেও অনেকগুলো। কিন্তু পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার স্বচ্ছ ভারত অভিযান কর্মসূচী নেওয়া হয়। এটা অতীতে ঠিকই ইতিমধ্যে কয়েকটি জেলা ঘোষণা করেছেন, ঐ জেলার বিধায়ক আছেন, নদীয়া, উত্তর চব্বিশ পরগনা জেলার বিধায়করা আছেন। আমি জানছিলাম, আমাদের বিধায়কদের কাছে যে, পঞ্চাশ ভাগ কাজ হয়নি উত্তর চব্বিশ পরগনা জেলায় কিন্তু আপনারা নির্মল জেলা ঘোষণা করলেন। এখন আবার দক্ষিণ চব্বিশ পরগণা জেলা ঘোষণা করছেন। মজাটা হচ্ছে এটাই, কেন্দ্রীয় সরকার দেয় সাড়ে সাত হাজার টাকা-কেন্দ্রীয় শেয়ার আর আপনারা দিচ্ছেন আড়াই হাজার টাকা। আর বেনিফিসিয়ারি দেবে ৯০০ টাকা। যারা বেসলাইন সার্ভে তারা এগুলো পাবে। তাহলে অদ্ভুত ভাবে এটাও হয়ে গেল মিশন নির্মল বাংলা। ওখানে যেটা হচ্ছে, স্বচ্ছ ভারত অভিযান, এখানে সেটা এসে পরিবর্তিত হয়ে গেল। অদ্ভুত ভাবে আপনাদের এখানে সমস্ত নামগুলো পরিবর্তন হয়ে যাচ্ছে কেন্দ্র এবং রাজ্য সরকারের। এখানে আপনাদের সাফল্যটা কোথায়? কত টাকা আপনারা খরচ করলেন? আমি আপনাদের বলতে চাইছি যে, যে জেলাগুলি আপনারা করছেন, সে জেলাগুলি ভালো করে করুন। আমার যে গ্রাম পঞ্চায়েতে বাস করি, সেই গ্রাম পঞ্চায়েতে চব্বিশটা বুথের মধ্যে ষোলোটা বুথে বেসলাইন সার্ভে আছে, আটটা বুথে নেই, একটাও হয়নি। অথচ কয়েকদিনের মধ্যে দক্ষিণ চব্বিশ পরগনাকে আপনারা ঘোষণা করতে চলেছেন যে, নির্মল জেলা হয়ে যাচ্ছে। কখনও হতে পারে না। সরকার, একটু মানবিক হন। আরও নীচে নেমে দেখেন, খাতা পত্রে নয়, নীচে নেমে দেখেন। আমি শেষ করব যে কথা বলে, আমি দেখছি, বাংলার কৃষক সমাজ শুকিয়ে যাচ্ছে, শেষ হয়ে যাচ্ছে। একটা পরিসংখ্যান, স্টেট ওয়াইজ যেটা হাইয়েস্ট সুইসাইড নোট আপনাদের দিচ্ছি। কৃষক সমাজের সামনে কি ধরনের সমস্যা। ইন্ডিয়া গভর্নমেন্টের ২০১৫ সালের একটা সুইসাইড নোট তাতে, মহারাষ্ট্র- ১৬৯৭০, তামিলনাড়ু ১৫৭৭৭ আর আমাদের বাংলায় ১৪৬০২। আমরা বিরোধীরা বলছি, গত পাঁচ বছরে ১৬৭ টি জন কৃষক ফসলের দাম না পেয়ে, ঋণ শোধ করতে না পেরে আত্মহত্যা করেছে। এই সরকার একটু মানবিক হোক। এই সরকার দেখুক নীচে, নেমে যে কৃষক তার উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য না পেয়ে আত্মহত্যা করছে। আপনারা সেখানে টাকা দিতে পারেন না। কিন্তু মদ খেয়ে মরলে সেখানে টাকা দিতে পারেন্ । এই সরকারের মানবিক দৃষ্টিভঙ্গীর প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি।

(এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।)

শ্রী উদয়ন গুহ : মাননীয় স্পীকার স্যার, গত ১০ ফেব্রুয়ারি রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৭-১৮ অর্থ-বর্ষের জন্য পরিকল্পনা খাতে যে ৬৪ হাজার ৭৩৩ কোটি টাকার ব্যয়-বরাদ্দের প্রস্তাব পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে এবং সেই সমর্থনের পেছনে যে কারণ তার কয়েকটি আমি তুলে ধরতে চাই।

মাননীয় অর্থমন্ত্রী যে সময়ে বাজেট পেশ করেছেন তখন একটা আর্থিক সঙ্কটের মধ্যে দিয়ে দেশ, রাজ্য চলছে। আপনারা জানেন গত ৮ই নভেম্বর, দুঃখের বিষয়, একজন স্বল্প মেধার একগুয়ে রাষ্ট্রপ্রধান তুঘলকি ফরমান জারি করলেন ; নোট বাতিল করলেন। রাতারাতি

বাজারের ৮৬ শতাংশ নোট বাতিল বলে ঘোষণা করলেন। বলা হল যে 'কালা-ধন' উদ্ধার করা হবে। কাদের কাছ থেকে কালা-ধন উদ্ধার করবেন? পরের দিন ব্যাঙ্ক বন্ধ। তার পরে দু'দিন এ.টি.এম বন্ধ। যেদিন থেকে ব্যাঙ্ক খুললো, এ.টি.এম খুললো সেদিন হাজার হাজার মানুষ ব্যাঙ্কের সামনে, এ.টি.এমের সামনে লাইন দিলেন। আমি অন্ততপক্ষে দেখিনি, রামশঙ্করবাবুও একটাও কথা বললেন না, তিনি হয়তো দেখেননি যে, কোন কোটিপতি মানুষ ব্যাঙ্কের সামনে নোট বদল করবার জন্য দাঁড়িয়েছেন বা এ.টি.এম থেকে টাকা তুলবার জন্য দাঁড়িয়েছেন। গতকাল ডাঃ মানস ভূঞ্যা বলছিলেন যে ১১২ জন মারা গেছেন ব্যাঙ্কের সামনে লাইনে দাঁড়িয়ে। দুর্ভাগ্যজনক ঘটনা। আমাদের দিনহাটা মহাকুমাতে দু'জন মারা গেছেন। তার মধ্যে একজন দিনহাটা বিধানসভা কেন্দ্রের, আরেকজন সিতাই বিধানসভা কেন্দ্রের। কোন কোটিপতি ব্যাঙ্কের সামনে দাঁড়িয়ে মারা যাননি। কাদের ঘর থেকে কালোটাকা উদ্ধার করবার চেষ্টা করা হয়েছিল ? কাজ বন্ধ করে গরীব মানুষ ব্যাঙ্কের সামনে দাঁড়িয়েছিল। একদিকে বাজার থেকে নগদ তুলে নেওয়া, তার ফলে কাজ হারানো মানুষ, তার আর্থিক সঙ্কট। আরেকদিকে, একটা সময় আমি রামশঙ্করবাবুদের পাশে বসেই বলেছিলাম, সমালোচনা করেছিলাম, কিন্তু বাস্তব-টা হচ্ছে, এ বছরে রাজ্য সরকারকে সুদ এবং আসল-সহ যে ঋণের বোঝা সরকারের ওপর আছে তার ৪০ হাজার কোটি টাকা শোধ করতে হবে। সামনের বছর সেটা হবে ৪৭ হাজার কোটি টাকা। আর, রামশঙ্করবাবু যেটা বলছিলেন, এটা শুনে রাখুন। আগামী বিধানসভা নির্বাচন পর্যন্ত এই সরকারকে আগের সরকারের ঋণের যে সুদ এবং আসল তা বাবদ আড়াই লক্ষ কোটি টাকা শোধ করতে হবে। আপনি আড়াই লক্ষ কোটি টাকার কথা বলছিলেন তো ? সুদ এবং আসলেই শোধ করতে হবে আড়াই লক্ষ কোটি টাকা। তার পরেও এই যে বাজেট, এই বাজেটে কোন সামাজিক প্রকল্প, তার একটি টাকাও বরাদ্দ কমানো হয়নি। আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং তাঁর দক্ষ অর্থমন্ত্রী এই আর্থিক সঙ্কটের মধ্যে দিয়েও কী করে রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়া যায় তার জন্য প্রতিনিয়ত কাজ করে চলেছেন। কাজ হারিয়েছেন শুধু রাজ্যের মানুষ নয়, কাজ হারিয়েছেন যারা রাজ্য থেকে বাইরে গিয়েছিলেন কাজ করতে । অনেক মানুষ সেখানে কাজ হারিয়ে ফিরে এসেছেন রাজ্যে। বিশেষ করে গুজরাট, মহারাষ্ট্রে যারা সোনার কাজ করেন, যারা সোনার পালিশ করেন তারা কাজ হারিয়ে ফিরে এসেছেন রাজ্যে। আমি ধন্যবাদ জানাব মাননীয় অর্থমন্ত্রীকে আড়াই'শ কোটি টাকা তাদের জন্য বরাদ্দ করেছেন।

[1:50 – 2.00 p.m.]

৫০ হাজার এই ধরনের কারিগর যারা কাজ হারিয়েছেন তাদেরকে যাতে পুনরায় কাজে ফেরানো যায় এবং তাদের পুনর্বাসনের জন্য ৫০ হাজার কারিগরকে ৫০ হাজার করে টাকা দেওয়ার প্রস্তাব এই বাজেটে রয়েছে। তারজন্য মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই। কৃষকদের কথা বলেছিলেন, মাননীয় অর্থমন্ত্রী যেদিন নোট বন্দি নিয়ে বক্তব্য রাখছিলেন, খুব যুক্তিসংগত একটি কথা বলেছিলেন - কখন নোট বন্দি ঘোষণা করা হল? যখন কৃষক জমির থেকে ধান কেটেছে। ধান কেটে রবি চাষের জন্য এগোবে, জমি তৈরি হচ্ছে, বীজের দরকার, সারের দরকার, কৃষানের টাকা দেবে তার দরকার, অথচ তার কাছে নগদ টাকা নেই। সেই অবস্থায় বাংলার দুর্ভিক্ষ দূর করবার মূল যে ধান- বোরো চাষ, সেই বোরো চাষ অনেক কৃষক এবার করতে পারেননি। এই কৃষকদের বাঁচাবার জন্য, তাদের সঙ্কট দূর করবার জন্য মাননীয় অর্থমন্ত্রী একশো কোটি টাকার একটা তহবিল গঠন করেছেন। আপনি দেখতে পারেন। ধন্যবাদ জানাই মাননীয় অর্থমন্ত্রীকে, একটার পর একটা গরীব মানুষ যারা

সঙ্কটে পড়েছেন, এই রাজ্যের বা ভিন রাজ্যের থেকে আসা তাদের কাজ করবার জন্য অর্থ বরাদ্দ করেছেন। তেমনি এই তিন মাসে শিল্পে মন্দা, সেই শিল্পের মন্দা কাটাবার জন্য সীমিত ক্ষমতার মধ্য দিয়ে যতটা করা যায়, করেছেন। ২০ লক্ষ টাকা পর্যন্ত টার্ন ওভার সেখানে তিনি ভ্যাটের ছাড় দিয়েছেন। আগে সেটা ছিল দশ লক্ষ টাকা, এখন সেটা হয়েছে ২০ লক্ষ টাকা। এতে কি হবে? ছোট ব্যবসায়ীরা উপকৃত হবে, তারা উৎসাহিত হবে, যে সঙ্কট, সেই সঙ্কট থেকে খানিকটা তাদের বের করে আনা যাবে। নোট বাতিলের পর সবচাইতে যে ধাক্কা খেয়েছে সেটা হচ্ছে আমাদের নির্মাণ শিল্প আর স্বর্ণ শিল্প। নির্মাণ শিল্প, সেই নির্মাণ ব্যবসাকে যদি টেনে তোলা না যায় তাহলে এটা মাথায় রাখতে হবে নির্মাণ ব্যবসাকে টেনে তুলতে না পারলে উৎপাদক সূচককেও টেনে তোলা যাবে না। সেটা মুখ থুবড়ে পড়বে। মাননীয় অর্থমন্ত্রী একটা যুগান্তকারী সিদ্ধান্ত নিয়েছেন। রেজিস্ট্রেশনের জন্য ৬ শতাংশ, ৭ শতাংশ অর্থ লাগত। আমি বাড়ি করতে গিয়ে, ফ্ল্যাট কিনতে গিয়ে ব্যাঙ্কের থেকে লোন পাচ্ছি। কিন্তু আমি যখন রেজিস্ট্রেশন করতে যাচ্ছি সেই টাকাটা ব্যাঙ্ক আমাকে দিচ্ছে না। এখন দু শতাংশ টাকা দিয়ে প্রাইমারি স্টেজে ওটাকে রেজিস্ট্রি করা যাবে। পরবর্তীকালে চার বছরের মধ্যে বাকি টাকা দিয়ে এই যে রেজিস্ট্রি করা যাবে তার ফলে এই কেনাবেচাটা বেড়ে যাবে। জমি এবং বিল্ডিং এরা মুখ থুবড়ে পড়ছিল সেটায় কেনাবেচা বাড়বে। আর সবচাইতে যেটা ভাল হবে মাননীয় অর্থমন্ত্রী এক ঢিলে দুটো পাখি মেরেছেন। নির্মাণ শিল্পটা যেমন বাড়বে, নির্মাণকর্মীরা কাজ পাবে তেমনই সরকারের আয় এর থেকে অনেকটা বাড়বে। আপনাকে আমি তারজন্য ধন্যবাদ জানাই। সীমিত ক্ষমতার মধ্য দিয়ে আপনি এগুলো করে যাচ্ছেন। সামগ্রিকভাবে জমি কেনাবেচার প্রতি আরো অনেক মানুষের উৎসাহ বাড়বে। আপনারা সমালোচনা করতে হয় বলে করছেন। কিন্তু যেভাবে আমাদের সরকার চেষ্টা করছেন - মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী যেভাবে চেষ্টা করছেন এর একটা সদর্থক দিক আছে। প্রশ্ন হচ্ছে এত সমালোচনা করছেন - কালকে আরেকজন আপনাদের নেতা তিনি আজকে এখানে নেই, তিনি যে বক্তব্যগুলো রাখছিলেন - শুধু কি, এই সরকার করতে পারছে না। কিন্তু আপনারা কি করেছিলেন? ....(গোলমাল).....আমি ছিলাম তো। পাপের ভাগীদার তো আমিও। আমি ছিলাম। ওই পাপটা তো অস্বীকার করছি না।....(গোলমাল)..... কি করেছিলেন? কম্পিউটার যাতে ঢুকতে না পারে তারজন্য চেষ্টা করেছিলেন।

প্রাথমিক শিক্ষা থেকে ইংরাজি তুলে দিয়েছিলেন। নিজের ছেলেমেয়েদের ইংলিশ মিডিয়াম স্কুলে পাঠিয়েছিলেন। হাসপাতালগুলিতে ইউনিয়নের বন্দোবস্তো করেছিলেন। ইউনিয়ন চলবে হাসপাতালে, ইউনিয়ন করতে গিয়ে হাসপাতালে রোগীদের যে পরিষেবা সেটা বন্ধ করে দিয়েছিলেন। ব্যাঙ -এর ছাতার মতো গ্রামে গঞ্জে, শহরে একেবারে সাব স্ট্যান্ডার্ড ইংলিশ মিডিয়াম স্কুল এবং নার্সিংহোম গজিয়ে উঠেছিল। এর থেকে কাটমানি ঢুকছিল পার্টি অফিসগুলোতে। এই কাটমানি, একটাই তো লক্ষ্য ছিল কি করে পার্টি অফিসের সংখ্যা বাড়ানো যায়। কি করে বিভিন্ন জায়গায় বড় বড় পার্টি অফিস তৈরি করা যায়। অশোকবাবু মাননীয়া মুখ্যমন্ত্রীর সমালোচনা করছিলেন। অশোকবাবুরা যে টাকা খরচ করে শিলিগুড়িতে পার্টি অফিস তৈরি করেছেন সেই টাকাটা কোথা থেকে এসেছে বা কিভাবে এসেছে এটা যদি বোঝা যায় তাহলে অনেক কিছু বেরিয়ে যাবে। এই কাজটা করেছেন। শুধুমাত্র বিরোধীদের মারেননি, কেন চলে এসেছি সেটা শুনুন। শুধুমাত্র তো বিরোধীদের মারেননি। আপনারা শরিকদেরও মেরেছেন। আপনারা শরিকদের উপর আঘাত হেনেছেন। এই যে আমি উদয়ন গুহ আমার বিরুদ্ধে ৩০২ এর মামলা নিয়ে এসেছিলেন আপনারা। কেন এসেছি সেটা বুঝতে পারছেন না। আজকে সারা বাংলাকে একেবারে পথে বসিয়ে দিয়েছেন

সেটা অশোকবাবুর জানা উচিত। আমিও ওখানে বসে হেসেছিলাম, মুখ্যমন্ত্রী যখন বলতেন পাহাড় হাসছে, জঙ্গল মহল হাসছে। তখন আমিও আপনার সাথে হেসেছিলাম, অশোকবাবুর বন্ধুদের সাথে হেসেছিলাম। আজকে কি অবস্থাটা দেখে আসুন। পাহাড় শুধু হাসছে না, সারা উত্তরবঙ্গ হাসছে। আমি স্যার, গত শনি,রবি বার দক্ষিণবঙ্গ সফর করতে গিয়েছিলাম। আমার কর্পোরেশানের কাজে আমি ঝাড়গ্রাম থেকে মুকুটমণিপুর, মুকুটমণিপুর থেকে গড় পঞ্চেকোট গিয়েছিলাম পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া। যে রাস্তা, সেখানকার মানুষের জীবনযাত্রা দেখলাম। একবার সেই সময়কার মুখ্যমন্ত্রী - হিন্দুদের একটা নিয়ম আছে মৃতদেহ সৎকার করে সেই মৃতদেহকে জল দিলে পরে আর তার দিকে আর ফিরে তাকাতে হয় না। একবার পশ্চিম মেদিনীপুরে গিয়ে তৎকালীন মুখ্যমন্ত্রী ঐ যে ফিরে চলে এসেছিলেন আর সেদিকে ফিরে তাকাননি। এবার গিয়ে দেখলাম চকচকে রাস্তা, একটার পর একটা গ্রাম পেরোচ্ছে আর সেখানে পানীয় জলের ট্যাংক্ষ মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। শুধু খেলা, মেলা এই দিয়ে রাজ্যটা চলছে না। খেলা, মেলায় যদি রাজ্যটা চলতো তাহলে ২০১৬ সালে মার্কসবাদী, মোদীবাদী আর গান্ধীবাদীরা এক হয়ে এই সরকারকে হারাবার জন্য যে চেষ্টাটা করেছিলেন সেটা কিন্তু পশ্চিমবাংলার মানুষ মেনে নেয়নি। পশ্চিমবাংলার মানুষ আজকে প্রমাণ করে দিয়েছেন কাদের প্রয়োজন আছে, কাদের ক্ষমতায় বসিয়েছেন। গতকাল তন্ময়বাবু বলছিলেন, সময়ের কাজ সময়ে করা দরকার। সাধারণত মার্কসবাদীদের সাথে বাস্তববাদীদের মিল থাকে না। মার্কসবাদ আর বাস্তববাদের মধ্যে অনেক ফারাক। তারপরেও আমি বলি, একটা সত্যি কথা বলেছেন সময়ের কাজ সময়ে করতে হয়। আর সময়ের কাজ সময়ে না করলে এই অবস্থা হয়। স্যার, সেদিন আমি উত্তরবঙ্গ থেকে কলকাতায় আসছিলাম। ট্রেনটা দাঁড়িয়েছে দমদম স্টেশনের আউটারে। দেখলাম একটা বড় ব্যানার। সেখানে লেখা রয়েছে বিধাননগর চলো। রাজনীতির লোক উৎসাহ নিয়ে তাকিয়ে দেখলাম যে, কারা বলছে বিধাননগর চলো। দেখলাম মার্কসবাদী কমিউনিস্ট পার্টি ১৯ শে জানুয়ারী বিধাননগর চলোর ডাক দিয়েছেন। ১৯শে জানুয়ারি বিধাননগর চলোর ডাক দিয়ে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি ব্যানার লিখেছে যারা একসময় সারা রাজ্য জুড়ে ব্যানার লাগাতো বিগ্রেড চলো। তারা এখন বলছে বিধাননগর চলো। এরপরে তারা বলবে, বসিরহাট চলো। তারপরে বলবে, বঙ্গোপসাগর চলো। আর বাংলার মানুষ তাকিয়ে আছে ২০১৯ সালের জন্য। তারা এই রাজ্যের মুখ্যমন্ত্রীর হাত ধরে আবার নতুন করে ডাক দেবে দিল্লি চলো। সেই দিকে বাংলার মানুষ তাকিয়ে আছে।

[2:00 – 2.10 p.m.]

আসুন, সব বিরোধিতা ভুলে গিয়ে যে উন্নয়নমূলক কাজ আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং তাঁর দক্ষ অর্থমন্ত্রী করবার চেষ্টা করছেন, তাঁদের দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়ে বাংলাকে এগিয়ে নিয়ে যাই। এই বলে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পীকার মহোদয়, বাংলার মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জীর অনুপ্রেরণায় পশ্চিমবঙ্গের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী শ্রদ্ধেয় ডঃ অমিত মিত্র মহাশয় ১০ই ফেব্রুয়ারি ২০১৭-১৮ সালের যে বাজেট বিবৃতি প্রদান করেছেন এবং ১৭-১৮সালের জন্য ৬৪ হাজার ৭৩৩ কোটি টাকার ব্যয়-বরাদ্দের প্রস্তাব করেছেন,তাকে পূর্ণ সমর্থন জানিয়ে গুটিকয়েক কথা বলার চেষ্টা করছি। স্যার, একটু আগে উদয়নবাবুর কথা শুনছিলাম। উদয়নবাবু যে কত কষ্টে ছিলেন এবং বাংলা যে ৩৪ বছরে কতটা পিছিয়ে ছিল তার জ্বলন্ত দৃষ্টান্ত তাঁর কথাবার্তার মধ্যে দিয়ে প্রকাশ ঘটেছে। বামফ্রন্টের বন্ধুরা অনেক কথা বলতে পারবে। তারা শুধুমাত্র অনুন্নয়নের কথা ছাড়া, এই উন্নয়ন দেখতে না পারার কথাগুলো

এই মহতি সদনে তারা প্রকাশ ঘটাতে পারে। কিন্তু সত্যি কথা বলতে কি আজকে এই বাজেট বিবৃতিতে অংশগ্রহণ করতে এসে বাংলার কবি, মনীষীদের কথা মনে পড়ে যায়। আমার সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি"। আবার কখনও বিবেকানন্দের কথায় আমরা বলতে পারি 'বাংলার সমাজ আমাদের শিশু সঞ্চার, কৈশোরের লীলাক্ষেত্র, যৌবনের উপবন, বার্ধক্যের বারাণসী'। আমারা রবীন্দ্রনাথের বাংলার কথা জানি, নজরুলের বাংলা জানি। আমরা রামমোহনের বাংলার কথা জানি। জীবনানন্দ দাশের রূপসী বাংলার কথা জানি। যে বাংলা ছিল সুজলা, সুফলা, শস্যশ্যামলা ৩৪ বছর ধরে বামফ্রন্ট সরকার সেই বাংলাকে একটা শ্মশান বাংলায় রূপান্তরিত করেছিল। তাই আমরা দেখেছি। এই বিগত পাঁচ বছরে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এবং পশ্চিমবঙ্গের অত্যন্ত দায়িত্বশীল অর্থমন্ত্রী বারবার যে বাজেট পেশ করেছেন,তার মধ্যে দিয়ে বাংলায় ব্যাপক উন্নয়নের জোয়ার এনেছেন। আমরা দেখি স্যার নোটবন্দির জন্য যখন সারা ভারতবর্ষে অর্থনৈতিকভাবে জরুরী অবস্থা চলছে, বাংলায় যখন অভাব, অনটন, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনা মাথায় নিয়ে পশ্চিমবঙ্গে যখন দায়িত্বে আসেন মুখ্যমন্ত্রী, আমরা যখন দেখতে পাই এই বছরে ৪০ হাজার কোটি টাকা সুদে-আসলে পরিশোধ করতে হবে। আমরা যখন দেখি আগামী বছর বাজেটের জন্য,যে বাজেটর জন্য আজকে আমরা দাঁড়িয়ে কথা বলছি, সেই ২০১৭-১৮সালের বাজেটেও বছরে ৪৭হাজার কোটি টাকা পরিশোধ করার জন্য চিন্তাভাবনা থাকা সত্ত্বেও এই বাংলায় কিন্তু উন্নয়ন থেমে থাকেনি। বাংলার উন্নয়ন কিন্তু অত্যন্ত দ্রুতগতিতে এগিয়ে চলেছে। আমরা তাই দেখতে পাই 'কন্যাশ্রী, যুবশ্রী, গৃহশ্রী, সবুজশ্রী, সবুজসাথী, খাদ্যসাথী, স্বাস্থ্যসাথী, মাভৈঃ,নিজ ভূমি নিজ গৃহ প্রকল্প'। আমরা দেখতে পাই 'গীতাঞ্জলি, জল ধরো জল ভরো প্রকল্প,লোকপ্রসার প্রকল্প, গতিধারা, স্বামী বিবেকানন্দ স্কলার শিপ, তফশিলী জাতি, তফশিলী উপজাতি ছাত্রছাত্রীদের শিক্ষাশ্রী, সংখ্যালঘু ভাইবোনেদের স্কলারশিপ থেকে শুরু করে লোন',বাংলা আমার জন্মভূমি। আমরা এখানেই জন্মেছি, এখানেই আমরা মরতে চাই। আমরা দেখেছি জন্ম এবং মৃত্যুর ক্ষেত্রে আমাদের মুখ্যমন্ত্রী বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছেন। আমরা মৃত্যুর পরে যেখানে যাই, আমরা কেউ বা শ্মশানে যাই, কেউ বা কবরস্থ হই।সেই শ্মশান বা কবরের পবিত্রতা বজায় রাখার জন্য কোন দিন কেউ চিন্তাভাবনা করেননি। বামফ্রন্ট বন্ধুরা ৩৪ বছর ক্ষমতায় থাকা সত্ত্বেও এই ধরনের প্রকল্প যে করা যায়, কোনদিন মাথার মধ্যে আনতে পারেননি। আমরা তাই দেখতে পাই আজকে 'বৈতরণী'র মতো প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। 'বৈতরণী 'প্রকল্পের মধ্য দিয়ে শ্মশানগুলো সুন্দর করে সাজানোর পরিকল্পনার নেওয়া হয়েছে। সংখ্যালঘু মানুষরা মারা গেলে, সেই কবরের পবিত্রতা বজায় রাখায় জন্য সংখ্যালঘু উন্নয়ন দপ্তর থেকে পাঁচিল দিয়ে ঘিরে দেওয়ার প্রকল্প গ্রহণ করা হয়েছে। আজকে কত মানবিক হলে, কত মানুষের জন্য চিন্তাভাবনা করলে, বাংলার প্রতি দায়বদ্ধতা, বাংলার প্রতি ভালবাসা থাকলে তবেই যে এই ধরনের প্রকল্প গ্রহণ করা যায়, যা এই বাজেটের মধ্য দিয়ে প্রকাশিত, সেই প্রকল্পের নাম আমরা দেখি স্যার 'সমব্যথী'। আমরা দেখেছি স্যার, আমরা গ্রামের ছেলে আমরা গ্রাম পঞ্চায়েতে দেখেছি যে অনেক সময় পাঁচশো, হাজার, দু'হাজার টাকার জন্য একটা মানুষকে শ্মশানে নিয়ে যেতে খুব কষ্ট হত। চাঁদা তুলে আমরা অনেকেই কাজ করেছি, সবাই। এই দু'হাজার টাকাটা আমাদের কাছে অত্যন্ত প্রয়োজনীয় ছিল। কেউ কিন্তু কোনদিন ভাবেননি, বামফ্রন্ট কোনদিন ভাবেনি। আজকে মমতা বন্দ্যোপাধ্যায় মানবিক মুখ্যমন্ত্রী, তাঁর অনুপ্রেরণায় আজকে সুদক্ষ অর্থমন্ত্রী, সম্মানীয় ডঃ অমিত মিত্র মহোদয় 'সমব্যথী' প্রকল্পের মধ্য দিয়ে যে ধরনের চিন্তাভাবনাগুলো গ্রহণ করে বাজেট বক্তৃতায় ব্যক্ত করেছেন, এই বাজেটকে সমর্থন না করে কখনই কিন্তু পারা যায় না।

তাই আমরা বলব সারা পশ্চিমবঙ্গে বিভিন্ন উন্নয়ন বাস্তবায়িত হচ্ছে। স্যার সামাজিক কল্যাণে আমরা দেখি আশা কর্মী, অঙ্গনওয়াড়ী কর্মী, সহায়িকাদের একটা বড় ভূমিকা আছে। আজকে তারা গ্রামে গ্রামে প্রচুর কাজ করছে। এদের উন্নয়নের কথা কেন্দ্রীয় সরকার তেমন ভাবে ভাবিনি। আজকে মমতা ব্যানার্জী অনেক অভাব, অনেক অনটন থাকা সত্ত্বেও তাদের জন্য, তারা যাতে ভাল ভাবে কাজ করতে পারে, আরো সেবা দিতে পারেন তারজন্য তাদের জন্য মাসিক ৫০০টাকা আরো সাম্মানিক বৃদ্ধি ঘটিয়েছেন। আজকে অঙ্গনওয়াড়ী কর্মী,সহায়িকা কর্মী সাহায্য সহযোগিতা পাচ্ছেন। ৫০ হাজার আশা কর্মী এই সুযোগ পাবেন। কাজের জন্য স্বাস্থ্যসাথী প্রকল্প গ্রহণ করা হয়েছে। নোট বাতিলের ফলে আমরা দেখেছি গোটা ভারতবর্ষে বিভিন্ন জায়গায় কাজ করতে যাওয়া পশ্চিমবঙ্গের মানুষ নদীর জলের স্রোতের মতন ফিরে আসতে হয়েছে। তাদের জন্য কেউ ভাবেনি। এই সমস্ত কর্মহীন কঙ্কাল যৌবনকে কে বাঁচাবে স্যার ? কে এদের মুখে অন্ন দেবে ? কে এদের স্বাস্থ্য দেখবে - সেই কিন্তু মমতা ব্যানার্জী, সেই কিন্তু আমাদের অর্থমন্ত্রী অমিত মিত্র। তাইতো আমরা দেখতে পাই ফিরে আসা পশ্চিমবঙ্গের কর্মীদের জন্য ৫০ হাজার টাকা করে এককালীন অনুদান দেওয়ার জন্য ৫০ হাজার কর্মীর জন্য ৫০ হাজার এই ধরনের কারিগরের জন্য সহায়তা দেওয়ার জন্য প্রকল্প তিনি গ্রহণ করেছেন। স্যার এখানে শুধু তৃণমূলরা সাহায্য পাবে না। সি.পি.আই.এম -এর বন্ধুরা যারা ফিরে এসেছেন, কংগ্রেসের বন্ধু যারা ফিরে এসেছেন বা বি.জে.পি -এর যে সমস্ত কর্মী বন্ধুরা ফিরে এসেছেন তারাও কিন্তু সহায়তা পাবেন এটা মনে রাখবেন। আজকে মানবিক মুখ্যমন্ত্রী বলেই, মানুষের কথা ভাবেন বলেই, তাদের পরিবারের কথা ভাবেন বলেই আজকে এতবড় প্রকল্প তিনি গ্রহণ করেছেন, এতবড় সিদ্ধান্ত নিয়েছেন। যার জন্য ২৫০ কোটি টাকা তিনি বরাদ্দ করেছেন। নোট বাতিল একটা whimsicall সিদ্ধান্ত। ভারতবর্ষে যিনি দায়িত্বে আছেন যিনি প্রধানমন্ত্রী আমি মনে করব তিনি মানুষের কথা কোনদিন ভাবেননি। ভাবলে এই ধরনের একটা সিদ্ধান্ত গ্রহণ করতে পারতেন না। আজকে অর্থের অভাবে মানুষ চাষবাস ঠিক মতন করতে পারছে না। এতকিছুর পরেও যখন আমরা দেখি ভারতবর্ষে যখন একটা বাজেট পেশ হয় তখন সেই বাজেটে স্যার কোন দিশা দেখতে পাই না। ভারতবর্ষের বাজেটে কি পেয়েছি স্যার - আমাদের মনে হয়েছে এই বাজেট একটা বোধহীন, দিশাহীন, হৃদয়হীন ফাঁকা আওয়াজ এবং পরিসংখ্যানের কারসাজি ছাড়া কিছুই নয়। যা বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তাৎক্ষণিকভাবে ব্যক্ত করেছেন। আজকের আমাদের বাজেটের দিকে তাকিয়ে দেখতে হয়। আমি বামফ্রন্টের বন্ধুদের বলব আমাদের বাজেটের দিকে তাকিয়ে দেখুন। আজকে পশ্চিমবঙ্গের বাজেটে রাজ্যবাসীর কল্যাণ, উন্নয়ন যজ্ঞ এবং মানবিক বাজেট বলে মনে করি। নোট বন্দীর জেরে সারা ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে যেটা বলছিলাম মানুষজন আজকে ফিরে এসেছে তাদের সহায়তা দেওয়া হয়েছে। স্যার কৃষকদের জন্য নাকি ভাবা হয়নি - রাম শংকরবাবু বলছিলেন। আমাদের উদয়নবাবু তার উত্তর দিয়েছেন। আমি বলি আজকে কৃষকদের উন্নয়নের জন্য মমতা ব্যানার্জী যে ধরনের প্রকল্প গ্রহণ করেছেন এটা অকল্পনীয়। সারা ভারতবর্ষে কোন রাজ্য এই ধরনের সিদ্ধান্ত গ্রহণ করতে পারেননি। পশ্চিমবঙ্গে এত অসুবিধা থাকা সত্ত্বেও আজকে তাদের জন্য যা সাহায্য, সহযোগিতা করার জন্য যা প্রকল্প আছে তার সঙ্গে আরো ১০০ কোটি টাকার একটি বিশেষ তহবিল গ্রহণ করা হয়েছে। টাকা দিয়ে তাদের সাহায্য, সহযোগিতা করার জন্য চিন্তাভাবনা গ্রহণ করা হয়েছে। অত অভাব, ঋণের টাকা শোধ দিতে হচ্ছে, কেন্দ্রীয় সরকারের বঞ্চনা তা সত্ত্বেও এত উন্নয়ন এটা কেবল মাত্র সম্ভব বাংলার মুখ্যমন্ত্রীর নেতৃত্ব এবং অর্থমন্ত্রীর সঠিক চিন্তাভাবনা বলে আমি মনে করি। আমরা তিন বছরের হিসাব করে দেখি ২০১৪-১৫ সালে পশ্চিমবঙ্গে রাজস্ব আদায় ছিল

৩৯ হাজার ৪১১ কোটি, ২০১৫-১৬ সালে সেই রাজস্ব আদায় হয় ৪২ হাজার ৪৯৬ কোটি আবার ২০১৬-১৭ সালে সেই রাজস্ব আদায় হয় ৪৮ হাজার ৯২৬ কোটি অর্থাৎ তিন বছরে প্রায় ১০ হাজার কোটি টাকা বাড়তি রাজস্ব আদায় হয়েছে যা একমাত্র মমতা ব্যানার্জী এবং অর্থমন্ত্রীর জন্য সম্ভব হয়েছে। এই অর্থ দিয়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন উন্নয়ন হচ্ছে। আজকে ৭.৯ কোটি রাজ্যের মানুষকে সুলভ মূল্যে খাদ্য দেওয়া হচ্ছে।

[2:10 – 2.20 p.m.]

১৬৫ টা কৃষক বাজার ইতিমধ্যে চালু হয়ে কাজ করছে। আজকে মৎস্যতে, কৃষিতে, এনার্জিতে প্রথমস্থান দখল করেছি। আজকে স্বাস্থ্য ক্ষেত্রে ব্যাপক উন্নতি হয়েছে। আমি তাই বলি আজকে বাংলা যেভাবে এগিয়ে চলেছে বাংলার এই এগিয়ে চলার বাজেটকে পূর্ণ সমর্থন জানানোর জন্য বিরোধী পক্ষের কাছে আহ্বান জানিয়ে শেষে একটা কথা শুধুমাত্র বলব বলো বলো বলো সবে, বাংলা আবার ভারত সভায় শ্রেষ্ঠ আসন লবে। বাংলা বিশ্ববাংলায় রূপান্তরিত হবে। ধন্যবাদ।

শ্রী অশোক দিন্দা : অনারেবল স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করলেন, যা নিয়ে কয়েকদিন ধরে চর্চা হচ্ছে হাউসে। এটা পরস্পর পরস্পরের মধ্যে দোষারোপ নয়। আমরা বিরোধীরা সরকারকে পরিচালনার ক্ষেত্রে নিশ্চয়ই দিশা দেখাবো, আলো দেখাবো। যা নেই, যা করলেন না, যা দিশা দেখালেন না তা বলব। প্রথমেই বলি গত বাজেটে আমি বক্তৃতা করতে গিয়ে বলেছিলাম বিধায়কদের যে উন্নয়ন তহবিল আছে সেটা ৬০ লক্ষ থেকে ১ কোটি টাকা করা হোক। এ দাবি গতবারও করেছিলাম, এবারও করছি। শুধু আমি নেব না, ২৯৪ জন এম.এল.এ. সাহেবেরই উন্নয়ন খাতে এক কোটি টাকা করে দেওয়া হোক। এটা আমার অ্যাপিল। আমি আবেদন করছি যে কন্যাশ্রী প্রকল্প, যা কেন্দ্রীয় সরকার টাকা দেন, ২৫ হাজার করে টাকা দেন। অন্যান্য রাজ্যে রয়েছে যে মেয়েটি ১৮ বছর বয়েসে পা দেন সঙ্গে সঙ্গে এক লক্ষ টাকা তার ফান্ডে দেওয়া হয়। আমি দাবি করছি অন্যান্য রাজ্যে যেমন ১ লক্ষ টাকা দেওয়া হয় আমাদের রাজ্যেও কন্যাশ্রী প্রকল্পে ২৫ হাজার টাকাটাকে ১ লক্ষ টাকা করা হোক। এটা অন্য রাজ্যে দেওয়া হয়। আর একটা কথা বলি এই অর্থ মন্ত্রীর পেশ করা বাজেটকে অন্তঃসারশূন্য বাজেট বলে আমি মনে করি। শুধু খালি নেই। যে পরিমান টাকা বরাদ্দ করা হয়েছিল তার মধ্যে ৩১০ কোটি টাকা খরচ করতে পারেননি বিভিন্ন দপ্তর। যেমন সেচ, শিল্প, শিক্ষা, খাদ্যসরবরাহ, সংখ্যালঘু ইত্যাদি দপ্তর বিভিন্ন সামাজিক খাতে খরচ করতে পারেনি। আর ৩৪ বছর, ৩৪ বছরের ক্যাপসুল খাইয়ে যাচ্ছেন কতদিন খাওয়াবেন? কতদিন খাওয়াবেন? ১ লক্ষ ৮৬ হাজার কোটি টাকা আমাদের সরকারের ঋণ ছিল। আমাদের বন্ধু একজন বলছিলেন। গায়ে ফোসকা পড়ার কিছু নেই। এটা তথ্য আপনারা ৫ বছর ৮ মাসে তিন লক্ষ কোটি টাকা ছাড়িয়ে গিয়েছেন। তাই এই বাজেটকে আমি বলতে পারি দিশাহীন ও অসত্যের বাজেট। আর নোটবন্দীর জেরে যে কর্মীরা ফিরে আসছে, আসলে তাদের তো লিস্ট বেরবে না। আপনাদের কিছু কর্মীদের টাকা তুলে দেওয়ার এটাই হচ্ছে পরিকল্পনা। মূল বাজেটে কর্মসংস্থান বৃদ্ধি, বন্ধ কলকারখানার শ্রমিকদের ভাতা দেওয়ার কোনো পরিকল্পনা এই বাজেটে নেই। আমাদের বক্তব্য হল আগামী দিনে জমি অধিগ্রহণ সহ বিভিন্ন সমস্যার সমাধান করে শিল্প স্থাপনের অনুকূল পরিবেশ স্থাপন করতে হবে। আর আমাদের রাজ্যসরকারি কর্মচারি, অশিক্ষক কর্মচারিরা আছেন তাদের ডি.এ. বাড়িয়ে দিন। ডি.এ. দিচ্ছেন না। ডি.এ. না দিয়ে শুধু উৎসব করছেন, খেলাধুলো করছেন, ফুর্তি করতে টাকা দিচ্ছেন। সরকারি কর্মচারি, শিক্ষক, অশিক্ষক কর্মচারিদের কোনো টাকা আপনারা দিচ্ছেন না।

আমরা বলছি, বিধবা ভাতা, ইত্যাদি যেসব ভাতা আছে তার সংখ্যা বাড়ানো হোক। এস.সি., এস.টি., ও.বি.সি., সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য যে ধরনের টাকা পয়সা দেওয়া হয় তার পরিমাণটা বাড়ানো হোক, সঙ্গে সঙ্গে সংখ্যাটাও বাড়ানো হোক। সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের জন্য যে বৃত্তির কথা বললেন সেসব অসত্য। আমাদের রাজ্যে ২৭% সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ বাস করে, আর আপনারা বললেন ১ কোটি ১০ লক্ষ ছাত্রছাত্রীকে বৃত্তি দিয়েছেন। এটা অসত্য। এত ছাত্রই নেই। যেখানে ০-৯৯ আড়াই কোটি মানুষ বাস করে সেখানে ১ কোটি ১০ লক্ষ মানুষকে বৃত্তি দিয়েছেন বলেছেন, এটা অসত্য। আপনি বন্ধ কারখানার শ্রমিকদের কোন ভাতা বৃদ্ধি করলেন না। প্রকৃত সত্যকে গোপন করে অসত্য বলেছেন। চাকরির পরিসংখ্যান দেখিয়েছেন। গত সভাতেও আমি বলেছিলাম, কোন দপ্তরে আপনি কত চাকরি দিয়েছেন দপ্তর ওয়াইজ তথ্য দিন। মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন দিয়ে দেবেন। অর্থমন্ত্রীকে আবারও বলছি, ক্যাটেগরিক্যালি কোন দপ্তরে কত চাকরি দিয়েছেন সেই তথ্য আমাদের সামনে দিন। সেই স্টেটমেন্ট আজ পর্যন্ত দেননি যাতে বোঝা যাবে কোন দপ্তরে কত চাকরি দিয়েছেন। তাই বারবার একই কথা আমাদের বলতে হচ্ছে। এই বাজেটে কর্মসংস্থানের কোন দিশা নেই, বন্ধ কারখানার শ্রমিকদের কোন ভাতা নেই, সরকারি কর্মচারীদের ডি.এ. দিলেন না। অর্থনীতিকে শিকেয় তুলে দিয়ে শুধু দান খয়রাতি করে গেছেন। এটা দিশাহীন বাজেট, বাস্তবের সঙ্গে কোন সঙ্গতি নেই, তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারলাম না, বিরোধিতা করছি। মাননীয় অর্থমন্ত্রীকে বলছি, বিধায়ক তহবিল ১ কোটি টাকায় বৃদ্ধি করুন।

শ্রীমতী মহুয়া মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ২০১৭-১৮ অর্থবর্ষের জন্য যে বাজেট বিবৃতি দিয়েছেন তার সমর্থনে কিছু বলছি।

দিলীপবাবু, এবারে একটু শুনুন। পশ্চিমবঙ্গের মানুষের বি.জে.পি. পরিচালিত সরকার দেখার সৌভাগ্য হয়নি, কিন্তু কেন্দ্রীয় সরকার তো দেখেছে। আপনি অনেক কিছু বলেছেন, আমরা শুনেছি, এবারে আমাদের সুযোগ দিন কাউন্টার করার। আপনি প্রথমে আমাদের এডুকেশন বা শিক্ষা ব্যবস্থা নিয়ে বলেছেন - আমরা নাকি বাচ্চাদের কাছ থেকে দুধ নিয়ে নিয়েছি, শিক্ষা নিয়ে নিয়েছি, ভবিষ্যৎ প্রজন্মকে অন্ধকারে ঠেলে দিয়েছি। আমাদের কেন্দ্রীয় সরকার গত ১ তারিখে ২০১৭-১৮ অর্থবর্ষের জন্য যে বাজেট পেশ করেছেন তা থেকে কয়েকটা তথ্য আমি তুলে দিচ্ছি। আমরা দেখছি কেন্দ্রীয় বাজেটে স্কুল অ্যাসেসমেন্টে বরাদ্দ করা হয়েছে ৬৭ লক্ষ টাকা, গত বছরে যেটা ছিল ৫ কোটি টাকা। ৫ কোটি টাকা থেকে নামিয়ে ৬৭ লক্ষ টাকা করে দিয়েছেন। এতে ১৪ লক্ষ স্কুলে ২৫ কোটি শিশুর অ্যাসেসমেন্ট কি ভাবে হবে সেটা একটু বলে দিলে ভালো হয়।

[2:20 – 2.30 p.m.]

দ্বিতীয়তঃ আপনারা বলছেন ডিজিটাল, ডিজিটাল। আমরা সব কিছু কার্ডে করব, কমপিউটারে করব, ই-লার্নিং ডিজিটাল, খুব তো শুনি।কিন্তু ই-লার্নিং এর জন্য কত টাকা বরাদ্দ করেছেন জানেন? ২০১৬-১৭ থেকে এবারের বাজেটে ৫০ কোটি টাকা কমিয়ে দিয়েছেন। শিশুশিক্ষা- শিশুদের উপর যে বরাদ্দ টাকা আপনাদের সরকার, বি জে পি সরকার ন্যাশানাল প্লান অফ অ্যাকশন ফর চিল্ড্রেন,এন পি এ সি আপনারা গঠন করেছেন। আমরা করিনি।তারা সমস্ত ভারতের জন্য একটা পঞ্চবার্ষিকী প্রোগ্রাম দিয়েছেন। ফাইভ ইয়ারস প্ল্যান ২০১৭ -২১ এর।সেখানে তারা রেকমেন্ড করেছেন, সুপারিশ করেছেন যে মিনিমাম অর্থাৎ ন্যূনতম পক্ষে পাঁচ শতাংশ বাজেট আউট- লে স্কিমস রিলেটিং টু চিল্ড্রেন। আপনাদেরই তৈরী করা আপনাদেরই গঠিত কমিটি, আপনাদেরকেই সুপারিশ করেছেন।

আপনারা কি শুনলেন? শুনলেন না বলেছিলেন ৫ শতাংশ। দিলেন কত? ৩.২ শতাংশ। তাই আপনাদের মুখে আমাদের দোষারোপ করা ঠিক শোভা পায় না। আর একটা জিনিস দেখিয়ে দিই, আপনি শুনে আশ্চর্য হয়ে যাবেন, আমরা শুধু পশ্চিমবাংলায় ২০১৫ সালে এস সি স্কলারশিপ, সিডিউল কাস্ট স্কলারশিপ শিক্ষাশ্রীর মাধ্যমে আমরা ১০০ কোটি টাকা খরচ করেছি। আপনারা সারা ভারতবর্ষে প্রি অ্যান্ড পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ ফর সিডিউলড কাস্ট চিল্ড্রেন রিডিউসড ফ্রম ৬৯ ক্রোরস টু ৪৫ ক্রোরস। আমরা একটা রাজ্যে দিলাম ১০০ কোটি টাকা, আর আপনারা পুরো ভারতবর্ষের জন্য বরাদ্দ করলেন ৪৫ কোটি টাকা। আপনারা আমাদের শিক্ষার ব্যাপারে বলছেন আর একটা জিনিস আপনারা খুব তো বলেন মাইনরিটি অ্যাফেয়ারস। আমরা নাকি নির্বাচন উপলক্ষ্যে টাকা বাড়িয়ে দিচ্ছি। আমরা নাকি সংখ্যালঘুদের প্যান্টার করছি।হাম আহ ভি ভরতে হ্যায়, তো হো যাতে হ্যায় বদনাম। আপ কাতল্ ভি করতে হ্যায়, তো চর্চা নেহি হোতা। আপনাদের কয়েকটি জিনিস বলি। আপনারা ২০১৬ -১৭ তে সংখ্যালঘু, দপ্তর, মিনিস্ট্রি অফ মাইনরিটি অ্যাফেয়ারসকে টাকা কত দিয়েছিলেন জানেন? ৮৯ কোটি টাকা। লাস্ট ইয়ারে কোন বড় গুরুত্বপূর্ণ নির্বাচন ছিল না। এবার ১লা ফেব্রুয়ারিতে পেশ হল ইউনিয়ন বাজেট । ৯ দিন পরেই ফার্স্ট ফেজে ইউ পি ইলেকশন। টাকা বাড়িয়ে কত করলেন? ৩৭০ কোটি টাকা। ৮৯ কোটি টাকা থেকে ৩৭০ কোটি টাকা আপনারা বাড়িয়েছেন এক বছরের নির্বাচনকে উপলক্ষ্য করে মাইনরিটি অ্যাফেয়ারসকে। আর আপনারা আমাদের বলছেন? আমরা আড়াই হাজার কোটি টাকা লাস্ট ইয়ারে দিয়েছি,এবার আঠাশ শো কোটি টাকা দিয়েছি। আমরা কিন্তু স্টেডি ১০% এ পেরিয়ে যাই। এবার আসছি সি পি এমের তন্ময়বাবুর কথায়। তিনি যদিও আসেননি। তবুও কয়েকটা জিনিস তুলেছেন। আপনি বলেছিলেন এই ফেয়ার প্রাইস শপ। আমরা যে ন্যায্যমূল্যের ওষুধের দোকান করেছি। এটা নিয়ে আপনাদের গাত্রজ্বালা আছে। আজকে এখানে লিডার অফ অপোজিশন নেই। তিনি বলেন আপনাদের একটা গাত্রজ্বালা হচ্ছে।কিন্তু আমাদের ন্যায্যমূল্যের দোকান নিয়ে আপনাদের গাত্রজ্বালা সর্বদাই হয়ে থাকে। আপনারা কি বলছেন? যে ন্যায্যমূল্য ওষুধের দোকানের নাকি সেলস হয়েছে ১৩০০ কোটি টাকা। কিন্তু আমাদের সরকার তো বিনা পয়সায় ওষুধ দিচ্ছে! কিন্তু যেখানে বিনা পয়সায় ওষুধ দিচ্ছে, সেখানে ন্যায্যমূল্যে ওষুধের সেলস তো শূন্য হওয়া উচিত। এই যুক্তিটা যে কত ভুল সেটা আপনাদেরকে বুঝিয়ে দিই। আমাদের ২০১৫ সালে মুখ্যমন্ত্রী বলেছিলেন সেপ্টেম্বর মাসে যে ইন পেশেন্ট যারা হাসপাতালে অ্যাডমিটেড, এবং যারা আউটডোরে আছে, ও পি ডি তে আছে, তাদের জন্য বিনা পয়সায় ওষুধ দেওয়া হবে। যারা ইন পেশেন্ট হাসপাতালের চত্বরের ভিতরে আছে, তাদের ছাড়াও তো মানুষের অসুখ করে। আজকে আমার মা ডায়াবেটিসের ওষুধ খাচ্ছেন, তিনি তো গিয়ে ন্যায্যমূল্যের ওষুধের দোকান থেকে কিনতে পারেন। তিনি হাসপাতালে ভর্তিও নন, ও পি ডি তেও নন। হাসপাতালের চত্বর ছাড়াও যে যে পপুলেশন ওষুধ কেনেন তারাও তো আজকে সাহানী মেডিক্যালসে না গিয়ে পি জি-র দোকানে গিয়ে তাদের জিনিসটা কিনতে পারেন। এই সেলসটা হচ্ছে সেই মানুষের সেলস। এটুকু বোঝার ক্ষমতা যদি না থাকে, সেটাও যদি আমাদের বিবৃতি দিয়ে বলে দিতে হয়, তবে তাই হোক। আর একটা জিনিস বলি- আপনারা বলছেন আমাদের বাজেট নাকি হিউম্যানিস্ট বাজেট নয়। আমাদের নাকি মানবিক মুখ নেই। কয়েকটা জিনিস আপনাদের কাছে তুলে দিই। চা বাগান -চা বাগানে কিন্তু দু টাকা কেজি চাল সরকারের দেওয়ার দায়িত্ব নয়।সেটা কিন্তু চা বাগানের যারা মালিক তাদের কিন্তু পি ডি এস দেওয়া উচিত। তবুও আমরা কেবল মানবিকতার খাতিরে প্রত্যেকটা চা বাগানের শ্রমিককে কিন্তু দু টাকা কেজি দরে চাল দিচ্ছি। আর এবার আমরা বট লিফ ফ্যাকটরীটাকে ন্যূনতম

মজুরীর আওতায় এনেছি, যাতে তারা মিনিমাম ওয়েজটা পায়। অন্য দিকে কি করেছি! চায়ের উপর যে দুটি সেস ছিল, সেটা আমরা মুকুব করে দিয়েছি। একদিকে যারা প্রোডিউসার, তাদের সেস থেকে মুক্তি হচ্ছে, অন্যদিকে বট লিফ ফ্যাকটরীর যারা ওয়েজ আর্নার তারা কিন্তু একটা ন্যূনতম ওয়েজের আওতায় আসছে। আর একটা জিনিস বলি অশোকবাবু আপনি নেই, তবুও আপনি বলেছিলেন বলে বলছি - এই যে ৫০,০০০ টাকা, আমরা ৫০,০০০ মাইগ্রান্ট লেবারকে দিচ্ছি, আচ্ছা আপনি একটা জিনিস বলুন - আপনারা অ্যাসেম্বলীতে দাঁড়িয়ে বলছেন যে এটা খুব খারাপ জিনিস। একবার এলাকায় গিয়ে মানুষকে বলে আসুন তো যে সরকার আজকে মাইগ্র্যান্ট লেবারকে ৫০,০০০টাকা দিতে চাইছে। তার ক্ষতিপূরণ হিসাবে, এটা খারাপ জিনিস!এটা বলতে পারবেন?

আজকে সি.পি.এম. পার্টি গ্রামে-গঞ্জে, বুথে বুথে প্রচার করতে পারবেন ? বলতে পারবেন ? এটা কিন্তু আরেকটা জিনিস। এটা কোনো পার্টিগত ভাবে দেওয়া হচ্ছে না। জেলা শাসকের দপ্তরে গিয়ে আপনি লিস্টটা দেখতে পারেন। যদি লিস্টে এমন কোনো ব্যক্তি থাকে, যে মাইগ্রেন্ট লেবার নয়, যে ফিরে আসেনি, আপনার যদি মনে হয় আপনারা সেইভাবে আর.টি.আই. করে জানতে পারেন যে, পদটা আপনাদের কাছে খালি আছে। তাই না জেনে এটা কেন হাউসে প্লেস করছেন আপনারা ? আরেকটা জিনিস আমি আপনাদের বলি, এক্সাইজ নিয়ে প্রত্যেকবার আপনারা একই জিনিস বলেন। দিলীপবাবু বলেছেন, ইমরান আগেরবার বলেছে - একই জিনিস বলেন যে, এক্সাইজ নাকি আমাদের সোর্স অফ রেভিনিউ, এক্সাইজ ছাড়া কিছু নেই। আমরা নাকি বাংলার আগামি প্রজন্মকে খালি নেশার মুখে তুলে দিচ্ছি। আমি আপনাকে একটা তথ্য তুলে দিই। আমরা আজকে ৬ বছর সরকারে এসেছি, সাড়ে ছয়, সাত বছর এসেছি সরকারে। আমরা কিন্তু একটাও নতুন লাইসেন্স দিইনি ফর অফ শপ, যেখানে সিলড্ বোতল পাওয়া যায়। একটাও অফ শপে নতুন লাইসেন্স দিইনি। আপনারা যতগুলো করেছিলেন, সেগুলোই চলছে। একটাও নতুন লাইসেন্স আমরা দিইনি। এটা নিয়ন্ত্রিত। লাইসেন্স দিয়েছে গত সরকার। আমরা একটাও নতুন দিইনি। তাহলে আইনি-বেআইনি কি আছে ? এটা রেগুলেটেড সেক্টর। বি.জে.পি. কি করলো ? দেখুন, আমরা মানুষের প্রাইভেট লাইফ, ব্যক্তিগত জীবনে মানুষ কি খাবে, কাকে ভালোবাসবে, কি পান করবে - এই জায়গায় ঢুকতে চাই না। আমরা বারবার বলেছি - আপনারা গরুর মাংস খাবেন, কি মুরগীর মাংস খাবেন, আপনি লুঙ্গি পড়বেন কি ধুতি পড়বেন, সেটা সরকার বলে দেবে না। আপনারা কি করেছেন গুজরাটে ? আপনারা গুজরাটে কমপ্লিট প্রোহিবিশন এনেছেন। কাজ করছে ? কাজ করছে ? প্রোহিবিশন - কি দেখা গেলো ? আপনারা খবরের কাগজে গত তিন মাস আগে হয়তো দেখেছেন, বড় লোকের পার্টিতে রেড় করে আড়াইশোজন খুব নামি ব্যক্তিকে ধরা হ'ল, তারা সব বিদেশী সুরা খাচ্ছিল ওই পার্টিতে। তার মানে কি? টোটাল প্রোহিবিশন আনলে যারা বড় লোক, তারা কিন্তু ঠিক নিজের ব্যবস্থা, নিজের ইন্তেজাম করে ফেলে। আর গরীব মানুষ যারা আছে, তারা পুরো বঞ্চিত হয়। তো আমরা সেই ব্যাক্তিগত ফ্রিডম - মানুষ কি খাবে, কাকে ভালোবাসবে, কি পান করবে সেটার মধ্যে যেতে চাই না। আমরা চাই যেটা নিয়ন্ত্রিত, যেটা রেগুলেটেড সেক্টর, সেটা ভালোভাবে চলুক, সরকারের আয় হোক, মানুষ যেভাবে বাঁচতে চায় সেই স্বাধীনতা তার আছে। আরেকটা জিনিস যেটা আমি বলছি, রমাপ্রসাদবাবু, তিনি এখন নেই, তিনি বললেন যে, ৬৩ শতাংশ মানুষ ভারতবর্ষে ২০ টাকার বেশি খরচা করতে পারে না। ঠিক কথা। আপনি বললেন যে, ১০-১৭% ফুড ইমফ্লেশন হয়েছে। কিন্তু আমি আপনাকে এটা বলি যে, আমাদের এখানে ফুড ইমফ্লেশন লাস্ট কোয়ার্টারে কেন বেড়েছে জানেন ? ডিমানিটাইজেশনের জন্য। সেখানে দাঁড়িয়ে আমাদের

আজকে যে কেন্দ্রীয় সরকার আছে, এতো একটা আজব দেশ প্রেমের নমুনা আমাদের ওপর চাপিয়ে দিয়েছে। লাইনে ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে নীরব নিঃশব্দভাবে টাকা তুললে তবেই আপনি দেশপ্রেমিক। যদি বিন্দুমাত্র প্রতিবাদ করেন তাহলে আপনি দেশদ্রোহী। সেখানে দাঁড়িয়ে এই যে ডিমানিটাইজেশন হয়েছে, ফুড ইমফ্লেশন্ এর জন্য হয়েছে। সরকার, স্টেট গভর্নমেন্ট কি করতে পারে ? আমরা সবজী বাজারের মান্ডিতে এগ্রিকালচারাল ট্যাক্স যেটা, সেটা মকুব করে দিয়েছিলাম। যেটুকু আমাদের হাতে ছিল, আমরা ততটা করার চেষ্টা করেছিলাম। আরেকটা জিনিস আপনারা বারবার বললেন, আপনারা ২০ বছরে, ৩৪ বছরে যতটা ঋণ করেছিলেন, আমরা নাকি তার অনেক বেশি করেছি এই ৬ বছরে। আপনাকে একটা সাধারণ উদাহরণ দিই। আমাদের যে ঋণটা এখন বাড়ছে লাস্ট ৩ ইয়ার, আপনাদের যে লোনগুলো নেওয়া ছিল, ১০ বছর, টুয়েলভ ইয়ার অ্যান্ড ফিফটিন ইয়ার ম্যাচিওরিটি লোন, সেগুলো সব একটার পর একটা লাস্ট দু'বছর থেকে আগামি পাঁচ বছর ম্যাচিওর করছে। সেই লোনগুলো দেওয়ার জন্য কিন্তু আমাদের ঋণ বাড়ছে। যখন টি.এম.সি. এসেছিল, প্রথম চার বছর আমাদের সরকারে ৮৩ হাজার কোটি টাকা আমরা ব্যরো করেছিলাম, আমরা ঋণ নিয়েছিলাম। তার মধ্যে থেকে ৭৬ হাজার কোটি ছিল খালি ইন্টারেস্ট এবং রি পেমেন্ট। সেখানে দাঁড়িয়ে কীভাবে দোষ দিচ্ছেন আপনারা ৮৩ হাজারের মধ্যে ৭৬ হাজার ছিল। আপনাদের। আমরা এফ.আর.বি.এম. অ্যাক্ট ব্রীচ্ করেছেন আমরা ফিসকাল ডেফিসিট ২.৭, ২.৮ এর মধ্যে রেখেছি। আপনারা এফ.আর.বি.এম. অ্যাক্ট আনেননি, আপনারা বারবার ব্রীচ করেছেন। আজকে আমাদের দোষ দিচ্ছেন ? আর কংগ্রেসের বন্ধুরা - কংগ্রেসের বন্ধুরা তো নেই, অনেক কিছু দেখছি। আপনাদের একটা কথা আমার বলার আছে।

[2:30 – 2.40 p.m.]

একটা উর্দুতে শায়েরী আছে আপনাকে বলি,

দুশমনি জ্যম্ কর করো লেকিন ইয়ে গুঞ্জারিস রহে

যব কভি হাম দোস্ত হো জায়ে তো সরমিন্দা না হোঁ।

আপনারা যত ইচ্ছা শত্রুতা করুন, কিন্তু একদিন যদি আমাদের সাথে বন্ধুত্ব হতে হয় এমন কিছু অ্যাক্ট। করবেন না যাতে আপনাকেই লজ্জিত হতে হয়। এই বলেই শেষ করছি, থ্যাংক ইউ ভেরি মাচ।

শ্রী সুজিত বসু : মাননীয় স্পীকার, গত ১০ তারিখে পবিত্র সদনে পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী ড: অমিত মিত্র যে বাজেট বিবৃতি এখানে দিয়েছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা এই সদনে উপস্থাপিত করতে চাই। প্রথমত বলি, গত দুদিন ধরে এই বিষয়ে অনেক চর্চা চলছে, আলোচনা চলছে, অনেকে অনেক কথা বলছেন। আপনারা জানেন যে, গত ৮ই নভেম্বরের পরে সারা দেশে এবং রাজ্যেতেও একটা ভয়ংকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। তার কারণ অর্থনৈতিক ভাবে এত মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এত বেশি মানুষ এ্যাফেকটেড হয়েছে, আমারতো মনে হয় এর আগে কোন নির্বাচিত সরকার এই ভাবে কোন সিদ্ধান্ত নেয় নি। যেটা কেন্দ্রীয় সরকার নোট বাতিলকে কেন্দ্র করে সারা রাজ্যে যে অস্থির অবস্থার সৃষ্টি হয়েছে, যে অর্থনৈতিক অবরোধ হয়েছে, তাতে বহু মানুষ মারা গেছেন, বহু মানুষের ক্ষতি হয়েছে। এবং এর যে বিকল্প যেটা করা উচিত ছিল যে, ব্যাংকগুলোতে সম পরিমাণ টাকা যদি থাকতো, তাহলে ব্যাংকে অযথা সাধারণ মানুষের এই হয়রানি হতে হতো না - আরে দিলীপবাবু ভুলে যাবো, আপনিতো শিরোনামে আসেন নানা কথাবার্তা বলে, অবান্তর কথা বলে

যে কথাগুলোর কোন মানে নেই। এই ভাবে শুনতে হবে আপনাকে, আপনিওতো পশ্চিমবঙ্গের একজন বিধায়ক যিনি এখান থেকে নির্বাচিত হয়েছেন। এ মানুষ ক্ষমা করবে না, আপনিতো অনেক বড় বড় বক্তৃতা দেন, আপনার দল অনেক বড় বড় বক্তৃতা দিয়েছে বিদেশ থেকে কালো টাকা আনবে, আচ্ছা দিন আনেওয়ালা সরকার। এরতো জবাব আপনাকে ১৯শে দিতে হবে। ১৯-এ আপনার সরকার থাকবে না, এটা আজকে বলে দিচ্ছি এই পবিত্র সদনে যে, আপনার সরকার থাকবে না। তার কারণ যে অসত্য ভাষণ আপনারা পরিবেশন করেছেন ভারতবর্ষের মানুষ আজ বুঝতে পারছে। ভারতবর্ষের মানুষ এও বুঝতে পারছে আপনারা যে ভাবে সারা দেশে একটা দাঙ্গা লাগাবার বাতাবরণ তৈরী করছেন সেটা ভারতবর্ষের মানুষ খুব ভালো করে বুঝতে পেরেছে। গতকালও যে মিটিং করেছেন সেখানে কি কি বক্তৃতা দিয়েছেন। এটা মানুষ বুঝতে পারছে তার কারণ পশ্চিমবঙ্গের মানুষ আর কিছুতে বিশ্বাস না করুক সাম্প্রদায়িক হাঙ্গামা পছন্দ করে না, পশ্চিমবঙ্গের মানুষ শান্তিপ্রিয় মানুষ এটা বুঝতে হবে আপনাকে। এখানকার কালচার, কৃষ্টি, সংস্কৃতিকে আপনাকে মনে রাখতে হবে। এই পবিত্র বাংলাতে রবীন্দ্রনাথ ঠাকুর জন্ম গ্রহণ করেছেন, কাজী নজরুল ইসলাম জন্ম গ্রহণ করেছেন, এর মাটি হচ্ছে দুর্জয় ঘাটি, যদি মনে করেন এখানে নানা ভাবে বিভ্রান্ত করবেন সেটা এখানকার মানুষ ভালোভাবে নেবে না। তাই আপনাদের বলছি আজকে এই অর্থনৈতিক অবস্থা এবং তার সাথে সাথে দীর্ঘ দিন এখানে একটা সরকার ছিল প্রায় ৩৫ বছর ধরে। তাদের যে ঋণ, সেই দুটো মিলিয়ে যে অবস্থা ভারতবর্ষে এবং বাংলায় যে অবস্থার সৃষ্টি হয়েছে তার মধ্যে আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে একটা বাজেট তৈরী করতে হয়েছে। আপনারা জানেন বিগত সরকারের ঋণের কথা, ২ লক্ষ কোটি টাকার উপরে ঋণ করেছেন, সেই ঋণ যদি শোধ দিতে হয় সরকারকে, সেই ২০০৬-৭ যে ঋণ, সেই ঋণকে যদি মেটাতে হয় তাহলে সরকারকে এই বছরে ৪০ হাজার কোটি টাকা দিতে হবে। সেটা আগামী বছর ৪৭ হাজার কোটি টাকা দিতে হবে। আমি বলবো সরকার অনেকগুলো পজিটিভ দিক এখানে নিয়েছে। বামপন্থী এখানে যাঁরা আছেন, কংগ্রেসরা সভায় নেই, তাঁরা ওয়াক-আউট করেছেন, তাঁরা সভার বাইরে আছেন, তাঁরা অংশ গ্রহণ করছেন না, আমি বলবো আপনাদের আসল বক্তব্যটা কি ? আপনারা সব সময় আক্রমণ করছেন মমতা ব্যানার্জীকে, ব্যক্তিগত আক্রমণ, মমতা ব্যানার্জীর দলকে আক্রমণ। আমি মনে করি, একটা কথা এই পবিত্র সদনে বলতে চাই এই সরকারের বয়স হয়েছে ৬ বছর। এই ৬ বছরে আপনি মনে করবেন যে সারা পশ্চিমবঙ্গে আমূল পরিবর্তন হবে, সাধারণ ভাবে এটা কেউ মনে করে না। তার কারণ এই সরকারের একটা পজিটিভ দিক আছে।

পজিটিভ দিক মানে আজকে নিজেরাই বুঝতে পারছেন যে শহরের রাস্তাঘাটের উন্নয়ন হয়েছে, পরিবহন ব্যবস্থা ভালো হয়েছে, নিকাশি ব্যবস্থা ভালো হয়েছে। যখন এয়ারপোর্ট থেকে কলকাতায় ঢোকেন তখন রাস্তাঘাট ভালো, জেলায় যখন যান জেলার রাস্তাঘাট ভালো, পানীয় জলের অবস্থা ভালো। এই সমস্তগুলো ভালো তার কারণ হচ্ছে, আমাদের মুখ্যমন্ত্রী পজিটিভ এবং তিনি চেষ্টা করছেন একটা কিছু করবার। আপনাদের সেখানে সহযোগিতা দরকার। আপনাদের বক্তব্য নিশ্চয়ই থাকবে এই সদনে। বিরোধীদের বক্তব্যের একটা বড় জায়গা আছে। আমি সেই বক্তব্যে অংশগ্রহণ করছি না। আমি শুধু ক্রিটিসিজিম করছি। কিন্তু সেই ক্রিটিসিজিমটা কেন করছি সেটা আপনারা বুঝতে পারছেন না। আমাদের নিজেদের অ্যাসেসমেন্ট করতে হবে যে ৩৫ বছরে আমরা কোথায় ছিলাম। এই ৩৫ বছর ক্ষমতায় থেকে আমাদের এই কাজগুলো মানুষের জন্য করবার দরকার ছিল। আমি একটা সময় লেফ্ট রাজনীতি করেছি। অনেকদিন বামপন্থী রাজনীতির সঙ্গে যুক্ত ছিলাম। কিন্তু আপনারা নিজেরা

মনে করুন যে স্লোগান, যে কথা আপনারা বলেছেন সেই কথা এবং স্লোগানের সঙ্গে আজকে পরিবর্তন হয়ে গেছে। আজকে কংগ্রেসের সঙ্গে আপনারা জোট করছেন। কোন রিজিনকে সামনে রেখে করছেন আমার মাথায় আসে না। আজকে অনেক ছেলের ভবিষ্যৎ নষ্ট হয়ে গেছে। অনেক ছেলে আজকে বুঝতে পারছে এবং আপনাদের কাছ থেকে সরে যাচ্ছে তার কারণ আপনারা কখনও বিশ্লেষণ করছেন না। আমি বামপন্থী যদি মনে করি আমার মমতা ব্যানার্জীকে সব থেকে বেশি বামপন্থী মনে হয়। তাঁকে দেখে সবথেকে বেশি বামপন্থী মনে হয়। আপনারা বামপন্থী মুখে বড় বড় আওড়ান। বড় বড় বুলি দিচ্ছেন। বড় বড় কথা বলছেন কিন্তু নিজেরা সেই কথা অবলম্বন করেন না। মার্কসের দর্শনের কথা আপনারা বলেন। সাম্যবাদের কথা আপনারা বলেন। আজকে আপনারা কৃষক, শ্রমিকের কথা সবথেকে বেশি বলেন কিন্তু কৃষক এবং শ্রমিক যদি সবথেকে বেশি টরচার যদি হয়, সিঙ্গুর এবং নন্দীগ্রামে সবথেকে বেশি টরচার্ড হয়েছিল কৃষক পরিবারের লোকেরা। আপনাদের তাদের প্রতি সমবেদনা নেই। আজকে সিঙ্গুরের আন্দোলনটা কতবেশি মানুষের কাছে গ্রহণযোগ্য ছিল সেটা ২০১৬-র নির্বাচনে নিশ্চয়ই আপনারা বুঝতে পেরেছেন। পরবর্তী সময় সুপ্রীম কোর্ট সেই ভার্ডিক্টটা দিয়েছে। সবথেকে উচ্চতর আদালত যেটা দিয়েছে সেটা কৃষকদের পক্ষে দিয়েছে এবং যেটা মমতা ব্যানার্জী প্রথম দিন থেকে বলেছিলেন। আপনারা সেই সময় মমতা ব্যানার্জীকে চুলের মুটি ধরে সেখান থেকে বার করে দিয়েছিলেন। কিন্তু মমতা ব্যানার্জীর ২৬ দিনের যে অনশন সেটাকে আপনারা কোন দিন মানেননি এবং কেন তাঁকে ডেকে জিজ্ঞাস করারও চেষ্টা করেননি। আপনাদের আজকে আরো অনেক দিন অপেক্ষা করতে হবে তার কারণ বাস্তবকে কেউ কখনও অস্বীকার করতে পারবে না। বাস্তব জিনিসটা একটা আলাদা কথা। বাস্তববাদী হতে হবে। ঠিক কথাটা বলতে হবে। সাময়িকভাবে একটা নিবার্চনের বৈতরণী পার করবার জন্য অনেক চাটুকারীতার কথা আমরা অনেক সময় বলে থাকি। এই জিনিসটাকে যদি কেউ ত্যাগ না করতে পারেন, সত্যিটাকে যদি সত্যি না বলতে পারেন তাহলে আরো পিছিয়ে যেতে হবে আপনাদের। এই সরকারের লক্ষ শুধু তাই নয়। আমি অমিতবাবুকে ধন্যবাদ জানাবো। আপনারা জানেন তিনি বাজেট বিবৃতির মধ্যে কতকগুলো কথা বিশেষ করে ঘোষণা করেছেন। বহু শ্রমিক যারা বাইরে কাজ করতে যেতেন তারা আজকে অ্যাফেক্টটেড হয়েছেন। অ্যাফেক্টটেড হয়েছেন শুধু তাই নয় অনেকের চাকরি চলে গেছে। তারা যখন রাজ্যে ফিরে এসেছেন তখন সেই সমস্ত কর্মচারী যারা আছেন। তাদেরকে এককালীন ৫০ হাজার টাকা দেবে বলে ৫০ হাজার লোককে এই বাজেটের মধ্যে - এই বিবৃতির মধ্যে আছে। এটা একটা ভালো দিক। তার কারণ বহু মানুষ কর্মচ্যুত হয়েছে। আজকে অঙ্গনওয়াড়ি কর্মীদের, আশা কর্মীদের ৫০০ টাকা করে বাড়ানোর কথা বলা হয়েছে। অঙ্গনওয়াড়িতে এতে ২ লক্ষ কর্মী উপকৃত হবেন। তেমনি আশাতেও প্রায় ৫০ হাজার কর্মী উপকারিতা পাবেন। এটা কম বড় দিক নয়। এখানে আরো বলা হয়েছে ছোট, ক্ষুদ্র, মাঝারি শিল্প যাদের ছিল তাদের ভ্যাট রেজিস্ট্রেশন। অন লাইন ভ্যাট রেজিস্ট্রেশন এই বাজেটের মধ্যে আছে। তার কারণ একটা ক্ষুদ্র, মাঝারি, ছোট শিল্প যারা করে তাদের ৫ লক্ষ থেকে ২০১৫ তে ১০ লক্ষ করা হয়েছিল আর এই বাজেটে ২০ লক্ষ টাকা অবধি সুযোগসুবিধা তারা পাবে। ২০ লক্ষ টাকার উপরে যারা আয় করবে তারা ভ্যাটের আওতায় পড়বে আর বাদবাকিরা এই আওতার বাইরে থাকবে। এখানে অনেক মানুষ আছেন যারা হয়তো জীবনের সর্বোচ্চ টাকা দিয়ে একটা ফ্ল্যাট বাড়ি কেনেন। তারা জীবনের সমস্ত গচ্ছিত টাকা জোগার করে ফ্ল্যাট বাড়ি কেনেন। কিন্তু ফ্ল্যাট বাড়ি কেনার পর রেজিস্ট্রেশনটা তারা করতে পারে না স্ট্যাম্প ডিউটি একসঙ্গে দিতে হবে বলে।

[2:40 – 2.50 p.m.]

সেইজন্য সেখানেও installment-এর সুযোগসুবিধা দেওয়া হয়েছে। এবং তারজন্য registration যতক্ষণ না হচ্ছে ততক্ষণ তার mutation হচ্ছে। না Mutation না হলে তার assessment হচ্ছে না, তার বাড়িটা নিজের নামে অন্তর্ভুক্ত হচ্ছে না। এছাড়া স্যার, সুযোগসুবিধা দেওয়া হয়েছে। তাই আমি বলব, বিরোধিতা করবার জন্য শুধু বিরোধিতা আমরা করে গেলাম আর বিরোধিতা করবার জন্য সব কথা বলে গেলাম - এটা ঠিক না। আমাদের মনে রাখতে হবে, নিশ্চয়ই সমালোচনা থাকবে, নিশ্চয়ই আমাদের বক্তব্য থাকবে। বক্তব্যে কোথাও কোনো বাধা নেই। সেই বক্তব্যটা এই পবিত্র সদনে আপনারা বলুন, note করুন। কিন্তু এই রাজ্যের যে positive দিকগুলো, আজকে আমি বলতে পারি আজকে কতগুলো university এখানে হয়েছে। আগে কতগুলো university ছিল ? আজকে প্রায় ১৫টার মতো সরকারি এবং বেসরকারি university হয়েছে। সেন্ট জেভিয়ার্সের মতো কলেজ তাদের একটা নতুন বিশ্ববিদ্যালয় রাজারহাটে হচ্ছে। সেন্ট জেভিয়ার্স আপনারা জানেন, সেখানে লেখাপড়ার মান অত্যন্ত ভালো। অন্যান্য university তেও ভালো। তাকেও সরকার সহযোগিতা করছে এবং তাকে জমি দেওয়া হয়েছে। প্রেসিডেন্সির সেকেন্ড ক্যাম্পাসের জন্য সরকার জমি দিয়েছে। সুতরাং আজকে আমি বলব, ক্রীড়া ক্ষেত্রেও আমাদের Youth Hostel গুলো দেখবেন সুন্দর হয়ে গেছে। সমস্ত Youth Hostel গুলো যদি দেখেন সমস্ত রাজ্যের Youth Hostel গুলো যেমন ভালো হয়েছে, তেমনি সল্টলেক স্টেডিয়ামে World Cup হতে চলেছে। Under 17 World Cup সল্টলেক স্টেডিয়ামে হচ্ছে। সেখানেও স্টেডিয়াম সংস্কার হয়েছে। যে কাজটা ভালো সেই কাজটাকে ভালো বলতে হবে। Positive কাজকে positive বলতে হবে, negative কাজকে negative বলতে হবে। শুধু বিরোধিতার বিরোধিতা এই সদনে এটা আমার মনে হয় কাম্য না। এই কথা বলে সকলকে ধন্যবাদ নমস্কার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুজিত চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১০ই ফেব্রুয়ারি মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটের বইটা পড়ার পরে যেটুকু বুঝতে পারলাম, আমরা যা আশঙ্কা করেছিলাম যে, এই রাজ্য একটা অর্থনৈতিক ঘাটতির মধ্য দিয়ে চলতে শুরু করেছে। সেটা পরিষ্কার হয়ে গেছে এই বাজেটের মধ্যে। এখানে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, এবং এই বাজেটে ১,৮২,০০০ কোটি টাকার প্রস্তাব দিয়েছেন। সেখানে বলেছেন যে, ৫৮,০০০ কোটি টাকা এই রাজ্যের কর থেকে তারা আয় করবেন। এবং ৮৫,০০০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কর এবং অনুদান থেকে পাবেন। কিন্তু বাকি ৪৯,০০০ কোটি টাকা এক্ষুণি এক্ষুণি বাজেটে বলেই দিয়েছেন যে, ঋণ করতে হবে। আমরা এই সদনে বারে বারে শুনতে পাই যে, বামফ্রন্ট সরকারের সময়ে নাকি প্রচুর ঋণ ধার করে এই রাজ্য-প্রশাসন চালিয়েছে। এই যে, অপপ্রচার সেটা কিন্তু এই বাজেটেই পরিষ্কার হয়ে যাচ্ছে যে, এই সরকারও গত ৬ বছরে ১,২৩,০০০ কোটি টাকা ঋণ গ্রহণ করে তার উপরে এই বিভিন্ন ধরনের মেলা খেলা অনুষ্ঠান এই সব করছেন। আমরা দেখেছি যে, চিট ফান্ড। যখন চিট ফান্ড কেলেঙ্কারি নিয়ে শাসকদলের বিভিন্ন নেতা মন্ত্রী গ্রেপ্তার হয়েছেন। এবং চিট ফান্ড নিয়ে সারা রাজ্যে যখন তোলপাড় চলছে, তখন মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে, আমরা ৫০০ কোটি টাকা বরাদ্দ করছি যে, এই চিট ফান্ডে যারা আমানতকারী সেই আমানতকারীদের ওই টাকা ফেরত দেব ৫০০ কোটি টাকা থেকে। সেই সময়ে সিগারেটের উপরে কর বাড়িয়ে উনি বলেছিলেন যে, সিগারেট থেকে যে কর আসবে সেই কর থেকে আমরা আমানতকারীদের টাকা ফেরত দেব। কিন্তু দেখা গেল কি - ওই ৫০০ কোটি টাকা বরাদ্দর কথাটা শুনেছিলাম। পরবর্তী সময়ে

১৪৩ কোটি টাকা খরচ দেখানো হয়েছে। বাকি টাকা কোন খাতে খরচ হয়েছে এখনও পর্যন্ত অজানা। এছাড়াও আমাদের চিটফান্ডের টাকা তছরূপের সময়ে মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে, একটা সঞ্চয় প্রকল্প করব। যার নাম দিয়েছিলেন সেফ সেভিংস স্কীম।

২০১৩-১৪সালে ওখানে জমা পড়েছিল ২কোটি ৫১লক্ষ টাকা। ২০১৪-১৫সালে সেটা কমে হয়ে গেল ৭২লক্ষ টাকা। বর্তমানে সেটা ৪৯লক্ষ টাকা। অর্থাৎ ঐ যে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প, এই সঞ্চয় প্রকল্প সম্পর্কে এই বাজেটে কোন কথা উল্লেখ নেই। এটা আদৌ থাকবে, নাকি এটা বন্ধ হয়ে যাবে,সেই ব্যাপারে এখানে পরিষ্কার করে কথা বলা উচিত ছিল। ক্লাবে টাকা দেওয়া নিয়ে, ক্লাবের টাকা বিভিন্ন ক্লাবকে দেওয়া হচ্ছে। কিন্তু দুঃখের বিষয় যে, এর কোন নিয়ম নীতি নেই। আমি একটা উদাহরণ দিচ্ছি, একটা খেলার মাঠে আমি এবং আমার এলাকার মাননীয় সাংসদ সৌমিত্র খাঁ আমরা দুইজনেই খেলার মাঠে গিয়েছি, এখন খেলার মাঠে বক্তব্য রাখার সময়ে আমাদের মাননীয় সাংসদ ঘোষণা করলেন যে আমি ২লক্ষ টাকা ক্লাবের জন্য পাইয়ে দেব রাজ্য সরকারের কাছ থেকে। অথচ ঐ ক্লাবে আমরা অন্য জায়গার যারা এম এল এ আছেন, তারা ক্লাবের টাকা দেওয়ার জন্য ফর্ম হাতে হাতে নিয়ে ঘুরছেন। কিন্তু আমাদের কাছে কোন রকম, কোন খবর নেই এবং কোন ফর্ম, এর যে একটা গণতান্ত্রিক ব্যবস্থা থাকা উচিত, সেটা নেই। আমি এই সদনে বলব যে এই যে পরিকল্পনাহীন যেসমস্ত টাকা খরচ হচ্ছে, এই ব্যাপারে অন্ততঃ সদনে একটু আলোচনা হওয়া উচিত ছিল। আই সি ডি এস এবং আশা এই কর্মীদের আমরা দেখেছি যে মাননীয়া মুখ্যমন্ত্রী ভাতা বাড়িয়েছেন। ভাল কথা। কিন্তু গতদিনে আমাদের যে রাজ্য সরকার ছিল, সেই রাজ্য সরকারের ঘোষণা ছিল যে আই সি ডি এস এবং আশাকর্মী যারা হচ্ছে যে অবসরকালীন একটা ভাতা পাবে, একটা অনুদান পাবে। সেই অনুদানের বিষয়ে এই বাজেটে কোন কথার উল্লেখ নেই। আমি মনে করি, যে ঐ বিষয়ে একটা পরিষ্কার তুলে ধরা উচিত ছিল। প্যারা টিচার, সিভিক ভলান্টিয়ারস এবং এস এস কে, এম এস কে-র যে সমস্ত কর্মী আছে, তাদের কোন ভাতার বিষয়ে উল্লেখ এই বাজেটে নেই। পরিশেষে বলি, যে ৪০পাতার একটা বাজেট পত্রিকা এখানে পেশ হয়েছিল। আমরা যদিও বাইরে আন্দোলনরত ছিলাম, কিন্তু কিছু সময়ে আমরা যখন এই বাজেট পেশ হয় তখন শুনেছি। আমরা দেখলাম, মাননীয় অর্থমন্ত্রী এই ৪০পাতার যে বাজেট পেশ করেছেন তিনি তা পাঠ করলেন না। তিনি না পাঠ করেই এখানে বইটা পেশ করে দিয়ে চলে গেলেন। এবং পরবর্তী সময়ে আমরা সেই কারণেই ঐ বই পড়ে যতটুকু বুঝলাম যে, এই বাজেট হচ্ছে একটা দিশাহীন বাজেট। এই বাজেট ভাঁওতা বাজেট। সেই কারণে এই বাজেটকে সম্পূর্ণরূপে বিরোধিতা করছি এবং আমি এই বাজেটের বিরোধিতা করে এবং সদনের প্রত্যেককে অভিনন্দন এবং নমস্কার জানিয়ে আমার কথা শেষ করছি।

শ্রী ধীমান রায় : অনারেবল ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৭ এবং ১৮সালের ১০ই ফেব্রুয়ারি যে বাজেট ঘোষণা করেছেন এই পবিত্র সদনে আমি তা সম্পূর্ণভাবে সমর্থন করছি। এই কারণে সমর্থন করছি যে এমন একটা সময়ে আমাদের বাজেট তিনি ঘোষণা করলেন এবং ঐতিহাসিক বাজেট ঘোষণা করলেন তার কারণ আমরা দেখলাম ভারতবর্ষে যখন ৮৬ শতাংশ - সুজন বাবুরা চলে যাচ্ছেন কারণ এর পরেই সুজন বাবুদের মিথ্যার ব্যাসাতি কেমন করে অসত্য কথা বলেন, তা আমি আপনাদের কাছে বলব, চলে যাচ্ছেন বলেই বললাম। সেইজন্য আমি একটু জাস্ট আপনাদের জানিয়ে রাখি, ৮৬ শতাংশ নোট বাতিল হয়ে যাওয়ার পরে, ভারতবর্ষে যে প্রথম, ভারতবর্ষের রাজনৈতিক নেতাদের সামনে প্রথম যিনি তাঁর বিপদের কথা বললেন, তিনি

আমাদের ভারতবর্ষের পশ্চিমবঙ্গ একটা অঙ্গরাজ্য, সেই অঙ্গরাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আপনারা জানবেন এ সত্ত্বেও আমরা, আমাদের সরকার চেষ্টা করেছেন এবং মাননীয় অর্থমন্ত্রী চেষ্টা করেছেন যে বাজেটকে ধরে ধরে সাধারণ মানুষের সুবিধার্থে কি কি করা যায়। আপনারা দেখেছেন, আপনারা লক্ষ করবেন যে আমরা এই ছোট - আপনাদের বলি যে আমাদের রাজ্য সহ ভারতবর্ষের শিল্পে যে দুরবস্থা নেমে এল শ্রমিক এবং চা শিল্পে এবং ছোট ছোট বহু শিল্প, যে শিল্পগুলো প্রায় ডুবতে বসছিল এই ডিমানিটাইজেশান অবস্থার মধ্যে পড়ে গিয়ে। কিন্তু আমরা লক্ষ করলাম যে ভারতবর্ষে যখন এই দুরবস্থা চলছে, তখন রাজ্যের অর্থমন্ত্রী তিনি কতকগুলি সুবিধা ঘোষণা করলেন।

[2:50 – 3.00 p.m.]

আপনারা দেখলেন, আপনারা লক্ষ করলেন যে অনেক শ্রমিক তারা দেশের বাইরে বিভিন্ন জায়গায় বিভিন্ন শিল্পের সঙ্গে যুক্ত ছিলেন এবং তারা যখন এই দেশে ফিরে এলেন প্রায় ৫০ হাজার শ্রমিককে ৫০ হাজার টাকা করে তাদের এককালীন অনুদান দিয়ে এই শিল্পের সঙ্গে যারা যুক্ত ছিলেন তাদেরকে সুযোগ সুবিধা করে দেওয়া হল যাতে তারা পশ্চিমবঙ্গে কিছু একটা করতে পারে। আপনারা লক্ষ করে দেখবেন, সি পি এমের বন্ধুরা মাঝে মাঝেই চিৎকার করে বলেন, অনেক উৎসব করছেন, অনেক উৎসব করছেন। একবারও আপনারাদের মনে পড়ে না লোকশিল্পীদের দুরবস্থার কথা। তাদের কি দুরবস্থা ছিল সেটা আপনারা জানেন। আমি নিজে গ্রাম বাংলার মানুষ, আমি দেখেছি অনেক লোকশিল্পীরা সারা জীবন শিল্পকলার সঙ্গে যুক্ত থেকে পরবর্তীকালে তারা বাড়িতে এসে ভিক্ষে বৃত্তি পর্যন্ত করেছেন। আমাদের পশ্চিমবঙ্গের সরকার সেই লোকশিল্পীদের রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পে তাদেরকে নিয়োজিত করেছেন এবং তাদের একটা ভাতার ব্যবস্থা করেছেন। মাননীয় অর্থমন্ত্রীকে আমি অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে তিনি সেই দিকে লক্ষ করে প্রায় ৩৩০ কোটি টাকা মতো তাদের জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন এবং তারা দিচ্ছেন। আমি আপনাদের কাছে একটা কথা বলি, 'খাদ্যসাথী' সম্বন্ধে অনেকে অনেক কথা বলছেন। সি পি এমের বন্ধুরা কত মিথ্যে কথা বলেন। গত ৩৪ বছর ধরে অনেক মিথ্যে কথা তারা বলেছেন এবং এই পবিত্র সদনেও এই মিথ্যে কথা বলেছেন। এখনো তারা সেই প্র্যাকটিসটা চালিয়ে যাচ্ছেন। নিশ্চয় আমার সঙ্গে সি পি এমের বন্ধুরা যারা আছেন তারা একমত হবেন। আমি আপনাদের কাছে বলি, এখানে নেই - তন্ময়বাবু কেবল এসে ঢুকলেন - আমি তন্ময়বাবুকে বলতে চাইছি, উনি জেলার অনেক বড় নেতা। কিন্তু মিথ্যে বা অসত্য কথা বলা ছাড়া সত্যের পাশ দিয়ে কোনোদিন যান না। ছাত্র সমাজকে শেষ করেছেন। আমাদের অনেক ছাত্র বন্ধুরা এখানে আছেন। তারা এই সদনে আমাদের কাণ্ডকারখানা দেখছেন। ওরা শুনলেন যে গত ৩০-৩৫ বছর মিথ্যের বেসাতি যেমন বাইরে বলেছেন, এই পবিত্র সদনেও মাননীয় ডেপুটি স্পীকার সাহেব তারা বলেছেন। তন্ময়বাবু গতকাল বলেছিলেন যে মাননীয় খাদ্যমন্ত্রীর এলাকায়, তিনি হাবড়া বিধানসভার বিধায়ক, তিনি একটা অসত্য কথা বলেছিলেন যে সত্তর হাজার কার্ড ডিস্ট্রিবিউশান। আমি আপনাদের কাছে বলি, আমার কাছে তথ্য আছে, আমি তথ্য যোগাড় করে নিয়ে এসেছি। তথ্য যোগাড় করে নিয়ে এসেছি, চিৎকার করলে হবে না। ৩৪ বছর অনেক অসত্য কথা বলেছেন। মাননীয় ডেপুটি স্পীকার সাহেব, আমি বলছি, হাবড়া মিউনিসিপ্যালিটি এলাকা এবং চারটে গ্রাম পঞ্চায়েত টোটাল যে ডিজিটাল রেশন কার্ড ডিস্ট্রিবিউশান হয়েছে দু লক্ষ একাত্তর হাজার একশো আটত্রিশ। আমি তথ্যভিত্তিক আপনার কাছে বলছি এবং আপনাকে আমি উল্লেখ করছি, হাবড়া মিউনিসিপ্যালিটি এবং চারটে গ্রাম

পঞ্চায়েত, এই হাবড়া মিউনিসিপ্যালিটিতে টোটাল ডিস্ট্রিবিউশান হয়েছে দু লক্ষ আঠাশ হাজার নয়। আমি আপনাদের বলছি, মছলন্দপুর ২ নং অঞ্চল পাঁচ লক্ষ দশ হাজার চারশো একচল্লিশ ডিস্ট্রিবিউশান। আমি আপনাদের বলি, কুমড়া অঞ্চলে পাঁচ হাজার আটশো একান্ন ডিস্ট্রিবিউশান হয়ে গেছে। প্রীতিভা অঞ্চলে টোটাল ডিস্ট্রিবিউশান হয়েছে ছয় হাজার একশো আটষট্টি। রাউতারা অঞ্চলে চার হাজার আটশ ছয়। টোটাল ডিস্ট্রিবিউশান হয়েছে পঁয়তাল্লিশ হাজার পঁচাত্তর। এবং রিটার্ন গেছে তেরো হাজার তিনশো উনচল্লিশ। টোটাল ডিস্ট্রিবিউশান কত হল - দু লক্ষ একাত্তর হাজার একশো আটত্রিশ। টোটাল রেশন কার্ড কত - আটান্ন হাজার চারশো চোদ্দ। তন্ময়বাবু আপনাদের কাছে বলি, আবার আপনারা এই মিথ্যের বেসাতি চিরকাল বাইরে দিয়ে এসেছেন। ছাত্র সমাজকে শেষ করেছেন। এখন গাত্রদাহ হচ্ছে, না ? প্রাইমারি স্কুল থেকে ইংরেজি শিক্ষাকে তুলে দিয়ে ছাত্রদের মেরুদণ্ডটা ভাঙলেন।

তাঁরা মনে করেছিলেন এই মিথ্যার বেসাতি অর্ধ-শিক্ষিত, অশিক্ষিত লোকেদের উপরে চালিয়ে যাবেন। কিন্তু বেশীদিন এই জিনিস চলতে পারে না। মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার কাছে এই কাগজটা জমা দেব, এই পবিত্র সদনে আমরা এর বিহিত চাইছি। স্যার, স্মল ইন্ডাস্ট্রি - এখানে বসে আছেন সেই ডিপার্টমেন্টের মিনিস্টার স্বপন দেবনাথ – আপনারা কেউ বামফ্রন্টের আমলে কোনদিন শুনেছেন স্মল ইন্ডাস্ট্রিতে প্রফিট হয়। এখানে মাননীয় মন্ত্রীমহাশয় বসে আছেন, তাঁর ডিপার্টমেন্ট আজকে প্রফিটে রান করছে। আর সাংবাদিক বন্ধুরা এখানে বসে আছেন, তাদের কাছে বলি যে কোন মৃত্যুই দুঃখের। সাংবাদিক বন্ধুরাও আমাদের বন্ধু, কিন্ত ধান কিনতে গিয়ে কেউ মারা গেলে সেই খবরটা যেমন বড় করে দেওয়া হয়, দয়া করে আপনাদের কাছে অনুরোধ করছি, তেমনি কোন সাংবাদিক বন্ধু যখন ছাদ থেকে পড়ে যায়, কেন পড়ে যায়, কি কারণে পড়ে যায়, সেটাও আপনারা অনুসন্ধান করে খবরের কাগজে লিখবেন। সংবাদপদের স্বাধীনতা আমার সরকার চায়, আমরা চাই মেরুদণ্ডকে সোজা করে সাংবাদিকরা চলুন। যিনি মারা গেছেন তার মৃত্যু আমাদের কাছে দুঃখের, আমাদের কাছে বেদনার। যে সাংবাদিক বন্ধুরা এখানে বসে আছেন তারাও আমাদের বন্ধু। আমাদের ভালো হলে আপনারা বলবেন, আবার খারাপ করলেও নিশ্চয় আপনারা বলবেন। কিন্তু আমি বলতে চাই, এই বাজেট ঐতিহাসিক বাজেট, এই বাজেটকে আপনারা সমর্থন করুন। আমি আপনাদের কাছে অনুরোধ করছি, যাঁরা মিথ্যা তথ্য এই হাউসে পরিবেশনা করেন তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য আমি আপনার কাছে অনুরোধ করছি।

শ্রীমতী শ্যামলী প্রধান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই পবিত্র সদনে ২০১৭-১৮ সালের যে ব্যয়-বরাদ্দ মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পেশ করেছেন তার বিরোধিতা করে কিছু কথা আমি এখানে বলতে চাই। তিনি ১ লক্ষ ৮২ হাজার কোটি টাকার বাজেট বরাদ্দ এই সদনে পেশ করেছেন। সেখানে ৫৮ হাজার কোটি টাকা রাজ্য সরকার রাজস্ব বাবদ আয় করবে বলে তিনি ঘোষণা করেছেন। তিনি আরও বলেছেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কর রাজস্ব বাবদ ৮৫ হাজার কোটি টাকা পাবেন। এই কাজ করতে গিয়ে এবং ঘাটতি পূরণের ক্ষেত্রে ৪৯ হাজার কোটি টাকা তিনি ঋণ সংগ্রহ করবেন বলে বলেছেন। স্যার, ধারের ভরসায় এই বাজেট তৈরী করা হয়েছে। এখানে কিছু দপ্তর আছে যেখানে অর্থ বরাদ্দ করা হয়েছে এবং আলোচনা সমালোচনার মধ্যে দিয়েই তার একটা সুরাহা আসবে। শুধুমাত্র বিরোধিতার জন্য বিরোধিতা নয়, সমাজ কল্যাণ ও নারী বিকাশ ও শিশু উন্নয়ন দপ্তরের যে বাজেট আমরা দেখেছি সেখানে ধরা হয়েছে ৪,৬৩৩.২৪ কোটি টাকা। এখান থেকেই বিধবা ভাতা, বার্ধক্য ভাতা ও প্রতিবন্ধী ভাতা দেওয়া হয়। আমরা দেখেছি রাজ্যে ৭৫,৪৬৫ জন বার্ধক্য ভাতা পাচ্ছেন, ৪৪,৫৬৯ জন

বিধবা ভাতা পাচ্ছেন এবং প্রতিবন্ধী ভাতার হিসাবও এখানে দেওয়া আছে। গোটা রাজ্য জুড়ে জেলায় জেলায় অনেক আবেদন পত্র কিন্তু পড়ে আছে ২০১১ সাল থেকে, তারা ভাতা পাচ্ছেন না। যে সমস্ত আবেদন পত্রগুলো দপ্তরের কাছে পড়ে আছে তাদের অনুমোদন দেওয়ার ব্যবস্থা করা হোক। আর নতুন করে যে সমস্ত আবেদন পত্রগুলো জমা পড়ছে সেগুলোর ব্যাপারেও দ্রুত সিদ্ধান্ত নেওয়া হোক, আমরা এই আশা সরকারের কাছে রাখছি। কন্যাশ্রী প্রকল্পে মোট কতজনকে দেওয়া হচ্ছে সেই তথ্যটা এখানে দেওয়া হয়েছে। বলা হয়েছে ৩৫ লক্ষ ৬৩ হাজার ৯৯২ জনের আবেদন গৃহীত হয়েছে এবং ৩৪ লক্ষ ১৩ হাজার ৮৬১ জনের আবেদন অনুমোদন হয়েছে। কিন্তু মোট কতজন ছাত্রী আছে সেই হিসাবটা কিন্তু এখানে দেওয়া হয়নি। কিন্তু যদি বলা হত এত লক্ষের মধ্যে এতজনকে দেওয়া হচ্ছে কন্যাশ্রী প্রকল্পের টাকা তাহলে বোধহয় ব্যাপারটা আমাদের কাছে পরিষ্কার হত। আমরা চাই এই 'কন্যাশ্রী' নিয়ে অনেক কথা বলা হচ্ছে। দিল্লীর সরকার ২০০৭ থেকে ২০০৮ সালে 'ধনলক্ষ্মী' নামে যে স্কীম করেছিল এবং সেখানে তারা ১৮ বছরের ঊর্ধ্বে কন্যা সন্তানদের এক লক্ষ টাকা করে দেওয়া হত। এবং এই যে কন্যাদের এক লক্ষ টাকা দেওয়া হত, সেখানে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এই স্কীমটাকে বিভিন্ন নামে গৃহীত হয়েছে। কোথাও 'ধনলক্ষ্মী',কোথাও 'ভাগ্যশ্রী',কোথাও 'ভাগ্যলক্ষ্মী', কোথাও 'বেটি বাঁচাও,বেটি পড়াও' এই নিয়ে। এই রাজ্যের যে 'কন্যাশ্রী' প্রকল্প এটা শুধু নতুন নয়, এটা তারই মধ্যে একটা পরিপূরক। এই সরকারের নামের পরিবর্তনের ক্ষেত্রে বলা হচ্ছে এই সরকার যেটা নিয়েছিলেন যে বাল্য বিবাহ রোধ করার ক্ষেত্রে কন্যাদের স্বনির্ভর করার ক্ষেত্রে যেটা নিয়েছেন, এখানে অনেক আইন আছে সেই আইনগুলো ঠিক ভাবে গৃহীত হচ্ছে না। আমরা চাই সেটা যদি করা হয়, তাহলে এই যে কন্যাশ্রী প্রকল্প আছে সেটা আরও সমৃদ্ধিশালী হবে বলে আমরা মনে করি। বালিকা সমৃদ্ধি যোজনা বলে যেটা বলা হয়েছে, যেটা রাজ্য সরকারের স্কীম, আমরা বলতে চাই, যে এটা আমাদের যে বামফ্রন্ট সরকার ছিল তখন থেকে এটা চালু ছিল। তখন দেওয়া হত সমাজের পিছিয়ে পড়া অংশের তফশিলি জাতি,উপজাতি, সংখ্যালঘু অংশের মধ্যে দিয়ে। এখন এই সরকার অর্থনৈতিক দিক বিবেচনা না করেই সর্বস্তরের মধ্যে দিয়ে দিচ্ছেন। এটা এই সরকার করছে। বালিকা সমৃদ্ধি যোজনার ক্ষেত্রে দিল্লীর সরকার এক লক্ষ টাকা করে দেন। মমতা ব্যানার্জীর যে সরকার আছে, সেখানে ২৫ হাজার টাকা করে দেওয়া হচ্ছে। এখানে সংখ্যা বাড়ানো হচ্ছে, এখানে সংখ্যা বাড়ানোটা সঠিক, এটা ঠিকই আছে। কিন্তু, আমরা বলতে চাই, এটা সংখ্যার ক্ষেত্রে না বাড়িয়ে কেন্দ্রীয় সরকার যে ভাবে এক লক্ষ টাকা করে দিচ্ছে মেয়েদের ক্ষেত্রে, এটা দেওয়া হোক। এই বাজেটে যে দপ্তর ভিত্তিক বাজেট হবে, সেই বাজেটে রাখার জন্য আমরা বলছি। শিশু কল্যাণ খাতে অর্থ বরাদ্ধ করা হয়েছে আমরা দেখছি। অর্থ বরাদ্দ করা হয়েছে ঠিকই আছে। কিন্তু আমরা কি দেখলাম যদি শিশু পাচার রোধ না করা যায়, সেই ক্ষেত্রে শিশুদের যে উন্নয়ন,শিশুদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যে পরিকল্পনা এই সরকার গ্রহণ করেছে সেটা কিন্তু সঠিক জায়গায় নিয়ে যাওয়া যাবে না। আমরা দেখছি এখানে মাননীয়া মুখ্যমন্ত্রী উদ্বেগের সঙ্গে বলেছেন শিশু পাচার রোধ করতে হবে। সেখানে বিল নিয়ে আসার কথা রেখেছিলেন। কিন্তু সেটা এই বাজেটের মধ্যে ছিল না। সেখানে দেখা গেল যে সব নার্সিংহোমগুলো এর আওতার মধ্যে পড়েছিল তাদের কিন্তু বাতিল করা হল না এবং তাদেরকে ব্লাক লিস্টেড করা হল না। এখানে আমরা দেখছি, যে সমস্ত ডাক্তারবাবুরা যুক্ত তাদের রেজিস্ট্রেশান বাতিল করা হল না। সেক্ষেত্রে শিশু উন্নয়ন ক্ষেত্রে যে অর্থ বরাদ্দ করা হয়েছে,সেটা আমরা মনে করি যে এইগুলো না করে যায় তাহলে এই সরকার যে ভূমিকা নিয়েছে সেটা বাতিল হবে। শিশুদের অধিকার রক্ষার ক্ষেত্রে অনেক পরিকাঠামো নেই স্যার, যার ফলে শিশু অধিকার

রক্ষা সংক্রান্ত যে কমিশন সঠিক নজরদারি হচ্ছে না। শিশুদের রক্ষার জন্য বহু আইন প্রনয়ণ করা হয়েছে। কিন্তু আমরা কি দেখি স্যার, যখন কোন অন্যায় হয়, যারা শিশুদের উপর অত্যাচার করে আমরা দেখতে পাই স্যার সেই জায়গাতে এমন ভাবে আইনের শিথিলতা আনা হয়, তারা জামিন পেয়ে যায়। এই ক্ষেত্রে প্রশাসনের যে ভূমিকা সেটা দেখা দরকার আছে। শিশু মৃত্যুর হার বাড়ছে। শিশু মৃত্যুর হার কমানোর ক্ষেত্রে রাজ্য সরকারের স্বাস্থ্য দপ্তর অনেক টাকা খরচ করেছেন,সেই জায়গায়টা দেখার জন্য আমরা বলতে চাই। এখানে আই.সি.ডি.এস. কর্মীদের ৫০০ টাকা করে বেতন বাড়ানোর কথা বলা হয়েছে, এটা আমরা বলতে চাই। কিন্তু স্যার, এটা বলতে চাই যে ৬৫ বছর বয়স পর্যন্ত যেটা অবসর দেওয়া হল, সেখানে তাদের এককালীন কিছু টাকা দেওয়া ঘোষণা এই বাজেটে সরকার করতে পারতেন এবং অবসরকালীন তাদের যে এককালীন পেনশান দেওয়ার বিষয় চালু আছে বিভিন্ন স্কীমে -সেই ক্ষেত্রে করার বিষয়ে থাকা দরকার ছিল। এই দ্রব্যমূল্য বৃদ্ধির বাজারে তাদের ৬৫ বছর বয়সে বিনা শূন্য হাতে যে অবসর দেওয়া হচ্ছে তাদের যে কি অবস্থা হবে এটা একটু ভাবা দরকার ছিল বলে আমি মনে করি। স্বনির্ভর দল গঠন করার ক্ষেত্রে এটাই সরকারের কর্মসূচি নয় স্যার, বামফ্রন্ট সরকার এটা করেছিল। সেই জায়গাতে দাঁড়িয়ে এবং যে স্বনির্ভর দল নিয়ে এত কাণ্ড চলছে সেখানে আমরা বলতে চাই, স্বনির্ভর দলগুলি আরও সঠিক ভাবে তাদেরকে পরিচর্যা করা হোক এবং আমরা বাজেটে যেটা দেখেছি বিভিন্ন দপ্তরের অর্থমন্ত্রীর বাজেটে যে অর্থ ধরে থাকেন - আমরা দেখি সেই দপ্তর ভিত্তিক সেইগুলো কাজ করা হয় না, সেটা অন্য ভাবে খরচ করা হয়ে থাকে এবং এক দপ্তরের খাতের টাকা অন্য দপ্তরের। আমরা দেখতে পাই মাননীয়া মুখ্যমন্ত্রী বিভিন্ন জায়গায় ঘোষণা করে থাকেন, বাজেটের বাইরে অনেক পরিকল্পনা নেন। আমরা বলতে চাই, এই বাজেট যে কাজে নেওয়া হয়েছে সেই বাজেটকে সমর্থন করতে পারছি না। এটা অমানবিক এবং এই বাজেটে গ্রহণযোগ্য নয় স্যার। তাই আমরা এটাকে সমর্থন করতে পারছি না। এই বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার কথা শেষ করছি।

শ্রী অর্ঘ্য রায় প্রধান : অনারেবল ডেপুটি স্পীকার স্যার, গত ১০ তারিখে আমাদের অর্থ দপ্তরের মাননীয় মন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট বিবৃতি এই মহতি সদনে রেখেছেন, প্রথমেই তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং তার পরিপ্রেক্ষিতে কিছু বক্তব্য এই সদনে পেশ করছি। দীর্ঘক্ষণ ধরে আলোচনা হচ্ছে। অনেকেই অনেক রকম বক্তব্য রেখেছেন। আমি শুধু বামপন্থী বন্ধুদের বলতে চাই, এই রকম অর্বাচীনের মতো বক্তব্য কেন রাখছেন ? কখনও বলছেন সমর্থন করছি, এর কিছুক্ষণ আগেই বললেন এটা ভালো, ভালোকে ভালো বলুন ঠিক আছে, তাহলে সেই জায়গাটা সমর্থন করবেন না কেন ? বলতে শিখুন আরো ভালো বলতে হবে। ২০১১ সালে ২০ শে মে আমাদের পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী যখন শপথ নিলেন, তখন একটা বক্তব্য রেখেছিলেন যে ভিশন টোয়েন্টি টোয়েন্টি। অর্থাৎ ২০২০ সালের পরে আমরা একটা বাংলাকে একটা জায়গায় নিয়ে যাব, যেই জায়গাটা সোনার বাংলা হবে, সেই জায়গাটা বিশ্ব বাংলা হবে। এই পরিস্থিতির ভেতর দিয়ে আজকে মানবিকভাবে যে বাজেট প্রত্যেকবার পেশ হচ্ছে, সব জায়গায় প্রতিটি মানুষের জন্য, প্রতিটি নীচু তলার মানুষের জন্য, কি সিডিউল ট্রাইব, কি সিডিউল কাস্ট, কি ও বি সি, কি জেনারেল কাস্ট, সবাইকে তুলে ধরবার জন্য বারবার পদক্ষেপ নিয়েছেন প্রত্যেকটি বাজেটে আমাদের মাননীয় অর্থমন্ত্রী। আমরা কি লক্ষ করে দেখলাম ? ২০১১ সালের আগে যারা সরকারে ছিলেন, তারা এখানটাতে বসে বক্তব্য রাখছে। যেই জায়গাটায় আজকে অর্থনীতি বাধা পড়ল, যেই জায়গাটায় আজকে অর্থনীতির মেরুদণ্ডটাকে ভাঙা হল অর্থাৎ কেন্দ্রীয় সরকার, নরেন্দ্র মোদীর সরকার দিল্লীতে

বসে রাতের অন্ধকারে আমাদের অর্থনৈতিক স্বাধীনতাকে কেড়ে নিল, সেই বিষয় আপনাদের কোন বক্তব্য নেই। আমরা গ্রামবাংলার মানুষ। প্রত্যন্ত উত্তরবঙ্গে বসবাস করি। আমরা একটা জিনিস লক্ষ্য করে দেখলাম যে, নিত্য ব্যবহার্য জিনিসের মধ্যে যে সমস্ত জিনিসগুলো রয়েছে, ধরুন- ডাল,চিনি, লবণ- এই সমস্ত জিনিসের দামগুলো ঠিক থেকে গেল, কিন্তু আমার গরীব কৃষক মেহনতি মানুষ প্রত্যেকদিন যে সব্জি বাজারজাত করে, সেগুলোর দাম প্রত্যেকদিন পড়তে শুরু করল। গ্রামে গ্রামে মানুষ হাটে এসে, বাজারে এসে জিনিসপত্র ফেলে দিয়ে যেতে শুরু করল। আমাদেরকে বাজারে নামতে হল। সেই সময় কোন বামবন্ধী বন্ধুদের আমরা বাজারে খুঁজে পাইনি। তখন আমরা খুঁজে পায়নি। আজকে গণতন্ত্রের কথা বলছেন। যে গণতন্ত্র আজকে কায়েম হয়েছে, সেই গণতন্ত্রের কথা বলতে গেলে আজকে কিছু কথা বলতে হবে। আমাদের উত্তরবঙ্গের মাননীয় মন্ত্রী রবীন্দ্রনাথ মহাশয় এখানে বসে আছেন। আমরা যখন সরকারে এলাম, আমি তো ওই পরিবারেরই একটা সময় লোক ছিলাম। আমি লক্ষ্য করে দেখতাম যে, প্র্যাওরিটি সব করবে, দল সব করবে। আমি এসে ভাবলাম যে, 'কন্যাশ্রী 'প্রকল্প হবে, 'যুবশ্রী' প্রকল্প হবে, মাননীয় রবীন্দ্রনাথ ঘোষ মহাশয়কে জিজ্ঞাসা করলাম, দাদা, সেখানটাতে কি আমাদের সই থাকবে না ? সেখানটাতে আমাদের কি দরকার ? কারণ আমরা তো সেই একবদ্ধ ধারণার মধ্যে যুক্ত ছিলাম। আজকে এসে দেখলাম গণতন্ত্র এটাকেই বলে যে, একটি 'কন্যাশ্রী' পাওয়ার জন্য দিদি, আপনার, আমার কারোর প্রয়োজন নেই, কোন রাজনৈতিক দলের প্রয়োজন নেই, মমতা বন্দ্যোপাধ্যায় ডাইরেক্ট দিয়ে দিচ্ছেন মানুষের কাছে। 'যুবশ্রী' দিয়ে দিচ্ছেন, 'সবুজ সাথী'-তে সাইকেল দিচ্ছেন। যেখানটাতে কোন রং দেখা হচ্ছে না। এটাতেই আপনাদের বোধ হয় গাত্রদাহ হচ্ছে। যে এতদিন আমরা রং দেখে এসেছি। আমার লাল পার্টি হলেই শুধুমাত্র পাওয়া যাবে, আর অন্য কোন রাজনৈতিক দল পাবে না। আজকে বাংলায় এই গণতন্ত্র প্রতিষ্ঠা করেছে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী। সেই জন্য আমি এই বাজেটকে ধন্যবাদ জানাচ্ছি। মানবিক দিক সব থেকে ফুটে উঠেছে। আর দিল্লীতে যিনি বসে আছেন, তিনি তথৈবচ। চলে গেলেন পরের দিন বিদেশে গিয়ে বলছেন, ' ভাইয়ো অর বহেনও, গরীব রাত কে দিন শোয়েগা, আর আমির নিন্দ কি গুলি লেগি।' একটা আমিরকে দেখাতে পারবেন যে সেদিনের থেকে আজ অবধি যে লাইন চলছে, সেই লাইনের মধ্যে দাঁড়িয়ে আছে ? বলতে পারবেন ? একটা জায়গায়ও আপনারা বলতে পারবেন না।

[3:10 – 3.20 p.m.]

সর্বত্রই লাইন আছে। চলুন, এখনও টাকা পাওয়া যাচ্ছে না। চলুন, আমার কন্সটিটিয়েন্সি-তে। বিভিন্ন প্রত্যন্ত এলাকায় চলুন। এখনও দু'হাজার, পাঁচ হাজারের বেশি দিতে পারছেন না। এতগুলো মানুষ মারা গেল লাইনে দাঁড়িয়ে। মানুষ স্বজনহারা হ'ল। প্রধানমন্ত্রীর কোনও বিবৃতি নেই। বলেছিলেন তো, কালাধন বিদেশ থেকে নিয়ে আসবেন। একটা পয়সাও আনতে পারলেন না। আজকে কি হ'ল? ক'টা কালো সম্পত্তি ধরতে পেরেছেন? পারেননি। সমস্ত টাকাই ব্যাঙ্কে জমা পড়ে গেল। লাইনে শুধু থাকল সাধারণ খেটে খাওয়া মানুষ, গরিব মানুষ। একটা অনৈতিক কাজ, একটা তুঘলকি কাণ্ড আপনারা এই ভারতবর্ষের বুকে দেখিয়ে দিয়ে গেলেন। তাই আজকে বিভিন্ন সময়ে আমার মনে হয়েছে - আমি উত্তরবঙ্গের মানুষ, পর্যটন শিল্পেও কিছু কিছু ব্যাঘাত আসে। মানুষ গিয়ে টাকা পাচ্ছে না। সেখানটাতে গিয়ে খরচ করতে পারছে না। খরচ করবার জন্য যেটা প্রয়োজন, সেই অর্থের আদানপ্রদান হচ্ছে না। ব্যাঙ্ক ব্যবস্থা সর্বত্র পৌঁছয়নি। এটিএম ব্যবস্থা সর্বত্র পৌঁছয়নি। আর আপনারা বলছেন যে, আপনারা ডিমানিটাইজেশানের মধ্য দিয়ে এর পরবর্তী পর্যায়ে কারেন্সিকেই তুলে দেবেন।

ভারতবর্ষের মত দেশে শিক্ষার আলো যেখানটাতে ঠিকমতো পৌঁছয়নি সেখানে সম্পূর্ণটাকে নেটের আওতায় নিয়ে আসবেন। সবাইকে জানতে হবে, শিখতে হবে। কিছুক্ষণ আগে আমাদের পূর্ববর্তী বক্তা বলছিলেন, মাননীয়া বিধায়িকা মহুয়া মৈত্র যে, কি ভাবে আপনারা কমিয়ে নিয়ে এসছেন ব্যয়-বরাদ্দগুলিকে। আর আপনারা বলছেন, এই এই কাজগুলোকে আপনারা করতে চান। তাই আগামীদিন আপনাদের পক্ষে কোনও সুদিন আসছে না, দুর্দিন নেমে আসবে। সামনে ইলেকশান আসছে উত্তরপ্রদেশ থেকে অন্যান্য জায়গায়, দেখবেন আপনাদের হালটা কি হয়। কারণ সাধারণ মানুষ আজকে কিন্তু বুঝতে পেরেছে যে, এই টাকা ভাঁড়ার খেলায় ...(নয়েজ)... হ্যাঁ, একশোবার আসবো, একশোবার আসবো। দেখে নিন, আগামী লোকসভা নির্বাচনের পরে বাংলাই পথ দেখাবে দিল্লিকে। এটা আজকে আপনাকে বলে রাখলাম। বাংলা পথ দেখাবে। কারণ, আমরা সাধারণ ভাবে এইটুকু বলতে পারি, সাধারণ ভাবে বুঝতে পারি যে, সাধারণ মানুষ আজকের মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশে। তিনি প্রথম প্রতিবাদ করেছিলেন এই ডিমানিটাইজেশানের বিরুদ্ধে। ..(নয়েজ).. কোনও কাল হয়নি। কেন? সেই জন্য ব্যবস্থা নিচ্ছেন নাকি? সিবিআই নামিয়ে দিচ্ছেন, এই জন্য? প্রস্তুত আমরাও জেলে যেতে। পারবেন না, আটকাতে পারবেন না। সে কথায় আমি আসছি না। আজকে একটা শিক্ষা ব্যবস্থা - আমি দেখছিলাম, মাননীয় অর্থমন্ত্রী ব্যয়-বরাদ্দের মধ্যে বিভিন্ন জায়গায় অর্থের বরাদ্দ বৃদ্ধি করেছে। আজকে বলিষ্ঠ নেতৃত্ব মমতা বন্দ্যোপাধ্যায় এবং একজন উপযুক্ত বলিষ্ঠ শিক্ষামন্ত্রীকেও পেয়েছি। আজকে কতগুলো ইউনিভার্সিটি তৈরি হ'ল, কতগুলো কলেজ তৈরি হ'ল, এডুকেশন সিস্টেমটাকেই একটা অন্য জায়গায় নিয়ে আসবার চেষ্টা হ'ল। এবং আগামীদিন মেডিক্যাল কলেজ থেকে আরম্ভ করে, ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে আরম্ভ করে, কারিগরি শিক্ষার ব্যাপারে সর্ব স্তরে গ্রামীণ স্তরে পৌঁছিয়ে দিচ্ছি যাতে সেখান থেকে মানুষ উঠে আসতে পারে। কেউ যদি - এই বামপন্থী বন্ধুরা বসে আছেন, স্বাস্থ্যের কথা বললেই সবাই চিৎকার করতে থাকেন – গেল গেল রব। আমরা সরকারে এসেছি মাত্র সাড়ে পাঁচ বছর। ক'টা আসন ছিল? ক'টা মেডিক্যাল কলেজ ছিল? আজ দেখবেন, এই সাড়ে পাঁচ বছরে ক'টা মেডিক্যাল কলেজ হয়েছে, ক'টা ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে, তার পরিসংখ্যান এই বইয়ের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী বার বার দিয়ে গেছেন। সেগুলো অন্ততঃপক্ষে দেখবেন। ট্যালি করবেন। এগুলো তো হচ্ছে। আপনারা শুধু দেখতে পাচ্ছেন না। আমার তো মনে হচ্ছে, আপনাদের প্রত্যেকের মধ্যে চোখের ছানি পড়ে গেছে। আমি আগামীবার অর্থমন্ত্রীকে বলব যে, আগামীদিন প্রত্যেকটি কমিউনিস্ট পার্টি অফিসের সামনে - এখন ফাঁকা হয়ে গেছে, মানুষ ওদের সঙ্গে নেই, একটা করে ছানি অপারেশন শিবির করা দরকার যাতে এদের চোখগুলোকে আগামীদিনে পরিষ্কার করে দেখানো যায়। কাজেই আজকে যখন এত উন্নয়ন, প্রভূত উন্নয়ন হচ্ছে, আগে কি দেখতাম, আগে ভোট এলে খালি শিলান্যাস। ভোট পেড়িয়ে যেত, নেতা-মন্ত্রীরদের টিকির নাগাল পাওয়া যেত না। কিন্তু আজকে আমি কুচবিহার জেলায় বসবাস করি। উত্তরবঙ্গের মানুষ। উত্তরবঙ্গের রাস্তা-ঘাট, উত্তরবঙ্গের পর্যটন শিল্প আজকে একটা যুগান্তকারী পরিবর্তন নিয়ে এসছে বর্তমানে মা-মাটি মানুষের সরকার। আজকে সেখানটাতে মানুষ যাচ্ছে। পর্যটন শিল্পে আজকে দার্জিলিং জেলায় যাওয়ার ভিড় হয়েছে। আর ২০১১ সালের আগের কথাটা চিন্তা করে দেখুন তো। পাহাড় কাঁদছে, উত্তরবঙ্গ অগ্নিগর্ভ, কামতাপুরী আন্দোলন, গ্রেটার আন্দোলন, গোর্খাল্যান্ড আন্দোলন। আপনাদের মুখ্যমন্ত্রী কোলকাতায় বসে বিবৃতি দিচ্ছেন।

একটি বারের জন্যও যাওয়ার সাহস আপনাদের হয়নি। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী পৌঁছে, শুধু উত্তরবঙ্গে যাচ্ছেন তাই নয় এই সরকারের পাঁচ বছরে দুটো জেলা ঘোষণা

করলেন। সেই দুটো জেলার ভেতর দিয়ে আজকে সেই জায়গাটা তৈরী হচ্ছে, উন্নয়ন হচ্ছে। স্যার, আমি আর এক-দু'মিনিট সময় নেব। আমি স্যার, এক মিনিট সময় চাইছি।

গতকাল বামফ্রন্টের এক বক্তা কিছুক্ষণ ধরে বলছিলেন, বার বার করে বলছিলেন সরকারি কর্মচারীদের কথা। আমি শুধু তাঁকে বলব, এই কুম্ভীরাশ্রু প্রয়োগ করবেন না। কারণ, সরকারি কর্মচারীরা আপনাদের সঙ্গে নেই। এই বাজেট বরাদ্দে, স্টেটমেন্ট লাইনে আছে, একদম শেষের পাতায়, বাজেট অ্যাট-এ-গ্লান্সে, সেখানে প্রত্যেকটা খাতে, এমন কী পেনশনেও স্যার আমাদের মাননীয় অর্থমন্ত্রী ব্যয়বরাদ্দ বৃদ্ধি করেছেন, টাকা দিয়েছেন। কাজেই এঁরা সমস্ত ভাঁওতা কথা বলছেন। এই বাজেটকে সমর্থন জানিয়ে এবং আগামীদিন আরো সুন্দর হোক, বাংলা এগিয়ে যাক, আগামীদিনে ভারতবর্ষকে পথ দেখাক। এইটুকু কথা বলে মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে, সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী স্বাধীন সরকার : সম্মানীয় উপাধ্যক্ষ মহোদয়, গত ১০ই ফেব্রুয়ারি তারিখে আমাদের মাননীয় অর্থমন্ত্রী ২০১৭-১৮ সালের যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে দু'একটা কথা বলতে চাই।

যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন সেই বাজেট অন্তঃসারশূন্য এবং দিশাহীন। আমি রাজস্ব ঘাটতির ক্ষেত্রে বলতে চাই, বলা হয়েছিল নোট বাতিলের জন্য রাজস্ব ক্ষতি হবে ৫,৫০০ কোটি টাকার। কিন্তু বাজেটে দেখা যাচ্ছে লক্ষ্যমাত্রার ঘাটতি হয়েছে ১,৮৪৭ কোটি টাকা। এটা মনে রাখা দরকার, গত বছরও রাজস্ব ঘাটতি ছিল ৪ হাজার কোটি টাকার। মন্ত্রী মহোদয়রা বলছিলেন, কেন্দ্রীয় সরকার নাকি আমাদের পশ্চিমবাংলাকে সহযোগিতা করছে না। আমরা দেখেছি করের ভাগ ও অনুদান মিলিয়ে সরকারের পাওয়ার কথা ছিল ৭৬ হাজার কোটি টাকা। কিন্তু আসলে এসেছে ৭৮ হাজার কোটি টাকা। তাই কেন্দ্রের অসহযোগিতার কথা ধোপে টেকে না।

এবার আসি বেতন কমিশনের কথায়। আমাদের রাজ্যসরকারি কর্মচারীদের জন্য ষষ্ঠ বেতন কমিশন গত ২৭-১১-২০১৫ তারিখে গঠিত হয়েছিল। বলা হয়েছিল এক বছরের মধ্যেই কমিটি তাদের রিপোর্ট পেশ করবে। কিন্তু আমরা দেখতে পেয়েছি যে এই এক বছরের মধ্যে উক্ত বেতন কমিশন কোন কাজ করেনি। ইতিমধ্যে এর মেয়াদ আরো এক বছর বৃদ্ধি হয়েছে। এই বাজেটে বেতন কমিশন সংক্রান্ত কোন অর্থের সংস্থান রাখা হয়নি। বোঝাই যাচ্ছে সামনের এক বছরেও বেতন কমিশনের রিপোর্ট বেরোবে না। আবার অন্যদিকে ৪৬ পারসেন্ট ডি.এ. ঘাটতি, সুরাহার কোন ব্যবস্থা নেই। কেন্দ্রীয় হারে এই রাজ্য সরকার যদি বেতন বৃদ্ধি করে তাহলে রাজ্য সরকারের বছরে আরো অতিরিক্ত ব্যয় হবে ২০ হাজার কোটি টাকা। যেখানে কেন্দ্রীয় সরকারি কর্মচারীরা দুধে-ভাতে খাচ্ছেন সেখানে আমাদের রাজ্য সরকারের কর্মচারীদের নুন আনতে পান্তা ফোরানোর অবস্থা।

এবার আসি ঋণের ব্যাপারে। আমরা জানি যে ৩৪ বছরে বামফ্রন্ট সরকার ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকার ঋণ ২০১১ সালে রেখে গিয়েছিল। আমরা ভেবেছিলাম এই বর্তমান সরকার ঋণের হাত থেকে পশ্চিমবাংলাকে বাঁচাবে। কিন্তু আমরা কী দেখতে পেলাম? এই সাড়ে ৫ বছরে মা-মাটি-মানুষের সরকারের রাজত্বকালে দেখতে পেয়েছি ঋণ উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। পশ্চিমবাংলার এখন মোট ঋণের পরিমাণ হচ্ছে, ৩ লক্ষ ৫৫ হাজার কোটি টাকা। বলা হচ্ছে, আরো সাড়ে ৪৪ হাজার কোটি টাকা ঋণ নেওয়া হবে। বাংলার মানুষের ওপর ঋণের বোঝা চাপানোর অধিকার সরকারকে কে দিয়েছে? বাজার থেকে ঋণ নেওয়ার ক্ষেত্রে

রাজ্যের স্থান এই ভারতবর্ষের মধ্যে এক নম্বরে। তার কারণ, পরিকল্পনা বহির্ভূত খাতে খেলা-মেলা-উৎসবে এই সরকারের টাকা নয়-ছয় হয়ে যাচ্ছে। আমাদের রাজ্যে একটা শিশু জন্মাতে গেলেও সে ৪০ হাজার টাকার ঋণ মাথায় নিয়ে ভূমিষ্ঠ হচ্ছে।

আরেকটা বিষয় হচ্ছে, আমাদের রাজ্যের অবস্থা ভীষণ খারাপ। কারণ সারারাজ্যে মদ বিক্রির অত্যন্ত রমরমা চলছে।

[3:20 – 3.30 p.m.]

আমরা জানি যে এই পূর্বতন সরকার প্রচুর মদের লাইসেন্স দিয়েছিল। তারপরে এই সরকারও মদের বিকেন্দ্রীকরণ, বিক্রির ব্যবস্থা করে দিয়ে আর ঘরের কোণায় কোণায় মদ পৌঁছে যাচ্ছে। আফগারি দপ্তরের আয়ের হিসাব দেখলেই বোঝা যাবে যে রাজ্যটা মদের টাকায় চলছে। ২০১৫-১৬ সালে মদে সরকারের আয় ছিল চার হাজার কোটি টাকা। এবার এই বাজেটে গিয়ে দাঁড়াবে পাঁচ হাজার আটশো কোটি টাকায়। আরেকটি ক্ষেত্রে রাজস্ব বৃদ্ধি পেয়েছে তা হল বিদ্যুৎ শুল্ক। ২০১৫-১৬ তে দু হাজার কোটি টাকা ছিল। এবার তা বেড়ে দাঁড়াচ্ছে তিন হাজার কোটি টাকায়। সাধারণ মানুষের উপর বর্ধিত এই বিদ্যুৎ শুল্কের বোঝা সাধারণ মানুষ কোন দিনই মানবে না। আমরা জানি রাজ্যে বেকারত্বের অবস্থা অত্যন্ত খারাপ। আমরা জানি রাজ্য সরকারের হিসাব অনুযায়ী, যেটা হিসাব দেখানো হয়েছে বাইরের রাজ্যে যারা কাজ করতে গিয়েছিল, তারা ৫০ হাজার মানুষ, ৫০ হাজার শিল্পী, অন্য রাজ্য থেকে ফিরে এসেছে। কারণ নোট বন্দির ফল - তারা বলতে চাইছে। কিন্তু আমি বলতে চাইছি, আমাদের মাননীয় একজন সদস্য বললেন গুজরাট এবং মহারাষ্ট্রে কাজ করতে গিয়ে ফিরে এসেছে। অর্থাৎ আমাদের রাজ্যে কোন কর্মসংস্থানের ব্যবস্থা না থাকায় এই শ্রমিকরা বাইরে কাজ করতে গিয়েছিল। যদি আমাদের রাজ্যে কর্মসংস্থানের ব্যবস্থা থাকতো তাহলে তারা বাইরের রাজ্যে যেত না। আমরা বুঝতে পারছি এই রাজ্য সরকার কর্মসংস্থানের কোন ব্যবস্থা করতে পারেনি। তারজন্যই তারা বাইরের রাজ্যে কাজ করতে গেছে। পাশাপাশি আমরা দেখতে পাচ্ছি সরকার ২৫০ কোটি টাকা ঘোষণা করেছে। যারা কাজ করতে গিয়ে বাইরের রাজ্য থেকে ফিরে এসেছে তাদের সাহায্যের জন্য। কিন্তু আমরা প্রকৃতপক্ষে দেখতে পাব তারা সত্যি সত্যি যদি ফিরে আসেন তাদের হাতে এই টাকা আদৌ যাবে ....(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী সমীর চক্রবর্তী : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বাংলার অর্থমন্ত্রী মাননীয় ডঃ অমিত মিত্রকে, আমার বক্তব্যের শুরুতেই ১০ ই ফেব্রুয়ারি ২০১৭-১৮ সালের যে বাজেট তিনি এই সদনে আমাদের সামনে উপস্থাপিত করেছেন, পেশ করেছেন সর্বান্তকরণে তাকে সমর্থন জানাচ্ছি, সাধুবাদ জানাচ্ছি। এটা খুব স্বাভাবিক ট্রেজারি বেঞ্চের যে কোন সদস্য তাদের সরকারের বাজেটকে সমর্থন জানাবেন এবং একইভাবে বিরোধী আসনে যারা রয়েছেন তারা বিরোধিতা করবেন। আমি শুধু সমর্থন জানাচ্ছি ট্রেজারি বেঞ্চের সদস্য হিসাবে নয়। আমি অমিতবাবুকে বলতে চাইছি আপনি ইকোনমিক wizard, আপনি অর্থনৈতিক জাদুকর। তার কারণ কাগজে আমরা দেখি কেউ খুনের আসামী তারজন্য ফাঁসির সাজা। এখন দেখছি কাগজে রয়েছে disproportionate asset চার বছরের জন্য জেল এবং দশ বছর নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না। আমি তো মনে করি ভারতবর্ষের আইনে সর্বোচ্চ সাজা হওয়া উচিত পশ্চিমবাংলার অর্থমন্ত্রীর, এই পদটার। এমন একটা কাণ্ড করে দিয়ে ৩৪ বছরে চলে গেছে পশ্চিমবাংলার বুকে যে এখানে বসা মানে সাজাপ্রাপ্ত আসামীর ভূমিকা। এর বাইরে কিছু বলা যায় না। সর্বোচ্চ সাজা হতে পারে। একদিকে কেন্দ্রীয় সরকারের

বৈমাতৃসুলভ আচরণ step-motherly attitude. ...(গোলমাল)... আসছি, আসছি সব উত্তর দেব দিলীপবাবু, একটু ধৈর্য্য ধরুন। দেব, দেব, উত্তর দেব আপনাকে দ্বিতীয় কথা - কেন্দ্রীয় সরকারের economic blockade অর্থনৈতিক অবরোধ। আর একদিকে ৩৪ বছর ধরে দু লক্ষ চার হাজার কোটি টাকার দেনা। পশ্চিমবাংলার সরকারকে কিছুক্ষণ আগে বিরোধী আসন থেকে কেউ বলছিলেন কত টাকা দেনা করেছেন আপনারা? হ্যাঁ অমিতবাবু তো বলছেন। এক লক্ষ তেরো হাজার কোটি টাকা ফ্রেস লোন। এক লক্ষ তেরো হাজার কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকার নিয়েছে। তার ভেতরে ৯৪ হাজার ৬০০ কোটি টাকা মূল এবং সুদ বাবদ সিপিএমের দেনা শোধ করতে চলে গেছে পশ্চিমবাংলার সরকারকে অর্থাৎ গত ৬ বছরে ১৮হাজার কোটি টাকা মাত্র দেনা করতে হয়েছে - তাই সেলাম জানাচ্ছি, salute জানাচ্ছি বাংলার অর্থমন্ত্রীকে।

এই অভিনন্দন আপনার প্রাপ্য। মুখ্যমন্ত্রীর দেখানো রোডে ম্যাপ, আপনি যেভাবে উপস্থাপিত করছেন you are an economic wizard আমি নির্দ্বিধায় এই কথা বলতে পারি। আমি একটা ব্যাপারে বিশেষভাবে অভিনন্দন জানাবো অমিতবাবু আপনার বাজেটকে। গত দুবছরে আপনাদের সকলের অজান্তে একটা ঘটনা ঘটে গেছে। বাজেটটা ভাল করে পড়ুন ২০১৪-১৫ সাল উনি রাজস্ব খাতে আয় করেছেন ৩৯ হাজার কোটি টাকা। ২০১৫-১৬ অর্থবর্ষে উনি আয় করেছেন ৪২ হাজার কোটি টাকা। আর কারেন্ট যে ফাইনান্সিয়াল ইয়ার শেষ হচ্ছে, এই অর্থবর্ষ চলছে, যেটা শেষ হতে চলেছে ৪৮ হাজার ৯০০ সামথিং অর্থাৎ ৪৯ হাজার কোটি টাকা। হিসাব রাখলেন ? ১০ বছরে ১০ হাজার কোটি টাকা ইনক্রিজ হয়েছে। রাজস্ব খাতে আয় বৃদ্ধি পেয়েছে। দেখুন, একটা কথা আপনারা বলেন পশ্চিমবাংলায় ব্যবসা নেই, পশ্চিমবাংলায় বাণিজ্য নেই, ব্যাবসা হয়নি, বাণিজ্য হয়নি কি করে রাজস্বটা বেড়ে যাচ্ছে ? উত্তরটা দিন তো ? ব্যাবসা যদি না হয়ে থাকে, শ্রীবৃদ্ধি যদি না হয়ে থাকে ভূতের বাবা টাকা যোগাচ্ছে না, আপনারা টাকা দিচ্ছেন, না কেন্দ্রীয় সরকার অতিরিক্ত টাকা দিচ্ছে। উত্তরটা চাই, জবাবটা চাই ? আলিমুদ্দিনের ঠাকুরদাদা দিচ্ছে, বুঝতে পেরেছেন। তার কারণ হচ্ছে, এলোমেলো করে দে মা, লুটেপুটে খাই। ৩৪ বছর ধরে বাংলাটাকে লুটেপুটে খেয়েছেন। আপনাদের জ্ঞাতার্থে জানাচ্ছি, ১৯৪৭ সালের ১৫ই আগস্ট ভারতবর্ষ স্বাধীনতা পেয়েছে। একটানা ৩০ বছর কংগ্রেস ছিল, মাঝখানের ৩ বছর ছাড়া। ৬৭ সালে প্রথম যুক্তফ্রন্ট সরকার, ৬৯ সালে দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার আর ৭১ সালে তিন মাসের জন্য অজয়-বিজয় মন্ত্রীসভা। এছাড়া পুরোটাই কংগ্রেস ছিল। পশ্চিমবাংলার দেনা কত ছিল ? ১৯৭৭ সালের ২১শে জুন, আমি তারিখ ধরে বলছি, ১৯৭৭ সালের ২১শে জুন প্রথম বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু। বাংলার দেনা কত ? ১২৫৭ কোটি টাকা। ১৯৭৭ সালের ২১শে জুন সি.পি.এম. বাংলার ক্ষমতায় বসেছে স্যার। ১২৫৭ কোটি টাকা দেনা ৩০ বছরে। আর কোন যাদু মন্ত্রে সেটা ২০১১ সাল ২০শে মে মমতা বন্দ্যোপাধ্যায়, অমিত মিত্রদের ঘাড়ে যদি আপনারা সেই বোঝা চাপিয়ে দিয়ে চলে গেলেন। ঐ ১২৫৭ কোটি টাকা লাফ মেরে হয়ে গেল ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা - একটু জবাবটা দেবেন কমরেড ভাইরা। এই জবাবটা বাংলার মানুষের জন্য দিন। তন্ময়বাবু চিৎকার করা যায়, এই করতে করতে ২৬ -এ নেমেছেন। ২০০৬ সালে ২৩৫ ছিল, এই করতে করতে ২৬ -এ নেমেছেন। এই বছর নকল বাজেট বাইরে পেশ করেছেন। ২০২১ সালে গোষ্ঠপালের মুক্তির নীচে পাঠিয়ে দেবে বাংলার মানুষ। বিধানসভার ভেতরে আপনাদের ঢুকতে দেবে না, এই কথা নির্দ্বিধায় জেনে রাখুন। তাই অভিনন্দন অমিতবাবুকে তার কারণ মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশিত পথে বাংলার খেটে খাওয়া মা-মাটি-মানুষের জন্য যে বাজেট, যে বাজেটে সংখ্যালঘু মানুষকে অগ্রাধিকার দেওয়া হয়েছে, যে বাজেটে মহিলাদের

অগ্রাধিকার দেওয়া হয়েছে, যেখানে সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব, আদার ব্যাকওয়ার্ড ক্লাসকে গুরুত্ব দেওয়া হয়েছে, গরীব, খেটে খাওয়া মানুষদের দিকে তাকানো হয়েছে তারজন্য সেলাম জানাই। তারজন্য ধন্যবাদ জানাই। তার জন্য অভিনন্দন জানাই। আর দিলীপবাবুরা বলছেন, তারা একটু জবাব দিন না ? কিছুদিন আগে আমি রাজ্যপালের ভাষণের উপরে বলে গেছি এই কথা। চিরকাল কি রীতি ছিল ভারতবর্ষের ফেব্রুয়ারির শেষ দিনে কেন্দ্রীয় বাজেট পেশ হত। কেন এই বছর ১ লা ফেব্রুয়ারী কেন্দ্রীয় বাজেট পেশ হয়েছে। হিম্মত থাকে জবাব দিন এই সভায়। আমি চ্যালেঞ্জ করছি আপনাকে। কারণটা কি জানেন - কারণটা শুনুন। এই ফাইনান্সিয়াল ইয়ার চারটে কোয়ার্টারে বিভক্ত থাকে। এপ্রিল টু জুন ফাস্ট কোয়ার্টার। জুলাই, আগস্ট, সেপ্টেম্বর - সেকেন্ড কোয়ার্টার বা হাফ ইয়ারলি। অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর - থার্ড কোয়াটার আর জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ - ফোর্থ কোয়াটার। ওনারা দেখলেন বিপদ। নর্মালি ২৮শে ফেব্রুয়ারি বাজেট হয় কেন্দ্রের। কারণটা কি জানেন ? ঐ যে ৩১ শে ডিসেম্বর থার্ড কোয়ার্টার শেষ হয় তার পর হিসাবটা কষে ফাইনান্স মিনিস্ট্রিতে থার্ড কোয়ার্টারের হিসাব পৌঁছাতে পৌঁছাতে ফার্স্ট উইক অফ ফেব্রুয়ারি হয়ে যায় তার উপরে বেস করে ফেব্রুয়ারি মাসের শেষে গিয়ে বাজেটটা পেশ হয়। ওরা দেখলেন বিপদ, রিফ্লেকশান অন্য আসবে।

[3:30 – 3.40 p.m.]

হঠকারী সিদ্ধান্ত, নোট বাতিল হয়েছে ৮ই নভেম্বর। সুতরাং পালা পেছনের দরজা দিয়ে। থার্ড কোয়ার্টারের পর্যন্ত হিসেব সেকেন্ড কোয়ার্টার পর্যন্ত রেখে দাও।তাই পয়লা ফেব্রুয়ারি বাজেট নিয়ে এসো যাতে সেখানে অক্টোবর, নভেম্বর এবং ডিসেম্বরের রিফ্লেকশান না থাকে। আমি মনে করি এটা বঞ্চনার বাজেট, এটা ভুয়ো বাজেট, ভারতবর্ষের মানুষকে ধোঁকা দেওয়ার বাজেট আমি নির্দ্বিধায় বলছি, আমি চ্যালেঞ্জ করছি আপনাদের এবং আমি আশঙ্কা প্রকাশ করছি হয় মনসুন সেশান লোকসভার যেটা হবে জুলাই বা আগস্ট মাসে, হয় সেখানে পূণাঙ্গ বাজেট পেশ করতে হবে না আর নয় আগামী বছর ফাইনান্সিয়াল ইয়ারটা, অর্থবর্ষটাই পরিবর্তন হতে চলেছে। এখন যেমন আছে ১লা এপ্রিল থেকে আগামী বছরের ৩১শে মার্চ, তা আর বোধহয় থাকছে না। ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর অর্থাৎ ৯মাসের বাজেট,চমৎকার! কিছুদিনের জন্য কিছু মানুষকে বোকা বানানো যায়। সারা জীবন দেখলে সারা জীবনের জন্য গোটা দেশের ১২৫ কোটি মানুষকে ধোঁকা দেওয়া যায় না দিলীপবাবু। ভয় তো পেয়েছি কোন জায়গায় জানেন? ৮ই নভেম্বর নোট বাতিল হল আর ৩রা নভেম্বর আপনারা তিনকোটি টাকা জমা দিলেন ব্যাংকে। জবাবটা দিন, জবাবটা দিন। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে প্রশ্ন করছি, আপনার কাছে আমি দাবি জানাচ্ছি, আপনি এই সভায় পেশ করুন কত জমি কেনা হয়েছে বি জে পির নামে। ওনাদের সর্বভারতীয় সভাপতি,খবরের কাগজে পড়েছি দমদম এয়ারপোর্টের কাছ থেকে শুরু করে সারা বাংলায় জমি কিনে রেজিস্ট্রি করেছেন। স্যার, হিসাবটা আপনি এই সভায় রাখুন। আমার দাবি রইল অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রর কাছে। তার কারণ একদিকে স্বচ্ছ ভারত, একদিকে পলিটিকাল রিফর্মসের কথা বাজেটে নিয়ে আসছেন। আগে কুড়ি হাজার টাকা পর্যন্ত ক্যাশে নেওয়া যেত, এখন দু'হাজার টাকা, ভাল কথা। তাহলে কোথা থেকে এল দাদা তিন কোটি টাকা? জানতেন নাকি যে ৮ই নভেম্বর হচ্ছে, ওরে কালো টাকাগুলো সাদা কর, ব্যাংকে ফেলে দে বি জে পির অ্যাকাউন্টে। সেলাম দিলীপবাবু, সেলাম বি জে পি, তারজন্য এই সদন আপনাকে সেলাম জানাচ্ছে। আর সি পি এম বন্ধুরা আপনাদের একটা কথা বলে দিই। নোটবন্দি নিয়ে আপনাদের অবস্থানটা কি একটু দয়া করে বলবেন, আমাদের কাছে পরিষ্কার নয়। ইতিহাসটা একটু শুনুন টাকার

ডিভ্যালুয়েশান হয়েছিল একবার। তখন মোরারজি মহাশয় দেশের অর্থমন্ত্রী, ষাটের দশকের মাঝামাঝি, ডিভ্যালুয়েশান হয়েছিল। আর ইন্দিরা গান্ধী যখন পরবর্তীকালে প্রধানমন্ত্রী, ১৯৭২ সাল, মিঃ ওয়াংচুকে দিয়ে একটা কমিটি হয়েছিল এই কালো টাকার বিরুদ্ধে। ওয়াংচুসাহেব তাঁর রিপোর্ট দিয়েছিলেন তখন ওয়াই ভি চোওয়ান হচ্ছেন ভারতবর্ষের অর্থমন্ত্রী, যশবন্ত রাও বলবন্ত রাও চোওয়ান- তিনি রিপোর্টে বলেছিলেন, একশো টাকার নোট ছিল তখন, এটাকে বাতিল করা হোক। ইন্দিরা গান্ধী সে প্রস্তাব মানেননি, খারিজ করে দিয়েছিলেন। আপনাদের নেতা - জ্যোতির্ময় বসু, ডায়মন্ড হারবার থেকে জিততেন, লোকসভায় দাঁড়িয়ে বলেছিলেন ইন্দিরা গান্ধী নিজের কালো টাকাকে রক্ষা করতে চাইছেন। মনে পড়ে সেদিনের কথা। আর পেছন থেকে সমর্থন জানিয়েছিলেন হরকিষেণ সিং সুরজিৎ। ইতিহাসকে বিকৃত করার চেষ্টা করবেন না। ইতিহাস আপনাদের ক্ষমা করেনি। আগামী দিনে ইতিহাস আপনাদের ক্ষমা করবে না। এই কটি কথা বলে, অর্থমন্ত্রীকে আর একবার ধন্যবাদ, নমস্কার, অভিনন্দন জানিয়ে এবং তিনি সভায় নেই, মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশিত পথে এই বাজেট আগামী দিনে পশ্চিমবাংলাকে সমৃদ্ধশালী করবে, নতুন বাংলা গঠন হবে, বিশ্ব বাংলায় রূপান্তরিত হবে, এই কামনা করে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করলাম।

শ্রী রুনু দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এখন এখানে অনেক আলোচনা হল। বারবার একটা কথা আমরা বলি যে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে, সেই সঞ্চয় প্রকল্পে বাধ্যতামূলক ঋণের কথা কালও আমরা বলেছি, আশি ভাগ নিতে হবে। যেহেতু পশ্চিমবাংলা ক্ষুদ্র শিল্পে ছিল, বামফ্রন্টের আমলে। ফলে ঋণটা আমাদের বেশি ছিল আইন অনুসারে। তখন আপনার সরকারে ছিলেন, দিল্লির সরকারে .....(গোলমাল).. দেখে নেবেন এবং সেখানে আপনারা সমর্থন করেছিলেন এই আইনটা করার জন্য। তাই স্বাভাবিকভাবে এইসব কথা ধোপে টিকবে না .....(গোলমাল).. আপনাদের ঋণটা কত ? এই ছয় বছরে ৩৩ হাজার টাকা আর আমাদের সময় ছিল .....(গোলমাল).. দেখে নেবেন, ১৫ হাজার টাকা। আপনারা বলছেন রাজস্ব খাতে আপনারা আয় বাড়িয়েছেন, বাড়িয়েছেন আপনারা অস্বীকার করা যাবে না। সেখান থেকে কিছু টাকাতো শোধ করতে পারতেন সেখানে শোধ করলেন না আপনারা। আপনারা খেলা, মেলা, উৎসব এইসব নিয়েই ব্যস্ত। অনেক আয় বাড়িয়েছেন যখন সেখান থেকে ঋণ শোধ করতে পারতেন। সেদিকে আপনারা গেলেন না .....(গোলমাল).. এইবারে পরিকল্পনার বাইরে আপনারা বিপুল খরচ করছেন ফলে পরিকল্পনার বাইরে থেকে এত টাকা খরচ আপনারা করছেন যে আপনারা সুদের টাকা বাজার থেকে নিতে বাধ্য হচ্ছেন ফলে বিকাশ থমকে গেছে। অর্থনীতিতে কোন চঞ্চলতা নেই। ক্রমশ শিল্প গুলি ঝিমিয়ে যাচ্ছে। এইবারের বাজেটেও প্রায় সেই কথা। বড় শিল্প, মাঝারি শিল্প নিয়ে আপনাদের বাজেটে কথাবার্তা বিশেষ নেই। যেহেতু শিল্পের উপরে আপনাদের কথাবার্তা কম আর বিশ্ব বাংলা যদি করতে হয় তাহলে শিল্প বাদ দিয়ে বিশ্ব বাংলা করতে পারবেন না। এটা গুরুত্ব দেওয়ার দরকার আছে। কর্মসংস্থানের কথা বলেছেন, কবে হবে ? ২০১৬-১৭ অর্থবর্ষে ১৩.২৭ লক্ষ কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে,৩৬ নম্বর পৃষ্ঠাতে আছে। শুনুন কেন্দ্রীয় সরকার কি বলছে, গোটা ভারতবর্ষে ১.৫ লক্ষের কম। যেখানে গোটা ভারতবর্ষে ১.৫ সেখানে আপনারা করছেন ১৩.২৭। এটা বোঝা যাচ্ছে না কীভাবে আপনারা করতে পারলেন। যদি করে থাকেন তাহলে আমাদের বলুন শিল্পগুলির নাম কোথায় করেছেন, কোন জায়গায় করেছেন আপনারা বলুন। শিল্পের উপরে আজকে আমরা যা দেখছি আমাদের এলাকায় একটার পর একটা শিল্প বন্ধ হচ্ছে। নতুন শিল্প আমরা দেখতে পারছি না, শিল্প বন্ধ হয়ে যাচ্ছে। যদিও আপনারা বলছেন কোন শিল্প বন্ধ নেই ওগুলি সাসপেনশান অফ ওয়ার্ক কিন্তু শ্রমিকরা ছাটাই হচ্ছে.....(গোলমাল).. কারখানা চলছে না,

কর্মীরা বেতন পাচ্ছে না। জুটমিল একটার পর একটা বন্ধ হচ্ছে প্রতিদিন কাগজে দেখছি। চা কারখানা বন্ধ হচ্ছে সেটাও কাগজে দেখছি। চা শিল্পের শ্রমিকরা আত্মহত্যা করছে আর আপনারা নিশ্চুপ। আমরা দেখছি ইঞ্জিনিয়ারিং কারখানা দিনের পর দিন বন্ধ হয়ে যাচ্ছে। ছোট ছোট শিল্প যা বড় কারখানাকে ঘিরে আছে সেইসব কারখানা বন্ধ হচ্ছে আমাদের এলাকায় .....(গোলমাল).. হিন্দমোটর, ডানলপ বন্ধ হয়ে গেছে। দুর্গাপুর, আসানসোল অঞ্চল শ্মশান হয়ে গেছে। একটার পর একটা কারখানা বন্ধ হয়ে গেছে।

[3:40 – 3.50 p.m.]

রূপনারায়ণপুর কেবেলস কিছুদিন আগে বন্ধ হল এটা রাষ্ট্রায়ত্ত শিল্প। কিন্তু সেখানকার শ্রমিকরা, সেখানকার স্কুল কলেজ কি হবে? দুর্গাপুরে ডি.পি.এল., ডি.সি.এল. রাজ্যসরকারের কারখানা। রাজ্যসকারের ৯০ টা কারখানার ভেতর ৪৬ টা প্রায় বন্ধের মুখে। হ্যাঁ, আপনাদের হচ্ছে ৬৫ হাজার। তাহলে অবস্থাটা কোথায় যাচ্ছে? বিশ্ববাংলা কোথায় যাবে? আমাদের সময় ৫৬ আপনারা বলতেন, শ্লোগান করতেন। এখন বলছেন ৬৫। কলিয়ারি বন্ধ হচ্ছে। রাষ্ট্রায়ত্ত শিল্প বন্ধ হচ্ছে, সরকারের কোনো উদ্যোগ নেই। সরকারের কোনো প্রচেষ্টা নেই কারখানাগুলো কেন বন্ধ হচ্ছে। রাষ্ট্রায়ত্ত শিল্প হতে পারে, হতে পারে বেসরকারি শিল্প, হতে পারে অন্য কোনো শিল্প কিন্তু সরকারের উদ্যোগটা কোথায়, সরকার এগিয়ে এসে কি চেষ্টা করছে? নানা কারণে কারখানাগুলো বন্ধ হয়েছে। র-মেটিরিয়াল নেই, বাজার নেই, র-মেটিরিয়াল বিদেশে চলে যাচ্ছে। এ তো উদার অর্থনীতির ফল। আপনারাও বাজেট করেছেন, কেন্দ্রীয় সরকারও বাজেট করেছে। দুটো বাজেটই উদার অর্থনীতির দিকে যাচ্ছে। বলছেন না কিন্তু উদার অর্থনীতির দিকে যাচ্ছেন। এতে কি হবে? কোটি কোটি ছেলে বেকার হয়ে বসে আছে। কি হবে তাদের চাকরির? কারখানা তো খুলছে না। কোথায় চাকরি দেবেন? আপনাদের বাজেটেও নেই চাকরির কথা। স্বাভাবিকভাবে এই বাজেটকে আমরা মানতে পারলাম না। শিল্প ছাড়া বিশ্ববাংলা হবে না, আর শিল্পের সম্বন্ধে আপনাদের কোনো কথাবার্তা নেই। স্বাভাবিকভাবে বিশ্ববাংলা করতে গেলে শিল্পের উপর গুরুত্ব দিতে হবে অর্থ মন্ত্রীকে। কারখানা যেগুলো বন্ধ আছে সেগুলো খোলার চেষ্টা করতে হবে। সে রাষ্ট্রায়ত্ত হোক, বেসরকারি হোক বা রাজ্যসরকারি হোক। আর নতুন কর্মসংস্থানের কথা ভাবতে হবে। আপনাদের এই বাজেটে তার কোনেরকম প্রতিফলন নেই। তাই এই যে বাজেট আপনারা পেশ করেছেন এই বাজেটকে আমরা বিরোধিতা করছি এবং এই বাজেট নিয়ে বিশ্ববাংলায় যাওয়া যাবে না। বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী বনশ্রী মাইতি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৭-১৮ আর্থিক বর্ষের ১০ ই ফেব্রুয়ারী যে বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে প্রথমেই বাংলার জনগণমন অধিনায়িকা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে জানাই আমার সশ্রদ্ধ প্রণাম। এই পবিত্র সদনে উপস্থিত মন্ত্রীমণ্ডলী ও আমার সতীর্থ বিধায়কগণ ও বিরোধী দলের সমস্ত বিধায়ককে শ্রদ্ধাজ্ঞাপন করে জানাই পশ্চিমবঙ্গের ভাগ্যাকাশে উজ্জ্বল নক্ষত্রসম বাংলার জননেত্রী মমতা ব্যানার্জী বর্তমানে অবক্ষয়ের উত্তরণের আলোক দীপিকা। তিনি আমাদের অন্ধকারের উৎস হতে উৎসারিত আলো। বহু জনমুখী, উন্নয়নমুখী ও মানবসম্পদ উন্নয়নে মুখ্যমন্ত্রীর কর্মকাণ্ড এক নজির সৃষ্টিকারী যা আন্তর্জাতিক খ্যাতিলাভ করেছে। কঠিন পরিস্থিতি, তার মধ্যে কেন্দ্রীয় সরকারের নোটবন্দীর ধাক্কা, বৈষম্যমূলক নীতি, পাহাড়প্রমাণ ঋণের বোঝা রাজ্য সরকারকে করেছে বিপর্যস্থ। শ্রমজীবী, কৃষিজীবী, সাধারণ মানুষের স্বার্থে যার প্রতিবাদী কণ্ঠস্বর শুধু দিল্লিতে নয় বিশ্বকে জানান দিয়েছে তাঁর নাম মমতা ব্যানার্জী। কেন্দ্রীয় সরকারের

দিশাহীন, পরিকল্পনাহীন এক বাজেট কেবল হতাশাগ্রস্ত করেছে তা না নোটবন্দীর ধাক্কায় অর্থনৈতিক সামাজিক পরিকাঠামোকে ধ্বংস করেছে, তছনছ করেছে। অর্থনীতিবিদদের মতে আর্থিক বৃদ্ধির হার ১ শতাংশ থেকে ৩.৫ শতাংশ কমে যেতে পারে। অর্থাৎ ভারতবর্ষের আর্থিক ক্ষতির পরিমাণ ১.৫ লক্ষ কোটি টাকা থেকে ৫.২৫ লক্ষ কোটি টাকাতে নেমে যাবে। অর্থমন্ত্রী আরো উদ্বেগ প্রকাশ করেছেন ভারতের অর্থনৈতিক বৃদ্ধির হার ৭.১ শতাংশে নেমে যাবে। আর রাজ্যে ৯.২৭ শতাংশে গিয়ে দাঁড়াবে। এইরকম চরম পরিস্থিতির মধ্যে লক্ষ লক্ষ মানুষ যখন রাজ্য বাজেটের দিকে তাকিয়ে তখন আমাদের মাননীয় অর্থমন্ত্রীর বাজেটের প্রতিটি ছত্রে ছত্রে প্রতিফলিত হয়েছে মুখ্যমন্ত্রীর মানবিক মুখ। তিনি প্রমাণ করলেন সৎ ভাবনা, সৎ চিন্তা থাকলে অসম্ভবকে জয় করা যায়।

ধন্যবাদ জানাই মাননীয় অর্থমন্ত্রীকে, পূর্বতন সরকারের রেখে যাওয়া পাহাড় প্রমাণ ঋণের বোঝা যা ২০১৭-১৮ তে সুদ ও আসল মিলে ৪৭ হাজার কোটি টাকার বেশি পরিশোধ করতে হবে। একটি ৩৪ বছরের সরকার, যারা শাসনের নামে অপশাসন করেছে, রক্তাক্ত করেছে বাংলাকে, খেটে খাওয়া সাধারণ মানুষকে ব্যবহার করেছে, মিথ্যে আশ্বাস দিয়ে মাঠে ময়দানে লাল ঝান্ডা বইয়েছে, গালভরা বুলি শিখিয়েছে। তোতাপাখীর মতো - ভেঙে দাও গুঁড়িয়ে দাও, মানছি না মানব না, ইনকিলাব জিন্দাবাদ। আজকে আমাদের বাংলার মুখ্যমন্ত্রী প্রত্যেকের মাথার উপর ছাদ দিয়েছেন। আমার ঘর, আমার ঠিকানা, নিজভূমি-নিজঘর, গীতাঞ্জলি প্রকল্পে ২ লক্ষ ৯৩ হাজার আশ্রয়হীন পরিবারকে সহায়তা দেওয়া হয়েছে। সবার জন্য খাদ্যসাথী। প্রায় ৭.৯ কোটির বেশি সুলভ মূল্যে খাদ্যশস্য ও ডিজিটাল রেশনকার্ড দেওয়ায় কোন রং দেখা হয়নি। বাংলার ঘরে ঘরে আজ নানা অভিনব উন্নয়নমূলক প্রকল্প - কন্যাশ্রী, সবুজশ্রী, সবজসাথী, মাভৈঃ, স্বাস্থ্যসাথী, শিক্ষাশ্রী, গতিধারা, সমব্যথী, বৈতরণী, সংখ্যালঘু ভাই বোনদের জন্য স্কলারশিপ, যুবশ্রী, প্রভৃতি। আজ সৃষ্টি সুখের উল্লাসে সবাই আত্মহারা।

মুখ্যমন্ত্রীর স্বপ্নের সোনার বাংলাকে শস্য-শ্যামলা, ধন-ধান্যে পল্লবিত করতে রাজ্যের মানুষকে নয়া দিশা দেখালেন, যা বহু প্রত্যাশিত বাজেটে আমরা দেখতে পেলাম। কয়েকটি উল্লেখযোগ্য ঘোষণা করলেন অর্থমন্ত্রী অমিত মিত্র। ২০১০-১১ সালের তুলনায় ২০১৭-১৮ আর্থিক বর্ষে পরিকল্পনাখাতে ব্যয় বৃদ্ধি হয়েছে ৪ গুণ, আর মূলধনী খাতে বৃদ্ধি ৭ গুণ হতে চলেছে। মোট পরিকল্পনাখাতে বরাদ্দ ৬৪,৭৩৩ কোটি টাকা। ঘাটতির সম্ভাবনা ৭ কোটি টাকা।

মা-মাটি-মানুষের সরকার এতসব মাথায় রেখে বেশ কয়েকটি প্রকল্প ঘোষণার মাধ্যমে রাজ্যবাসীকে কিছুটা হলেও স্বস্তি দিতে পেরেছে।

বাজেটে বলা আছে -১) প্রসূতি ও সদ্যজননীদের সুরক্ষার দায়িত্ব যারা পালন করে সেই আই.সি.ডি.এস. কর্মী-সহায়িকাদের ভাতা ৫০০ টাকা বৃদ্ধি, এতে ২ লক্ষ অঙ্গনওয়াড়ি কর্মী উপকৃত হ'ল। ২) আশাকর্মী, যাদের বামফ্রন্ট আশাহত করেছিল, মমতা ব্যানার্জী তাদের আবার ৫০০ টাকা বাড়িয়ে মানবিকতার পরিচয় দিলেন। এর ফলে ৫০ হাজার আশা কর্মী আশার আলো দেখল। ৩) নোটবন্দীর জেরে কাজ হারিয়ে বহু দক্ষ কারিগর রাজ্যে ফিরে এসেছে, এরকম ৫০ হাজার কারিগরকে ৫০ হাজার টাকা এককালীন দেওয়ার কথা ঘোষণা করেছেন। ৪) গ্রামাঞ্চলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন কৃষকরা। তাদের জন্য মা-মাটি মানুষের সরকার ১০০ কোটি টাকার তহবিল গঠন করার কথা বলেছে। ৫) নোটবন্দিতে ক্ষতিগ্রস্ত হয়েছে ক্ষুদ্র ও ছোট ব্যবসায়ীরা। তাদের জন্য ৫০ কোটি টাকার তহবিল গড়া

হয়েছে। ৬) এছাড়া ভ্যাটের প্রাথমিক স্তর ১০ লক্ষ থেকে ২০ লক্ষ করা হয়েছে। যাদের বার্ষিক আয় ৫০ লক্ষ টাকা, তাদের ন্যূনতম ভ্যাটের আওতায় আনা হয়েছে। ৭) বাজেটে জোর দেওয়া হয়েছে পরিবেশ রক্ষার উপর। কর মুক্ত করা হয়েছে পরিবেশ বান্ধব সামগ্রী - সোলার ওয়াটার হিটার, টেরাকোটার টালি, শালপাতার থালি ইত্যাদি। ৮) শিক্ষা সেস ও গ্রামীণ কর্মসংস্থানে সেস মুকুব করার প্রস্তাব দেওয়া হয়েছে। স্ট্যাম্প ডিউটি ৫ শতাংশ থেকে কমিয়ে ২ শতাংশ করা হয়েছে। ৯) ফ্লাট তৈরি হওয়ার ২ বছরের মধ্যে রেজিস্ট্রেশন করলে রেজিস্ট্রেশন ফি এর উপর ২০ শতাংশ ছাড়ের ঘোষণা করা হয়েছে।

আজকে কর্মসংস্কৃতি বিপর্যস্ত, অর্থনৈতিক অস্থিরতা, চূড়ান্ত প্রতিকূল পরিস্থিতির মধ্যেও মা-মাটি-মানুষের সরকারের সাফল্যই আশা দেখাচ্ছে গোটা বিশ্বকে। নিশ্চিত ভাবেই আমরা আশা রাখি পথ দেখাবে পশ্চিমবঙ্গ। বাংলার স্বপ্ন যার চেতনা মননে, যুগ যন্ত্রণার প্রকাশ অনুভূতিশীল অন্তর সত্তায় ধ্বনিত হয়েছে বিদ্রোহী কবি কাজী নজরুলের কবিতায় - 'যবে উৎপীড়িতের ক্রন্দন রোল আকাশে বাতাসে ধ্বনিবে না, অত্যাচারীর খড়গ কৃপাণ ভীম রণভূমে রণিবে না, বিদ্রোহী রণক্লান্ত আমি সেইদিন হব শান্ত।' ধন্যবাদ।

ডা এম. নুরুজ্জামান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ১০ ই ফেব্রুয়ারিতে যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সমর্থন জানিয়ে দু-একটি কথা নিবেদন করছি। এই বাজেট পড়ে আমার মনে হয়েছে এই বাজেট জনমুখী বাজেট, উন্নয়নের বাজেট, প্রগতির বাজেট, আম-আদমির বাজেট, মা-মাটি-মানুষের বাজেট। যদিও আমি নিজে প্রেসিডেন্সি কলেজের ছাত্র ছিলাম, ডাক্তার মানুষ, বিজ্ঞানের ছাত্র, নীলরতন সরকার মেডিকেল কলেজ থেকে এম.বি.বি.এস. করেছি, ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে এম.ডি. করেছি। সেই হিসাবে অর্থনীতির বিষয় কিছু বুঝি না। কিন্তু একটা জিনিস অতি সহজেই বোঝা যায় যে মানুষের জীবন, মানুষের ব্যথা-বেদনা, মানুষের আশা আকাঙ্ক্ষা, মানুষের মানবিকতাকে মর্যাদা দিতে আমরা সবাই দায়বদ্ধ।

[3:50 – 4.00 p.m.]

কেন্দ্রীয় সরকারের বাজেট পেশ করেছেন, কেন্দ্রীয় সরকারের অভিমুখ হল দানবিক, আর আমাদের বাজেটের অভিমুখ হল মানবিক। আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি মানবিক সম্পর্কের উপরে মানবিক দৃষ্টিভঙ্গির উপরে বেশি গুরুত্ব আরোপ করেন। সেইজন্য আমরা দেখেছি আমাদের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র তিনি পরিকল্পনা খাতে ৬৪ হাজার ৭৩৩ কোটি টাকা বরাদ্দ করেন,তার আগে আমরা দেখতাম বামফ্রন্টের ৩৪ বছর, আমাদের প্রাক্তন অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত তিনি সবসময়ই জিরো ডেফিসিট বাজেট পেশ করতেন। আমাদের অগ্রজ ডা মানস ভুঁঞ্যা কাল এইকথা বলছিলেন। অসীম দাশগুপ্ত যেটা জাগলারী অব ওয়ার্ডসের স্ট্যাটিসটিকস্ দিয়ে মানুষকে বোকা বানাতেন। কিন্তু আমাদের অর্থমন্ত্রী সে পথে যাননি। তিনি আজকের এত প্রতিকূলতার মধ্যেও নোটবন্দি কাণ্ডের মধ্যেও তিনি যে বাজেট পেশ করেছেন সেটা হল একটা নতুন উন্নয়নের দিশার অভিমুখ তৈরী করা। বিশেষ করে গ্রামের কৃষিজীবী মানুষ যারা অনেক কষ্ট করে, আজকে এই নোটবন্দির কারণে যারা অসহায় অবস্থার মধ্যে আছে। আমি কয়েকদিন আগে আমার কেন্দ্র হুগলি জেলার পুরশুড়ায় গিয়েছিলাম। আলু চাষীদের দুরবস্থা আমরা দেখে এসেছি। সেখানে মানুষ আলু চাষের সময়ে এমন কাণ্ড হয়ে গেল। ৫০০ টাকার নোট, ১০০০ টাকার নোট বাতিল। মানুষ বীজ পায়নি, সার পায়নি। তারপরে এখন আলু উঠেছে। সেই আলুর বাজার নেই। বস্তা বিক্রি হচ্ছে ৮০ টাকায়, ১০০ টাকায় আলু বোনার যে কস্ট, সেই কস্টটাই উঠছে না। আগামী দিনে আলুচাষীদের

কি হবে আমি জানি না। আমি কালকে বলেছি যে আমাদের সরকার নির্দিষ্টভাবে নিশ্চয় কিছু কর্মসূচী গ্রহণ করুক এই আলুচাষীদেরকে দুর্দশার হাত থেকে বাঁচাতে। এই অবস্থা হয়েছে কেন? কেন্দ্রীয় সরকারের জনবিরোধী অর্থনীতির ফলে এই ঘটনা ঘটেছে। আমরা দেখেছি যে সি পি এমরা তো ঋণের ফাঁদ রেখেই গিয়েছিলেন। সি পি এমের বন্ধুরা বারবার বলছিলেন এই যে ঋণের ফাঁদ, ডেট ট্র্যাপ আমরা যেটাকে বলছি, আমি এই পরিসংখ্যানে যাচ্ছি না,শুধু একটা কথাই বলছি ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনা মাথায় রেখে এই সরকার যখন দায়িত্ব গ্রহণ করেছিল ২০১১ সালে তার আগে বামপন্থী বন্ধুরা সব কিছু এক করে গেলেন, ওরা যা ইচ্ছামত বাজার থেকে ধার দেনা করে গিয়েছেন। আমাদের রামশঙ্করবাবু চার্বাকের কথা বলছিলেন - "ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ, যাবৎ জীবেৎ সুখং জীবেৎ"। এটা তো বামপন্থীদেরই নীতি। ওরা তো ভগবান বিশ্বাস করে না, আল্লা বিশ্বাস করে না, পরকাল বিশ্বাস করে না। ওরা জীবনটাকে ভোগ করে যাবার দৃষ্টিভঙ্গি নিয়েই কাটিয়ে যান। ওরা ধার দেনা করে গিয়েছেন। আর সেই দেনার শোধ আমাদের করতে হচ্ছে। আজকে যদি এই বছর ৪০ হাজার কোটি টাকা, আর আগামী বছর যদি ৪৭ হাজার কোটি টাকা আমাদেরকে শুধু সুদ এবং তাদের দেনা বাবদ মেটাতে হয়, একবার আমাদের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র এই সদনে আক্ষেপ করে বলেছিলেন যে আমি যদি এক টাকা রোজগার করি, আমার ৯৪ পয়সা খরচ হয় সরকারি কর্মচারীদের মাইনে দিতে,যারা অবসরপ্রাপ্ত কর্মচারী তাদের পেনশন দিতে এবং ওরা যে দেনা করে গেছেন সেই দেনা, প্লাস ইন্টারেস্ট দিতে।বাকী ৬ পয়সা থাকে উন্নয়নের জন্য। এই ৬ পয়সা দিয়ে আমি কি উন্নয়ন করব। এটা সত্যিকারের ঘটনা। এরপরে ওরা বলছেন যে তাহলে এত মেলা, খেলা, উৎসব কেন? আমি বলি - আচ্ছা আমার ঘরের দেনা আছে, তাই বলে কি আমি বখরি ঈদ করব না! আমি পুজো করব না! আমি বড়দিন করব না! তাহলে আমরা যদি মানুষের প্রাণের আবেগকে ভুলে যাই তাহলে মানুষের মানবিকতার অবক্ষয় হবে বলে আমি মনে করি।সেই জন্য আমি বলছি আমি বিস্তারিত প্রসঙ্গে যাচ্ছি না। এই বাজেটে কতগুলি জিনিস দেখেছি। একটা হল আমাদের মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার মা, বাংলার মানুষের জন্য যে কথা ভেবেছেন জন্ম থেকে মৃত্যু পর্যন্ত একটা হোলিস্টিক অ্যাপ্রোচ, ইন্টিগ্রেটেড ডেভলপমেন্টারি অ্যাপ্রোচ, যেমন, আজকে নতুন কতগুলি প্রস্তাব দেখলাম। সবুজশ্রী প্রকল্প জন্মালেই একটি গাছ, একটি প্রাণ। একটি শিশু জন্মাচ্ছে, তার সাথে একটা গাছ উপহার দিচ্ছে। সরকার এটা দিচ্ছে কারণ সেই গাছটা যখন বড় হবে, সেই গাছটা বেচে যে পয়সা হবে, একটা গরীব মানুষের ছেলে বড় হলে তার লেখাপড়া হোক বা অন্যান্য সুযোগসুবিধা এর থেকে পাবে।

তারপরে আমাদের 'খাদ্যসাথী', 'যুবশ্রী', 'সবুজসাথী' - অন্যান্য প্রকল্প রয়েছে। শেষকালে মানুষ যখন মারা যাবে, তার দফন-কফনের পয়সা জুটবে না, তার শ্মশানে যাওয়ার পয়সা জুটবে না, সেইজন্য এই 'সমব্যাথি' এবং 'বৈতরণী' প্রকল্প - উপলব্ধি করেছেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাহলে এই জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মানুষের সামগ্রিক উন্নয়নের যে দৃষ্টিভঙ্গি, এটা তিনি করেছেন।

এবার আসি সংখ্যালঘু - সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ আমরা। আমাদের সংখ্যালঘু এবং তপলিশী সম্প্রদায়ের মানুষের উন্নয়নের জন্য বাজেটে বিশেষভাবে দৃষ্টি দেওয়া হয়েছে। যখন বামফ্রন্ট সরকার চলে যায়, তখন সংখ্যালঘুদের জন্য বাজেট ছিল ১১০ কোটি টাকা। তারপরে বাজেট হ'ল ৩৩০ কোটি টাকা। গত বছর বাজেট ছিল আড়াই হাজার কোটি টাকা। এই বছর বাজেট হয়েছে ২ হাজার ৮১৫.৬৫ কোটি টাকা। কত গুণ বৃদ্ধি হ'ল ? আজকে সংখ্যালঘু

সম্প্রদায়ের জন্য স্কলারশিপ করানো হয়েছে, প্রি-ম্যাট্রিক এবং পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ বাড়ানো হয়েছে, আমাদের আলিয়া ইউনিভার্সিটি হয়েছে। আলিয়া ইউনিভার্সিটি যদিও সি.পি. এম. করে গিয়েছিল, কিন্তু তখন তা ভাড়া বাড়িতে করে গিয়েছিল, কোনো ইনফ্রাস্ট্রাকচার করে যায়নি। আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ৫১৭ কোটি টাকা ব্যয় করেছেন আলিয়া ইউনিভার্সিটির জন্য। তিনটি ক্যাম্পাস মিলিয়ে নিউটাউনে নতুন ক্যাম্পাস হয়েছে, সেখানে স্টাফ কোয়ার্টার হচ্ছে, গার্লস হোস্টেল, বয়েজ হোস্টেল হচ্ছে - একটা ব্যাপক কর্মকাণ্ড হচ্ছে। আলিয়া ইউনিভার্সিটি একটা উন্নত মানের - সেখানে তারা শিক্ষা ক্ষেত্রে পরিকাঠামো তৈরি করেছে।

আমাদের কবর স্থানের জন্য ১৩৭ কোটি টাকা ব্যয় করেছেন, এই বছর আরো ১০০ কোটি টাকা ব্যয় হয়েছে। যেখানে কবর স্থানগুলো সংরক্ষণের কোনো বিধান ছিল না। কবর স্থানগুলো সংরক্ষণ করা হয়েছে।

এই যে সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের জন্য আমাদের বাজেটে যেগুলো দেওয়া হয়েছে, তারপর ১৯২টা মার্কেটিং হাব করা হয়েছে। এবার আরেকটা নতুন প্রস্তাব এসেছে এই বাজেটে, সেটা হ'ল, কমিউনিটি হল। প্রত্যেকটা সংখ্যালঘু ডোমিনেটেড ১৫১টা ব্লকে কমিউনিটি হল করা হচ্ছে। আমাদের সংখ্যালঘু ভাই-বোনেরা সেটা ব্যবহার করতে পারবেন। এর আগে আমার বাবা এ.কে. হাসানুজ্জামান যখন বিধানসভার সদস্য ছিলেন, তখন তিনি একবার বলেছিলেন যে, সংখ্যালঘুদের উন্নয়নের জন্য আপনারা কি করছেন ? মাননীয় জ্যোতি বসু বলেছিলেন, আমাদের সংখ্যালঘু ভাই বোনেরা নানান ঐতিহাসিক কারণে পিছিয়ে আছে, তাদের উন্নয়নের জন্য ব্যবস্থা করছি। তাহলে ৩৪ বছরে কিছু করলেন না ?

আমরা যখন উন্নয়নের পথে হাঁটছি, উন্নয়নের কথা বলছি, তখন দেখছি সেটাকে রুখে দেওয়ার জন্য একটা অরাজকতা তৈরি করা হচ্ছে। আজকে ভাঙর থেকে হোক, ধূলাগড় থেকে হোক - বিভিন্ন জায়গায় একটা অরাজকতা তৈরি করা হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, কালকে 'হিন্দু সংহতি' বলে একটা সংগঠন এখানে প্রকাশ্যভাবে হুমকি দিয়ে গিয়েছে। সংখ্যালঘুদের বিরুদ্ধে, মানুষের বিরুদ্ধে হিন্দুদের অস্ত্র ধরবার কথা বলে গিয়েছে। এই যে সাম্প্রদায়িক বিভাজনের নীতি, আজকে আমি একটা বই আপনাদের দেখাবো, "যা ছিল আমার দেশ" - তথাগত রায়, ত্রিপুরার রাজ্যপাল। তিনি লিখেছেন, এখানে পাতাতে পাতাতে সাম্প্রদায়িক উস্কানি দেওয়া আছে, জাতি বিদ্বেষ দেওয়া আছে। এই বই ব্যান করা হোক। এই রকম সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গি দিয়ে আজকে বাংলা চলবে না। বাংলার মানুষকে বলতে হবে - আমরা গান্ধীর ভারত চাই, গড়সের ভারত চাই না। আমরা আম্বেদকরের ভারত চাই। বাংলা হিন্দু-মুসলিম সম্প্রীতির দেশ। রবীন্দ্রনাথের বাংলা, নজরুলের বাংলা, জীবনানন্দের বাংলা। আমরা হিন্দু মুসলমান এক গ্রামে বাস করি, এক মাঠে চাষ করি, এক আলের ধারে বসে পান্তা খাই। একসাথে আমরা লালনের গান শুনি, বাউলের গান শুনি। আমরা সম্প্রীতির পরম্পরা নিয়ে, উন্নয়নের পরম্পরা নিয়ে এগিয়ে যাবো। সেইজন্য আমি বলব - "কদম কদম বড়য়ে যা, খুশি কি গীত গায়ে যা, ইয়ে জিন্দেগি হায় কউম্ কি, তু কউম্ পে লুটায়ে যা।" ধন্যবাদ।

শ্রী ধীরেন্দ্রনাথ লায়েক : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার অনুমতি নিয়ে আমি বিরোধী পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই সম্বন্ধে কিছু আলোচনা করতে চাই। মহোদয়, বাজেট বিবৃতিতে মাননীয় অর্থমন্ত্রী মহোদয় বেশ কিছু কথা নোট-বন্দির বিষয়ে বলতে চেয়েছেন। কিন্তু স্যার, নোটবন্দির ব্যাপারে আমরা বামপন্থীরাও কিন্তু বিভিন্ন

ধরনের আন্দোলন করেছি। স্যার, দেশের মাননীয় প্রধানমন্ত্রী তাঁর মিথ্যা কিছু প্রতিশ্রুতিকে চাপা দেওয়ার জন্য জনগণের দৃষ্টি অন্য দিকে ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করেছেন নোটবন্দির মাধ্যমে।

[4:00 – 4.10 p.m.]

তিনি সিদ্ধান্ত নিয়েছেন বলে আমরা মনে করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে বিশেষকরে কয়েকটি বছরে বেকারত্ব এবং কর্মহীনতার পরিমাণ ক্রমাগত বেড়ে চলেছে। গ্রুপ-ডি পদে ৬ হাজার শূন্য পদের জন্য এ রাজ্যে ২৫ লক্ষ ছেলেমেয়ে আবেদন করেছেন। এই আবদনকারীদের মধ্যে প্রায় ৫৬ হাজারের বেশি পোস্ট গ্র্যাজুয়েট, ডিপ্লোমাধারী ছাত্রছাত্রী। তাই এটাই প্রমাণ দিচ্ছে রাজ্যজুড়ে বেকারের অবস্থা কোন জায়গায়। কোর্টের নির্দেশ ছাড়া কোন ক্ষেত্রেই চাকরীর প্রক্রিয়া করা রাজ্য সরকারের পক্ষে সম্ভব হচ্ছে না। এই কর্মসংস্থান বিষয়ে রাজ্য সরকারের যে নীতিহীনতা রয়েছে সেটাই প্রমাণ করে। ক্ষেত্র বিশেষে কিছু কিছু ভাতা প্রদান করে বেকার যুবক-যুবতী, কৃষক, কৃষি-শ্রমিকদের মুখ এমন করে বন্ধ করে রাখা যেতে পারে, কিন্তু কর্মসংস্থানের জন্য সুনির্দিষ্ট নীতি গ্রহণ না করলে তাদের অবস্থা দিন দিন শোচনীয় হবে। বর্তমান বছরের বাজেটে কর্মসংস্থানের বিষয়ে কোন নির্দিষ্ট রূপরেখা দেখা যাচ্ছে না। নিয়মিত পদে কর্মী নিয়োগের কোন প্রচেষ্টা না করে চুক্তিভিত্তিক কর্মী নিয়োগে উৎসাহ দেওয়া হচ্ছে। শূন্যপদ রেখে দিয়ে কেবল বয়স বাড়ানোর একটা পরিকল্পনা নেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আশাশ্রী মডেল স্কুল স্থাপিত হয়েছে। আমার বিধানসভা এলাকাতেও ছাতনা মডেল স্কুল চালু হয়েছে। কিন্তু স্যার, এই বিদ্যালয়ে ৫০টির বেশি রুম নিয়ে বিশালাকার বিদ্যালয় স্থাপিত হয়েছে। কিন্তু সেখানে ছাত্রছাত্রীর সংখ্যা ৫০-এর নীচে, মাত্র ৪৬ জন। এই বিদ্যালয়ে শিক্ষক সংখ্যা স্থায়ী একজন এবং অস্থায়ী শিক্ষক সংখ্যা ২ জন। তাহলে স্যার, এই শিক্ষক নিয়ে এই ভাবে এই মডেল স্কুল কি চালানো সম্ভব ? বিদ্যালয়ে প্রকৃত ভাবে শিক্ষাদানের উদ্যোগ রাজ্য সরকারের পক্ষে গ্রহণ করা হচ্ছে না কেন, সে বিষয়ে নিশ্চয়ই মাননীয় অর্থমন্ত্রী আমাদের জানাবেন। স্যার, তথ্য-প্রযুক্তি বিভাগের জন্য বরাদ্দ প্রতি বছরই হচ্ছে, কিন্তু সেই বিভাগের দৈন্যদশা আমরা সম্প্রতি লক্ষ্য করলাম। এই কথা বলা হচ্ছে যে সাইবার ক্রিমিনালরা হ্যাক করে নিতে পারে বলে রাজ্যের সরকারি ওয়েবসাইটে প্রাথমিক শিক্ষক নিয়োগের প্যানেল প্রকাশ করা গেল না। তাই স্যার, এই বিষয়ে সরকারের যে প্রকৃত উদ্দেশ্য সেটা যাতে সঠিক ভাবে প্রতিফলিত হয়, তার জন্য আমার আবেদন রইলো। স্যার, আমরা প্রায়ই শুনতে পাই রাজ্য এখন উন্নয়নের জোয়ারে ভাসছে। হ্যাঁ, স্যার, উন্নয়ন হয়েছে আমরা সেটা দেখেছি, কৃষিক্ষেত্রে অনেক সেচ প্রকল্প নেওয়া হয়েছিল, কৃষকরা তার সুযোগ পেয়েছেন। আমরা গ্রামাঞ্চলে কৃষকদের সাথে থাকা মানুষ তাই আমরা দেখেছি। কৃষির উন্নতি যদি না হয় তাহলে উন্নয়নের জোয়ারকে ধরে রাখা যাবে না।

তাই স্যার, আমি বলতে চাই আমরা যারা গ্রামে গ্রামান্তরে দরিদ্র কৃষক, কৃষীজীবী, গ্রামীণ কারিগর, বেকার যুবক-যুবতীর সাথে দৈনন্দিন দেখা সাক্ষাত করার সুযোগ পাই, আমরা জানি সেই সকল রাজ্যবাসী আজ কি দুর্দশায় জীবনযাপন কাটাচ্ছেন। গণতান্ত্রিক পরিবেশ এমনই যে তাদের পেটের ক্ষুধার কথা তাঁরা প্রকাশ্যে বলতে ভয় পান। তাঁদের অন্তরের সেই আর্তনাদ কলকাতার ঠান্ডা ঘরে পৌঁছায় না। আমি বলতে চাই মানুষের যে উন্নয়ন নিশ্চয়ই তা হয়নি এটা অস্বীকার করি না। কিন্তু স্যার, একটু লক্ষ রাখবেন যে উন্নয়নগুলো সাধারণ মানুষের জীবনে সবচেয়ে বেশি প্রতিফলিত হবে সেই দিকটা লক্ষ করা দরকার। আমি কালকে ব্লকে গিয়েছিলাম, হয়তো খাদ্যমন্ত্রী মহোদয়ের একটা ফর্মান গেছে তাতে আমরা জানতে পারলাম

যাঁরা এখনও ডিজিটাল রেশন কার্ড পাননি তাঁরা আস্তে আস্তে সেই ডিজিটাল রেশন কার্ড পাবেন। এটা বন্ধ এখনই হচ্ছে না। এটা শুনে ভালো লাগলো। আমরা চাই এই ধরনের পদক্ষেপের মাধ্যমে গরিব মানুষের প্রতি আপনাদের আস্থা যাতে থাকে। এই বলে সকলকে আমার তরফ থেকে অভিনন্দন, যোগ্য সম্ভাষণ এবং নতুন বিধায়ক হিসাবে যদি কিছু ভুল বলা হয় মার্জনা চেয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী হিতেন বর্মন : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১০ই ফেব্রুয়ারি ২০১৭, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর অনুপ্রেরণায় ২০১৭-১৮ সালের যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে কিছু বক্তব্য রাখছি। তিনি যে বাজেট পেশ করেছেন তা এককথায় সাহসী এবং বাস্তববাদী বাজেট। সাহসী বলছি এই করাণে তার ব্যাকগ্রাউন্ডে তিনি উল্লেখ করেছেন ২০০৬-'০৭ সাল থেকে বামফ্রন্ট সরকার যে ঋণ নিয়েছিল সেই ঋণের যে সুদ এবং আসল ২০১৭ ১৮ সালে তা পরিশোধ করতে হবে ৪৭ হাজার কোটি টাকা।

দ্বিতীয়ত, ৮ই নভেম্বর তারিখে ভারতবর্ষের প্রধানমন্ত্রী যে এক হাজার, পাঁচশো টাকার নোট বাতিল করলেন এই নোটবন্দির ফলে পশ্চিম বাংলায় অর্থনীতিতে যে ধাক্কা আসবে সেটারও পরিমাণ তিনি উল্লেখ করেছেন। যে রাজ্যের বৃদ্ধির হার ৯.২৭% এগিয়ে দাঁড়াতে পারে। এই দুটি বিষয় অত্যন্ত সাহসী পদক্ষেপ নিয়েছেন। তিনি বুঝতে পারছেন আগামী দিনে এই বিষয়গুলো আসবে। তা সত্ত্বেও যে জনমুখী বাজেট পেশ করেছেন নিশ্চয়ই তাকে আমরা ধন্যবাদ জানাতে পারি। এই অবস্থার মধ্যেও এই সংকটের মধ্যেও তিনি আমাদের বিভিন্ন কর্মসূচী উল্লেখ করেছেন। অঙ্গনওয়াড়ি, সহায়িকা, আশা কর্মীদের ৫০০ টাকা করে মাসিক বৃদ্ধি। এই সংকটের মধ্যেও সেই দিশা তিনি দেখিয়েছেন। নোটবন্দির ধাক্কায় ক্ষতিগ্রস্ত যে কারিগররা তার জন্যও তিনি ২৫০ কোটি টাকা ব্যয় বরাদ্দের কথা বলেছেন। নোটবন্দির ফলে কৃষিক্ষেত্রে কৃষকদের যে দুর্দশা, যে ক্ষতি তারও জন্য তিনি ১০০ কোটি টাকার তহবিল গঠনের প্রস্তাব বাজেটের মধ্যে রেখেছেন। নিশ্চয়ই এই কঠিন পরিস্থিতিতে অঙ্গনওয়াড়ি কর্মীদের বেতন বৃদ্ধি, কৃষকের জন্য আলাদা করে তহবিল গঠন এবং কারিগরদের জন্য যে ব্যয় বরাদ্দের সংস্থান তিনি রেখেছেন এর ফলে আগামী দিনে পশ্চিম বাংলায় অর্থনীতির ক্ষেত্রে নিশ্চয়ই তাঁরা উপকৃত হবেন।

[4:10 – 4.20 p.m.]

নোটবন্দি সম্পর্কে বিভিন্ন বক্তা বিভিন্ন কথা বলেছেন সেই আলোচনা করতে চাই না। শুধু বাস্তবে একটি কথা বলতে চাই, ৮ই নভেম্বরের পরে আমরা যেহেতু জনপ্রতিনিধি প্রতিদিনই মানুষজন বাড়িতে আসেন। এবং মানুষরা কাঁদতে কাঁদতে আসেন যে, বাবা মারা গেছেন, শ্রাদ্ধটা করতে হবে, ব্যাংকে গিয়েছিলাম টাকা দিচ্ছে না। আপনি একটু ফোন করে বলেন। মানুষেরা আসছে নরেন্দ্র মোদী সরকার ঘোষণা করলেন যে, মেয়ের বিয়ে দিলে তার বিবাহের কার্ড দেখালে টাকা পাওয়া যাবে। কন্যাদায়গ্রস্ত পিতা ব্যাঙ্ক-এর দরজায় দরজায় ঘুরছেন, বিয়ে দিতে পারছেন না। আমাদের কাছে আসছেন। আমরা বলতে বাধ্য হচ্ছিলাম যে, এটার ব্যাপারে আমাদের কিছু করার নেই। কাজেই অন্যান্য ক্ষতি তো হয়েছে কিন্তু সামাজিক দিক থেকেও এই নোটবন্দির ফলে যে একটা সামাজিক ক্ষতি - এ জিনিস আমরা কখনও ভাবতে পারিনি। আমাদের ভারতবর্ষের প্রধানমন্ত্রী তাঁর কি বিবেচনা আমরা জানি না। কিন্তু ওনার বাস্তব বুদ্ধি যদি থাকতো তাহলে নিশ্চই এই ধরনের কোনো হঠকারী সিদ্ধান্ত গ্রহণ করতেন না। যাইহোক, মাননীয় অর্থমন্ত্রী এই আর্থিক পরিস্থিতির মধ্যেও যে জনমুখী প্রকল্পগুলি কন্যাশী, সবুজশ্রী, সবুজসাথী, গীতাঞ্জলি, লোকপ্রসার প্রকল্প বিভিন্ন যে

জনমুখী প্রকল্প সেই প্রকল্পগুলি চালু রেখেছেন যেমন, পাশাপাশি এই প্রকল্পগুলিতে অর্থ বরাদ্দ করেছেন এই পরিস্থিতির মধ্য দিয়েও। তাই এই বাজেটকে আমি সমর্থন করছি। আমি এই বাজেটের আলোচনায় উত্তরবঙ্গের যে প্রতিফলন সে সম্পর্কে দু'একটি কথা বলতে চাই। আপনারা জানেন, একটা সময়ে, বামফ্রন্টের সময়ে, বামফ্রন্টের ৩৪ বছরের জমানায় এমন একটা পরিস্থিতি তৈরি হয়েছিল গোর্খাল্যান্ডের আন্দোলন, KLO-র আন্দোলন, সেই সময়ে আমরা যারা উত্তরবঙ্গের মানুষ তখন একটা উত্তরবঙ্গের মানুষের ভাবনায় চলে আসলো যে আমরা কোলকাতার সঙ্গে আর থাকতে চাই না, পশ্চিমবঙ্গের সঙ্গে আর থাকতে চাই না। উত্তরবাংলা আলাদা রাজ্যের দাবী উঠল। কারণ, ৩৪ বছরের বাম শাসনে একদিকে অবহেলা এবং বঞ্চনা যারফলে উত্তরবঙ্গের মানুষের ক্ষোভ – এই ক্ষোভের বহিঃপ্রকাশ - এই ঘটনাগুলি ঘটেছিল। কিন্তু আমাদের নিশ্চই সৌভাগ্য আমরা বলব, ২০১১ সালে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ক্ষমতায় আসার পরে, একটি সাহসী পদক্ষেপ নিলেন। উত্তরবাংলার মানুষের ক্ষোভকে তিনি বুঝতে পেরেছিলেন। তাই নতুন যে দপ্তর একটি তৈরি করলেন, ২০১১ সালের ৮ই জুলাই, উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ। এই উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ তার প্রশাসনিক ভবন উত্তরকন্যায় যেমন চালু হল, তেমনি প্রথম বছরে উন্নয়নের জন্য ২০০ কোটি টাকা বরাদ্দ করলেন। এই প্রশাসনিক ভবন উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ গঠনের মধ্য দিয়ে উত্তরবাংলার মানুষ বুঝতে পারলেন যে, দক্ষিণবঙ্গের সঙ্গে নিশ্চই আমাদের উত্তরবঙ্গেরও আর অবহেলা বঞ্চনা থাকবে না। এই উত্তরকন্যা থেকেই উত্তরবঙ্গের মানুষের উন্নয়ন অর্থনৈতিক স্বাধীনতা ইত্যাদি আসবে। তাই সাহসী এবং দৃঢ় পদক্ষেপ নিয়েছিলেন এই কারণেই বলব যে, উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ গঠনের আগে বামফ্রন্টের বন্ধুরা এখানে আছেন, তারা একটা সময়ে মনে করেছিলেন, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদও দিতে চাননি। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের আন্দোলন হয়েছিল। সেই সময়ে বামপন্থী বন্ধুরা বিশেষ করে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি তারা বলেছিলেন যে, এই আন্দোলনের ফলে এটা একটা বিচ্ছিন্নতাবাদী আন্দোলন। আলাদা করে উত্তরবঙ্গ রাজ্য তৈরি করার ভাবনা আসবে। একটা পর্ষদ গঠনেও ভয় পেয়েছিলেন। কিন্তু মমতা ব্যানার্জী ক্ষমতায় আসবার পরে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ তৈরি করলেন। আলাদা দপ্তর হল, মন্ত্রী হল। টাকা পয়সা বরাদ্দ হচ্ছে। তাই আমরা মনে করি এই উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ এক্ষেত্রেও এই বাজেটে দেখছি প্রথম বছরে ২০০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল। পরবর্তী ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে পেতে ৫৭৫.৬৫ কোটি টাকা এবারে ১৭-১৮ সালের বাজেটে মাননীয় অর্থমন্ত্রী বরাদ্দ করেছেন। তাই আমাদের উত্তরবঙ্গের যে সমস্যাগুলি - দীর্ঘদিনের যে সমস্যা সেগুলো সমাধানের ক্ষেত্রে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ নিশ্চই আগামী দিনে একটা দিশা দেখাবে। এবং বহু উন্নয়নমূলক কাজ ইতিমধ্যেই হয়েছে। যেমন, আমাদের আদাবাড়ী ঘাট এর ব্রীজ হয়েছে। তিস্তা নদীতে হলদী বাড়ী, মেখলিগঞ্জের - আমাদের পশ্চিমবাংলার শুধু নয়, ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বড় ব্রীজ, লম্বা ব্রীজ তৈরী হচ্ছে। বিশ্ববিদ্যালয় হয়েছে - পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়। ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে। নানান ধরনের শিক্ষার ক্ষেত্রে যেমন উন্নয়ন, পাশাপাশি রাস্তাঘাট, ব্রীজ ইত্যাদির উন্নয়নটা হচ্ছে। উত্তরবাংলার পর্যটন এবং বনাঞ্চল সেটাকে কেন্দ্র করেই যে অর্থনৈতিক ভীত সেটাও ধীরে ধীরে এগিয়ে যাচ্ছে অর্থনৈতিক ক্ষেত্রে। চা বাগানের সমস্যা আছে। নিশ্চিতভাবে উত্তরবাংলার অর্থনৈতিক ক্ষেত্রে চা বাগানের একটি বড় ভূমিকা আছে। কিন্তু চা বাগানের সমস্যা আমাদের - কংগ্রেস সরকারের সময়কার সমস্যা নয় - দীর্ঘদিনের সমস্যা। আমরা জানি, এক সময়ে সি পি এম-এর জঙ্গী আন্দোলনের ফলে বহু বাগান যেমন বন্ধ হয়েছিল, বাগান মালিকরা কোটি কোটি টাকার ঋণ নেওয়ার পরেও তারা কিন্তু আধুনিক মেশিন করেননি। যার ফলে বিদেশের বাজারে চায়ের রপ্তানী কমে গিয়েছিল। তাই চা

বাগানের সমস্যার সমাধানের জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী যে টি ডাইরেক্টটোরেট তৈরি করেছেন, নিশ্চয় আগামী দিনে সেই সমস্ত সমস্যার সমাধান হবে বলে মনে করি। তাই সার্বিকভাবে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ, নমস্কার।

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফর্মেশান আছে।

মিঃ স্পীকার : বলুন।

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, গতকাল সংবাদপত্রে বেরিয়েছিল, লালবাজারের এক পুলিশ কর্তার মেয়ে ইলিয়ট রোডে একটা বেআইনি চিটফান্ড খুলে ১০০ কোটি টাকা তুলে নিয়ে বেপাত্তা হয়ে গেছে, সংস্থা নেই। আজকে ১৫মিনিট আগে সেই পুলিশ কর্তা এস টি এফ এর অ্যাসিসটেন্ট কমিশনার পার্থ চক্রবর্তী লালবাজার থেকে ট্রান্সফার হয়েছেন। তাহলে সরকার এই গুজবটা স্বীকার করে নিল। এইটুকু আমার বক্তব্য।

মিঃ স্পীকার : এটা প্রশাসনিক ব্যাপার।

শ্রী আবদুর রেজ্জাক : মাননীয় স্পীকার স্যার, এই সদনে ১০ই ফেব্রুয়ারি, আমাদের রাজ্যের অর্থমন্ত্রী মাননীয় ডঃ অমিত মিত্র যে বাজেট বিবৃতি রেখেছেন, সেই বিষয়ে আমি তার বিরোধিতা করে এই বাজেটের এবং বিরোধী পক্ষ থেকে যে কাটমোশান দেওয়া হয়েছে তাকে সমর্থন করে আমি গুটি কয়েক কথা বলব। এই বাজেট কেন সমর্থন করতে পারছি না, সেটা হচ্ছে যে, এই বাজেট জন বিরোধী বাজেট। এটা রাজনীতির কথা মাথায় রেখেই, মানুষের কথা মাথায় না রেখে, রাজনীতির কথা, ভোটের কথা মাথায় রেখে, বাজেট তৈরি করলে যা হয়, সেটা এখানে হয়েছে। এই বাজেট বিতর্কে শাসক পক্ষের বন্ধুরা অনেক সময় এত গলার আওয়াজ করে, কিছু কথা বলতে হচ্ছে, সত্যি কথা খুব আসতে বললেও তো মানুষ লুফে নেয়, বুঝে নেয়, এত জোরে বলছেন আমরা জানি যে কার মার গলা বড়। যে কখন জোরে কথা বলতে হয়, সেটা বাংলার মানুষ জানে। আমি এই সদনে বাজেটকে নিয়ে শুধু বলতে চাই, এ দিশাহীন বাজেট, কৃষকদের হতাশ করেছে এই বাজেট। কালকেও শাসক পক্ষের কিছু বন্ধু এই বাজেট নিয়ে বিবৃতি দিতে গিয়ে বললেন, আমি জানি না কোন দৃষ্টিভঙ্গীতে - কৃষকদের কথা মাথায় রেখেই এই বাজেট তৈরি করা হয়েছে।

[4:20 – 4.30 p.m.]

এই বাজেট পেশ হওয়ার পর থেকে বাংলার কৃষকরা হতাশ হয়ে গেছে। তাদের আরো কষ্ট ও দুর্দিন নেমে আসছে সেটা তারা মনে মনে উপলব্ধি করেছে। আমরা জানি, নোটবন্দী নিয়ে এই সভায় প্রচুর আলোচনা হচ্ছে, খুব কথা হচ্ছে। এই নোটবন্দির বিরোধিতা আমরাও করি। মমতা ব্যানার্জী যদি একটু বেশি করে থাকেন, তাকেও আমি সমর্থন করি। কিন্তু পাশাপাশি আমি একটি কথা বলছি। এটাও ঠিক, লাইনে দাঁড়িয়ে একশোর ওপরে লোক মারা গেছে, এর প্রতিবাদ হওয়া উচিত। পাশাপাশি আমি এই বিধানসভায় একটা প্রশ্ন রাখতে চাই, এলাকার সব থেকে একেবারে প্রত্যন্ত গ্রামে, পাড়ায়, এলাকায় সাধারণ গরীব মানুষ, মেয়েদের একদম পকেট, আঁচল খালি করে চিট ফান্ডগুলো তাদের যে টাকাগুলো আত্মসাৎ করলো, কোন দলের লোক করেছে সেই ব্যাপারে আমি যাচ্ছি না কে করেছে সেটা আমি বলতে চাইছি না। ভারতবর্ষে এবং পশ্চিমবাংলায় একটা ডিপার্টমেন্ট আছে তাদের ধরার। যারা দুর্নীতি করে তারা কোনো দলের লোক নয়, তারা দলকে ডোবানোর জন্য করে। একটাবার আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কি বলতে পারতেন না যে এই গরীব মানুষগুলোর কথা,

তাদেরকে যে রাস্তায় বসিয়ে দিয়েছে তাদের কথা। এখনো তারা প্রতিনিয়ত কত আত্মহত্যা করছে আমার বিধানসভায় এলাকায়। গত সপ্তাহে একজন এজেন্ট, তার স্ত্রী যখন বাইরে বেরিয়ে গিয়েছে, সে বাড়িতে এসে দেখে যে তার স্বামী গলায় দড়ি দিয়ে ঝুলছে পাওনাদারদের টাকার চাপে। পশ্চিমবাংলার মানুষ তখনই বুঝেছে এই নোটবন্দীর লড়াই পশ্চিমবঙ্গে ফিকে হয়ে গিয়েছে। মানবিক মুখ মানুষ তখনই দেখত যদি গরীব মানুষের আত্মসাতের টাকার জন্য সে লড়াই করছে। আমরা বিশ্বসেরা পশ্চিম বাংলা বিশ্বসেরা - কে চাই না ? কাদের হাত দিয়ে হবে ? যে কোনো সরকারের প্রচেষ্টায় হবে। হোক। আমরা সাধুবাদ জানাব। কিন্তু যেভাবে বলা হচ্ছে, বাংলায় একটা প্রবাদ আছে, দেবতা বানাতে গিয়ে বানর বানিয়ে ফেলেছে। দেবতা বানাতে গিয়ে আবার বানর বানাবে না তো ? বিশ্বসেরা আবার বিশ্ব ছাড়া হয়ে যাবে না তো ? এটা তো পশ্চিমবাংলার মানুষের মনে প্রশ্ন আসছে। আমরা শুধু বলতে চাই, আপনারা আই সি ডি এস, এবং আশা কর্মীদের ৫০০ টাকা করে বাড়ালেন। এই বাড়ানোকে সমর্থন করি। কিন্তু পাশাপাশি এম এস কে, এস এস কে, সেখানে যে দিদিমণিরা ছিলেন, ভোকেশনালের টিচাররা আছেন, পার্শ্বশিক্ষকরা আছেন, এরা কি অপরাধ করেছে ? এদের প্রতি বৈষম্য কেন ? আপনারা তো এই বাজেট বিবৃতিতে একবারও বললেন না যে ওদের ব্যাপারে একটা ভাবনা আছে না নেই, ওদের জন্য ২০০ টাকা বাড়িয়েছি, ৫০ টাকা বাড়িয়েছি ? এখানে আশা ও অঙ্গনওয়ারি কর্মীদের নিয়ে ফলাও করে, একদম গলা ফুলিয়ে, আয়েশ করে বলা হচ্ছে যে ওদের পাশে আমরা দাঁড়িয়েছি। আসল কথা হচ্ছে, দিল্লির বাজেটকে নিয়ে যেমন সমালোচনা হচ্ছে, এখানেও মনে হয় সামনে কোনো নিবার্চনের গন্ধ আছে, তাদের রান্নাঘরে পৌঁছে যাওয়ার জন্য এই ব্যবস্থা করা হয়েছে। কিন্তু আসলে মানুষ এই বাজেটের সারমর্ম বুঝেছে। আপনারা জুতো দিয়েছেন, সাইকেল দিয়েছেন। আপনারা জানেন, সেই সময়ে বামফ্রন্ট সরকারের আমলে মাদ্রাসায়, আমার অঞ্চলের মাদ্রাসাতেও সাইকেল দেওয়া হয়েছিল। লাল সাইকেলও নয়, আপনাদের মত সবুজ সাইকেলও নয়। ফলাও করে বলা হল যে কোনো জায়গায় কালার দেখা হয়নি। লাল, সবুজ কালার দেখা হয়নি। সবাইকেই সাইকেল দেওয়া হয়েছে। আপনি কত ব্লকে, কত স্কুলে ভাঙচুর হয়েছে, থানা' পুলিশের কত গাড়ি ভাঙচুর হয়েছে খোঁজ রাখেন ? আমি শুধু এটা বলতে চাই, আমার ব্লকে ৫-৭টি স্কুলের সাইকেলের জন্য কাগজপত্র পাঠানোর পর আজ আসবে, কাল আসবে, বি ডি ও কথা দিয়েছিলেন। কিন্তু সেই সাইকেল এখনো পৌঁছায়নি। সেই সাইকেল বাড়িতে নিয়ে যাওয়ার পর ৩০০ টাকা খরচ করে সারাতে হয়। তারপরে ২-৩ মাসের মধ্যে নষ্ট হয়ে যায়। আমি ধন্যবাদ জানাব মাননীয়া মুখ্যমন্ত্রীকে যে কালকে সেই কথা স্বীকার করেছেন। আগে আপনারা বিধানসভায় স্বীকার করতেন না। মুখ্যমন্ত্রীকে চেপে ধরা হয়েছে। তিনি বলেছেন যে সাইকেল দেওয়ার ব্যাপারেও প্রতারণা করা হচ্ছে। সাইকেলে দু মাসও চাপা যায় না।

তাই তিনি বলেছেন, যে কোম্পানি তিন বছরের গ্যারান্টি দেবে তাদেরই বরাদ্দ দেওয়া হবে। আপনারা ইমাম ভাতা, মোয়াজ্জিন ভাতা দিয়েছেন। কিন্তু সব থেকে বিপদে আছেন আপনারা। বিধানসভায় আপনারা কিছু বলেন না, কিন্তু বাইরে সরকারি বন্ধুদের আলোচনায় শুনি - এই প্রাইমারি টীচারে চাকরি নিয়ে কি অবস্থা হয়েছে, কোন লবি, কত টাকা নিয়ে হল, ফেল করা ছেলের চাকরি হয়েছে এইসব কথা আপনারা বলছেন। কিন্তু এই সভাতে সেইসব কথা বললে বিপদ আছে। আপনারা এইসব কথা বলতেও পারেন, আবার কেউ বললে আপনারা সহ্যও করতে পারেন না। ..... (এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী রফিকুর রহমান : Respected Speaker Sir, on 10th February, 2017 the Hon'ble Finance Minister Dr. Amit Mitra proposed a budget for the financial year 2017-18. I support the same. As the budget is the focus of thinking of Hon'ble Mamata Banerjee, the Chief Minister of West Bengal, who is the symbol of development, who is the symbol of progress, who is the symbol of integrity, who is the symbol of secularism and honesty In the last five years, rule of Ma-Mati-Manush Government the development reached a remarkable stage through introducing some new schemes which is the brain child product of Mamata Bandyopadhyay like Kanyashree, Sabujshree, Sabujsathi, Sishusathi etc. Some have been appreciated and followed by the people and administrators of the developing world and the Central Government also. The development of our country gets a sudden break due to demonetization that has been admitted by the President of India, Hon'ble Pranab Mukherjee in his speech at Parliament which was first observed by our Hon'ble Chief Minister Mamata Banerjee. This budget gives provisions and funds for the proposal to control damage in Bengal, in agriculture and youth sector who lost their job due to demonetization. Some Opposition leaders were saying loudly that the loan limit is extended during the rule of Ma-Mati-Manush Government. On 8th February, 2017, our Hon'ble Chief Minister stated in this August House clearly that our Government repaid one lac crore of interest of loan which was drawn by the Leftist Government during the 34 years rule. In the budget I observed that another 40,000 cores loan was received by Leftist Government ten years ago that has been matured to pay this year. I want to know – what development took place in the last 34 years ruling of Left Government. I ask, 'Please say what types of development took place in the Government'. I request at the same time to the Opposition Leader, I request him to observe, to know the recent development of West Bengal under the leadership of Mamata Banerjee through introducing the Kanyashree.

[4:30 – 4.40 p.m.]

I want to know, do you never think that the girls of the Bengal may get 'Kanyasree' to promote female cultural education which was thought by Raja Ram Mohan Roy and Iswar Chandra Vidyasagar 200 years ago? After 70 years of independence Smt. Mamata Bandyopadhyay, our Hon'ble progressive Chief Minister who is implementing the thought of Iswar Chandra Vidyasagar and Raja Ram Mohan Roy. You never thought that the people of Bengal may get treatment in free of cost in the government hospital that has not been done by the leftist government during 34 years. And the people of Bengal forgot about the facility of government hospital.

At the same time this budget has proposed the following allocation for the departments which are very important to promote Bengal around - 10,000 crore for Education which is very important to develop Bengal, 2,03 crore for Agriculture, 12,800 crore for the Panchayat and Rural Development, 3,000 crore for PWD (Roads) and others, 920 crore for the Housing for shelter-less people of the state and 200 crore for the Public Development. For such unique developmental budget, there is no additional tax proposal; on the other hand the tax relaxation proposal is given at the budget. I think, after implementation of the budget, the Bengal will step ahead a few towards the 'Biswa Bangla' which is the commitment of our Hon'ble Chief Minister. Our Hon'ble Chief Minister is implementing such type of programme which the people of India will think of it. The people of India who think Mamata Banerjee is the only dynamic leader of the nation and they think Mamata Banerjee is highly required for the nation. With these words, I support the budget.

শ্রী বিশ্বজিৎ দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্রের ২০১৭-১৮ সালের ১০ই ফেব্রুয়ারি এই সদনে যে বাজেট বিবৃতি তিনি পেশ করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায়, তাকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, ২০১১ সালে মা-মাটি-মানুষের সরকার গঠন হয়েছিল। ৩৪ বছরের একটি সরকার পশ্চিমবঙ্গে ক্ষমতায় আসীন ছিল। ৩৪ বছরের এই সরকার সব দিক থেকে ভারতবর্ষের মধ্যে পিছিয়ে ছিল। কি শিক্ষা থেকে শুরু করে স্বাস্থ্য, সমস্ত দিক থেকে বাংলা পিছিয়ে ছিল। শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার দায়িত্ব ভার গ্রহণ করলেন, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা দেনার দায় মাথায় নিয়ে পথ চলা শুরু করলেন। এই বাজেটে দেখবেন ২০১১ সালে যে বাজেট পেশ করেছিলেন ডঃ অমিত মিত্র, তার থেকে প্রায় সাত গুণ বাড়িয়ে বাজেট করা হয়েছে ২০১৬-১৭-। এই বাজেট দেখে বিরোধী বন্ধুরা আজ কয়েকদিন ধরেই যে বক্তব্য পেশ করছেন, মনে হচ্ছে ৩৪ বছরে মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় রয়েছে। বামপন্থী বন্ধুরা যেদিন চলে গিয়েছিলেন এই সরকার ছেড়ে, সেদিন তারা ভেবেছিলেন যে, মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার পাঁচ বছর চালাতে পারবেন না, সরকারি কর্মচারীদের মাইনে দিতে পারবেন না, সরকার মুখ থুবড়ে পড়বেন। কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণের মধ্যে দাঁড়িয়েও মমতা বন্দ্যোপাধ্যায় এই রাজ্য থেকে রাজস্ব আদায় করে যে ভাবে একটার পর একটা উন্নয়ন পরিকল্পনার মধ্যে দিয়ে কাজ করেছেন, আজকে তাই বিরোধী বন্ধুদের গাত্রদাহ হয়েছে। আমি দেখছিলাম, শুনছিলাম এখানে বসেই, আমাদের বিরোধী দলের বন্ধুরা অনেক সময় বুক চাপড়ে বক্তব্য রাখছিলেন। আমার তখন মনে হচ্ছিল যে, বুক চাপড়ে কেন বক্তব্য রাখছেন তন্ময় বাবু। ৩৪ বছর সরকারে ক্ষমতায় ছিলেন, ক্ষমতার যে রসদ, যে বাসনা ভুলতে পারছেন না, বুকের যন্ত্রণা, তাই বুক চাপড়ে তিনি বক্তব্য রাখছিলেন। দুধ দেখা যায়, দুধের মধ্যে মাখন থাকে, এটা কিন্তু তারা বোঝার চেষ্টাও করেননি। তাই বিরোধী যারা বক্তব্য রাখছেন, আমি তাই বিশ্বকবির ভাষায় বলি, " বাসনা যখন বিপুল ধূলায় অন্ধ করিয়া অবোধে ভুলায়ে, ও পবিত্র, ও অনিন্দ্য, দ্রুত আলোকে এসো।" মমতা বন্দ্যোপাধ্যায় এই অবস্থায় দাঁড়িয়ে যে ভাবে একটার পর একটা উন্নয়ন করেছেন, আজকে ইতিহাস। ভারতবর্ষে এমন কোন রাজ্য নেই, যে মমতা বন্দ্যোপাধ্যায়ের এই পাঁচ বছর সময়কালের মধ্যে দিয়ে এই রাজ্যকে

যে ভাবে এগিয়ে নিয়েছেন এক একটা ভাগ করে, আজকে শিক্ষা থেকে স্বাস্থ্য আমরা প্রায় প্রথম স্থানের লক্ষ্যে পৌঁছে গেছি, কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণের মধ্যে দিয়েও। বি জে পি-র বন্ধু এখানে বলছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়ের সৌজন্যবোধ সম্পর্কে। তিনি তাঁর বাড়িতে আইন-শৃঙ্খলার অবনতির প্রসঙ্গ তুলেছিলেন। থাকলে ভালো হত, আমি বলি, আপনাদের মনে রাখা উচিত। কারণ আমার মনে হয় আপনারা পশ্চিমবাংলার সংস্কৃতির সাথে যুক্ত নন, হয়ত বাইরের কোন সংস্কৃতির সাথে অভ্যস্ত। তাই পশ্চিমবাংলার সংস্কৃতি সম্পর্কে এদের কোন স্বচ্ছ ধারণা নেই। তাই এরা আমাদের দেশের মনীষীদের সম্মান জানাতে পারেন না। বলছিলেন সে কথাই যে, মমতা বন্দ্যোপাধ্যায় যখন বিরোধী নেত্রী ছিলেন, ভারতবর্ষের রেলমন্ত্রী ছিলেন, একাধিকবার তাঁকে মেরে ফেলবার চক্রান্ত করা হয়েছিল, হাসপাতালে ভর্তি হয়েছেন, কোন বিরোধী দলের নেতাকে, কোন মুখ্যমন্ত্রীকে দেখিনি যে, তার খোঁজখবর নিতে হাসপাতালে যেতে। এই হাউসে যখন বিরোধী দলনেতা অসুস্থ হয়েছেন, বিধানসভা থেকে তিনি বিধায়কদের টিম পাঠিয়েছেন। আবার নিজে হাসপাতালে তাঁকে দেখতে গিয়েছেন। মমতা বন্দ্যোপাধ্যায়কে সৌজন্য দেখাতে হবে না। দেখিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। আজকে রাজ্যে আপনারা যে ভাবে শান্তিতে আছেন, বিরোধী দল করবার জন্য আমরা শান্তিতে থাকতে পারিনি। আমরা বিরোধী দল করবার অপরাধে আমাদের সহকর্মীদের খুন হতে হয়েছে, আমরা জীবন হাতে করে নিয়ে লড়াই করেছি। আপনারা আজকে অনেক শান্তিতে আছেন। আজকে তো আপনারা পশ্চিমবাংলার আইনের শাসন পেয়েছেন, নতুন নতুন থানা তৈরি হয়েছে, পুলিশকে নিরপেক্ষভাবে কাজ করবার অধিকার দিয়েছেন মা-মাটি-মানুষের সরকার, বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই জায়গায় দাঁড়িয়ে, হাউসে দাঁড়িয়ে হয়তো আপনারা বিরোধিতা করবার জন্য বিরোধিতা করছেন। আনিসুর সাহেব বলছিলেন, আনিসুর সাহেব ভুলে গেলেন, তিনি একাধিকবার মন্ত্রী ছিলেন, দীর্ঘদিন বিধানসভায় রয়েছেন। তাঁর আমলে যে ব্যাকপুলিংয়ের কথা তিনি ভুলে গেছেন, পশ্চিমবাংলার মানুষ ভোলেনি ব্যাকপুলিংয়ের কথা। তাই আজকের দিনে দাঁড়িয়ে একথা বলব, যে বাজেট মাননীয় অমিত মিত্র মহাশয় পেশ করেছেন, আগামী দিনে এই বাজেট যে বিশ্ব বাংলায় আমরা পৌঁছে যাব, সে কথা অস্বীকার করার কিছু নেই। আপনারাও সে কথা মানেন। আজকে স্বাস্থ্য ক্ষেত্রের কথা বলছিলেন। সুপার স্পেশালিটি হাসপাতাল না শপিং মল, একবার ভাবলেন না, লজ্জা করতেও ইচ্ছা করল না ?

[4:40 – 4.50 p.m.]

পশ্চিমবাংলার স্বাস্থ্যকে যে বেহাল অবস্থার মধ্য দিয়ে নিয়ে গিয়েছিলেন, সেই জায়গায় দাঁড়িয়ে আজকে ব্লক থেকে শুরু করে আমরা মহকুমা হাসপাতাল, জেলা হাসপাতাল, এইচ. ডি.ইউ. বিভাগ পেয়েছি। আজকে এস.এন.সি.ইউ. বিভাগ হয়েছে। ন্যায্য মূল্যের ওষুধের দোকান হয়েছে। যে হাসপাতালগুলিতে শয্যা সংখ্যা ছিল কম, সেখানে শয্যা সংখ্যা বেড়েছে। ডাক্তার যাতে আরও বেশি পড়াশুনা করতে পারে তার সুযোগসুবিধা করে দিয়েছে। প্রতি বছর বেশি করে ডাক্তার রিক্রুট হচ্ছে। পুরো স্বাস্থ্য কাঠামোটাকে ঢেলে সাজিয়েছেন মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়। আপনারা দেখেননি, সাধারণ মানুষের সঙ্গে কাজ করেন নি। তাই আপনারা বুঝতে পারেন না। গ্রাম-বাংলার একজন মুমূর্ষু রোগী অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। তার পরিবারের আর্থিক অসুবিধার জন্য তার সেই মুমূর্ষু রোগীর ওষুধ কিনতে কখনও কারও কাছে হাত পাততে হয়েছে, দেনা করতে হয়েছে আর আজকে সেই জায়গায় দাঁড়িয়ে মমতা বন্দ্যোপাধ্যায় তার ব্যবস্থা করে দিয়েছেন। আপনার অসুস্থ রোগীটার জন্য আপনার সরকার

আপনার পাশে রয়েছে। তার বিনা পয়সায় চিকিৎসার ব্যবস্থা হয়েছে। ক্যানসার আজকে মহামারির আকার ধারণ করছে। ক্যানসারের জন্য কেমো নিতে হয়। একটা কেমো নেওয়ার জন্য আট হাজার, দশ হাজার টাকা দিতে হ'ত। কিন্তু আজকে এই সরকারের আমলে বিনা পয়সায় কেমো পাচ্ছি। আপনারা দু'লক্ষ তিন হাজার কোটি টাকার দেনার দায় এই সরকারের মাথায় চাপিয়ে দিয়ে গিয়েছিলেন। তার মধ্যে দাঁড়িয়েও মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় উন্নয়নের কথা মাথায় রেখে বাংলার প্রতিটি মানুষের কাছে অন্ন-বস্ত্র-বাসস্থান, সুচিকিৎসা, শিক্ষা পৌঁছে দেওয়ার যে অঙ্গীকার ২০১১ সালে নিয়েছিলেন, সেই দায়বদ্ধতা মাথায় নিয়ে বাংলার মানুষের জন্য কাজ করছেন যেটা আপনারা চিন্তা করতে পারেননি চৌত্রিশ বছরে। বাংলাটাকে শশ্মান করেছেন। কখনও কেশপুর তৈরি করেছেন, নন্দীগ্রাম তৈরি করেছেন, সিঙ্গুর তৈরি করেছেন। আর মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় ২০১১ সালের পর থেকে বাংলায় আইনের শাসন দিয়েছেন। বাংলার মানুষ আজকে স্বস্তিতে রয়েছেন। তাই আপনাদের গাত্রদাহ হচ্ছে। আপনারা ক্ষমতার বাইরে থেকে আজকে তাই ভাবছেন যে, কি করে আবার ক্ষমতায় আসা যাবে। তাই যেনতেন প্রকারেণ এই রাজ্যে অশান্তির বাতাবরণ তৈরি করার চেষ্টা করছেন। মানুষ যে শান্তিতে রয়েছেন, আপনাদের পছন্দ হচ্ছে না। বলছিলেন, সবুজসাথী প্রকল্পের কথা, বলছিলেন, কন্যাশ্রী প্রকল্পের কথা, শিক্ষাশ্রী প্রকল্পের কথা, খাদ্যসাথী প্রকল্পের কথা - একটার পর একটা প্রকল্পের মধ্য দিয়ে বাংলার মুখ্যমন্ত্রী চেয়েছেন, বাংলার মানুষের অন্ন-বস্ত্র-বাসস্থান, সুচিকিৎসা, শিক্ষা সকল মানুষের কাছে পৌঁছে দেওয়ার যে দায়িত্ববোধ, প্রতিজ্ঞাবদ্ধ সেই কাজ করে চলেছেন। আমার সামনে একজন বিধায়ক বলছিলেন, বোধ হয়, রেজ্জাক সাহেব ইমামভাতার কথা বলছিলেন। তাহলে আপনাদের আমলে সংখ্যালঘু সম্প্রদায় পিছিয়ে পড়েছে। সেই সংখ্যালঘু মানুষের জন্য আজকে ইমামভাতা, মুয়াজ্জেম ভাতা মা-মাটি মানুষের সরকার দিয়েছে আর আপনারা তার বিরোধিতা করছেন। আপনারা সংখ্যালঘু মানুষের জন্য কোনও কাজ করেননি। তাই আজকে এই সদনে দাঁড়িয়ে তাদের বিরোধিতা করছেন। তাহলে বললেন না যে, আমরা শিল্পীদের শিল্পী ভাতাও দিয়েছি। কেন বললেন না? কেন সংখ্যালঘু ভাতার কথা বললেন? কেন আপনি বললেন না, শিল্পী ভাতা দিয়েছে? সমাজের শিল্প, সংস্কৃতি, কৃষ্টি, ভাষা তাকে ফিরিয়ে আনার জন্য উৎসাহ ভাতা দিয়েছেন। আজকে মেলার কথা বলছিলেন। আজকে আপনাদের গাত্রদাহ হচ্ছে, আপনাদের যন্ত্রণা হয়েছে এই মেলা, উৎসব দেখে। যে বাংলায় সংস্কৃতি বিরাজ করে, যে বাংলা রবীন্দ্রনাথের বাংলা, কাজী নজরুল ইসলামের বাংলা, স্বামী বিবেকানন্দের বাংলা সেই বাংলার সংস্কৃতিটাকে আপনারা ভুলে গিয়েছিলেন। তাই মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় সংস্কৃতিটাকে ফিরিয়ে এনেছেন। তাই এই মেলা, উৎসবগুলোতে যখন মানুষের ঢল নামছে, মানুষ যখন উপচে পড়ছে, তখন আপনাদের গাত্রদাহ হচ্ছে। আপনারা বুঝতে পারছেন যে, মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় এই বাংলাটাকে নিয়ে এগোচ্ছেন। বাংলার মানুষ এই রকম একটা বাংলা চেয়েছিলেন। স্বাধীনতার পরে যে বাংলা আপনাদের হাতে সর্বস্বান্ত হয়ে গিয়েছিল সেই শস্য, শ্যামল বাংলায় ফিরে এসছে মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের মা-মাটি-মানুষের সরকারের। নেতৃত্বে এবং আগামী দিনে যে বিশ্ববাংলার দিকে মমতা বন্দ্যোপাধ্যায় এগিয়ে চলেছেন সেই দিকে। লক্ষ্য রেখে এই বাজেটকে আমি সম্পূর্ণ রূপে সমর্থন জানিয়ে, আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রীমতী বীণা মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় ডঃ অমিত মিত্র তাঁর বাজেট বিবৃতি ২০১৭-১৮ পেশ করেছেন, তাঁকে আমি সম্পূর্ণ রূপে সমর্থন জানাই। বিগত ১৯৭৭ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত স্বভূমিতে পরাধীন ছিল বাংলা

এবং বাংলার মানুষের বাক স্বাধীনতা ছিল না। গণতান্ত্রিক দেশে বাংলার রাজনৈতিক, সংস্কৃতি ছিল অগণতান্ত্রিক। সিপিএম এবং কংগ্রেস এক রামধনু জোট স্বপ্ন দেখেছিল যে, ২০১৬ই ক্ষমতায় প্রতিষ্ঠিত হবে। তাদের সেই স্বপ্নকে চিরতরে মুছে দিয়ে নতুন সমাজ, নতুন বাংলা গড়ার উদ্দেশ্যে এগিয়ে চলেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনার বোঝা মাথায় নিয়ে তিনি পাহাড় থেকে সাগর, সাগর থেকে গ্রামের এপ্রান্ত থেকে ওপ্রান্ত পর্যন্ত উন্নয়নের ধারা বইয়ে দিচ্ছেন। আমরা ডঃ অমিত মিত্রকে একজন সুদক্ষ অর্থনীতিবিদ বলেই জানি। শত প্রতিবন্ধকতা সত্ত্বেও রাজ্যে রাজস্ব আদায়ের হার তিনি অনেক গুণ বৃদ্ধি করেছেন। ই-ট্যাকসেশন সংস্কারে তিনি এক নম্বর স্থান অর্জন করেছেন, পশ্চিমবঙ্গে। এমনকি আমাদের মাননীয় ডঃ অমিত মিত্র ভ্যাট রেজিস্ট্রেশন online-র মধ্যে দিয়ে ব্যবস্থা করেছেন এবং রেজিস্ট্রেশন ফি-তে ৯ পারসেন্ট কমিয়ে দিয়েছেন। এই জায়গায় দাঁড়িয়ে জমি-বাড়ীর ক্রেতারা কিন্তু উপকৃত হবেন। এটা আমাদের সরকারের সবচেয়ে বড় সফলতা। এমনকী পরিসংখ্যান ঘাঁটলে দেখা যায় যে ২০১৪-১৫ অর্থবর্ষে আমাদের রাজ্যে রাজস্ব আদায়ের হার ৩৯,৪১১ কোটি টাকা। পরের বছর, অর্থাৎ ২০১৫-১৬ অর্থ বর্ষে বেড়ে হয়েছে ৪২,৪৯৬ কোটি টাকা। চলতি অর্থবর্ষে, অর্থাৎ ২০১৬-১৭ সালে তা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৪৮,৯২৬ কোটি টাকা। অর্থাৎ তিনটি অর্থবর্ষ ঘাঁটলে দেখা যাচ্ছে যে, আমাদের রাজ্যের রাজস্ব আদায়ের পরিমাণ প্রায় ১০ হাজার কোটি টাকা বেড়ে গিয়েছে। এটা মাননীয় অর্থমন্ত্রীর সবচেয়ে বড় কৃতিত্ব। এটা আমাদের রাজ্যের সবচাইতে সফলতা।

আমাদের রাজ্যে ডিমানিটাইজেশনের ফলে বাংলার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। কেন্দ্রের এই হঠকারী সিদ্ধান্তের জন্য কৃষক-শ্রমিক-পেনশন গ্রাহক-চাকুরীজীবী সবাই আজকে সঙ্কটের মধ্যে পড়ে গিয়েছেন। এমনকি পাটশিল্প, চর্মশিল্প, হস্তশিল্প থেকে শুরু করে স্বনির্ভর গোষ্ঠীর মেয়েরা পর্যন্ত অথৈ জলের মধ্যে পড়ে গিয়েছেন এই ডিমানিটাইজেশনের ফলে। এমনকি আমার এলাকার অনেক মানুষ যারা বাইরের রাজ্যে কাজ করতেন তারা আজকে দেশে ফিরে এসেছেন। এই জিনিস বি.জে.পি.-রা দেখতে পাচ্ছেন না। দিলীপবাবুরা দেখতে পাচ্ছেন না। বি.জে.পি.-র মাননীয় সদস্যরা এখন এখানে উপস্থিত নেই। তাঁরা থাকলে শুনতে পেতেন তাঁরা জেগে ঘুমোলে কী করে দেখবেন। ১২০ জন নিরীহ মানুষের প্রাণ চলে গেল। এর জন্য কিন্তু বি.জে.পি সরকার দায়ী। এর জন্য মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় আন্দোলন করেছিলেন। ২০০ জন এম.পি.-কে নিয়ে তিনি পার্লামেন্টে আন্দোলন করেছিলেন। যেসব কারিগর-রা দেশে ফিরে এসেছেন তাদের জন্য ৫০ হাজার টাকা করে এককালীন সাহায্য প্রদানের প্রস্তাব রেখেছেন। এবং এই খাতে ২৫০ কোটি টাকা বরাদ্দ করেছেন। নোট বাতিলের ফলে সমবায় ব্যাঙ্কের মাধ্যমে চাষীদের দাদন দেওয়া বন্ধ হয়ে গেলে দেশে দুর্ভিক্ষ নেমে আসতে পারে তাই এদিকে লক্ষ রেখে আমাদের মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র ১০০ কোটি টাকার বিশেষ তহবিল তৈরি করেছেন। ২০১৬-১৭ অর্থবর্ষে এই নোটবাতিলের ধাক্কায় ৭.১ পারসেন্ট আমাদের বৃদ্ধির হার কমে যেতে পারে।

মানুষকে বাঁচতে গেলে যা যা দরকার মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় আজকে কিন্তু সব দিয়েছেন। অন্ন-বস্ত্র-বাসস্থান মমতা বন্দ্যোপাধ্যায় দিয়েছেন। সেই জায়গায় দাঁড়িয়ে মমতা বন্দ্যোপাধ্যায় সবুজ সাথী দিয়েছেন। শিক্ষাশ্রী দিয়েছেন। খাদ্যসাথী দিয়েছেন। স্বাস্থ্যসাথী দিয়েছেন। নিজ ভূমি, নিজ গৃহ প্রকল্পে ঘর দিয়েছেন। সংখ্যালঘু ছেলে-মেয়েদের জন্য ভাতা দিয়েছেন। কী দেননি মমতা বন্দ্যোপাধ্যায় ? রাজ্যের মানুষকে তিনি বাঁচিয়ে রেখেছেন।

৩৪ বছরের জঞ্জাল সরিয়ে দিয়েছেন। মমতা বন্দ্যোপাধ্যায় সবচেয়ে অভিনব কাজ করেছেন যেটা সেটা হচ্ছে অঙ্গনওয়াড়ি এবং আশা কর্মীদের ৫০০ টাকা করে বেতন বৃদ্ধি করেছেন। আজকে প্রতিটি অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা খুশী। মমতা বন্দ্যোপাধ্যায়ের এই কাজ দেখে প্রত্যেকেই আজকে আপ্লুত।

নির্মল বাংলা গড়ার ক্ষেত্রে আজকে পশ্চিমবাংলার জয়-জয়াকার। মিশন নির্মল বাংলা গঠনে পশ্চিমবঙ্গ বিশ্বশ্রেষ্ঠ হয়েছে, পুরস্কার পেয়েছে। নদীয়া জেলা ১০০ শতাংশ শৌচাগার নির্মাণ করতে পেরেছে। নদীয়া জেলা আজকে এক নম্বরে স্থান অধিকার করেছে পশ্চিমবঙ্গে। সেই জায়গায় দাঁড়িয়ে তারা শুধু নদীয়া জেলা নয় উত্তর ২৪ পরগনা, পূর্ব-মেদিনীপুর, হুগলি, বর্ধমান, কোচবিহার, দক্ষিণ-২৪ পরগনা এই মিশন নির্মল বাংলা গড়তে সফল হয়েছে। তাই ডঃ অমিত মিত্র যে বাজেট বিবৃতি পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4:50 – 5.00 p.m.]

শ্রীমতি জাহানারা খান : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থ দপ্তরের মন্ত্রী ডঃ অমিত মিত্রের বাজেট বিবৃতি গত ১০ ই ফেব্রুয়ারি এই সদনে পেশ করেছেন তারজন্য ওনাকে ধন্যবাদ জানাই। কিন্তু ওনার বাজেটের সঙ্গে আমি একমত হতে পারছি না। আমার কিছু কথা আছে যেটা আমি তুলে ধরতে চাই। এই ২০১১ থেকে ২০১৭ পর্যন্ত ওনাকে সাতবার বাজেট পেশ করতে দেখলাম। প্রত্যেকবার তথ্যের কারচুপি করে বেশ সুন্দরভাবে ঘাটতি শূন্য বাজেট উনি পেশ করেন। আমরা ২০১৪-১৫ সালে দেখেছিলাম উনি ঘাটতি শূন্য বাজেট পেশ করেছিলেন। পরবর্তী সময় অ্যাকচ্যুয়াল যেটা উনি দেখিয়েছেন ১৭ হাজার ১৩৭ পয়েন্ট ৪০ কোটি টাকা। ২০১৫-১৬ তেও ঘাটতি শূন্য দেখিয়েছেন। পরে দেখিয়েছেন ৯ হাজার ৯৫ দশমিক শূন্য ছয় কোটি টাকা। ২০১৬-১৭ তেও উনি ঘাটতি শুন্য দেখিয়েছেন। ২০১৬-১৭ নয় হাজার ৪৬৯ দশমিক ২৭ কোটি টাকা। ২০১৭-১৮ তেও ঘাটতি শূন্য উনি দেখিয়েছেন। আশা রাখি এর পরবর্তী সময়েও হয়তো এটা করতে পারবেন। বামফ্রন্ট সরকার যখন যায় দু হাজার দশ – এগারো সালে তখন ধার শোধ করতে গিয়েছিল এক লক্ষ সাতাশি হাজার তিনশো সাতাশ দশমিক চার শূন্য কোটি টাকা। ২০১৪-১৫ সালে সরকার দিয়েছে দুই লক্ষ সাতাত্তর হাজার পাঁচশো উনআশি পয়েন্ট ওয়ান ফাইভ কোটি টাকা। ২০১৬-১৭ তে দিয়েছেন তিন লক্ষ তেত্রিশ হাজার ছয়শো সাতাত্তর দশমিক এক আট কোটি টাকা। ২০১৭-১৮ তে দিয়েছেন তিন লক্ষ ছেষট্টি হাজার ৮৫.২৪ কোটি টাকা। এর মধ্যে বাজার থেকে যে ধার নিয়েছেন - ২০১৪-১৫ তে নিয়েছেন ২১ হাজার ৯০০ কোটি টাকা। ২০১৫-১৬ তে নিয়েছেন ২৪ হাজার কোটি টাকা। ২০১৬-১৭ তে বাজেটে ধরেছিলেন ২৬ হাজার কোটি টাকা, নিয়েছেন ৩২ হাজার কোটি টাকা। ২০১৭-১৮ তে নিয়েছেন চুয়াল্লিশ হাজার ৪৮৪ কোটি টাকা। ধার নিয়েছেন ঠিক কথা, ধার নিয়ে তো মানুষ সংসার থাকে, ধার শোধ করে। কিন্তু আমরা দেখছি রাজ্য সরকার কোন অ্যাসেট তৈরি করতে পারছেন না। যার ফলে যে টাকা ধার নিচ্ছেন শোধ করছেন না, বাকি টাকা মেলায়, খেলায়, উৎসবে দান খয়রাতিতে দেওয়া হচ্ছে। এই দশ তারিখে রাজ্যের সমস্ত মানুষ হাঁ করে ছিল এই মানবীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় থেকে মানবীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রর দিকে। কিন্তু রাজ্য সরকারের সমস্ত কর্মচারীরা হতাশ হয়ে গেলেন। উনি বাজেটটা কিছুটা পড়ে পরবর্তী সময়ে যখন ফিনিশিং করলেন, দেখা গেল রাজ্য সরকারের কর্মচারীদের ডি.এ. সম্বন্ধে একটি কথাও লেখা নেই। তাদের ৫০ পারসেন্ট ডি.এ. বাকি। দুহাজার এগারো পর

থেকে এই ছ বছর তারা হাঁ করে ছিল হয়তো বা কিছুটা ডিত্র -র ঘোষণা করবেন। সে ঘোষণা উনি করলেন না। মাননীয় অর্থমন্ত্রীর যে সাতটা বাজেট দেখলাম প্রত্যেকবারে আমরা দেখছি উনি কর্মসংস্থানের কথা বলেছেন। ফিফথ বাজেট পর্যন্ত উনি যেসমস্ত কর্মসংস্থানের কথা বলেছেন সেটা আমি টোটাল করে দেখলাম ৬৪ লক্ষ ৮৮ হাজার ৪২১ জন। সিক্সথ বাজেট যখন পেশ করলেন গতবারে তিনি বললেন ২০ হাজার লোকের কর্মসংস্থান হয়ে গেছে। এবারে যখন বাজেট পেশ করলেন, উনি লিখেছেন ১৩ লক্ষ ২৭ হাজার মানুষের কর্মসংস্থান হয়েছে। তার মানে এই মোট সাতটি বাজেটে আমি টোটাল করে দেখলাম, অর্থমন্ত্রীও হয়তো দেখতে পারেন ৯৮ লক্ষ ১৫ হাজার ৪২১ জনের কর্মসংস্থান হয়েছে। আমি বলতে চাই এই কর্মসংস্থানটা কোথায় হল? আমি মনে করছি একশো দিনের কাজ যারা করছেন তারা? মিড-ডে-মিলে যারা কাজ করেছেন তারা? না সিভিক ভলানটিয়ার যারা আছে তারা? কর্মসংস্থান তো কোন জায়গায়, কোন স্কুল-কলেজ, কোথাও আমরা দেখছি না। সমস্ত জায়গা কর্মশূন্য হয়ে আছে। তাহলে এই তথ্যটা উনি যেটা পেশ করেছেন সেটা আমার মনে হয় হার মানাবে অর্থনীতিবিদ থমাস বরার্ট ম্যানথাসের যে থিয়োরি, ওনাকে হার মানাবে কারণ থমাস বরার্ট ম্যানথাসের যে থিয়োরি - উনি বলেছিলেন জনসংখ্যা জ্যামিতিক হারে বাড়ে। অর্থাৎ এক, দুই, চার, আট, ষোলো, বত্রিশ হারে এবং খাদ্য উৎপাদন বাড়ে গুণিতক হারে এক, দুই, তিন, চার।

অথচ আমাদের অর্থমন্ত্রী ৭ বছরে এত কর্মসংস্থান করে ফেললেন সেটা কিন্তু আমরা বুঝতে পারলাম না। আর একটা কথা বলতে চাই, উনি বাজেটে মুসলিম সংখ্যালঘু মানুষদের সম্বন্ধে অনেক কথা বলেন এবং আমাদের মানবীয় মুখ্যমন্ত্রী মুসলিমদের অনেক ভালবাসেন। বাজেটে টাকা বিগত সরকারের চেয়ে বেশিও ধরেছেন, ধন্যবাদ। কিন্তু আমরা দেখছি। ২০১৬-১৭ বাজেটে যেখানে ২ হাজার ৫০০ কোটি টাকা ধরা হয়েছিল সেখানে খরচ করতে পেরেছেন মাত্র ১৬১৪.৮০ কোটি টাকা। কি ব্যাপার ? উন্নয়নের জোয়ার আসছে, পাহাড় হাসছে, সবাই হাসছে। তাহলে আপনারা টাকা পেয়েও টাকাটা খরচ করতে পারলেন না। ২১১ হয়েও ভেড়া, ছাগলের মতো মানুষ কিনছেন অথচ উন্নয়ন করতে পারছেন না, সংখ্যালঘু মানুষদের জন্য এত কথা বলছেন। এবারে দেখছি ২৮১৫.৬৫ কোটি টাকা ধরেছেন। ধরেছেন, ভাল কথা এই টাকাটা খরচ করতে পারবেন তো? যদি খরচ করতে পারেন তাহলে খুব ভাল। আমাদের চেয়ে আর বেশি কেউ খুশি হবে না। মুসলিম সংখ্যালঘুদের কথা বলছেন। প্রতিদিন ১০ দিনে একজন করে সংখ্যালঘু মুসলিম কর্মচারী তারা কর্মসংস্থান থেকে কর্মচ্যুত হচ্ছে। এই বছরে রাজ্য সরকারে মুসলিম কর্মচারীর সংখ্যা ছিল ১৯৩৪২ তার থেকে নেমে হয়েছে ১৮৯৯১। খ্রিস্টান ধর্মাবলম্বীর সংখ্যা ছিল ১৬৪২ তার থেকে কমে হয়েছে ১৫৩৮ জন। বৌদ্ধ সম্প্রদায়ের লোক ছিল ৩৪৭৯ তার থেকে কমে হয়েছে ২৭৪৯ জন। সংখ্যালঘুর সম্বন্ধে অনেক কথাই বলছেন অথচ তাদের সমস্ত কর্মসংস্থানের সংখ্যা দিনের পর দিন কমে যাচ্ছে। আমাদের খুব মনে আছে আলিয়া বিশ্ববিদ্যালয়ের কথা, বামফ্রন্ট সরকারের আমলে হয়েছিল। অথচ আপনাদের কথা মনে আছে এই আলিয়া বিশ্ববিদ্যালয়ের নাম আপনারা বলেছিলেন মাদ্রাসা নামটা যুক্ত করতে হবে। তখন বেশ কিছু মৌলানা এবং ছাত্রদেরকে নিয়ে বামফ্রন্ট সরকারের সময় অনশন করেছিলেন। মনে আছে, ইতিহাসকে ঘেঁটে দেখবেন। ২০১১ -তে যখন আপনারা এলেন তখন বলেছিলেন, হ্যাঁ, আলিয়া বিশ্ববিদ্যালয়ের সাথে মাদ্রাসা নামটা যুক্ত করা হবে। আমি আপনাদের কাছে জিজ্ঞাসা করতে চাই, আজও পর্যন্ত কি মাদ্রাসা নামটা যুক্ত হয়েছে না মুসলিম সম্প্রদায়ের মানুষদের ভোট নেওয়ার জন্য খালি প্রতিজ্ঞা করে গেছেন, আপনারা জবাব দেবেন।

আর একটা কথা বলতে চাই, গত বছর বাজেটে আমরা দেখেছি ১০০ কোটি টাকা ধরা হয়েছে ভার্চুয়াল ক্লাস রুমের জন্য কিন্তু আমরা দেখতে পাচ্ছি, তার একটাও কিন্তু কোন জায়গায় ভার্চুয়াল ক্লাস রুম হয়নি। আপনারা টাকা ধরলেন, টাকা পেলেন অথচ খরচ করতে পারলেন না। ২১১ প্লাস দিনের পর দিন বেড়ে যাচ্ছে, কি অসুবিধা? বাঁধা কোথায়, করলেন না কেন ? সব সময় কেন্দ্রীয় বঞ্চনার কথা বলেন। অথচ কেন্দ্রীয় বঞ্চনার কথা একই ডায়লগ বলে যাচ্ছেন। কেন্দ্রীয় সরকার থেকে পাওয়ার কথা ছিল ৪২ হাজার কোটি টাকা, কিন্তু রাজ্য সরকার পেয়েছে ৪৫ হাজার কোটি টাকা। এর সঙ্গে অনুদান হিসাবে পেয়েছে ৩৪ হাজার কোটি টাকা। এরপরও কি আপনারা কেন্দ্রীয় অনুদানের কথা বলবেন ? আমার জিজ্ঞাস্য, আপনারা আই. সি .ডি.এস. বাড়িয়েছেন কিন্তু কত বাড়িয়েছেন ? বামফ্রন্ট থাকাকালীন তিন বছর পর পর ৫% করে বাড়িয়েছে। এই বছর আপনারা ৫০০ টাকা বাড়ালেন ৬ বছর পর কিন্তু সেটা কতটা ? আমি বলছি, কেরলে ICDS দের ১০ হাজার টাকা এবং হেল্পাররা পাচ্ছে ৭ হাজার টাকা। ত্রিপুরা পাচ্ছে সাড়ে ৬ হাজার টাকা, হেল্পাররা পাচ্ছে ৪২০০ টাকা। রাজস্থান পাচ্ছে ৫২০০ টাকা আর হেল্পার পাচ্ছে ২৬০০ টাকা, মধ্যপ্রদেশ পাচ্ছে ৫০০০ টাকা, হেল্পার পাচ্ছে ২৫০০ টাকা। আমাদের থেকে পেছনে থাকা বিহার তারা পাচ্ছে ৫০০০ হাজার টাকা ওয়ার্কার, আর হেল্পার পাচ্ছে ১৫০০ টাকা। ত্রিপুরায় যেখানে ICDS মেয়েদের যারা সারাটা জীবন কাজ করছেন, অবসরকালীন তারা একটা ভাতা দেন, ৫০ হাজার টাকা অবসরকালীন ভাতা এবং পেনশন ব্যবস্থা করা আছে ৭৫০ টাকা আর ৩০০ টাকা। আমি মানবীয় মুখ্যমন্ত্রীকে বলবো, আপনি ভাতা বাড়িয়েছেন ধন্যবাদ এর সঙ্গে যারা অবসর নিচ্ছেন তাদের জন্য তো কিছু বাড়াবেন। তার সঙ্গে পার্শ্বশিক্ষক আছেন, প্যারাটিচার আছেন, এস.এস.কে. আছে, এম.এস.কে. আছে এবং সবথেকে দুঃখের বিষয় নোটবন্দী আন্দোলন করতে গিয়ে সে সমস্ত মানুষ মারা গেল তাদের জন্য তো একটা টাকা ধরলেন না। তাই আমি মনে করি, এই যে বাজেট সেই বাজেটকে কোন মতে সমর্থন করতে পারছি না। এর বিরোধিতা করে আমার কথা শেষ করছি, নমস্কার।

[5:00 – 5.10 p.m.]

শ্রী সুকুমার দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বাংলার মা-মাটি-মানুষের মানবিক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৭-১৮ অর্থবর্ষে ১০ই ফেব্রুয়ারি এই মহতি সদনে যে বাজেট পেশ করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু-চারটি কথা আপনার সামনে নিবেদন করছি। পাহাড় প্রমাণ দেনা বামফ্রন্টের, নোটবন্দির প্রবল ধাক্কা, কেন্দ্রের লাগাতার অর্থনৈতিক বৈষম্য থাকা সত্ত্বেও কঠোর আর্থিক সংস্কারের মধ্য দিয়ে মাননীয় অর্থমন্ত্রী বাংলার অগ্রগতির লক্ষ্যে যে বাজেট পেশ করেছেন, তাকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। একদিকে কেন্দ্রীয় সরকারের হিটলারী সিদ্ধান্তের ফলে নোট বাতিলের ধাক্কা, অন্যদিকে ৩৪ বছরের মার্কসবাদী কমিউনিস্ট পার্টি পরিচালিত বামফ্রন্ট সরকারের বিপুল ঋণের বোঝা- এই দুই মিলে সারা বাংলার মানুষের জীবনযাত্রার মানকে এবং সরকারকে কঠিন সমস্যার মুখে ফেলে দিয়েছে। ২০০৬-০৭ সালে বামফ্রন্ট সরকার যে ঋণ নিয়েছিল ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা, ২০১৭-১৮সালে এই সরকারকে সুদে-আসলে সর্বমোট মা-মাটি-মানুষের সরকারকে ৪৭ হাজার কোটি টাকার বেশি ঋণ পরিশোধ করতে হবে। বিগত সরকার এই সরকারকে সমস্যায় ফেলে দিয়ে ছেড়েছুড়ে চলে গিয়েছেন বাংলার মানুষের রায়ের মধ্য দিয়ে। তাই আজকে এই নোটবন্দির হঠকারী সিদ্ধান্তের ফলে লক্ষ লক্ষ অসংগঠিত শ্রমিক, কৃষিজীবী মানুষ, যারা কর্মহীন হয়ে পড়ল, কৃষকরা ক্ষতিগ্রস্ত হল,

ভেঙে পড়ল অর্থনৈতিক সমাজ ব্যবস্থা।সারা ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে হাজার হাজার দক্ষ কারিগর, যারা কর্মহীন অবস্থায় রাজ্যে আস্তে আস্তে করে ফিরতে শুরু করল মমতা বন্দ্যোপাধ্যায়ের আশার উপর নির্ভর করে, ভরসার উপর নির্ভর করে। তারা অসহায় অবস্থায় দিন যাপন করছে। তাই ক্ষুদ্র ব্যাবসার মধ্য দিয়ে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে বর্তমান এই সরকার, মানবিক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ৫০ হাজার কর্মহীন দক্ষ কারিগরকে ৫০ হাজার টাকা করে এককালীন দেওয়ার কর্মপরিকল্পনা গ্রহণ করলেন। তাই আমি আমাদের প্রিয় নেত্রী, বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানাই, অভিনন্দন জানাই তাঁর এই সিদ্ধান্ত গ্রহণের জন্য। কৃষকরা সমবায় ঋণের উপর নির্ভরশীল। নোটবন্দির ফলে কৃষকরা নির্যাতিত, নিপীড়িত, শোষিত, বঞ্চিত নিজেদের টাকা সমবায় ব্যাংকে রেখেও যখন মেয়ের বিবাহের সময়, তার যদি কোন আত্মীয় পরিজন মারা যায়, বাবা মা মারা যায়, তার টাকা তোলার ক্ষমতা থাকল না। এই অবস্থায় আজকে দুয়ারে দুয়ারে ভিক্ষা চাইছে আজকে তার নিজের টাকা রেখেও চোর অপবাদ শুনতে হল এই নোটবন্দির ফলে। কৃষকরা সমবায় ব্যাংকের কাছ থেকে সাহায্য পেল না, বঞ্চিত হলেন। নোটবন্দির ফলে কৃষকরা ক্ষতিগ্রস্ত হলেন। এই সরকার কৃষকের স্বার্থে, আমাদের মানবিক মুখ্যমন্ত্রী 'সয়েল হেল্থ কার্ড', কিষাণ ক্রেডিট কার্ড, খরিফ মরসুমে বাংলা ফসলবীমা যোজনা, কৃষক বাজার তৈরি করা সহ নানা প্রকল্পের মাধ্যমে কৃষিকার্যে উন্নয়ন এবং ক্ষতিগ্রস্ত কৃষকদের স্বার্থে একশো কোটি টাকার একটি তহবিল গঠন করে কৃষিতে সবুজ বিপ্লব ঘটালেন। এটি অত্যন্ত প্রশংসনীয়। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্নের নানান প্রকল্পগুলির মধ্যে অন্যতম প্রকল্প 'সবুজশ্রী' প্রকল্প, একটি জন্ম, একটি গাছ। জন্মানো প্রতিটি শিশুকে একটি মূল্যবান গাছ দিয়ে, গাছটি বৃক্ষে পরিণত হওয়ার পর তার অর্থমূল্য দেওয়ার সিদ্ধান্ত গ্রহণের মধ্য দিয়ে আগামী প্রজন্মকে প্রতিষ্ঠিত করার লক্ষ্য নিয়েছে এই সরকার। আমি তাদের সাধুবাদ জানাই। ক্ষুদ্র সেচের ক্ষেত্রে 'জল ধরো জল ভরো' প্রকল্প, যে প্রকল্পে কৃষি জমিগুলোকে খননের মধ্য দিয়ে সেচ ব্যবস্থার আমূল পরিবর্তন করা হয়েছে। কৃষক কাঁদছে, কৃষকদের সাহায্য করা, জলাধার তৈরি করা এবং সংস্কার করার সিদ্ধান্ত এই বাজেটে নেওয়া হয়েছে। পরিবহণের ক্ষেত্রে যানবাহনের ই রেজিস্ট্রেশান অনলাইনের মাধ্যমে কর দেওয়া, অন্যান্য সার্ভিসেস এবং যার মধ্য দিয়ে সরকার 'ই-বাহন' প্রকল্প গ্রহণ করেছেন, যা শ্রমিক ব্যবসায়ী, ক্ষুদ্র শিল্পের ভিত্তিকে আগামী দিনে মজবুত করবে।

মানুষের পথ নিরাপত্তার স্বার্থে সেফ ড্রাইভ অ্যান্ড সেভ লাইভ প্রকল্প মানুষের জীবনকে বাঁচানোর লক্ষ্যে এবং যানজট, ট্রাফিক নিয়ন্ত্রণ, অসামাজিক কার্যকলাপ বন্ধ করার জন্য সরকার সি.সি.টি.ভি. এবং ট্রাফিক যন্ত্রপাতি, পথবাতি প্রতিস্থাপনে সরকার জনমুখী সিদ্ধান্ত গ্রহণ করেছেন। শুধু তাই নয় গ্রামে গ্রামে স্বাস্থ্য পরিষেবার লক্ষ্যে প্রসূতি মায়েদের নিশ্চয়তা দানের মধ্যে স্বাস্থ্যকেন্দ্রে বা হাসপাতালে পৌঁছে দেওয়া, বাড়ি বাড়ি স্বাস্থ্য পরিষেবার প্রচার অভিযান, আশা কর্মীরা করে চলেছেন। তাই তাদের মাসিক ৫০০ টাকা সাম্মানিক ভাতা দেওয়ার প্রস্তাব ঘোষণা করা হয়েছে। এছাড়া অঙ্গনওয়াড়ী কর্মী সহায়িকাদের মাসিক সবাইকে স্বাস্থ্যসাথী প্রকল্পে তাদের নিয়োজিত করা হয়েছে। তাদের ৫০০ টাকা সাম্মানিক ভাতা বৃদ্ধি করা হয়েছে। সরকারের লক্ষ্য, উদ্দেশ্য কি - এর ফলে প্রসূতি মা, সদ্য জননীর শিশুরা বিভিন্ন ক্ষেত্রে যাতে আরো যত্ন, পরিচর্যা পায় আরো যত্নবান হন অঙ্গনওয়াড়ী কর্মী, সহায়িকা সেটাই সরকারের লক্ষ্য, উদ্দেশ্য। সবার ঘরে আলো এই প্রকল্পে কাজ দ্রুত গতিতে বিদ্যুৎ সংযোজনের কাজ চলছে। এ.পি.এল, বি.পি.এল ভুক্ত ঘরে বিদ্যুৎ সংযোগের কাজ প্রায় সম্পূর্ণের পথে। বিদ্যালয়ে, বিদ্যালয়ে সোলার লাইট ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। শুধু তাই নয় সেচবন্ধু প্রকল্পের মাধ্যমে সারা রাজ্যে সমস্ত গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।

২০ থেকে ৩৩টি ইলেভেন কেভি সাবস্টেশান ইতিমধ্যে সম্পূর্ণ করতে পেরেছেন আমাদের বিদ্যুৎ প্রকল্পে। শুধু তাই নয় এরমধ্যে গীতাঞ্জলি প্রকল্পে যারা আশ্রয়হীন নিজ ভূমি নিজ গৃহ প্রকল্পে যারা আশ্রয়হীন তাদের গৃহ সহায়তা প্রকল্প দেওয়া হয়েছে। যাত্রী সাধারণের স্বার্থে পথের ধারে পথসাথী প্রকল্প নির্মিত হয়েছে। সরকারের লক্ষ্য, উদ্দেশ্য কি - মহিলা যাত্রী যারা সেখানে বিশ্রাম নিতে পারেন তাদের সুবিধার্থে এই প্রকল্পটি নির্মিত করা হয়েছে সারা বাংলার প্রত্যেকটি জায়গাতে। শুধু তাই নয় এরমধ্য দিয়ে সরকার সবার জন্য বিনামূল্যে চিকিৎসা প্রকল্প রাজ্যের সকল হাসপাতালগুলিতে সমস্ত রকম চিকিৎসা সংক্রান্ত পরীক্ষা, ঔষধ ও শয্যাভাড়া নানান পরিষেবা বিনামূল্যে দেওয়া হচ্ছে। নবজাতকদের ক্ষেত্রে (SNSU) চালু রয়েছে। মেডিক্যাল কলেজগুলিতে পড়াশুনার জন্য, আসনসংখ্যা ১০০ থেকে বাড়িয়ে ১৫০ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। PPP মডেলে রাজ্য জুড়ে চিকিৎসা ক্ষেত্রে আমূল পরিবর্তন আনা হয়েছে। ICDS, ASHA, সিভিক ভলেন্টিয়ারস, চুক্তি ভিত্তিক কর্মচারীদের স্বাস্থ্য বীমার আওতার মধ্যে আনা হয়েছে। ১১২টি ন্যায্যমূল্যের ঔষধ দোকান চালু আছে। বর্তমান অর্থবর্ষে আরো ৭টি এই ন্যায্যমূল্যের ঔষধ দোকান চালু করা হবে বলে সরকারের কর্ম পরিকল্পনার মধ্যে রয়েছে। বর্তমানে স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে রোগীরা উপকৃত হচ্ছেন। বর্তমান সরকার সারা বছরে ৭৭টি নলবাহিত জল প্রকল্প সম্পূর্ণ করেছে। এরফলে ৭.৫ লক্ষের বেশি মানুষ উপকৃত হবেন। বর্তমান বর্ষে উত্তর ২৪ পরগনার হাবড়া গাইঘাটা, বাকুঁড়া জেলার ফেজ-২, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনার হাড়োয়া, রাজারহাট, ভাঙড় -২ ব্লক এবং পূর্ব মেদিনীপুর জেলায় নন্দকুমার, চণ্ডিপুর, নন্দীগ্রাম এক ও দুই নম্বর ব্লকে জল সরবরাহের অনুমোদন লাভ করেছে। যা অস্তিত্বর কাজ শুরু হবে। লোকপ্রসার প্রকল্পে এই সরকার প্রায় ৮০ হাজার লোক শিল্পীর নাম নথিভুক্ত করেছেন তাদের ভাতা দেওয়া হচ্ছে। গ্রামীণ হস্তশিল্পগুলির ক্ষেত্রে ব্যাপক উন্নয়ন ঘটানো হয়েছে। শুধু তাই নয়, ১৩৫টি বিদ্যালয়কে উচ্চ প্রাথমিক থেকে মাধ্যমিক স্তরে ও মাধ্যমিক স্তর থেকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে। ১৪টি নতুন প্রাথমিক ও ২১টি উচ্চ প্রাথমিক বিদ্যালয় গঠনে অনুমোদন দেওয়া হয়েছে। বিদ্যালয়গুলির পরিকাঠামোর ক্ষেত্রে অতিরিক্ত শ্রেণীকক্ষ, ডাইনিং হল, বই, প্রাথমিক বিদ্যালয়ে দেওয়া হয়েছে। ২৮টি মডেল স্কুল নির্মাণ করা হয়েছে। ধান সংগ্রহের ক্ষেত্রে সমবায় থেকে ধান মজুত করা হচ্ছে। আমি বক্তব্য শেষ করার আগে এইটুকু বলতে চাই এই বাজেটে মানুষের উপর কোন বোঝা নেই। কর কাঠামোর সরলীকরণ, ভ্যাটে ক্ষুদ্র ব্যবসায়ীদের ছাড়। সবুজসাথী, কন্যাশ্রী, সবুজশ্রী, খাদ্যসাথী, গীতাঞ্জলির মতো নানান সামাজিক প্রকল্পে উদ্ভাবনী শক্তিতে গড়ে বাম আমলে দেনা ঘাড়ে নিয়ে ভাঁড়ের মা ভবানী অবস্থার মধ্যে দিয়ে সুদৃঢ়ভাবে এই বাজেট পেশ করেছেন। এই বাজেট জনগণের বাজেট, এই বাজেট মানবিক বাজেট।

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বলিষ্ঠ নেতৃত্বে ২০১৭-১৮ অর্থবর্ষে যে ৬৪ লক্ষ ৭৩৩ কোটি টাকা ব্যয়বরাদ্দের জন্য মাননীয় অর্থ মন্ত্রী ডঃ অমিত মিত্র প্রস্তাব পেশ করেছেন, তাঁকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ADJOURNMENT

The House was then adjourned at 5.10 p.m. till 11.00 a.m. on Thursday, the 16th February, 2017, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 16th February, 2017 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 24 Ministers-in-Charge, 12 Ministers of State and 201 Members.

[11:00 – 11.10 a.m.]

Held over Starred Questions

(to which oral answers were given)

হেনরি আইল্যান্ডে বিকল্প মৎস্য চাষের পরিকল্পনা

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২১) **শ্রী সমীর কুমার জানা** ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে হেনরি আইল্যান্ডে বিকল্প মৎস্য চাষের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, ঐ প্রকল্প থেকে কবে নাগাদ মৎস্য উৎপাদন শুরু হবে বলে আশা করা যায় ?

(নয়েজ - এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের এবং বামফ্রন্টের বিধায়কগণ মাননীয় স্পীকারের উদ্দেশ্যে কিছু বলতে থাকেন)

শ্রী চন্দ্রনাথ সিনহা : ক) হ্যাঁ, এটা সত্যি যে রাজ্যে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে হেনরি আইল্যান্ডে বিকল্প মৎস্য চাষের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

খ) হেনরি আইল্যান্ডে মৎস্য প্রকল্পে বিকল্প মৎস্য চাষ ২০১৫-২০১৬ সালের মার্চ মাস থেকে শুরু হয়েছে। এই প্রকল্পে ২০১৫-২০১৬ সালে মোট মৎস্য উৎপাদন হয়েছিল ১৪৮.০৫ মেট্রিক টন। ২০১৬-১৭ সালে বিকল্প উচ্চ ফলনশীল মৎস্য (পাঙ্গাসিয়া সূচী, একলিঙ্গ তিলাপিয়া, ভিয়েতনাম কই, চ্যানোস চ্যানোস এবং ভেনামী চিংড়ি) চাষের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২৮০.০০ মেট্রিক টন, যা গত বছরের তুলনায় ৮৯% বেশি। ২০১৬-১৭ সালে প্রাপ্ত হিসাব অনুসারে ডিসেম্বর মাস পর্যন্ত ২৪০.০০ মেট্রিক টন মৎস্য উৎপাদন হয়েছে। প্রতি বছরেই উৎপাদন লক্ষ্যনীয় ভাবে বৃদ্ধির লক্ষ্যে রাজ্য মৎস্য উন্নয়ন নিগম সচেষ্ট আছে।

এছাড়াও হেনরি আইল্যান্ডে একটি পুরানো অব্যবহৃত হ্যাচারিকে কেন্দ্রীয় সরকারের সহায়তায় নোনা এবং সামুদ্রিক জলের উচ্চ ফলনশীল সিলভার পমপ্যানো ও কোবিয়া মাছের প্রজনন ও চারা উৎপাদন কেন্দ্র হিসাবে তৈরির প্রস্তুতি চলছে। এবিষয়ে ভারত সরকারের কাছে ইতিমধ্যে ২.৬৪ কোটি টাকার প্রস্তাব পাঠানো হয়েছে।

(নয়েজ)

শ্রী সমীর কুমার জানা : মাননীয় মন্ত্রী হেনরি আইল্যান্ডে উদ্যোগ গ্রহণ করেছেন যাতে বাইরের রাজ্য থেকে মাছ আমদানি না করতে হয়। এই উদ্যোগ আরও বেশি কার্যকর যদি করা যায় তাহলে ঘাটতি পূরণের ক্ষেত্রে আরও সাফল্য পাওয়া যেতে পারে বলে আশা করা যায়।

(নয়েজ)

শ্রী চন্দ্রনাথ সিনহা : আমরা হেনরি আইল্যান্ডে আরও উদ্যোগ গ্রহণ করছি। তার সঙ্গে সঙ্গে রাজারহাটে ৩ টি পুকুর পেয়েছি হিডকোর কাছ থেকে, সেখানে নতুন করে হ্যাচারি তৈরি করছি। ভবিষ্যতে প্রস্তাব আছে জামালপুরে এবং বীরভূমে আরও হ্যাচারি তৈরি করে মাছ চাষ বৃদ্ধি করার, সেই চেষ্টা আমরা করছি। প্রতি জেলায় আমরা একটা করে হ্যাচারি তৈরি করার চেষ্টা করছি যাতে সাধারণ মানুষকেও এই হ্যাচারি থেকে মাছের চারা দিতে পারি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার লাস্ট সাপ্লিমেন্টারী, যে মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী 'জল ধরো, জল ভরো' প্রকল্পের মধ্য দিয়ে একটি বিশেষ গুরুত্বপূর্ণ জায়গায় জলাশয়গুলিকে নিয়ে যাওয়ার চেষ্টা করেছেন। এই যে অধিক পরিমাণে আমরা যে 'জল ধরো, জল ভরো' প্রকল্পের মধ্য দিয়ে পুকুর আমরা খনন করতে পেরেছি, এই জায়গায় যে সমস্ত বেনিফিশিয়ারী রয়েছে, অর্থাৎ যারা এই পুকুরের মালিক, তাদেরকে কি মাছের বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করেছেন বা আমাদের এখানে মাছের যে ঘাটতি আছে, গ্রামবাংলায় মাছের ঘাটতি পূরণের জন্য কি বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে? এই বিষয়ে কি তাদের প্রশিক্ষণের কোন উদ্যোগ মাননীয় মন্ত্রী নিচ্ছেন?

..(গোলমাল)..

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, আমরা উদ্যোগ গ্রহণ করছি. ব্লক থেকে জেলা, জেলা থেকে রাজ্যে আমরা ট্রেনিং দিচ্ছি মৎস্য চাষিদের। আমরা 'জল ধরো, জল ভরো' এই প্রকল্পে যে পুকুরগুলি কাটা হয়েছে তাদের মালিকদেরও ট্রেনিং এর ব্যবস্থা করছি। সেই সঙ্গে সঙ্গে জেলা পরিষদের মাধ্যমে আমরা মাছের চারা, মাছের খাবার চুন, খোল ইত্যাদি জিনিস বিলি করছি। জাল, হাঁড়ি বিলি করছি একটা উদ্দেশ্যে যাতে মৎস্য চাষের পরিমাণ বাড়ে।

(এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দল এবং বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের মাননীয় সদস্য ও সদস্যাগণ স্লোগান দিতে দিতে ওয়েলে নেমে আসেন।)

..(গোলমাল)..

শ্রী অসিত মজুমদার : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা সাপ্লিমেন্টারী রাখছি- যে ছোট মাছ মৌরলা, পুঁটি, ছোট ট্যাংরা এই সমস্ত মাছের বৃদ্ধির জন্য আমাদের মা-মাটি-মানুষের সরকারের মৎস্য দপ্তর কি ব্যবস্থা গ্রহণ করছেন, যাতে ছোট মাছ পর্যাপ্ত পরিমাণে বাজারে আসতে পারে।

..(গোলমাল)..

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় বিধায়ককে জানাই চুনো মাছ বা ছোট মাছের বৃদ্ধিতে সরকার বিভিন্ন জেলায় সমবায় সমিতির দ্বারা পরিচালিত বিল বা

পুকুরগুলিতে স্থানীয়ভাবে পাওয়া যায় এবং পাঁচ প্রকারের চুনো মাছ প্রতিটি দুশো করে মোট হাজারটি মাছকে এক ইউনিট হিসাবে মৎস্য দপ্তর থেকে বিনামূল্যে ছাড়া হয়েছে। এই প্রকল্পটি ২০১২-১৩ থেকে শুরু করে, ১৩-১৪, ১৪-১৫ প্রতি বছরেই আমরা এইভাবে এই ইউনিটগুলি, প্রতি ইউনিট আমরা বিলি করি। এবং রাজ্যের বিভিন্ন ব্লক এবং জেলায় বিভিন্ন সচেতনতা শিবিরে মৎস্য চাষি দিবস, জলাভূমি দিবস, কৃষি মেলা ইত্যাদিতে মানুষের মধ্যে চুনো মাছ বিশেষ করে দেশি প্রজাতির মাছের সংরক্ষণের জন্য সচেতনতা গড়ে তোলা হচ্ছে। এছাড়া রেডিও, দূরদর্শনে মাছ সংরক্ষণের উপরে প্রচারও চালানো হচ্ছে।

Starred Questions

(to which oral answers were given)

*৬১ (নট রেসপনডেড)

..(গোলমাল)..

কংসাবতী নদীর উপর ফুটব্রিজ নির্মাণ

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬) **শ্রীমতী ফিরোজা বেগম :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম পাঁশকুড়া বিধানসভা কেন্দ্রে কংসাবতী নদীর উপর গড় পুরুষোত্তমপুর ও সরাই হাট সংযোগরক্ষাকারী ফুটব্রিজ নির্মাণ করার পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

শ্রী রাজীব ব্যানার্জী : (ক) এই মুহূর্তে পশ্চিম পাঁশকুড়া বিধানসভা কেন্দ্রে কংসাবতী নদীর উপর গড় পুরুষোত্তমপুর এবং সরাই হাটের মধ্যে সরাসরি সংযোগ স্থাপনের জন্য কোন পাকা সেতু নির্মাণের পরিকল্পনা নেই, কারণ এই ধরনের বড় নদীর উপর সেতু নির্মাণের কাজ সাধারণত পূর্ত ও সড়ক বিভাগের মাধ্যমে সম্পাদিত হয়। (খ) প্রযোজ্য নয়।

..(গোলমাল)..

[11:10 – 11.20 a.m.]

শ্রীমতী ফিরোজা বেগম : ..... (গোলমাল) ..... স্যার, আমি শুনতে পাচ্ছি না তো। ..... (গোলমাল) ..... যদি থাকে তাহলে বাস্তবায়িত হবে কবে নাগাদ আশা করা যায় ? ..... (গোলমাল) .....

..... (এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দল এবং বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের সদস্য/সদস্যাগণ গায়ে পোস্টার লাগিয়ে স্পীকারের পোডিয়ামের সামনে দাঁড়িয়ে বিক্ষোভ দেখাতে থাকেন এবং শ্লোগান দিতে থাকেন।) .....।

শ্রী রাজীব ব্যানার্জী : ..... (গোলমাল) .....মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধী দলের জনপ্রতিনিধিদের এই চেঁচামেচি - একটা প্রশ্নোত্তর পর্ব চলছে ..... (গোলমাল) .....

মিঃ স্পীকার : ..... (গোলমাল) ..... আপনি উত্তর দিন, আপনি উত্তর দিন। ..... (গোলমাল) ..... ওদের কাজ ওদের করতে দিন, আপনার কাজ আপনি করুন ... (গোলমাল) ...

শ্রী রাজীব ব্যানার্জী : ..... (গোলমাল) ..... প্রশ্নকর্তা শুনতেই পাচ্ছেন না। .. (গোলমাল) ..

মিঃ স্পীকার : ..... (গোলমাল) ..... মাইকটা কানে লাগাতে বলুন। ..... (গোলমাল) ..... আপনি উত্তর দিন ..... (গোলমাল) .....

শ্রী রাজীব ব্যানার্জী : ..... (গোলমাল) ..... আমি অলরেডি বলেছি যে, এটা প্রযোজ্য নয়।

শ্রীমতী ফিরোজা বেগম : ..... (গোলমাল) ..... মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ... (গোলমাল) ..... জগদীশপুর ও ঝিকুরিয়া সংযোগকারী কংসাবতী নদীর ওপর যদি একটি ব্রীজ হয়, তাহলে ১৩ খানা মৌজার মানুষ উপকৃত হবে। সেখানকার ফুল চাষি, মাছ চাষি ..... (গোলমাল) ..... এবং কৃষিজীবী মানুষ এবং স্কুলের ছাত্রছাত্রী থেকে ওখানকার সাধারণ মানুষ উপকৃত হবে। ..... (গোলমাল) ..... তাই যাতে এই ব্রীজটি করা যায়, তার জন্য আমি প্রস্তাব রাখছি। ..... (গোলমাল) .....

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া জনপ্রতিনিধির প্রশ্নের উত্তরে জানাই, একটু আগেই আমি বলেছি, কংসাবতী নদী হচ্ছে একটা বড় নদী। ন্যাচারালি এই নদীর ওপরে পাকা সেতু করার জন্য আমাদের পূর্ত দপ্তরের সঙ্গে যদি আপনি যোগাযোগ করেন তাহলে ভালো হয়। ..... (গোলমাল) ... তাহলে পূর্ত দপ্তরের মাধ্যমে ব্রিজটি করা যেতে পারে। ..... (গোলমাল) .....

শ্রীমতী নার্গিস বেগম : ..... (গোলমাল) ..... সম্মানীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় সেচ মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ... (গোলমাল) ..... মেমারী বিধানসভার চিনুই থেকে দেবীপুর পর্যন্ত আপনি যদি বলেন আর কত দিন লাগবে, তাহলে ভাল হয়। ..... (গোলমাল) .....

শ্রী রাজীব ব্যানার্জী : ..... (গোলমাল) ..... মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া জনপ্রতিনিধির প্রশ্নের উত্তরে বলি যে, এটা আগামি অর্থবর্ষে করার পরিকল্পনা আছে, ... (গোলমাল) .....

শ্রী আব্দুল খালেক মোল্লা : ..... (গোলমাল) ..... মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীকে অশেষ ধন্যবাদ জানাই। উনি ওই অঞ্চলে এবং পশ্চিমবাংলার অন্যান্য জায়গায়ও অনেক কাজ করেছেন। আমার মেটিয়াব্রুজ বিধানসভার অন্তর্গত আকড়া রবীন্দ্রনগরে একটি বড় ক্যানেল আছে, খাল আছে। ..... (গোলমাল) ..... সেই খালের ওপর দিয়ে একটা ফুট ব্রীজ আছে। যার অবস্থা খুবই খারাপ। যে কোনো সময় ওটা ভেঙ্গে পড়ে যেতে পারে। এছাড়া ওখানে একটা মাজার আছে, সেই মাজারে হাজার হাজার লোকের সমাগম হয় এবং নিত্য দিন সেখানে বহু মানুষ যাতায়াত করেন। আমি মাননীয় মন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করছি, যাতে এই ফুট ব্রিজটা অবিলম্বে রেনোভেশন হয়। ..... (গোলমাল) .....

(গোলমাল)

(এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় বিধায়করা এবং বামফ্রন্ট পরিষদীয় দলের মাননীয় বিধায়করা মাননীয় স্পীকার মহাশয়ের podium ঘিরে দাঁড়িয়ে বিক্ষোভ ও উচ্চস্বরে স্লোগান দিতে থাকেন।)

....(গোলমাল)....

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি উনি একটা একদম কঠিন সমস্যার কথা বলেছেন, এবং আমরা এটা এ্যডমিট করছি। বহু জায়গায় এই রকম ফুট ব্রিজ আছে, যেগুলো বিগত দিনের বামফ্রন্ট সরকার রক্ষণাবেক্ষণ না করার জন্য বহু জায়গায় খারাপ অবস্থায় পড়ে রয়েছে। আমরা এগুলোকে অলরেডি একটা সমীক্ষা করেছি

এবং যেহেতু আপনি এই কথাটার উল্লেখ করেছেন, এটাকে অত্যন্ত দ্রুততার সঙ্গে নিশ্চিতভাবে কার্যকর করার সিদ্ধান্ত নেব।

....(গোলমাল)....

শ্রী স্বপন কুমার বেলথারিয়া : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীকে জানাই ২০১৩-১৪ দুখানা অজয়ের কাগজপত্র দেওয়া হয়েছিল, যে কোন কারণেই সারা পশ্চিমবাংলা ব্যাপী মা- মাটি-মানুষের সরকারের উন্নয়ন সেচমন্ত্রী করে চলেছেন। যে কোন কারণে অজয়ের কাজ কিছু হয়নি। কবে নাগাদ কাজ হবে এইটুকু আশা রাখবো জানতে চাই।

....(গোলমাল)....

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি এটা ঠিকই যে, আপনি ২০১৩ সাল থেকে এটা বলছেন। যেহেতু এটা আপনার কাছে অত্যন্ত ইমপর্ট্যান্ট আপনি আমাকে দুদিন আগেও বলেছেন এবং অলরেডি আমি আমার বিভাগীয় যিনি দায়িত্বপ্রাপ্ত ইঞ্জিনিয়ার আছেন, তাঁকে বলেছি ব্যাপারটা বিবেচনা করে আমার কাছে নিয়ে আসার জন্য। আমাদের ফান্ড যদি পারমিট করে তাহলে নিশ্চিতভাবেই আপনার এটা বিবেচনা হবে।

...(গোলমাল)....

শ্রী বিশ্বজিৎ কুন্ডু : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর কাছে আবেদন করতে চাই যে আমাদের কালনা ২ নম্বর ব্লকের কল্যাণপুর অঞ্চলের কেলেনই গ্রামে বেহুলা নদীর উপর একটা ব্রিজ আছে, সেই ব্রিজটা ভেঙ্গে গেছে, গত বছর থেকে ওই ব্রিজটা বন্ধ করে রাখা হয়েছে, মানুষ হেঁটে চলাচল করছে, কিন্তু কোন গাড়ি পারাপার করছে না। এটার সাহায্যে বর্ধমানের সাথে হুগলির একটা যোগাযোগের সেতু। এই সেতুটি যদি এই বর্ষার আগে না করা যায় এতে আমাদের চাষের অনেক ক্ষতি হচ্ছে। তাই সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আমার আবেদন এবং আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

....(গোলমাল)....

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি তিনি যেটা বলেছেন যদি এটা আমাদের দপ্তরের হয়ে থাকে তাহলে নিশ্চিতভাবেই এটাকে দেখবো।

....(গোলমাল)....

শ্রী পুলিন বিহারী রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে একটা প্রশ্ন করছি, আমার গাইঘাট অঞ্চলে যমুনা নদীর পাশে অনেকগুলো খাল আছে। তার একটা খাল আমার জলেশ্বর অঞ্চলের মধ্যে পড়ে। সেই খালের ওপাশে একটা গ্রাম আছে সেখানে বহু গরিব লোক বাস করে এবং তারা বর্ষাকালে এই খাল যখন ডুবে যায়, তখন যোগাযোগ একেবারে বিচ্ছিন্ন হয়ে যায়। সেই খালটার উপর একটা সেতু বহু দিনের দাবী। ওখানে অসংখ্য মানুষ বাজার, স্কুল যাতায়াতে নানা অসুবিধার মধ্যে পড়ে, বিশেষ করে বর্ষাকালে তারা একেবারে কাটঅফ্ হয়ে যায় মেইন স্ট্রিম থেকে। তাই মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ এই খালের উপর যদি একটা ব্রিজ যা বহুদিনের দাবী, এই খালটি ছোট, বেশি বড় নয়। এটা যমুনা নদীতে গিয়ে মিশেছে, একেবারে পাশাপাশি, আমি নিজে গিয়েও ওখানে দেখেছি, জনসাধারণের সঙ্গে কথা বলেছি। এটা তাদের অনেক দিনের দাবী, তারা অত্যন্ত কষ্টের মধ্যে থাকে যখন বর্ষাকালে সমস্ত নদী ডুবে যায়, যখন একেবারে প্লাবন শুরু হয়ে

যায়। মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ এই খালটির উপরে যদি একটা ব্রিজের ব্যবস্থা করা যায় তাহলে সেখানকার জনসাধারণ খুবই উপকৃত হবে।

...(গোলমাল)....

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি যে, এর আগের দিনও আমি বলেছি অলরেডি এই দপ্তর বিগত ৫ বছরে ১৬১টি সেতু করেছে। ধাপে ধাপে ১৬১টি সেতু বিগত ৫ বছরে করেছে, যা ইতিহাস সেচ দপ্তরে। ৫ বছরে কোন সরকার স্বাধীনতার পর থেকে এসেও এতগুলো সেতু করতে পারেনি। হাইয়েস্ট ১৩টা, ১৪টা সেতু ছিল। কিন্তু সব সেতু একদিনে করা আমার পক্ষে সম্ভব নয়। আমরা ঠিক করেছি ধাপে ধাপে পর্যায়ক্রমে পশ্চিমবঙ্গের যোগাযোগের যতগুলো সেতু আমাদের রয়েছে, সেগুলো সমস্ত আমূল পরিবর্তন করে কংক্রিটের করা হবে। এবং ন্যাচারালি একদিনে এত টাকা আমাদের নেই যে সব কাজ একদিনে করা সম্ভব। একদিকে কেন্দ্রীয় সরকারের বঞ্চনা, এদিকে আমাদের নিজেদের মধ্যেও অনেক রকম ইনফ্রাস্ট্রাকচারের এখনও প্রয়োজন আছে ডেভালপ করার, তার মধ্যেও আপনি যেহেতু বলেছেন, ইছামতী নদী ধরা হয়েছে, যমুনার কথা আমরা আগের দিনই বলেছি, এগুলোর জন্যও টাকা লেগেছে। এই ব্রিজটা নিশ্চিতভাবে পরে আমরা ধরবো বলে সিদ্ধান্ত নিচ্ছি।

শ্রী মৈনুদ্দিন সামস : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই যে, আমার নলহাটি বিধানসভা কেন্দ্রে তিরুপতি নদী আছে। সেই তিরুপতি নদীর উপরে একটি ব্রিজের নির্মাণের খুবই প্রয়োজন কারণ সেখানকার সিংহহরি গ্রাম এবং অন্যান্য যে গ্রামগুলো আছে সেখান থেকে ছাত্রছাত্রী ও মানুষরা আসা যাওয়া করে। তাই আপনার মাধ্যমে আমি মন্ত্রীর কাছে অনুরোধ জানাবো যে, তিরুপতি নদীর উপর যদি ভিনটেজ ব্রিজ নির্মাণ করেন তাহলে আমার বিধানসভা কেন্দ্রের মানুষেরা উপকৃত হবে।

...(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য-সদস্যাগণ এবং বামফ্রন্টের মাননীয় সদস্য-সদস্যাগণ মাননীয় স্পীকারের চেয়ারের সামনে দাঁড়িয়ে স্লোগান দিতে থাকেন)...

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, একটু আগেই বলছিলাম ব্রীজের ডিমান্ড সবারই। ন্যাচারালি আমরা চেষ্টা করছি সবাইকেই সন্তুষ্ট করার। আমরা কোথাওই উন্নয়নের সাথে রাজনীতিকে মেলাই না। তাই সব জায়গাই করছি। তবে আপনি যেহেতু এটা একটা স্পেসিফিক কেস বলছেন, আমি আমার বিভাগীয় ইঞ্জিনিয়র যিনি আছেন, প্রশ্নোত্তর পর্বের পরে যদি আসেন আমি বিভাগীয় ইঞ্জিনিয়রকে বলছি নিশ্চিতভাবে এটা বিবেচনা করার জন্য।

...(গোলমাল)...

শ্রী অলোক কুমার মাঝি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন। আউশ গ্রাম বিধানসভা এবং গলসী বিধানসভার মাঝে খরিব নদী। খরিব নদীর জলে বর্ষাতে আমাদের খুবই কষ্ট হয়। তকিপুরের কাছে যদি ব্রিজটা হয় তাহলে খুব ভালো হয়। এর আগেও আমরা জানিয়েছিলাম। বিভাগীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, এই ব্রীজটা কতদিনের মধ্যে হবে যদি জানান খুব ভালো হয়।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, সবারই দেখছি ডিমান্ড। একদিক দিয়ে যখন খাল আর নদী সংস্কার হচ্ছে, ব্রিজের পর ব্রিজ।

১৬১টা কমপ্লিট হয়েছে। এ বছরে ৫৬টা হাতে নিয়েছি। আমি আবারও বলছি আগামী দিনে সবকটাই বিবেচনার মধ্যে রাখা হবে।

...(গোলমাল)...

মিঃ স্পীকার :- মাননীয় মন্ত্রীর খাল সংস্কারের উপর একটা প্রশ্ন আছে। * ৬৮ আমি একই সঙ্গে নিয়ে নিচ্ছি।

বাঁধ নির্মাণ ও মেরামতি কাজে অর্থ বরাদ্দ

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে (৩১শে ডিসেম্বর পর্যন্ত) রাজ্য সরকার মোট কত কি.মি. বাঁধ নির্মাণ ও মেরামতির কাজ সম্পন্ন করেছে; এবং

(খ) উক্ত ক্ষেত্রে আর্থিক বরাদ্দের পরিমাণ কত (জেলাওয়াড়ি হিসাবসহ)?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই,

ক) বর্তমান আর্থিক বছরে (৩১শে ডিসেম্বর অবধি) সেচ ও জলপথ বিভাগ মোট ৪৩৫.৩৩ কিমি নদীবাঁধ নির্মাণ বা নদীবাঁধ ও নদীপাড় মেরামতির কাজ সম্পন্ন করেছে।

খ) উপরিউক্ত নির্মাণ বা মেরামতির জন্য সমস্ত জেলার জন্য ২০১৬-১৭ অর্থবর্ষে ডিসেম্বর, ২০১৬ অবধি মোট ৩০৩.২৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

...(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য-সদস্যাগণ এবং বামফ্রন্টের মাননীয় সদস্য সদস্যাগণ মাননীয় স্পীকারের চেয়ারের সামনে দাঁড়িয়ে স্লোগান দিতে থাকেন)...

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। মাননীয় বি.জে.পির বিধায়ক দিলীপ ঘোষ মহাশয় বাজেট বক্তৃতায় বলেছিলেন যে, কেন্দ্রের বর্তমান মোদি সরকার আমাদের বাজেটে প্রচুর টাকা বরাদ্দ করেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, আপনার দপ্তরে বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার কত টাকা বরাদ্দ করেছেন দয়া করে জানাবেন কি?

...(গোলমাল)..

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে প্রথমেই বলি যে, বি.জে.পির যে বিধায়কের আপনি নাম বললেন, যিনি বাজেটে বক্তৃতা করেছিলেন তিনি আজকে সদনে নেই কিন্তু তাঁর সহকর্মীরা রয়েছেন। আমি শুধু একটা কথাই বলি, তিনি যে ভাষণ দিয়েছেন, তিনি থাকলে আজকে বোধহয় ভালো হত, আপনি একদম সঠিক প্রশ্নটা করেছেন। বলা হচ্ছে, বাজেটে আমাদের জন্য বরাদ্দ করা হয়েছে। আগের দিনও আমাদের আর একজন মাননীয় বিধায়ক বলছিলেন তখন আমি উঠে দাঁড়িয়ে বলছিলাম যে, এফ.এম.পি. খাতে মানে সবথেকে আশ্চর্য হবেন কি করে কেন্দ্রীয় সরকার বলছে যে আমাদের বরাদ্দ বেড়েছে আমি জানি না। এক তো হচ্ছে, এফ.এম.পি. খাতে কোথাও ৭৫-২৫ রেশিও ছিল যেখানে ৭৫% দেওয়ার কথা ছিল কেন্দ্রীয় সরকারের আর রাজ্য সরকারের ২৫%। সেখানে কেটে দিয়ে করে দিয়েছে ৫০-৫০। যেখানে কেন্দ্রীয় সরকারের ৯০% বারদ্দ করার ছিল আর রাজ্য সরকারের ১০% বরাদ্দ করার

ছিল সেখানেও কেটে করে দিয়েছে ৫০-৫০। আবার যেখানে উল্টোটা ছিল ৬০-৪০ সেটাকেও কেটে উল্টো করে দিয়েছে। কোথাও আমাদের ৬০ ওদের ৪০। সুতরাং বরাদ্দ বাড়ানোতো দূরের কথা আমি আর একটা তথ্য দিলে আপনি বুঝতে পারবেন, যেখানে কেন্দ্রীয় সরকার FMP খাতে সারা ভারতবর্ষের জন্য বাজেটে বরাদ্দ করেছে মাত্র ১৫০ কোটি, সেখানে ২০১৬-১৭ অর্থবর্ষে আমাদের পাওনা হচ্ছে কেন্দ্রীয় সরকারের কাছে এই EMP খাতে ২১৯ কোটি টাকা। তাহলে বুঝে দেখুন, সারা ভারতবর্ষের জন্য ১৫০ কোটি টাকা বরাদ্দ, সেখানে একটা রাজ্যের - আমাদের দাবী, যে টাকার কাজ হয়ে গেছে, তার বরাদ্দের দাবী হচ্ছে ২১৯ কোটি টাকা। তাহলেই বুঝতে পারছেন যে, কেন্দ্রীয় সরকার কীভাবে আমাদের সাথে বিমাতৃসুলভ আচরণ করছে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহোদয় আপনি নিশ্চয় জানেন যে, আমাদের সাগর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বকখালি এবং ফ্রেজারগঞ্জ ভারতবর্ষের মানচিত্রে একটা পর্যটন কেন্দ্র, আন্তর্জাতিক পর্যটন কেন্দ্র করে তুলবার জন্য আমাদের মা-মাটি-মানুষের সরকারের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন দপ্তর এবং আমাদের পৌর নিগম দপ্তরের তরফ থেকে কোটি কোটি টাকা ব্যয় করে সেটাকে একটি নূতন সাজে সাজাবার চেষ্টা হচ্ছে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে আপনাকে জানাচ্ছি যেহেতু ফ্রেজারগঞ্জ এবং বকখালির একেবারে আমাদের বে অফ বেঙ্গলের মুখে দুটি ব্যাংক আছে হাতিকর্নার এবং দাসকর্নার এটাকে যদি কোনোভাবে অতি দ্রুততার সঙ্গে ওখানে নূতন করে তৈরি না করা যায়, নূতন বাঁধ নির্মাণ না করা যায় তাহলে প্রায় ১০০০ একর জমি শুধু নয় ওখানে যে পর্যটন কেন্দ্রকে সামনে রেখে যেসমস্ত হোটেলগুলো তৈরি হয়েছে, সবই কিন্তু নদীর তলায় চলে যাবে। এক্ষেত্রে আপনার কোনো পরিকল্পনা আছে কি না, যদি সেই পরিকল্পনা থেকে থাকে তাহলে কবে নাগাদ সেটা বাস্তবায়িত হবে দয়া করে যদি আপনি জানান।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি যে, আপনি যে জায়গাটার কথা বলেছেন, আপনি জানেন যে, এর আগেও এটা নিয়ে আমরা একটা সমীক্ষা করেছিলাম এবং আমাদের বিভাগীয় ইঞ্জিনিয়ার নিজে ওখানে ভিজিট করেছেন। এটা পর্যটনের অত্যন্ত গুরুত্বপূর্ণ জায়গা। আমরা অলরেডি সিদ্ধান্ত নিয়েছি। আপনাকে এবং এই সদনকে জানাতে চাই, আপনাকেও আশ্বস্ত করতে চাই, হাতিকর্নার এইটা ১০ কোটি টাকা ব্যয়ের জন্য আমাদের অলরেডি এস্টিমেট তৈরি হয়ে গেছে। আমরা টেন্ডারে গেছি। এবং আমরা আশা করছি যে, মার্চ বা এপ্রিল নাগাদ আপনার এই কাজ শুরু হয়ে যাবে এবং এই এলাকার সমস্ত মানুষ নিশ্চিতভাবে তাদের জীবন এবং জীবিকা রক্ষা করতে পারবেন।

শ্রী কালীপদ মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, বর্তমান নোটবন্দীতে কৃষকরা নিদারুণভাবে ক্ষতিগ্রস্থ হয়েছেন। এই অবস্থা থেকে কৃষকদের সুরক্ষা দেওয়ার জন্য আমাদের সরকার রবি এবং বোরো চাষের জন্য কি লক্ষ্যমাত্রা ধার্য করেছেন ?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে আমি বলি যে, একটি কথা ঠিকই বলেছেন যে, নোটবন্দীর কারণে কৃষকরা ক্ষতিগ্রস্থ হয়েছে। আমি এখানে আপনাকে দুটো তথ্য দেব। একটা, নোটবন্দীর কারণে কৃষক ক্ষতিগ্রস্থ হয়েছেন, কেন্দ্রীয় সরকার নোটবন্দীর সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের বাজেটে তার কোনো reflection ধরা পড়েনি যে, কৃষকদের স্বার্থে কেন্দ্রীয় সরকার কোনো কিছু করেছেন। একমাত্র প্রথম যে রাজ্য এই কৃষকদের সহায়তায় এগিয়ে এসেছে, সেই রাজ্যের নাম পশ্চিমবঙ্গ।

আর যিনি করেছেন তিনি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। যিনি কৃষকদের স্বার্থে ১০০ কোটি টাকার তহবিল ঘোষণা করেছেন। Already বাজেটে মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেছেন। দ্বিতীয়, যেটা আমাদের দপ্তরের প্রশ্ন আপনি করলেন। আমি আপনাকে জানাতে চাই যে, এবছর যেহেতু কৃষকরা এমনিই ক্ষতিগ্রস্থ হয়েছে, আমি মনে করি যে, সেচের জল হচ্ছে চাষির বল। অর্থাৎ একজন কৃষক চাষ করেন তার main source হচ্ছে water. সুতরাং যার কারণে এই জলের জন্য আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, যাতে কৃষকরা ক্ষতিগ্রস্থ না হয়।

[11:30 – 11.40 a.m.]

তাই, আমি মনে করি, এক দশক ধরে - এটা জানা দরকার - যে বামপন্থীরা চিরকাল গলা ফাটিয়ে এসেছে যে তারা কৃষকদের স্বার্থে কাজ করেছে ; কিন্তু আল্টিমেটলি শুধু মুখে বলা ছাড়া কাজের কাজ কিছু হয়নি। সেই জায়গায় দাঁড়িয়ে আমি মনে করি এ বছর আমরা যুগান্তকারী একটা সিদ্ধান্ত নিয়েছি যেটা বৃহৎ এবং ক্ষুদ্র সেচের মাধ্যমে। মানে, দশকে আমি বলতে পারি, এটা রেকর্ড পরিমাণ জল এবার আমরা দিচ্ছি কৃষকদের স্বার্থে, যেটা রবি এবং বোরো মিলিয়ে, আমাদের প্রায় ১২ লক্ষ ৪৩ হাজার ৮৫৫ একর জমিতে এবার আমরা রবি বোরোর জল দেব ক্ষুদ্র এবং বৃহৎ সেচের মাধ্যমে।

শ্রী সুজিত বসু : মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা অতিরিক্ত কোয়েশ্চেন। কেষ্টপুর খালে খুব ভাল বিউটিফিকেশানের কাজ হয়েছে। কেষ্টপুর খালের সঙ্গে ইরিগেশান ডিপার্টমেন্ট খুব ভাল কাজ করছে, তার জন্য মন্ত্রীকে ধন্যবাদ। মাননীয় মুখ্যমন্ত্রীকেও ধন্যবাদ, কারণ মুখ্যমন্ত্রী এই কাজটাকে করতে সহযোগিতা করেছেন। এখানে সংযোগকারী যে ব্রিজগুলি আছে, একটা হচ্ছে সল্টলেকের সাথে লেক টাউন, একটা দমদম পার্কের সাথে সল্টলেক এবং নিউকাট ক্যানেলের উপর তিনখানা ব্রিজের অবস্থা খুব ভাল না। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করছি, এই ব্যাপারে ডিপার্টমেন্টের কি ভাবনা আছে,এটা জানবার জন্য আমি প্রশ্নটা রাখলাম।

(হট্টগোল)

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি যে কেষ্টপুর খালের উপরে আমাদের প্রায় ৮টা এই রকম ব্রিজ রয়েছে। বাগজোলা খালের উপরে ২টি রয়েছে। আরো কয়েকটার কাজ চলছে। আর ই ওয়ান চ্যানেলের উপরে আমাদের একটা রয়েছে আর নিউকার্ট এর উপরে আর একটা ব্রিজ রয়েছে। এখানে একটা জিনিস দেখতে হবে আপনি যে প্রশ্নটা আমায় করেছেন যে কিছু জায়গা আছে, সড়ক পথের ব্রিজ এবং তার সাথে আমাদের খালের উপরে ব্রীজের একটা মেলবন্ধন ঘটানো হয়েছে মানুষের সুবিধার জন্য। এবং আমরা একটা সমীক্ষা করে দেখেছি যে প্রায় চারটে এ রকম ব্রিজ আছে, যেটা খালের উপরে আমাদের সেচ দপ্তরের অধীন, এই বারোটার মধ্যে যা যা আমি বললাম, তার মধ্যে চারটে ব্রিজ যেখানে আমাদের নিশ্চিতভাবে মেন্টেনান্স করার প্রয়োজন আছে। এবং অলরেডি আপনাকে আমি জানিয়ে রাখি চারটে ব্রিজ, কেষ্টপুর খালের উপরে, এই চারটে ব্রিজের জন্য যা যা করা দরকার আমাদের অলরেডি এস্টিমেট রেডি হয়েছে। কয়েকদিনের মধ্যেই আমরা যেখানে যেখানে এই সেতুগুলো মেরামতের প্রয়োজন আছে, বিশেষ করে এই চারটে ব্রিজকে আমরা দেখবো।

শ্রী মানস মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাই। আমার বিধানসভার ডোলকরজলা এবং দামোদর নদীর সংস্কারের জন্য অর্থ বরাদ্দ

করবেন এর জন্য ধন্যবাদ জানাই। আমার আজকে প্রশ্ন, আরামবাগ মাস্টার প্লান, বন্যা কবলিত আরামবাগ মহকুমা, প্রতি বছর বন্যায় আমরা দেখি যে আরামবাগ সব সময় খবরের কাগজে থাকে এবং প্রচুর মানুষ এর জন্য বাড়িছাড়া হয়ে যায়। আরামবাগ মহকুমাকে বাঁচানোর জন্য মন্ত্রী নিজেই বলেছিলেন যে আরামবাগ মাস্টারপ্ল্যান করার জন্য এবং সেই মাস্টারপ্লানের অন্তর্গত আরামবাগের ভোমরা খাল এবং দ্বারকেশ্বর খাল ; এই ভোমরা খালের সংস্কার এবং দ্বারকেশ্বর খালের সংস্কার, এবং এই খালের পাশে যে অবৈধ নির্মাণ রয়েছে, এই খাল সংস্কার ও অবৈধ নির্মাণ থেকে বাঁচানোর জন্য দপ্তরের কি চিন্তাভাবনা আছে এই মুহূর্তে। আর এর সাথে আমার আর একটি প্রশ্ন আছে, আপনি জানেন যে সরস্বতী নদী, যেটা আমাদের হুগলির উপর দিয়ে হাওড়ায় ঢুকেছে এবং হাওড়া থেকে আবার গঙ্গা নদীতে মিশেছে। সেই জায়গায় সরস্বতী নদী আমাদের বহু প্রাচীন নদী এবং ইতিহাসখ্যাত নদী, এই সরস্বতী নদীকে সংস্কার করা নিয়ে, যেটা হুগলির দিকে রয়েছে সিঙুরের নসিবপুর পর্যন্ত, এই সরস্বতী নদীর সংস্কার নিয়ে মন্ত্রীর কোন চিন্তাভাবনা আছে কি না,বলবেন কি ?

(হট্টগোল)

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক অনেকগুলো প্রশ্নকে ক্লাব করে দিয়েছেন। ন্যাচারালি, অনেকগুলো নদীকে, মানে অনেকগুলো প্রশ্নকে ক্লাব করে দিয়েছেন। আমি একটা একটা করে বলি। একটা হচ্ছে, আরামবাগের মাস্টারপ্ল্যান। ঠিকই কথা, যদি আগে যারা ছিলেন সরকারে, যদি তারা ঠিক মতন কাজ করে যেতেন তাহলে হয়তো আমাদের এত পরিশ্রম করতে হত না। কোন কিছু করতেও হত না। আমাদের এই মা-মাটি-মানুষের সরকারের সময়েই কান্দি মাস্টারপ্লান, আমাদের সময়েই আয়লার বাঁধ তৈরী, আমাদের সময়েই বলতে পারেন সব জায়গায় ভাঙন রোধে বন্যা নিয়ন্ত্রণের কাজ চলছে। এবং আপনারা জানেন যে অলরেডি আমরা বিশ্বব্যাঙ্কের সহায়তায়, কেননা কেন্দ্রের সরকার কোনরকম সহায়তা করছেন না। কিন্তু বিশ্বব্যাঙ্কের সহায়তায় আমরা অলরেডি লোয়ার দামোদর সংস্কারের জন্য একটা বড় প্রকল্প হাতে নিয়েছি।

...(এইসময় বিরোধী কংগ্রেস ও বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের সকল সদস্য ও সদস্যাগণ স্পীকার পোডিয়ামের সামনে গিয়ে বিক্ষোভ দেখাতে থাকেন এবং স্লোগান দিতে থাকেন।)...

এই জায়গায় দাঁড়িয়ে আরামবাগের মানুষদের জন্য - কেননা আরামবাগের খানাকুল, আরামবাগ, গোঘাট, পুরসুরা এইসব জায়গার মানুষ ফি বছর বন্যার কবলে পড়েন যার ফলে বিগত দিনে আমরা একটা সিদ্ধান্ত নিয়েছিলাম আরামবাগের মাস্টারপ্ল্যান করার জন্য। আগামী অর্থবর্ষে আমরা ঠিক করেছি এই ব্যাপারে একটা ছোট মাস্টার প্ল্যান তৈরি করার জন্য, তার ডি পি আর তৈরির কাজে হাত দেব। কিন্তু সেটার জন্য সময় লাগবে। তারজন্য অপেক্ষা না করে আপনি যেরকম জলাশয় সংস্কার বিষয়ে বলেছেন, আরো কয়েকটা জায়গার আপনি খাল সংস্কারের কথা বলেছেন, কিছু জায়গার নদী বাঁধ, ইভেন গোঘাট অঞ্চলে আমি সেদিন মিটিঙে ছিলাম, আমার দপ্তরে কয়েকটি ইস্যু আপনার গোঘাট কেন্দ্র থেকে উঠে এসেছে। আমরা বলছি মা-মাটি-মানুষের সরকার মানুষের জীবন ও জীবিকা রক্ষা করতে দায়বদ্ধ। আমরা এই সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে থেকেও আরামবাগের যেসব জায়গাগুলো রয়েছে সেগুলো টেক আপ করার জন্য প্রায়োরিটি দিয়েছি। হয়তো সব কাজ একসঙ্গে করা সম্ভব নয়। কিন্তু ধাপে ধাপে এটা করা হবে। রিগার্ডিং সরস্বতী নদীর কথা আপনি আমায় বলেছেন। আমি জানি, সরস্বতী নদীর ব্যাপারে বিগত দিনে

আগের সরকারের আমলে একটা খনন কার্য চলেছিল। কিন্তু সেটা নিয়ে আমরাও খুব একটা স্যাটিসফাই নই। আমরা প্রশাসনিকভাবে ছোট করে সেই ব্যাপারে একটা তদন্তও করেছি। সরস্বতী নদী এখন খালে পরিণত হয়েছে, টোটাল নর্দমাতে পরিণত হয়েছে, সুতরাং আগামীদিনে কি করা যায় সেই ব্যাপারে নিশ্চিত একটা চিন্তাভাবনা রয়েছে।

...(গোলমাল)...

ডাঃ নির্মল মাজি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সতীর্থদের বিশৃঙ্খলার মধ্য দিয়ে আমরা রাজ্যের কর্মতৎপর প্রাণচঞ্চলমুখর আমাদের মন্ত্রীমশাই রাজীব বন্দ্যোপাধ্যায়কে প্রশ্ন করছি, দামোদর ক্যানেল, লোয়ার দামোদর ক্যানেল, গুরজানপুর ক্যানেল, বনস্পতি ক্যানেল - এই সমস্ত ক্যানেল সহ দামোদর নদীর ওপরে ক্যানেল সংস্কারের ব্যাপারে এবং দামোদর নদী বাঁধ ভাঙার ব্যাপারে রাজ্যে পরিবর্তনের সরকারের গুরুত্বপর্ণ মন্ত্রী হিসাবে আপনার কাছে প্রশ্ন রাখছি, কি কি উদ্যোগ আপনি নিয়েছেন, যদি একটু বলেন তাহলে হাওড়া জেলার অধিবাসীরা উপকৃত হবেন।

...(গোলমাল)...

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, বিগত দিনেও দেখেছি হাওড়া এবং হুগলির বিস্তীর্ণ জায়গা ডি ভি সি জল ছাড়লে, বৃষ্টিরও দরকার নেই, ফি বছর ভেসে যায়। আমাদের মা-মাটি-মানুষের নেত্রী তথা আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে প্রত্যেকবার ছুটে যান। তিনি প্রথম উদ্যোগ নিয়েছিলেন, লোয়ার দামোদর সংস্কারের প্রক্রিয়ায় হাত দেওয়া হয়েছে। আপনারা জানেন, আমরা ডি পি আর করে কেন্দ্রীয় সরকারকে পাঠানোর পরেও আজও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের সেইরকম কোনো উদ্যোগ আমরা লক্ষ্য করছি না যাতে এই কাজগুলো করা যায়। কিন্তু মানুষের কাজ করার জন্য বা মানুষের জন্য আমরা দায়বদ্ধ। আপনারা জানেন, বিগতদিনে অনেকগুলো খাল, আপনার কেন্দ্র ও আছে, বহু জায়গায় ভাঙন রোধের কাজ করা হয়েছে, বহু জায়গায় ব্রিজও করা হয়েছে যার কারণে গত বছর আপনারা দেখেছেন ডি ভি সি এত জল ছাড়ার পরেও সেইভাবে মানুষ কোনো বন্যার কবলে পড়েনি। কিন্তু আপনি যে অনেকগুলো খালের কথা বলেছেন, আমরা সিদ্ধান্ত নিয়েছি, অলরেডি বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় প্রায় ২৭৬৮ কোটি টাকা ব্যয়ে একদিকে বাঁকুড়ার মানুষ বাঁচবেন, একদিকে বর্ধমানের মানুষ বাঁচবেন, আর একদিকে হুগলি এবং হাওড়া, এই চারটে জেলার বিস্তীর্ণ মানুষ যাঁরা ফি বছর ভাঙন বা বন্যার কবলে পড়েন, একদিকে চাষের জল পাওয়া যায় না, আর একদিকে বন্যায় মানুষ ভেসে যায়। এত ইমপর্ট্যান্ট প্রশ্নের উত্তর দিচ্ছি - তাই এই বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় যে কাজটা আমরা করব তাতে ম্যাক্সিমাম বন্যা নিয়ন্ত্রণের জন্য যে কটা ক্যানেলের কথা বলেছেন তারমধ্যে বেশির ভাগটা ধরা রয়েছে। লাইনিংও ধরা রয়েছে। সেগুলির মাধ্যমে রেগুলেটরি করে আগামীদিনে যাতে সেচ ব্যবস্থারও পরিবর্তন ঘটানো যায় তারও ব্যবস্থা করা হয়েছে।

...(গোলমাল)...

*** প্রশ্ন নং ৬৩**

(নট রেসপন্ডেড)

...(গোলমাল)...

সুন্দরবনে পর্যটন শিল্পের প্রসার

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯) **শ্রী জয়ন্ত নস্কর :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবনে পর্যটন শিল্প প্রসারে সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছে;

(খ) বর্তমানে সুন্দরবনে আন্তর্জাতিক মানের পর্যটন কেন্দ্র গড়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) ১লা জানুয়ারি, ২০১৬ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ে সরকারি হিসাবে সুন্দরবনে আগত পর্যটকের সংখ্যা কত?

শ্রী গৌতম দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্ন,সুন্দরবনের পর্যটন শিল্প প্রসারে সরকারের কী কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পর্যটন দপ্তর ইতিমধ্যেই সুন্দরবনের বিস্তীর্ণ এলাকায় পর্যটনের মানোন্নয়নের জন্য একাধিক প্রকল্প গ্রহণ করেছেন যার মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য প্রকল্প, যৌথ উদ্যোগে ঝড়খালি প্রকল্প গড়ে উঠছে। সেখানে ইতিমধ্যেই পি পি পি মডেলে একটি বেসরকারি সংস্থা তারা বাজেট হোটেলের কাজ শুরু করেছেন এবং আগামী ৩-৪ মাসের মধ্যে সেই বাজেট হোটেলটি অপারেশনাল হবে। এছাড়া এল ও ওয়াই নিয়েছেন আরো দুটি সংস্থা। স্টার ক্যাটাগরির হোটেল এবং সেখানে হাইএন্ড ট্যুরিজমের জন্য তারা প্রজেক্ট করতে সম্মত হয়েছে। এছাড়া সড়ক উন্নয়নের ক্ষেত্রে সুন্দরবন এলাকার মধ্যে আমরা অনেকগুলি প্রকল্প নিয়েছি।

...(গোলমাল)...

[11:40 – 11.50 a.m.]

(বিরোধী কংগ্রেস ও বামফ্রন্ট পরিষদীয় দলের মাননীয় সদস্যরা স্পীকারের পোডিয়ামের সামনে স্লোগান দিতে থাকেন।)

তার মধ্যে ১৩.১৪ কোটি টাকায় ঝড়খালি রাজা মোড় থেকে এস.ডি.বি. জেটি ঘাট পর্যন্ত একটি রাস্তার কাজ সম্পন্ন হয়েছে। আরেকটি রাস্তার ব্যয় প্রায় ২৪ কোটি টাকা ধরা হয়েছে, সেটা গোসাবা ব্লক থেকে পাখিরালয় ব্লক পর্যন্ত। সেটাও পর্যটন দপ্তরের পক্ষ থেকে আমরা করছি। এছাড়া আমরা বিদ্যুৎ এবং পানীয় জলের পরিকাঠামোর অনেকটা উন্নয়ন করেছি ঝড়খালি প্রকল্পের জন্য। সজনেখালিতে আমাদের যে এগজিসটিং ট্যুরিস্ট লজ আছে সেই ট্যুরিস্ট লজের উন্নয়ন করা হয়েছে। সেখানে জেটি একসটেন্ডেড করে তার আমূল সংস্কার করা হয়েছে। এছাড়া বিভিন্ন ধরনের মেলা - উৎসব সুন্দরবনের বিভিন্ন এলাকায় সুন্দরবন দপ্তর করছে। এছাড়াও বকখালিতে আমরা অনেকগুলো প্রকল্প নিচ্ছি। বকখালি, ফ্রেজারগঞ্জ এবং হেনরি আইল্যান্ড এই তিনটি এলাকাকে নিয়ে আমরা ট্যুরিস্ট সার্কিট জোন তৈরি করছি। এছাড়াও বকখালিতে নেচারপার্ক তৈরি করা হচ্ছে। সজনেখালিতে ফিশারম্যানদের নিয়ে একটা নেচার পার্ক তৈরি করা হচ্ছে। ফুড কোর্ট এবং অন্যান্য অ্যামিনিটিস সেন্টারও সেখানে তৈরি করা হচ্ছে। পাথরপ্রতিমা ব্লকে আমরা ট্যুরিজিম ডেভালপমেনট সেন্টার গড়ে তুলেছি। গদখালিতেও আমরা বেশ কয়েক কোটি টাকা খরচ করে পর্যটন উন্নয়নের ক্ষেত্রে আরও উল্লেখযোগ্য কিছু প্রোজেকট নিয়েছি। এছাড়া শীতকালে আমাদের ভেসেলগুলোতে ট্যুরিস্টদের নিয়ে পর্যটনের ব্যবস্থা দপ্তর থেকে আমরা নিয়মিতভাবে করি।

(গোলমাল)

শ্রী জয়ন্ত নস্কর : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার সাপ্লিমেন্টারি কোশ্চেন, ২০১১ সালে পশ্চিমবাংলায় মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী পর্যটন শিল্পের উপরে বেশি করে গুরুত্ব দিয়েছেন। সেই হিসাবে পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় পর্যটন কেন্দ্র গড়ে উঠেছে, সেই সঙ্গে মাননীয় মন্ত্রী বললেন, সুন্দরবনেও পর্যটন কেন্দ্র গড়ে উঠছে। কিন্তু পর্যটনের সঙ্গে যুক্ত যে বোটগুলি গদখালি এবং ঝড়খালি থেকে পর্যটকদের নিয়ে সুন্দরবনের মধ্যে যায় তারা আজকে একটা আশঙ্কার মধ্যে দিন গুনছে। গ্রিন ট্রাইবুনালের কোন একটি অর্ডার নাকি এসেছে। আমি জানি না, সেই অর্ডারে নাকি বলা হয়েছে সুন্দরবনের মধ্যে কোন বোট ঢুকতে দেওয়া হবে না। আর যে লজগুলো সুন্দরবনে নদীর অপোজিট পাড়ে গড়ে উঠেছে, সেই লজগুলোও বন্ধ করার জন্য নাকি গ্রিন বেঞ্চ থেকে একটি নির্দেশ এসেছে। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

(গোলমাল)

শ্রী গৌতম দেব : দেখুন আমাদের দেশে চারটি গ্রিন বেঞ্চ সুপ্রিম কোর্টের ডাইরেকশানে চলে। তাঁর মধ্যে ইস্টার্ন রিজিয়নের গ্রিন বেঞ্চ নিউটাউনে আছে। তাঁরা টাইম টু টাইম বিভিন্ন স্টিপুলেশান দেন পাবলিক ইন্টারেস্ট লিটিগেশানের উপরে। সুন্দরবনের ক্ষেত্রে তারা যে সমস্ত অর্ডারগুলো দিচ্ছেন, আমরা তাকে মান্যতা দিয়ে চেষ্টা করব NGT-র যে ডাইরেকটিভ আছে, সেই ডাইরেকটিভসকে মেনে নিয়ে এবং পর্যটনের যে প্রাকৃতিক ভারসাম্য সেটাকে বজায় রেখে যে যে কারেকশানগুলো এবং মেজারসগুলো নিতে বলবেন, পর্যটন দপ্তরের উদ্যোগে সেই কারেকশানাল নিয়ে সুন্দরবনের মানুষের জীবন-জীবিকার, পর্যটনের উন্নয়ন এবং পর্যটনের মাধ্যমে কমিউনিটি সাসটেন্ডেড ডেভালপমেন্টের যে প্রক্রিয়া মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে শুরু হয়েছে সেই কাজটা সুন্দরবনের পর্যটন শিল্পের অগ্রসরের মধ্যে দিয়ে আমরা নতুন করে গড়ে তুলতে চাই।

শ্রী জয়ন্ত নস্কর : স্যার, আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন, সুন্দরবনে গত ২০১৬র ১লা জানুয়ারি থেকে ২০১৬র ৩১শে ডিসেম্বর পর্যন্ত সুন্দরবনে পর্যটকের সংখ্যা কত? যদি মন্ত্রী মহাশয়ের কাছে হিসাব থাকে বলবেন উপকৃত হব।

শ্রী গৌতম দেব : এই মুহূর্তে আমাদের পর্যটন দপ্তরের কাছে, এই সময়ের মধ্যে কত পর্যটক এসেছে তার আপডেট কোন ডাটাবেস নেই। আমরা সেই ডাটা তৈরি করার চেষ্টা করছি এবং সংগৃহীত হলে মাননীয় সদস্যকে সেটা মাননীয় স্পীকারের মাধ্যমে আমরা ডেফিনিটলি পাঠিয়ে দেব।

শ্রীমতি সোনালী গুহ : মাননীয় স্পীকার স্যার, যখন প্রশ্নোত্তর চলছে, তখন এই অপদার্থরা জানেও না ওরা কি বলছে। নোট বদলির সময়, মানুষ অনেক ক্ষতিগ্রস্ত হয়েছেন। এই নিয়ে আমাদের একমাত্র মাননীয়া মুখ্যমন্ত্রী নোট বদলির ব্যাপারে প্রতিবাদে সামিল হয়েছিলেন। আমি পর্যটন মন্ত্রীর কাছে নিশ্চিতভাবে জানতে চাই, যে এই নোট বদলির ফলে পর্যটন কেন্দ্র কতগুলো বা পর্যটন ক্ষেত্র কতটা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, আপনি যদি দয়া করে জানান।

শ্রী গৌতম দেব : পর্যটন শিল্প নো-ডাউট সব থেকে badly affected হয়েছে এই demonetisationএর জন্যে। Digital Indiaয় যে কথা ভারতবর্ষের প্রধানমন্ত্রী বলেন প্রকৃত অর্থে, সেই digital India করতে গেলে যে net facilities থাকা প্রয়োজন ভারতবর্ষের এবং

বাংলার প্রত্যন্ত এলাকায়, সেটা টেলি কমিউনিকেশানের সেই সুযোগ না থাকার জন্যে বহু জায়গায় পর্যটকরা তাদের আসার বুকিং অনেক সময় তারা cancel করেছিলেন। দ্বিতীয়ত, তাদের কিছু cash inflow সব সময় দরকার হয়,পর্যটকদের ঘুরতে যাওয়ার ক্ষেত্রে। এটা আমাদের ব্যক্তিগত এবং সামগ্রিক অভিজ্ঞতা থেকে বলতে পারি। গত বছর পর্যটন দপ্তরের পর্যটন উন্নয়ন নিগম সমস্ত খরচকে meet করে, সমস্ত কারস revenue expenditureকে meet করে 4.3 ক্রোরস্ প্রফিট হয়েছিল। এবার আমরা ধারণা করেছিলাম প্রায় ২০০ শতাংশ আমাদের পর্যটন শিল্পে সমস্ত খরচকে মিট করে আমরা প্লান হেডে ২৭ রাখতে পারব। কিন্তু এই demonetisation-এর জন্য সেটা জোড় ধাক্কা খেয়েছে। তা সত্ত্বেও আমরা যেটা হিসাব করছি তাতে ৩১শে মার্চের মধ্যে, আমরা expect করছি, আমাদের revenue যে income সেটা revenue expenditureকে ছাপিয়ে গিয়ে প্রায় আট কোটি টাকার মতন আমাদের profit হবে। কিন্তু demonetisation-এর জন্য পর্যটন শিল্প সামগ্রিকভাবে অনেকটা ক্ষতিগ্রস্ত হয়েছে এই ব্যাপারে কোন সন্দেহ নেই।

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে পর্যটন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই দপ্তরের পক্ষ থেকে দীঘা,মন্দারমণি,তাজপুর বিভিন্ন জায়গায় অনেক গুরুত্বপূর্ণ কাজকর্ম হয়েছে। এবং এখনও beautification-এর কাজ চলছে। তবে মন্দারমণি এবং তাজপুরে এই দপ্তরের পক্ষ থেকে কোন আবাসন গৃহ পর্যটকদের জন্য তৈরি করার কোন পরিকল্পনা আছে কি না, যদি মন্ত্রী মহোদয় এই সদনে জানান।

শ্রী গৌতম দেব : আমরা ইতিমধ্যেই এই কোস্টাল বেঙ্গলের জায়গাগুলো vision আমরা অনুসন্ধান করেছি এবং রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি যে পর্যটন শিল্পে উন্নয়নের ক্ষেত্রে দীঘা'কে কেন্দ্র করে - দীঘা,মন্দরমণি, তাজপুর, জুনপুট, উদয়পুর - এই সমস্ত এলাকাকে পর্যটন শিল্পে উন্নয়নের জন্যে আমরা ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছি এবং এই এলাকার উন্নয়নের জন্যে আমরা প্রায় ৮৯ কোটি টাকা পর্যটন দপ্তর থেকে বিভিন্ন প্রকল্পে ব্যয় করেছি, marine drive-এর মতো সুন্দর পার্কও তৈরি হয়েছে এবং অন্যান্য বহু প্রকল্প আমরা তৈরি করেছি। মন্দারমণি এবং তাজপুর একটা খুবই সুন্দর এবং পর্যটনের সম্ভাবনাময় দিক। মন্দরমণি'তে এমন কতগুলো জায়গা আছে যেটা এন.জি.টি.র নিষেধাজ্ঞা আছে। সেখানে পর্যটনের কোন কেন্দ্র গড়ে তোলার ক্ষেত্রে Green Tribunal-এর যে directive, সেই directive-এর সাথে match করে আমাদের পরিকল্পনা নিতে হবে।

[11:50 – 12.00 p.m.]

.....(এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দল এবং বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের মাননীয় সদস্য এবং সদস্যা-গণ স্পীকার পোডিয়ামের সামনে গিয়ে স্লোগান দিতে থাকেন এবং বিক্ষোভ দেখাতে থাকেন)....

সেই পরিকল্পনা নিতে গিয়ে আমরা বিকল্প রাস্তাও তৈরি করছি। কানেক্টেটেভিটির জন্য। কিন্তু এই মূহুর্তে আমরা মন্দারমণিতে এমন কোন জায়গা পাইনি, যেখানে স্যুইটেবল পর্যটন কেন্দ্র করা যায়। তবে অপেক্ষাকৃতভাবে তাজপুরে এই সমস্যাটা অনেকটা কম। তাজপুরে কিছু পর্যটন কেন্দ্র গড়ে তোলার বিষয় আমাদের দপ্তর সক্রিয়ভাবে চিন্তাভাবনা করছে।

.....(গোলমাল).....

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে, নদীয়া জেলার নবদ্বীপ বিশ্বের প্রাচীনতম, নবদ্বীপ শ্রী চৈতন্যদেবের জন্মস্থান। নবদ্বীপ এবং পলাশীতে

সরকারের তরফ থেকে একটা সার্কিট পর্যটন কেন্দ্র খোলবার প্রক্রিয়া শুরু হয়েছিল। বর্তমানে সেই নবদ্বীপ, লেচাড়ুরি, পলাশী -এই সার্কিট পর্যটনকে আরও উৎসাহ দেওয়ার জন্য সরকার থেকে কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি ?

...(গোলমাল).....

শ্রী গৌতম দেব : আমাদের সরকার থেকে ইতিমধ্যে পরিকল্পনা নেওয়া হয়েছে। পলাশীর প্রান্তরে যে ঐতিহাসিক যুদ্ধটা হয়েছিল, সেটাকে নিয়ে পর্যটন দপ্তর থেকে পর্যটকদের আকর্ষিত করবার জন্য আমরা ইতিমধ্যে অনেকগুলো পরিকল্পনা নিয়েছি। অতি সম্প্রতি আমি নবদ্বীপ ঘুরেও এসেছি। শ্রী চৈতন্যদেব শচীমাতার জায়গা। নবদ্বীপের উন্নয়নের জন্য এবং পর্যটন শিল্পের বিকাশের জন্য আমরা সক্রিয়ভাবে কিছু প্রজেক্ট নিচ্ছি। এছাড়া মায়াপুরের ইস্কনের সাথে টাই-আপ আমরা গঙ্গা বক্ষ থেকে মায়াপুর লঞ্চে করে যাওয়া এবং মায়াপুর থেকে বিকেলবেলা দক্ষিণেশ্বর এবং বেলুড় মঠের সন্ধ্যারতি করে একই দিনে আবার কলকাতায় ফিরে আসা, এই পরিকল্পনা নিচ্ছি। মায়াপুর, নবদ্বীপ, বেথুয়াডহরি এবং পলাশীর প্রান্তর – এই বিস্তীর্ণ এলাকা নিয়ে ট্যুরিজম সার্কিট গড়ে তোলার ক্ষেত্রে পর্যটন দপ্তর ইতিমধ্যেই কার্যকারী ভূমিকা নিয়েছে। আগামী দিনে আমরা সেই প্রকল্পগুলো অতি দ্রুততার সাথে কার্যকর করব।

.....(গোলমাল).....

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রীর ট্যুরিজমের উপর আরও অনেক প্রশ্ন আছে।

ঝড়খালি ইকো ট্যুরিজম প্রকল্প

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬) **শ্রী সমীর কুমার জানা :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সুন্দরবনের অন্তর্গত ঝড়খালি ইকো ট্যুরিজম প্রকল্পটির কাজ শেষ করা যায়নি; এবং

(খ) সত্যি হলে, কতদিনের মধ্যে কাজটি শেষ হবে বলে আশা করা যায় ?

শ্রী গৌতম দেব : মাননীয় সদস্যের প্রশ্ন, এটা কি সত্যি যে সুন্দরবনের অন্তর্গত ইকো ট্যুরিজমের কাজ শেষ করা যায়নি ? - আমরা ঝড়খালিতে ইকো ট্যুরিজমের কাজ শুরু করেছি। কাজটা অন্ গোয়িং আছে। আমরা যে যে কম্পোনেন্টসগুলো নিয়েছি, তার মধ্যে বাজেট ক্যাটাগরি হোটেল পি পি খি মডেলে তা প্রায় কমপ্লিটের পথে। হাইএন্ড ট্যুরিজম এবং স্টার ক্যাটাগরি যে রিসর্টগুলো আমাদের তৈরি করার কথা, সেটার এল ও আই আমরা ইতিমধ্যে ইস্যু করেছি। আপফ্রন্ট পেমেন্ট একটি বেসরকারি সংস্থা করেছে। আর একটি বেসরকারি সংস্থা এখনও আপফ্রন্ট পেমেন্ট করেনি। আমাদের আধিকারিকরা বোম্বেতে গিয়ে তাদের সাথে মিটিং করেছে। আমরা এক্সপেক্ট করছি, খুব তাড়াতাড়ি এই প্রজেক্টগুলোর কাজ হবে। এছাড়াও ফুড কোর্ট তৈরি করা, নেচার পার্ক তৈরি করা এবং ফিসারম্যানদের জীবনেশৈলীকে নিয়ে ওখানে একটা ইকো ভিলেজ তৈরি করা- এই কাজগুলো কিছুটা পর্যটন দপ্তর করবে এবং ওখানে পর্যটন দপ্তর নিজেদের রিসর্ট তৈরি করবে। সেই কাজের চূড়ান্ত পরিকল্পনা আমরা তৈরি করেছি। কিছু দিনের মধ্যে সেই কাজ আমরা শুরু করব।

.....(গোলমাল).....

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইতিমধ্যে ঝড়খালি সম্বন্ধে তাঁর চিন্তা-ভাবনার কথা পরিষ্কারভাবে তুলে ধরতে পেরেছেন। আমরা ওনাকে স্বাগত জানাই। আমার অতিরিক্ত প্রশ্ন- এই প্রকল্পটি সম্পূর্ণ হলে পর পর্যটকদের কাছাকাছি প্যাকেজ ট্যুরের অন্তর্গত অন্যান্য আকর্ষণীয় পর্যটন স্থানগুলির সঙ্গে এই ইকো-ট্যুরিজম প্রকল্পটি কি সমাদৃত হবে বলে কি আপনি মনে করেন ?

.....(গোলমাল).....

শ্রী গৌতম দেব : এটা ডেফিনিটলি যে, কোন জায়গার ট্যুরিস্টরা, সাধারণত একটা ডেস্টিনেশান পয়েন্টে যাওয়া পছন্দ করেন না। যখন একজন ট্যুরিস্ট বা একটা গ্রুপ অফ ট্যুরিস্টস একটা জায়গা ভিজিট করেন, তখন তারা চান তার আশেপাশে যদি ট্যুরিজম সার্কিট থাকে, তাহলে একটা মূল কেন্দ্রকে বেস করে তার সারাউন্ডিং এলাকাগুলো তাঁরা ঘুরে আসতে পারেন এবং প্রত্যক্ষ করতে পারেন।

.....(গোলমাল).....

.....(এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্যগণ এবং বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের সদস্যগণ মাননীয় অধ্যক্ষ মহোদয়ের পোডিয়ামের সামনে দাঁড়িয়ে স্লোগান দিতে থাকেন)....

....(নয়েজ)... সেই দিকে আমরা যত্নশীল হয়েছি। সারা ভারতবর্ষে এবং পৃথিবীতে এই সার্কিট ট্যুরিজম-টা খুব জনপ্রিয়। সুন্দরবনে অসংখ্য ভূখণ্ড, অসংখ্য দ্বীপ আছে - পাখিরালয়, সজনেখালি এবং আরও অন্যান্য জায়গা আছে। সেই জায়গাগুলোতে যাতে সার্কিটগুলো গড়ে ওঠে এবং পর্যটকদের কাছে একটা আন্তর্জাতিক মানের পর্যটন কেন্দ্র হয়ে ওঠে আর যেখানে বিদেশি পর্যটকদের আকর্ষণের অন্যতম কেন্দ্র একদিকে হিমালয় রিজিয়ন ও একদিকে সুন্দরবন আছে। সুতরাং, এই সার্কিট ট্যুরিজম গড়ে তোলার ক্ষেত্রে পর্যটন দপ্তর সক্রিয়ভাবে কাজ করছে। আমরা এই সার্কিট ট্যুরিজমকে প্রোমোট করছি এবং এই কাজটা করব। ....(নয়েজ)...

জলপথে পর্যটন

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৫) **শ্রী কালীপদ মন্ডল :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে রাজ্যে জলপথে পর্যটনের কী কী ব্যবস্থা আছে?

শ্রী গৌতম দেব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, বর্তমানে পর্যটন দপ্তর জল পথ দিয়ে অনেকগুলো পর্যটনের ব্যবস্থা করেছে। সবচেয়ে যেটা ইমপর্টেন্ট সেটা হ'ল, সুন্দরবন যেখানে বিশেষ করে শীতকালে আমাদের দু'টো সুসজ্জিত ভেসেল আই.এম.ভি চিত্রলেখা এবং এম.ভি স্বর্ণজা সেগুলো রেগুলার সুন্দরবনে থাকে, ট্যুর নিয়ে যায়। বেলুরমঠ এবং দক্ষিণেশ্বরের জন্য আমরা সপ্তাহান্তিক ট্যুরিজমের ব্যবস্থা করেছি। সেই জায়গাগুলিতে পর্যটকরা নিয়মিত যায়। এছাড়া আমরা নামখানা এবং গাদিয়ারায় গো ফিসিং-এর প্যাকেজ দিয়েছি। দুর্গাপূজার সময় গঙ্গাবক্ষে বিশেষ ট্যুর প্যাকেজের ব্যবস্থা আছে। আমরা সেখানে গঙ্গাবক্ষে ট্যুর প্যাকেজের ব্যবস্থা করেছি। এছাড়া আমরা বেসরকারি সংস্থার সাহায্য নিয়ে গঙ্গা দিয়ে নয়াপুরে যাওয়া এবং সেখান থেকে ফেরৎ আনার ব্যবস্থা করেছি। বেলুরমঠ এবং দক্ষিণেশ্বরে সন্ধ্যা আরতি দেখে ফিরে আসা। এই পরিকল্পনাগুলো আমরা ইতিমধ্যেই নিয়েছি। ...(নয়েজ)...

শ্রী কালিপদ মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন, গাদিয়ারা পর্যটন কেন্দ্র তিনটি নদীর মোহনায় অবস্থিত। এই গাদিয়ারা পর্যটন কেন্দ্রের উন্নয়নের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রী গৌতম দেব : গাদিয়ারা একটা খুব সুন্দর জায়গা এবং তিনটি নদী এখানে মিট করছে। গাদিয়ারায় আরও সুন্দর করে পর্যটনকে গড়ে তুলব। এখানে যে মাল্টিফাংশানাল এরিয়া আছে, সেটাকে আমরা ঢেলে সাজাচ্ছি এবং আমরা চেষ্টা করব আর কোনও বেসরকারি সংস্থা যদি এটা নিয়ে চালাতে চায়, তার জন্য আমরা E.O.Y. করব। তাছাড়া ওখানে যে ওয়াটার বডিজ আছে, সেই ওয়াটার বডিজ-কে সুন্দর করে গড়ে তুলব যাতে আগামীদিনে গাদিয়ারায় ট্যুরিস্ট ইনফো, ট্যুরিস্ট ফুটফল-টা আরও অনেক বেশি বৃদ্ধি পায়। ....(নয়েজ)...

কুড়মী সমাজ উন্নয়ন বোর্ড গঠন

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০) **শ্রী শ্রীকান্ত মাহাত :** অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কুড়মী সমাজ উন্নয়ন বোর্ড গঠনের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) বর্তমান আর্থিক বছরে উক্ত ক্ষেত্রে কত টাকা বরাদ্দ করা হয়েছে?

শ্রীচূড়ামণি মাহাত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী শ্রীকান্ত মাহাত মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই, ক) পশ্চিমবঙ্গ কুড়মি উন্নয়ন ও সাংস্কৃতিক পর্ষদ গঠনের প্রস্তাবটি মন্ত্রিসভার অনুমোদন লাভ করেছে। খুব শীঘ্রই এ ব্যাপারে সরকারি বিজ্ঞপ্তি গেজেট আকারে প্রকাশিত হবে।

খ) বর্তমানে আর্থিক বছরে এখনও পর্যন্ত কুড়মি সমাজ উন্নয়ন খাতে কোনও অর্থ অনুমোদন করা হয়নি। ....(নয়েজ)...

..... (গোলমাল) .....

.... (এই সময় মাননীয় বিরোধী সদস্যদের মাননীয় স্পীকার সাহেবের চেয়ারের কাছে এবং ওয়েলে নেমে স্লোগান দিতে দেখা যায়।) .....

শ্রী শ্রীকান্ত মাহাত : তাহলে এই বোর্ড গঠনের পর কতদিনের মধ্যে কাজ-কর্ম শুরু করতে পারবে?

শ্রীচূড়ামণি মাহাত : মাননীয় স্পীকার মহাশয় 'পশ্চিমবঙ্গ কুড়মি উন্নয়ন ও সাংস্কৃতিক পর্ষৎ' গঠনের সরকারি বিজ্ঞপ্তি গেজেট আকারে প্রকাশিত হয়েছে। অতিশীঘ্রই আমাদের এই কুড়মি সমাজ থেকে যাঁরা যাঁরা আমাদের এই বোর্ডের মধ্যে থাকবেন তাঁদেরকে নেবার জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

Starred Questions

(to which answers were laid on the 'Table')

সরকারি স্পনসর্ড গ্রন্থাগারের সংখ্যা

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৪১) **শ্রী মানস মুখার্জী :** জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে সরকারি স্পনসর্ড গ্রন্থাগারের সংখ্যা মোট কটি; এবং

(খ) তন্মধ্যে, কটি গ্রন্থাগারে গ্রন্থাগারিক আছে?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ২৪৬০টি।

(খ) ১১৬৩ টি। বাকি গ্রন্থাগারগুলিতে নিয়মিত গ্রন্থাগারিক নেই। উক্ত গ্রন্থাগারগুলিতে পার্শ্ববর্তী গ্রন্থাগারের গ্রন্থাগারিকদের অতিরিক্ত দায়িত্ব দিয়ে চালানো হচ্ছে।

অজয় নদের বাঁধ সংস্কার

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭) **শ্রীমতী শ্যামলী প্রধান :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

নানুর বিধানসভা কেন্দ্রে অজয় নদ তীরবর্তী বন্যাকবলিত অঞ্চলগুলির সমস্যা সমাধানে সরকার অজয় নদ বাঁধ সংস্কারের কোন পরিকল্পনা গ্রহণ করেছে কি না?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

বীরভূম জেলার নানুর বিধানসভা কেন্দ্রে অজয় নদীর ভাঙন প্রতিরোধে একটি ৭.৭ কি.মি. দৈর্ঘ্যের ভাঙন-রোধী কাজ হাতে নেওয়া হয়েছে, যার ব্যাপ্তি বাহিরী-পঞ্চসোয়া এবং সিংহি গ্রাম পঞ্চায়েত এলাকার অজয় নদীর বাম তীর প্রকল্পের ব্যয়মূল্য ৮.৩৬ কোটি টাকা।

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ কর্তৃক অর্থ বরাদ্দ

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩) **শ্রী নর্মদা চন্দ্র রায় :** উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১৫-১৬ অর্থবর্ষে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ কত সংখ্যক পরিকল্পনা চূড়ান্ত করে অর্থ বরাদ্দ করেছিল; এবং

(খ) তার মধ্যে কতগুলির কাজ সমাপ্ত হয়েছে?

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ৫৮১ টি প্রকল্প।

(খ) ৪৫০ টি প্রকল্প।

শূন্যপদে কর্মী নিয়োগ

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০২) **শ্রী প্রদীপ কুমার সাহা :** জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্য জুড়ে জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের শূন্যপদগুলিতে সরকার কর্মী নিয়োগ করতে চলেছে; এবং

(খ) সত্যি হলে, কত সংখ্যক কর্মী নিয়োগ হবে বলে আশা করা যায় ?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) হ্যাঁ সত্যি। রাজ্য জুড়ে জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের শূন্য পদগুলিতে সরকার খুব শীঘ্রই কর্মী নিয়োগ করতে চলেছে।

(খ) ডিসেম্বর ২০১৫ থেকে অক্টোবর ২০১৬ পর্যন্ত সৃষ্ট আনুমানিক ৩০০ শূন্যপদে কর্মী নিয়োগ করা হবে।

পশ্চিমাঞ্চলে উদ্যানগুলির উন্নয়নের কর্মসূচী

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৭২) **শ্রী অসিত মিত্র :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার পশ্চিমাঞ্চলের ৫টি জেলায় উদ্যানগুলির উন্নয়নের জন্য বিশেষ কর্মসূচী গ্রহণ করতে চলেছে; এবং

(খ) সত্যি হলে, ২০১৭ সালের ১৫ই জানুয়ারি পর্যন্ত তার কতখানি অগ্রগতি হয়েছে?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) হ্যাঁ।

(খ) গত ৩০/১১/২০১৬ তারিখে দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়ের সভাপতিত্বে মুখ্যসচিবের কার্যালয়ে একটি রাজ্য স্তরের কমিটির মিটিং হয়েছে।

এর পর ২৭/০১/২০১৭ তারিখে বাকুড়ায় পশ্চিমাঞ্চলের পাঁচটি জেলা, প্রতি জেলায় তিনটি নির্বাচিত ব্লক ও তার মধ্যে নির্বাচিত সর্বাধিক ২৭টি গ্রাম পঞ্চায়েত থেকে জনপ্রতিনিধি ও বিভিন্ন আধিকারিকদের নিয়ে ভবিষ্যতে যে কাজগুলি হবে তার পর্যালোচনা হয়েছে।

সবুজসাথী প্রকল্প

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৮) **ডঃ সুখবিলাস বর্মা :** অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১০-১১ থেকে ২০১৪-১৫ পর্যন্ত আর্থিক বছর ভিত্তিক রাজ্যের স্কুল ছাত্রছাত্রীদেরকে কত সাইকেল বিতরণ করা হয়েছে;

(খ) সবুজসাথী প্রকল্পে ২০১৫-১৬ সালে সাইকেল বিতরণের জন্য বাজেটে কত টাকা ধরা হয়েছিল;

(গ) উক্ত বছরে মোট কত সংখ্যক সাইকেল বিতরণ করা হয়েছে ও তার জন্য কত টাকা খরচ হয়েছে; এবং

(ঘ) উক্ত প্রকল্পে ২০১৬-১৭ আর্থিক বছরে কত টাকা ধরা আছে?

অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ২০১০-১১, ২০১১-১২ এবং ২০১২-১৩ আর্থিক বছরে তপশিলি উপজাতির নবম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের যথাক্রমে ৯৪১৮টি, ৩৯,৭৮৯টি এবং ১১,০৭৮ টি সাইকেল বিতরণ করা হয়েছে। ২০১৩-১৪ অর্থবর্ষে ৪৬২৭০টি সাইকেল বিতরণ করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবর্ষে সকল জেলার নবম থেকে দ্বাদশ শ্রেণীতে পাঠরত তপশিলি উপজাতির ছাত্রীদের ৬০,৪৫৭টি এবং ২৩ টি LIVE ব্লকে সর্বস্তরের নবম থেকে দ্বাদশ শ্রেণীর পাঠরত ছাত্রীদের ৩০,৮৫৭ টি সাইকেল বিতরণ করা হয়েছে।

(খ) সবুজসাথী প্রকল্পে ২০১৫-১৬ সালে বাজেট বরাদ্দ ছিল ১০ কোটি টাকা।

(গ) ২৫,৩৪০০০টি সাইকেল বিতরণ করা হয়েছে। এ বাবদ খরচ হয়েছে ৮১৮ কোটি টাকা অর্থদপ্তর থেকে প্রাপ্ত বর্ধিত বরাদ্দের পরিমাণ ৮০৮ কোটি টাকা।

(ঘ) উক্ত প্রকল্পে ২০১৬-১৭ আর্থিক বছরে বাজেট বরা ২০ কোটি টাকা ধরা হয়েছে।

পদ্মানদীর ভাঙ্গন প্রতিরোধে অর্থ বরাদ্দ

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৩) **শ্রী মহসীন আলী :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পদ্মানদীর ভাঙ্গন প্রতিরোধে গত বছর ভগবানগোলার জন্য কত টাকা বরাদ্দ হয়েছিল;

(খ) বর্তমান আর্থিক বর্ষে এই প্রকল্পে ঐ স্থানে সরকারের কোন কাজ করার পরিকল্পনা আছে কি না; এবং

(গ) থাকলে, বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ভগবানগোলা বিধানসভা কেন্দ্র এলাকায় পদ্মানদীর ভাঙন প্রতিরোধে এই বিভাগ ২০১৫-১৬-তে মোট ২.৭৪ কোটি টাকা বরাদ্দ করেছিল।

(খ) ২০১৬-১৭ আর্থিক বর্ষে ভগবানগোলা-১ নং ব্লকের হনুমতনগরে একটি ভাঙনরোধী কাজ হাতে নেওয়া হয়েছে।

(গ) এই প্রকল্পের অনুমোদিত ব্যয়মূল্য ১.২৮ কোটি টাকা।

কোচবিহার জেলায় নদী ভাঙ্গন রোধে গৃহীত প্রকল্প

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৪) **শ্রী হিতেন বর্মন :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত পাঁচ বছরে কোচবিহার জেলায় নদী ভাঙ্গন রোধে কতগুলি প্রকল্প গৃহীত হয়েছে;

(খ) বর্তমান আর্থিক বছরে আনুমানিক কতগুলি প্রকল্প গৃহীত হবে; এবং

(গ) উক্ত প্রকল্পে মানসাই ও ধরলা নদীতে কতগুলি বাঁধ তৈরি হবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ২০১১-১২ থেকে ২০১৫-১৬ অবধি এই পাঁচ বছরে কুচবিহার জেলায় মোট ৭৪ টি নদী ভাঙনরোধী প্রকল্প রূপায়িত হয়েছে।

(খ) ২০১৬-১৭ অর্থবর্ষে কুচবিহার জেলায় তিনটি নদী ভাঙনরোধী কাজ চলছে।

(গ) এর মধ্যে মানসাই নদীর উপর দুটি কাজ এবং ধরলা নদীর উপর একটি কাজ চলছে। এগুলি মূলত নদীপাড়ে ভাঙনরোধী কাজ।

উত্তরবঙ্গে পর্যটন ব্যবস্থার উন্নয়ন

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৮) **শ্রী নগেন্দ্র নাথ রায়** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) উত্তরবঙ্গের পর্যটন ব্যবস্থাকে ঢেলে সাজানোর পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) কোচবিহার জেলার পর্যটনের ক্ষেত্রে কোন্ কোন্ প্রকল্প গ্রহণ করা হয়েছে?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) হ্যাঁ আছে।

(খ) কোচবিহার জেলার পর্যটনের ক্ষেত্রে নিম্নলিখিত প্রকল্পগুলি সাম্প্রতিককালে গ্রহণ করা হয়েছে।

১) কোচবিহারের মদনমোহন মন্দির ও সংলগ্ন অঞ্চলের পরিকাঠামো উন্নয়ন। প্রকল্প ব্যয় ৩৫.০৪ লক্ষ টাকা।

২) কোচবিহারের আনন্দময়ী ধর্মশালার পরিকাঠামো উন্নয়ন। প্রকল্প ব্যয় ২৭.৪২ লক্ষ টাকা।

৩) গড় কাটেশ্বর অঞ্চলে সীমা নির্ধারক পরিকাঠামো নির্মাণ। প্রকল্প ব্যয় ২৪.৭৩ লক্ষ টাকা।

৪) বৈরাগী দীঘি অঞ্চলের সৌন্দর্য্যায়ন এবং অন্যান্য পর্যটনভিত্তিক পরিকাঠামোর উন্নয়ন। প্রকল্প ব্যয় ২ কোটি টাকা।

রানিগঞ্জ বিধানসভার স্কুলগুলিতে সাইকেল বিতরণ

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৩) **শ্রী রুনু দত্ত** : অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) এটা কি সত্যি যে, রানিগঞ্জ বিধানসভার অন্তর্গত স্কুলগুলিতে সাইকেল বিতরণ করা হয়েছে;

(খ) সত্যি হলে, তার সংখ্যা কত; এবং

(গ) কোন্ স্কুলে কত সাইকেল দেওয়া হয়েছে?

অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) হ্যাঁ।

(খ) রানিগঞ্জ ব্লক ও মিউনিসিপ্যালিটি এলাকায় মোট ৮৮৪৫ টি সাইকেল বিতরণ করা হয়েছে। এর মধ্যে ব্লকে ২৬৫৮টি এবং মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত এলাকায় ৬১৮৭ টি সাইকেল বিতরণ করা হয়েছে।

(গ) মোট ১৮টি স্কুলে ৮৮৪৫টি সাইকেল বিতরণ করা হয়েছে। সংযোজনীতে স্কুলের নাম ও সাইকেল সংখ্যা দেওয়া হয়েছে।

সংযোজনী - ২ (ব্লক ভিত্তিক)

ক্রমিক নং	বিদ্যালয়ের নাম	বিতরিত সাইকেলের সংখ্যা
১	বক্তারনগর হাইস্কুল	২২৭
২	বল্লভপুর রঘুনাথচক জুনিয়র হাইস্কুল	৩৬
৩	বল্লভপুর রামগোপাল সরাফ বিদ্যাপীঠ (উঃ মাঃ)	৪৯৪
৪	চেলোড় হাইস্কুল (উঃ মাঃ)	৪১২
৫	জে কে নগর হাইস্কুল (উঃ মাঃ)	১১৩৬
৬	ওল্ড এগরা হাইস্কুল (উঃ মাঃ)	১৯২
৭	রতিবাটি হিন্দী হাইস্কুল	১৬১
	মোট	২৬৫৮

কান্দী মাস্টার প্ল্যান

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭০) **শ্রী অপূর্ব সরকার :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কান্দী মাস্টার প্ল্যান-এর কাজ কোন্ পর্যায়ে; এবং

(খ) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে কেন্দ্রীয় সরকার কত টাকা বরাদ্দ করেছে (বছর ওয়াড়ি)?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় 'কান্দী মাস্টার প্ল্যান' এই প্রকল্পের কাজের অগ্রগতি সন্তোষজনক। নদীবাঁধ দৃঢ়করণ এবং নিকাশি নালাগুলির সংস্কারের কাজ প্রায় ৫০ শতাংশ সম্পূর্ণ হয়েছে। তিনটি সেতু নির্মাণের কাজও প্রায় ৪০ শতাংশ শেষ হয়েছে। প্রকল্পে অনুমোদিত সুইস সংস্কারের কাজ এবং সেতু সম্প্রসারণের কাজগুলি এরপর শুরু হবে। তবে প্রয়োজনের তুলনায় অনুমোদিত কেন্দ্রীয় অনুদান অত্যন্ত অপ্রতুল এবং অনিয়মিত হওয়ায় প্রকল্পের কাজ ব্যহত হয়েছে।

(খ) ৩১শে ডিসেম্বর ২০১৬ সাপেক্ষে, প্রকল্পটিতে মাত্র ২৪.৯৯ কোটি টাকা কেন্দ্রীয় অনুদান পাওয়া গেছে, যেখানে ওই সময় অবধি প্রকল্পের ব্যয় হয়েছে ১১৫.১৭ কোটি টাকা, যার ৭৫ শতাংশ অর্থাৎ ৮৬.৩৮ কোটি টাকা কেন্দ্রীয় অনুদান পাওয়ার কথা। এরমধ্যে ২০১৩-১৪ এবং ২০১৬-১৭-তে যথাক্রমে ১২.৩৮ কোটি টাকা এবং ১২.৬১ কোটি টাকার কেন্দ্রীয় অনুদান পাওয়া গেছে। ২০১৪-১৫ এবং ২০১৫-১৬-তে কোন কেন্দ্রীয় অনুদান পাওয়া যায়নি।

Development Projects in Chanchal Sub-Division

*781 (Admitted Question No. *481) **Shri Alberuni Zulkarnain :** Will the Minister-in-Charge of the North Bengal Development Department be pleased to state —

(a) the no. of development projects taken up during the last three financial years in the areas of Chanchal Sub-Division of Malda District; and

(b) the project cost thereof?

Minister-in-Charge of the North Bengal Development :

1.

Years	No. of Schemes
2013-2014	2
2014-2015	0
2015-2016	3
Total	5

2. Total cost Rs. 2690.17 Lakh

উত্তরবঙ্গ উন্নয়নে অর্থ বরাদ্দ

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯১) **শ্রী মোস্তাক আলম** : উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, উত্তরবঙ্গ উন্নয়ন খাতে কেন্দ্রীয় সরকার কোন অর্থই বরাদ্দ করেনি; এবং

(খ) সত্যি হলে, বর্তমান ২০১৬-১৭ আর্থিক বছরে উক্ত খাতে রাজ্য সরকার কত টাকা বরাদ্দ করেছে?

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উত্তরবঙ্গের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গ সরকারের উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগকে এয়ারৎ কোন অর্থ বরাদ্দ করা হয়নি।

(খ) ২০১৬ আর্থিক বর্ষে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের পরিকল্পনা হাতে বরাদ্দকৃত অর্থ নিম্নরূপে:

কোর বাজেট	৩১৩.৪৭ কোটি টাকা
আর আই ডি আফ	১৩০.০০ কোটি টাকা
প্রবেশকর খাত	৪৯.০০ কোটি টাকা
মোট	৪৯২.৪৭ কোটি টাকা

সুন্দরবনে বাঘের সংখ্যা

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৫) **শ্রী রামশঙ্কর হালদার** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে সুন্দরবনে বাঘের সংখ্যা কত; এবং

(খ) সরকারি তত্ত্বাবধানে বাঘের সংখ্যা বাড়ানো সম্ভব হচ্ছে কি না?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) সর্বশেষ ২০১৪ সালের ব্যাঘ্র গণনা অনুসারে সুন্দরবনে বাঘের সংখ্যা ৭৬ টি।

(খ) বাঘের সংখ্যা বৃদ্ধির জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে -

১. ব্যাঘ্র প্রকল্পের 'কোর এলাকা'য় সমস্ত রকম নিষ্কাশন ও কাজ কর্ম বন্ধ করা হয়েছে যাতে বাঘের প্রজনন ব্যাহত না হয়।

২. বাঘের আবাস উন্নয়ন মূলক কাজকর্মগুলি হল–

(ক) সুন্দরবন অঞ্চলে ক্ষয়িষ্ণু ও কর্দমাক্ত সমতলে কৃত্রিম উপায়ে বাদাবন সৃষ্টি করা,

(খ) সুন্দরবন অঞ্চলে চিহ্নিত এলাকায় পুকুর খনন করে পশুদের মিষ্টি জলের ব্যবস্থা করা,

(গ) বাঘের শিকার প্রাণী বৃদ্ধির জন্য ঘাস প্রভৃতি খাদ্যের চাষ করা,

(ঘ) মৃত্তিকা সংরক্ষণের ব্যবস্থার মাধ্যমে সুরক্ষা,

৩. বাঘের খাদ্য বৃদ্ধির জন্য হরিণ, প্রভৃতি ছাড়া।

৪. সুরক্ষা ব্যবস্থা জোরদার করা–

(ক) সুন্দরবন অঞ্চলে লঞ্চ, স্পিড বোট প্রভৃতির সাহায্যে দিনরাত নজরদারীর ব্যবস্থা,

(খ) বনের অভ্যন্তরে ও প্রান্তিক এলাকায় বেতার ঘাটি ও টহলদারী ক্যাম্প স্থাপন,

(গ) ওয়াচ টাওয়ার ও ভাসমান ক্যাম্পের মাধ্যমে দেখভাল ব্যবস্থা,

(ঘ) যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, বেতার ও আগ্নেয়াস্ত্র প্রভৃতির জোগান।

৫. জঙ্গলের বাইরে চলে আসা বন্ধ করার জন্য জলের পাড় বরাবর বাঁশ ও নাইলন জালের বেড়া দেওয়া এবং বিপথগামী বাঘকে ঘুমপাড়ানি ঔষধের সাহায্যে অথবা খাচায় বন্দির মাধ্যমে উদ্ধার করে জঙ্গলে ছেড়ে দেওয়া।

৬. বনসুরক্ষা ও বাস্তু উন্নয়ন কমিটির সাহায্যে সুরক্ষা এবং বাস্তু উন্নয়ন প্রকল্প চালু করা।

৭. প্রান্তিক গ্রামগুলিতে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচারের ব্যবস্থা।

৮. প্রাত্যহিক তদারকি ব্যবস্থা ও ভৌগোলিক তথ্যব্যবস্থা গড়ে তোলা।

৯. রেডিয়ো-কলার এর মাধ্যমে বাঘের গতিবিধির তথ্য সংরক্ষণ করা এবং তা থেকে ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণ করা।

Report to the House under Rule 233

(12:00-12:15 p.m)

Mr. Speaker : Hon'ble Members, I have received a communication from Commissioner of Police, Kolkata under rules 231 and 232 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal legislative Assembly. I read it out.

(Here take a printed copy of the Communication from Commissioner of Police, Kolkata attached with the copy only marked A)

SECRET/IMMEDIATE

GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE COMMISSIONER OF POLICE, KOLKATA
LALBAZAR, 18, LALBAZAR STREET, KOLKATA-700 001.

SBCR Memo No. 31(4)-/PM 998/2017 Dated 15.02.17

To
The Hon'ble Speaker,
West Bengal Legislative Assembly,
Kolkala.

Sir,

I have the honour to inform you that Shri Manoj Chakraborty, MLA alongwith the Amitabha Chakraborty [MLA] & 500 others including 25 ladies were arrested by police today (15.2.17) at about 15.15 hrs on S.N. Banerjee Road in front of Big Bazar. They were arrested vide New Market P.S. Part-II C/No. 1 dt. 15.2.17 u/s 151 Cr.P.C. Immediately after arrest they were placed before Ld. 17th Metropolitan Magistrate, Kolkata at the spot with a prayer for remanding discharge and subsequently they were discharged under order of Ld. Court.

Yours faithfully

For COMMISSIONER OF POLICE,
KOLKATA

SBCR Memo No. 31(4) /PM 998/2017 Dated: 15.02.17

Copy forwarded to:

1. The Deputy Speaker,
   West Bengal Legislative Assembly, Kolkata
2. Shri M. K. De
   Addl. Chief Secretary (Home)
   & Home Secretary, Govt. of West Bengal
   Nabanna, HRBC Building Mandirtala, Howrah.
3. Shri G. Singh
   Addl. Director General of Police,
   Intelligence Branch, West Bengal

for favour of information,

For COMMISSIONER OF POLICE
KOLKATA

This communication was received from Commissioner of Police, Kolkata.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received one notice of Calling Attention from Shri Abdul Khaleque Molla on the subject of urge for reshifting of garden Reach Rationing Office from Lake Gardens to its old place. I admit it. The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের সঙ্গে কথা বলে উত্তরটি তিনি কবে দেবেন তা পরে জানানো হবে।

MENTION CASES

শ্রী প্রদীপ কুমার সাহা : ... (NOT RESPONDENT) ...

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে বক্তব্য রাখছি। আমার মেটিয়াব্রুজ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত দুটি কলেজ আছে। একটা 'পাতুড় কলেজ' এবং অন্যটা হচ্ছে 'মেটিয়াবুরুজ কলেজ'। বিরাট বড় বিল্ডিং এবং ওখানে অনেক infrastructure আছে ; বহু ছাত্রছাত্রীও আছে। কিন্তু স্যার দুঃখের বিষয় ওখানে শুধু 'কলা বিভাগ' আছে ; কমার্স ও সায়েন্স পড়ানোর ব্যবস্থা নেই। এটা বিরাট বড় একটা কেন্দ্র। প্রায় ১০ লক্ষ মানুষের বাস, বহু ছাত্রছাত্রী আছে। স্যার আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীকে অনুরোধ করছি, উক্ত মেটিয়াবুরুজ কলেজ ও পাতুড় কলেজে যাতে অবিলম্বে কমার্স ও সায়েন্স বিভাগ চালু করা হয়।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ডঃ বি.আর. আম্বেদকর শুধু ভারতের সংবিধানই রচনা করেননি তিনি দেশকে স্বাধীন করার জন্য তাঁর লেখনীর মাধ্যমে বিভিন্ন মানুষকে উদ্বুদ্ধ করেছেন, দেশপ্রেমের কথা জানিয়েছেন, দেশকে স্বাধীন করতে হবে। স্যার আরো বলি, মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই, তিনি মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর অনুপ্রেরণায় স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় স্থাপন করেছেন। শীঘ্রই যাতে ডঃ বি.আর. আম্বেদকরের নামে পাঠ্যপুস্তক স্কুলে চালু করা হয় তার আবেদন জানাচ্ছি।

.....(তুমুল গোলমাল).....

(এই সময় মাননীয় বিরোধী সদস্যগণ বিধানসভার ওয়েলে নেমে বিক্ষোভ দেখাতে থাকেন).....

ডাঃ এম. নুরুজ্জমান : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভারত পথিক রাজা রামমোহন রায়ের জন্মস্থান আমার বিধানসভা কেন্দ্র পুড়শুড়ার রাধানগর গ্রামে।....(গোলমাল)....মাননীয়া মুখ্যমন্ত্রী রামমোহনের জন্মস্থান উন্নয়নের জন্য ৫০ লক্ষ টাকা দিয়েছেন। তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। কিন্তু ওই জায়গায় একটা বিশ্ববিদ্যালয় দরকার। রামমোহনের একটা আবেগ আছে, রামমোহন আমাদের অলঙ্কার। তাই রামমোহন রায়কে কেন্দ্র করে রামমোহন বিশ্ববিদ্যালয় করার জন্য গত বিধানসভা অধিবেশনে আমি দাবি জানিয়েছিলাম। ....(গোলমাল).... আমি এবারও সেই দাবি জানাচ্ছি। হুগলি জেলার ছেলেদের উচ্চ শিক্ষার জন্য বর্ধমানে যেতে হয়। তাই ওখানে রামমোহন বিশ্ববিদ্যালয় থাকা জরুরি। রামমোহন বিশ্ববিদ্যালয় অনতিবিলম্বে করার জন্য আমি সরকারের কাছে, শিক্ষামন্ত্রীর কাছে এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। ধন্যবাদ।....(গোলমাল)...

শ্রী দীপক কুমার হালদার : ....(গোলমাল)...মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, পশ্চিমবঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে স্বাস্থ্য ক্ষেত্রে একটা ব্যাপক উন্নতি হচ্ছে। আমরা দেখেছি সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে সুপার স্পেশালিটি হাসপাতাল থেকে শুরু করে, এসএনসিইউ থেকে শুরু করে, ডিজিটাল এক্সরে থেকে শুরু করে, ডায়াগনেস্টিক সেন্টার শুরু করে, ন্যায্য মূল্যের ঔষুধের দোকান থেকে শুরু করে বিভিন্ন ক্ষেত্রে আজকে সর্ব মানুষের সুচিকিৎসার জন্য এবং বিনা পয়সায় চিকিৎসার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কিন্তু কখনও কখনও বিরোধী পক্ষের নেতারা বলেন ডাক্তার নেই। .... (গোলমাল).... ডাক্তার তো সঙ্গে সঙ্গে তৈরি করা যায় না। আজকে সেই ডাক্তার তৈরি করার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় সারা পশ্চিমবঙ্গে নতুন করে সিট বাড়ানোর চেষ্টা করছেন। দুটো মেডিক্যাল কলেজ করেছেন, ঠিক তেমনই ভাবে ৫ টি নতুন মেডিক্যাল কলেজ তৈরি করে আজকে ডাক্তার তৈরি করার সিদ্ধান্ত নিয়েছেন।....(গোলমাল)....যার মধ্যে ডায়মন্ডহারবারে একটা নতুন মেডিক্যাল কলেজ তৈরি হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কাজও শুরু হয়েছে। এজন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আমরা ডায়মন্ডহারবারবাসীর পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করছি। নমস্কার।

(At this stage The House was adjourned till 1.15PM)

[1:15 – 1:20 p.m.]

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী অশোক ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্যার আমি মাননীয় অর্থমন্ত্রী অনারেবেল মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় যে বাজেট পেশ করেছেন, আমি এটা পড়েছি, গতকালই আমি এটা পেয়েছি - কারণ আমি এখানে ছিলাম না। তার সাথে বাজেট এ্যাট এ গ্ল্যান্স, ফিসকাল পলিসির স্টেটমেন্ট ইত্যাদি যতটা সম্ভব আমি পড়ে দেখেছি। কিন্তু প্রাকটিক্যালি এই বাজেটের মধ্য দিয়ে কী বলতে চেয়েছেন বুঝতে পারলাম না। বাজেট কী? বাজেট হচ্ছে একটা সরকারের দৃষ্টিভঙ্গী তার যে চিন্তাভাবনা তার রিফ্লেকশান ঘটে এই বাজেটের মধ্যে দিয়ে, সরকারের নীতিটি কী - এর একটা অর্থনীতির অংশ, অর্থনীতি নৈতিক দর্শনের একটা শাখা - আমি কোথা থেকে আয় করব, কোন্ জায়গায় আমি ব্যয়টা করব, আমার অগ্রাধিকারটা কি হবে - এই সবটা ঠিক হয় একটা বাজেট বক্তৃতার মধ্য দিয়ে কিন্তু আমি খুব ভাল করে দেখলাম মাননীয় অর্থমন্ত্রী খুব চেষ্টা করেছিলেন তিন-চারটে বিষয়কে প্রতিষ্ঠিত করতে। স্যার, আমি অঙ্কে খুব ভাল না - উনি অনেক ভাল হতে পারেন। কিন্তু আমার মনে হল যে উনি অঙ্কটা ভাল করে মেলাতে পারেননি। প্রথম কথা হচ্ছে, উনি চেষ্টা করেছেন বলার জন্য ডিমানিটাইজেশানটা আমাদের রাজ্যের আর্থিক ব্যবস্থাটার উপর কতটা ক্ষতিকারক হয়েছে, তার নেতিবাচক দিকগুলি কী। এটা তিনি বক্তৃতায় বলেছেন, বক্তৃতায় তিনি কাব্যও করেছেন, বক্তৃতায় তিনি এই বিষয়টা উল্লেখ করেছেন। কিন্তু অঙ্কে এই জায়গাটাতে উনি মেলাতে পারেননি। যেমন দেখবেন যে উনি একটা কথা প্রতিবারই বলেন, আবারও এই কথাটা বলেছেন যে বামফ্রন্ট সরকারের ঋণ। এই বামফ্রন্ট সরকারের এতো টাকা ঋণ এবং সেটা উনি বলেছেন যে 'আমি আঁতকে উঠি' - এই ফিগার দেখলে আঁতকে উঠবে। আমি সত্যি সত্যি আপনার দেওয়া তথ্য দেখে আঁতকে উঠছি। আমি এই বিষয়টাতে পরে আসব। আপনি যেটা এখানে বলেছেন যে - কেন্দ্রের অসহযোগিতা। ঠিকই তো কেন্দ্রীয় সরকারের বাজেটকে আপনি দিশাহীন, বোধহীন বলেছেন - একদম ঠিক, আমি আপনার সাথে একমত। কিন্তু আপনি এটা প্রমাণ করতে পারেননি আপনার টোটাল রেভিনিউ রিসিভস-এর মধ্য

দিয়ে যেটা আপনার বাজেটে রিফ্লেকটেড হয়েছে, সেটা দিয়ে আপনি প্রমাণ করতে পারেননি যে কেন্দ্রীয় সরকার আপনাকে কতটা অসহযোগিতা করেছে।

[1:20 – 1:30 p.m.]

আপনি কিন্তু এটাও প্রমাণ করতে পারেননি যে কেন্দ্রের কাছে কোন্ কোন্ বিষয়গুলিকে আপনার উপস্থাপনা করা উচিত। আমি গতবারও বলেছিলাম, আবারও বলছি। যেমন ধরুন 14th ফিনান্স কমিশনে রাজ্যগুলির প্রাপ্য ৩২ পার্সেন্ট থেকে ৪২ পার্সেন্ট হয়েছে। ১০ পার্সেন্ট বেড়েছে। আমি গতবারই আপনাকে বলেছিলাম যে আপনারা কেন্দ্রের কাছে অনেকগুলো বিষয় বলতে পারতেন। প্রথম কথা আপনারা বলতে পারতেন কেন্দ্র যখন সার চার্জ আদায় করে, এন্টায়ার ফিনান্স কমিশনের যে kity আছে, সেই ফিনান্স কমিশনের কিটির মধ্যে কেন এই সার চার্জটা যুক্ত হবে না। আপনিও বলেন, মুখ্যমন্ত্রীও বার বার বলেন একটা কথা যে রাজ্যগুলোর উপরে চাপ বেড়ে গিয়েছে। কেন্দ্রের থেকে রাজ্যের চাপটা বেড়ে যাচ্ছে। যেমন ধরুন জহরলাল নেহেরু আরবান রিনুয়াল মিশন, আই.এস.ডি.পি., বি.এস.ইউ.পি., UDPSSMT, এগুলোতে ৭৫-২৫ ছিল। ৭৫ কেন্দ্রীয় সরকারের ছিল। কোনোটাতে ৮০ পার্সেন্ট কেন্দ্রীয় সরকার দিত। কিন্তু এখন কি হচ্ছে কেন্দ্র রাজ্য প্রায় ৫০-৫০ হয়ে গিয়েছে। তার ফলে রাজ্যের উপরে আর্থিক দায়টা বাড়ছে। আপনি কী করতে পারতেন? কেন্দ্রের কাছে এই টাকাটা আপনি চাইতে পারতেন। মুখে অনেক কথা বলছেন বার বার করে। ঋণের টাকাটাকে বাতিল করে দেওয়া হোক, সুদটাকে কমিয়ে দেওয়া হোক -এটাও আপনি বলতে পারতেন। আপনি কিন্তু এগুলো কোনোটা বলেননি। এবার বাজেটে আপনি যেটা করেছেন, আর একটা কথা বলেছেন - দুটো তিনটে ভালো কথা বলেছেন। যেমন যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার কথা। যুক্তরাষ্ট্রীয় এবং গণতান্ত্রিক ব্যবস্থার উপরে কী ভাবে আক্রমণ করছে কেন্দ্র তা আপনি বলেছেন। যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার মানেটা কি? যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার মানেটা হচ্ছে কেন্দ্র, রাজ্য এবং স্থানীয় সরকার। কেন্দ্র যেভাবে রাজ্যের উপর হস্তক্ষেপ করছে এবং রাজ্যের অধিকারের উপর হস্তক্ষেপ করতে চাইছে, রাজ্যের পাওনাটা দিতে চাইছে না বিভিন্ন ক্ষেত্রে। ঠিক রাজ্যও কিন্তু একই ভাবে নীচের যে লোকাল self গভর্নমেন্টগুলো আছে, তাদের যে পাওনাগুলো আছে, সেই পাওনাগুলো, কিন্তু আপনার সরকার দিতে চাইছে না। যেমন ধরুন আপনি কি করছেন? 14th Finance কমিশনের টাকাটা এল, আপনি ভালো করে একটু খবর নিয়ে দেখবেন 14th ফিনান্স কমিশনের টাকা আসবার পরে ৪-৫ মাস পর্যন্ত আপনি টাকাটাকে আটকে রেখে দিয়েছেন। সেই টাকাটা অনেক পরে আপনি দিয়েছেন। অভিরূপ সরকারের নেতৃত্ব ফোর্থ স্টেট ফিনান্স কমিশন রিপোর্ট দিয়ে দিয়েছে ২০১৩ সালে, they have already submitted the report to you পেয়ে গিয়েছেন আপনি। তার পরেও কিন্তু এখনও থার্ড ফিনান্স কমিশন চলছে। থার্ড ফিনান্স কমিশনের টাকা আপনি কিন্তু নিজের মতো করে আপনার বিভিন্ন দপ্তর যেখানে ভালো লেগেছে তাকে দিয়েছেন, যে পৌরসভা বা পঞ্চায়েত আপনার বিরুদ্ধে তাকে আপনি টাকা দেননি। আমি এমন কতগুলো পৌরসভার নাম বলতে পারব যেগুলোকে ২০১৫-১৬ সালের স্টেট ফিনান্স কমিশনের কোনো টাকা রিলিজ করেননি। যেটা টোটালই আনকনস্টটিউশনাল। কনস্টটিউশনের দুটো ধারা আছে। আপনি ৭৩, ৭৪তম কনস্টিটিউশনের অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট যদি দেখেন, আপনি আর্টিকেল ২৮০ যদি দেখেন, আর্টিকেল ২৮০তে দেখবেন সেখানে অ্যামেন্ডমেন্ট হয়েছে। সেই অ্যামেন্ডমেন্ট ২৮০র মধ্যে কিন্তু পরিষ্কার এটা বলা আছে যে, সেন্ট্রাল ফিনান্স কমিশনের বিষয়টা কেন্দ্র ও রাজ্যের সঙ্গে পঞ্চায়েত ও পৌরসভাকে যুক্ত করা হয়েছে। ঠিক একই রকমভাবে স্টেট ফিনান্স কমিশনের ক্ষেত্রেও কিন্তু এটা আন্ডার

compulsion, বাধ্যতামূলক। এটা আপনি আটকে রাখতে পারেন না। আপনি কিন্তু সেই কথাটাকে উহ্য রেখেছেন। এবার আমি আসছি আপনি কতগুলো পারফরমেন্সের কথা বলেছেন। আমি কিন্তু পারফরমেন্সের বিষয়টাতে, সুব্রত বাবুকে বলছি, আবার সুব্রত বাবুকে বেশি বললে আমার জলের টাকাটা আটকে দিতে পারেন। আপনার উপর ভরসা রেখে বলছি দেখবেন আমার টাকা যেন উনি না আটকান। আমি হাউসে ছিলাম না উনি এটা বলে দিলেন। আমি বলছি আপনাকে ১২৮ পার্সেন্ট, না। আপনি যে কাজ করেছেন, লাস্ট গভর্নমেন্ট অব ইন্ডিয়া যে রিপোর্টটা দিয়েছে, সেই রিপোর্টটা আমার কাছে আছে।

সেই রিপোর্টটা আমার কাছে আছে, আপনি সেই রিপোর্টটা আমার কাছ থেকে দেখতে পারেন। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার যে পি.আর.সি., তারা যে রিপোর্ট দিয়েছে সেখানে বলেছে ১২৮ নয়, ১৩২.৯৩% টাকা টোটাল স্পেন্ড করেছেন। এই এজেন্ডার নোটস, এর মধ্যে আছে, আপনাকে দেখিয়ে দিতে পারি। কিন্তু আপনি কি করেছেন ? সেটা কোথাও প্রতিফলিত হয়নি। টাকা তো প্রতিফলিত হবে স্পেন্ডিং এ, না। ইট ইজ নট ডিফিকাল্ট টু স্পেন্ড এ গভর্নমেন্ট মানি। এটা কোন কঠিন কাজ নয়। কঠিন কাজটা হচ্ছে, এই টাকা দিয়ে সম্পদ সৃষ্টি করা। দেখবেন এই রিপোর্টে লেখা আছে ২০১৫-১৬ সালের ক্ষেত্রে আপনি কাজ করেছেন, টোটাল যে কাজ হাতে নিয়েছিলেন তার ২৪% কাজ করেছেন। চলতি বছরে আপনি কাজ করেছেন ০.৯৯%। আমি বলছি না, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া বলছে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার সঙ্গে আপনি লড়ুন, তারা যদি মিথ্যে কথা বলে থাকে। আমি এই কথাই বলেছিলাম, আপনি ০.৯৯% খরচ করেছেন। আরও কি করেছেন ? বিভিন্ন ক্ষেত্রে দেখবেন - মহাত্মা গান্ধী NREGA দেখুন, NREGA এর অনেকগুলো কম্পোনেন্ট আছে - আমার থেকে তো আপনি ভালো জানেন - সবটা নিয়েই তো আপনার পারফরমেন্স হবে। সেই পারফরমেন্সের ক্ষেত্রে দেখুন আপনি কি করেছেন ? ফান্ড স্পেন্ডের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ১৩ তম স্থানে, ডিলে ইন ওয়েজ এমপ্লয়মেন্টের ক্ষেত্রে ৭৭.৯৮% পেয়েছেন, আপনারা সপ্তম স্থানে আছেন। স্পেসিফিক এরিয়া ওয়ার্কসে ১৪ তম স্থানে আপনি। ট্রি প্ল্যান্টেশনে নবম স্থানে, অঙ্গনওয়াড়ি কেন্দ্র করার ক্ষেত্রে ১৭ তম স্থানে, ন্যাচারাল রিসোর্স ম্যানেজমেন্টের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ১৮তম স্থানে আছে। তেমনি এগ্রিকালচার রিলেটেড ওয়ার্কস-এর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ১৬ তম স্থানে। ৩১ শে মার্চের ক্ষেত্রে, কমপ্লিশন ডেট-এর ক্ষেত্রে আপনার স্থান ২৯। অন্যান্য DVT র ক্ষেত্রে ১৭ তম। MGNREGA তে ১৪%। এরকম বহু আছে। তার মানে পারফরমেন্সের যে কথাটা আপনি এই বাজেটে উল্লেখ করেছেন, সেই পারফরমেন্সে বিরাট ডাউট আছে।

আর একটা কথা আপনি বারবার বলেছেন - আঁৎকে ওঠার কথা। সত্যি সত্যিই আঁৎকে ওঠারই বিষয়, দেখুন আপনি কি করেছেন। আমার পেছনে যিনি আছেন, আপনার কথাতে তিনি বারবার একথাই বলেন, লোনটা কোথায় ? ফিসক্যাল পলিসি স্টেটমেন্টের ১৬ নং পাতা দেখুন, ২০১০-১১ সালে debt ছিল ১ লক্ষ ২৭ হাজার ৩৮৭ কোটি টাকা। ১১-১২ সালে সেটা দাঁড়িয়েছে ২ লক্ষ ৭৭ হাজার কোটি টাকা। এরপর ২ লক্ষ ২৯ হাজার ৭৭৬ কোটি টাকা ১২-১৩ তে। এই করতে করতে ১৫-১৬ তে debt ছিল ৩ লক্ষ ৬ হাজার ৪২ কোটি টাকা। ২০১৬-১৭ সালে রিভাইজড এস্টিমেটে আপনি বলেছেন ৩ লক্ষ ৩৩ হাজার ৬৭৭ কোটি টাকা debt। আপনি নিজে বলেছেন debt -এর কথা বলতে গিয়ে লোন যেটা আছে। আপনি নিজেই স্বীকার করলেন। আমি অঙ্কে কাঁচা, তবুও এই অঙ্কটা স্যার আমি পারব। এই অঙ্কটা আমি আপনাকে একটু পড়ে দিচ্ছি। বাম আমলে ২০১১ সালে ১ লক্ষ ৮৭ হাজার ৩৮৭ কোটি টাকা, ৩৪ বছরে যদি ঋণ নিয়ে থাকে তাহলে বছরে সাড়ে ৫ হাজার কোটি টাকা ঋণ হয়েছিল। আর মাননীয় অর্থমন্ত্রী,

আপনি যদি ১ লক্ষ ৪৬ হাজার ২৯০ কোটি টাকা আপনার এখনও পর্যন্ত নতুন ঋণ হয়েছে, এই অঙ্কটা যদি একটু হিসেব করে দেখেন তাহলে এই ঋণ হবে প্রায় ২৫ হাজার কোটি টাকা বছরে আপনি নিয়েছেন। আপনার ফিগারেই আঁৎকে ওঠার কথা। আর একটা কথা বারবার বলেছেন, ১০ বছর আগে যখন রাজ্য ঋণ নিয়েছিল, আজকে ১০ বছর পরে আমাদের কত টাকা সুদে আসলে পরিশোধ করতে হচ্ছে ? কারেক্ট। কিন্তু আপনি যখন থাকবেন না - এরপরই তো আপনি থাকবেন না, এই কথাটা বলে দিচ্ছি, ১০ বছর পরে নতুন গভর্নমেন্ট যখন আসবে তখন লোনের একটা বিরাট বোঝা আপনি চাপিয়ে যাবেন।

[1:30 – 1:40 p.m.]

রবীন্দ্রনাথের গান আছে - 'রাঙ্গিয়ে দিয়ে যাও, যাও গো এবার যাবার আগে'। আর আপনি বলছেন জ্বালিয়ে দিয়ে যাও, যাও গো এবার যাবার আগে। এ গান আপনাকে গাইতে হবে। এবার দেখুন আপনি একটা ফ্যাকটস অ্যান্ড ফিগার এখানে দিয়েছেন। আপনি টোটাল রেভিনিউ রিসিটসের একটা পার্সেন্টেজ দিয়েছেন। এটাকে বলেছেন ডেটা এ্যজ পারসেন্টেজ অব দ্য টোটাল রেভিনিউ রিসিভ। টোটাল রেভিনিউ রিসিভসে আপনি দেখাচ্ছেন ১ লক্ষ ২৯ হাজার ৩৪০ কোটি টাকা। এটা হচ্ছে আপনার রেভিনিউ রিসিট। এটা তো আমি বলছি ১৫-১৬ সালের। এখন নয়। এটাকে আরও আপনি বাড়িয়েছেন। এই ১ লক্ষ ২৯ হাজার কোটি টাকার মধ্যে আপনি টোটাল রেভিনিউ রিসিট তো ইনক্লুডিং সেন্ট্রাল গভর্নমেন্টেরটাও তো ধরেছেন। আপনি টোটাল যা টাকা ধরেছেন তার মধ্যে থেকে ওই সময়ে প্রায় ৫১ হাজার কোটি টাকা আপনার নিজের প্ল্যানের এবং এটা ট্যাকস এবং নন ট্যাকস থেকে পাওয়া। বাকিটা সবটাই তো আপনার কেন্দ্রের কাছ থেকে যা পাওয়া। আপনি কীভাবে বলেছেন দেখুন। আমি আপনাকে একটা ফিগার দিচ্ছি। আপনার এই সময়ে আপনি লোন কীভাবে বাড়িয়েছেন সেটা বলছি। লোন, এই যে ঋণের টাকা আপনি কীভাবে সেটা দেখছিলাম। এটা বাড়তে বাড়তে এবারে ৪৪ হাজার কোটি টাকা এটা দাঁড়াবে। দেখুন, আপনি মার্কেট থেকে অনেক বেশী সুদে কত টাকা লোন নিচ্ছেন? ২০১৫-১৬ সালে আপনার লোন ছিল ২৪ হাজার কোটি টাকা। ২০১৬-১৭ সালে বাজেট এস্টিমেটে ছিল ২৬ হাজার কোটি টাকা, ২০১৬-১৭ সালে এই রিভাইজড বাজেট এস্টিমেটে আপনি করেছেন ৩২ হাজার কোটি টাকা। ২০১৭-১৮ সালে আপনার বাজেটের প্রভিশন রেখেছেন ৪৪ হাজার ৪৮৪ কোটি টাকা। হাই ইন্টারেস্টে মার্কেট থেকে আপনি লোন নেবেন এবং তার সাথে আরও ১৬৫০ কোটি টাকা, আদারস সোর্স থেকে আপনি লোন নিচ্ছেন। তাহলে সত্যি সত্যি এই ঋণের জালে এই রাজ্যটাকে আপনি পুরোপুরি আবদ্ধ করে দিচ্ছেন। সেইজন্য আমি এই কথাটা আপনাকে বলতে চাইছি যে আপনার কাছে কিন্তু অনেক সুযোগ ছিল। আমি গতবারও আপনাকে বলেছি, আবারও আপনাকে বলছি বিরাট অ্যাডভানটেজ ছিল আপনার কাছে। ওই টেনিস প্লেয়ারদের যেমন অ্যাডভানটেজ থাকে। ডিউজ হলে অ্যাডভানটেজ হয়, আপনারও অ্যাডভানটেজ ছিল। আপনারা একটা খুব বন্ধু সরকার পেয়েছেন। দেখুন, আপনি বাজেটটাকে এইভাবে লিখেছেন। এইভাবে আপনি প্রেজেন্ট করেছেন, যাতে কোনভাবেই যেন মোদিজী, জেটলিজী এঁরা ক্ষুব্ধ না হন, এঁদের যাতে রাগ না হয়, এঁদের কোন ক্ষোভের কারণ যাতে না হয়। খুব সাবধানে আপনি বাজেটটাকে তৈরি করেছেন। এত সুন্দর, এত ভালো একটা বন্ধু সরকার পেয়েছেন। আমাদের নয়, আপনাদের বন্ধু সরকার। আপনি চেষ্টা করেছেন এবং বারবার করে এই কথাটা বলতে এরা কত আপনাকে সাহায্য দিয়েছে। আমি সমস্তটা পড়েছি। কত বেশি টাকা আপনি পেয়েছেন। আপনি বারেবারে দেখাচ্ছেন একটা প্ল্যান বাজেটে কত টাকা। একটা জায়গায় আপনি দেখিয়েছেন, প্ল্যান বাজেটে আপনি খরচ করেছেন, একসপেন্ডিচার হয়েছে ৫১ হাজার

কোটি টাকা। আর একটা জায়গায় আপনি ডেভলপমেন্টের বাজেটে দেখাচ্ছেন, ৮২ হাজার কোটি টাকা আপনি খরচ করেছেন। কেন করলেন? এই ব্যাপারে পরে নিশ্চয় আপনার কাছ থেকে জানতে চাইব। আর একটা জায়গায় আমি দেখেছি, যে আপনাকে কোন কোন জায়গায় খরচ করতে পারবেন, কোথায় ! পঞ্চায়েতে, পৌরসভাতে, সেলফ হেল্প গ্রুপগুলিতে, এমপ্লয়মেন্ট জেনারেশানের ক্ষেত্রে, এই বাজেটটা হচ্ছে একটা টোটালি আনপ্রোডাকটিভ, অনুৎপাদক। কেন্দ্রীয় সরকারের বাজেটকে যে ভাষায় আপনি বলেছেন, আমিও এই কথাটাই বলছি এবং এর মধ্য দিয়ে আপনার এই সরকার পশ্চিমবঙ্গে পলিটিকস অব লুম্পেনাইজেশানকে সম্পূর্ণভাবে উৎসাহিত করছেন, এবং পশ্চিমবঙ্গের ভবিষ্যত অন্ধকারের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন, সেইজন্য এই বাজেটের আমি বিরোধিতা করছি।

শ্রী নির্মল ঘোষ : স্যার, ডঃ অমিত মিত্র যে বাজেট ভাষণ এই পবিত্র হাউসে দিয়েছেন, আমি তার সমর্থনে কয়েকটি কথা এই পবিত্র হাউসে তা রাখতে চাই। স্যার, আমার আগে অশোক ভট্টাচার্য্য আমাদের মাননীয় সদস্য। উনি মন্ত্রীও ছিলেন, উনি ভাবতেই পারেন না, উনি ২২০০ কোটি টাকার বেশি প্ল্যান ইকনমিতে যেতেই পারেননি থার্টি ফোর ইয়ারস। অশোক বাবু আপনার শেষ বছরটা যদি দেখেন, যে আপনার প্ল্যান বাজেটে, প্ল্যান খরচে আপনি কত করেছেন, আপনার যে শেষ সরকারটা, তাতে ২২০০ কোটি টাকা। নট ইভেন ইউ হ্যাভ ক্রসড দ্য ২৫০০ ক্রোরস। একটু ভালো করে যদি দেখেন, আপনার বক্তৃতার শুধু দুটো লাইন এখানে বলি।

আপনি স্ববিরোধিতায় চলে গেছেন। আপনি বলছেন যে, রাজ্যের সমস্ত কেন্দ্রীয় প্রকল্প - সেগুলোকে বর্তমান মোদীজি পরিচালিত সরকার সব ছেদ করে দিয়েছে। আপনি জানেন যে, আই.সি.ডি.এস.-এ ছেদ করেছে, আপনি নিজে বলছেন, এন.আর.ই.জি.এস.-এ ছেদ করেছে, আপনি জানেন যে, প্রধানমন্ত্রী সড়ক যোজনা - ১০০% ওরা দিত। এই তো সুব্রতবাবু বসে আছেন, আপনি তো কোট করছিলেন। এখন ওরা দেবে ৬০%, ৬০% এরও কম। আমাদের রাজ্যকে দিতে হবে মোর দ্যান ৪০%। আপনি আপনার স্ববিরোধিতায় এই যে স্টেট ফিন্যান্স এবং ফর্টিনথ ফিন্যান্সের কথা বলেছেন, আমার পুরো জানা নেই, মাননীয় অর্থমন্ত্রী বলবেন - কিন্তু আপনার বক্তৃতাটা সম্পূর্ণ স্ববিরোধিতা। আর এর মধ্যে সারবত্তা কিছু নেই কারণ আপনাকে আমি স্মরণ করিয়ে দিতে চাই, তিন-চারটি কথা যদি মনে রাখেন আমার মাননীয় বিরোধী বন্ধুরা যে, কি অবস্থায় ডঃ অমিত মিত্র স্যার এই বাজেট পেশ করেছেন। যখন সারা ভারতবর্ষে গরিব মানুষের ওপরে ব্যবসায়, বাণিজ্যে, শ্রমিকে, কৃষকে, ল্যান্ডলেস লেবারকে - সমস্ত জায়গায় যখন একটা কুঠার আঘাত করেছে, ইকনমিকাল ডিজাস্টার ডিক্লেয়ার করেছে কেন্দ্রীয় সরকার demonetization-এর নামে, তখন এই বাজেট এসেছে। আর কখন ? কেন্দ্রীয় পরিকল্পনার ড্রাস্টিকালি ছাঁটাই। তখন তিনি ওনার বাজেট এনেছেন। কখন এনেছেন ? যখন চারিদিকে প্রাইস রাইজ - দ্রব্যমূল্যের বৃদ্ধি। কখন এনেছেন ? যখন আপনারা এই রাজ্য ছেড়েছেন ২০১১ সালে, যদি শেষ কোয়াটারটি আমি নিই তাহলে ইট উইল বি অ্যাক্সিমেটলি ২ ল্যাকস্ থ্রি থাউজেন্ড ক্রোর লোন। যদি শেষ কোয়াটারটি নিই। মার্চে আপনি বলতে পারেন, কিন্তু মার্চের পরেও আপনি সরকারে ছিলেন। তাই শেষ কোয়াটারটি নিলে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনা হয়। স্যার, এই ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা দেনা, কেন্দ্রীয় প্রকল্পের অর্থ ছাঁটাই, demonetization-এর প্রাদুর্ভাব এবং আপনার নেওয়া লোন। আমাদের এখানে আলি ইমরান আপনাদের হয়ে বলেছে। আমি তাকে স্মরণ করিয়ে দিতে চাই যে, এখন পর্যন্ত ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকারও বেশি শুধু দেনা শোধ করতে হয়েছে এবং ওই দেনার থেকে আপনারা যেটা করে গেছেন, পৃথিবীর সমস্ত ইকনমিস্টরাই বলে গেছেন যে, একবার আপনি দেনাতে ঢুকলে usually a debt ট্র্যাপ, ইউ

নেভার বি কাম আউট। আপনি কখনো এর থেকে বেরিয়ে আসতে পারবেন না। এই রাজ্যটাকে দেউলিয়া করে দিয়ে গেছেন। শুধু দেনা করে নয়, অনুন্নয়নে, বিশৃঙ্খলায় এই রাজ্যকে আপনারা দেউলিয়া করে দিয়ে গেছিলেন। সেই দেউলিয়া অবস্থা থেকে আজকে ইন্টারেস্ট দিতে একটি সরকারকে ফাইভ অ্যান্ড হাফ ইয়ার্স, ৫ বছর ৯ মাস চলছে স্যার, এবারও ৪০ হাজার কোটি টাকা - মাননীয় ডঃ অমিত মিত্র বলেছেন, he has to pay repayment the loan and the interest - 40 thousand crores তাহলে ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকা যদি ইতিমধ্যে ২০১৬ পর্যন্ত আমাদের এই রি-পেমেন্ট ইন্টারেস্ট দিয়ে থাকে বিকস্ অফ দ্যা লেফটফ্রন্ট গভর্নমেন্ট, যেখানে আপনারা এফ.আর.বি.এম. মানেননি, কেন্দ্রে তখন কংগ্রেস সরকার ছিল, কংগ্রেস সরকারের সঙ্গে hobnobbing করে আপনারা অর্থনীতিকে ডিজাস্টারের পথে নিয়ে গেছেন। তাই আমি সংক্ষেপে দুটি কথা স্যার আমি বলতে চাই যে, এই লোন যদি আমাদেরকে - যেটা আপনারা ঘাড়ে চাপিয়ে দিয়ে গেছেন - লোনের জন্য আমাদেরকে টাকা নিতে হয়েছে - ডঃ মিত্র বলবেন। এই টাকা যদি পরিশোধ করতে না হ'ত, এই টাকার ইন্টারেস্ট যদি না দিতে হ'ত, তাহলে আমরা এখন পর্যন্ত আমাদের যে টাকা - ১ লক্ষ ৪০ হাজার কোটি অ্যাক্সিমেটলি, যেটা আমরা লোন এবং ইন্টারেস্ট দিয়েছি, আমাদের মান্যবর মুখ্যমন্ত্রী বলছেন, দেখুন আমি এই রাজ্যের কর্মচারীদের প্রতি মানবিক। আমার অর্থ নেই। আমাকে শেষ করে দিয়ে গেছে বামফ্রন্ট, আমাকে শেষ করে দিচ্ছে কেন্দ্রীয় সরকার। তারা বিহারের মতো রাজ্যকে স্পেশ্যাল প্যাকেজ দিয়েছে কিন্তু পশ্চিমবাংলাকে কোনো স্পেসাল প্যাকেজ দেয়নি কারণ, demonetization এর ক্ষেত্রে আপনারাও পিছিয়ে ছিলেন। একটি মানুষ ভারতবর্ষে ৮ তারিখ ডিসেম্বর মাসের, রাত্রিবেলা সাড়ে আটটার সময় - ভারতবর্ষের একজন মুখ্যমন্ত্রী, তার নাম মমতা ব্যানার্জী তিনি বললেন যে, ভারতবর্ষকে অর্থনৈতিক পরাধীনতার পথে এই মোদী সরকার নিয়ে যাচ্ছে। আপনারা অনেক পরে গিয়েছেন, আপনারা পরে গিয়ে তাতে যোগ দিয়েছেন। আমি আমাদের মান্যবর অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র - দেখুন ২০১৬ সালে আমরা 7% মেডিকেল বেনিফিট ছাড়া লিভ-এনক্যাশমেন্ট ছাড়াও আমরা ২০১৬ সালের জানুয়ারি মাসে ২১০০ কোটি টাকা আমাদের সরকার দিয়ে দিয়েছে সরকারি কর্মচারীদের। আবার ঠিক তেমনি করে 10% D.A. ২০১৭ জানুয়ারিতে আবার দিয়েছেন, এর জন্য ৫১০০ কোটি টাকা দিয়েছেন। যদি ইন্টারেস্ট না দিতে হত ...(হই চই)... ইমরান সুনো যদি interest নহী দেনা পড়তা ন তো যে 15 হজার করোড জো interest নহীঁ দেনা পড়তা ন জো তুম্হারে Government জিন্হোনে লিয়া অরে আপকে Government নে জো উধার লিয়া থা উসমেঁ interest নহী দেনা পড়তা নো মৈ সারে লোগোঁ কো - এই রাজ্যের সমস্ত কর্মচারীদের আমরা দিতে পারতাম।

...(হই চই)...

মিঃ স্পীকার : প্লিজ টেক ইয়োর সিট, মাননীয় সদস্য বলছেন, ওনাকে বলতে দিন। আপনাদের সুজনবাবু বলবেন, আপনার চিন্তা করার কিছু নেই, উনি সব কভার করে বলবেন।

শ্রী নির্মল ঘোষ : স্যার, গায়ে লাগছে স্যার। ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা দেনা করে গিয়েছিলেন, সিম্পিল ইন্টারেস্ট প্রথম বছর আমরা ২০ হাজার কোটি টাকা দিয়েছি। অরে আপ কিতনা 15 হজার করোড বোলে না 50% D.A দিয়ে দিত আমাদের গভর্নমেন্ট। আপনি হিসাবে ভুল করেছেন, সুজনবাবুর থেকে একটু বুদ্ধি নেবেন, উনি হিসেব করে দেবেন ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকা যেটা আপনাদের জন্য আমাদেরকে সুদ দিয়ে হয়েছে। স্যার, এখন আমি ফিরে আসি পরিকল্পনা খাতে ব্যয়, ২০১৬-১৭তে ৪গুণ বৃদ্ধি করেছিল ২০১০-১১ থেকে, এবার আমাদের ৭ গুণ পরিকল্পনা খাতে ব্যয় বৃদ্ধি হয়েছে। এই পরিকল্পনা খাতে ব্যয় বৃদ্ধির জন্য রাজ্যের যে বেসিক ডেভালপমেন্ট তাতে যে সম্পদ সৃষ্টি করা যাবে সেই সম্পদ সৃষ্টি করার পথে মান্যবর ডঃ

অমিত মিত্র গিয়েছেন। এখন আপনি সম্পদ সৃষ্টি করতে পারেননি, আফসোস আপনি করছেন। আপনি যদি সম্পদ সৃষ্টি করতে পারতেন তাহলে এই দেনার দায়ে পশ্চিমবাংলাকে দেউলিয়া হতে হত না। তাই আপনাদেরকে বলতে চাই এই দেনা আমাদেরকে সর্বনাশের পথে নিয়ে গেছে। যদি এই দেনা আমাদের সর্বনাশের পথে না নিয়ে যেত - গত বছর আমাদের প্ল্যান খাতে, পরিকল্পনা খাতে ৪৯ হাজার ৯৫৬ কোটি টাকা ব্যয় ছিল। প্রায় কাছাকাছি আমরা সেই ব্যয় করে এবং আপনি দেখবেন আজকে সাপ্লিমেন্টারী আসছে, বিশেষ বিশেষ ক্ষেত্রে সেইগুলোতে আমাদের সরকার বৃদ্ধি করেছে কারণ মানুষকে খেতে দিতে হবে। মানুষকে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় দিতে হবে, মানুষকে বিনা পয়সায় চিকিৎসা দিতে হবে, মানুষকে ভালো রাস্তা দিতে হবে। অশোকবাবু আপনি নর্থবেঙ্গল থেকে তো আসেন, আপনি দেখেছেন, আপনি যখন ৪ নম্বর ব্রিজটি ক্রশ করেন পার্কস্ট্রিটে তার পরে আপনার বারাসাত পর্যন্ত যা চিন্তা করা যায় না, স্বাধীনতার ৭০ বছর পর এই গভর্নমেন্ট কি করতে পারে আপনার ভাবনার মধ্যেও আসে না, ভাবনার মধ্যে আসে না বলেই যে রাস্তাটি ৪০ফুট চওড়া ছিল, তাকে ৪০০ ফুট চওড়া করেছে। এটা ভাবনার মধ্যে আসে না। জলের কথা আপনি বলছিলেন আপনার জল প্রকল্প আটকে দিয়েছে। সুব্রতবাবুর দপ্তর ১২ হাজার কোটি টাকার বেশি এবার হাইয়েস্ট alotment এই একটি দপ্তর পেয়েছে। আপনি মনে রাখবেন আপনার নর্থবেঙ্গল শুধু নয়, এই বঙ্গের যেখানে গ্রামাঞ্চলে আজকে নলবাহী জল পাননি, পরিশোধিত পানীয় জল দেওয়ার ক্ষেত্রে গত ৫, সাড়ে ৫ বছরে যে কাজ হয়েছে গত ৬০ বছরেও তা হয়নি। আপনি বলুন আমার এলাকায়, আমি পানিহাটির কথা বলছি, আমরা কমপ্লিট করেছি ৫ লক্ষ মানুষ পাচ্ছে। অল্প কিছু কাজ হলে - আমি পানিহাটি নিয়ে বলছি যেখানে আপনারা আটকে দিয়েছিলেন, যেখানে আপনারা দেননি। সেখানে আমার সরকারের মাননীয় অর্থমন্ত্রী এবং আমাদের মুখ্যমন্ত্রী টাকা দিয়েছেন। আপনি বরানগর বলুন, কামারহাটি বলুন, ব্যারাকপুর বলুন, আপনি দেখুন কোথায় সুব্রতবাবু জল নিয়ে যাচ্ছে, একেবারে বনগাঁ পর্যন্ত নিয়ে যাচ্ছে।

আপনি চিন্তাও করতে পারেন না। 600 crore project. যেটাকে নিয়ে যাচ্ছে টিটাগড়, নৈহাটি থেকে বনগাঁ পর্যন্ত। More than 45km, about ৫০ কিলোমিটার রাস্তা যেটা আপনি চিন্তাও করতে পারেন না। আমি আগেই বলেছি, পরিকল্পনা খাতে এই যে বৃদ্ধি সেই বৃদ্ধির জন্যই আজকে আমাদের খাদ্যের ব্যাপারটা যদি একটু ভালো করে দেখেন, দেখবেন খাদ্যে আমাদের রাজ্য বলছে ৫ হাজার কোটি টাকারও বেশি approximately 6 thousand crore. আমরা যে খাদ্যসাথী তৈরি করেছি তাতে আমাদের ভর্তুকি দিতে হবে এবং কেন্দ্রীয় পরিকল্পনাতে ফুড সিকিউরিটিতে আমাদের ভর্তুকি দিতে হবে। এই ভর্তুকির পরিমাণ about 6 thousand crore. আপনি বলুন, এই ৬ হাজার কোটি টাকা আমার সরকার, পশ্চিমবঙ্গের সরকার, একটি রাজ্য সরকার কোথা থেকে নিয়ে আসবে? তবুও এই কাজ আমাদের সরকার করছে। রাজ্যের একটি মানুষও যাতে না খেয়ে মারা যায় তার জন্য এই সরকার ব্যবস্থা গ্রহণ করেছে। আপনি হাসপাতালগুলো দেখছেন। গত ৫ বছরে যতগুলো সুপার স্পেসালিটি হাসপাতাল হয়েছে এবং রাজ্য সরকারের মেডিকেল কলেজ হাসপাতালগুলোতে যেভাবে বেড বৃদ্ধি করা হয়েছে, যেভাবে সেখানে ছাত্রের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে তা গত ৫০ বছরেও এই রাজ্যে হয়নি। তার জন্যেই আমাদের সরকার বলেছে, আমি রাজ্যের সমস্ত মানুষকে সরকারি হাসপাতালে বিনা পয়সায় চিকিৎসা দেব। স্যার, আপনি জানেন একটি রাজ্যের উন্নয়নে সবথেকে বেশি দরকার বিজলির। Power. গ্রামাঞ্চলে আপনি দেখুন power-এ প্রায় ৯৬%-এরও বেশি ৯৮% কাজ আমাদের বিদ্যুৎ দপ্তর করে ফেলেছে। ২০১৭-১৮-র মধ্যে পশ্চিম বাংলায় আর কোন গ্রাম থাকবে না যেখানে বিদ্যুৎ থাকবে না। এটা আমাদের চ্যালেঞ্জ। এটা আমাদের মুখ্যমন্ত্রীর চ্যালেঞ্জ এবং এটা আমরা করবোই। ২০১৭-১৮-র পরে আর এইরকম একটি গ্রামও থাকবে না। আর আপনারা তো

লোডশেডিংয়ের রাজ্য দিয়ে গিয়েছিলেন। আজকে বলুন না এমন কি জাদু হয়েছে যে বিদ্যুতের ক্ষেত্রে সেটা হয়েছে, স্বাস্থ্যের ক্ষেত্রে সেটা হয়েছে। আজকে লোডশেডিং নেই। শিক্ষার ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন এসেছে। ১৭টি বিশ্ববিদ্যালয় এবং ৪৩টি কলেজ তৈরি করে শিক্ষার ক্ষেত্রে আজকে একটা যুগান্তকারী পরিবর্তন এসেছে। আমাদের ছেলেমেয়েরা বাইরে চলে যেত - দক্ষিণ ভারতে, পশ্চিম ভারতে। আজকে তারা আমাদের মধ্যে রয়েছে। স্যার, এই কটি কথা বলে আমি বিরোধীদের বলতে চাই যে, আপনারা ভালো কাজকে কখনও ভালো বলতে শেখেননি। ভালো কাজকে কখনও আপনারা সহ্য করেননি এবং সহ্য করেননি বলেই আজকে আমরা পঞ্চায়েতে জিতেছি। ১৯৫, ২১১তে গিয়েছে। লোকসভার সদস্য বেড়েছে। মমতা ব্যানার্জীর নেতৃত্বে সারা ভারতবর্ষে তৃণমূল কংগ্রেস থাকবে। এই কটি কথা বলে বাজেটকে সমর্থন করে আমার কথা শেষ করছি।

শ্রী তমনাশ ঘোষ : স্যার, আপনাকে নমস্কার জানিয়ে এবং বিধানসভার সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে বাজেটের সপক্ষে এই আলোচনায় অংশগ্রহণ করার আগে আমার একটা ছোট্ট অনুভূতির কথা বলে আমি বাজেটের সপক্ষে দু/একটি কথা বলবো। শ্রীজাতর একটা লেখা আমি পড়ছিলাম। তাতে শ্রীজাত বলছে যে, আমি ভালো নেই। আমি ভালো নেই মানে আমি বিরোধীদের বলছি। আমি ভালো আছি। আপনাদের কথা বলছি, কথাটা ভালো করে শুনুন। আমি ভালো নেই মানে আপনারা ভালো নেই। কেন ভালো নেই? বলছিলাম, ভাবছিলাম তোমাকে বলবো। তোমাকে বলবো, জিজ্ঞেস করবো কিন্তু আমি জিজ্ঞেস করতে পারি না লজ্জা পাচ্ছিলাম। কেন লজ্জা পাচ্ছিলাম? দীর্ঘ ৩৪ বছর তো আমি তোমায় জিজ্ঞেস করিনি তুমি কেমন আছো। আজকে আমি জিজ্ঞেস করছি মা, তুমি কেমন আছো। এই হচ্ছে বামফ্রন্ট। যারা ৩৪ বছর জিজ্ঞেস করেনি মা তুমি কেমন আছো, বাংলার মা? আজকে সেই বাংলার মাকে এরা কাঁদিয়েছে। বাংলার মায়ের বস্ত্রহরণ করেছে। বাংলার মায়ের ইজ্জত নিয়েছে। বাংলার অর্থনীতিকে ধ্বংস করেছে। সেই বামফ্রন্ট, সি.পি.এমের আজকে আমরা একটা অদ্ভুত কৌশল দেখলাম। তারা হাউসে আসছেন। এদিক দিয়ে ঢুকছেন আর ঐ দিক দিয়ে বেড়িয়ে যাচ্ছেন। আমি বুঝতে পারছি না তাদের কংগ্রেসের সঙ্গে এই বিরহ, এই বিচ্ছেদ কি করে হল, কি করে ঘটল...(গোলমাল)...। তাদের বন্ধু কংগ্রেস নেই।

[1:50 – 2:00 p.m.]

ওরা এসেছেন, দু'একজন আলোচনায় অংশ করছেন, আবার মাঝে মাঝে কাজ পণ্ড করে দিয়ে বেরিয়ে যাচ্ছেন। আসলে, আজকে তাহলে বলতে হয়, ওই যে অশোকবাবুর কথায় উনি আমাদের অর্থমন্ত্রীকে বলছেন, উনি নাকি আর পরের বারে ফিরবেন না। আমি তো অশোকবাবুকে বলছি, ব্রাত্যবাবুর-নাটকটা দেখুন। আপনার অদ্য শেষ রজনী। আজকেই ওনার রজনীটা শেষ হবে। উনি আর ফিরবেন কি না উনি আগে নিজে ভেবে দেখুন। তো যাই হোক, আমি যে কথাটা বলতে চাইছিলাম যে, আগের আলোচনায় একজন বিধায়ক এখানে উপস্থিত আছেন। নাম বলে তাকে ছোটো করছি না। আমাদের মাননীয় অর্থমন্ত্রী সমস্ত বাজেটটাকে একটা মানবিক দিক দিয়ে বিচার করে বলেছিলেন রবীন্দ্রনাথের ভাষায়, 'নমো নমো নমো, সুন্দরী মম জননী বঙ্গভূমি, গঙ্গার তীর স্নিগ্ধ সমীর জীবন জুড়ালে তুমি।" আর এই ভদ্রলোক তার ব্যাখ্যা করলেন, গঙ্গার ধারে শ্মশান, ওনার সঙ্গে স্কুলে একজন কে পড়তেন, তিনি একজন পাগল। ইনিও একজন পাগল। সেইসব পাগল টাগল মিলিয়ে একটা কি তার ব্যাখ্যা করে গেলেন, আমি তার মানে বুঝলাম না। কিন্তু যেটা বুঝলাম সেটা হচ্ছে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর মমতা বন্দ্যোপাধ্যায়ের কথা, কেন, তিনি তো মাটির কাছাকাছি থাকেন। তাই কাছাকাছি থাকেন বলে, তিনি মাটির কথা বলেছেন। তিনি মাটির কথাটা কি বলেছেন? তিনি বলেছেন যে, আমি ভাত-মাংস খাওয়াতে

পারবো না আমার বাড়ি অতিথি এলে। কারণ আমার অর্থনীতিকে দিলীপবাবুদের মোদী সরকার আর এই ফেলে যাওয়া গভর্নমেন্ট যারা এখান থেকে চলে গেছেন তারা - যে কঙ্কাল তৈরি করে দিয়ে গেছেন। আমি তার উপর দাঁড়িয়ে চেষ্টা করেছি ডাল-ভাত খাওয়াবো। এটা হচ্ছে মা-মাটি-মানুষের কথা। কথাটা অত্যন্ত বাস্তবোচিত দিক থেকে মনে রেখে আমার একটা ছোট্টো কথা মনে পড়ল, আমার ছাত্রজীবনের নেতা এখানে বসে আছেন, সুব্রত মুখার্জী তখন ছাত্রপরিষদ করতাম। (সুব্রতদাকে একদিন প্রশ্ন করেছিলাম, সুব্রতদা একটু শুনুন। আমি আপনাকে একদিন প্রশ্ন করেছিলাম, আপনার মনে আছে কি না জানি না, ২০-২৫ বছর আগের কথা বলছি যে, সুব্রতদা আমার বড় ইচ্ছে হয়, আপনি যদি একটু সুযোগ পান আমাকে একটু চিনে পাঠাবেন। কেন চিনে পাঠাবেন ? চিন কমিউনিস্ট পার্টি। তো, এই কমরেডদের মুখে অনেক শুনেছি যে, চিনে ওখানে মানুষ নাকি খেয়ে পেয়ে থাকে না। ওখানকার অর্থনীতি খুব ভালো। ওখানকার মানুষের স্বাস্থ্য, শিক্ষা, বেঁচে থাকার জন্য যেগুলো দরকার সেগুলো চিনে নাকি সব আছে। তো এই চিনে নিল তারে - সে কথা বলেই আমি আপনাদের - তো সুব্রতদা আমাকে বলেছিলেন যে, দেখ চিনের যেগুলো তুই এখানে বসে পড়ছিস, এগুলো এই অশোকবাবুদের বানানো চিত্র। আজ থেকে ৩০ বছর আগে বলেছিলেন। নমস্কার করি। আমি আজকে বুঝতে পারছি যে, আপনারা সকলেই দেখছেন চিনের কি অবস্থাটা। আর আপনাদের গায়ে হুল ফুটছে। চিন একটা রাষ্ট্র আর মমতা ব্যানার্জী যেটা চালাচ্ছেন সেটা হচ্ছে রাজ্য। রাষ্ট্র আর রাজ্যের ফারাকটা নিশ্চই বোঝেন। তো আজকে চিনের গোটা অর্থনীতিটা পুঁজিবাদী অর্থনীতি হয়ে গেছে। আর তার মধ্যে দাঁড়িয়ে এই রাজ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি কি করতে চাইছেন, তিনি চাইছেন একটা মা যখন সন্তান সম্ভবা হচ্ছেন তাকে হাসপাতালে নিয়ে যাচ্ছেন। একটা নিশ্চয়যান বলে গাড়ি করেছেন। ওনাদের খারাপ লাগছে। করেননি এগুলো। ..(গোলমাল)... এগুলো করেননি। সেই ছেলেটি যখন ভূমিষ্ট হচ্ছে তার পায়ে মোজা পরিয়ে, জুতো পরিয়ে দিচ্ছেন মমতা ব্যানার্জী। তারপরে তাকে স্কুলে নিয়ে যাচ্ছেন। তারপরে ফ্রিতে স্কুলে পড়ানোর শেষে তাকে জামাকাপড় কিনে দিচ্ছেন। সেই জামাকাপড় পরে সে কন্যা হলে কন্যাশ্রী পাচ্ছেন। যুব হলে যুবশ্রী পাচ্ছেন। তারপর কর্মসস্থানের দিকে সে এগিয়ে যাচ্ছে। যে কর্মসংস্থান হ্যাঁ, এ'কথা ঠিক আমাদের অর্থমন্ত্রী বলেছেন ১৩,২৭০০০ কর্মসংস্থানের ব্যবস্থা আমরা এখানে করতে পেরেছি। আরো করতে পারলে খুশি হতাম। কিন্তু আমাদের তো আপনারা জানেন, আপনাদের মতো বুদ্ধবাবুর আমলে - আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন আমরা তো কৃষকের জমি মেরে কেটে নেব না। অতএব বড় শিল্প হওয়ার ক্ষেত্রে যেটা আমরা face করছি এটা আমাদের অসুবিধা হচ্ছে এটা আমরা জানি। কিন্তু আমাদের সরকারের নীতি আমরা কোনোভাবেই আপনাদের মতো গরিব মানুষের জমি মেরে কেটে নেব না। অতএব তা যদি না নিই সেক্ষেত্রে বড় শিল্পের একটা investment-এ একটা বড় অসুবিধা আমরা জানি। আপনারা জানেন উদার অর্থনীতির ফলে এমনিতেই আমাদের রাজ্যসহ দেশের মধ্যে একটা টেন্ডেন্সি গ্রো করেছে যারাই টাকা invest করছেন তাঁরা অনেকটা জমির ওপর ব্যাবসা করতে চাইছেন। কিন্তু সেক্ষেত্রে employment less করে profit বেশি রাখার একটা টেন্ডেন্সির মধ্য দিয়ে তারা নতুন করে শিল্প গঠন করার চেষ্টা করছেন। যা মোকাবিলা করা খুবই কঠিন। তবুও তার মধ্যে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী -- যে সরকার আপনারা দিয়ে গিয়েছিলেন, সেই সরকারের,একটা বিশাল অঙ্ক টাকা আপনারা ঋণ করে গেছেন। যে ঋণের কথা অশোকবাবু একটু আগে বললেন, যদি এ্যাক্সিমেট ২ লক্ষ কোটি টাকা ধরি সেটা মমতা ব্যানার্জী ৩ লক্ষ কোটি টাকা করে দিয়েছেন। অঙ্ক তো আটকে রাখা যাবে না। যদি সত্যি তিন লক্ষ টাকা করে থাকেন,আপনি ঠিকই বলেছেন, হ্যাঁ তিন লক্ষ টাকা করেছেন। কিন্তু আপনাকে আমি প্রশ্ন করছি, আপনি ২ লক্ষ কোটি টাকা ঋণ করে পশ্চিমবাংলায় ৩৪ বছরে

যে কাজগুলো করতে পারেননি, মমতা বন্দ্যোপাধ্যায়ের ৫ বছরের সরকার, যদিও ১ লক্ষ কোটি টাকা ঋণ করে থাকে আপনার কথায়, সেই টাকায় আজকে এত ব্যাপক উন্নয়ন,যে উন্নয়নের ফলে ২০১৬-য় আপনারা পর্যুদস্ত হয়ে গেলেন ; আপনি, দিলীপবাবু আর আপনার কংগ্রেসের বন্ধু মান্নান সাহেবরা। সবাই মিলে আমাদের বিরুদ্ধে জোট করলেন, বাংলার মানুষ আপনাদের পরিত্যাগ করলো। আপনাদের পরিত্যাগ করলো। এর পরেও যদি বলেন, যে এর পরে অমিত বাবু আসবেন না, আপনি আসবেন, তাহলে আমি বলব স্যার, এনারা দিবানিদ্রা দেখছেন। এর যদি কোন ট্যাবলেট ডোজ থাকে আপনাদের কারোর কাছে, এদের দিন, এদের বাঁচিয়ে রাখার চেষ্টা করুন। যাইহোক স্যার, আমি যেটা বলতে চেয়েছিলাম, মোদী সরকার ৮৬ পারসেন্ট নোট বাতিল করলেন, তো এই মোদী সরকারের ৮৬ পারসেন্ট নোট বাতিলের উপকারটা কি হল, বাংলার মানুষ, ভারতবর্ষের মানুষ তারা দেখেছেন। তিনি ৫০ দিন সময় নিয়েছেন। তিনি ৫০ দিন সময় নিয়েছিলেন যে আমি একটা সুন্দর ভারত গড়ে দেব, যে ভারতবর্ষে নগদহীন সমাজ থাকবে। যেখানে এ টি এম, পে টি এম এর উপর সব কিছু চলবে। আমরা অবাক হয়ে গেলাম, একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় এত বড় একটা সরকার,এত বড় একটা দেশ, যে দেশের ১৩০ কোটি মানুষ, এখনও সব শিক্ষার হার সব জায়গায় পৌঁছায়নি, সেখানে উনি পে টি এম করে নগদহীন সমাজব্যবস্থা করবেন, আবার পাশাপাশি দুই হাজার টাকার নোট ছাপাবেন, পাঁচশো টাকার নোট ছাপাবেন, দুটো জিনিসকে একসঙ্গে চালাবেন, আর মুখে বলবেন আমি নগদহীন সমাজব্যবস্থা করবো, এই রকম ভ্রান্ত মানুষ খুব কম দেখা গেছে, এমন একটা মানুষের হাতে ভারতবর্ষ পড়েছে,যিনি প্রতিদিন, তার পক্ষে যদি কথা বলা না যায় তাহলে তিনি কিন্তু সেই অপোজিট সরকারকে কীভাবে ঘায়েল করতে হয়, সেটা আমরা, আমাদের পশ্চিমবঙ্গকে চালাতে গিয়ে বুঝতে পারছি। আজকে একটার পর একটা স্কিম বন্ধ হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জী মহাশয়, এখানে বসে আছেন, তার গ্রামোন্নয়নের উদ্যোগে ১০০ দিনের কাজের যে স্পিড গোটা পশ্চিমবাংলায়, গোটা ভারতবর্ষের মধ্যে একটা সবচেয়ে এক নম্বর জায়গায় পৌঁছে দিয়েছে। এদের দুঃখ হচ্ছে, এদের কষ্ট হচ্ছে, আজকে তাই তারা সেটাকে নামিয়ে দিয়ে, নামিয়ে দিয়ে, টাকা বন্ধ করে দিলেন প্রায়। ফলে আমরা যারা বিধায়ক, আমরা যারা একশো দিনের কাজ করার জন্য গ্রামের মানুষকে এনকারেজ করেছি, তাদেরকে আমরা এখনও পাঁচলা দিয়ে কাজ করাই, তাদের টাকা আমরা দিতে পারছি না। ফলে আজকে আমাদের নানারকম অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। আমি স্যার, যেটা বলতে চাইছিলাম, যে আপনি মাননীয় অর্থমন্ত্রী ৬৪ হাজার ৭৩৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করেছেন, এখানে দিলীপবাবু একটু আগে, আগের দিন বক্তব্য রাখতে গিয়ে বলেছিলেন যে আপনার ডিমানিটাইজেশানের জন্য পশ্চিমবাংলার কোন ক্ষতি হয়নি, কেননা আপনাদের রাজস্ব নাকি আমাদের বেড়েছে। রাজস্বটা স্যার, আমি একটুখানি দুই মিনিট সময় নিয়ে দেখিয়ে দিই। রাজস্বটা তো আপনাদের ডিমানিটাইজেশানের অনেক আগে থেকেই বেড়েছে। আমি দেখাই, ২০১৫-১৬ সালের আর্থিক বছরে ৪২ হাজার ৪৯৬ কোটি টাকা, ২০১৬-১৭তে সেটা বেড়ে হল ৪৮ হাজার ৯২৬ কোটি টাকা, এবং এই যে তিনটে বছর, ৩৯,৪২ এবং ৪৮ তিন বছরের যে রাজস্ব হয়, সেই রাজস্ব আয় তিন বছরে ১০ হাজার কোটি টাকা বাড়ল। আর ডিমানিটাইজেশান হয়েছে বোধ হয় নভেম্বর, ডিসেম্বর নাগাদ। তাহলে আপনার কথাটা ঠিক নয়। আপনি যে যুক্তিটা দেখিয়েছেন হাউসে সেই কথাটা ঠিক নয়। সঠিক যেটা হচ্ছে, সেটা হচ্ছে ওনার কর নীতি। উনি কর নীতিটাকে এমনভাবে সরলীকরণ করেছেন,যে সরলীকরণে আমাদের রাজস্ব আয়টা প্রতি বছরই বেড়েছে। এবারেও উনি ৫টা অনুচ্ছেদে ৩৪টা দফা রেখেছেন-৫-এর অনুচ্ছেদে এবং ৬-এর অনুচ্ছেদে ১২টা দফা রেখেছেন, যেখানে তিনি কর নীতি সংস্কারের কথা বলেছেন। এবারও বিভিন্ন কর নীতির সংস্কারের কথা বলেছেন। এবং

আমরা আশা করছি এই আর্থিক বছরে তিনি যে ৬৭ হাজার কোটি টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব রেখেছেন এবং আমরা সিওর বলতে পারি যে ওনার এই অর্থনৈতিক কর সংস্কারের নীতির ফলে আমরা সেটা রোজগার করতে পারব। এবং পশ্চিমবাংলাকে গত পাঁচ বছরে যে উন্নয়নে যে জায়গায় তিনি পৌঁছাতে পেরেছিলেন, আমরা আগামী দিনে আরো ভাল জায়গায় পৌঁছাতে পারব। তাই স্যার, আরো বিস্তারিত বলার ইচ্ছা ছিল, কিন্তু সময় কম, আমি এই বাজেটকে স্যার - এত সুন্দর বাজেট যে বাজেটকে সমর্থন না করলে অন্যায় হবে,তাই সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[2:00 – 2:10 p.m.]

Dr. Rohit Sharma : Hon'ble Speaker, Sir, thank you very much for granting me this permission to say few words on this Budget. At the outset, I would like to express sincere thanks to our Hon'ble Chief Minister for declaring Kalimpong as the new district, 21st district of Bengal and secondly declaring Buddha Purnima as state holiday. Sir, Buddha Purnima is the pious festival of about 25% of the people living in the hills. Sir, having said that I would like to say our Hon'ble Chief Minister is very much fond of the hills. She has made frequent trips to the Darjeeling hills and I would like to urge since she has a love for Nepali language, let her give instruction to the Public Service Commission to include Nepali as optional subject in the WBCS examination as because Nepali is the second official language of the state. Sir, so far 15 development Boards have been set up. This is for the development of the different ethnic groups. We agree. I would like to request our Hon'ble Chief Minister to set up one more Board for the hills that is Subordinate Service Selection Board so that many uneducated youths of the Hills will get a chance to get the government service. Sir, since I have been allotted only five minutes, I will try to be précised. Sir, Directorate of Cinchona and Medicinal Plant is a transferred department of Food Processing Industries and Horticulture Department. But since it is transferred to the GTA, the Hill Affairs Department is not providing any non-plan budgetary grant to meet the salaries and other grants of this huge establishment. Previously, this was with the Food Processing Industries and Horticulture and when the GTA came up into existence they thought that this will be done by the Hill Affairs Department. But consequently, the Demand No. 26 of the Budget Paper also does not include the non-plan budget of Cinchona and Medicinal Plant. Sir, it is a huge department with the requirement of fund for salary is around Rs. 103 crore. And likewise for other grant requirement is around 3 crore. This is being made by the fund of the GTA.

Sir, secondly, a large number of PWD roads and government buildings are transferred to the GTA. The PWD used to look after the maintenance of these roads and buildings including hospital buildings. This implies that PWD used to have its share of non-plan grants for the maintenance of these roads

and buildings but since the inception of GTA, no such fund is being provided by the PWD department to maintain these assets.

Sir, 18 notified departments have been transferred to GTA. But non- plan grants are not allocated to GTA today, also it is routed through the District Magistrate. Sir, for the financial year 2016-2017, the GTA had submitted a proposal of Rs. 707 crores under Demand No. 26 but it was sanctioned only Rs. 452 crores but till now, we have not received the balance amount. This is certainly against the principles of memorandum of agreement of Article Numbers 16, 17 and 18 Sir. So with these words, I would like urge our Hon'ble Finance Minister to look into these grievances and resolve ways and means to address this issue. Thank you, Sir.

শ্রী তাপস রায় : স্যার, ডঃ অমিত মিত্র ২০১৭-১৮ সালের যে ব্যয়-বরাদ্দ গত ১০ তারিখে এই হাউসে পেশ করেছেন, আমি তার সমর্থনে আমার বক্তব্য রাখছি। সম্পূর্ণভাবে ডঃ মিত্র তার বক্তব্য রাখবেন একটু পরেই, আমি শুধু ওনার উদ্দেশ্যে বলতে চাই, একটা অর্থনৈতিক দেশে একটা আর্থিক অব্যবস্থা, একটা রাজ্যের উন্নয়ন নির্ভর করে একটা দেশের ও রাজ্যের ফেলে আসা সময়-পরিস্থিতি-স্বস্তি-অব্যবস্থা এইসবের উপর। তারপরে আবার গোদের উপর বিষফোড়া বি-মুদ্রাকরণ। এই সমস্তকে মাথায় রেখে আবার অশোক বাবুদের সময়কার ঋণের বোঝা। সঙ্গে রয়েছে কেন্দ্রের বঞ্চনা, বি-মাতৃসুলভ আচরণ। কেন্দ্রে যে সরকার ক্ষমতায় রয়েছেন তাদের দলের প্রতিনিধিরা এই হাউসে রয়েছেন। তার মধ্যেও ডঃ মিত্র এই উন্নয়নের ধারাকে অব্যহত রাখতে পেরেছেন এবং এই বাজেট করতে পেরেছেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানাই। 'তুমি কেমন করে গান করো হে গুণী', - 'তুমি কেমন করে বাজেট করো হে গুণী, আমি অবাক হয়ে শুনি। 'এই পরিস্থিতির মধ্যেই আপনি যেভাবে এই বাজেটটা তৈরি করেছেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানাই। অশোক বাবু আপনি অঙ্কে খুব কাঁচা, কিন্তু ম্যাসাচুসেটসের ডক্টরেট তো অঙ্কে কাঁচা ছিলেন না। তিনি জিরো ডেফিসিটের বাজেট এই হাউসে পেশ করতেন, আপনি তখন ঐ সরকারের মন্ত্রী ছিলেন, আর আমি এই হাউসের দীর্ঘদিনের সদস্য ছিলাম। বার বার জিরো ডেফিসিট বাজেটের কথা বলে তিনি আমাদের উপরে ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকার ঋণের বোঝা চাপিয়ে গেছেন। আমরা সেই ঋণ মেটাচ্ছি, এবারেও ৪৭ হাজার কোটি টাকা সুদে-আসলে ঋণ মেটাবো। তার মধ্যেও আমাদের ভাবতে হচ্ছে ভারতবর্ষের পরিস্থিতি। এই ভারতবর্ষ গান্ধীজির ভারতবর্ষ না গডসের ভারতবর্ষ ; এই ভারতবর্ষ আম্বেদকরের ভারতবর্ষ না গোলওয়ালকারের ভারতবর্ষ আমাদের এখন ভাবতে হচ্ছে, পণ্ডিত নেহেরুর মিশ্র অর্থনীতি থেকে মনমোহন সিংয়ের উদার অর্থনীতির পরে আজকের ভারতবর্ষ হচ্ছে জেটলি এবং কেটলির ভারতবর্ষ। আজকে একটা ভয়ঙ্কর পরিস্থিতির মধ্যে আমরা এসে পড়েছি।

[2:10 – 2:20 p.m.]

আজকে demonetisation, তার এফেক্ট রয়েছে। আমরা রাজস্ব আদায় করেছি,আলাদা করে, বেশি করে - আপনারা রাজস্ব আদায় করতেন না,আপনাদের করার ইচ্ছা ছিল না। সব থেকে বড় অপরাধ ছিল আপনাদের সেটা এবং তারপরে আপনারা উন্নয়নটাও পর্যন্ত করতে পারেননি। যখন আমাদের ভাবতে হচ্ছে, এই ভারতবর্ষের ভাগবৎ গীতা পাঠ করলেন আমাদের মন ভাল হবে, প্রবচন শুনবে। এই রকম একটা অস্থিরতার মধ্যে আমাদের আজকে ভারতবর্ষের একটা অঙ্গরাজ্য হিসাবে পশ্চিমবাংলার শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায়ের

নেতৃত্বাধীন সরকারের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রকে এই বাজেট করতে হয়। ক্রোকোডাইল ইন এ ওয়াটার বডি। ওয়াটার বডির জায়গায় ক্রোকোডাইল'রা দিব্যি ঘুরে বেড়াচ্ছে। তাদের কথা কিন্তু কেন্দ্রীয় সরকার ভাবেনি। ভাবতে হচ্ছে ডঃ অমিত মিত্রকে। তাকে ভাবতে হচ্ছে এই demonetisation-এর জন্যে অ্যাফেক্টড যে পারসন, কৃষিজীবি মানুষ ১০০ কোটি টাকার একটা তহবিল যে ৮১ লক্ষ মানুষ সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গা থেকে কর্মহারা হয়ে ফিরে এলে তাদের জন্য ২৫০ কোটি টাকার ব্যবস্থা করতে হচ্ছে। আজকে সেই সমস্ত কাজগুলো মমতা ব্যানার্জী সরকারের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রকে করতে হচ্ছে। আজকে প্রশ্নটা এখানে এসে দাঁড়িয়েছে। যে আজকে আপনারা সৃজনবাবু বলুন তো, ৬৫ হাজার কলকারখানা যখন একের পর এক বন্ধ হচ্ছে - ভাল কথা। প্রশ্ন হল, আপনি বলবেন তার সঙ্গে তাল রেখে আপনারা আপনাদের সম্পদ বাড়িয়েছেন। ৬৫ হাজার কারখানা বন্ধ হয়েছে স্যার, আর ৭৫ হাজারের মতন পার্টি অফিস তৈরি হয়েছে। আজকে সম্পদ এদের বেড়েছে, বাংলার বাড়েনি। আর আজকে আমরা ক্যাপিটাল এক্সপেন্ডডিচারে কোথায় গিয়ে দাঁড়িয়েছি দেখুন। আজকে আমরা রাস্তা করছি, ঘাট করছি, আমরা আজকে স্কুল করছি, কলেজ করছি, ইউনিভার্সিটি করছি,আমরা আজকে উড়ালপুল করছি, ফ্লাইওভার করছি, ব্রিজ করছি। এই যে সমস্ত কাজকর্মগুলো হচ্ছে। এইগুলোই তো সম্পদ তৈরি হচ্ছে,সম্পদ সৃষ্টি হচ্ছে -ক্যাপিটাল এক্সপেন্ডডিচার, ক্যাপিটাল এক্সপেন্ডডিচার, কিন্তু আপনারা করেননি এবং আমরা শুধু তাই নয়, জনপ্রিয় প্রকল্পগুলো একের পর একের টাকা এই পরিস্থিতিতেও আমরা কাটছাট করিনি। এই পরিস্থিতিতেও আমরা সেই প্রকল্পগুলোকে চালু রাখার জন্য, সেই প্রকল্পের টাকা দিয়েছি, টাকা বাড়িয়েছি। যুবশ্রী বলুন, শিক্ষাশ্রী বলুন,কন্যাশ্রী বলুন। ডঃ মিত্র একটা কাজ করেননি,আমাদের সরকার একটা কাজ করেনি, আপনাদের জন্য দরকার ছিল আরও একটা প্রকল্প, শাড়িশ্রী প্রকল্প। সেই প্রকল্প করা উচিত ছিল। ওরা চোখে দেখতে পাচ্ছে না বাংলার উন্নয়ন। সেটা করে অন্তত, সে ক্ষেত্রে একটা বরাদ্দ করা উচিত ছিল। সেটা আপনারা করেননি। আজকে প্রশ্ন সেই জায়গায়। আজকে কথা হল, আপনারা যখন চলে গিয়েছিলেন,যখন চলে গিয়েছিলেন তখন এক কোটির উপর বেকার রেখে গিয়েছিলেন। কিন্তু এখন তারাও আপনাদের ছেড়ে চলে গেছে কিনা আমরাও জানি না। আপনারা কত ঘণ্টা হোল্ড টাইমার করেছিলেন ? হোল্ড টাইমার বৃদ্ধি পায়, হোল্ড টাইমার লক্ষ লক্ষ বৃদ্ধি পায়, আর বাংলার কোটি কোটি যুবক বামপন্থার মিছিল করে, বামপন্থার জ্ঞান গেয়ে বাংলার বুকে তারা হারিয়ে যায়,মিলিয়ে যায়।কি করেছেন সেটা ? আলি ইমরাম রামস তোমাদের ডি.এ.টা দিয়েছি।তোমরা যেদিন চলে গিয়েছিল আমরা তখন বাড়িয়েছি,কঠিন পরিস্থিতির মধ্যে দিয়ে। তোমরা যখন ছেড়ে দিয়ে চলে গিয়েছিল তখন ২০ শতাংশ কম ছিল। কেন্দ্রীয় সরকার বাড়িয়েছে। আজকে ত্রিপুরার থেকে ৩০ শতাংশ কম, মহারাষ্ট্রের মতন রাজ্যে কম। গুজরাটে তো কম ডি.এ.। এই রাজ্যগুলো কথা ভাববে না। আজকে মানুষের উপর বোঝা চাপবে বলে মনে করে সরলীকরণ হচ্ছে কর সংস্কৃতি করে রাজস্ব আদায় করার কথা ভাবা হচ্ছে বা রাজস্ব আদায় হচ্ছে। রাজস্ব আদায় হচ্ছে এবং দ্বিগুণ হচ্ছে। একথা আপনারা জানেন না, তা নয়, একথা আপনারা জানেন। কেননা, একথা আপনারা জানেন। কিন্তু আজকে আমাদের কংগ্রেসের ভাইরা নেই, আমার কংগ্রেসের বন্ধুরা নেই। আমি কোন কথা বলব না। আমি ঈশ্বরের কাছে প্রার্থনা করি, তাড়াতাড়ি আমার বন্ধুবর অপজিশান লিডার আব্দুল মান্নান সুস্থ হয়ে উঠুক, এই হাউসে যোগদান করুন এবং তখন তাদের বলব। আপনারা প্রতিযোগিতা করছেন,আপনারা প্রতিযোগিতা করছেন, কখনও আপনারা এক হলেন আমাদের বিরুদ্ধে, মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে জোট করলেন। যাকে সামনে রেখে মুখ্যমন্ত্রীর কথা ভাবলেন, তাকে ফেরাতে পারলেন না হাউসে, তিনি রিটায়ার্ড করলেন হাউস থেকে।

তাঁকে ফেরাতে পারলেন না হাউসে, তিনি রিটার্ন করলেন না হাউসে? আজকে আবার যখন তিনটে জায়গায় বাই-ইলেকশান হল, সেখানে আবার জোট হল না। এখন আবার কখনও কভি খুশি, কভি গম। এই যে আপনারা কখনও একসঙ্গে, আবার কখনও বাইরে, কখনও ভেতরে একসঙ্গে, কখনও বাইরে, কখনও আপনারা দু'দল একসঙ্গে ঘুরছেন, আবার থেমে থাকছেন। তার মানে এই প্রতিযেগিতা আপনাদেরকে কুরে কুরে খাচ্ছে। আপনারা ভাবছেন যে, কংগ্রেসরা এগিয়ে গেল, না আমরা পিছিয়ে গেলাম। আবার কংগ্রেসও ভাবছে, সি পি এম এগিয়ে গেল, সুজন এগিয়ে গেল, না আমরা পিছিয়ে গেলাম। এভাবে কি একটা রাজনৈতিক দল চলতে পারে? একটা তাদের আদর্শ নীতি যদি না থেকে থাকে, তাহলে পরে কি তারা টিকে থাকতে পারে, না টিকে থাকে ? আর যখন বিধানসভাতে বাজেট অধিবেশন চলছে, তখন এরা যে প্রশ্ন করে আপনার উদ্দেশ্যে স্যার, আমার অবাক লাগে আপনি আমাকে চুপ করতে বললেন আমি তাই সেখানে চুপ করে গেলাম। প্রিভিলেজ এসেছিল একটা বিষয়ের উপরে। সেই প্রিভিলেজে তো স্যার ডেপুটি স্পীকার এখানে একটা রিপোর্ট টেবিল করিয়েছেন। হাউসের প্রপ্যারটি, স্পীকার কি বুঝবেন সেটা ঠিক করবেন, কিন্তু সেটা তো টেবিলড্ হয়েছিল ৭ তারিখে। আর আব্দুল মান্নান দুর্ভাগ্যজনকভাবে অসুস্থ হয়ে - ৩৪৭, ৩৪৮ যেটা প্রোনাউন্স করিয়েছিলেন, সেদিনকে চেয়ার থেকে স্পীকার - তিনি হসপিটালাইজড হন, খুবই দুঃখের, আরোগ্য কামনা করছি আমরা সকলে, মুখ্যমন্ত্রী থেকে আমরা সকলে, স্পীকার থেকে আমরা সকলে এবং ২৯৪ এই বিষয়ে এবং একজন নমিনেটেড মেম্বার আছেন, কারোর কোন দ্বিধা বা দ্বন্দ্ব নেই। কিন্তু প্রশ্ন হল, আট তারিখের সঙ্গে সাত তারিখের টেবিল নেওয়া নিয়ে, সেটা নিয়ে জবাব চায়, এখানে দেখলাম গোলযোগ, শোরগোল, এই জিনিসগুলো, অন্তত আপনি তো বন্ধু মানুষ, আপনি তো লিডার একটা দলের, আপনি সেটাও তো বলবেন। বলছেন না। সেটাও বোঝার চেষ্টা করছেন না। বলছেন না যে ওটা সাত তারিখের টেবিল হওয়া জিনিস, ৮ তারিখে ঘটনাটা ঘটেছে, তার সঙ্গে সম্পর্কটা কোথায় ? বাজেটে ডিসটার্ব করছেন তো। আপনারা তো বাজেটে ডিসটার্ব করছেন। বাজেটে তো বলতে দিলেন না। কংগ্রেসকে তো বলতে দিলেন না। আজকে প্রশ্নটা সেই জন্য আপনাদের কাছে আমি করছি। ডিমানিটাইজেশন - এই ডিমানিটাইজেশনের ফলে আজকে আমাদের অবস্থা কি হয়েছে, কোথায় এসে দাঁড়িয়েছে, সেগুলো আপনাদের ভাবতে হবে। একটা ডিমানিটাইজেশন করে দিলেন। কোথায় গেল ? হয়তো চলে গেছেন, বেরিয়ে গেছেন। ৮৬%, আমাদের ৪৫% ইনফর্মার, তার মধ্যে আবার ৯০%, আমাদের যে টাকা-পয়সা লেন-দেন সেটা ক্যাশ। একটা দেশে, যে দেশে অমিতাভ বচ্চনকে দিয়ে শৌচালয়ের কথা বলা হয়, অ্যাড দেওয়া হয়। সেই দেশেই ভারতবর্ষের প্রধানমন্ত্রী অ্যাড দেন পে টি এম-এর জন্য এবং ক্যাশলেস ইকনোমির জন্য এবং ডিজিট্যাল ইন্ডিয়ার জন্য। এটা দুর্ভাগ্যের নয় ? যে এটা হতেই পারে না। এটা চলে না এবং আমরা কোথায় করতে চাইছি, ক্যাশলেস ইকোনমি ? যেখানে ১ লক্ষ ৩৬ হাজার ব্যাঙ্ক আছে, যেখানে ২ লক্ষ ১৮ হাজার এ টি এম আছে, যার ৪০% চলে না। যেখানে ৩ কোটি ডেবিট কার্ড, যেখানে ৬ কোটি ক্রেডিট কার্ড, কিন্তু সেখানে আমাদের লোকসংখ্যা কমবেশী ১৩০ কোটি। এই ১৩০ কোটির দেশে ওরা ক্যাশলেস করবে আমরা কাদের অনুসরণ করছি ডিমনিটাইজেশনে, পাকিস্তানকে? জাইরেকে ? নাইজিরিয়াকে? মায়ানমারকে ? আমরা কাদের অনুসরণ করছি ? মনে থাকবে আমার থেকে বেশি অশোকবাবু, আপনাদের। সোভিয়েত ইউনিয়নের ঠিক পতনের আগে আগেই ওরা ডিমানিটাইজেশন করেছিল। মনে আছে আপনাদের ? তার ফলে কি ভয়ঙ্কর ঘটনা ঘটেছিল এবং আজও ভুগছে। আমরা তাই, We are frighten, we are afraid of the situation prevailing in our country in connection with the demonetization. প্রশ্নটা হল সেখানে, এটাই দাঁড়ায়। আজকে আমাদের ভারতবর্ষের কি ভয়ঙ্কর পরিস্থিতি, সেটা

ভাবতে গেলে আঁতকে উঠতে হয়। এই আঁতকে কথাটা আপনি বললেন। হ্যাঁ, অমিত মিত্রকে আঁতকে উঠতে হয়। শ্রীমতী মমতা ব্যানার্জীকে আঁতকে উঠতে হয়। রাজ্য চালাতে গিয়ে আমাদের আঁতকে উঠতে হয়। যখন আমরা এই ভারতবর্ষের বর্তমান পরিস্থিতির কথা ভাবি এবং আমরা সেটা চিন্তা করি যে এই পশ্চিমবাংলাটাকে কীভাবে আমরা চালাব এবং কীভাবে আমাদের চলবে। আজকে ভারতবর্ষে এই ডিমানিটাইজেশনের ফলে সারা বিশ্বের বিশিষ্ট নোবেল লরিয়েট অ্যান্ড ইকোনমিস্টরা বলছেন, ১ থেকে ২ শতাংশ আয় কমবে। মানে কি সাংঘাতিক দেখুন। তার মানে দেড় লক্ষ কোটি টাকা, সওয়া তিন লক্ষ কোটি আয় কমে যাবে।

[2:20 – 2:30 p.m.]

এই তুঘলকি সিদ্ধান্তের পিছনে কি সিদ্ধান্ত আছে সে আজও পর্যন্ত কেউ জানে না। ৩০শে ডিসেম্বর পর্যন্ত কত টাকা জমা পড়ল, সে আজও পর্যন্ত আমরা জানি না এবং নকল টাকা .০২৮ শতাংশ, এ কথা ভাবতে হচ্ছে অর্থমন্ত্রীকে। কৃষি, চা বাগান, চটকল, চর্মশিল্প, কুটিরশিল্প সমস্ত কিছু এই পরিস্থিতিতে মার খেয়েছে। কিন্তু মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় শুধু বিরোধিতা করেননি, তিনি তাঁর এই বাজেটে তাদেরও সংস্থান রেখেছেন। তাদের ব্যবস্থা রেখেছেন, যে কথা আমি আগেই বলেছি, কৃষিজীবী মানুষদের জন্য এবং শ্রমিকদের জন্য, ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য। আজকে সে কথাই স্যার, আপনাদের সামনে বলতে এসেছি। আজকে এ বছরেও ৪৭ হাজার কোটি টাকা সুদ আসলে ঋণ শোধ করতে হবে। জি.এস.টি - এই বিষয়টাতে আমরা দায়বদ্ধ। কিন্তু পাশাপাশি আমরা বলতে চাই যে, কেন্দ্রীয় সরকার যেন এই ক্ষতিপূরণের ব্যাপারে এই রাজ্যসরকারগুলির দিকে দৃষ্টিপাত করে এবং ক্ষতিপূরণগুলো করে। এবং যে অর্থনৈতিক স্বাধীনতা যেটা চেষ্টা করছে ওরা, অর্থনৈতিক স্বাধীনতা কেড়ে নেওয়ার জন্য, সেই অর্থনৈতিক স্বাধীনতা যেন অক্ষুণ্ণ থাকে। আমরাও কিন্তু এ কথা দৃঢ় এবং দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করতে চাই, আমরা আমাদের কোন জনমুখী প্রকল্পে কাট-ছাঁট করিনি। আমরা আশা থেকে শুরু করে অঙ্গনওয়ারী, আমাদের যে কর্মী ভাই-বোনেরা রয়েছে, তাদের প্রত্যেকের জন্য আমরা পাঁচশো টাকা করে - এই সীমাবদ্ধতার মধ্যেও, তাদের ভাতা বৃদ্ধি করেছি বা মাইনে বৃদ্ধি করেছি। রাজ্যের উন্নয়ন যাতে অব্যাহত থাকে, আমরা ৬৪ হাজার ৭৩৩ কোটি টাকা উন্নয়নের জন্য ধরেছি। যেটা হ'ল মূলধনী খাতে ব্যয়। গত বছরের তুলনায় - সেটা অশোকবাবু, চার হাজার কোটি টাকা বেশি গতবারের তুলনায়। এটা আপনাদের মাথায় রাখতে হবে এই পরিস্থিতিতে উন্নয়নের জন্য। আপনারা যখন ছেড়ে গিয়েছিলেন, আপনারা যখন আমাদের দায়িত্ব দিয়ে গেলেন। আমরা যখন দায়িত্ব নিলাম, ভেবে দেখুন, কি দায়িত্ব দিলেন। আমরা আমাদের পূর্বসুরিদের কাছ থেকে উত্তরসুরি হিসাবে আমরা কি পেয়েছিলাম, আপনারা কি দিয়ে গিয়েছিলেন - যে আপনারা সম্পদ দিয়ে গিয়েছিলেন, আপনারা অর্থ রেখে গিয়েছিলেন, ভাণ্ডার রেখে গিয়েছিলেন, সেখান থেকে খরচ করেছি, না। যেদিন থেকে গ্রহণ করলাম দায়িত্বভার, সেই দিন থেকেই আমাদের শুরু হ'ল চিন্তা এবং ভাবনা। আজকে যদি উন্নয়নের ধারাকে অব্যহত রাখতে হয় আর সারা ভারতবর্ষের এই পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণের প্রেক্ষিতে এবং বাংলার উন্নয়নের প্রেক্ষিতে, তাহলে আমাদের আজকে নিশ্চয় ঋণ করতে হয়েছে। কিন্তু যে কথা আপনি বললেন, উনি ফিরবেন না। আমি আপনাকে বলি, অশোকবাবু, কি করে আপনি বলতে পারেন। ডঃ অমিত মিত্র ফিরবেন কি ফিরবেন আর আপনি ফিরবেন কি ফিরবেন না। এটা আমি জানি, জ্যোতিবাবু বলবেন, আপনিও বলেন। জ্যোতিবাবুও বলবেন, আপনিও বলেন। আর আমরা বলি, মানুষ চাইলে ফিরব। সরকার গড়ব, বাজেট করব। মানুষ না চাইলে হাসব না, আসব না এই হাউসে। কিন্তু আপনারা ঠিক করে দেন যে, কে আসবে, কে আসবে না। আর আমরা বলি, জনগণ, জনতা,

জন জনার্দন তারা ঠিক করবে, এই হাউসে কে আসবে আর কে আসবে না, কে সরকার গড়বে, কে সরকার গড়বে না, কে অর্থমন্ত্রী হবে, কে অর্থমন্ত্রী হবে না, কে বাজেট করবে, কে বাজেট করবেন না। আজকে তাই আমি আমার বক্তব্য দীর্ঘ করতে চাই না, আমার বলার অনেক ছিল। ড: অমিত মিত্র যে বাজেট বরাদ্দ বা অভিভাষণ তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার, ধন্যবাদ।

ডঃ সুজন চক্রবর্তী : ড: অমিত মিত্র আমাদের সদনে যে বাজেট রেখেছেন, চেষ্টা করেছেন, হয়তো পরিশ্রমও করেছেন কিন্তু উনি যে বাজেট প্রকাশনাগুলি এখানে সঙ্গে দিয়েছেন, আমি আমার আলোচনা মূলতঃ তার মধ্যে সীমাবদ্ধ রাখছি। দেখছি যা তাতে বাজেটের দিশা কিছু নেই, it is not a positive one. এগিয়ে যাওয়ার উদ্দেশ্যে বাজেট কিন্তু এ বাজেট দিশাহীন, কল্পনাপ্রবণতা এবং এর মধ্যে অনেক তথ্যের জাগলারি এমনভাবে আছে, স্ট্যাটেস্টিক্স-এর মজা হচ্ছে, আপনি কীভাবে প্লেস করবেন একই তথ্যকে। যে যত ভালো জানে, সে তত বেশি জাগলারিও করতে জানে। সেই তথ্যের জাগলারি দিয়ে আমাদের কাছে কিছু মিথ্যা অথবা অসত্য পরিবেশন করা হচ্ছে। আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না।

স্যার, বাজেট প্রকাশনা, ৯ নম্বর বইটা, একটু তথ্যভিত্তিক হওয়াটাই ভালো। আমাদের বন্ধুরা মাঝে মধ্যে এমন এমন কথা বলেন, কোথা থেকে কী বলছেন তার ঠিকঠিকানা থাকে না, মাথা-মুণ্ডু খুঁজে পাওয়া যায় না। তিন নম্বর পাতায় আপনি আসুন স্যার। আমাদের এবারের বাজটে ১ লক্ষ ৮২ হাজার কোটি টাকা পেলেন। ট্যাক্স এবং নন-ট্যাক্স রেভিনিউ, এর পরিমাণটা দাঁড়াচ্ছে, আমি রাউন্ড ফিগারে বলছি সব ফিগারগুলোই, ৫৮ হাজার কোটি টাকা। স্টেটের ইনকাম শেয়ার 32%। আপনি গতবারের বাজেট প্রকাশনা ধরুন স্যার। গতবারের বাজেট প্রকাশনায় এটা ছিল ঠিক 33%। স্টেট শেয়ার 1% কমেছে। সেন্ট্রাল শেয়ার বলতে যা বোঝায়, এককথায় বলতে আমরা যা বুঝি, গ্রান্ট এবং আমাদের ট্যাক্সের শেয়ার। সেটা ৮৫ হাজার কোটি টাকা। 47%। আমাদের বাজেটে রেভিনিউ রিসিপ্টে 47% সেন্ট্রাল শেয়ার এবং গ্রান্ট 32% আমাদের স্টেটের। যেটা গতবারের চেয়ে কমেছে। গ্রোথ রেট ইন রেভিনিউ, আপনি যদি আগের ৫ বছরের সঙ্গে তুলনা করেন তাহলে দেখবেন সেই তুলনায় এখন আমাদের রাজস্ব বৃদ্ধির হার কমছে। এবং স্যার, আপনি যদি খেয়াল করে দেখেন, নন-ট্যাক্স রেভিনিউ ২০১০-১১তে যা ছিল কোয়ান্টামে, শুধু পারসেন্টেজ না নির্মলবাবু, কোয়ান্টামেও কমেছে। আমি পরে দেখিয়ে দেব, পাতা খুলে দেখিয়ে দেব। সবটাই সরকারের প্রকাশনা, ডঃ অমিত মিত্র এখানে পেশ করেছেন। তাহলে বাড়লো কোথায়? সেন্ট্রাল শেয়ারে। A budget cannot be a good economy যদি আমি আমার স্টেটের রেভিনিউ রিসিট বাড়াতে না পারি। আমরা সেইটা পারছি না। অন্য আবোল-তাবোল কথায় ঘুরে-ফিরে, এখানে-ওখানে-সেখানে তাকিয়ে বলে চলে যাচ্ছেন। এটা ঠিক হচ্ছে না। স্যার, ডেফিসিট পুলে 14th ফিন্যান্সে 32% বেড়ে 42% হয়েছে। কারেক্ট হয়েছে, এটা আরও বেশি হওয়া উচিত। আমরা দীর্ঘদিন ধরে দাবী করেছিলাম, বামফ্রন্টের শুরুতে এটা ছিল 29.5%, share of state. আমরা দীর্ঘদিন ধরে দাবী করছিলাম - 50%, 50%, 50%. আমি সদনে দেখিয়েছি আমাদের রাজ্যের এর আগের মুখ্যমন্ত্রীরা কতবার এটা নিয়ে মুভ করেছেন। কী কী ভাবে মুভ করেছেন। আমি তার মধ্যে আজকে আর যাচ্ছি না। সেটা 30.5, বেড়ে হল 32. লেফট্ফ্রন্ট যখন চলে যাচ্ছে তখন সেন্ট্রাল শেয়ারের অংশ হিসাবে পাচ্ছিলাম 32%. 14th Finance আমাদের 42% করে দিল। 10% jump. আমাদের স্টেটকে বাঁচিয়ে দিয়ে গেল। এই ক্রেডিবিলিটি-টা দীর্ঘদিনের গোটা ভারতবর্ষের মুভ, লেফটিস্টদের মুভ। যেটা নিয়ে অনেক সময় তির্যক কথা বলা হত; কেন

আমরা 'বঞ্চনা, বঞ্চনা, বঞ্চনা' বলি। কিন্তু সেই বঞ্চনার বিরুদ্ধে কথা বলে দিল্লীর 14th Finance-র corrected decision না হলে আজকে আমরা কোথায় গিয়ে পড়তাম, আশাকরি আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলার সময় তা বলবেন। আমি বলব, কেন্দ্রের বিরুদ্ধে তা সত্ত্বেও আমাদের লড়াই জরুরি, ঐক্যবদ্ধভাবে লড়াই জরুরি, 42% নয় 50% শেয়ার আমাদের পাওয়া জরুরি। এবং সরকার যদি উদ্যোগ নেয় আমরা সবাই সহমত হয়েই চলতে পারব। Left are consistent. ১০ বছর আগে যে কথা বলেছি এখন ১০ বছর পরে সময় বদলে গেছে বলে কথাটা বদলে নেব, আরো অনেকে করেন, আমরা তা করি না, করবোও না। এটা হোক ; 50% শেয়ার আমরা চাই। ... (নয়েজ) ... আমি নির্মলবাবুকে মনে করিয়ে দিই, যদিও সিনিয়র লোক, আপনি বললে আমার ইল্ড করা উচিত, আমি ইল্ড করতে চাই, যদি বলেন আমি বসে যাব। কিন্তু আমি বলে দিচ্ছি, এটা নিয়ে আমাদের সদনে আলোচনা হয়েছে। আপনার মনে থাকতে পারে। সেদিন তথ্য ধরে ধরে আলোচনা হয়েছিল। আপনার কাছে নিশ্চয় কপি আছে। না হলে আমি আপনাকে সেদিনের ডিবেটের কপিটা দিয়ে দেব। আমরা কী বলেছিলাম দেখবেন। তাতে আপনার অ-খুশি হওয়ার কোন কারণ নেই।

[2:30 – 2:40 p.m.]

স্যার, দ্বিতীয় কথা হচ্ছে, আপনি Fiscal policy strategy management-এর বইটা দেখুন, স্টেট বাজেটে এখানে দেওয়া হয়েছে। তাতে আমরা কি দেখছি স্যার? ২০১০-১১-তে স্টেটের শেয়ার যা ছিল সেটা কিন্তু কমছে। ফিফটি পারসেন্ট ছিল, দুহাজার ১৫-১৬-তে কমে হল 40.4%. Of the whole central and state সব মিলিয়ে আমাদের যে ইনকাম রেভিনিউ রিসিভ তাতে স্টেটের শেয়ারটা ফিফটি পারসেন্টটা ১৫-১৬ বর্ষতে কমে হল এক লক্ষ দশ হাজারের মধ্যে চুয়াল্লিশ হাজার কোটি টাকা, 40.4%। রিভাইসড বাজেটে আমরা কি দেখছি স্যার, ২০১৬-১৭ তে এক লক্ষ ২৯ হাজার কোটির মধ্যে ৫১ হাজার কোটি which is 39%। স্টেটের ইনকামটা কমছে। রাজ্য সরকারের প্রকাশনা তাকে স্পষ্ট করছে, আমার কাছে বইটা আছে, আপনাদের কাছেও আছে দেখে নেবেন। স্যার, আপনি পেজ 5-এ আসুন- Fiscal policy strategy management-এর তাতে দেখা যাচ্ছে স্টেটের রেভিনিউটা বিপজ্জনক হয়ে যাচ্ছে। ২০১১ থেকে ১৫ স্টেটের রেভিনিউ বেড়েছে যেখানে 87%, সেন্ট্রাল শেয়ার এবং গ্রান্ট সেখানে বেড়েছে কিন্তু 175%. আমার ত্রুটি আমায় খুঁজতে হবে। আমি কি করে ইনকাম জেনারেট করাবো সেটা আমাকে দেখতে হবে। আবোল তাবোল বলে লাভ হবে না স্যার। সেন্ট্রাল শেয়ার আর গ্রান্ট মিলে বেড়েছে 175%. পেজ নাম্বার 5-স্টেটের রেভিনিউ বেড়েছে তার অর্ধেক 87%। স্যার, বরঞ্চ যদি আমি এই কথাটা বলি, নিশ্চয়ই আদারওয়াইজ নেবেন না আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী দিল্লিতেও মন্ত্রী ছিলেন। তখন কিন্তু 32%-ই ছিল, 42% হয়নি। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী যতদিন কেন্দ্রের মন্ত্রী ছিলেন এ সরকারই হোক আর ও সরকারই হোক, উনি সব সরকারেই ছিলেন। তখন কিন্তু কোনদিন 42% হয়নি। সেটা পরে হয়েছে। মুভমেন্টটা, credibility টা অস্বীকার করা ভুল হবে, বেঠিক হবে- তা এফেকটিভ হবে না। স্যার, আপনি পেজ 6-এ আসুন এই বইতে। স্টেটের রেভিনিউ গ্রোথ এমনিতেই খুব কম। কিন্তু যতটুকু স্টেটের রেভিনিউ হচ্ছে তার শেয়ারিংটা কি রকম স্যার? পেজ 6 এ -Fiscal policy strategy স্টেটমেন্ট তাতে আপনি দেখবেন স্যার, ২০১১-১২ থেকে ২০১৫-১৬ অ্যাকচুয়্যাল, একটা রিভাইজড ২০১৬-১৭। ২০১৭-১৮ টা বাজেট প্রপোজাল। তাতে আপনি দেখবেন স্যার, মূলত যতটুকু বা স্টেট ওই যে কম বাড়ল 87%, 50% অব দি সেন্ট্রাল, সেখানে দুটোই আমাদের কাছে নেগেটিভ। সবচেয়ে বেশি বেড়েছে কোথায়? বেড়েছে একটা মদ বিক্রির ট্যাক্সে। ১৯০০ কোটি

টাকা, গ্রোথ রেট 96%, যদি লাইসেন্স আমাদের হত বা তথ্যে ভুল, আমি সে দিকে যাচ্ছি না, গত পাঁচ বছরে কতগুলো লাইসেন্স দিয়েছেন, আগে কি ছিল তথ্য নিয়ে আসবেন, স্যার, ১৯০০ কোটি টাকা যদি লাইসেন্স দিয়েও থাকে, খাও আবার খাওয়ার জন্য উৎসাহিত করো - আমার ট্যাক্স রেভিনিউটা ক্রমশ বাড়ুক। এখানে 96% গ্রোথ রেট। আর স্যার বেড়েছে কোথায়? আর যেখানে বেড়েছে একটু আনইউজুয়ালি that is electricity tax কত বেড়েছে স্যার? 1683 কোটি টাকা। পারসেন্টেজ হিসাবে কত? একদম ঠিকই আছে। পারসেন্টেজ গ্রোথটা বোধহয় 420%. স্যার, মেইন বাড়ল কোথায়? বাকিগুলোতে তো বাড়ছে না। বরঞ্চ 96% বাড়ল মদ খাওয়ার বা মদ বিক্রির ট্যাক্সে, 420%, ইলেকট্রিসিটিতে। Is it signal of good economy? বিপজ্জনক ইলেকট্রিসিটি ট্যাক্স বাড়তে বাড়তে এমন জায়গায় গিয়ে পৌঁছেছে স্যার, গোটা ভারতবর্ষে সব চাইতে বেশি ইলেকট্রিসিটির খরচ আমাদের স্টেটে। বিপদে পড়ছে গরিব মানুষ, আম জনতা, সাধারণ মানুষ। যাকে অনেকে বলেন, মা-মাটি-মানুষ। আমি সে ব্যাখ্যায় যাচ্ছি না। বিপদে পড়ছে তারা।

এবার বাজেট প্রকাশনার ৯ নম্বর বইটাতে আসুন। কি দেখছি স্যার, আমরা প্রায়রিটি - ২০১৬-১৭ বাজেটের তুলনায় ২০১৬-১৭ সালের রিভাইজ বাজেট কোথায় বাড়লো, কোথায় কমলো। কমলো কোন সেক্টরে ? প্রায়োরিটিতে সেখানেই বোঝা যাবে। ফুড সাপ্লাই পেজ- ১১ কমেছে ৩০% প্লাস, আমি রাউন্ড ফিগারে বলছি। অ্যানিমেল রিসোর্সেস - ৫০%। ইরিগেশান - ৩০%, আমাদের ইরিগেশান মন্ত্রী উদ্যোগী,ভাল কাজও করেন কিন্তু টাকা পাওয়া না পাওয়া সবটা ওনার উপর নির্ভর করে না। মাইক্রো, স্মল ইন্ড্রাস্ট্রিজ - ২০%। মাইনোরিটি অ্যাফেয়ার্স - আমরা অনেক কথা বলি, ৩০% কমেছে। স্কুল এডুকেশান - ৩০% কমেছে। কোথা থেকে স্যার, ২০১৬-১৭ - এর বাজেট থেকে ২০১৬-১৭ - এর রিভাইজড় বাজেটে। এটা অ্যাকচুয়ালসে গিয়ে সামান্য ইতর বিশেষ হতে পারে, অনেক বদলে যায় না। স্যার, আমি একটু বলতে বাধ্য হচ্ছি পেজ - ১২ - এ দেখুন আমরা বার বার ঘোষণা শুনছি, মুখ্যমন্ত্রীর ঘোষণা শুনছি ৩০০ কোটি টাকা হিলে দিয়ে দিলাম, দিয়ে আসলাম, এই দিতে যাচ্ছি, এই দিয়ে ফিরছি। কত, ৩০০ কোটি। রিভাইজড বাজেট ২০১৬-১৭ - এ হিল অঙ্কটা হচ্ছে ২৪৭ কোটি। আমি জানি না কোন ম্যাজিক আছে কিনা। ডঃ মিত্র কোন ম্যাজিক করতে পারবেন কি না ? বার বার ৩০০ কোটি শুনছি স্যার সবাই। প্রভিশান যা ছিল রিভাইজড় বাজেটে, সেটাকে করা হয়েছে বাড়িয়ে ২৪৭ কোটি। Where are we? You are giving promise for the gossip or the story. স্যার, আপনি আরো আসুন, প্ল্যান ২০১৫-১৬ -এর অ্যাকচুয়াল ফিসকাল পলিসি পেজ নং- ৯ কি দেখা যাচ্ছে স্যার, কোন একটা স্টেটের অর্থনীতি এগিয়ে চলা কার উপর নির্ভর করে। সবচেয়ে গুরুত্বপূর্ণ এডুকেশান, সায়েন্স অ্যান্ড টেকনোলজি, লেবার, এমপ্লয়মেন্ট, টেকনিক্যাল এডুকেশান, অবশ্যই মাইনোরিটি এবং এস.সি.এস.টি. Population আমরা ইকোনমির কথা খুব বলছি, কি দাঁড়াচ্ছে স্যার ? অ্যাকচুয়ালস্ ২০১৫-১৬ পেজ -৯ ফিসকাল পলিসি প্ল্যান এক্সপেন্ডিচারের শেয়ার ইন সায়েন্স,টেকনোলজি অ্যান্ড এনভায়নমেন্ট ইজ ০.১২%। পার্লামেন্টে যখন ছিলাম তখন আমরা সমালোচনা করতাম, আমি নিজে সমালোচনা করেছি। বিজ্ঞানে ভারতবর্ষে আমাদের গবেষক হবে, বাজেট ১% -এর কম। ০.১২% স্যার ? রাজ্য এগোবে,আমাদের আগ্রহ আদৌ আছে তো ? স্যার, লেবার অ্যান্ড এমপ্লয়মেন্ট - আপনি অস্বস্তি বোধ করবেন, এই রকম একটা বাজেট এখানে হয়েছে শুনে। প্ল্যান এক্সপেন্ডিচারের শেয়ার অ্যাকচুয়ালস্ ২০১৫-১৬ - ০.০৪%। টেকনিক্যাল এডুকেশান ০.৩১%, এস.সি., এস.টি., ও.বি.সি. ৩.৪৬% where we are leading to? Non-productive economy, আমার বন্ধু অসীমদা বলেছেন lumpen

economy এবং ভিক্ষাবৃত্তির মধ্যে রাজ্যটাকে ঠেলে দিলে রাজ্য কখনও এগোতে পারে না। Where we are leading to? Inherent strength of the state - সেটাকে ডেভালপ করার কোন প্রায়োরিটি এই বাজেটে রিফ্লেক্টেড হচ্ছে না। আমি বাজেট প্রকাশনা ২০১৭-১৮ তা দেখেই বলছি, বাইরের কোন তথ্য আমি দিচ্ছি না। লক্ষ্যটা কি- অস্পষ্ট। অর্থনীতির কি কারণে অস্পষ্ট তার জন্য ব্যবস্থা। স্যার, আমার কয়েকটা সাজেশান আছে। এক, যেভাবে আমাদের স্টেটে আমরা দেখছি, সারা ভারতবর্ষে দেখছি শুধু আমাদের স্টেটে নয় বয়স্ক মানুষ বাবা-মা যেভাবে নিগৃহীত হচ্ছেন কোন কোন ক্ষেত্রে, বাড়ছে সারা ভারতবর্ষে। আমাদের বাজেটে কি একটা কোন স্পেশাল প্রভিশান অথবা আইনি কোন বন্দোবস্ত রাখা যায় না যে অ্যাট লিস্ট সরকারি, আধা সরকারি কর্মচারী বাবা-মাকে যদি না দেখে, কোন কোন স্টেট করেছে বলে শুনছি তাহলে সরকারি কর্মচারি হলে সরকার তার মাইনে থেকে কেটে তার বৃদ্ধ বাবা-মাকে দেবে। বৃদ্ধ বাবা-মার প্রতি দায়িত্ব পালনের জন্য বন্দোবস্ত করার এই প্রস্তাব আমি রাখছি, করা উচিত। দুই, ন্যাশানাল লেবার কনফারেন্স - লাস্ট যেটা বেরিয়েছে ন্যূনতম মজুরি ১৮ হাজার টাকা, আমরা কি তার কথা ভাবছি, স্যার।

[2:40 – 2:50 p.m.]

আমরা কি তার কথা ভাবছি, স্যার? আমাদের কনট্রাকচ্যুয়াল স্টাফ, আমাদের প্যারা টিচার, SSK, MSK, সিভিক পুলিশ, অসংগঠিত শ্রমিক, 'সিভিক পুলিশ ভলেনটিয়ার' - মাঝে পুলিশ-টা উড়ে গেছে। That is why civic volunteer. আমরা কি দাবি করতে পারি না, I do suggest. আমরা সবাই জানি সুপ্রিম কোর্ট একটা রায় দিয়েছেন সম কাজে সম বেতন। আমি ধন্যবাদ জানাব আমাদের অর্থমন্ত্রীকে ২৫ ফেব্রুয়ারি ২০১৬ সার্কুলার জারি করেছিলেন তার কপি আমার কাছে আছে। তিনি সার্কুলার জারি করেছিলেন যে অস্থায়ী এবং কনট্রাকচ্যুয়াল কর্মচারী যারা আছেন,স্টাফস ইন ডিফারেন্ট সেক্টরস অফ দি গভর্নমেন্ট সরকারি এবং আধাসরকারি তাদেরটা কীভাবে এলিভেট করা হবে বা বাড়ানো হবে। আমি অর্থমন্ত্রীকে বলব আপনি যদি পারেন তবে একটু বলবেন সেটা লাগু হয়নি। অলমোসট কোথাও হয়নি। আমি এর আগে বলেছি আমি ফের কি চিঠি দেব। অর্থমন্ত্রী চেয়েছেন, নিশ্চয়ই চেয়েছেন তাই সার্কুলারগুলি গেছিল, কার্যকরী কিন্তু হয়নি। আমাদের বড় অংশের মানুষ কাঁদছে, বিপদে। ৬-৭-৮ হাজার টাকায় সংসারে আজকের দিনে চলে না সেটাতে বোধহয় আমরা সবাই সহমত হব। স্যার ICDS, ASHA এই সব করেছেন কাজটা ভাল করেছেন। আই ডু সাপোর্ট কিন্তু আমার মনে হয় মিড ডে মিলকে যুক্ত করে এটাতে আমরা যেটা পাই এটা অন্তত ২০০০ টাকা করা উচিত। ৫০০টা বড় কম হচ্ছে, এটা ২০০০ করা যায় কি না সেটা আমি দেখতে বলব। স্যার কৃষিক্ষেত্রে আমাদের লোন, ডিমানিটাইজেশনের এফেক্ট হচ্ছে আমরা কি করে ছাড় দেব ? তার কি বন্দোবস্ত করব ? সহায়কমূল্য - না মানুষ বিক্রি করতে পারছে না। কৃষি বিক্রি করতে পারছে না। তারসঙ্গে বোনাস আমরা কীভাবে এগবো ? বিদ্যুতের খরচের ৮০%, অনেক স্টেট ১০০% করেছে। আমরা কি ৮০% ছাড় দিতে পারি না কৃষিক্ষেত্রে বেসিক আমাদের কৃষি অ্যান্ড ইন্ডাস্ট্রি। সেদিকে যদি এগোতে পারে শুধুমাত্র নন-প্রোডাক্টিভ ইকোনমির দিকে যাব। রাজ্যটায় আমাদের সর্বনাশ হয়ে যাবে। আমি সাজেস্ট করছি এটা করার বন্দোবস্ত করা হোক। স্যার কলেজ ছাত্র যারা, ওয়াইফাই বিশ্ববিদ্যালয়, ওয়াইফাই এক্সটেন করা হোক কলেজ পর্যন্ত যুগ বদলে যাচ্ছে, সময় বদলে যাচ্ছে। আমরা কি বালা দিলাম, কি সাইকেল দিলাম - ভালো করেছি, স্কুলের ছাত্রদের। কলেজ ছাত্রদের ল্যাপটপ প্রোভাইড করবার ব্যবস্থাটা করাটা উচিত। পিপল অফ দা স্টেট এক্সপেক্ট সো আমার মনে হয় মাননীয় মন্ত্রী এগুলি গ্রহণ করতে পারেন। স্যার

একই রকমভাবে চিটফান্ড। হাইকোর্ট একটি কমিটি তৈরি করে দিয়েছে। উই আর টু গিভ সাপোর্ট আমরা সাপোর্ট দিতে পারি কিন্তু আমাদের বলা হয়েছিল ৫০০ কোটি, দেখা যাচ্ছে ১৪৩ কোটি। ৫০০ কোটি আমরা খরচ করিনি। বাকিটা তাদের ফেরত দেওয়া হোক কমিটিকে। শ্যামল সেন কমিশনের রিপোর্টটা প্রকাশ করা হোক। আর চিটফান্ডের পরের দফার টাকাটা ফেরত দেওয়া হোক হাইকোর্ট নিযুক্ত কমিটিকে মানুষগুলি বাঁচুক। এগুলি জরুরি ফর দা স্টেট। এগুলি মন্ত্রী মহাশয় গ্রহণ করতে পারেন আর পারলে ভাল হয় আমি সাজেস্ট করছি। স্যার আমি ডি.এ -এর মধ্যে যাচ্ছি না খুব একটা। বন্ধুবর ভিক্টর যথেষ্ট ভালভাবে বলেছেন। কেউ কেউ বুঝতে পারেননি তাকে বাঁকা উক্তি করেছে ঠিক বলেননি। কিন্তু আমি বলব এটা কি ঠিক - আমি ডি.এও দিলাম না, ডি.এ না দেওয়ার কারণে বঞ্চনার পরিমাণ ৯০ হাজার কোটি টাকা। আমি অন্যভাবে দিতে পারি স্যার। ও অঙ্কটা করেছে আমি অঙ্কটা বলছি না। তার সঙ্গে সঙ্গে সরকারের শূন্যপদ, কর্মচারী ইত্যাদি তাদের যে মাইনে দেওয়ার কথা, দিলাম না। পদগুলি ফাঁকা রেখে দিলাম গত পাঁচ বছরে। এর পরিমাণ কম বেশি আমি অঙ্ক করে দেখিয়ে দিতে পারি ৪০-৪৫ হাজার কোটি টাকা। হুইচ সামটোটাল কামস অ্যাবাউট ১ লক্ষ ২৫,৩০,৩৫ হাজার কোটি টাকার কাছাকাছি। সেই কারণে এত টাকা যদি ছাড় করিয়ে দিলাম, বাঁচিয়ে দিলাম তাহলে। আমার লোন করার দরকারটা জরুরি হল কেন? আমি যত টাকার লোন শোধ করেছি। তারচেয়ে বেশি লোন নিয়েছি। সরকারি হিসাব। আবার ছাড় থেকে আমি উদ্বৃত্ত পেয়েছি প্রায় ১ লক্ষ ৩৫-৪০ হাজার কোটি টাকা। যাচ্ছে কোথায় টাকাগুলি? পারলে দেখুন, খুঁজে দেখুন। শুধু ভিক্ষাবৃত্তি দিয়ে রাজ্যটাকে অভ্যস্থ করে দিলে, উৎসব মেলায় ঢুকিয়ে দিলে, আমাদের রাজ্যের পক্ষে সেটা ভাল হবে বলে আমার মনে হয় না। স্যার আমি একটু সময় চেয়ে নেব। আমি আপনাকে বলে এসেছি। স্যার এমপ্লয়মেন্ট - আমি গতবারে এই সদনে বলেছিলাম ৬৮ লক্ষ চাকরি হয়ে গেছে বলে দাবী করা হয়েছিল বাজেট ২০১৬-১৭। বাজেট স্পিচ। তার মানে ৮৮ পার বুথ। এইবার বলা হয়েছিল ২২ লক্ষ হবে, বলা হচ্ছে ১৩ লক্ষ ২৭ হাজার। তারমানে ১৭ পার বুথ। দুটোর যোগ করলে দাঁড়ায় ১০৫ পার বুথ, আমি গতবার বলেছিলাম চ্যালেঞ্জ করছি, চ্যালেঞ্জ গ্রহণ করুন, আমি এখনও চ্যালেঞ্জ করছি - গত একবছর আমি উত্তর পাইনি স্ট্যাটিসটিকাল মডেলে ১০% ব্লক বেছে নিয়ে, তার মধ্যে ১০% বুথ বেছে নিয়ে - তাহলে বেশি বুথের সংখ্যা হল না, ১০৫ জন এই নামের তালিকাটা সরকার প্রকাশ করুক। যদি না পারে তাহলে বোঝা যাবে সরকার অসত্য কথা বাজেটের মধ্য দিয়ে মানুষকে বিভ্রান্ত করার জন্য করছে। এটা করা যায় না। স্যার একইরকমভাবে আমি আজকে চ্যালেঞ্জ করছি ৪২ হাজার প্রাইমারি টিচারকে - কালকে কোর্টে সরকারের পক্ষ থেকে বলা হয়েছে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়ে গেছে - গতকাল পর্যন্ত ৪২ হাজার এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়ে গেছে, সেই তালিকাটা এখনও কেউ কোথাও দেখেনি - পায়নি, সেই তালিকাটা স্যার আজকের মধ্যে আপনার কাছে প্লেস করা হোক আর যদি প্লেস করা না হয়, তাহলে বুঝতে হবে ৪২ হাজারের নাম রেখে আসলে ভিতরে টাকার খেলার বন্দোবস্ত হচ্ছে শিক্ষামন্ত্রী এখানে নেই স্যার, কালকে শিক্ষামন্ত্রীর ঘরে একটা গোপনীয় বৈঠক হয়েছে, সেখানে আমাদের আইনমন্ত্রী সম্ভবতঃ মলয় ঘটক সাহেব ছিলেন। তিনিও ছিলেন। কি আলোচনা হল কাল? আচ্ছা ভাই এদিক - ওদিক করে দাও ম্যানেজ করে দিচ্ছি। বিপজ্জনক স্যার। নো ট্রান্সপারেন্সি। আমি সেই কারণে বলছি, আমি চ্যালেঞ্জ করছি। আপনি স্পীকার সবার জন্য, তাই আপনার কাছে তালিকাটা জমা দেওয়া হোক, অন্য কোথাও জমা করার কথা আমি বলছি না। আমার আর দুটি কথা আছে স্যার যদি সত্যিই শিল্প করতে হয় তার জন্য জরুরি হচ্ছে, শান্তি, সম্প্রীতি, গণতান্ত্রিক পরিবেশ - লেট দ্যাট বি গ্যারান্টেডস, সেটা নেই। স্যার যদি সত্যিই শিল্প করতে হয় জমি মাফিয়াদের

উপর ছেড়ে দিয়ে জমি অধিগ্রহণ নয়, ২০১৩ ল্যান্ড এ্যাকুইজিশান এ্যাক্ট - তাকে কার্যকরী করার মধ্য দিয়ে এই ব্যবস্থাটা করা হোক, এর কোন শর্টকাট মেথড হতে পারে না। স্যার দুটো কথা। একটা হচ্ছে অর্থের সংস্থান করার জায়গা আছে। Debt বা ইত্যাদি কারণে বাজারে ঘুরে বেড়াচ্ছে যে কালো টাকা সেটা তুলে নেওয়া হোক। বালি খাদ এবং বিভিন্ন জায়গা থেকে যে নন ট্যাক্স রেভিনিউ সেটা তুলে নেওয়া হোক। আর এর সঙ্গে সঙ্গতিহীন সম্পদ ঘুরে বেড়াচ্ছে স্যার - সেটা তুলে নেওয়া হোক। টাকার কোন অভাব পশ্চিমবাংলায় নেই। তার ব্যবস্থা করা হোক। আমি যে কথা বলে আমার কথা শেষ করব সেটা হচ্ছে এই - স্যার আপনি বুঝবেন আমার চাইতে ভাল - তাপসবাবু প্রসঙ্গটা এনেছেন - ৮ তারিখের ঘটনা, নিশ্চয়ই আপনি পরে যা বিবেচনা করার করবেন কিন্তু আমি যেটাতে বিব্রত হচ্ছি, অস্বস্তি হচ্ছে' বোধহয় আপনিও করছেন যে ৮ তারিখ সন্ধ্যা বেলায় ১০টা মাইক নাকি খারাপ হল, ৯ তারিখ সকালে মাইকগুলো ঠিক হয়ে গেল, আপনি সরকারি দপ্তরকে ডিপেন্ড করেছেন - পি.ডবলিউ.ডি, তারা ১০টা মাইকের রিপেয়ারিংয়ের জন্য বলল ১২ লক্ষ টাকা লাগবে আপনি পাড়ার যে কোন লোককে ডেকে আনলে ১২ হাজার টাকা লাগে স্যার। ১২ হাজার টাকা থেকে ১২ লক্ষ টাকা স্যার - লুঠের ব্যবস্থা হচ্ছে। সরকারি দপ্তরে লুঠের ব্যবস্থা হচ্ছে সরকারি দপ্তরে এটা দিনের আলোর মত স্পষ্ট ১০ টা মাইকের মেরামতির জন্য ১২ লক্ষ টাকা লুঠ যারা করতে পারে তারা সারা পশ্চিমবাংলাকেও বেচে দেওয়ার ব্যবস্থা করতে পারে কিন্তু সেই বেচে দেওয়ার ব্যবস্থা করতে দেওয়া যাবে না, আমাদের রাজ্যকে বারোটা বাজিয়ে দেওয়া যাবে না, আমি বলছি আপনি নিজে দায়িত্ব নিয়ে .....

(গোলমাল)

(এইসময় মাইক অফ হয়ে যায়)

মিঃ স্পীকার : আমি আপনাকে দায়িত্ব দিচ্ছি আপনি একজন ইলেকট্রিসিয়ান নিয়ে এসে আগামি দু'দিনের মধ্যে ১২ হাজার টাকা দিয়ে রিপেয়ার করিয়ে দিন - হাউসের সামনে আমি এই কথা বলছি আপনি আমাদের যে বক্স এবং মাইকগুলো আছে, সেগুলো আপনি রিপেয়ার করে দিন ১২ হাজার টাকা আমাদের তহবিল থেকে দিয়ে দেব আমি অফিসিয়ালি ঘোষণা করছি আপনি আমাদের এখানে যে বক্স এবং মাইকগুলো আছে - তলায় যে বেস রয়েছে, এই বেস আর মাইক যদি আপনি রিপেয়ার করিয়ে দেন ১২ হাজার টাকায় তাহলে আমি সরকার থেকে ১২ হাজার টাকা আপনাকে দিতে বলব।

আপনি ইলেকট্রিসিয়ানকে এনে পরীক্ষা করুন, আমি আমার আধিকারিককে সেই দায়িত্ব দিচ্ছি আপনি ইলেকট্রিসিয়ানকে নিয়ে আসবেন আমি আপনাকে ডিটেলস রিপোর্ট দিয়ে দেব - যে বেস রয়েছে, যেটা আপনি বক্তব্য রাখার সময় টিপছেন - আমি একটা ডিটেলস রিপোর্টের কপি হাউসকে দেব, সেই রিপোর্টের পরিপ্রেক্ষিতে যে বেস রয়েছে, সেই বেস আর মাইক্রোফোন আপনি ১২ হাজার টাকায় রিপেয়ার করে দিন, আমি আমাদের তহবিল থেকে আপনাকে দিয়ে দিতে বলব।

[2:50 – 3:00 p.m.]

আমি জানি না আপনি কবে থেকে ইলেকট্রিসিয়ান হয়ে গেলেন। আমার আইডিয়া নেই, আপনি ইলেকট্রিসিয়ান কবে হলেন আমি বলতে পারব না। আমার তো মনে হয় ইলেকট্রিসিয়ানের আপনার কোনো ডিগ্রি আছে কি না জানি না। আপনি এই কথা বলছেন, এইসব বিবৃতি হাউসে আপনি দিয়েছেন। ঠিক আছে প্রেস মিডিয়া শুনছে। পাবলিশিটি নেওয়ার জন্য বাইরে বলতে

পারেন। যারা মিডিয়া রয়েছে তাদের বলব এই চেয়ার থেকে আমি যে ঘোষণা করেছি সেই ঘোষণা মোতাবেক আগামী দুই দিনে ওই বেস এবং মাইকগুলো ঠিক করে দিন, আমরা টাকা দিয়ে দেব।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন দিয়ে আমাদের বিশিষ্ট মাননীয় সদসদের বক্তব্য প্রত্যেকটি দিন এখানে বসে শুনেছি। তার কারণ এই মহতি সদনে আমাদের যাঁরা মেম্বার্স আছেন তাঁদের প্রত্যেকের প্রতি আমার একটা বিশেষ রেসপেক্ট আছে এবং প্রত্যেকের কথাই শুনেছি। আজ সেইহেতু সংক্ষেপে, এই বিশাল আলোচনার মধ্যে অনেক কথা বলা হয়েছে। আমি সংক্ষেপে কিছু তথ্যের মাধ্যমে এবং আরো কিছু মানবিক ইসুর উপরে আজকে বলতে চাই কনক্লুশানে। প্রথম এই বাজেট সম্বন্ধে দুটো কথা বলি। ৩৫ হাজার ফুট উপরে উঠে যদি নীচে দেখেন তাহলে এই বাজেটটাকে কীভাবে দেখছেন। আমি আমার ট্রেজারি বেঞ্চ, আমার কলিগ্‌স্‌রা আমার তরফ থেকে যাঁরা আছেন এবং অপজিশানে যাঁরা আছেন তাদের বলব, একটু উপরে উঠে যদি এক মুহূর্তের জন্য নীচে দেখেন bird's eye view দিয়ে যে বাজেটটাতে কি ছিল। প্রথম প্রশ্ন যেটা বাজেটে আছে সেটা হচ্ছে আমাদের ম্যাক্রো ইকোনমিক কন্ডিশানটা কি? এটা দিয়েই সাধারণত বাজেট শুরু করা উচিত। যেটা কেন্দ্রীয় সরকার অনেক সময় করেন না। প্রথমে আপনার সামনে পেশ করেছি এই মহতি সদনে কীভাবে আমাদের জি.ডি.পি. বাড়ছে। কীভাবে সেই জি.ডি.পি. কে ব্রেকডাউন করে দিয়েছি। বিভিন্ন ধরনের এগ্রিকালচার ইন্ডাস্ট্রি সার্ভিসেস কীভাবে বাড়ছে সেই পরিপ্রেক্ষিতটি দেখলে পরিষ্কার হয়ে যাচ্ছে। যে বাংলা কীভাবে এগিয়ে যাচ্ছে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে। তথ্যের মাধ্যমে, লেকচারের মাধ্যমে নয় বা চিৎকার করে নয়, তথ্যের মাধ্যমে - এই হচ্ছে প্রথম। দ্বিতীয়, সাধারণ মানুষের জন্যে কোথায় কোথায় আমরা কি করতে পারি তার একটা অনুপ্রেরণা মাননীয়া মুখ্যমন্ত্রী কাছ থেকে এবং আলোচনা করে আমরা চারটি বড় জিনিস সাধারণ মানুষের জন্য এনেছি। নানা জিনিসের মধ্যে আমি চারটি জিনিসের কথা বলছি। তার কারণ বাজেট স্পিচে ছিল। এবার আমরা মাইক্রোতে এসে যাচ্ছি। একেবারে ৩৫ হাজার ফুট থেকে নীচে এসে সাধারণ মানুষের পরিপ্রেক্ষটা বোঝার চেষ্টা করছি। প্রথম পরিপ্রেক্ষ হল ডিমানিটাইজেশন। তার সম্বন্ধে আমি আগের হাউসে বলেছিলাম স্যার, কারা ক্ষতিগ্রস্ত হয়েছে সবচেয়ে বেশি। তাদের মধ্যে থেকে অন্তত কিছু মানুষকে যদি আমরা সাহায্য করতে পারি, তার স্পেসিফিক প্রোজেক্ট দেওয়া হয়েছে। যারা চলে এসেছে বিভিন্ন রাজ্য থেকে অসহায় অবস্থায়, তাদের জন্যে মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে এবং ওনার অনুপ্রেরণায় আমরা কিছু অ্যালকেশান করেছি। দরকার তাদের। তারা ব্যথিত, তারা আজ অথৈ জলে। তারপরে আমরা করেছি যারা প্রত্যেক দিন গ্রামেগঞ্জে আমাদের প্রত্যেকের কনস্টিটিউয়েন্সিতে সে বাম হোক, আমাদের ট্রেজারি বেঞ্চের হোক প্রত্যেকের জায়গায় যারা কিছু করে সাধারণ মানুষের জন্য। আই.সি.ডি.এস., আশা, তাদের প্রতি একটি বিশেষ নজর আছে। সেটা করার চেষ্টা করছি। মাইক্রো লেভেল। তারপরে আমরা প্রত্যেকটি ডিপার্টমেন্টের কি হয়েছে, যেটা আপনার অনুমতি নিয়ে আমি পড়িনি এবং কয়েকজন সদস্য সে সম্বন্ধে বলেছেন।

প্রত্যেকটা ডিপার্টমেন্টের মধ্যে ঢুকে প্রত্যেকটা তথ্য আপনাদের সামনে ট্রান্সপ্যারেন্টলি প্লেস করেছি। শেষে আসছে ট্যাক্স রিফর্মস। বাজেট মানে করের ক্ষেত্রে আপনি কি রিফর্ম করবেন, কি নতুন জিনিস করবেন। স্যার, পরের দিন সংবাদ মাধ্যমে এবং আগের দিন টেলিভিসনে দেখে আমি খুশি হলাম যে, যে স্টেপ আমরা নিয়েছি ট্যাক্স রিফর্মস, স্ট্যাম্প ডিউটি রিফর্ম, তাতে বাংলার মানুষ খুব খুশি হয়েছে। স্বচ্ছতা, সততা এবং স্টিমুলেশন, তিনটেকে মিলিয়ে আমরা ট্যাক্স রিফর্মস করেছি। কিন্তু স্যার, শুনতে শুনতে আমার খুব দুঃখ হ'ল, সেটা দিয়ে শুরু

করি। মাননীয় তন্ময় বাবু, আমার খুবই দুঃখ হ'ল যে, কবিগুরু রবীন্দ্রনাথের একটা কবিতা 'দুই বিঘা জমি', সেই কবিতাটা বিকৃত করা, হেয় প্রতিপন্ন করা, অপমান করা, অবমাননা করা দেখে। দুই বিঘা জমি কবিতাটা পড়লে হয়ত বামের লোকেরা, যারা কম্যুনিস্ট, তারাও হয়ত ইন্টারপ্রিট করবে ক্লাস স্ট্রাগেল-এর টার্মসে। একটা গরিব মানুষ, তার সম্বল দুই বিঘা জমি, সেই জমি জমিদার নিয়ে নিয়েছে। অন্যরা বলবে,না, এটা মানবিক একটা দিক রবীন্দ্রনাথের যেটা আমরা পেয়েছি। কবিগুরুর সেই কবিতাটা হেনস্থা করা ! দেখে আমি অবাক হয়ে গেছি স্যার। স্যার, এই ভাবে কবিগুরুকে হেনস্থা করা হ'ল, তাঁর বক্তব্যকে বিকৃত করা হ'ল ! গঙ্গা সম্বন্ধে বলা হয়েছে, গঙ্গা যেন শ্মশান হয়ে গেছে। শুধু শ্মশান। দুঃখ হয়েছে। তন্ময় বাবু হয়ত তাড়াতাড়িতে বলে ফেলেছেন। একবার বলেছিলেন প্রথমবার এম.এল.এ. হয়েছেন। সেইজন্য ওনাকে স্মরণ করিয়ে দিই, এই ভাবে যে কবিগুরুকে অসম্মান করেছেন এই হাউসে, আশা করি তিনি রিগ্রেট করবেন। হয়তো তিনি সেইসময় মানসিক ভারসাম্যটা হারিয়ে ফেলেছিলেন। এবারে স্যার, বলব, হয়তো চিন্তা করেই বলা হয়েছে। কেন ? এর পেছনে একটা তাত্ত্বিক বিচার আছে। সেই ভাবে চিন্তা করেই যদি বলে থাকেন ভারসাম্য না হারিয়ে, তাহলে তাত্ত্বিক বিচারে আসতে চাইছি। ২০১১ সালের জুলাই মাসের ১৩ তারিখে প্রমোদ দাশগুপ্ত মেমোরিয়াল লেকচার কে দিচ্ছেন? বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়। তিনি কি বলছেন? তিনি বলছেন, দেয়ার ইজ নো ডাউট যে, বাম আন্দোলন ভুল করেছে। তার জন্য তিনি ক্ষমা চাইছেন, অ্যাপলোজি চাইছেন। তিনি নিজে বলছেন সুন্দর করে যে, রবীন্দ্রনাথকে আমরা বলেছিলাম তিনি গজেন্দ্র মিনারে থাকেন, আইভরি টাওয়ার। চিন্তা করুন। এই বাম বা ক্যম্যুনিস্ট কবিরা বলেছিলেন, তিনি আকাশচারী কবি। হি ওয়াকস অন দি ক্লাউডস। এই কথা তিনি। বলছেন, রেসপেকটেড বুদ্ধদেব ভট্টাচার্য্য, ফরমার চিফ মিনিস্টার বলছেন, ওরা বুঝতে পারেনি। দে কুড নট আন্ডারস্ট্যান্ড। আমি ওঁকে কোট করছি। বাম কবিদের সম্বন্ধে বলছেন, He has seen from a parochial perspective. মনে রাখতে হবে যে, তিনি নিজে বলছেন, তাঁকে আমরা ভুল করেছি বলে যে তিনি একজন বুর্জুয়া পোয়েট। ভুল করেছি বলে যে তিনি আনন্দবাদী কবি। 'আনন্দবাদী কবি', এই টার্মসটাও ইউস করা হয়েছে। তাই তাত্ত্বিক বিচারে ফিরে যাচ্ছি। আমি বলতে চাই, ১৯৩০ সালে স্ট্যালিনের রাশিয়া কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরকে রাশিয়াতে ইনভাইট করেছিলেন। ওখান থেকে তিনি "রাশিয়ার চিঠি" বলে অপূর্ব এসে লিখেছিলেন।

[3:00 – 3:10 p.m.]

ইন্টারভিউ দিয়েছিলেন। সেই ইন্টারভিউতে হিউম্যান রাইটস ভায়োলেশনের কথা উনি তুলে দিয়েছিলেন। তাতে কি হল! স্ট্যালিন বললেন যে পাবলিশ করতে দেব না ইজভেস্তিয়াতে। বন্ধ করে দিল। তবে আমি কীসের জন্য খুশি স্যার। ৫৮ বছর পরে ১৯৮৮ সালে সেই ইজভেস্তিয়ার খবরের কাগজ কবিগুরুর সেই ইন্টারভিউ পাবলিশ করে। তার মানে কী? তার মানে স্যার, হয় তন্ময়বাবু কমপ্লিটলি আনব্যালান্সড হয়ে বলে ফেলেছেন, প্রথমবারের এম এল এ। ক্ষমা করে দিন স্যার, অথবা হতে পারে এর পিছনে একটি তাত্ত্বিক বিচার আছে - বুর্জোয়া কবির বিরুদ্ধে বললেন। বাংলার মানুষ ক্ষমা করবে না।

...(গোলমাল)...

স্যার, এক মূহুর্তে একটি প্রশ্ন তুলেছেন। এই হাউসে প্রশ্ন তুলেছেন কেন্দ্রীয় সরকার সম্বন্ধে বলি- কেন্দ্রীয় সরকার কোথা থেকে রাজস্ব পায়। এটা আমাদের বুঝতে হবে স্যার। রাজস্ব পায় রাজ্য থেকে। ইনকাম ট্যাকস, একসাইজ, সার্ভিস ট্যাকস, কর্পোরেট ইনকাম ট্যাকস।

...(গোলমাল)..

মিঃ স্পীকার : সুজন বাবু প্লিজ আপনি বসুন। আপনি যখন বলেছেন তখন কেউ ডিসটার্ব করেনি। আমি আপনাকে অনুরোধ করব আপনি বসুন। মাননীয় অর্থমন্ত্রী প্লিজ কনটিনিউ করুন।

ডঃ অমিত মিত্র : আমি জানি, এই ধরনের কথা বললে রাগ করাটা স্বাভাবিক। আমি এখানে যে বক্তব্য মাননীয় সদস্য রেখেছেন, তার ডেটা বা তথ্য সমেত আমি উত্তর দেব। স্যার, কেন্দ্রীয় সরকার কোথা থেকে ট্যাকস পায়। ইনকাম ট্যাকস, একসাইজ ডিউটি রাজ্য থেকে, সার্ভিস ট্যাকস, কর্পোরেট ইনকাম ট্যাকস, আমাদের রাজ্য থেকে তুলে নিয়ে যায়। তাই তো ফাইনান্স কমিশন বলে যে একটা পার্সেন্টেজ রাজ্যকে ফেরত দিতে হবে। তার কারণ কেন্দ্রীয় সরকারকে ডিফেন্স চালাতে হয়। কেন্দ্রীয় সরকারকে মিনিস্ট্রি অব একস্টারনাল অ্যাফেয়ারস চালাতে হয়। নানা জিনিস চালাতে হয়। সেটা ছিল ৩২ শতাংশ। কেন্দ্রীয় সরকার সেটাকে ৪২ শতাংশ করে দিল। যেটা আমাদের ফোর্টিন্থ ফিনান্স কমিশনের রেকমেন্ডেশন। কোন দয়াদাক্ষিণ্য নয় স্যার। তারপরে কি হল স্যার? সেই ফোর্টিন্থ ফিনান্স কমিশনে যেটা আমাদের অধিকার সেটা আমাদের কাছে ফিরে এল। কেন না আমাদেরই ট্যাকস নিয়ে কেন্দ্রীয় সরকার তার যে বিশাল একটা জমিয়ে ছিল সমস্ত রাজ্য থেকে, তার ৪২% ফেরত দিল। এর পিছনে কী হয়েছে স্যার।রাজ্য যদি এগিয়ে যায়, আমাদের ট্যাকস বাড়বে, ইনকাম ট্যাকস বাড়বে, একসাইজ বাড়বে, সার্ভিস ট্যাকস বাড়বে, কর্পোরেট ট্যাকস বাড়বে। সেই বাড়ার জন্য ফোর্টিন্থ ফিনান্স কমিশন রেকমেন্ড করল যেভাবে বেড়ে যাচ্ছে, তোমরা ৩২-এর জায়গায় ৪২ শতাংশ ফেরত দাও।আমাদের অধিকার স্যার। কনস্টিটিউশনাল রাইটস। এটা দয়াদাক্ষিণ্য নয়। গ্র্যান্ট ইন এইডের কথা বলেছেন। আমি পয়েন্ট আউট করি স্যার। হয়ত ওনারা দেখতে পাননি। লোকাল বডির গ্র্যান্ট তারমধ্যে আছে। ক্যালামিটি রিলিফ ফান্ডও তার কাছে আছে। এগুলি আছে, দেখতে পাননি। ট্যাকস রিফর্মের ব্যাপারে একটা কথা বলতে চাইছি। কেন্দ্রের সুপ্রিম কোর্টে কতগুলি ট্যাকস ডিসপিউট পড়ে আছে জানেন স্যার? ৬৭ হাজার। হাইকোর্টে কতগুলি পড়ে আছে? ১ লক্ষ ৫৩ হাজার। ইনকাম ট্যাকস অ্যাপিলেট ট্রাইবুনালে কতগুলি পড়ে আছে? ৩ লক্ষ ৭০ হাজার। তার মানে ৫ লক্ষ ৯০ হাজার পড়ে আছে বিভিন্ন লেভেলের অ্যাপিলেটে। আর আমাদের সরকার কি করেছে স্যার! আমরা সরকারে আসার পরে ৬৩ হাজার ৮৮৩ টি ডিসপোজ অফ করে দিয়েছি, যা ইতিহাস ক্রিয়েট করেছে। যা ইতিহাস ক্রিয়েট করেছে, কোনো রাজ্য করতে পারেনি। প্রত্যেক বাজেটে যাতে ডিসপোজাল হয়, তার ব্যবস্থা করা হয়েছে।

এর এবারে আসছি - এটা বলা স্বাভাবিক। যেটা কেউ বলল না স্যার, কেউ প্রশ্নটা করলো না। আমি ভাবলাম সাধারণ মানুষের জন্য সেই প্রশ্নটা রাখবো, তথ্য কেউ কিন্তু চাইলো না - ফিসকাল ডেফিসিট, রেভিনিউ ডেফিসিট, debt টু জি.ডি.পি. রেশিওটা কি করেছেন আপনি ? ডঃ সাহেব বলছিলেন একটু, টাচ করেছিলেন। তাই আমি একটু উত্তরটা দিতে চাই। স্যার, শুনে খুশি হবেন অ্যাকচুয়াল, কে.জি. অ্যাকচুয়াল আমার নিজের প্রোজেকশন নয় স্যার। ২০১০-১১তে রেভিনিউ ডেফিসিট ছিল ৩.৭৫%। ২০১৫-১৬তে আমরা কোথায় নিয়ে গেছি স্যার - ০.৯৭, জিরোর দিকে যাচ্ছি আমরা স্যার। একের নীচে চলে এসেছে। দেখান তো একটি রাজ্য, দেখান তো কেন্দ্রীয় সরকারের রেভিনিউ ডেফিসিট কত ? এইভাবে তারা নামিয়ে আনতে পেরেছে কিনা ? দুই, ফিসকাল ডেফিসিট। ২০১০-১১তে ছিল ৪.২৪। চারের ওপরে। আমরা নামিয়ে এনেছি ২.২২% ২০১৫-১৬তে। একচুয়াল ফিগার স্যার, আমার বানানো না। Debt জি.ডি.পি. রেশিও - এই সম্বন্ধে একটু বলতে চাই স্যার। বিশাল ঋণ আমাদের কাঁধে। এ সম্বন্ধে আপনারা জানেন, আমি আগেও বলেছি। এই সরকার ক্ষমতায় আসার পর ৩১।০৩।২০১৬ পর্যন্ত যে ডেটা

অ্যাভেলেবল ছিল - ১ লক্ষ ১৩ হাজার ১০৪ কোটি টাকা ঋণ নিয়েছি যার মধ্যে ৯৪ হাজার ৫৫৩ কোটি টাকা শুধু আগের সরকারের ঋণ শোধ করার জন্য ব্যয় হয়েছে। তার মানে, এই সরকার বিগত পাঁচ বছরে - আমরা যখন সরকারে ৫ বছর কমপ্লিট করেছি, অতিরিক্ত মাত্র ১৮ হাজার ৫৭১ কোটি টাকা ঋণ নিয়েছে, যা বার্ষিক গড়ে দাঁড়ায় মাত্র ৩ হাজার ৭১৪ কোটি টাকা। এই রেকর্ডটা দেখিয়ে দিন কে করতে পেরেছে ?

এবারে আসছি debt জি.ডি.পি. রেশিওতে। স্যার, শুনে খুশি হবেন যখন আমরা সরকারে এসেছিলাম, পশ্চিমবঙ্গে জি.ডি.পি. কত ছিল ? Nominal টার্মস্ - ৪ লক্ষ ৬০ হাজার ৯৫৯) সাড়ে চার লক্ষ ধরুন। ২০১৫-১৬তে নমিন্যাল জি.ডি.পি. কোথায় গিয়ে পৌঁছালো ? ৯ লক্ষ ৩৯ হাজার ৪৭১ স্যার। মোর দ্যান double ইন ফাইভ ইয়ার্স ইন নমিন্যাল টার্মস। আপনি যদি inflation discount করেন, ইট ইজ এ ম্যাসিভ গ্রোথ অফ জি.ডি.পি.। এর জন্য কি হয়েছে স্যার? ধার যত ছিল, debt যত ছিল, ডিভাইডেড বাই জি.ডি.পি. - এইভাবেই অর্থনীতিবীদরা মাপ করেন স্যার। অ্যাজ এ প্রোপোর্শন অফ সামথিং - শুধু debt বলে তো লাভ নেই, ইউ.পি.-র debt - বিশাল রাজ্য। মহারাষ্ট্র বিশাল – debt, debt টু জি.ডি.পি. রেশিও - তথ্যটা দিতে চাই স্যার, অ্যাজ এ পার্ট অফ ডিসিপ্লিন। আমরা যখন এসেছিলাম, তখন debt টু জি.ডি.পি., জি.এস. ডি.পি. রেশিও - রাজ্যের জি.ডি.পি. ছিল ৪০.৬৫। Over 40% debt to GDP ratio, নামিয়ে এনেছি স্যার ২০১৫ to 32.58%। তার কারণ, মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে হু হু করে জি.ডি. পি. বেড়েছে। সেহেতু debt to GDP ratio কমে এসেছে স্যার।

এবারে স্যার আসছি আরেকটি গুরুত্বপূর্ণ প্রশ্নে। যে প্রশ্নটা কেউ করলো না স্যার, তাই দুঃখ হ'ল। তাই ভাবলাম এই হাউসে সেটা প্রদান করি। সেটা হচ্ছে, এই বাজেটে ২০১৫-১৬ অবধি যদি আপনি ধরেন যেটা projection এই বাজেটে রিফ্লেক্সন পাবেন - সোস্যাল সেক্টরে, এগ্রিকালচার allied অ্যাকটিভিটিসে ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচার, স্টেট প্ল্যান এক্সপেনডিচার, স্টেট ক্যাপিটাল এক্সপেনডিচার - এর প্রতিচ্ছবিটা কি ? আমার মনে হয়, সেটা পরিষ্কার হ'লে আমাদের অপোজিশনের অনারেবল মেম্বাররা খুশি হবেন।

আমি একটা হিসাব করেছি, compounded annual growth rate, এভারেজ বছরের বাট কমপাউন্ড। এটা কীসে দাঁড়ায় ? State plan expenditure কত বেড়েছে। বছরে জানেন স্যার? between 2010-11 and 2015-16, ২৮.৬৩, ওভার ২৮ % স্টেট প্ল্যান বেড়েছে every year that compounded basis 95 965 om gay social sector social sector que গুরুত্বপূর্ণ, কত বেড়েছে জানেন? বছরের পর বছর প্রত্যেক বছরে, কারণ compounded basis-এ 28.70, প্রত্যেক বছরে। তৃতীয় physical infrastructure অত্যন্ত গুরুত্বপূর্ণ ইন্ডাস্ট্রির জন্য, সমাজের জন্য, 29.02% physical infrastructure year after year after year 95 9165 of state capital expenditure, কেউ বলছিলেন, কোথায় গেল state capital expenditure। 41% annual growth of state capital expenditure, যার থেকে asset creation হয়, স্থায়ী সম্পদ রাজ্যে তৈরি হয়। 41% growth every year 41%, 41%, 41% ৫ বছরে। এবং ফাইনালি স্যার, agriculture and allied activities, অনেকে বলেছেন agriculture সম্বন্ধে আপনি একটু বলুন, আপনার মাধ্যমে বলছি, শুনে যান, এগ্রিকালচারের compounded growth rate in the plan expenditure কি হয়েছে ? 45.75 % প্রত্যেক বছরে, প্রায় 46%, year after year after year ৫ বছরে। এই রেকর্ড কোন রাজ্য দেখাতে পারবে স্যার ? এই হচ্ছে মমতা বন্দ্যোপাধ্যায়ের মানসিকতা। Social expenditure, agriculture allied activities, physical infrastructure, state capital

expenditure, state capital expenditure। স্যার, অঙ্কতো সবাই ভালো জানেন, হিসেব করে নেবেন, সব আছে। ২৫টা বইয়ের মধ্যে আছে। সব বেরিয়ে আসবে স্যার। এর পরে বলতে চাই, ডঃ সুজন চক্রবর্তী বলছিলেন এটাতে কমে গেছে, ওটাতে কমে গেছে। আমি plan expenditure-এর তথ্যটা দিয়ে দিতে চাই। কৃষি, Agriculture, ১৭২৮ ছিল ২০১৬-১৭তে, কততে গেছে ? ১,৯০৫, কেউ যেন বলছিলেন কমে গেছে। আমি আপনাদের exact figure দিচ্ছি। Health and family welfare 2,999 ছিল ২০১৬-১৭তে, ...(হইচই)... 2,999 ছিল ২০১৬-১৭তে ছিল আগের বছর health and family welfare-এ। কততে এল? 2999 থেকে ৩,২৯৯তে পৌঁছে গেল এবছর। Projected state plan 2017-18, higher education-এ ৪৫৬ থেকে হল ৫২৭। Irrigation and water, আমাকে আমার মন্ত্রী মনে করিয়ে দিয়েছিলেন যে, কেন্দ্রীয় সরকারের amountটা ৩০% মতো কমে গেছে। আমি ছেড়ে দিচ্ছি, আমি শুধু state plan নিচ্ছি, যেটা আমার সম্বল। ২,২৭৭ কোটি ছিল স্যার, সেটা ২,৪১০-এ নিয়ে গেছি, যদিও কেন্দ্রীয় সরকারের পুরো টাকা আপনার কেটে দিয়েছে। তাই আমরা নিজেদেরটা বাড়িয়েছি। স্যার, minority affairs ২,৫০০ কোটি টাকা ছিল আগের বছর, এ বছর ২,৮১৫ কোটি টাকা। Municipal affairs ৩,০০০ ছিল, ৩,৪৫৯ কোটি টাকা। আর দুটো-তিনটে বলবো, অনেকগুলো ডিপার্টমেন্ট তাই কয়েকটা স্পেসিফিক বলছি, Panchayat and Rural Development এখানে সুব্রতদা নিশ্চয়ই শুনছেন, ১০,৬৫২ কোটি টাকা ছিল, বাড়িয়ে ১২,৮৬৪-তে নিয়ে যাওয়া হয়েছে।

কেননা বিরাট ডিপার্টমেন্ট। গ্রামের মানুষের মধ্যে কাজ করে। স্যার, পাবলিক হেল্থ ইঞ্জিনিয়রিং। ১,৬৩০কে ১,৮১১তে নিয়ে যাওয়া হয়েছে। পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট। ১,৭২৩ থেকে ১,৯২৩-এ নিয়ে যাওয়া হয়েছে। স্যার, স্কুল এডুকেশন। আগের বছর ৯ হাজার কোটি টাকা ছিল। প্ল্যান এক্সপেন্ডিচার। এ বছর সেটাকে বাড়িয়ে ৯,৬৬০ কোটিতে নিয়ে যাওয়া হয়েছে। উইমেন এ্যান্ড চাইল্ড এ্যান্ড সোসাল ওয়েলফেয়ার। ১ হাজার ছিল। ১,১৫৭তে চলে গেছে। তার মানে স্যার, টোটাল প্ল্যান এক্সপেন্ডিচার যেটা আগের বছর ছিল সেটা এখন এসে দাঁড়িয়েছে বিশালভাবে বেড়ে ৬৪,৭৩৩ কোটি টাকা। এইটা হচ্ছে, মমতা বন্দ্যোপাধ্যায়ের মানসিকতা।

স্যার, এবার দুটো কথা বলেই আমি শেষ করবো। রেভিনিউ কালেকশনের কথা বলেছি। স্যার। ২০১০-১১তে ২১ হাজার ছিল। আমি তো বলছি লজ্জাকর যে ২১ হাজার ছিল। আমরা বাড়িয়ে ৪২,৯১৯, এ্যাকচুয়াল ফিগার দিচ্ছি তাতেও খুশি নয়? কোন, কোন রাজ্য করতে পেরেছে? ডাবল করতে পেরেছে? স্যার, মদের কথা বললেন। আপনারা শুনে হয়তো চিন্তা করবেন। এই এ্যাসেম্বলির স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান, লেফ্ট ফ্রন্টের মেম্বার বলেছিল, অফ শপের লাইসেন্স দাও। আমরা বলেছি না, অফ শপের লাইসেন্স দেবো না। এখন ঘুরে এসে বলছেন মদ খাওয়াচ্ছে। পে কন্ডিশান করেছিলেন কেন? তখন তো হইহই করে আমার কাছে তিনজন এসেছিলেন বামেদের থেকে। স্যার, লাইসেন্সটা বাড়িয়ে দিন। কেউ কেউ এটাও বলেছেন আমার এলাকাতেই অফ শপটা বাড়িয়ে দিন। স্যার, এখন এ্যাসেম্বলিতে আমি অন্য কথা শুনছি।

স্যার, এবারে লাস্ট প্রশ্নটা তুলবো কেননা অনেক্ষণ আপনার সময় নিয়ে নিয়েছি। এটা হচ্ছে মাননীয় দিলীপবাবুর। দিলীপবাবু এখন নেই দেখছি। স্যার, দিলীপবাবু যা বলেছিলেন সেই সম্বন্ধে দুটো কথা বলতে চাই। প্রথম একটি অশনি সংকেত আমরা দেখতে পারছি কেন্দ্রীয় সরকারের মধ্যে। সেটা কিন্তু আলোচনা হয়নি। স্যার, অশনি সংকেতটা কি? হঠাৎ যে ধরনের স্ট্রাকচার ছিল এক সময় যেটাকে আমরা স্বচ্ছতায় নিয়ে এসেছি। Ease of doing business-এ নিয়ে এসেছি। আজকে কিন্তু উল্টো পথে চলছে। উদাহরণ? এই বছর বাজেটে কেন্দ্রীয় সরকার

একটা সেশন এ্যামেন্ড করেছে। Section 132 of the Income Tax Act. সেটা কি বলছে জানেন? The amendment will do away with the requirement of the IT officials to demonstrate they have reason to believe that violation existed. Do away of that the assess would not comply before conducting as search, seizure and raid. এটা কিন্তু চোখে পড়েনি। দিলীপবাবু থাকলে বলতাম আপনার অর্থমন্ত্রীকে বলুন এটা কি করছেন। এতে কি হবে স্যার? হয়রানি। নিরাপরাধ মানুষের হয়রানি হবে। সরলীকরণ হবে না। আর ফিয়ার সাইকোসিস তৈরি হবে। যে বিনা কোন রকম রিজন টু বিলিভ যে কোন সময় সার্চ, সিজার এ্যান্ড রেড। এই তিনটে হতে পারবে। এই সেশনটা এ্যামেন্ড করা হয়েছে।

...(গোলমাল)...

দ্বিতীয়, এই অশনি সংকেত যদি মেনে নেন, আর একটা দিয়ে দিই তার সঙ্গে স্যার, কেন্দ্রীয় সরকার কি করছে। GST. আপনারা শুনে অবাক হয়ে যাবেন। GST Law তৈরি হচ্ছে। তাতে ট্যাক্স অফিসারদের এ্যারেস্ট করার ক্ষমতা দেওয়া হচ্ছে। আজ VAT Law-তে এ্যারেস্ট করা যায় না। FIR করতে হয়। আপনারা শুনে খুশি হবেন যে, ৫ বছরে আমরা দুটি FIR করেছি। একজনকে এ্যারেস্ট করতে হয়নি FIR করার সঙ্গে সঙ্গে সে তার যা ট্যাক্স ডিউ ছিল দিয়ে যেটা এ্যাপিলিং, এ্যাপিল করতে পারে, করেছে এবং দ্বিতীয় জনকে এ্যারেস্ট করতে গিয়ে তিনি ফিরে এসে ট্যাক্স দিয়ে দিয়েছেন।

[3:20 – 3:30 p.m.]

GST law-তে স্যার, আমি লড়াই করেছি। আমার সঙ্গে দুটি রাজ্য ছিল। Unfortunately, সবাই support করলো না। তাতে GST-এর এই যে আজকে যেটা আপনাকে ১৩২ section-এর কথা বললাম, এরই সঙ্গে তুলনামূলকভাবে GST law-তে arrest-এর indication আছে। অনেক লড়াই করার পরে যখন আমরা হেরে যাই, তখন এটাকে soften করা হয়। কি করা হয়? বলা হয়, দু'কোটি অবধি no arrest, দু'কোটির পরে arrest with_bail, দু'কোটি থেকে পাঁচ কোটির ওপরে হলে arrest with no bail. তার মানে যেটা Vat law-তে ছিল না সেটা কিন্তু কেন্দ্রীয় সরকার আবার induct করেছে। শেষে বলব স্যার, এটা দিলীপবাবুকে বলার ছিল, উনি তো নেই আশা করি আমার বক্তব্য পৌঁছে যাবে। Last কথা স্যার, অমর্ত্য সেন। অমর্ত্য সেন সম্বন্ধে উনি বলেছেন, সবাই বলেছেন। একটা জিনিস শুনে আমি একটু অবাক হয়ে গেলাম স্যার। শুধু অমর্ত্য সেনের বিরুদ্ধেই উনি বললেন না, বললেন ওঁর PhD Thesis সম্বন্ধে কথাটা। স্যার, অমর্ত্য সেনের PhD-এর Thesis কি ছিল স্যার। তখন হয়তো উনি জন্মানোনি Choice of Technique বলে অমর্ত্য সেনের Thesis, Dr. অমর্ত্য সেন, supported by Joan Robinson. সেই Thesis became of bench mark in Economics. উনি সেই thesis-কে বলে দিলেন - তার বিরুদ্ধে বলে দিলেন। স্যার, এটা - এটা নিশ্চই মতিভ্রম না হলে এটা কেউ বলে না স্যার। আমি সেহেতু শেষ করতে চাই এটা বলে স্যার, এই বাজেট মানবিক বাজেট, এই বাজেট disciplined budget, এই বাজেট বাংলার মানুষকে এগিয়ে নিয়ে যাবে দ্রুতগতিতে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে। ধন্যবাদ স্যার, নমস্কার।

Mr. Speaker : Motion for Demands of Grants for all Departments, Dr. Amit Mitra to move

সরকারি কার্যক্রম অর্থ বিষয়ক

Budget of the Government of West Bengal for 2017-2018

পশ্চিমবঙ্গ সরকারের ২০১৭-২০১৮ বছরের বাজেট

DEMAND No. 1

Major Heads: 2011—State Legislatures, 2059—Public Works and 4059—Capital Outlay on Public Works

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹82,62,66,000 be granted for expenditure under Demand No. 1, Major Heads: "2011—State Legislatures, 2059—Public Works and 4059—Capital Outlay on Public Works" during the year 2017-2018.

DEMAND No. 3

Major Head: 2013—Council of Ministers

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹35,42,16,000 be granted for expenditure under Demand No. 3, Major Head: "2013—Council of Ministers" during the year 2017-2018.

DEMAND No. 4

Major Heads: 2401–Crop Husbandry, 2408—Food, Storage and Warehousing, 2435-Other Agricultural Programmes, 3451-Secretariat-Economic Services, 4401–Capital Outlay on Crop Husbandry and 4435—Capital Outlay on Other Agricultural Programmes.

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹3319,24,34,000 be granted for expenditure under Demand No. 4, Major Heads: "2401—Crop Husbandry, 2408—Food, Storage and Warehousing, 2435-Other Agricultural Programmes, 3451-Secretariat Economic Services, 4401–Capital Outlay on Crop Husbandry and 4435—Capital Outlay on Other Agricultural Programmes" during the year 2017-2018.

DEMAND No.5

Major Heads: 2235—Social Security and Welfare, 2236—Nutrition, 2401—Crop Husbandry, 2402-Soil and Water Conservation, 2415-Agricultural Research and Education, 2551—Hill Areas, 2851–Village and Small Industries, 3451 Secretariat Economic Services, 4401–Capital Outlay on Crop Husbandry, 4415—Capital Outlay on Agricultural Research and Education and 4851–Capital Outlay on Village and Small Industries

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹2662,37,38,000 be granted for expenditure under Demand

No.5, Major Heads: "2235—Social Security and Welfare, 2236-Nutrition, 2401–Crop Husbandry, 2402—Soil and Water Conservation, 2415—Agricultural Research and Education, 2551—Hill Areas, 2851–Village and Small Industries, 3451—Secretariat-Economic Services, 4401–Capital Outlay on Crop Husbandry, 4415—Capital Outlay on Agricultural Research and Education and 4851—Capital Outlay on Village and Small Industries" during the year 2017-2018.

DEMAND No. 6

Major Heads: 2235—Social Security and Welfare, 2401-Crop Husbandry, 2403— Animal Husbandry, 2404—Dairy Development, 2415—Agricultural Research and Education, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 3451—Secretariat Economic Services, 4403—Capital Outlay on Animal Husbandry and 4404—Capital Outlay on Dairy Development

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹1058,38,57,000 be granted for expenditure under Demand No. 6, Major Heads: "2235—Social Security and Welfare, 2401—Crop Husbandry, 2403—Animal Husbandry, 2404-Dairy Development, 2415—Agricultural Research and Education, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 3451—Secretariat-Economic Services, 4403—Capital Outlay on Animal Husbandry and 4404-Capital Outlay on Dairy Development" during the year 2017-2018.

DEMAND No. 7

Major Heads: 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities, 2251—Secretariat—Social Services and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹846,04,42,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads: "2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities, 2251—Secretariat Social Services and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities" during the year 2017-2018.

DEMAND No. 8

Major Heads: 2216-Housing, 2250-Other Social Services, 2401–Crop Husbandry, 2404—Dairy Development, 2425—Co-operation, 2515-Other Rural Development Programmes, 3451—Secretariat-Economic Services, 4216—Capital Outlay on Housing, 4250—Capital Outlay on Other Social

Services, 4425—Capital Outlay on Co-operation, 6250—Loans for Other Social Services and 6425—Loans for Co-operation

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹391,04,62,000 be granted for expenditure under Demand No. 8, Major Heads: "2216—Housing, 2250—Other Social Services, 2401—Crop Husbandry, 2404—Dairy Development, 2425—Co-operation, 2515—Other Rural Development Programmes, 3451—Secretariat-Economic Services, 4216–Capital Outlay on Housing, 4250—Capital Outlay on Other Social Services, 4425—Capital Outlay on Co-operation, 6250--Loans for Other Social Services and 6425—Loans for Co-operation" during the year 2017-2018.

DEMAND No. 10

Major Heads: 2052—Secretariat-General Services, 3456—Civil Supplies and 3475—Other General Economic Services

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹98,56,53,000 be granted for expenditure under Demand No. 10, Major Heads: "2052—Secretariat-General Services, 3456—Civil Supplies and 3475—Other General Economic Services" during the year 2017-2018.

DEMAND No. 11

Major Heads: 2401—Crop Husbandry, 2551—Hill Areas, 2851–Village and Small Industries, 3451—Secretariat-Economic Services, 4851—Capital Outlay on Village and Small Industries, 6851–Loans for Village and Small Industries and 6860— Loans for Consumer Industries

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹1065,55,61,000 be granted for expenditure under Demand No. 11, Major Heads: "2401—Crop Husbandry, 2551—Hill Areas, 2851–Village and Small Industries, 3451—Secretariat Economic Services, 4851—Capital Outlay on Village and Small Industries, 6851—Loans for Village and Small Industries and 6860—Loans for Consumer Industries" during the year 2017-2018.

DEMAND No. 14

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹299,97,42,000 be granted for expenditure under Demand No. 14, Major Heads: "2202—General Education, 2205-Art and Culture, 2235—Social Security and Welfare, 2251—Secretariat-Social Services, 2515—Other Rural Development Programmes, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture and 4235—Capital Outlay on Social Security and Welfare" during the year 2017-2018.

DEMAND No. 15

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹25330,71,05,000 be granted for expenditure under Demand No. 15, Major Heads: "2202—General Education, 2204—Sports and Youth Services, 2251—Secretariat—Social Services, 2551—Hill Areas and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture" during the year 2017-2018.

DEMAND No. 16

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹68,54,17,000 be granted for expenditure under Demand No. 16, Major Heads: "2215—Water Supply and Sanitation, 2251—Secretariat-Social Services, 3425—Other Scientific Research and 3435—Ecology & Environment" during the year 2017-2018.

DEMAND No. 18

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹17262,45,95,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads: "2014-Administration of Justice, 2020-Collection of Taxes on Income and Expenditure, 2029—Land Revenue, 2030—Stamps and Registration, 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions, 2039-State Excise, 2040-Taxes on Sales, Trades etc., 2045—Other Taxes and Duties on Commodities and Services, 2047—Other Fiscal Services, 2052-Secretariat-General Services, 2054—Treasury and Accounts Administration, 2058—Stationery and Printing, 2059—Public Works, 2070—Other Administrative Services, 2071—Pensions and Other Retirement Benefits, 2075—Miscellaneous General Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 3454—Census, Surveys and Statistics, 3475—Other General Economic Services, 4059—Capital Outlay on Public Works, 4216—Capital Outlay on Housing, 4885—Other Capital Outlay on Industries and Minerals, 5465-Investments in General Financial and Trading Institutions and 7610—Loans to Government Servants etc." during the year 2017-2018.

DEMAND No. 19

Major Heads: 2052—Secretariat-General Services, 2059—Public Works, 2070—Other Administrative Services and 4070—Capital Outlay on Other Administrative Services

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹$ 337,16,98,000 be granted for expenditure under Demand No. 19, Major Heads: "2052—Secretariat-General Services, 2059—Public

Works, 2070—Other Administrative Services and 4070 Capital Outlay on Other Administrative Services" during the year 2017-2018.

DEMAND No. 20

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹385,19,43,000 be granted for expenditure under Demand No. 20, Major Heads: "2235—Social Security and Welfare, 2401—Crop Husbandry, 2405—Fisheries, 2415—Agricultural Research and Education, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 3451—Secretariat-Economic Services, 4401–Capital Outlay on Crop Husbandry, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries" during the year 2017-2018.

DEMAND No. 21

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹7534,90,21,000 be granted for expenditure under Demand No. 21, Major Heads: "2052—Secretariat-General Services, 2235—Social Security and Welfare, 2408—Food, Storage and Warehousing, 3456—Civil Supplies and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing" during the year 2017-2018.

DEMAND No. 22

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹173,88,23,000 be granted for expenditure under Demand No. 22, Major Heads: "2401-Crop Husbandry, 2408—Food, Storage and Warehousing, 2551-Hill Areas, 2851—Village and Small Industries, 2852—Industries, 3451—Secretariat-Economic Services and 4401–Capital Outlay on Crop Husbandry" during the year 2017-2018.

DEMAND No. 23

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹746,93,33,000 be granted for expenditure under Demand No. 23, Major Heads: "2401–Crop Husbandry, 2402—Soil and Water Conservation, 2406—Forestry and Wild Life, 2415—Agricultural Research and Education, 2551—Hill Areas, 3451—Secretariat Economic Services, 4406—Capital Outlay on Forestry and Wild Life and 4702—Capital Outlay on Minor Irrigation" during the year 2017-2018.

DEMAND No. 24

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹ 7604,11,19,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads: "2051—Public Service Commission, 2210—Medical

and Public Health, 2211—Family Welfare, 2236—Nutrition, 2250—Other Social Services, 2251—Secretariat-Social Services, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 4210—Capital Outlay on Medical and Public Health and 6210—Loans for Medical and Public Health" during the year 2017-2018.

DEMAND No. 25

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹5237,60,71,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "2052—Secretariat General Services, 2059—Public Works, 2205—Art and Culture, 2216—Housing, 2250—Other Social Services, 3054—Roads and Bridges, 3451—Secretariat Economic Services, 4059—Capital Outlay on Public Works, 4702—Capital Outlay on Minor Irrigation, 5054—Capital Outlay on Roads and Bridges and 7075—Loans for Other Transport Services" during the year 2017-2018.

DEMAND No. 28

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹1023,28,60,000 be granted for expenditure under Demand No. 28, Major Heads: "2216—Housing, 2251– Secretariat Social Services, 2852—Industries, 4210—Capital Outlay on Medical and Public Health, 4216—Capital Outlay on Housing and 5452—Capital Outlay on Tourism" during the year 2017-2018.

DEMAND No. 30

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹484,55,25,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads: "2059—Public Works, 2202—General Education, 2205—Art and Culture, 2220—Information and Publicity, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat-Social Services, 4059—Capital Outlay on Public Works, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture, 4220—Capital Outlay on Information and Publicity, 6220—Loans for Information and Publicity and 6875—Loans for Other Industries" during the year 2017-2018.

DEMAND No. 31

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹201,53,57,000 be granted for expenditure under Demand No. 31, Major Heads: "2251—Secretariat-Social Services, 4070—Capital Outlay on Other Administrative Services and 4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries during the year 2017-2018.

DEMAND No. 32

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹2984,50,35,000 be granted for expenditure under Demand No. 32, Major Heads: "2250—Other Social Services, 2700—Major Irrigation, 2701-Medium Irrigation, 2711—Flood Control, 3451—Secretariat-Economic Services, 4700—Capital Outlay on Major Irrigation, 4701-Capital Outlay on Major and Medium Irrigation, 4702—Capital Outlay on Minor Irrigation and 4711—Capital Outlay on Flood Control Projects" during the year 2017-2018.

DEMAND No. 33

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹274,22,08,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads: "2052—Secretariat-General Services, 2056—Jails, 2058—Stationery and Printing, 2059—Public Works, 4059—Capital Outlay on Public Works and 4216—Capital Outlay on Housing" during the year 2017-2018.

DEMAND No. 34

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹606,63,03,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads: "2014—Administration of Justice, 2029—Land Revenue, 2052—Secretariat-General Services, 2059–Public Works, 2070—Other Administrative Services, 2216—Housing, 2235—Social Security and Welfare, 3454—Census, Surveys and Statistics, 4059—Capital Outlay on Public Works and 4216—Capital Outlay on Housing" during the year 2017-2018.

DEMAND No. 35

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹871,57,96,000 be granted for expenditure under Demand No. 35, Major Heads: "2014—Administration of Justice, 2210–Medical and Public Health, 2230—Labour and Employment, 2235—Social Security and Welfare, 2251—Secretariat-Social Services and 4250—Capital Outlay on Other Social Services" during the year 2017-2018.

DEMAND No. 37

Major Heads : 2052—Secretariat—General Services and 2070—Other Administrative Services.

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹7,88,02,000 be granted for expenditure under Demand No. 37, Major Heads: "2052—Secretariat-General Services and 2070—Other Administrative Services" during the year 2017-2018.

DEMAND No. 38

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹3470,78,34,000 be granted for expenditure under Demand No. 38,

Major Heads: "2052-Secretariat-General Services, 2202—General Education, 2204—Sports and Youth Services, 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat-Social Services, 2515—Other Rural Development Programmes, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture, 4235—Capital Outlay on Social Security and Welfare and 4250—Capital Outlay on Other Social Services" during the year 2017-2018.

DEMAND No. 40

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹16947,28,67,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads: "2217–Urban Development, 2235—Social Security and Welfare, 2501—Special Programmes for Rural Development, 2505–Rural Employment, 2515—Other Rural Development Programmes, 2575—Other Special Areas Programmes, 3451—Secretariat-Economic Services, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4059—Capital Outlay on Public Works and 4515—Capital Outlay on Other Rural Development Programmes." during the year 2017-2018.

DEMAND No. 41

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹13,97,84,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads: "2052—Secretariat-General Services and 2070—Other Administrative Services" during the year 2017-2018.

DEMAND No. 42

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹157,40,55,000 be granted for expenditure under Demand No. 42, Major Heads: "2051— Public Service Commission, 2052—Secretariat-General Services, 2059—Public Works, 2070—Other Administrative Services, 2216—Housing, 4059—Capital Outlay on Public Works and 4216—Capital Outlay on Housing" during the year 2017-2018.

DEMAND No. 43

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹2818,22,23,000 be granted for expenditure under Demand No. 43, Major Heads: "2045—Other Taxes and Duties on Commodities and Services, 2575—Other Special Areas Programmes, 2801—Power, 2810—Non-conventional Sources of Energy, 3451—Secretariat-Economic Services, 4801-Capital Outlay on Power Projects and 6801—Loans for Power Projects" during the year 2017-2018.

DEMAND No. 45

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹2249,11,28,000 be granted for expenditure under Demand No. 45, Major Heads: "2059—Public Works, 2215—Water Supply and Sanitation, 2250—Other Social Services, 2251-Secretariat Social Services, 2551—Hill Areas, 4059—Capital Outlay on Public Works and 4215—Capital Outlay on Water Supply and Sanitation" during the year 2017-2018.

DEMAND No. 49

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹521,56,05,000 be granted for expenditure under 'Demand No. 49, Major Heads: "2059—Public Works, 2204-Sports and Youth Services, 2251—Secretariat-Social Services and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture" during the year 2017-2018.

DEMAND No. 50

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹476,64,47,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads: "2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes" during the year 2017-2018.

DEMAND No. 51

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹992,36,22,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads: "2203— Technical Education, 2230—Labour and Employment, 2251—Secretariat-Social Services, 4202–Capital Outlay on Education, Sports, Art and Culture and 4250—Capital Outlay on Other Social Services" during the year 2017-2018.

DEMAND No. 52

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹428,32,35,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads: "2250—Other Social Services, 2551—Hill Areas, 3451—Secretariat-Economic Services, 3452—Tourism and 5452—Capital Outlay on Tourism" during the year 2017-2018.

DEMAND No. 53

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹1341,70,10,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads: "2041—Taxes on Vehicles, 2070—Other Administrative

Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat-Social Services, 3051-Ports and Lighthouses, 3053—Civil Aviation, 3055—Road Transport, 3056—Inland Water Transport, 3075—Other Transport Services, 3451—Secretariat-Economic Services, 5053—Capital Outlay on Civil Aviation, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport, 5075—Capital Outlay on Other Transport Services, 7055—Loans for Road Transport, 7056—Loans for Inland Water Transport and 7075—Loans for Other Transport Services" during the year 2017-2018.

DEMAND No. 55

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹1244,27,38,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads: "2401–Crop Husbandry, 2402—Soil and Water Conservation, 2415— Agricultural Research and Education, 2551—Hill Areas, 2702—Minor Irrigation, 2705—Command Area Development, 3451—Secretariat-Economic Services, 4401–Capital Outlay on Crop Husbandry, 4702–Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development" during the year 2017-2018.

DEMAND No. 58

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹394,31,34,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads: "2052—Secretariat—General Services and 2575—Other Special Areas Programmes" during the year 2017-2018

DEMAND No. 59

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹651,93,55,000 be granted for expenditure under Demand No. 59, Major Heads: "2052—Secretariat-General Services, 2204—Sports and Youth Services, 2235—Social Security and Welfare, 2435—Other Agricultural Programmes, and 4435—Capital Outlay on Other Agricultural Programmes" during the year 2017-2018.

DEMAND No. 61

Major Head; 2052—Secretariat-General Services

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹3,29,50,000 be granted for expenditure under Demand No. 61, Major Head: "2052—Secretariat-General Services" during the year 2017-2018.

DEMAND No. 62

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹658,27,78,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads: "2052—Secretariat-General Services, 2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programme" during the year 2017-2018.

DEMAND No. 65

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹804,10,96,000 be granted for expenditure under Demand No. 65, Major Heads: "2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities, 2251—Secretariat-Social Services and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities" during the year 2017-2018.

DEMAND No. 68

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹7276,37,31,000 be granted for expenditure under Demand No. 68, Major Heads: "2015—Elections, 2051—Public Service Commission, 2052—Secretariat-General Services, 2055—Police, 2059—Public Works, 2070—Other Administrative Services, 2075—Miscellaneous General Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2551—Hill Areas, 2575—Other Special Areas Programmes, 3451—Secretariat Economic Services, 3454—Census, Surveys and Statistics, 4055—Capital Outlay on Police, 4059—Capital Outlay on Public Works, 4216—Capital Outlay on Housing, 4235—Capital Outlay on Social Security and Welfare, 4250—Capital Outlay on Other Social Services and 4575—Capital Outlay on Other Special Areas Programme " during the year 2017-2018

DEMAND No. 69

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹1163,65,05,000 be granted for expenditure under Demand No. 69, Major Heads: "2013—Council of Ministers, 2029—Land Revenue, 2052—Secretariat-General Services, 2053—District Administration, 2059—Public Works, 2070-Other Administrative Services, 2216—Housing, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 2401—Crop Husbandry, 2402—Soil and Water Conservation, 2506—Land Reforms, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4059—Capital Outlay on Public Works, 4235—Capital Outlay on Social Security and Welfare and

5475—Capital Outlay on Other General Economic Services" during the year 2017-2018.

DEMAND No. 70

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹3247,97,49,000 be granted for expenditure under Demand No. 70, Major Heads: "22052—Secretariat-General Services, 2202—General Education, 2203—Technical Education, 2204—Sports and Youth Services, 2205—Art and Culture, 2251—Secretariat-Social Services, 3425—Other Scientific Research, 3451-Secretariat-Economic Services, 3454—Census, Surveys and Statistics, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture and 5425—Capital Outlay on Other Scientific & Environmental Research" during the year 2017-2018.

DEMAND No. 71

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹489,05,07,000 be granted for expenditure under Demand No. 71, Major Heads: "2059—Public Works, 2401—Crop Husbandry, 2505—Rural Employment, 2575—Other Special Areas Programmes, 3451-Secretariat-Economic Services, 3454–Census, Surveys and Statistics, 4059—Capital Outlay on Public Works, 4235—Capital Outlay on Social Security and Welfare and 4575—Capital Outlay on Other Special Areas Programme" during the year 2017-2018.

DEMAND No. 72

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹10193,41,30,000 be granted for expenditure under Demand No. 72, Major Heads: "2052—Secretariat-General Services, 2059—Public Works, 2215—Water Supply and Sanitation, 2216—Housing, 2217—Urban Development, 2235—Social Security and Welfare, 3451—Secretariat-Economic Services, 3475—Other General Economic Services, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4059—Capital Outlay on Public Works, 4215—Capital Outlay on Water Supply and Sanitation, 4216—Capital Outlay on Housing, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development" during the year 2017-2018.

DEMAND No. 73

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹1729,61,57,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads: "2013—Council of Ministers, 2052—Secretariat-General

Services, 2059—Public Works, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities, 2251—Secretariat—Social Services, 4059—Capital Outlay on Public Works and 4216—Capital Outlay on Housing" during the year 2017-2018.

DEMAND No. 74

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹5055,48,91,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads: "2235—Social Security and Welfare, 2236—Nutrition, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services and 4235—Capital Outlay on Social Security and Welfare" during the year 2017-2018.

DEMAND No. 75

Dr. AMIT MITRA on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹991,63,03,000 be granted for expenditure under Demand No. 75, Major Heads: "2058—Stationery and Printing, 2852—Industries, 2853—Non-ferrous Mining and Metallurgical Industries, 3451—Secretariat-Economic Services, 3475—Other General Economic Services, 4059—Capital Outlay on Public Works, 4407—Capital Outlay on Plantations, 4551—Capital Outlay on Hill Areas, 4857—Capital Outlay on Chemical and Phermaceutical Industries, 4858—Capital Outlay on Engineering Industries, 4860—Capital Outlay on Consumer Industries, 4875—Capital Outlay on Other Industries, 4885—Other Capital Outlay on Industries and Minerals, 6407—Loans for Plantations, 6551—Loans for Hill Areas, 6857—Loans for Chemical and Pharmaceutical Industries, 6858–Loans for Engineering Industries, 6860—Loans for Consumer Industries, 6885—Other Loans to Industries and Minerals and 7465—Loans for General Financial and Trading Institutions" during the year 2017-2018.

Announcement regarding reallocation of Departments to the Standing Committees of West Bengal Legislative Assembly

Mr. Speaker: Hon'ble Members, you are aware that very recently ten new Departments of the State Government have been created after merging 21 erstwhile Departments of the State Government and names of a few Departments have been changed. It necessitates to modify the allocations of Departments covered under the jurisdiction of the existing Standing Committees of West Bengal Legislative Assembly as also to change the names of some Standing Committees consequent upon this. After a careful consideration of the matter I, in pursuance of the proviso to rule 310ZG(2) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, do hereby

modify the allocations of the Departments covered under the jurisdiction of the existing Standing Committees of the West Bengal Legislative Assembly and the change of the names of some Standing Committees as follows

Committee I	The Standing Committee on Home, Personnel & Administrative Reforms, Correctional Administration, Law and Judicial
	will now look after the Departments of --
	Home(Police) & Hill Affairs Personnel & Administrative Reforms & e-Governance, Correctional Administration, Law and Judicial;
Committee II	The Standing Committee on Finance and Planning
	will now look after the Departments of --
	Finance, Planning, Statistics & Programme Monitoring, Paschimanchal Unnayan Affairs and North Bengal Development;
Committee III	The Standing Committee on Higher Education.
	will now look after the Department of --
	Higher Education, Science & Technology and Bio-Technology;
Committee X	The Standing Committee on Women & Child Development and Social Welfare and Disaster Management
	will now look after the Departments of --
	Women & Child Development and Social Welfare and Disaster Management & Civil Defence;
	The Standing Committee on Agriculture, Agricultural Marketing, Fisheries and Food Processing Industries and Horticulture
Committee XI	**will now look after the Departments of --**
	Agriculture Agricultural Marketing Fisheries and Food Processing Industries & Horticulture

Committee XII	The Standing Committee on Urban Development and Municipal Affairs
	will now look after the Departments of --
	Urban Development & Municipal Affairs;
Committee XIII	The Standing Committee on Large Industries and Enterprises
	will now look after the Departments of --
	Large Industries and Enterprises;
Committee XV	The Standing Committee on Micro, Small & Medium Enterprises & Textiles and Animal Resources Development.
	will now look after the Departments of --
	Micro, Small & Medium Enterprises and Textiles and Animal Resources Development;
Committee XX	The Standing Committee on Food & Supplies
	will now look after the Department of --
	Food & Supplies;
Committee XXII	The Standing Committee on Information Technology and Technical Education.
	will now look after the Departments of --
	Information Technology & Electronics, and Technical Education, Training & Skill Development;
Committee XXIII	The Standing Committee on Housing and Fire & Emergency Services
	will now look after the Departments of --
	Housing and Fire & Emergency Services;
Committee XXIV	The Standing Committee on Information & Cultural Affairs, and Youth Services & Sports
	will now look after the Departments of --
	Information & Cultural Affairs and Youth Services and Sports; and
Committee XXV	The Standing Committee On Land and Land Reforms
	will now look after the Department of --
	Land and Land Reforms & Refugee Relief & Rehabilitation

The Departments covered under the jurisdiction of other Standing Committees will remain unchanged.

The Fourth Schedule to the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly stands amended accordingly.

Discussion and Voting on Demands for Supplementary Grants of the Government of West Bengal for the year 2016-2017

Mr. Speaker: Now I call upon Dr. AMIT MITRA to move voting on demands for supplimentary grants of the Government of West Bengal for the year 2016-2017.

DEMAND No. 3

Major Head: 2013—Council of Ministers

Dr. AMIT MITRA : Sir on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹21,10,000 be granted for expenditure under Demand No. 3, Major Head: "2013—Council of Ministers" during the current financial year.

DEMAND No. 5

Major Head: 2401–Crop Husbandry

Dr. AMIT MITRA : Sir on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹197,71,52,000 be granted for expenditure under Demand No. 5, Major Head: "2401—Crop Husbandry" during the current financial year.

DEMAND No. 6

Major Head: 2404—Dairy Development

Dr. AMIT MITRA : Sir on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹1,15,00,000 be granted for expenditure under Demand No. 6, Major Head: "2404—Dairy Development" during the current financial year.

DEMAND No. 7

Major Heads: 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities, 2251—Secretariat—Social Services

Dr. AMIT MITRA : Sir on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹263,42,77,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads: "2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities, 2251—Secretariat-Social Services" during the current financial year.

DEMAND No. 8

Major Heads: 2425—Co-operation and 6425—Loans for Co-operation

Dr. AMIT MITRA : Sir on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹244,60,63,000 be granted for expenditure under Demand No. 8, Major Heads: "2425—Co-operation and 6425—Loans for Co-operation" during the current financial year.

DEMAND No. 9

Major Heads: 4885—Other Capital Outlay on Industries and Minerals, 6857—Loans for Chemical and Pharmaceutical Industries and 6885–Other Loans to Industries and Minerals

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹70,71,97,000 be granted for expenditure under Demand No. 9, Major Heads: "4885—Other Capital Outlay on Industries and Minerals, 6857—Loans for Chemical and Pharmaceutical Industries and 6885—Other Loans to Industries and Minerals" during the current financial year.

DEMAND No. 10

Major Heads: 2052—Secretariat-General Services and 3456—Civil Supplies

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹11,32,10,000 be granted for expenditure under Demand No. 10, Major Heads: "2052—Secretariat-General Services and 3456—Civil Supplies" during the current financial year.

DEMAND No. 11

Major Heads: 2851–Village and Small Industries, 4851—Capital Outlay on Village and Small Industries and 6860—Loans for Consumer Industries

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹26,29,91,000 be granted for expenditure under Demand No. 11, Major Heads: "2851—Village and Small Industries, 4851—Capital Outlay on Village and Small Industries and 6860—Loans for Consumer Industries" during the current financial year.

DEMAND No. 12

Major Head: 4575—Capital Outlay on Other Special Areas Programme

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum ₹4,67,50,000 be granted for expenditure under Demand No. 12, Major Head: "4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

DEMAND No. 13

Major Heads: 2202—General Education and 2203—Technical Education

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹172,12,75,000 be granted for expenditure under Demand No. 13, Major Heads: "2202—General Education and 2203—Technical Education" during the current financial year.

DEMAND No. 18

Major Heads: 2030—Stamps and Registration, 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions, 2052—Secretariat-General Services, 2054—Treasury and Accounts Administration, 2071—Pensions and Other Retirement Benefits, 3454—Census, Surveys and Statistics, 4059—Capital Outlay on Public Works and 4885—Other Capital Outlay on Industries and Minerals

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹265,81,41,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads: "2030—Stamps and Registration, 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions, 2052—Secretariat-General Services, 2054— Treasury and Accounts Administration, 2071—Pensions and Other Retirement Benefits, 3454—Census, Surveys and Statistics, 4059—Capital Outlay on Public Works and 4885—Other Capital Outlay on Industries and Minerals" during the current financial year.

DEMAND No. 20

Major Heads: 2401–Crop Husbandry, 2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹85,48,27,000 be granted for expenditure under Demand No. 20, Major Heads: "2401–Crop Husbandry, 2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries" during the current financial year.

DEMAND No. 21

Major Head: 2235—Social Security and Welfare

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹3137,24,40,000 be granted for expenditure under Demand No. 21, Major Head: "2235—Social Security and Welfare" during the current financial year.

DEMAND No. 23

Major Heads: 2406—Forestry and Wild Life, 4415—Capital Outlay on Agricultural Research and Education and 4702–Capital Outlay on Minor Irrigation

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹13,99,27,000 be granted for expenditure under Demand No. 23, Major Heads: "2406—Forestry and Wild Life, 4415—Capital Outlay on Agricultural Research and Education and 4702–Capital Outlay on Minor Irrigation" during the current financial year.

DEMAND No. 24

Major Heads: 2210—Medical and Public Health, 4210—Capital Outlay on Medical and Public Health and 6210—Loans for Medical and Public Health

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹1181,99,05,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads: "2210—Medical and Public Health, 4210—Capital Outlay on Medical and Public Health and 6210—Loans for Medical and Public Health" during the current financial year.

DEMAND No. 25

Major Heads: 4059—Capital Outlay on Public Works, 4235—Capital Outlay on Social Security and Welfare and 7075—Loans for Other Transport Services

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹234,62,24,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "4059—Capital Outlay on Public Works, 4235—Capital Outlay on Social Security and Welfare and 7075—Loans for Other Transport Services" during the current financial year.

DEMAND No. 26

Major Head: 2551—Hill Areas

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that 'a sum of ₹32,72,31,000 be granted for expenditure under Demand No. 26, Major Head: "2551—Hill Areas " during the current financial year

DEMAND No. 27

Major Heads: 2055—Police, 2059—Public Works, 2235—Social Security and Welfare and 4055—Capital Outlav on Police

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹26,27,20,000 be granted for expenditure under Demand

No. 27, Major Heads: "2055—Police, 2059—Public Works, 2235—Social Security and Welfare and 4055—Capital Outlay on Police" during the current financial year.

DEMAND No. 28

Major Head: 4216—Capital Outlay on Housing

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of 10,00,00,000 be granted for expenditure under Demand No. 28, Major Head: "4216—Capital Outlay on Housing" during the current financial year.

DEMAND No. 30

Major Head: 2235—Social Security and Welfare

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹50,00,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads: "2235—Social Security and Welfare" during the current financial year.

DEMAND No. 31

Major Head: 2251—Secretariat-Social Services

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹6,94,84,000 be granted for expenditure under Demand No. 31, Major Head: "2251—Secretariat—Social Services" during the current financial year.

DEMAND No. 32

Major Head: 4711—Capital Outlay on Flood Control Projects

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹204,75,00,000 be granted for expenditure under Demand No. 32, Major Head: "4711—Capital Outlay on Flood Control Projects" during the current financial year.

DEMAND No. 33

Major Heads: 2052—Secretariat-General Services and 2056—Jails

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹6,81,63,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads: "2052—Secretariat-General Services and 2056—Jails" during the current financial year.

DEMAND No. 34

Major Head: 2070—Other Administrative Services

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹67,30,000 be granted for expenditure under Demand No. 34, Major Head: "2070—Other Administrative Services" during the current financial year.

DEMAND No. 38

Major Heads: 2052—Secretariat-General Services, 2202—General Education and 2235—Social Security and Welfare

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹4,09,61,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads: "2052—Secretariat-General Services, 2202— General Education and 2235—Social Security and Welfare" during the current financial year.

DEMAND No. 39

Major Heads: 2052—Secretariat-General Services, 2217—Urban Development, 2235—Social Security and Welfare, 4215—Capital Outlay on Water Supply and Sanitation and 6217—Loans for Urban Development

Dr. AMIT MITRA : Sir on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹398,21,17,000 be granted for expenditure under Demand No. 39, Major Heads: "2052—Secretariat-General Services, 2217—Urban Development, 2235—Social Security and Welfare, 4215— Capital Outlay on Water Supply and Sanitation and 6217—Loans for Urban Development" during the current financial year.

DEMAND No. 40

Major Heads: 2235—Social Security and Welfare, 2401–Crop Husbandry, 2501—Special Programmes for Rural Development, 2505—Rural Employment, 2515—Other Rural Development Programmes and 4515—Capital Outlay on Other Rural Development Programmes

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹3560,74,45,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads: "2235—Social Security and Welfare, 2401Crop Husbandry, 2501—Special Programmes for Rural Development, 2505—Rural Employment, 2515—Other Rural Development programes and 4515—Capital Outlay on Other Rural Development Programmes" during the current financial year.

DEMAND No. 41

Major Head: 2070—Other Administrative Services

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹11,86,000 be granted for expenditure under Demand No. 41, Major Head: "2070—Other Administrative Services" during the current financial year.

DEMAND No. 42

Major Head: 2052—Secretariat-General Services

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹1,14,18,000 be granted for expenditure under Demand No. 41, Major Head: "2070—Other Administrative Services" during the current financial year.

DEMAND No. 43

Major Heads: 2575—Other Special Areas Programmes, 2801—Power, 2810—Non-conventional Sources of Energy and 6801—Loans for Power Projects

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹2287,49,95,000 be granted for expenditure under Demand No. 43, Major Heads: "2575—Other Special Areas Programmes, 2801—Power, 2810—Non-conventional Sources of Energy and 6801—Loans for Power Projects" during the current financial year.

DEMAND No. 45

Major Heads: 2215—Water Supply and Sanitation, 2250—Other Social Services and 4215— Capital Outlay on Water Supply and Sanitation

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹166,57,88,000 be granted for expenditure under Demand No. 45, Major Heads: "2215—Water Supply and Sanitation, 2250—Other Social Services and 4215— Capital Outlay on Water Supply and Sanitation" during the current financial year.

DEMAND No. 47

Major Heads: 2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities and 4059—Capital Outlay on Public Works

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹441,74,01,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads: "2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities and 4059—Capital Outlay on Public Works" during the current financial year.

DEMAND No. 48

Major Head: 3425—Other Scientific Research

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹70,00,000 be granted for expenditure under Demand No. 48, Major Head: "3425—Other Scientific Research" during the current financial year.

DEMAND No. 49

Major Heads: 2204—Sports and Youth Services and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹6,14,04,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads: "2204—Sports and Youth Services and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture" during the current financial year.

DEMAND No. 50

Major Head: 4575—Capital Outlay on Other Special Areas Programme

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹105,21,84,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads: "4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

DEMAND No. 51

Major Heads: 2203—Technical Education and 2230—Labour and Employment

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹132,97,91,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads: "2203—Technical Education and 2230—Labour and Employment" during the current financial year.

DEMAND No. 53

Major Heads: 2070—Other Administrative Services, 3055—Road Transport, 3075—Other Transport Services, 5055—Capital Outlay on Road Transport and 5075—Capital Outlay on Other Transport Services

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹256,75,72,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads: "2070—Other Administrative Services, 3055—Road Transport, 3075—Other Transport Services, 5055—Capital Outlay on Road Transport and 5075—Capital Outlay on Other Transport Services" during the current financial year.

DEMAND No. 54

Major Heads: 2217—Urban Development, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions and 4217—Capital Outlay on Urban Development

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹814,23,01,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads: "2217—Urban Development, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions and 4217—Capital Outlay on Urban Development" during the current financial year.

DEMAND No. 55

Major Heads: 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹123,89,16,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads: "4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development" during the current financial year.

DEMAND No. 56

Major Head: 2235—Social Security and Welfare

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹22,55,82,000 be granted for expenditure under Demand No. 56, Major Head: "2235—Social Security and Welfare" during the current financial year.

DEMAND No. 58

Major Heads: 2052—Secretariat-General Services and 2575—Other Special Areas Programmes

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹41,30,96,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads: "2052—Secretariat-General Services and 2575—Other Special Areas Programmes" during the current financial year.

DEMAND No. 62

Major Heads: 2052—Secretariat-General Services and 4575—Capital Outlay on Other Special Areas Programmes

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹28,44,91,000 be granted for expenditure under Demand

No. 62, Major Heads: "2052—Secretariat-General Services and 4575—Capital Outlay on Other Special Areas Programmes" during the current financial year.

DEMAND No. 64

Major Head: 4235—Capital Outlay on Social Security and Welfare

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹85,87,00,000 be granted for expenditure under Demand No. 64, Major Heads: "4235—Capital Outlay on Social Security and Welfare" during the current financial year.

DEMAND No. 65

Major Heads: 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹20,78,37,000 be granted for expenditure under Demand No. 65, Major Heads: "2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities" during the current financial year.

DEMAND No. 67

Major Head: 2852—Industries

Dr. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of ₹9,24,09,000 be granted for expenditure under Demand No. 67, Major Head: "2852—Industries" during the current financial year.

Mr. Speaker : There is no Cut Motion to the Demands for the supplementary grants for the current financial year.

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী সাপ্লিমেন্টারির যে ব্যয় অনুমোদন চেয়েছেন, আমি সেই সম্পর্কে কয়েকটা কথা বলতে চাই। প্রথম হচ্ছে যে, এটা প্রধানত - এটা একটা ফর্মালিটির ব্যাপার। কেননা যে খরচ সরকার করে থাকে, এটা আমরা একটা জানি যে আমাদের এই সরকারি যে টাকা অর্থ, সেটা একটা কনসোলিডেটেড ফান্ড। এবং এই টাকা খরচ করতে গেলে আমাদের বিধানসভার অনুমোদন লাগে,সেই অনুমোদন আগে হতে পারে, সেই অনুমোদন পরে হতে পারে। এমন কিছু খরচ থাকে যেগুলো আন-কনসেন্ট, আন-ওয়ান্টেড এবং যেগুলো সময় মতো হয়তো জানা যায় না, পরে পরিবর্তন হয় তাকে আমাদের অনুমোদন দিতে হয়। কিন্তু একটা জিনিস সব সময় মনে রাখতে হবে আমাদেরকে যে, আমরা যেটা অনুমোদন করছি, তার বাস্তব যুক্তি কি ছিল, সত্যি কি এটার অবস্থা এ রকম করার প্রয়োজন ছিল, কি ছিল না বা অন্যভাবে আমাদের অন্য ত্রুটির জন্য হয়েছে কি না,এটা অনুমোদনের আগে জানা একান্ত দরকার। প্রথম হচ্ছে যে, আমরা দেখলাম যে প্রায় ১৪ হাজার কোটি এবং মূলত

১৪ হাজার কোটি টাকার বেশি টাকা যেটা এখানে খরচের কথা বলা হয়েছে, যেটা তার যুক্তি হিসাবে কিছুটা দেখানো হয়েছে।

[3:30 – 3:40 p.m.]

আমার শুধু কয়েকটি প্রশ্ন আছে মাননীয় মন্ত্রীর কাছে। কয়েকটি বিষয় যদি আমরা দেখি তাহলে দেখতে পাব এই ধরনের যে খরচ, যা আমরা বাড়তি অনুমোদন করছি, তা প্রয়োজন ছিল না, না হলেই ভালো হত। এটা হতে পারে আমাদের যাঁরা আধিকারিক আছেন, যাঁরা এই সমস্ত কাজের হিসাবনিকাশ করেন, এস্টিমেট করেন, তারা হয়তো ঠিকমতো দেখেননি, কিংবা হয়তো কোনো অবহেলা করেছেন তারজন্যই এই ধরনের ঘটনা অনেক সময় ঘটে যায়। আমরা যদি কয়েকটি দপ্তরের দিকে দেখি তাহলেই ব্যাপারটা বুঝতে পারা যাবে - যেমন ধরুন পঞ্চায়েত। পঞ্চায়েতের একটা বড় স্কিমের নাম হচ্ছে পি এম জি এস ওয়াই, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা। আমরা দেখলাম সেখানে দুটি ফান্ডই বাড়ানো হয়েছে - একটা হচ্ছে স্টেট শেয়ার, আর একটা হচ্ছে সেন্ট্রাল শেয়ার। একটা স্কিম আছে, সেই স্কিমে কত পরিমাণ টাকা রাজ্য দেবে, কত পরিমাণ টাকা কেন্দ্র দেবে, এগুলো লেখা আছে তা সবাই জানে। কিন্তু তা সত্ত্বেও এত পরিমাণ বাড়তি খরচ কেন হল আমরা সেটা বুঝতে পারছি না। হয়েছে বলে আমি বলছি না, কিন্তু কেন হল এটা আমাদের আলোচনা করা উচিত। আমি মাননীয় মন্ত্রীকে বলব, এটা একবার ভালো করে দেখে নেবেন যে এটা কেন হচ্ছে। দ্বিতীয় বিষয় হচ্ছে, ধরুন, একটা ছোট্ট খরচ, বিরাট কিছু নয়, গুণগত দিকটা দেখতে হবে। আমরা প্রায় পি এস সি-কে উঠিয়ে দিচ্ছি। পি এস সি-র কোনো কাজ থাকবে না। অথচ পি এস সি-র বাড়ি করার জন্য একটা বড় পরিমাণ টাকা বাড়তি ব্যয়ের জন্য এখানে প্রস্তাব রেখেছেন। আমি বলছি, পি এস সি যখন থাকবে না, পি এস সি-র অত বড় বাড়ি বানিয়ে কি হবে। আমি যে কথা একটু আগে বলছিলাম, রাস্তার জন্য, পি এম জি এস ওয়াই, সেখানেও দেখলাম, ৬৩৪ কোটি টাকা বাড়তি খরচের জন্য অনুমোদন দিতে হবে। এটা একইভাবে আমাদের স্টেটের ক্ষেত্রে হয়েছে ৫০৬ কোটি টাকা। মানে বাড়তি এগারোশো কোটি টাকার মতো খরচ আমাদের অনুমোদন দিতে হবে। এটার খুব একটা প্রয়োজন আছে বলে আমি মনে করি না। এটা ছিল না, যদি আমরা ঠিকমতো ব্যবস্থা করতে পারতাম। আর্বান ডেভেলপমেন্টে সেখানেও কিছু বাড়তি খরচ দেখানো হয়েছে। এটা হতে পারত না যদি আমরা কসাসলি এরিয়া করতে পারতাম। এইরকম আরো অনেক বিষয় আছে যেগুলো সব আমি বলতে চাই না। বেশিরভাগ ক্ষেত্রে এইরকম অপ্রয়োজনীয়, যেগুলো একটু সাবধান হলে, সতর্ক হলেই ওই টাকায় আমরা অন্য কাজ করতে পারতাম। সেখানে আমাদের ঐ টাকা খরচ হয়ে যাচ্ছে। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, আপনি যখন আমাদের প্রশ্নের উত্তর দেন, আপনি তো মন্ত্রী, আমরা তো আপনার কাছে প্রশ্ন করতেই পারি, জানতে পারি। কিন্তু আপনি যেভাবে উত্তর দেন তাতে আমাদের কনফিউসান তৈরি হয়। আমি সেদিন আপনাকে বলার সময় বলেছিলাম, আগে আপনি যে খরচ দেখিয়েছিলেন বাজেট এ্যাট এ গ্লান্স, তাতে আমার মনে পড়ছে ৬৬টি হেডে আপনি মূল টাকা ভাগ করে দিয়েছেন। এবারে আপনি ভাগ করলেন ৩৪টি হেডে। আগে ছিল ৬৬টি হেডে প্রায় ৬০ হাজার কোটি টাকা। এবারে আপনি যা বললেন তার নম্বর হল ৩৪। ৩৪টি হেডে আপনি এবারে ৬৬টি হেডের টাকা দিলেন। আপনি ভালো করে দেখুন। আমি একদিন বলেছিলাম। আপনি বললেন না যে টাকা আপনি ৬৬ হেডে দিয়েছিলেন সেই টাকা আপনি দিলেন ৩৪ হেডের ওপরে। খুব স্বাভাবিকভাবেই একটা বিষয়ের সঙ্গে অন্য একটা বিষয় যুক্ত হয়ে আছে। কিছু এ্যালার্ট হয়ে আছে, কিছু অন্যভাবে আছে, তার ফলে পরিমাণটা অনেক বেড়ে যাবে। কিন্তু বাস্তবে বাড়েনি। আপনি মোট থেকেই

বুঝতে পারবেন আপনার প্ল্যানে ছিল ৫৯ হাজার কোটি টাকা। এবারে আপনি কি করেছেন? ৫ হাজার কোটি টাকা বেড়ে মাত্র ৬৪ হাজার কোটি টাকা হল। কিন্তু আপনি এমনভাবে প্ল্যানের টাকা বললেন মনে হয় যেন দারুণভাবে বেড়ে গেছে। আমরা ভেবেছিলাম, আমরা আন্দাজ করেছিলাম খরচটা ২৯ই থাকবে। কিন্তু আপনি দেখুন, এই প্ল্যানে এই বাজেটে যে লক্ষ্যটা বারে বারে করতে হয়, সেটা হল আমার কর্মসংস্থান কত হবে। শিল্পে কি হবে তা বলতে হয়। কৃষিতে কি হবে তা বলতে হয়। শুধু টাকাটা দেখালে তো হবে না। আমার একটা ফিজিক্যাল টার্গেট থাকল, আমি এটা করতে চাই। সেটা মেনশান করা থাকবে। আমি সেটা বাদ দিলাম। অন্ততপক্ষে আমার এই পশ্চিমবাংলায় বাজেটে এই বছর, যে আর্থিক বছর চলছে, সেই বছরে কত লোকের কর্মসংস্থান হবে।

সেই কথাটা আমরা বার বার বলি, কিন্তু কোন বারই সেটা আপনি করেন না। এবারেও দেখলাম তাই হয়েছে। গতবার বলেছিলেন, কিন্তু এবারে আর কিছু বললেন না। এর ফলে বাজেট থেকে আমরা যা পেতে পারি, যার দিকে তাকিয়ে আছে সমস্ত মানুষ সেটা হতে পারে না। দ্বিতীয় বিষয় হচ্ছে, আমাদের এই বাড়তি খরচ কেন হবে। আমাদের তো খরচ কম হওয়ার কথা। আজকে পশ্চিমবাংলার দিকে তাকিয়ে দেখুন প্রায় এক লক্ষের কাছাকাছি শিক্ষকের পদ খালি আছে। তাদের জন্য আপনার কোন বেতন লাগছে না। প্রায় এক লক্ষের কাছাকাছি সরকারি কর্মচারীর পদ আজকে খালি, সেখানেও আপনার কোন টাকা লাগে না। টোটাল কর্মচারীর মাসিক মোট যে বেতন তার ওয়ান থার্ড আপনার দিতে হচ্ছে না। ডি.এ হচ্ছে ফিফটি পারসেন্ট, আর টোটাল যোগ করলে হয় ওয়ান ফোর্থ অফ দি টোটাল স্যালারি, আপনাকে দিতে হচ্ছে না। এগজিসটিং এমপ্লয়িদের বা টিচারদের ওয়ান ফোর্থ স্যালারি আপনি দিচ্ছেন না। ফলে একটা বিরাট পরিমাণ টাকা আপনার খরচ হচ্ছে না। তাহলে আপনার তো সারপ্লাস হওয়ার কথা। আর আপনি এমন কাজ করছেন যার কোন রেকারিং কস্ট থাকবে না। জুতো দিলে রেকারিং কস্ট থাকে না, সাইকেল দিলে রেকারিং কস্ট থাকে না। - সুতরাং আপনার কোন রেকারিং কস্টও থাকছে না। সব মিলিয়ে তো আপনার যা খরচ হওয়া উচিত তাতে লোন তো কমে যাওয়া উচিত ছিল। কিন্তু আপনি লোনের কথা যা বললেন এবং আমরাও যা দেখলাম তাতে লোন তো আগের থেকে ডাবল হয়ে গেছে। আমাদের চৌত্রিশ বছর এবং তার আগে আপনাদের পূর্বপুরুষদের ছেচল্লিশ বছর এইসব মিলিয়ে লোন যা ছিল তার প্রায় ডাবল হয়ে যাবে। কি এমন পরিকল্পনা আপনি করলেন ? আপনি তো বলেছিলেন - লোনের পরিমাণ আমি কমাব, প্ল্যান বাজেট বাড়াব। বাস্তবে আপনি যা বলেছিলেন তা কিন্তু হয়নি। আরেকটা ব্যাপার হচ্ছে যেটা মানুষ জানতে পারে না, বাজেট হল মানুষ জানল, ৬৪ হাজার কোটি টাকা হচ্ছে আপনার প্ল্যান বাজেট। কিন্তু আপনি বাস্তবে কি দিলেন, পরের বছর কি রিভাইসড করলেন, সেটা কেউ দেখে না। এই ৬৪ হাজার কোটি টাকা রিভাইসড হয়ে হয়তো ৫০ হয়ে যাবে বা ৪৫ হয়ে যাবে। এটাতো মানুষ দেখে না। মানুষ দেখে এবারের বাজেটে কি পরিমাণ টাকা দেওয়া হল। বিভিন্ন দপ্তরের মন্ত্রী যাঁরা থাকেন তাঁরা ভাবেন আমরা এবারে বেশি টাকা পাব, কিন্তু বাস্তবে পেলেন অনেক কম টাকা। আরেকটা বিষয়ে আমি যাব, আন্তরিকভাবে আমি আপনাদের কাছে বলতে চাই, কয়েকটি দপ্তরের অবস্থা খুবই খারাপ। কিন্তু বাস্তব স্বীকার যদি না করেন তাহলে খুবই ক্ষতি হবে। আমি প্রথমেই বলব পার্থ বাবুকে, আপনি একটা বিরাট দপ্তরের মালিক। ট্রেনে আমাকে লোকে জিজ্ঞাসা করতো শিক্ষা দপ্তরের ক'জন মন্ত্রী আছেন। আমি আমি বলতাম একজন। ওরা বলতো একজন নন, ওয়ান ফোর্থ জন। আমি বলতাম মানে - একজন মানুষকে মুখ্যমন্ত্রীর সমস্ত কাজ করতে হয়, একজন মানুষ তিনি পরিষদীয় মন্ত্রী হিসাবে বিধানসভার সমস্ত কাজ করেন, আবার তিনিই গিয়ে বিকাশ ভবনে শিক্ষা দপ্তরের কাজ দেখেন। যত বড় মানুষই হোক না কেন, স্বয়ং

ভগবানও পারবে না এতগুলো দপ্তরের কাজ চালাতে। (নয়েজ) হ্যাঁ, আমাদের সময় ছয় জন ছিল। আপনারা চিৎকার করবেন না, আমি আপনাদের ভালোর জন্যই কথাগুলো বলছি। আজকে হায়ার এডুকেশানের অবস্থাটা কি দেখুন। আমাকে একজন ছাত্রী বলছিল শহরের থেকে গ্রামের কলেজে বেতন কেন বেশি। পার্থ বাবু আছেন জানেন ভালো, শহরের থেকে গ্রামের কলেজে পড়তে বেশি টাকা লাগে কেন? আমি এর উত্তর দিতে পারি না। গ্রামের কলেজগুলো অনেক পরে হয়েছে। সেইসব কলেজে কোন টিচার নেই। আমার নিজের চোখে দেখা সেখানে একটা কলেজে তিন হাজার মেয়ে পড়ে কিন্তু টিচার হচ্ছে মাত্র তিনজন। শুধু তাই নয়, যতজন পড়াচ্ছে সব হচ্ছে গেস্ট লেকচারার। সেই কলেজ থেকে ফিজ যা কালেকশান হচ্ছে তার অর্ধেক টাকা সরকার নিয়ে নেয়। গ্রামের গরিব মানুষের মেয়েরা পড়বে, আর সরকার টাকা নিয়ে নেবে। যেখানে টিচার থাকবে না, সেখানে শিক্ষা কি করে হবে। এই জিনিস আজকে সব জায়গায় চলছে। আমি অত্যন্ত বিনীতভাবে বলব, এই ঘটনা আজকে প্রাইমারি স্কুলে হচ্ছে, হাই স্কুলে হচ্ছে এবং কলেজে হচ্ছে। আপনি সেইসব জায়গায় টাকা দেবেন না, সেখান থেকে টাকা নিয়ে নেবেন। আপনি এই হাউসে একটা বিল পেশ করে বলবেন কমিটি যেটা হবে তারা হবে ইলেকটেড মেম্বার, কিন্তু চেয়ারম্যান হবেন নোমিনেটেড মেম্বার। এই জিনিস কখনো ভাবা যায় না। গণতন্ত্রে কি এটা সম্ভব?

[3:40 – 3:50 p.m.]

এখানে আমাদের তৃণমূলের একটা মেজরিটি আছে, দিল্লীতে একজন মুখ্যমন্ত্রী হবেন এটা কখনও হয় না। আপনি ঠিক তাই করলেন। Member will be elected by the electoral process. সেটা আপনি,করে দিলেন। ঠিক আছে। এটার চেয়ারম্যান হবে কে ? They should be elected from amongst the members of the Committee. এটা হওয়া উচিত ছিল, কিন্তু আপনারা করে দিলেন, He will be nominated by the Government. গভর্নমেন্টের একজন ওই চেয়ারে বসবে - এটা হতে পারে না। এই জিনিস করেছেন সব থেকে মারাত্মক একটা ঘটনা আমি দেখলাম, মাননীয় মন্ত্রী মহোদয় শুনবেন কি না আমি জানি না। এটা আমার অনুরোধ থাকছে আপনি দেখবেন, সংখ্যালঘুদের কথা আমরা সবাই বলি আপনারা বলেন, আমরাও বলি, এই সংখ্যালঘুদের টাকা ভেঙে - এখানে দেখা যাচ্ছে আপনারা দেখবেন - সংখ্যালঘুদের টাকা ভেঙে সাইকেল বিলি করা হয়েছে এবং লিখে দেওয়া হয়েছে তাদের ফর জেনারেল স্টুডেন্টস। টাকার ফান্ডটা হচ্ছে মাইনোরিটি ওবিসি, এস.সি.,এস.টি. তাদের টাকা এই টাকাটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার দেওয়া টাকা আর সেই টাকা থেকে আপনারা সাইকেল কিনে দিয়েছিলেন ফর দ্যা জেনারেল অর্থাৎ তাদের যে পাওনা সেখানে থেকে,সেখান থেকে ডিপ্রাইভড করেছেন আপনারা, এটা অন্যায় হয়েছে। তাই আমি বিনীতভাবে দেখতে অনুরোধ করব। আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব যে এই রকম যে সব ক্ষেত্রে যে সুযোগগুলো আমাদের আছে, অনেক সুযোগ তারা পাচ্ছে না। সেই সুযোগ অন্তত যাতে তারা পেতে পারে তার ব্যবস্থা করবেন। আমরা আরও একবার যেহেতু একটা নিয়মের বাধ্যবাধকতার এটাকে সমর্থন করতে হবে, তাই আমি সমর্থন করছি, বলে আমাদের বক্তব্য শেষ করছি।

শ্রী দিলীপ ঘোষ : .....(অ্যাবসেন্ট).....

শ্রী জ্যোর্তিময় কর : স্যার, ডিমান্ডস ফর সাপ্লিমেন্টারি গ্রান্টস ২০১৬-১৭ সমর্থন করতে গিয়ে বলি, ডঃ সুজন চক্রবর্তী চলে গেছেন। কেননা আমাদের শ্রদ্ধেয় অর্থমন্ত্রী সত্যনিষ্ঠ ভাষণের তীব্রতা তাঁকে এত দংশন করেছে, যে সেই ক্ষরতাপ তিনি সহ্য করতে পারেননি। তবে তাঁর প্রতি আমার সহানুভূতি আছে, কেননা তিনি অত্যন্ত পরিশ্রম করে বক্তৃতাটি দিয়েছেন। আমি

বলি স্যার, ভাষণ আছে কিন্তু ওদের আসন নেই। অশোকবাবু চলে যাচ্ছেন। ইতিহাসের নিয়মের একটা কথা বলি, 'হিস্ট্রি ডাজ রিপিট ইটসেল্ফ'। কিন্তু নট ইন দি সেম ম্যানার, সেম ফর্ম অ্যান্ড সেম কনটেন্ট। অতএব আনিসুরবাবু আপনি যতই পরিশ্রম করুন না কেন আর ইতিহাস আপনাদের পক্ষে আবর্তিত হবে না, কোন চান্স নেই। সুতরাং যাই বলুন না কেন। কোন চান্স আপনাদের নেই। আপনি ধান ভাঙ্গতে শিবের গীত গাইলেন কেন। এটা তো সাপ্লিমেন্টারি গ্রান্টস। অলরেডি স্পেন্ড অ্যান্ড লাইকলি টু বি স্পেন্ড - ধরে নেওয়া হয়েছে। সুতরাং এখানে তো এটাকে সমর্থন করা ছাড়া অন্য কোনও রাস্তাও নেই। আপনারা গোটা বাজেট ভাষণে বলে গেলেন - কেউ বললেন খরচ করতে পারেননি, কেউ বললেন টাকা ধরা ছিল যে টাকা ডিপার্টমেন্ট পায়নি, কেউ বললেন আজকের চেয়ে গত বারের ব্যয়বরাদ্দ কমে গেছে। কিন্তু বৃক্ষ তোমার চেহারাটি কী? নামটা কী? না, ফলের কী ধরন পরিচয় হবে। আমাদের দেখতে হবে সাপ্লিমেন্টারি গ্রান্টস আলোচনা করতে গিয়ে, আমরা যে জন্য অতিরিক্ত ব্যয় করেছি, সেটা অপরিহার্য ছিল কি না, সেটা মানবমুখী ছিল কি না, সেটা রাজ্যের কল্যাণের জন্য এবং কিছুটা ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের যে শেয়ার সেটা দিতে গিয়ে বাধ্যতামূলক ছিল কি না। না আমরা জলে টাকাটা ঢেলে দিয়েছি। আপনারা বার বার বলে গেছেন যে, আমরা খেলায় এবং মেলার পিছনে টাকাটা খরচ করেছি। পরিকল্পিত কোন প্রকল্পের পিছনে টাকাটা খরচ করিনি। এই সাপ্লিমেন্টারি গ্রান্টস-এর চিত্র দেখে বোঝা যাবে, যে প্রকৃত আমাদের খরচের চেহারাটা কী। আপনারা এত নকল করে কথা বলেন কেন বলুন তো ? একটা বেঞ্চ ফাঁকা। তারা সারা সকাল শত চিৎকার করে চলেছেন — এত চিৎকার, এত চিৎকার। স্যার, আমরা দেখেছি, ফার্স্ট আওয়ারে কলেজের ছাত্র-ছাত্রী, স্কুলের ছাত্র-ছাত্রীরা এখানে এসে বসে, তারা কী দেখে যাবে, সংসদীয় গণতন্ত্রে সম্পর্কে তাদের ধারণা কি হবে।

তারা কী অনুভব নিয়ে যাবে, কী অনুভূতি নিয়ে যাবে ? বিরোধীরা দেখছেন, ছেলেমেয়েরা এসে বসে। যে ছাত্র-ছাত্রীরা আজকে আমাদের সদনে আসে কিছু শিখতে, তাদের কী শেখাচ্ছেন? আজকে উদ্‌বাহু করে গেলেন। আর ভাবছেন যে গণ্ডগোল করতে পারলেই- চিৎকার করতে পারলেই, নেগেটিভ পলিটিক্সের কথা বললেই মানুষের সমর্থন পাওয়া যাবে। মানুষ আপনাদের ক্ষমা করবে? আপনাদের চেহারা দেখলে তো খুনের চেহারা মনে পড়ে। আপনাদের চেহারা দেখলে তো পশ্চিমবঙ্গবাসী রক্তের হোলি খেলার কথা মনে পড়ে। আপনাদের চেহারা দেখলে তো অনুন্নয়নের কথা মনে পড়ে। একই ফর্মে আপনারা ক্ষমতায় আসতে কখনও পারবেন না। ১৯৭২-৭৭ কংগ্রেস গভর্নমেন্ট ছিল। কিন্তু ৩৪ বছরের পরেও এই ফর্মে কিন্তু পশ্চিমবাংলায় আর ক্ষমতায় ফিরে আসেনি। মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে তৃণমূল মা-মাটি-মানুষের সরকার ফিরে এসেছে। কংগ্রেস সরকার কিন্তু ফিরে আসেনি। সুতরাং এটা তো আপনাদের বোঝা উচিত যে ইতিহাস কখনও সেই ফর্মের পুনরাবৃত্তি করে না। আজকে এই নিষ্ঠুর নিয়মের সাপ্লিমেন্টারি গ্র্যান্টে মূল যে কথাটা বলতে চাইছি স্যার, সব চেয়ে বেসিক খরচা যেটা হয়েছে, সেটা হচ্ছে ডিমান্ড নম্বর ফর্টি। ডিমান্ড নম্বর ফর্টিতে কী আছে ? এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েড। আমাদের ডঃ মিত্র অতিরিক্ত ব্যয় কীসে করেছেন। এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েডে তিনি খরচা করেছেন- একশো পেজ দেখুন, একশো পেজ দেখলে দেখতে পাবেন আজকে এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েডে সবচেয়ে বেশি খরচা হয়েছে। আমরা গত বারে লাস্ট এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েডে যে খরচা হয়েছে ৪ হাজার ৪১ কোটি। এটা হায়েস্ট এক্সপেনডিচার। তবু আপনারা বলবেন আমরা কৃষকদের জন্য কিছু করিনি। তবুও বলবেন যে কৃষকদের জন্য কাজ হয়নি? তাহলে খরচাটা হল কীসে? আজকে হায়েস্ট এক্সপেন্ডিচার, অতিরিক্ত যে ব্যয়বরাদ্দ হয়েছে সেটা এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েডে। দ্বিতীয় যে খরচাটা হয়েছে, সেটা হল - ডিমান্ড নম্বর আঠারো, পেজ নম্বর

ফর্টিতে দেখতে পাবেন যে লোন বাধ্যতামূলক। আমাদের লোন রিপেমেন্ট করতে হয়েছে। আরেকটা কথা আপনারা বলতে চেয়েছেন। ওরা বলেছিলেন, উনি বলেছেন হিল এরিয়ায় আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী তিনশো কোটি টাকা দেবেন। বাজেটে ধরা আছে ২৪০ কোটি টাকা। আমাদের মুখ্যমন্ত্রী মানবিক মুখ্যমন্ত্রী। আপনাদের মন্ত্রীরা এলাকায় গেলে জনগণ যদি কোন দাবী করত, বলত আমাকে করা যা, আর কচ্ছপকে করা তা। আমরা সমস্ত আলিমুদ্দিনের উল্টো কচ্ছপ। আমাদের না আছে অঙ্গ, না আছে ভঙ্গী। আমরা গিয়ে দলকে বলি, দল যদি টাকা দেয়, তাই হবে। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী বাস্তবিক পরিস্থিতি পর্যালোচনা করে তিনি যা ঘোষণা করেছেন, মাননীয় অর্থমন্ত্রী তাকে বাজেটে নিয়ে আসবেন এবং সেই জন্যই তো অতিরিক্ত বাজেট। বাজেট তো আর চ্যাটিং নয়, বাজেট তো আর পাথর নয়, বাজেট তো আর ইট নয়, বাজেট তো আর লোহা নয়, বাজেট হচ্ছে এক্সপেন্ড, বাজেটকে বাড়ানো যায়, বাজেটকে কমানো যায়। প্রয়োজন অনুযায়ী বাজেট বাড়ে বলে আমরা অ্যাডিশনাল এক্সপেন্ডিচারে চলে যাই। প্রয়োজন অনুযায়ী বাজেট বাড়ে বলে আমরা সাপ্লিমেন্টারি এ্যান্টে যাই। যেখানে আমরা বাজেট অ্যাকুমুলেট করার সুযোগ পাই না।তৃতীয়তঃ এসব ছাড়া যেটা হয়েছে, বাজেট বেড়েছে, ৪৩ নম্বর বাজেট। ৪৩ নং ডিমান্ডে, তৃতীয় দফায় বাজেট এসেছে সেটা কীসে ? আপনারা বলছেন বিদ্যুৎ আজকে বিদ্যুৎ দপ্তরের জন্য অতিরিক্ত টাকা যে ব্যয়বরাদ্দ হয়েছে, সেই বিদ্যুতে কী ছিল ? বিদ্যুতের ডিমান্ড বেড়েছে। আপনারা বলছেন, শিল্প কোথায় ? আমি স্ট্যাটিসটিক্স দিচ্ছি, আপনারা মিলিয়ে নেবেন। রুরাল এরিয়া- আপনারা যখন চলে যান ক্ষমতা থেকে, থার্টি পারসেন্ট কভারেজ ছিল বিদ্যুৎ। ২০১১ থেকে ২০১৬ -র মধ্যে ৯৮% ভিলেজগুলোতে কভারেজ হয়েছে বিদ্যুতের জন্য। তার জন্য অতিরিক্ত টাকা ব্যয়বরাদ্দ করতে হয়েছে। বি পি এল পরিবারকে, লেফ্ট ফ্রন্ট যখন যায়, মাত্র ৫ লক্ষ ৫১ হাজার পরিবারকে বিদ্যুৎ সংযোগ দিয়েছিল। মমতা ব্যানার্জীর সরকার আমাদের বিদ্যুৎ বিভাগ আজকে ছ' বছরে ৩২ লক্ষ বি পি এল পরিবারকে বিদ্যুৎ কানেকশান দিয়েছে।

[3:50 – 4:00 p.m.]

এটি হ'ল একটি উল্লেখযোগ্য দিক। স্যার, বামফ্রন্টের আমলে লো-ভোল্টেজ সাবস্টেশানের অভাবে চাষের জমিতে চাষিরা জল পেত না, সাবস্টেশান আজকে ছ' বছরে ১২৩টি হয়েছে। হাই-ভোল্টেজ যেটা হেভি ইন্ডাস্ট্রির জন্য লাগে, সেই হাই-ভোল্টেজ সাবস্টেশান এই ছ'বছরে তিনটে আমাদের রাজ্যে হয়েছে। ইন্ডাস্ট্রিয়াল সেক্টার - আপনারা বার বার বলেন, পশ্চিমবাংলার শিল্পের অগ্রগতি হয়নি। তো টাকাটা খরচা হ'ল কী করে? বিদ্যুৎ কানেকশান যাচ্ছে কী করে ? অতিরিক্ত ব্যয়বরাদ্দ হচ্ছে কী করে? স্যার, লেফ্ট ফ্রন্ট যখন ২০১১ সালে যায়, তখন কনজিউমারের সংখ্যা ছিল অর্থাৎ, স্মল, মিনিমাম এ্যান্ড মার্জিনাল যে সমস্ত শিল্প- গ্রামীণ শিল্প, কুটির শিল্প, কটেজ ইন্ডাস্ট্রি - সেগুলোতে কানেকশান ছিল ৯৬১৩২। বামফ্রন্টের সময়ে কনজিউমার ছিল ৮৮ হাজার ৪২। চৌত্রিশ বছরে ৮৮ হাজার ৪২। আর ২০১১ থেকে ২০১৬ মমতা ব্যানার্জীর সরকার ৯৬১৩২। তাহলে স্মল ইন্ডাস্ট্রি বাড়ল না? হাই-ভোল্টেজ আপনারা যখন চলে যান ১৮ হাজার ৬৪ কনজিউমার। আজকে মমতা ব্যানার্জী সরকার ২০১১ থেকে ২০১৬ সেখানে হ'ল ১৮ হাজার ৬৪। স্যার, গ্রোথ রেট ৪০ শতাংশ। তবুও বলবেন, শিল্প হয়নি। 'আলোকশ্রী'র নাম শুনেছেন? চোঁত্রিশ বছর ক্ষমতায় ছিলেন। একটা বিদ্যুৎ প্রকল্পের নাম বলবেন? আজকে আমাদের মুখ্যমন্ত্রী আলোকশ্রী প্রকল্পের মাধ্যমে স্কুল, কলেজ, এডুকেশোনাল ইন্সটিটিউশানে অচিরাচরিত বিদ্যুৎ সংযোগ দিতে চাইছেন। এই ধারণা আপনারা নেননি কেন? চব্বিশ নম্বরে চতুর্থ খরচা যেটা মেডিক্যাল, যদি আমরা পড়ে যাই তাহলে আপনারা লজ্জায় লাল হয়ে যাবেন। এরা ভাবতে পারবে না যে, এতে কি আছে। স্যার, তাই আজকের এই সাপ্লিমেন্টারি গ্র্যান্টস-কে সমর্থন করে শুধু বলে যাই, সি.পি.আই.এমের তন্ময়বাবুর কথা, রবীন্দ্রনাথকে নিয়ে ব্যঙ্গ, গানকে

নিয়ে প্যারোডি করেছেন। রবীন্দ্রনাথকে নিয়ে যারা প্যারোডি করে, তাঁরা ক'দিন পরে নিজেরাই প্যারোডি হয়ে চলে যাবেন। আমি এই সাপ্লিমেন্টারি গ্র্যান্টস-কে সমর্থন করে আমার নিবেদন শেষ করছি, ধন্যবাদ স্যার।

শ্রী নগেন্দ্রনাথ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী অমিত মিত্র মহোদয়, অতিরিক্ত ব্যয়বরাদ্দের অনুমোদনের জন্য যে হিসেব পেশ করেছেন তার ওপরে সংক্ষেপে আলোচনা করছি। গত দশ তারিখে যে বাজেট হয়েছিল তার ওপরে আলোচনা হয়েছে, অনেকে আলোচনা করেছেন। এখানে নোটবন্দির কারণে হাজার হাজার মানুষ যারা দক্ষ কারিগর অন্য রাজ্যে গিয়েছিলেন। এখানে বলা হয়েছে যে, পঞ্চাশ হাজার কারিগরের জন্য পঞ্চাশ হাজার টাকা করে তাদেরকে এককালীন আর্থিক সাহায্য দেওয়া হবে। আমার প্রশ্ন হচ্ছে যে, এই আড়াইশো কোটি টাকার সংস্থান কোথা থেকে হবে, মন্ত্রী মহোদয় বলবেন। আর আমাদের পশ্চিমবাংলার শুধু এখানকার কৃষক নয়, গোটা ভারতবর্ষের কৃষক দুর্দশায় পড়েছেন। এবং তাদেরকেও উপকৃত করার জন্য একশো কোটি টাকা বরাদ্দ করেছেন। এদের আর্থিক সহযোগিতার কথাটাও বলবেন। কোন ফান্ড থেকে আসবে, বিস্তারিত আলোচনা করবেন। আর ঋণ- এখানে ঋণ নিয়ে অনেক আলোচনা হয়েছে। আমাদের এই পশ্চিমবঙ্গে যে শিশুরা এই মুহূর্তে জন্মাচ্ছে, তারা ঋণের বোঝা নিয়ে জন্মাচ্ছে। আমার কথা হ'ল, পরিকল্পনাবহির্ভূত যে খরচ, বিশেষ করে মেলার জন্য, খেলার জন্য এবং ক্লাবকে দান-খয়রাতি করার জন্য এবং এই যে মদ খেয়ে মারা গেলে টাকাটা দেওয়া হয় দুই লাখ করে, সেই টাকার উৎস কী?

মাননীয় মন্ত্রী মহোদয় বিস্তারিতভাবে আলোচনা করবেন এই আশা করছি। আর, এটা খুবই ভালো জিনিস, আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহোদয় তিনি আশা কর্মী এবং অঙ্গনওয়াড়ি কর্মীদের ৫০০ টাকা করে বাড়িয়েছেন ভালো কথা। কিন্তু এই টাকা কোথা থেকে আসবে?

স্ট্যাম্প ডিউটি। যেটা বিশেষ করে জমি এবং ফ্লাট রেজিস্ট্রির ব্যাপারে এখানে 2% ছাড় দেওয়া হয়েছে। আমার এখানে বক্তব্য হল, যারা ইতিমধ্যে কয়েকমাস আগে বা কয়েক বছর আগে রেজিস্ট্রি করেছেন তাদের ক্ষেত্রে কী হবে ? সেটাও যেন উনি বলেন।

সারা ভারতে নোট বাতিল কাণ্ডে আর্থিক মন্দা। সেই মন্দা কাটিয়ে উঠতে আপনি কী পদক্ষেপ নিয়েছেন সেটা আপনার বক্তব্যে পরিষ্কারভাবে উল্লেখ করবেন। আমি এই কয়েকটি কথা বলে, সবাইকে অভিনন্দন জানিয়ে, ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী পরশ দত্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে 'সাপ্লিমেন্টারী বাজেট' বলে যে বইটা দেওয়া হয়েছে, ডিমান্ড ফর সাপ্লিমেন্টারী গ্রান্টস, এটা অ্যাকচুয়ালি খরচ হয়ে গেছে, তার অনুমোদন। অর্থাৎ, ইন ফ্যাক্ট পোস্ট ফ্যাক্টো অনুমোদন বা যেটা হতে পারে আগামী দেড় মাসে তার পোস্ট ফ্যাক্টো অনুমোদন। এটা নিয়ে বিশেষ বলারও কিছু নেই। দু'একটা কথাই বলার আছে।

আমি আগের বাজেটগুলো দেখেছি, ২০১১ সালের আগের বাজেটগুলো, সব 'কটা বাজেটেই দেখতাম রেভিনিউ এক্সপেন্ডিচার ক্যাপিটাল এক্সপেন্ডিচারের থেকে অনেক বেশি ; বাম-আমলে। ক্যাপিটাল এক্সপেন্ডিচারে অ্যাসেট তৈরি হয়। জনগণের জীবন যাত্রার উন্নতি করবার জন্য সেই অ্যাসেট কাজে লাগে। বাম-আমলে ক্যাপিটাল এক্সপেন্ডিচার নামমাত্র ছিল। আর, রেভিনিউ এক্সপেন্ডিচার অনেক অনেক বেশি ছিল। সেই ট্রেন্ড-টা উল্টো হয়েছে। মা-মাটি-মানুষের সরকার আসার পরে ক্যাপিটাল এক্সপেন্ডিচার অনেক বেড়েছে। রেভিনিউ এক্সপেন্ডিচার না করলেই নয়, কয়েকটা জায়গায় করতেই হয়, সেই কটাই আছে। বাকি রেভিনিউ কম। এখন এই ক্যাপিটাল এক্সপেন্ডিচারে যেটা এস্টিমেট করা যায় তার থেকেও কখনও কখনও বেশি খরচ হয়ে যায়।

এখানে যেমন কতগুলোতে আছে লোন, লোন রি-পেমেন্টের জন্য কিছুটা খরচ হয়েছে কয়েকটা গ্রান্টে দেখছিলাম। সেগুলোর জন্য বেশি হয়ে যায়। আর, বেশি যেটা হয়ে যায়, সেই বেশি খরচটা এই সাপ্লিমেন্টারি গ্রান্টে পোস্ট ফ্যাক্টো অ্যাপ্রুভাল নেওয়া হয়। আর, অ্যাপ্রুভাল না নিয়ে তো খরচ দেখানো যাবে না সেই জন্য এই অ্যাপ্রুভাল-টা নেওয়া হয়। সেই জন্য এটা দেওয়া। এর ওপরে খুব বেশি বক্তৃতা করারও কিছু নেই, খুব বেশি বলারও কিছু নেই। সকলেই এটা বোঝে, সকলেই এটা জানে। তা সত্ত্বেও এখানে অনেক অবান্তর কথা হবে আমি জানি, পুরনো কথা টেনে আনবেন অনেকে। অনেকে যে কথাগুলোর কোন প্রয়োজন নেই সেগুলোই বলবেন। তবে এ বছর আরেকটা জিনিস হয়েছে। যেটা বলা উচিত বলে আমি মনে করি। এ বছর সরকারি খরচে যা এস্টিমেটস করা ছিল তার থেকে ডিমানিটাইজেশন এফেক্টে কিছু কিছু জায়গায় খরচ বেড়েছে এবং সেগুলো এখানে দেওয়া হয়েছে।

[4:00 – 4:10 p.m.]

১৭ শো কোটি টাকার মতো একটা সাপ্লিমেন্টারি গ্রান্টের অ্যাপ্রুভাল চাওয়া হয়েছে এখানে। আমার মনে হয় এটার অপোজ কেউ করবেন না। এই গ্রান্টটা সকলেই এক বাক্যে মেনে নেবেন। আমিও তাই এই গ্রান্টটাকে অ্যাপ্রুভ করার জন্য আবেদন করছি। আর বিশেষ কিছু বলে সময় নষ্ট করার প্রয়োজন নেই। আমি আমার কথা এখানেই শেষ করছি ধন্যবাদ স্যার।

শ্রী তন্ময় ভট্টাচার্য : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রীর পাণ্ডিত্য এবং সৌজন্যের আমি শ্রদ্ধা করি। আমি মানসিক ভারসাম্যহীন হিসাবে প্রতিপন্ন হওয়ার পরে এটা প্রত্যাশা করবো ট্রেজারি বেঞ্চের বিধায়করা মানসিক ভারসাম্যহীনদের প্রতি সমাজ যে বাড়তি সহনশীলতা দেখায়, আমার প্রতিও সেই বাড়তি সহনশীলতা নিশ্চিতভাবেই দেখাবেন। এখন স্যার, রবি ঠাকুরের কবিতার কোন ভুল মানে আমি করিনি। আমি বলবার সময় বলেছিলাম আমার এক বন্ধু যে বাংলায় কাঁচা, সে ভুল ভাবসম্প্রসারণ করে শূন্য পেয়েছিল, আমি তাকে কোন নম্বরও দিইনি। এখন কথাটা কে কীভাবে বুঝল আমি জানি না, কিন্তু আমি তারজন্য রবি ঠাকুরকে বিকৃত করার অভিযোগে অভিযুক্ত হলাম। স্যার, রাশিয়ার চিঠি রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছিলেন, একটা 'এসে'(Essay) লিখেছিলেন, মাননীয় অর্থমন্ত্রী বলেছেন কিন্তু পৃথিবীর আর কোন লেখক কোনদিন 'এসে' - র নাম চিঠি দেননি। রবীন্দ্রনাথ দিয়েছিলেন। কেন দিয়েছিলেন জানেন স্যার? রবীন্দ্র গবেষকরা একবাক্যে বলেন, চিঠি মানে হচ্ছে একটা বার্তা, চিঠি মানে হচ্ছে একটা ম্যাসেজ, চিঠি মানে হচ্ছে একটা সংবাদ যা একজন আরেকজনকে জানাতে চায়। রবিঠাকুর রাশিয়ায় যাওয়ার পরে তাঁর তীর্থ দর্শনের যে সংবাদ, সেই সংবাদ জানাতে চেয়েছিলেন গোটা দেশকে। তাই তার নাম 'এসে' না দিয়ে চিঠি দিয়েছিলেন। সেই রাশিয়ার চিঠি আজও আমাদের বামপন্থীদের প্রত্যেকের কাছে একটা গর্বের সম্পদ হয়ে আছে। ও সম্পদের অমর্যাদা আমাদের পক্ষে মানা সম্ভব নয়। স্যার, একথা ঠিক সাপ্লিমেন্টারি গ্রান্ট একটা ফরমালিটি, ঠিকই বলেছেন পরশবাবু। এটা অনুমোদন করতেই হবে। কিন্তু স্যার, সমর্থন বা বিরোধিতার কোন প্রশ্ন যেমন আসে না, তেমন এটাও তো ঠিক যে ১৫৩ পাতার পরিসংখ্যান সম্বলিত একটা ফিগার ভর্তি মোটা বই তা বুঝতে গিয়ে আমার মতো মানসিক ভারসাম্যহীন মানুষ যদি দ্বিধাহীন কণ্ঠে একথা বলি - আমি স্যার আরো বেশি কনফিউজড হয়ে যাচ্ছি। মাননীয় অর্থমন্ত্রী নিশ্চয়ই আমার কনফিউশন দূর করবেন। যেসব সরকারি প্রকল্পের বিজ্ঞাপনে স্যার, শহরময় গোটা রাজ্যের মুখ ঢেকে যাচ্ছে যার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর এত হাসিমুখের কাটআউট, এত গরিমা, এত ভাষণ, মূল বাজেটে কেন স্যার তার জন্য বরাদ্দ ছিল না? সব কেন সাপ্লিমেন্টারিতে এল? স্যার, পেজ নাইন খুলন, খুলুন আপনারা পড়েন না তো বইটই। দেখবেন ওয়েলফেয়ার অব এস.সি., এস.টি., ওবিসি

হেড থেকে জেনারেল ক্যাটাগরির স্টুডেন্টদের বাইসাইকেল দেওয়ার জন্য ১৮১ কোটি টাকা সাপ্লিমেন্টারি গ্রান্টে আছে।

সবুজ সাথী তো স্যার পুরানো প্রকল্প। সাইকেল দিয়েছেন, আপনাদের ভাষায় ঐতিহাসিক। তার জন্য বাজেট বরাদ্দে টাকা ধরলেন না কেন ? ট্রেজারি বেঞ্চে এমন অনেক বিধায়ক আছেন যারা সংরক্ষিত আসন থেকে নির্বাচিত হয়ে এসেছেন। সত্যি কি তারা মনে করেন SC, ST, OBC Welfare fund থেকে জেনারেল ক্যাটাগরির জন্য অর্থ ব্যয় আইনসম্মত, নৈতিক? থাকলে দাঁড়িয়ে বলুন হ্যাঁ, আইনসম্মত। বলুন হ্যাঁ, নৈতিক। তারপরে গোটা রাজ্যের তপশিলি জাতি, উপজাতি, অনগ্রসর সম্প্রদায়ের মানুষের কাছে বুক বাজিয়ে এই কথা বলবার হিম্মত দেখান। বুঝে নেবো আপনাদের সাহস। আমি আবেদন করছি স্যার, সাইকেল দিন, বাইরে থেকে না এনে রাজ্যের সাইকেল কোম্পানির পুনঃজ্জীবন ঘটান। আর হেড বদলান স্যার। SC, ST, OBC -দের বঞ্চিত করে এই কাজটা দয়া করে করবেন না। স্যার, বইটার ৯ -এর পাতায় আছে - কামাই, সারকি, দামাই, ভুজো, নেওয়াড় ইত্যাদি গোষ্ঠীর ডেভলপমেন্ট ও কালচারাল বোর্ড তৈরির মুখ্যমন্ত্রীর ঘোষণাকে বাস্তবায়িত করতে ২০ লক্ষ টাকা করে বরাদ্দ করেছেন। বাকিটা ক্যাপিটাল এসেটস-এর জন্য। ২০ লাখে কি কাজ হয় স্যার? স্যালারি আর চা-বিস্কুট ছাড়া আর কিছু কি সত্যি হতে পারে। লোক দেখানো উন্নয়ন ছাড়া একে আর কি বলে মানসিক ভারসাম্যহীনতায় আমি বুঝতে পারছি না। স্যার, পেজ- ২৩ স্পিনিং মিলে ১৮ কোটি টাকা লোন দিচ্ছেন। প্রতিষ্ঠান তো বন্ধ স্যার। বন্ধ কারখানার শ্রমিকদের বামফ্রন্ট আমলে ভাতা দেওয়া হত, আর আপনি মালিককে লোন দিচ্ছেন। কি বানাবেন? বিজয় মালিয়া নাকি পবন রুইয়া। জরিমানার হিসাব কত? কাট মানির হিসাব কত? জানা দরকার স্যার। পেজ- ২৪ জঙ্গল মহল তো আপনারা সরকার গড়ার মুহূর্ত থেকে হাসছে। ব্যাকওয়ার্ড রিজিয়ন গ্রান্ট ফান্ড (বি. আর. জি. এফ.) কেন্দ্রীয় সরকারের প্রকল্প। তার সবটা খরচ করতে না পেরে মিথ্যা আত্মপ্রচারে ভরিয়ে দিলেন গোটা রাজ্যকে। আর এখন প্রায় ৫ কোটি টাকার অনুমোদন চাইছেন সাপ্লিমেন্টারিতে। যা ধরেছিলেন সব কি স্যার, মাওবাদীদের তৃণমূল বানাতে খরচ হয়ে গেল? আমার বিনম্র জিজ্ঞাসা। স্যার, পেজ - ৩০,৩১ ইন্টারেস্ট অফ ইন্টারনাল debt -এর সাপ্লিমেন্টারি এস্টিমেট এতে ১৫৯২ কোটি টাকা ধরেছেন আপনার বিবৃতি অনুযায়ী তার সবটা ২০১৬ সালে নেওয়া ঋণের চড়া হারের সুদ। সবোচ্চ ৮.৮৮ থেকে সর্বনিম্ন ৭.১৯ ভাল করে বইটা দেখুন, ২০১৬ সালের নেওয়া ঋণের সুদ। এত বক্তৃতা পুরানো ঋণ শোধ, তার বোঝা কোথায় গেল? ঋণ নেবেন তো জানতেন, সুদ দিতে হবে তাও তো জানতেন। বাজেটে ঋণ নেবেনটা বললেন, সুদ দেবেন তার হিসাবটা করলেন না।

স্যার, আমার না হয় মানসিক ভারসাম্য নষ্ট হয়েছে কিন্তু আপনার দলের মুখ্য সচেতক আমার আর একজন অত্যন্ত শ্রদ্ধেয় বিধায়ক নির্মল ঘোষ, আমার বন্ধু সুবক্তা সমীর চক্রবর্তী, উনি বেরিয়ে গেলেন, তারাও কি স্যার মানসিক ভারসাম্য হারিয়ে ফেললেন। আপনার দেওয়া তথ্যকে ভুল বললেন স্যার।। দুজনে বক্তৃতার সময় বললেন, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা বামফ্রন্টের আমলে নেওয়া ঋণ আর আপনার বই ফিসকাল পলিসি স্ট্যাটেজি স্টেটমেন্ট তাতে স্যার, আপনি লিখছেন ২০১০-১১ সালে ঋণ ১লক্ষ ৮৭ হাজার ৩৮৭ কোটি টাকা। আপনি লিখছেন ১লক্ষ ৮৭ হাজার ৩৮৭ কোটি টাকা। আপনার মুখ্য সচেতক তিনি এই সদনকে বলছেন ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা। আপনার বিধায়ক তিনি এই সদনকে বলছেন, ২লক্ষ ৩ হাজার কোটি টাকা। কি করে মেলে স্যার। আমি আশা করেছিলাম, আপনি আপনার জবাবী

ভাষণে এটা ঠিক করে দেবেন আপনার বক্তব্যে, আপনি স্যার, এটা ঠিক করে দেওয়ার দায়িত্ব নিলেন না।

[4:10 – 4:20 p.m.]

স্যার পেজ নম্বর ৩৪-৩৫, পেনশন অ্যান্ড আদার বেনিফিটস — দিতে হবে জানতেন না ? জানতেন না দিতে হবে ? নাকি ভরসা করেছিলেন সাপ্লিমেনটারি। আমি সাপ্লিমেনটারি বুঝি। জানতেন না ? নাকি ভরসা করেছিলেন যে মোদীবাবু পেনশন তুলে দেবেন আর আপনিও সেই পথে হাঁটবেন। এটাতো পূর্ব নির্ধারিত হিসাব স্যার যে এত টাকা পেনশন দিতে হবে, এতটাকা বছরে স্যালারি দিতে হবে। এইসবতো পূর্বনির্ধারিত হিসাব স্যার। এগুলিতো সব বাজেটে ধরার কথা। আপনার দপ্তর কি তাও জানে না ? ২৪৬ কোটির অনুমোদন চাইছেন। আমি হারালাম মানসিক ভারসাম্য আর আপনার মাথা থেকে বেরিয়ে গেল পেনশন স্যার আমি আশ্চর্য হয়ে যাচ্ছি। স্যার পেজ ৪৭, এ.পি.এল, বি.পি.এল -এর রেশন। কবে থেকে প্রচার ২ টাকা কেজি চাল। এখন একত্রিশশো সাইত্রিশ কোটি টাকা চাইলেন সাপ্লিমেন্টারিতে অনুমোদন। রেগুলার প্রোগ্রাম কেন বাজেটে ধরেননি ? তারমানে বাজেট মেকিং ঠিক ছিল না। তাপসবাবু ভবিষ্যতে যাতে বাজেট মেকিং ঠিক করে হয় ডেপুটি চিফ হুইপ হিসাবে সরকারের এই দিকটা দেখা আপনারও কর্তব্য। স্যার পেজ ৫২ থেকে ৬০ - অনেকগুলি কথা বলেছেন। জলতীর্থ দুই বছর ধরে চলছে এই স্কিম। সরকারি গর্ব এই নিয়ে অনেক হয়েছে স্যার। রেগুলার প্রোগ্রাম বাজেটে ধরা হল না কেন ? সাপ্লিমেনটারিতে আসছে কেন ? মেডিসিন, বিনা পয়সায় চিকিৎসা - এত ভাষণ। হাসপাতালগুলির ঘর করা যায় না। কত পেসেন্ট আসে জানেন না ? কত টাকা ব্যয় হতে পারে জানেন না ? স্যার NRHM .....(গোলমাল)..... আরে নিজের ভুলটা ধরিয়ে দিয়েছি বলে এত রেগে যাচ্ছেন কেন ? এত রেগে যাচ্ছেন কেন? ভুল তথ্য জানেন, প্রমাণ করে দিলাম, ভুল তথ্য জানেন প্রমাণ করে দিলাম করে বলে এত রেগে যাচ্ছেন। .....(গোলমাল)..... স্যার এত রেগে যাচ্ছেন কেন ভুল তথ্য দিয়ে ? স্যার ভুল তথ্য দিয়ে যে রাগতে নেই সেটা বলে দিন, শিখিয়ে দিন স্যার।..... (গোলমাল).....স্যার কটা ফ্লাইওভার হয়েছে আপনাদের আমলে ? একটার নাম বলুনতো। একটার নাম বলুনতো। একটার নাম বলুন। .....(গোলমাল)..... ন্যাশানাল রুরাল হেল্ড মিশন বহুদিনের কেন্দ্রীয় সরকারি প্রকল্প। এখন তারজন্য ১১৮ কোটি টাকা চাইতে হচ্ছে সাপ্লিমেনটারি বাজেটে। স্যার স্বাস্থ্যসাথী - মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রকল্প। মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি এই প্রকল্পের ব্যাপারে এমন কোন সভা নেই যে সভায় উল্লেখ করেন না। স্বাস্থ্যসাথী প্রকল্প নিয়ে আমাদের রাজ্যে যে প্রচার রাজ্য সরকার সংগঠিত করেছে এত প্রচার কোন একটি নির্দিষ্ট প্রকল্প নিয়ে আমাদের রাজ্যতো বটেই কোন রাজ্যে ..... (গোলমাল)..... পক্ষে বলছি। আরে এরা পক্ষ, বিপক্ষ বোঝে না। স্যার পক্ষ, বিপক্ষ বোঝে না। .....(গোলমাল).....২৬০ কোটি টাকা সাপ্লিমেনটারিতে চাইছেন। তার মানে বাজেটে কম ধরেছিলেন। তার মানে বাজেট তৈরি করার সময় মাননীয়া মুখ্যমন্ত্রীর এই প্রকল্পের সাফল্য সম্পর্কে সংশয় ছিল। তার মানে বাজেট তৈরি করবার সময় মাননীয়া মুখ্যমন্ত্রীর এই প্রকল্প কতটা বাস্তবায়িত হবে তাই নিয়ে মাননীয় অর্থমন্ত্রী বা রাজ্য সরকারের কনফিউশান ছিল। আজকে স্যার এই প্রকল্পের জন্য ২৬০ কোটি টাকা অতিরিক্ত ব্যয় ধরেছেন। এটা সাপ্লিমেনটারি বাজেটে ঘোষণা করছেন। ঠিক পরশবাবু বলেছেন যে অনুমোদন করতে হবে। অনুমোদনতো করতেই হবে স্যার না হলে তো সরকার চলবে না। আর সরকার না চলুক আমরা এটা কেউ চাই না। অনুমোদন হোক স্যার কিন্তু ভবিষ্যতে বাজেট নির্মাণের ক্ষেত্রে

এবং ভবিষ্যতে সাপ্লিমেনটারি তৈরি করবার ক্ষেত্রে এগুলি সম্পর্কে সরকার সতর্ক থাকুক এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সাপ্লিমেন্টারি ফিচার আর সাপ্লিমেন্টারি এস্টিমেটস এতে শুধু দু-একটা উদাহরণ দেব কারণ হাউস জানেন যে এটা আমাদের নরমালি পাস করতেই হয়। শুধু এটাই বলব যে, আমরা যেখানে সপ্লিমেন্টারি চেয়েছি সেগুলোর মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ এলাকা আছে, যেখানে আমরা চেয়েছি। উদাহরণস্বরূপ বলি স্যার গ্র্যান্ট টু ডবলিউ.বি.এস.ই.ডি.সি .এল। এটা রুরাল ইলেকট্রিফিকেশান - সেখানে আমরা সাপ্লিমেন্টারি চেয়েছি তার কারণ আমরা সেখানে খরচ করার জন্য এগিয়ে গিয়েছি, এইভাবে আপনি যদি দেখেন গ্রিন সিটি মিশন - সেখানে আমরা চেয়েছি ডেভেলপমেন্ট এ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ফেসিলিটি ইন সুন্দরবন এরিয়া - এখানে আমরা সাপ্লিমেন্টারি গ্র্যান্ট চেয়েছি। তার মানে যেখানে - যেখানে সামাজিক স্তরে অত্যন্ত জরুরি ছিল, সেখানে আমরা সাপ্লিমেন্টারি চেয়েছি ঐ বাইসাইকেল সম্বন্ধে যেটা বললেন -স্যার সেটা যেই বলে থাকুন আমায় বলতে হবে স্যার যে, এটা সাপ্লিমেন্টারি গ্র্যান্ট-এ একটা হেড থেকে আর একটা হেডে সরানো যায় না। এটি অতিরিক্ত গ্র্যান্ট - নয় নম্বর পাতায় পাবেন যেহেতু ভারসাম্য নিয়ে কথা হচ্ছে - আমি তো দুটো অপশান দিয়েছিলাম যে হয় ভারসাম্য হারিয়েছেন অথবা তাত্ত্বিক বিচারের মাধ্যমে ইচ্ছে করে বলেছেন। এখন কিন্তু এইটা শুনে মনে হচ্ছে হয়তো ভারসাম্যটাই সত্যিই হারিয়েছেন। স্যার আমি এইটুকুই বলব যে, এই বছরে আমরা আরও ডিসিপ্লিন্ড হয়ে সাপ্লিমেন্টারি আগের বছরের তুলনায় দেখবেন আরও ডিসিপ্লিন্ড হয়ে, আরও স্পেসিফিক করে ইকনমেট্রিক প্রোজেকশান করে আমরা যেটা করেছি আশাকরি হাউস সেটা মেনে নেবেন। এর উপরে আমি বিশেষ বলতে চাই না স্যার। এইটুকুই শুধু বলব এই মা - মাটি-মানুষের সরকার একেবারে ফোকাস করে সাধারণ মানুষের জন্য কাজ করে এগিয়ে যাবেন। ধন্যবাদ স্যার।

[4:20 – 4:41 p.m.]

DEMAND No. 3

Mr. Speaker : The Motion of Dr. AMIT MITRA that a sum of 21,10,000 be granted for expenditure under Demand No. 3, Major Head: "2013—Council of Ministers" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 3 is passed. The Demand No. 3 is passed.

DEMAND No. 5

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹197,71,52,000 be granted for expenditure under Demand No. 5, Major Head: "2401—Crop Husbandry" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 5 is passed. The Demand No. 5 is passed.

DEMAND No. 6

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹1,15,00,000 be granted for expenditure under Demand No. 6, Major Head: "2404—Dairy Development" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 6 is passed. The Demand No. 6 is passed.

DEMAND No. 7

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹263,42,77,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads: "2225-Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities, 2251—Secretariat Social Services" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 7 is passed. The Demand No. 7 is passed.

DEMAND No. 8

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹244,60,63,000 be granted for expenditure under Demand No. 8, Major Heads: "2425—Co-operation and 6425-Loans for Co-operation" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 8 is passed. The Demand No. 8 is passed.

DEMAND No. 9

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹70,71,97,000 be granted for expenditure under Demand No. 9, Major Heads: "4885—Other Capital Outlay on Industries and Minerals, 6857—Loans for Chemical and Pharmaceutical Industries and 6885—Other Loans to Industries and Minerals" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 9 is passed. The Demand No. 9 is passed.

DEMAND No. 10

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹11,32,10,000 be granted for expenditure under Demand No. 10, Major Heads: "2052—Secretariat-General Services and 3456—Civil Supplies" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 10 is passed. The Demand No. 10 is passed.

DEMAND No. 11

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹26,29,91,000 be granted for expenditure under Demand No. 11, Major Heads: "2851—Village and Small Industries, 4851–Capital Outlay on Village and Small Industries and 6860—Loans for Consumer Industries" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 11 is passed. The Demand No. 11 is passed.

DEMAND No. 12

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹4,67,50,000 be granted for expenditure under Demand No. 12, Major Head: "4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 12 is passed. The Demand No. 12 is passed.

DEMAND No. 13

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹172,12,75,000 be granted for expenditure under Demand No. 13, Major Heads: "2202—General Education and 2203—Technical Education" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 13 is passed. The Demand No. 13 is passed.

DEMAND No. 18

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹265,81,41,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads: "2030—Stamps and Registration, 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions, 2052—Secretariat-General Services, 2054—Treasury and Accounts Administration, 2071—Pensions and Other Retirement Benefits, 3454—Census, Surveys and Statistics, 4059—Capital Outlay on Public Works and 4885—Other Capital Outlay on Industries and Minerals" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 18 is passed. The Demand No. 18 is passed.

DEMAND No. 20

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹85,48,27,000 be granted for expenditure under Demand No. 20, Major Heads: "2401—Crop Husbandry, 2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 20 is passed. The Demand No. 20 is passed.

DEMAND No. 21

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹3137,24,40,000 be granted for expenditure under Demand No. 21, Major Head: "2235—Social Security and Welfare" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 21 is passed. The Demand No. 21 is passed.

DEMAND No. 23

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹13,99,27,000 be granted for expenditure under Demand No. 23, Major Head: "2406—Forestry and Wild Life, 4415—Capital Outlay on Agricultural Research and Education and 4702–Capital Outlay on Minor, Irrigation" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 23 is passed. The Demand No. 23 is passed.

DEMAND No. 24

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹1181,99,05,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads: "2210—Medical and Public Health, 4210 Capital Outlay on Medical and Public Health and 6210—Loans for Medical and Public Health" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 24 is passed. The Demand No. 24 is passed.

DEMAND No. 25

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹234,62,24,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "4059—Capital Outlay on Public Works, 4235—Capital Outlay on Social Security and Welfare and 7075—Loans for Other Transport Services" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 25 is passed. The Demand No. 25 is passed.

DEMAND No. 26

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹32,72,31,000 be granted for expenditure under Demand No. 26, Major Head: "2551—Hill Areas" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 26 is passed. The Demand No. 26 is passed.

DEMAND No. 27

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹26,27,20,000 be granted for expenditure under Demand No. 27, Major Heads: "2055—Police, 2059—Public Works, 2235—Social Security and Welfare and 4055—Capital Outlay on Police" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 27 is passed. The Demand No. 27 is passed.

DEMAND No. 28

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹10,00,00,000 be granted for expenditure under Demand No. 28, Major Head: "4216—Capital Outlay on Housing" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 28 is passed. The Demand No. 28 is passed.

DEMAND No. 30

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹50,00,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads: "2235—Social Security and Welfare" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 30 is passed. The Demand No. 30 is passed.

DEMAND No. 31

The Motion of Dr. AMIT MITRA that a sum of ₹6,94,84,000 be granted for expenditure under Demand No. 31, Major Head: "2251—Secretariat—Social Services" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 31 is passed. The Demand No. 31 is passed.

DEMAND No. 32

The Motion of Dr. AMIT MITRA that a sum of ₹204,75,00,000 be granted for expenditure under Demand No. 32, Major Head: "4711–Capital Outlay on Flood Control Projects" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 32 is passed. The Demand No. 32 is passed.

DEMAND No. 33

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹6,81,63,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads: "2052—Secretariat-General Services and 2056—Jails" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 33 is passed. The Demand No. 33 is passed.

DEMAND No. 34

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹67,30,000 be granted for expenditure under Demand No. 34, Major Head: "2070—Other Administrative Services" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 34 is passed. The Demand No. 34 is passed.

DEMAND No. 38

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹4,09,61,000 be granted for expenditure under Demand No. 38, Major Head: "2052—Secretariat-General Services, 2202— General Education and 2235—Social Security and Welfare" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 38 is passed. The Demand No. 38 is passed.

DEMAND No. 39

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹398,21,17,000 be granted for expenditure under Demand No. 39, Major Heads: "2052—Secretariat-General Services, 2217—Urban Development, 2235—Social Security and Welfare, 4215— Capital Outlay on Water Supply and Sanitation and 6217—Loans for Urban Development" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 39 is passed. The Demand No. 39 is passed.

DEMAND No. 40

The Motion of Dr. AMIT MITRA that a sum of ₹3560,74,45,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads: "2235—Social Security and Welfare, 2401–Crop Husbandry, 2501—Special Programmes for Rural Development, 2505—Rural Employment, 2515—Other Rural Development Programmes and 4515—Capital Outlay on Other Rural Development Programmes" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 40 is passed. The Demand No. 40 is passed.

DEMAND No. 41

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹11,86,000 be granted for expenditure under Demand No. 41, Major Head: "2070—Other Administrative Services" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 41 is passed. The Demand No. 41 is passed.

DEMAND No. 42

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹1,14,18,000 be granted for expenditure under Demand No. 42, Major Head: "2052—Secretariat-General Services" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 42 is passed. The Demand No. 42 is passed.

DEMAND No. 43

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹2287,49,95,000 be granted for expenditure under Demand No. 43, Major Heads: "2575—Other Special Areas Programmes, 2801—Power, 2810—Non-conventional Sources of Energy and 6801—Loans for Power Projects" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 43 is passed. The Demand No. 43 is passed.

DEMAND No. 45

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹166,57,88,000 be granted for expenditure under Demand No. 45, Major Heads: "2215—Water Supply and Sanitation, 2250—Other Social Services and 4215— Capital Outlay on Water Supply and Sanitation" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 45 is passed. The Demand No. 45 is passed.

DEMAND No. 47

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹441,74,01,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads: "2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities and 4059—Capital Outlay on Public Works" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 47 is passed. The Demand No. 47 is passed.

DEMAND No. 48

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹70,00,000 be granted for expenditure under Demand No.48, Major Head: "3425—Other Scientific Research" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 48 is passed. The Demand No. 48 is passed.

DEMAND No. 49

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹6,14,04,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads: "2204—Sports and Youth Services and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 49 is passed. The Demand No. 49 is passed.

DEMAND No. 50

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹105,21,84,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads: "4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 50 is passed. The Demand No. 50 is passed.

DEMAND No. 51

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹132,97,91,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads: "2203—Technical Education and 2230—Labour and Employment" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 51 is passed. The Demand No. 51 is passed.

DEMAND No. 53

Major Heads: 2070-Other Administrative Services, 3055—Road Transport, 3075—Other Transport Services, 5055—Capital Outlay on Road Transport and 5075—Capital Outlay on Other Transport Services

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹256,75,72,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads: "2070—Other Administrative Services, 3055—Road Transport, 3075—Other Transport Services, 5055—Capital Outlay on Road Transport and 5075—Capital Outlay on Other Transport Services" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 53 is passed. The Demand No. 53 is passed.

DEMAND No. 54

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹814,23,01,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads: "2217–Urban Development, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions and 4217—Capital Outlay on Urban Development" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 54 is passed. The Demand No. 54 is passed.

DEMAND No. 55

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹123,89,16,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads: "4702—Capital Outlay on

Minor Irrigation and 4705–Capital Outlay on Command Area Development" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 55 is passed. The Demand No. 55 is passed.

DEMAND No. 56

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹22,55,82,000 be granted for expenditure under Demand No. 56, Major Head: "2235—Social Security and Welfare" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 56 is passed. The Demand No. 56 is passed.

DEMAND No. 58

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹41,30,96,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads: "2052—Secretariat-General Services and 2575—Other Special Areas Programmes" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 58 is passed. The Demand No. 58 is passed.

DEMAND No. 62

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹28,44,91,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads: "2052—Secretariat-General Services and 4575—Capital Outlay on Other Special Areas Programmes" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 62 is passed. The Demand No. 62 is passed.

DEMAND No. 64

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹85,87,00,000 be granted for expenditure under Demand No. 64, Major Heads: "4235—Capital Outlay on Social Security and Welfare" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 64 is passed. The Demand No. 64 is passed.

DEMAND No. 65

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹20,78,37,000 be granted for expenditure under Demand No. 65, Major Heads: "2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 65 is passed. The Demand No. 65 is passed.

DEMAND No. 67

The motion of Dr. AMIT MITRA that a sum of ₹9,24,09,000 be granted for expenditure under Demand No. 67, Major Head: "2852—Industries" during the current financial year.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 67 is passed. The Demand No. 67 is passed.

ADJOURNMENT

The House was then adjourned at 4.41 p.m. till 11.00 a.m. on Friday. The 17th February, 2017 at the Assembly House, Kolkata

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 17th February, 2017 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 25 Ministers-in-Charge, 13 Ministers-of-State and 198 Members.

[11:00 – 11.10 a.m.]

Starred Questions

(to which oral answers were given)

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় রাস্তা নির্মাণ

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯) **শ্রী অসিত মজুমদার** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) ১লা এপ্রিল, ২০১৫ থেকে ৩১শে মার্চ, ২০১৬ পর্যন্ত রাজ্যে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় কত কিলোমিটার রাস্তা তৈরি হয়েছে; এবং

(খ) চুঁচুড়া বিধানসভা কেন্দ্র এলাকায় উক্ত প্রকল্পে কোন রাস্তা তৈরি হয়েছে কি না?

...(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য-সদস্যাগণ মাননীয় স্পীকারের চেয়ারের সামনে দাঁড়িয়ে স্লোগান দিতে থাকেন)...

মিঃ স্পীকার : কোয়েশ্চেন আওয়ারটা হোক, আমি আপনাকে বলছি কোয়েশ্চেন আওয়ারের। পরে আমি শুনবো। আমি প্রত্যেক দিন আপনাদের বলেছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রী অসিত মজুমদার মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই,

ক) ১লা এপ্রিল, ২০১৫ থেকে ৩১শে মার্চ, ২০১৬ পর্যন্ত রাজ্যে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক। যোজনায় ৫০৭ (পাঁচশত সাত)টি রাস্তা তৈরি করা হয়েছে। যার দৈর্ঘ্য ২৪১৬.৬৪৫ কিলোমিটার (দুই হাজার চার শত ষোলো কিলোমিটার ছয় শত পঁয়তাল্লিশ মিটার)।

খ) চুঁচুড়া বিধানসভা কেন্দ্র এলাকায় পি.এম.জি.এস.ওয়াই. প্রকল্পে মোট ২টি রাস্তার নির্মাণকার্য শুরু হয়েছিল। তার মধ্যে একটি রাস্তার নির্মাণকার্য শেষ হয়েছে এবং আর একটির নির্মাণকার্য চলছে।

...(গোলমাল)...

শ্রী অসিত মজুমদার : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার প্রথম সাপ্লিমেন্টারি প্রশ্ন। স্যার, আমি বলছি এরা তো গত ৩৪ বছর ধরে বাংলার রাস্তাঘাট শ্মশান করে রেখেছিল। মা-মাটি-মানুষের সরকার আসার পর মাননীয় মন্ত্রী এবং বাংলার জননেত্রী

মমতা বন্দ্যোপাধ্যায়ের মাধ্যমে সারা বাংলায় প্রধানমন্ত্রী সড়ক যোজনা এবং আর.আই.ডি.এফের মাননীয় মন্ত্রী যে প্রভূত উন্নয়ন করেছেন তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই। আমার প্রশ্ন হচ্ছে, মা-মাটি-মানুষের সরকারের সারা বাংলায় নতুন করে কী কী পরিকল্পনা আছে। এই প্রধানমন্ত্রী সড়ক যোজনার মাধ্যমে বাংলার রাস্তাঘাট উন্নয়নের জন্য আমাদের সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করছে।

..(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য-সদস্যাগণ এবং বামফ্রন্টের মাননীয় সদস্য সদস্যাগণ মাননীয় স্পীকারের চেয়ারের সামনে দাঁড়িয়ে স্লোগান দিতে থাকেন)...

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই অতিরিক্ত প্রশ্নের উত্তর আমি একটু আগেই দিয়েছি। আমাদের প্রধান কাজ হল পি.এম.জি.এস.ওয়াই-এর যে অনুমোদিত রাস্তা, যেগুলো কোড নেট থেকে জেলা পরিষদে পাস হয়ে আসে সেইগুলোকে রূপায়ণ করা। সেগুলো আমরা গত ৫ বছরে ঐতিহাসিক দিক থেকে সম্পন্ন করতে পেরেছি এবং তারপরেও আমরা কিছু অনুমোদন পেয়েছি যার কাজ শুরু হয়েছে। আপনাকে আগেই বলেছি যে, ২০১১-১২ থেকে ২০১৬ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মোট ২৪০৩টি রাস্তার নির্মাণকার্য শেষ হয়েছে।

...(এই সময় বামফ্রন্ট এবং পরিষদীয় কংগ্রেস দলের মাননীয় সদস্য-সদস্যাগণ মাননীয় অধ্যক্ষের সামনে চিৎকার করতে থাকেন।)...

আমরা পুরোনো রাস্তা যেগুলো কখনও রাজ্য সরকারের টাকায় আর কখনও RIDF-এর টাকায় করে থাকি। 13th Finance Plan-এর টাকাও আমরা এই purpose-এ ব্যবহার করতাম। কিন্তু এ'বছর থেকে Finance Commission 14th Finance Commission-এর টাকা আর জেলা পরিষদ পাবে না। সেটা সরাসরি দিল্লি গ্রাম পঞ্চায়েতকে দিয়ে দিচ্ছে। ফলে, রাস্তা সারাইয়ের ক্ষেত্রে যেটা এই 13th Finance Commission পর্যন্ত জেলা পরিষদ করতে পারতো সেটা হবে না। আমরা পক্ষান্তরে রাজ্য সরকারের কাছে অর্থ দপ্তরের কাছে আর্থিক সহযোগিতা চেয়েছি ১০০০ কোটি টাকা। এবং সেটা যদি আমরা পাই তাহলে এই Commission-এর যে বকেয়া কাজ সেগুলো করে দিতে পারবো।

শ্রী অসিত মজুমদার : স্যার, আপনার মাধ্যমে আমার দ্বিতীয় supplementary যে প্রধানমন্ত্রী সড়ক যোজনায় হুগলি জেলায় কতগুলো proposal আছে এবং কবের মধ্যে এগুলো করা সম্ভব ?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যের দ্বিতীয় অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই, জেলাওয়ারী যে তথ্য সেটা সমগ্র জেলাগুলো পড়লে স্যার অনেক সময় লাগবে। আমি submit করে দিচ্ছি। তাতে হুগলি জেলাও আছে, দেখে নেবেন।

শ্রী পুলিন বিহারী রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমাদের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অত্যন্ত অভিজ্ঞ মন্ত্রী মাননীয় সুব্রত মুখোপাধ্যায় মহাশয়ের কাছে আমার প্রশ্ন, আমার গাইঘাটা বিধানসভা এলাকা অত্যন্ত অনগ্রসর অনেক দিক দিয়েই। কিন্তু রাস্তাঘাটের ব্যাপারে এই সাড়ে ছয় বছরের মধ্যে কিছু কিছু হয়েছে, হয়নি যে তা নয়। কিন্তু এখনও অনেকগুলো অঞ্চল, গ্রাম পঞ্চায়েত রাস্তার অভাবে অত্যন্ত দুরবস্থার মধ্যে আছে। তার মধ্যে আছে জলেশ্বর, ধরমপুর I, বেড়গুম I, বেড়গুম II ইত্যাদি। এইসমস্ত এলাকায় এখনও বহু রাস্তা বাকি আছে। আপনার কাছে আমার প্রশ্ন, এই গাইঘাটা এলাকার প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় কোনো প্রকল্প আছে কিনা বা আর যদি না থাকে তাহলে এই সমস্ত রাস্তা যেগুলোর জন্য জনসাধারণ অত্যন্ত দুরবস্থার মধ্যে যাতায়াত করে, স্কুলের ছাত্রছাত্রীরা সাইকেল নিয়ে যেতে

পারে না, সাইকেল দিয়েছি আমরা, কিন্তু স্কুলে যেতে পারছে না, রাস্তার দুরবস্থার জন্য। তাই আপনার কাছে আমার প্রশ্ন যে, শুধু প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় কোনো প্রকল্প আছে কি না গাইঘাটায় ? আর বাকি যেসমস্ত রাস্তা আছে সেগুলো তৈরি করার জন্য এবং উন্নত করার জন্য মাননীয় মন্ত্রিমহোদয় কী কী ব্যবস্থা গ্রহণ করতে চান ?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য যে supplementary প্রশ্ন করেছেন, গাইঘাটার নির্দিষ্ট করে আমার কাছে এক্ষুনি নেই। তবে জেলাওয়ারী আমার কাছে তথ্য রয়েছে। আমি একটু আগেই বললাম, আমরা দু'রকমে রাস্তা ও নতুন রাস্তা করে থাকি। একটি রাজ্য সরকারের দেওয়া আর্থিক সহযোগিতায় বাজেটের মধ্যে অপরটি PMGSY-এর মধ্য দিয়ে। আর কিছু ভাঙা রাস্তা আমরা RIDF নামক একটা হেডে সারাই করে থাকি এবং নতুন করে দিই। আপনি নিশ্চই বুঝতে পারছেন, যে গত প্রায় ৩৫ বছর ধরে কোনো রাস্তা হয়নি। কেন্দ্রীয় সরকারের PMGSY-এর কাছে বামফ্রন্ট সরকার লিখে দিয়েছিল, যে আমাদের আর এই রাজ্যে রাস্তা দরকার নেই। আমরা সেটা নতুন করে আবার open করে পাঁচ বছরের মধ্যে ১২০০০ কিলোমিটার রাস্তা তৈরি করেছি। নতুন করে আমরা দু'দফায় আবার ১২০০ আর ৮০০ কিলোমিটার রাস্তার অনুমোদন পেয়েছি প্রাথমিক দিক থেকে।

[11:10 – 11.20 a.m.]

সুতরাং রাস্তা গাইঘাটারও হবে এবং হয়েওছে অনেকগুলি। বিশেষ করে বড় রাস্তাগুলো এবং যেগুলো জেলা পরিষদ code net এর থেকে পাস করিয়েছে আমরা পরবর্তীকালে বাকি রাস্তাগুলি আস্তে আস্তে করতে পারব।

শ্রীমতী সেলিমা খাতুন (বিবি) : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে, ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন যে পি এম জি এস ওয়াই এর রাস্তা, ইরিগেশানের নদীর বাঁধগুলি কি করা সম্ভব ? যদি হয়, আমার পশ্চিম মেদিনীপুর জেলার ডেবরা ব্লকে সেটা কিন্তু হচ্ছে না, এটা যদি স্যার দেখেন।

(হট্টগোল)

শ্রী সুব্রত মুখার্জী : আমরা রাস্তা করতে গিয়ে বাঁধ করতে পারি না। কিছু কিছু সাঁকো আমরা করি,আর যদি রাস্তা তৈরি করার মধ্যে কোন ব্রীজ করতে হয় আমরা সেটা করে দিই। এটা সেচ দপ্তরের সঙ্গে যোগাযোগ করুন।

শ্রী বিশ্বজিৎ কুন্ডু : মাননীয় স্পীকারের মাধ্যমে সংশ্লিষ্ট পঞ্চায়েত মন্ত্রীকে আবেদন করছি, আমাদের কালনা ২ নম্বর ব্লকে নাপাকুলি থেকে পাঁচরখি এবং কালনা ১ নম্বর ব্লকে বাঘনা পাড়া অঞ্চলের রথতলা থেকে শিরীষতলা পর্যন্ত এটা প্রায় ২০কি.মি. মতন রাস্তা সি পি এম এর আমলে তৈরি হয়েছিল। কিন্তু এত অনুন্নত, নিম্নমানের রাস্তা তৈরি হয়েছে যার জন্য রাস্তা ২ বছরের মধ্যে ভেঙ্গে যায়, আমি এই রাস্তাটা সারানোর জন্য দীর্ঘদিন ধরে বলে আসছি,যদি মাননীয় মন্ত্রী আমাদের ওই রাস্তাটি করে দেয় মানুষ চলাচলের পক্ষে খুব সুবিধা হয়। কারণ কিছুদিন আগে একটা বাস উল্টে গেছে, এর ফলে অনেকজন মানুষের ক্ষতি হয়েছে। যদি এই রাস্তাটা করে দেন তাহলে খুব ভাল হয়। ধন্যবাদ।

শ্রী সুব্রত মুখার্জী : আপনি এটা লিখিতভাবে আমার কাছে দেবেন, আমি নিশ্চয় দেখবো।

শ্রীমতী নীলিমা নাগ (মল্লিক) : স্যার, আপনার মাধ্যমে আমার সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে প্রশ্ন এটাই যে আমার বিধানসভায় প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় বিভিন্ন রাস্তাগুলি ভেঙ্গে গেছে, এইগুলো সংস্কার করার কোন পরিকল্পনা আছে কিনা ?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি নিয়মটা আগেই বলেছিলাম যে পি এম জি এস ওয়াই-এর রাস্তা যখন তৈরি হয়,তখন ৫ বছরের মেরামতির দায়িত্ব যে কন্সট্রাকশান কন্ট্রাকটার করে তার মধ্যেই ন্যস্ত থাকে। আর ৫ বছরের অতিরিক্ত যেগুলো হয়ে গেছে সেগুলো খারাপ হলে আমরা ওই দু তিন রকম ভাবে, হয় ওই আর আই ডি এফ নাহলে স্পেশাল কোন গ্রান্ট সরকারের কাছে চেয়ে আমরা করে থাকি। এবং সেইজন্য আমি আগেই বলেছি যে এই রাস্তাগুলো সারাবার জন্য কিছু অর্থ নতুন করে রাজ্য সরকারকে বরাদ্দ করার জন্য আমরা অনুরোধ করেছি। এর পক্ষান্তরে জানিয়ে রাখি যে আগে রাস্তা আমরা তৈরি করতাম পি এম জি এস ওয়াই যেগুলো পুরো টাকাটাই কেন্দ্রীয় সরকার দিত, এখন ৪০ পারসেন্ট রাজ্য সরকারকে দিতে হয় ফলে রাজ্য সরকারের উপরে একটা বাড়তি চাপ কেন্দ্রীয় সরকার রাস্তার উপরে দিয়েছে। এবং যেহেতু আমরা ব্যাপকভাবে মমতা ব্যানার্জীর এই চার পাঁচ বছরে বিগত, ১২ হাজার কিমি রাস্তা করে ইতিহাস করেছি, সেইটাকে ভেঙ্গে দেবার জন্য তারা এই ব্যবস্থা করেছে। কিন্তু তবুও আপনার নির্দিষ্ট করে রাস্তার অব্যবস্থা থাকলে আমাকে জানাবেন।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে বিনীতভাবে প্রশ্ন রাখতে চাই যে আমরা জানি এই সরকার আসার পর থেকেই পশ্চিমবাংলার গ্রামেগঞ্জের রাস্তাঘাটের উন্নতি ভীষণভাবে হয়েছে। এই ব্যাপারে এবং মন্ত্রী মহাশয় বারবার বলছেন ১২ হাজার কিমি রাস্তা আমরা করেছি,এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কোন স্বীকৃতি বা পুরস্কার কি আমাদের মিলেছে ?

শ্রী সুব্রত মুখার্জী : আমাদের অনেকগুলো বিষয়ের উপর প্রায় স্বীকৃতি স্বরূপ পুরস্কার দেয়। এখানে পুরস্কার বলতে আমরা একটাই পেয়েছি যে নতুন করে আবার ওরা কেন্দ্রীয় সরকার আমাদের পার্মিশান দিচ্ছেন রাস্তা তৈরি করার। দু খেপে দিয়েছে, ৮০০ এবং ১২০০ কিমি এবং আশা করছি গতবারের মতনও ১২, ১৩ হাজার কিমি রাস্তা এই ৫ বছরে তাদের কাছে পাব।

...(এইসময় বিরোধী কংগ্রেস ও বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের সকল সদস্য ও সদস্যাগণ স্পীকার পোডিয়ামের সামনে গিয়ে বিক্ষোভ দেখাতে থাকেন এবং স্লোগান দিতে থাকেন।)...

কিন্তু যে বৈমাতৃসুলভ আচরণ করছে সেটা বিপজ্জনক। এখন রাস্তার জন্য ৪০ শতাংশ খরচ আমাদের দপ্তরের হলে ৫০-৫০ করে দেওয়া হচ্ছে। একটা এক কিলোমিটার পিচ রাস্তা, ব্ল্যাকটপ রাস্তা করতে প্রায় ৬০ লক্ষ টাকা খরচ হয়। আগে ৬০ লক্ষ টাকাই কেন্দ্রীয় সরকার দিত। তারজন্য রাস্তার নাম দেওয়া হয়েছে পি এম জি এস ওয়াই। এখন সেটা যেহেতু ৫০-৫০ হয়ে গেছে, এখন নাম দেওয়া উচিত যে শুধু পি এম নয়, পি এম এবং সি এম জি এস ওয়াই। তবে ঠিক ঠিক নাম হবে। কিন্তু দুর্ভাগ্যের কথা, আমাদের এই কাজের গতি থামাবার চেষ্টা করছে, পারবে না। দাবিয়ে রাখা যাবে না।

...(গোলমাল)...

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে প্রণাম জানিয়ে বলছি, আমার মেমারি বিধানসভার নদীপুরের মধ্যে কালসি নামে একটি রাস্তা পড়ে। প্রধানমন্ত্রীর গ্রাম সড়ক যোজনার সেই রাস্তার অবস্থা খুব খারাপ। স্কুল কলেজের ছেলেমেয়েরা বর্ষা হলে আসতে পারে না। এখনও মনে হয় সবসময় বর্ষা। তাই আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার আবেদন, ওই রাস্তাটি যদি অনুগ্রহ করে

বিবেচনা করেন এবং সেইসঙ্গে পানীয় জলের ব্যাপারেও যথোচিত ব্যবস্থা নিলে এলাকার মানুষ উপকৃত হবেন।

...(গোলমাল)...

শ্রী সুব্রত মুখার্জী : আমাদের টার্গেট, আমরা আগামীদিনে পশ্চিমবঙ্গে এমন একটি রাস্তায়ও লিঙ্ক রোড থাকবে না যেখানে ব্ল্যাকটপ করে উপযুক্ত করে তুলতে পারব না। কিন্তু আমাদের এই ধরনের ছোট ছোট কিছু রাস্তা, এখনো যেগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে, সেই কাজ করতে বাকি আছে। একেবারে রিমোট গ্রামে, সেইরকম রাস্তার নাম বললে আমি বলতে পারব না। যদি আপনি দপ্তরে আসেন বা আমাকে লিখিতভাবে জানান তাহলে আমি নিশ্চয় দেখে নেব। তবে আপনি আগে দেখে নেবেন যে এই প্রস্তাবটা জেলা পরিষদ থেকে কোড নেটের মাধ্যমে আমাদের দপ্তরে এসেছে কি না।

...(গোলমাল)...

শ্রী মানস মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীকে প্রথমে আমি ধন্যবাদ জানাই, গত সেশানে আমি একটি প্রশ্ন এনেছিলাম। পঞ্চায়েত এবং পৌরসভার সদস্যদের যে বৈষম্য দাঁড়ানোর ক্ষেত্রে, এই বৈষম্য কবে দূর হবে। তবে সেই ব্যাপারে তিনি বলেছেন, এই ব্যাপারে তিনি বিল আনবেন। আমার প্রশ্ন, কবে নাগাদ এই বিল আসবে। কেননা আমরা জানি যে পৌরসভার সদস্যরা একইসাথে বিধায়ক এবং পৌরসভায় থাকতে পারবেন। কিন্তু আমাদের গ্রাম পঞ্চায়েতে সেই সুযোগ নেই। বাম আমলের যে নিয়ম সেই নিয়মের জন্য একটা বৈষম্য তৈরি হয়েছে। আমরা আমাদের মর্যাদা হারিয়েছি। সেই মর্যাদা উনি ফিরিয়ে দেওয়ার জন্য বিল আনবেন বলেছিলেন। কবে নাগাদ সেই বিল আসবে। আর একটি প্রশ্ন, মুখ্যমন্ত্রী হুগলি জেলায় গিয়ে বলেছিলেন যে আরামবাগ মহকুমার ক্ষেত্রে যে রাস্তাঘাট, সেই রাস্তাঘাটকে আলাদাভাবে গুরুত্ব দেওয়ার জন্য। সেইজন্য আমার কিছু নির্দিষ্ট প্রোপোজাল আপনার কাছে আছে। এই অর্থবর্ষে সেই প্রোপোজালের কাজগুলো শুরু হবে কি না।

...(গোলমাল)...

শ্রী সুব্রত মুখার্জী : আপনার শেষ প্রশ্নের উত্তর, আপনার কিছু কিছু প্রস্তাব অনুমতি নিয়ে ও অনুমতি সাপেক্ষে আমরা গ্রহণ করছি। ২-১টি প্রস্তাব আছে যেগুলো কোড নেটের মধ্যে নেই, সেগুলো আপনি দপ্তর থেকে নিয়ে জেলা পরিষদের সঙ্গে যোগাযোগ করুন। কোড নেটের মধ্যে পাশ করিয়ে দেবেন। আর প্রথম প্রশ্ন যেটা আপনি করেছেন, সেই ব্যাপারে আপনি জেনে রাখুন, আগের প্রশ্নটা এই প্রশ্নের সঙ্গে যুক্ত নয়। ওটা গুরুত্বপূর্ণ কথা। কিন্তু পরবর্তী অন্য কোনো সময়ে যখন আপনি এই বিষয়ের ওপর বাজেট আলোচনা হলে তখন যদি বলেন তখন আমি ধারাবাহিকভাবে বলে দেব।

...(গোলমাল)...

* প্রশ্ন নং ৮৩

(নট রেসপন্ডেন্ট)

...(গোলমাল)...

[11:20 – 11.30 a.m.]

নাকাশিপাড়া ব্লকে জল সরবরাহ প্রকল্প

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০২) **শ্রী তাপস কুমার সাহা** ঃ জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নাকাশিপাড়া ব্লকের হরনগর গ্রাম পঞ্চায়েত এলাকায় নলবাহিত জল সরবরাহ প্রকল্প চালু করতে সরকার কী উদ্যোগ গ্রহণ করেছে/করছে?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় বিধায়ক কর্তৃক উল্লিখিত নাকাশিপাড়া ব্লকের হরনগর গ্রাম পঞ্চায়েত এলাকায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহের ব্যবস্থা ইতিমধ্যেই শুরু করা হয়েছে। উক্ত এলাকাটি ' ভূ-পৃষ্ঠস্থ জলভিত্তিক নদীয়া নর্দার্ন সেক্টর নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্পের' অধীন। তবে, সম্প্রতি রাস্তার কালভার্ট নির্মাণের জন্য পাইপ লাইন ক্ষতিগ্রস্ত হওয়ার দরুণ উক্ত গ্রাম পঞ্চায়েতের কিছু এলাকায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহ ব্যাহত হচ্ছে।

জনস্বাস্থ্য কারিগরী দপ্তর এই বিষয়ে সম্পূর্ণ সচেতন এবং ইতিমধ্যেই ক্ষতিগ্রস্ত পাইপ লাইনগুলির মেরামতির কাজ হাতে নেওয়া হয়েছে এবং অতি সত্বর জল সরবরাহ চালু করা যাবে আশা করা যায়।

শ্রী তাপস কুমার সাহা : স্যার, এই কাজটা হাতে নেওয়ার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি ধন্যবাদ জানাই। রাজ্যের কতগুলো জায়গায় নলবাহিত জল পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। যে কাজগুলো বাকি আছে সেগুলো কবে নাগাদ হাতে নেওয়া হবে ?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে আমরা একটা গুরুতর সমস্যার মধ্যে দিয়ে যাচ্ছি। তার কারণ এই ধরনের প্রাকৃতিক সমস্যা ভারতবর্ষের কোন প্রদেশে নেই, এমনকি বিশ্বেরও কম জায়গায় আছে। আমাদের রাজ্যে প্রায় ৮৩টি ব্লকে, ছয়টি জেলায় সম্পূর্ণভাবে আর্সেনিক, কোথাও ফ্লোরাইড, কোথাও আয়রন, কোথাও সল্ট এইসব সমস্যা রয়ে গিয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী বিশেষ গুরুত্ব দিয়েছেন যাতে পরিশ্রুত জল আমরা গ্রাম বাংলায় পৌঁছে দিতে পারি, বিশেষ করে আর্সেনিককে মোকাবিলা করে। সেই মোতাবেকই আমরা কাজ করছি। কিন্তু সেই কাজ করতে গিয়েও অনেক জায়গায় এই ধরনের ছোটখাট বিঘ্ন আসছে। উত্তর ২৪ পরগণা এবং নদীয়া এই দুটি জেলায় পুরো কাজ হয়ে গেছে বলে খুব দ্রুত আমরা ঘোষণা করতে পারব বলে আশা করি। আমরা ভিশান টোয়েন্টি টোয়েন্টি তৈরি করেছি। অর্থাৎ ২০২০ সালের মধ্যে প্রতিটি গ্রামের মানুষকে সত্তর লিটার করে পরিশ্রুত জল আমরা দেব। অর্থাৎ একটা পরিবারে যদি পাঁচ জন সদস্য থাকে তাহলে ৩৫০ লিটার জল সেই পরিবার পাবেন। আশা করি তার মধ্যে দিয়েই আমরা উপযুক্ত ব্যবস্থা করতে পারব। পক্ষান্তরে বলে রাখি নলবাহিত জলের যে কাজ আমরা রাজ্যে করছি তা শুধুমাত্র কেন্দ্রীয় সরকার নয়, সারা বিশ্ব - ইউনেস্কো এবং ইউনাইটেড নেশান - আমাদের এই কাজের প্রচণ্ডে প্রশংসা করেছেন।

শ্রীমতী নীলাবতী সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমার সাঁইথিয়া বিধানসভার অন্তর্গত মহম্মদ বাজার ব্লকের সরিচা গ্রাম পঞ্চায়েত আদিবাসী অধ্যুষিত এলাকা, ওই এলাকায় কোন পরিশ্রুত পানীয় জলের ব্যবস্থা নেই। ওখানে পরিশ্রুত পানীয় জল প্রকল্প চালু করার কোন পরিকল্পনা আপনাদের আছে কিনা জানাবেন। যদি না থাকে, তাহলে কবে নাগাদ এখানে পরিকল্পনা গ্রহণ করবেন জানালে বাধিত হব।

শ্রী সুব্রত মুখার্জী : আপনি এটা নির্দিষ্ট করে লিখবেন, আপনার জেলায় কাজ হচ্ছে আমি দেখে নেব।

শ্রীমতী রত্না ঘোষ কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন রাখছি, স্যার, পশ্চিমবাংলায় ২০১১ সালের আগে অপদার্থ একটা সরকার, তাদের জন্য আর্সেনিক যুক্ত জল খেয়ে মানুষ মারা যেত, গ্রামে গ্রামে মানুষ অসুস্থ থাকত - আমরা অসহায়তার মধ্যে সেটাকে দেখতাম। কিন্তু ২০১১ সালের পর বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রীর মানবিক উদ্যোগ এবং আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দক্ষতায় সারা বাংলায় আজকে পরিশুদ্ধ পানীয় জল পেয়ে তারা বাঁচার রাস্তা খুঁজে পেয়েছে। আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন, যে আজকে গ্রাম বাংলায় শুধু নলবাহিত জল পাড়ায় পাড়ায় যাচ্ছে না, আপনি পরিকল্পনা নিয়েছেন, যে গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে বাড়িতে বাড়িতে জল পৌঁছে দেওয়ার জন্য সেই জল পৌঁছে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে,সেটা কতদিনে সম্পূর্ণ হবে যদি দয়া করে জানান।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয়া সদস্যা ঠিকই বলেছেন আমরা মাঝখানে বাড়িতে জল দেওয়াটা একেবারে বন্ধ করে দিয়েছিলাম,স্বজলধারার পর সেটা আর করছিলাম না। কিন্তু ইদানিং কালে কেন্দ্রীয় সরকার এবং আন্তর্জাতিক সংস্থা দুই জনের সঙ্গে পরামর্শ করে আমরা ঠিক করেছি যে, বাড়ির কালেকশানও আমরা করে দেব। তাকে রক্ষণাবেক্ষণ করার দায়িত্ব থাকবে সমস্ত গ্রাম পঞ্চায়েতের এবং পঞ্চায়েত সমিতির। এই মোতাবেক কাজ শুরু হয়েছে। নদীয়া জেলার কাজ খুব দ্রুত গতিতে চলছে। আশা করি আপনাদের কাজ ঠিক সময়ে শেষ করে দিতে পারব।

শ্রী জগদীশ চন্দ্র বর্মা বসুনীয়া : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলতে চাই, আমার বিধানসভার সিতাই অধীন,সিতাই ব্লকের ব্রঃ চাত্রায় এবং আদাবাড়ী গ্রাম পঞ্চায়েতে - দুটো স্কীম রিজারভার সহ পানীয় জলের স্কীম স্যাংশান হয়েছে। কিন্তু জমির জন্য আমরা আলোচনা করেছি, জমি দেওয়ার জন্য লোকেরা রাজিও আছে। কিন্তু আজ পর্যন্ত সেই কাজটা শুরু হয়নি। কবে নাগাদ কাজটা শুরু হবে যদি দয়া করে মাননীয় মন্ত্রী একটু বলেন।

শ্রী সুব্রত মুখার্জী : আপনি আমাকে এটা উল্লেখ করলেন,আমি এক্ষুনিই অফিসারদের সাথে আজকেই আলোচনা করে জানতে চেষ্টা করব,যে সিতাই এই দুটির কাজ কত দ্রুত আমরা শেষ করতে পারব। আপনি জমির ব্যাপারে একটু সহযোগিতা করুন। আমরা এটাকে শেষ করে দেব। যখন প্রজেক্ট রয়েছে তখন নিশ্চয় আমরা ট্রাঙ্ক করে সাপ্লাই করে দেব।

শ্রী দুলাল মুর্মু : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, পানীয় জলের বিষয়ে আমাদের সরকার একটা ঐতিহাসিকভাবে একটা কাজ করেছে। মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রদ্ধেয় সুব্রত মুখার্জীর উদ্যোগে - বিশেষ করে আমার জঙ্গল মহলে আগে গ্রামে গেলে লোকে বলে, যে 'আমরা খাবার দিতে পারবো বাবু, জলটা চাই যে' ।ধন্যবাদ,কৃতজ্ঞতা জানাব স্যার আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয়কে। স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, আমার বিধানসভায় চন্ডালবাঁধ বলে একটা পানীয় জলের প্রকল্প মাননীয়া মুখ্যমন্ত্রী শিলান্যাস করে দিয়েছিলেন, আমি বিভিন্ন দপ্তরে ঘুরে ঘুরে অফিসারদের সাথে কথা বলে যেটা দেখলাম কেন্দ্রীয় সরকার ফান্ড দিচ্ছে না।

[11:30 – 11.40 a.m.]

....(এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দল এবং বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের মাননীয় সদস্য এবং সদস্যগণ স্পীকার পোডিয়ামের সামনে গিয়ে স্লোগান দিতে থাকেন এবং বিক্ষোভ দেখাতে থাকেন)....

যার জন্য কাজটা স্যাংশান হয়েও আটকে আছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার প্রশ্ন, কবে নাগাদ আপনি এই কাজটা শুরু করে দিতে পারবেন ?

...(গোলমাল)....

শ্রী সুব্রত মুখার্জী : আমি আপনাকে এখানে এক্ষুনি বলতে পারলাম না। আপনি যদি একবার ডিপার্টমেন্টে আসেন, তাহলে আমি ব্যাপারটা জেনে নিয়ে এই কাজটা ত্বরান্বিত করতে পারব।

...(গোলমাল)....

শ্রী মইনুদ্দিন সামস্ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি আমাদের পি এইচ ই -র শ্রদ্ধেয় মন্ত্রীর কাছে প্রশ্ন রাখতে চাই। প্রথমেই বলি, আমাদের মা-মাটি-মানুষের সরকার এবং মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সারা রাজ্যে যেভাবে পানীয় জলের কাজ দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে, এই দৃষ্টান্তটা আগে পাওয়া যেত না। যা হোক, আমার দুঃখের বিষয় এটা আমার বিধানসভা কেন্দ্রের লক্ষ্মীনারায়ণপুর ওয়াটার ট্যাঙ্ক হরিদাসপুর গ্রাম পঞ্চায়েতের আন্ডারে পড়ে। মাননীয়া মুখ্যমন্ত্রী প্রায় দু' বছর আগে এটাকে উদ্বোধন করে গেছেন। তা সত্ত্বেও এখনও পর্যন্ত সেই লক্ষ্মীনারায়ণপুর ওয়াটার ট্যাঙ্কটা চালু হয় নি। দ্বিতীয় জিনিস হল, বিধানসভা কেন্দ্রে কোন্ কোন্ জায়গায় জলের সমস্যা আছে, সেই ব্যাপারে আমি শ্রদ্ধেয় মন্ত্রীকে লিখিতভাবে তালিকা দিয়ে জানিয়েছি। কাটিংডাঙ্গা এবং বিভিন্ন জায়গায় জলের পাইপ লাইন নষ্ট হয়ে গেছে। সেই ব্যাপারে অ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ারকে বারবার বলা সত্ত্বেও সেই কাজটা আরম্ভ হচ্ছে না। আমি একটা উদাহরণ দিই। আমার কাটিংডাঙ্গা হরিদাসপুর গ্রাম পঞ্চায়েতের আন্ডারে পড়ে। দশ দিন হল, খুলে চলে গেল, তার কাজ করেনি। বললেই ওরা বলেন, টাকা নেই, কাজ করব না। আমি আমার মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করব, অফিসাররা যে ভাবে অবহেলা করছে তা একটু দেখার জন্য এবং লক্ষ্মীনারায়ণপুর কবে নাগাদ চালু হতে পারে এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক আমাকে লিখিতভাবে যে প্রস্তাবগুলি দিয়েছেন, এগুলো মূলত তার মধ্যেই রয়েছে। আমি দেখছি। আমি দায়িত্ব নিয়ে এই প্রস্তাবগুলো বিবেচনা করব। আর যদি কোন অবহেলা হয়, আমি খুব দ্রুত তার ব্যবস্থা নেব, তাঁকে কথা দিচ্ছি।

...(গোলমাল)....

শ্রী বাসুদেব মেটে : স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের সম্মানীয় মন্ত্রীর কাছে জানতে চাই, আমাদের বাঁকুড়া জেলা রুক্ষ এলাকা। সেই রুক্ষ এলাকায় ২০১১ সালে সরকার আসার পরেও মাননীয়া মুখ্যমন্ত্রী এবং আমাদের যোগ্য মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী প্রথম থেকে জলের পরিকল্পনা নিয়ে জল দিয়েছেন। আমরা তার জন্য ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আমার জিজ্ঞাস্য, সেকেন্ড ফেজে বাঁকুড়া জেলায় আটটা ব্লক বাকি আছে। দয়া করে যদি বলেন যে আটটা ব্লকের কাজ কবে নাগাদ শুরু করতে পারবেন ?

...(গোলমাল)....

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনি খুব ভাল প্রশ্ন করেছেন। আপনি নিজেই স্বীকার করলেন যে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শপথ নেওয়ার পর বাঁকুড়া জেলার ব্যাপারে

বলে দিয়েছিলেন যে, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর - এই খরা অঞ্চলগুলোতে যেন আমরা অবিলম্বে পরিশ্রুত জলের ব্যবস্থা করি। সেই মোতাবেক বাঁকুড়ায় আমরা প্রথম পর্যায়ের কাজ শেষ করেছি। ডি ভি সি থেকে জল নিয়ে সেই জল বড়জোড়ায় ট্রিটমেন্ট প্ল্যান্ট করে আমরা পুরো একটা পার্ট অর্ধেক বাঁকুড়ায় সাপ্লাইয়ের ব্যবস্থা করেছি। এটা খুব ঐতিহাসিক কাজ বলে আমরা মনে করি। তার সঙ্গে আরও অর্ধেক বাকি আছে। ঠিকই বলেছেন, আপনাকে জানাই আমরা টাকার জোগাড় করে ফেলেছি। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক আমাদের আট হাজার কোটি টাকা এর জন্য বরাদ্দ করেছেন। ওখানকার পরিকাঠামো তৈরিও প্রায় সম্পূর্ণের পথে। যত দ্রুত সম্ভব দ্বিতীয় পর্যায়ে আটটি ব্লকে আমরা জলের ব্যবস্থা করবার জন্য কাজ করব। তবে আমি দায়িত্ব নিয়ে আবার বলছি, মাননীয়া মুখ্যমন্ত্রী যে কথা বাঁকুড়া, পুরুলিয়ায় দিয়েছেন, বাঁকুড়ার দুটো পার্ট হয়ে গেলেই কমপ্লিট হয়ে যাবে।

...(গোলমাল)....

....(এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্যগণ এবং বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের মাননীয় সদস্যগণ মাননীয় অধ্যক্ষ মহোদয়ের পোডিয়ামের সামনে দাঁড়িয়ে স্লোগান দিতে থাকেন)....

...(নয়েজ)...

আর পুরুলিয়ায় কুড়িটি ব্লকে ৯০টি প্রজেক্ট আমরা তৈরি করেছি। একটি ব্লকও এই জল থেকে বাইরে থাকবে না। সুতরাং, একটু আমাদের সহযোগিতা করলে আশা করি এটা কমপ্লিট করে দিতে পারব।

শ্রী মনোজ তিগ্গা : माननीय अध्यक्ष महोदय के माध्यम से माननीय PHE मंत्री से मेरा आवेदन है कि मै इससे पहले भी कहा था कि वन्दापानी चाय वगान मदारी हाट लंका पाडा चाय वगान, हण्टापाडा चाय वगान ये सभी भूटान से लगे हुए है। अभी भी यहाँ के श्रमिकों को भूटान का पानी पीना पड़ता है और वहाँ से जो पाइप आया है। बिच - बिच मे पाइप के साथ-साथ मे डोलोमाइट चला आता है और कभी हाथी भी पाइप को तोड़ देते है तो। माननीय मंत्री से मेरा जानना है कि बन्दापानी हन्टापाडा लंकापाडा मे PHE के माध्यम से पानी का व्यवस्था करने का कोई परिकल्पना है या नहीं ?

श्री सुब्रत मुखर्जी : माननीय विधायक महोदय उनको बिल्कुल मालूम है कि चाय वगान वगीचा में हमारा कोई Responsibility है नहीं लेकिन पानी का बाजार होता है इसलिए हमलोग कोई-कोई चाय वगान वगीचा में पानी दे रहा है, लेकिन पानी देने के लिए सारा जिम्मेदारी मालिक का। आप को अच्छा तरीका से जानते है इसलिए पहिला रुपया कम होता है और कम प्राइस में ये सारे चीज जैसे मकान, जैसे पानी,जैसे विधुत ये सारे चीज उनको देना चाहिये। फ्रिर भी हमलोग कोशिश करता है जिधर बहुँत बगीचा है और जिधर विधुत पानी नही। है हमलोग उधर पानी श्रमिकों के लिए मानवता के नाते में सरवराह करेगें।

....(नयेज)...

মুক্ত শৌচকর্মবিহীন জেলার সংখ্যা

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯) **শ্রী সমীর কুমার জানা** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে রাজ্যে কতগুলি জেলা মুক্ত শৌচকর্মবিহীন জেলা হিসাবে ঘোষিত হয়েছে; এবং

(খ) আগামী কতদিনের মধ্যে অবশিষ্ট জেলাগুলি মুক্ত শৌচকর্মবিহীন জেলা হিসাবে ঘোষিত হবে বলে আশা করা যায় ?

Shri Subrata Mukherjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক সমীর কুমার জানা মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই-

ক) ৩১ শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে রাজ্যের চারটি জেলা- নদীয়া, হুগলী, উত্তর ২৪ পরগণা ও পূর্ব মেদিনীপুর ও.ডি.এফ(খোলা জায়গায় শৌচকর্ম মুক্ত) জেলা হিসাবে ঘোষিত হয়েছে।

খ) বাকি জেলাগুলো আগামী ২রা অক্টোবর, ২০১৯ এর আগেই ও.ডি.এফ(খোলা জায়গায় শৌচকর্ম মুক্ত) জেলা হিসাবে ঘোষিত হবে বলে আশা করা যায়।

...(নয়েজ)...

Shri Samir Kumar Jana : মাননীয় মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ। আমার অতিরিক্ত প্রশ্ন করার মুহূর্তে বলতে চাইছি যে, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ রাজ্য ওডিএফ ঘোষণার ক্ষেত্রে যে ভাবে আন্তরিকতার সঙ্গে কাজকর্ম করেছে যেখানে ইতিমধ্যেই চারটি জেলা ঘোষিত হয়েছে। আর আমার যতটুকু জানা আগামী মার্চ মাসের মধ্যে আরও তিনটি জেলা ঘোষিত হবে। মাননীয় মন্ত্রী মহোদয় ওডিএফ-এর ব্যাপারে আন্তরিকতার সঙ্গে কাজকর্ম করেছেন। আমি মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই যে, কাজের এই অসামান্য সাফল্যের দিকে আমরা এগিয়ে চলেছি, এই অসামান্য সাফল্যের মূল চাবিকাঠিটা কি? অর্থাৎ, এলাকায় সচেতনতা বৃদ্ধির বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয় কি ব্যবস্থা গ্রহণ করেছেন যার জন্য ভারতবর্ষের মধ্যে আমরা একটা উল্লেখযোগ্য জায়গায় ওডিএফ-কে নিয়ে এগোনোর চিন্তা করতে পেরেছি? ...(নয়েজ)...

Shri Subrata Mukherjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সমীর কুমার জানা মহাশয় খুবই গুরুত্বপূর্ণ এই প্রশ্নটি উত্থাপন করেছেন। আপনি নিজেই জানেন যে, চারটি জেলা ওডিএফ বলে ঘোষণা করেছি। আপনি এও জানেন, ভারতবর্ষের প্রথম যে জেলা ওডিএফ বলে ঘোষিত হয় এবং ভারত সরকার পুরস্কৃত করে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে ইউনাইটেড নেশন-ইউ.এন.ও. পুরস্কৃত করে ওই জেলাকে। আমাদের জেলা পরিষদের যে প্রধান তিনি এবং ডি.এম মহাশয় গিয়ে পুরস্কার নিয়ে এসেছেন। আর পরবর্তীকালে বাকি যে তিনটে জেলা, সেই জেলাগুলোও কিন্তু পশ্চিমবঙ্গের। ...(নয়েজ)...

[11:40 – 11.50 a.m.]

..... (এই সময় মাননীয় বিরোধী সদস্যদের ওয়েলে স্লোগান-সহ বিক্ষোভরত অবস্থায় দেখা যায়।) .....

শ্রীসুব্রত মুখার্জী : সেটাও আপনি বলেছেন। ভালো। আর, ২০১৭-১৮ শেষ হবে যখন তখন হাওড়া, দক্ষিণ-দিনাজপুর, মুর্শিদাবাদ, মালদা, বীরভূম এবং জলপাইগুড়ি আমরা ওডিএফ বলে

ডিকলেয়ার করতে পারব। তার পর ২০১৮-১৯-র মধ্যে আমরা উত্তর-দিনাজপুর, শিলিগুড়ি, দার্জিলিং, বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম-মেদিনীপুর এবং আলিপুরদুয়ার শেষ করতে পারব। আপনি ঠিকই বলেছেন, এটা গুরুত্বপূর্ণ এই কারণে, আমি বরাবর বলে থাকি যে, একটা দেশ বড় হয়না কত অ্যাটমিক বোমা তৈরি করতে পেরেছে অথবা উপগ্রহ পাঠাতে পেরেছে বলে। একটা দেশের ফান্ডামেন্টাল সমস্যার সমাধান করলে সেই দেশ বড় হবে। ভারতবর্ষে হয়নি। কিন্তু এখন আমরা পশ্চিমবঙ্গে, "what Bengal thinks today, rest of India will think tomorrow," সেই ভাবেই আজকে পশ্চিমবঙ্গ একটা নতুন, 'রেনেশাঁ' এবং এটা একটা গণ-আন্দোলন, তাই সেই কাজটা আপনাদের সহযোগিতায় আমরা করতে পারছি। আমরা গর্বিত। আপনারাও সহযোগিতা করুন। যাতে ভারতবর্ষের বাকি রাজ্যগুলোকে আমাদের পশ্চিমবঙ্গ পথ দেখাতে পারে।

শ্রীসমীর কুমার জানা : অশেষ ধন্যবাদ। মাননীয় মন্ত্রী মহোদয় বর্তমানে তাঁর যে চিন্তা-ভাবনা নিঃসন্দেহে আজকে সভাকে আশ্বস্ত করেছে।

আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে, ওয়েট ল্যান্ড সার্ভে অনুযায়ী আমাদের টয়লেটগুলো নির্মিত হয়ে গেছে। সেই ওয়েট ল্যান্ড সার্ভের পরে কিছু কিছু বাদ থেকে গিয়েছিল এবং কিছু কিছু নতুন পরিবার সংযোজিত হয়েছে। এছাড়া, গুরুত্বপূর্ণ বাজার, মোড় বা বিভিন্ন ঘাটগুলোতে কমিউনিটি ল্যাটরিন করার খুব দরকার থেকে গেছে। এব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় কী চিন্তা-ভাবনা করেছেন ? যদি অনুগ্রহ করে কিছু বলেন।

শ্রীসুব্রত মুখার্জী : আমরা নতুন করে আরো পরিকল্পনা গ্রহণ করছি যাতে আরো আধুনিক কায়দায় এবং দ্রুততার সাথে আমরা এই কাজটা করতে পারি। দ্বিতীয়, আমরা যে আর্থিক অনুদান এখন এই বাড়ির মালিকদের দিচ্ছি তা যথেষ্ট নয়। সেটাও কেন্দ্রীয় সরকারকে বলেছি একটু বাড়াবার জন্য। আর, তৃতীয়, যাতে এগুলো ড্রপ-আউট না করে তার জন্য যথেষ্ট জলের ব্যবস্থা আমরা করবার চেষ্টা করছি। আশা করছি এই গণ-আন্দোলনে সকলে সামিল হয়েছে, আমরা সাকসেসফুল হব।

ডাঃ নির্মল মাজি : স্যার, কাকের কা কা আওয়াজ রোজ শুনতে ভালো লাগেনা। এঁরা রোজ রোজ যা আওয়াজ করছে তাতে শব্দ দূষণ হচ্ছে এবং দৃশ্য দূষণ হচ্ছে।

হাওড়া এবং উলুবেড়িয়ার বিস্তীর্ণ অঞ্চলে বহুদিন পরে মানুষের স্বপ্ন পূরণের জন্য নল বাহিত পরিশ্রুত পানীয় জলের যে যুগান্তকারী, এক নবজাগরণের শুরু হয়েছে তার জন্য মাননীয় জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি।

জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, হাওড়া এবং উলুবেড়িয়ার গ্রামীণ এলাকাতে যে উন্নয়নের কাজ হয়েছে, পরিশ্রুত পানীয় জলের ব্যাপারে সেই ব্যাপারে যদি আপনি একটু সকলকে অবগত করেন তাহলে কৃতজ্ঞ থাকবো।

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় বিধায়ককে অনুরোধ করব, নির্দিষ্ট করে আপনি যদি আপনার সমস্যা নিয়ে জানান ভালো হয়। কেননা, প্রশ্নটা ছিল ওডিএফ নিয়ে।

ডাঃ নির্মল মাজি : স্যার, উলুবেড়িয়া ব্লক-২ এবং আমতা ব্লক-ওয়ানে, বেশ কয়েকটি পঞ্চায়েত এলাকাতে আপনি জলবাহিত, নলের মাধ্যমে পরিশ্রুত পানীয় জলের ব্যবস্থা করেছেন। বাকি যে পঞ্চায়েত এলাকা, বাণীবন, বাসুদেবপুরে যদি আপনি পরিশ্রুত পানীয় জলের ব্যবস্থা করেন তাহলে সেখানকার মানুষ কৃতজ্ঞ থাকবে। কিন্তু বিরোধীরা এখানকার গণতান্ত্রিক পরিবেশকে নষ্ট করছে। স্যার, পাড়ার রকবাজরাও লজ্জা পাবে এঁদের দেখলে পরে।

.....(তুমুল গোলমাল).....

(এই সময় মাননীয় বিরোধী সদস্যগণ বিধানসভার ওয়েলে নেমে বিক্ষোভ দেখাতে থাকেন).....

.....(গোলমাল)....পাড়ার রকবাজরাও এদের দেখলে লজ্জা পাবে। গতকাল স্কুলের এবং কলেজের ছাত্রছাত্রীরা এসেছিল, তাদের লজ্জায় মাথা নীচু হয়ে গেছে। বিধানসভার গুরুত্বপূর্ণ সদস্যরা, বিধানসভার গণতান্ত্রিক পরিবেশকে নষ্ট করে বিভিন্ন রকমের আওয়াজ সহ, মার্শাল সহ এবং অন্যান্যদের উপরে যেরকম ধরনের গুন্ডামি এবং মস্তানি করার চেষ্টা করেছেন, তার বিরুদ্ধে সারা বাংলার সাড়ে ৯ কোটি মানুষ জনমত তৈরি করবে।.....(গোলমাল).... আগামীদিনে এরা বিধানসভায় একটি আসনও পাবে না। জিরো আসন পেয়ে এরা আস্তাকুঁড়ে চলে যাবে, এরা ডাস্টবিনে চলে যাবে।

শ্রী সুব্রত মুখার্জী : .....(গোলমাল)....মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনি লিখে আমাকে জলের সমস্যা নিয়ে জানিয়েছেন। আবার একবার আসবেন আমি দেখে নেব।

শ্রী অসীম কুমার মাঝি : স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন- বিপিএল ছাড়া যে পরিবারগুলো গরিব, তাদের শৌচাগার কি আগামীদিনে সরকার করে দেবে এমন কোন পরিকল্পনা কি সরকারের আছে? .....(গোলমাল)....

শ্রী সুব্রত মুখার্জী : হ্যাঁ, আপনি ঠিক বলেছেন। .....(গোলমাল)....আমরা শৌচালয়ের ক্ষেত্রে বিপিএল, নন বিপিএল এটা দেখছি না। আমরা দেখছি শৌচালয় আছে কি নেই। যে এলাকায়, যে গ্রামে, যে মহল্লায় নেই, সেখানে আমরা তৈরি করে দিচ্ছি।

শ্রী দীনেন রায় : মাননীয় স্পীকার সাহেবের মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে একটি আবেদন রাখছি। খড়গপুর বিধানসভার অন্তর্গত মেদিনীপুর সদর ব্লকের ৮ নং অঞ্চল মূলত এসসি এবং এসটি অধ্যুষিত এলাকা। .....(গোলমাল)...উনি ওনার দপ্তরে ব্যাপক কাজ করেছেন তার জন্য ধন্যবাদ। ওই এলাকায় সম্প্রতি আপনার দপ্তর থেকে পানীয় জল সরবরাহের জন্য জায়গা চাওয়া হয়েছিল। জনৈক ব্যক্তি সেই জায়গা দান করেছেন। সুতরাং ওই আট নম্বর অঞ্চলের বেলপট্টি গ্রামে যদি আপনি পানীয় জলের ব্যবস্থা করে দেন তাহলে মানুষ খুব খুশি হবে। আরেকটি প্রশ্ন আপনার কাছে রাখতে চাই- খড়গপুর বিধানসভার অন্তর্গত খড়গপুর এক নং ব্লক মূলত লালমাটি, পাথুরে এবং জঙ্গল এলাকা। যেখানে কলাইকুন্ডা এয়ারপোর্ট স্টেশন আছে। গত কয়েকবছর আগে জ্ঞানেশ্বরী এক্সপ্রেসে অ্যাক্সিডেন্ট নাশকতার কারণে ১৫১ জন মারা যান।.....(গোলমাল).... ওই এলাকা জঙ্গল, পাথরখাদান এবং মরুভূমি এলাকা। ১৯৭৭ সাল থেকে বামফ্রন্টের সদস্যরা সেখানে জিতেছেন। এই প্রথম মা-মাটি-মানুষের সরকার আসার পর উন্নয়নের কাজ শুরু হয়েছে। ....(গোলমাল)....সুতরাং কলাইকুন্ডা এয়ারপোর্টের চারদিকে রুক্ষ, জঙ্গল এরিয়া, পাথর এরিয়া, বোল্ডার মোরাম ভর্তি লালমাটি এরিয়া মূলত জঙ্গলমহল সন্নিহিত। এই এলাকায় পানীয় জলের অভাব এবং একফসলী চাষ হয়। যদি সেখানে রাস্তা এবং পানীয় জলের ব্যবস্থা করে দেন তাহলে ওখানকার মানুষ খুব উপকৃত হবে। এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের সাহায্য প্রত্যাশা করি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুক্ত শৌচালয়ের ব্যাপারে উত্তর দিচ্ছিলাম। তারমধ্যে পানীয় জলের কথা আপনি বলেছেন। .....(গোলমাল)....আপনি আগে লিখে দিয়েওছেন। পশ্চিম মেদিনীপুরের ব্যাপারে আমরা খুব সিরিয়াস। আপনার যদি জলের সমস্যা থাকে দয়া করে জানাবেন।

শ্রী সুভাষ মন্ডল : .....(গোলমাল).... মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে একটু প্রশ্ন করতে চাই। ২০১১ সালের আগে -আজকে যারা চিৎকার করছেন স্পীকার মহাশয়ের সামনে - আমাদের বাংলার মানুষ একথা বলত, কল আছে জল নেই। আমরা এমনও দেখেছি, আমরা কোনো জায়গায় আন্দোলন করতে গেলে কলের মাথাগুলি খুলে নেওয়া হত। যাতে জনগণ জল খেতে না পায়। বিগত সরকারের আমলে এরকম একটা অবস্থা ছিল।.....(গোলমাল).... ২০১১ সালের পরে আজকে বাংলার গ্রামে গঞ্জে বিভিন্ন প্রান্তে পানীয় জলের সুব্যবস্থা হয়েছে। আমি বলবো গ্রাম থেকে অনেক দূরে কিছু ছোট ছোট আদিবাসী পাড়া আছে। সেগুলো ছোট ছোট পাড়া, কোনো পাড়ায় ৫০ টা ঘর, কোন পাড়ায় ৪০ টা ঘর। সেই আদিবাসী পাড়াগুলোতে কোনো ছোট ছোট প্রকল্প নেওয়া যায় কিনা মন্ত্রী মশাই জানালে একটু ভাল হয়।

[11:50 – 12.00 Noon.]

শ্রী সুব্রত মুখার্জী : আমরা অন্য প্রশ্নে ছিলাম। যদি মাননীয় স্পীকার মহোদয় ওই প্রশ্নটা শেষ করেন তাহলে আপনার প্রশ্নের উত্তর দিয়ে দিতাম। তবুও আমি বলছি আমরা জলের কাজ করছি, পরিকল্পনা মাফিক করছি। সরকার সিরিয়াস। দেখবেন এবারের বাজেটেও তার প্রতিফলন রয়েছে। আপনার এলাকার বা জেলার নির্দিষ্ট করে কোন প্রস্তাব থাকে জানাবেন।

এন.আর.ই.জি.-এ প্রকল্পে অর্থ প্রদান

*৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) এটা কি সত্যি যে, কেন্দ্রীয় সরকার এন.আর.ই.জি.-এ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ প্রদান বন্ধ করেছে এবং

(খ) সত্যি হলে, তার অবশিষ্ট পরিমাণ কত?

শ্রী সুব্রত মুখার্জী : ক) না, এটা সত্যি নয়।

খ) প্রযোজ্য নয়।

শ্রী বঙ্কিম হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন। কত টাকা বকেয়া নিয়ে এই আর্থিক বছর ২০১৬-১৭ শুরু হয়েছে, দয়া করে জানাবেন কি ?

শ্রী সুব্রত মুখার্জী : আমাদের এই আর্থিক বছর শুরু হয়েছে ৩৭০৬.৮৪ কোটি টাকা নিয়ে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা অতিরিক্ত প্রশ্ন। এই ক্ষেত্রে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত টাকা পেতে পারে দয়া করে জানাবেন কি ?

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, ২০১৬-১৭ আর্থিক বছরে আমাদের সমস্ত বকেয়া সমেত যা আগে পেতাম, কেন্দ্রীয় সরকারের কাছে পাওনা ৮৭০৪.৮১ লক্ষ টাকা। তার মধ্যে আমরা পেয়েছি ৪৭২৫.২৯ লক্ষ টাকা অর্থাৎ ৩৯৭৯.৫২ লক্ষ টাকা বকেয়া আছে, আমরা পাবো।

* প্রশ্ন নং - ৮৯ (অনুপস্থিত)

* প্রশ্ন নং - ৯০

পানীয় জলের অপচয় রোধে ব্যবস্থা

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩) **শ্রী দেবেশ মন্ডল** ঃ জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

কালিতলা, দুলদুলী এবং হিঙ্গলগঞ্জ গ্রাম পঞ্চায়েতে পাইপ ফেটে যাওয়ার কারণে পানীয় জলের অপচয় রোধ করতে রাজ্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে?

মাননীয় বিধায়ক কর্তৃক উল্লিখিত কালিতলা, দুলদুলী এবং হিঙ্গলগঞ্জ গ্রাম পঞ্চায়েতগুলি যথাক্রমে কালিতলা, সাহেবখালি এবং হিঙ্গলগঞ্জ নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্পের অন্তর্গত।

কালিতলা এবং হিঙ্গলগঞ্জ নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্পের কিছু জায়গায় রাস্তার কাজের জন্য কিছু পাইপলাইন ক্ষতিগ্রস্ত হয়েছিল। সেই সমস্ত ক্ষতিগ্রস্ত পাইপলাইনগুলির মেরামতির কাজ দপ্তর ইতিমধ্যেই শুরু করেছে এবং আগামী এক সপ্তাহের মধ্যে তা শেষ হয়ে যাবে আশা করা যায় এবং পানীয় জলের অপচয় রোধ হবে।

দুলদুলী গ্রাম পঞ্চায়েতে নদী বাঁধ নির্মাণ কাজের জন্য কিছু জায়গাতে পাইপলাইন ক্ষতিগ্রস্ত হয়েছিল। ক্ষতিগ্রস্ত পাইপলাইনগুলির মেরামতির কাজ এই দপ্তর ইতিমধ্যেই শুরু করেছে এবং তা পক্ষকালের মধ্যে শেষ করা সম্ভব হবে এবং পানীয় জলের অপচয় রোধ হবে।

এছাড়াও ইহা উল্লেখ করা যেতে পারে যে, উপরিউক্ত তিনটি গ্রাম পঞ্চায়েত এলাকায় মোট ৮৬টি হস্তচালিত নলকূপ আছে এবং এই সমস্ত নলকূপ থেকেও এলাকার বাসিন্দারা নিরাপদ পানীয় জল সংগ্রহ করেন।

শ্রী দেবেশ মন্ডল : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন। আমার হিঙ্গলগঞ্জ বিধানসভা কেন্দ্রের ক্ষেত্রে পানীয় জল সরবরাহের ক্ষেত্রে মাননীয় মন্ত্রী যেহেতু ভিশন ২০:২০ বলেছেন, ২০২০ সাল। আমারা চাইছি পানীয় জলের সংকটমোচনে আর একটু দ্রুত ব্যবস্থা নেবেন বা ভিশন ২০:২০ -র আগে যদি সম্ভব হয় সেটার আবেদন রাখছি।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। আমরা টোটাল করে সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করতে চলেছি। আমরা ভিজিট করেছি তিনটি জায়গায়। কালিতলা ওয়াটার সাপ্লাই স্কীম, শিয়াগুলি পাইপ ওয়াটার স্কীম আর হিঙ্গলগঞ্জ পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম - এই তিনটি গ্রহণ করেছি। আমরা একটা প্ল্যানিং করেছি যাতে ইছামতির জল তুলে টাকি, বসিরহাটের পার্ট এবং হিঙ্গলগঞ্জ সব মিলিয়ে আমরা একটা বড় সাপ্লাই স্কীম নিতে পারি। কিন্তু এখানের জলে প্রায় ৪০ ভাগ নোনা জল আছে। আধুনিক সিস্টেম হয়েছে। ইজরায়েল এবং কয়েকটি দেশ আমাদের সাথে যোগাযোগ করেছে। তাদের যে নিউ টেকনোলজি - ঐ জল থেকে নোনা জল বাদ করে মিঠে জল বার করে দিতে পারে। আমারা কথাবার্তা চালাচ্ছি, যদি হয় তাহলে পশ্চিমবাংলায়

প্রথম এই পরিকল্পনামাফিক আমাদের প্ল্যান ওয়াটার ওখানে হবে এবং এই এলাকার সমস্যার সমাধান হবে। এখানে সমস্যা - ইনটেক মানে সারা বছর জল আছে।

....(গোলমাল)...

(এই সময়ে বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্যগণ এবং বাম পরিষদীয় দলের মাননীয় সদস্যগণ স্পীকার পোডিয়ামের সামনে গিয়ে স্লোগান দিতে থাকেন।)

যেহেতু পেরেনিয়াল নেচারের, ওখানে কোন নদীও নেই, যার ফলে আমরা একটু চিন্তিত। আমরা একটু পিছিয়ে আছি। কিন্তু সমস্যার সমাধান আমরা করব।

শ্রী দেবেশ মন্ডল : ধন্যবাদ স্যার, আমার পরবর্তী প্রশ্ন - দূরবর্তী অঞ্চলে এবং ছোট গ্রামগুলিতে জলের সংকট আছে। ওখানে পানীয় জলের উৎসের সন্ধানে বেশ কিছু টিউবওয়েল করার পরিকল্পনা নিলে সাময়িকভাবে কিছুটা সমস্যার সমাধান হয়। তাই আপনার কাছে আমার আবেদন সেই রকম কোন পরিকল্পনা যদি গ্রহণ করা হয় তাহলে ওখানকার মানুষরা উপকৃত হবে।

.....(গোলমাল).....

শ্রী সুব্রত মুখার্জী : আপনার ইনফরমেশানের জন্য জানাই যে মূল পরিকল্পনা রূপায়িত হতে একটু সময় লাগতে পারে। এই সময়ের মধ্যে আমরা অনেকগুলি জায়গায় সাবমার্সিবিল পাম্প এবং হ্যান্ড টিউবওয়েলের ব্যবস্থা করেছি।

শ্রী ফজল করিম মিঞা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি জিজ্ঞাসা করতে চাই ঐতিহ্যবাহী জায়গা কোচবিহারের বিষয়ে। আমার কেন্দ্র হচ্ছে তুফানগঞ্জ। তুফানগঞ্জ অবহেলিত অবস্থায় আছে। ওখানে জলের সমস্যা আছে। তাই আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব তুফানগঞ্জকে বিশেষভাবে নজর দেওয়ার জন্য। এই বিষয়েই আমার দাবি রইল।

শ্রী সুব্রত মুখার্জী : এই বিষয়টি নিয়ে আপনি লিখিতভাবে নিয়ে আমার সাথে দেখা করলে আমি চেষ্টা করব।

.....(গোলমাল).....

'ভিশন ২০ : ২০ পরিকল্পনায় পানীয় জল সরবরাহ

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬) **শ্রী কল্লোল খাঁ** ঃ জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের লক্ষ্যে জনস্বাস্থ্য কারিগরী বিভাগ 'ভিশন ২০ : ২০' নামক পরিকল্পনা গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে,

(১) উক্ত পরিকল্পনা অনুযায়ী কাজের অগ্রগতি কীরূপ; ও

(২) বর্তমানে রাজ্যের মোট কত শতাংশ মানুষকে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করা হচ্ছে?

শ্রী সুব্রত মুখার্জী : (ক) ইহা সত্যি যে, পশ্চিমবঙ্গে গ্রামীণ অঞ্চলে নিরাপদ এবং পর্যাপ্ত পরিমাণ পানীয় জল সারা বছর সরবরাহের লক্ষ্যে সরকার একটি মহা পরিকল্পনা, মেগা প্ল্যান, যা ভিশন-২০ : ২০ নামে পরিচিত, তা ২০১১ সালের জুলাই মাসে গ্রহণ করেছে।

(১) উপরোক্ত ভিশন-২০ : ২০ পরিকল্পনা অনুযায়ী জনস্বাস্থ্য কারিগরী দপ্তর রাজ্য সরকারের সীমিত আর্থিক সামর্থ্য সত্ত্বেও নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্প রূপায়ণ করে চলেছে। ৩১শে জানুয়ারি ২০১৭ অবধি রাজ্যে গত ৬ বছরে মোট ৮৭৭টি নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্প রূপায়িত হয়েছে, যার দ্বারা গ্রামীণ বাংলার ১ কোটি ১০ লক্ষের অধিক মানুষকে নলবাহিত পানীয় জল সরবরাহের আওতায় আনা সম্ভব হয়েছে।

(২) বর্তমানে রাজ্যের ৫১.২৫ শতাংশ গ্রামীণ মানুষকে নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে যা ২০১১ সালে গৃহীত এই মহাপরিকল্পনার সময় ছিল ৩৩.৯৪ শতাংশ। এছাড়াও রাজ্যের প্রতিটি গ্রামে একাধিক সংখ্যক হস্তচালিত নলকূপ স্থাপন করা হয়েছে, যার ফলে যে সমস্ত অঞ্চল/অঞ্চলকে এখনও নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্পের আওতাভুক্ত করা সম্ভব হয়নি, সেখানকার মানুষ নলকূপ থেকে বিশুদ্ধ পানীয় জল সংগ্রহ করছেন।

* প্রশ্ন নম্বর ৯১

শ্রী নর্মদা চন্দ্র রায় : (নট কন্ড)।

* প্রশ্ন নম্বর ৯৩

শ্রীমতী প্রতিমা রজক : (নট কন্ড)

আর্সেনিক মুক্ত পানীয় জল সরবরাহ

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৭) **শ্রীমতী মহুয়া মৈত্র** ঃ জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

করিমপুর বিধানসভা কেন্দ্র এলাকায় আর্সেনিক মুক্ত পানীয় জল সরবরাহের জন্য কী ধরনের ব্যবস্থা সরকার গ্রহণ করেছে/করছে?

[12:00 – 12.04 p.m.]

শ্রী সুব্রত মুখার্জী : করিমপুর বিধানসভা এলাকায় আর্সেনিক মুক্ত পানীয় জল সরবরাহ করতে জনস্বাস্থ্য কারিগরী দপ্তর ইতিমধ্যেই সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করেছে। এই বিধানসভা অঞ্চলে মোট ১৮টি (আঠারোটি) নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্প ইতিমধ্যেই রূপায়িত হয়েছে। যেগুলি থেকে ৩,৩৬, ৯১৮ (তিন লক্ষ ছত্রিশ হাজার নয়শত আঠারো) জন মানুষ (জনগণনা ২০১১ অনুযায়ী) আর্সেনিকমুক্ত বিশুদ্ধ পানীয় জল গ্রহণ করছেন। তার ফলে, করিমপুর বিধানসভা অঞ্চলে বসবাসকারী মোট জনসংখ্যার ৮৪.১ শতাংশ মানুষকে নলবাহিত পানীয় জল সরবরাহের আওতায় আনা সম্ভব হয়েছে।

এছাড়াও, ইহা উল্লেখ করা যেতে পারে যে, এই বিধানসভা অঞ্চলে ২,৭৩৪ (দুই হাজার সাতশত চৌত্রিশ)টি হস্তচালিত নলকূপ সরকারের পক্ষ থেকে স্থাপন করা হয়েছে, যেগুলি থেকেও এই বিধানসভা কেন্দ্রে বসবাসকারী মানুষ আর্সেনিকমুক্ত পানীয় জল গ্রহণ করছেন।

Starred Questions

(to which answers were laid on the 'Table')

জেলা পরিষদের অধীনে পাকা রাস্তার মেরামত

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৩) **শ্রী রফিকুল ইসলাম** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

জেলা পরিষদের অধীনে বেহাল পাকা রাস্তাগুলি মেরামতের বিষয়ে সরকারের তরফ থেকে বিশেষ কোন উদ্যোগ গ্রহণ করেছে কি না ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

জেলা পরিষদের অধীনে যে সমস্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার পাকা রাস্তা রয়েছে সেইগুলি রক্ষণাবেক্ষণের বিষয়ে রাজ্য সরকারের পক্ষ থেকে সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। PMGSY রাস্তা তৈরি শেষ হওয়া থেকে পাঁচ বছর পর্যন্ত ঐ রাস্তার সাধারণ রক্ষণাবেক্ষণের দায়িত্ব সংশ্লিষ্ট ঠিকাদারের এবং তার জন্য বিশেষ অর্থ বরাদ্দ থাকে। সাধারণভাবে পাঁচ বছরের অধিক পুরানো রাস্তাগুলির মেরামতি বিশেষভাবে দরকার। PMGSY-এর পাঁচ বছরের বেশি পুরানো রাস্তার রক্ষণাবেক্ষণের জন্য রাজ্য সরকার-এর তরফে State Maintenance Policy অনুসারে অর্থ বরাদ্দ করা হয়। বেহাল রাস্তার সারাইয়ের Plan এবং Estimate করে জেলা থেকে পঞ্চায়েত দপ্তরে টাকা চাওয়া হয় এবং দপ্তর সবকিছু খতিয়ে দেখে এর জন্য অর্থ বরাদ্দ করে যার পুরোটাই রাজ্য সরকারের বাজেট থেকে বরাদ্দ করা হয়। এই পর্যন্ত পাঁচ বছরের বেশী পুরানো ১৩০৯ (এক হাজার তিনশত নয়) টি রাস্তার জন্য যার মোট দৈর্ঘ্য ৮০৪৬.৭৬৩ কিলোমিটার (আট হাজার ছেচল্লিশ কিলোমিটার সাত শত তেষট্টি মিটার) বরাদ্দ করা হয়েছে ৬৬০৬৩.৫৪৬ লক্ষ টাকা (ছয়শত ষাট কোটি তেষট্টি লক্ষ চুয়ান্ন হাজার ছয়শত টাকা)।

ধান সংগ্রহের পরিমাণ

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৪) **শ্রী অসিত মিত্র** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৬ সালের ১লা নভেম্বর থেকে ২০১৭ সালের ১৫ই জানুয়ারি পর্যন্ত রাজ্যে ধান সংগ্রহের পরিমাণ কত?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

২০১৬ সালের ১লা নভেম্বর থেকে ২০১৭ সালের ১৫ই জানুয়ারি পর্যন্ত রাজ্যের ধান সংগ্রহের পরিমাণ ৫৭.৮১৩ মেট্রিক টন।

সমবায়ের মাধ্যমে ধান কেনার জন্য অর্থ প্রদান

*৮৫(অনুমোদিত প্রশ্ন নং *২৫) **শ্রী বিশ্বনাথ চৌধুরী** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সমবায়গুলির মাধ্যমে ধান কেনার জন্য সরকার প্রয়োজনীয় অর্থ প্রদান করছে কি না?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

হ্যাঁ। WBECSC, CONFED ও BENFED এই CMR এজেন্সিগুলির বিভিন্ন সমবায়ের মাধ্যমে পান কেনার জন্য যে পরিমাণ অর্থের প্রয়োজন, তার প্রয়োজনীয় অর্থ খাদ্য ও সরবরাহ দপ্তর দিচ্ছে।

খাদ্য সুরক্ষা প্রকল্প

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩) **শ্রী মানস মুখার্জী** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে রাজ্য খাদ্য সুরক্ষা প্রকল্পে মোট আবেদনকারীর সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, কতজনকে রাজ্য খাদ্য সুরক্ষা প্রকল্পের আওতায় আনা হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

২,১৮,৯৬,১৫৭

১,৯৪,৬৭,১৪১

রাজ্য খাদ্য সুরক্ষা প্রকল্পের (RKSY) আওতায় আনা হয়েছে সংখ্যাটি নিম্নে প্রদত্ত হইল :

RKSY-I - ৭৪৯০৩১৯

RKSY-II - ১১৯৭৬৮২২

Total - ১৯৪৬৭১৪১

বীরভূম জেলায় রেশন কার্ডধারী মানুষের সংখ্যা

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮) **শ্রীমতী শ্যামলী প্রধান** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে বীরভূম জেলায় রেশন কার্ডধারী মানুষের সংখ্যা কত; এবং

(খ) ঐ জেলায় রেশন কার্ড না পাওয়া মানুষের সংখ্যা কত (ব্লকভিত্তিক তথ্যসহ)?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

৩২৪২৫২৬

রাজ্য সরকার দ্বারা অনুমোদিত প্রক্রিয়া অনুসারে যাঁরাই আবেদন করেছেন তাঁদের মধ্যে খাদ্য সুরক্ষা প্রকল্পের আওতায় আসার জন্য যোগ্য পরিবারগুলির সদস্যদের ডিজিটাল কার্ড দেওয়া হয়েছে। ব্লকভিত্তিক সংখ্যা নীচে দেওয়া হল।

বোলপুর (পৌর)	৪২৮৫৩
বোলপুর শ্রীনিকেতন	২০৮২৮৪
দুবরাজপুর	১৭১০৫৬
দুবরাজপুর (পৌর)	৩০৭৮৬
ইলামবাজার	১৬৪১০৮
খয়রাসোল	১৩৫৭৪৯
লাভপুর	১৮০৩১৪
ময়ূরেশ্বর-I	১৫০৩৬৫
ময়ূরেশ্বর-II	১২৫২০৪
মহম্মদ বাজার	১২৫৭২৯
মুরারই - I	১৮২০১৬
মুরারই - II	২১৯৪৩৭
নলহাটি (পৌর)	৩৬০১৭
নলহাটি - I	২০৩৫৪৯
নলহাটি - II	১২৮৩৬৭
নানুর	২১২৯০০
রাজনগর	৭০৭৮২
রামপুরহাট (পৌর)	৩৮৪২৬
রামপুরহাট - I	১৬৩১৪১
রামপুরহাট - II	১৯০৩১৮
সাঁইথিয়া	১৮৭৪২৮
সাঁইথিয়া (পৌর)	৩৭৩৯৮
সিউরি (পৌর)	৪৬৪০৪
সিউরি - I	১০৯৪০৭
সিউরি - II	৮২৪৮৮
মোট	৩২৪২৫২৬

একশো দিনের কাজে আধার নম্বর সংযুক্তকরণ

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩) **শ্রী নর্মদা চন্দ্র রায়** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) এটা কি সত্যি যে, কেন্দ্রীয় গ্রামোন্নয়ন ও পঞ্চায়েত মন্ত্রক-এর বিজ্ঞপ্তি অনুযায়ী আধার কার্ড না থাকলে ১লা এপ্রিল, ২০১৭-র পর থেকে আর একশো দিনের কাজ করা যাবে না; এবং

(খ) সত্যি হলে, রাজ্যের সব জব কার্ডধারীদের ৩১শে মার্চ, ২০১৭-র মধ্যে আধার নম্বর সংযুক্ত করতে রাজ্য সরকার কী ভূমিকা গ্রহণ করেছে/করছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) কেন্দ্রীয় সরকারের একটি বিজ্ঞপ্তি অনুযায়ী ১লা এপ্রিল, ২০১৭ সাল থেকে আধার তালিকাভুক্তির জন্য দরখাস্ত জমা দেননি এমন কোন জবকার্ডধারী ব্যক্তিকে ১০০ দিনের কাজে যুক্ত করা যাবে না। ঐ সময় থেকে কাজের জন্য দরখাস্ত করতে হলে হয় আধার কার্ড অথবা আধার কার্ডের জন্য যে দরখাস্ত করেছেন তার প্রমাণপত্র দিতে হবে।

(খ) এজন্য জেলাভিত্তিক বিশেষ আধার নথিভুক্তিকরণের ক্যাম্প করে সব জবকার্ডধারী (যাদের এখনও আধার কার্ড হয়নি)-কে আধার কার্ড দেওয়ার জন্য বিশেষ উদ্যোগ নিতে বলা হয়েছে।

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অধীনে ব্রিজ নির্মাণ

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *২১২) **শ্রী সেখ শাহনেওয়াজ** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

(ক) ২০১১ সালের ১লা জানুয়ারি থেকে ২০১৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অধীনে কত সংখ্যক ব্রিজ নির্মাণ করা হয়েছে; এবং

(খ) ঐরূপ ব্রিজ নির্মাণ বাবদ উক্ত বিভাগের কত টাকা খরচ হয়েছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) (১) পি.এম.জি.এস.ওয়াই.: ২০১১ সালের ১লা জানুয়ারি থেকে ২০১৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অধীনে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় ৩টি ব্রিজ নির্মাণ করা হয়েছে যার দৈর্ঘ্য যথাক্রমে ১৫০ ফুট, ৯০ফুট এবং ৯০ ফুট।

(২) আর.আই.ডি.এফ.: ২০১১ সালের ১লা জানুয়ারি থেকে ২০১৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যে ৬টি জেলায় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অধীনে মোট ১১টি (এগারো) ব্রিজ নির্মাণ করা হয়েছে। (পুরুলিয়া-১টি, বাঁকুড়া-২টি, হুগলি ২টি, উত্তর দিনাজপুর-২টি, দক্ষিণ দিনাজপুর-২টি এবং বীরভূম-২টি)

(খ) (১) পি.এম.জি.এস.ওয়াই.: এই রূপ ব্রিজ নির্মাণ বাবদ মোট ৩,৪৫,৪১,০৮০/- টাকা (তিন কোটি পঁয়তাল্লিশ লক্ষ একচল্লিশ হাজার আশি) খরচ হয়েছে।

(২) আর.আই.ডি.এফ.: উক্ত ব্রিজগুলির নির্মাণ কার্যে বরাদ্দ কৃত মোট অর্থের পরিমাণ ৭৬,২৮,৬৫,০০০/- টাকা (ছিয়াত্তর কোটি আঠাশ লক্ষ পঁয়ষট্টি হাজার) এবং খরচ হওয়া মোট অর্থের পরিমাণ ৩৪,৬৬,০০,০০০/- টাকা (চৌত্রিশ কোটি ছেষট্টি লক্ষ)। এর মধ্যে ১টি (এক) ব্রিজের কাজ শেষ হয়েছে এবং ১০টি (দশ) ব্রিজের কাজ চালু অবস্থায় রয়েছে।

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় রাস্তার অনুমোদন

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০) **শ্রীমতী প্রতিমা রজক** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) ২০১৬-১৭ আর্থিক বর্ষে মুর্শিদাবাদ জেলার বড়ঞা ও ভরত-১নং ব্লকে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অধীনে কয়টি রাস্তা (নামসহ) অনুমোদিত হয়েছে; এবং

(খ) উক্ত রাস্তাগুলির নির্মাণের কাজ কবে নাগাদ শুরু করা হবে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ২০১৬-২০১৭ অর্থবর্ষে মুর্শিদাবাদ জেলার বড়ঞা ব্লকের অধীনে ১টি রাস্তা অনুমোদিত হয়েছে। রাস্তাটির নাম চিতপুর থেকে খোঁ গ্রাম। রাস্তাটির দৈর্ঘ্য ১৫.০০ (পনেরো) কিলোমিটার।

(খ) উক্ত রাস্তাটি নির্মাণের কাজ ২০১৭ সালের মার্চ মাস নাগাদ শুরু করা হবে।

অন্ডাল এবং রানিগঞ্জ ব্লকে ডিজিটাল রেশন কার্ড প্রদান

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫) **শ্রী রুনু দত্ত** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

বর্ধমান জেলার অন্ডাল এবং রানিগঞ্জ ব্লকে কতজনকে ডিজিটাল রেশন কার্ড প্রদান করা হয়েছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

অন্ডাল - ১০৮৯৪০

রানিগঞ্জ - ১০৯২৮৪

পি.এম.জি.এস.ওয়াই. প্রকল্পে পূর্বস্থলী ব্লকে রাস্তা নির্মাণ

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬) **শ্রী প্রদীপ কুমার সাহা** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৬-২০১৭ অর্থবর্ষে পি.এম.জি.এস.ওয়াই. প্রকল্পে পূর্বস্থলী ১নং ও ২নং ব্লকে কত কিলোমিটার রাস্তা ও কোন্ কোন্ রাস্তা তৈরি হবে; এবং

(খ) পূর্বস্থলী ২নং ব্লকে উক্ত প্রকল্পে তৈরি হওয়া রাস্তাগুলি কবে নাগাদ সংস্কার হবে বলে আশা করা যায় ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ২০১৬-২০১৭ অর্থবর্ষে পি.এম.জি.এস.ওয়াই প্রকল্পে পূর্বস্থলী ১ নং ব্লকে ১টি রাস্তা অনুমোদিত হয়েছে। যার দৈর্ঘ্য ৭.২৫০ কিলোমিটার (সাত কিলোমিটার দুই শত পঞ্চাশ মিটার) এবং রাস্তাটির নাম নাদনঘাট থেকে খয়াসগ্রাম (বাঘাডাঙ্গা ব্রিজ পর্যন্ত)। পূর্বস্থলী ২ নং ব্লকে কোন রাস্তা অনুমোদিত হয়নি।

(খ) পূর্বস্থলী ২নং ব্লকে পি.এম.জি.এস.ওয়াই প্রকল্পে তৈরি হওয়া রাস্তাগুলির সংস্কারের কাজ বর্ষাকালের আগে শেষ হয়ে যাবে বলে আশা করা যায়।

গ্রামীণ সড়ক তৈরির জন্য অর্থ বরাদ্দ

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩) **শ্রী সেক ইব্রাহিম আলি** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ আর্থিক বছরে গ্রামীণ সড়ক তৈরির জন্য কেন্দ্রীয় সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক রাজ্য সরকারকে কত অর্থ বরাদ্দ করেছে; এবং

(খ) উক্ত বরাদ্দকৃত অর্থের মধ্যে রাজ্য সরকারের প্রাপ্তির পরিমাণ কত?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) ২০১৪-১৫ আর্থিক বর্ষে কেন্দ্রীয় সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক ১১৮৪,০৭,০০,০০০ (এক হাজার এক শত চুরাশি কোটি সাত লক্ষ টাকা) বরাদ্দ করেছে। ২০১৫-১৬ সালে এই বরাদ্দের পরিমাণ ১৪৭৭,৩০,০০,০০০/- টাকা (এক হাজার চার শত সাতাত্তর কোটি তিরিশ লক্ষ টাকা)।

(খ) ২০১৪-১৫ আর্থিক বর্ষে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মোট ১১৮৪,০৭,০০,০০০/- টাকা (এক হাজার এক শত চুরাশি কোটি সাত লক্ষ টাকা) পাওয়া গেছে। ২০১৫-১৬ আর্থিক বর্ষে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১৪২৭,৫৮,০০,০০০/- টাকা (এক হাজার চার শত সাতাশ কোটি আটান্ন লক্ষ টাকা) পাওয়া গেছে।

শিলিগুড়ি পৌর এলাকায় পানীয় জল সরবরাহ

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৩) **শ্রী অশোক ভট্টাচার্য্য** ঃ জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শিলিগুড়ি পৌর এলাকায় পানীয় জল সরবরাহ ব্যবস্থাকে উন্নত করার কোন সার্বিক পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, এই প্রকল্পটির মোট প্রকল্পমূল্য কত ধরা হয়েছে; এবং

(গ) এশিয়ান ডেভলপমেন্ট ব্যাঙ্কের ঋণের প্রকল্পগুলির মধ্যে এই প্রকল্পটি অন্তর্ভুক্ত হয়েছে কি না ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) শিলিগুড়ি পৌর এলাকায় পানীয় জল সরবরাহ ব্যবস্থাকে উন্নত করার লক্ষ্যে একটি বিস্তারিত প্রকল্প তথ্য (D.P.R.) তৈরি করা হয়েছে। প্রকল্পের জন্য অর্থের সংস্থান না হওয়ার কারণে এখনও পর্যন্ত প্রকল্পটি দপ্তর দ্বারা অনুমোদিত করা যায়নি।

(খ) এই প্রকল্পটির মোট অনুমিত ব্যয় ৩৪৭.২৮ কোটি (তিনশত সাতচল্লিশ কোটি আঠাশ লক্ষ) টাকা।

(গ) না, এই প্রকল্পটি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের ঋণের প্রকল্পগুলির মধ্যে অন্তর্ভুক্ত নয়।

MENTION

শ্রী শেখ শাহনাওয়াজ : .....(গোলমাল)..... মাননীয় স্পীকার। স্যার, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় গঙ্গার তীরবর্তী গ্রামগুলি গঙ্গার ভাঙ্গনে নষ্ট হচ্ছে। দীর্ঘ ৩৫ বছর ধরে এই যারা চিৎকার করছে স্যার,দিশাহীন, ধান্দাবাজ যারা চিৎকার করছে ওরা বলতে দেবে না। ..... (গোলমাল)..... কিছুই বলতে পারছি না স্যার। ওই এলাকায় গ্রামগুলি ভাঙ্গনে নষ্ট হয়েছে। ৩৫ বছর ধরে ওরা কিছুই করেনি। তাই মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে ওই গ্রামগুলিতে যাতে প্যাচিং ওয়ার্ক করা হয়। গ্রামের রাস্তাগুলি যাতে সত্বর মেরামত করা হয় সেটাই আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে জানাই যে মেমারীর বি.ডি.ও. অফিস সংলগ্ন এলাকায় পৃথকভাবে এস.ডি.ও অফিস করার মতন যথেষ্ট জায়গা আছে। তাছাড়া এখানে এস.ডি.ও. অফিস আরম্ভ করার জন্য একটি পৃথক বিল্ডিং খালি পড়ে আছে। তাই এস.ডি.ও. অফিস, মেমারী পি.ডাব্লু.ডি. অফিস সংলগ্ন ঘিঞ্জি এলাকায় করার পরিবর্তে বি.ডি.ও অফিস সংলগ্ন এলাকায় করলে মাননীয়া মুখ্যমন্ত্রীর এক ছাতার তলায় অফিস কাছারি করার নীতি কার্যকর হবে এবং মানুষের দুর্ভোগ হয়রানি কমবে। এমনকি প্রোজেক্ট ডেভলপমেন্ট খরচ তুলনামূলকভাবে কম হবে। বিষয়টি সহানুভূতির সঙ্গে বিবেচনার জন্য আমি আর্জি জানাচ্ছি।

(At this stage the House was in Recess till 1 p.m).

[1:00 – 1.10 p.m.]

LEGISLATION

The West Bengal Finance Bill, 2017

Dr. Amit.Mitra : Sir, I beg to introduce the West Bengal Finance Bill, 2017.

(Secretary then read the title of the Bill)

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2017 be taken into consideration.

শ্রী সেখ আমজাদ হোসেন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তব্যে বিভিন্ন কর প্রস্তাবগুলো রেখেছেন। এই কর প্রস্তাব যেগুলো রেখেছেন, সেই সম্বন্ধে এই বিলে নিয়ে এসেছেন। যেহেতু মূল বাজেট আগেই পেশ হয়ে গিয়েছে কাজেই এই বিলের বিরোধিতার কোন বিষয় নেই। যেহেতু এটা ফিনান্স বিল, মানি বিল নয় তাই এর যেমন প্রোডাকটিভ দিক আছে তেমনি এর ডেস্ট্রাকটিভ দিকও আছে। তাই আমার কিছু প্রশ্ন আছে আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে। সব আপনার ভাল লাগবে না এইরকম নয়, কিছু আবার আপনার

ভালও লাগবে। স্যার যেটা উনি বাজেটেও বলেছেন এবং এখানেও নিয়ে এসেছেন যে - ডিমানিটাইজেশান থেকে মানুষকে রিলিফ দিতে চাইছেন। তার স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজনস্-এ ওনার যা মূল বিষয় - সেই রিলিফ দিতে গিয়ে উনি বলতে গিয়ে বারবার বলেন যে ম্যাসাচুটেস-এর ইকনমিক্স - তিনি যা নিয়ে থাকেন, যার উপর ভিত্তি করে এই কথাগুলো বলেন - এই ডিমানিটাইজেশান আমরা সাদা চোখে যা দেখার দেখছি - কিন্তু বিশ্ব ব্যাংক, ফিকি - এসব চালানোর অভিজ্ঞতা আছে যাদের, তারা স্যার এই বিষয়টা ভালই বোঝেন যে ভারতবর্ষে জনগণের টাকা ব্যাংকে আছে, সেই জনগণের টাকা ব্যাংক থেকে যারা লোন বলে নিল, তারা প্রায় সাড়ে দশ লক্ষ - ১১ লক্ষ কোটি টাকা–যেটা জনগণের টাকা, সেটা তারা ছেড়ে দিয়ে পালিয়ে গেল। সেখানে সরকার যদি এই টাকা উদ্ধার না করতে পারে - যেখানে ব্যাংকের কাছে টাকা নেই, তাই জনগণের টাকা নিয়ে পালাল একদফা, আবার জনগণের টাকা এনে ব্যাংকে পুরে দাও - এইভাবে ব্যাংকগুলো যাতে বেলআউট করা হয়, যাতে আবার লেম্যান ব্রাদার্সের ঘটনা ভারতবর্ষে না ঘটে এটাই স্যার আমরা বলে আসছি - এটাই হচ্ছে ম্যাসাচুটেস-এর ইকনমিক্স - এটাই বলেন যে এটা ধান্দার গণতন্ত্র,ক্রনিক ক্যাপিটালিজম, ইন্টারন্যাশানাল ফিনান্স ক্যাপিটালের এটাই তাদের তথ্য। যাইহোক অর্থমন্ত্রী বিষয়টা ভালই বুঝছেন। সেই ডিমানিটাইজেশান থেকে রিলিফ দিতে গিয়ে উনি যা করেছেন তাতে স্যার এই এক নম্বরে উনি বলছেন যে স্ট্যাম্প ডিউটি কম করবেন। সেটা কম করলে ট্রানজ্যাকশানে সুবিধা হবে ঠিকই। বিশেষকরে ৫- ৭% কম করবেন,তাতে মানুষের সুবিধা হবে। স্যার দু নম্বরে উনি বলেছেন ট্যাক্সেশান ট্রাইবুনাল কি করে ? ট্যাক্সেশান ট্রাইবুনালের কাজ কি ? সমস্ত ট্যাক্সের ক্ষেত্রে ট্যাক্সিং অথরিটি, এ্যাফিলিয়েটেড অথরিটি - যারজন্য স্যার এটা হাইকোর্টেও গিয়েছিল।

হাইকোর্টে যাতে না যায় তার জন্য ট্রাইবুনালে নতুন এন্ট্রি ট্যাক্স, যেটা সিরিয়াল নাম্বার ১২ তে রয়েছে, সেটা ট্রাইবুনালে ছিল না। এখন যেতে পারবে তারা। সুতরাং ট্যাক্স পেয়াররা এই সুবিধাটা পাবেন। সিডুলে আপনি এন্ট্রি ট্যাক্স-এর নামটা ঢুকিয়েছেন, ভাল হল। সেটেলমেন্ট যেটা ৭ দিন ছিল, সেটা ১৫ দিন হল। এটা ৭ দিন, ১৫ দিন নতুন কিছু নয়। আর এন্ট্রি ট্যাক্সটা, যেটা নিয়ে হাইকোর্টে কেসও হয়েছিল। হাইকোর্টের অর্ডারের পর সেটা সুপ্রিম কোর্টেও যায়। সুপ্রিম কোর্ট তাতে কিছু ডেফিসিয়েন্সি লক্ষ্য করে। সেই অপ্রতুলতা লক্ষ্য করে তাকে ফুলফিল করার জন্য আপনি এই অ্যামেন্ডমেন্ট এনেছেন। এটা সুপ্রিম কোর্টের ভারডিক্ট, এখানে যাব না। এই ট্যাক্স যে জনগণ দেবে, জনগণের থেকেই তো নেবেন এই ট্যাক্স। সেই ট্যাক্স নিয়েই ফিনান্স বিল নিয়ে এসে যে বাজেট এনেছেন, তাতে রাজস্ব আদায়ের ক্ষেত্রে উনি দাবি করছেন ২০১৫-১৬ আর্থিক বছরে ২০১০-১২ সালের তুলনায় রাজস্ব আদায় বৃদ্ধি পেয়েছে দিগুণের সামান্য বেশি। এটা উনি বলেছেন স্যার। ২০১৭ সালের বাজেট রাখতে গিয়ে ২০১০-১১ সালের সঙ্গে কম্পেয়ার করতে হল। কিন্তু যদি ২০১০-১১ টানতে যান তাহলে এইটা কেন আপনি বললেন না যে বামফ্রন্ট সরকারের শেষ পাঁচ বছরে রাজস্ব বৃদ্ধি পেয়েছে ১০,৮৮৮ কোটি টাকা থেকে ২১,২২৩ কোটি টাকা, যা দ্বিগুণেরও বেশি। এটাও বলেননি। আপনি আবার আপনার এসওয়ারে বলেছেন, তার পাঁচ নম্বরেই ভ্যালু অ্যাডেড ট্যাক্স। এই ভ্যালু অ্যাডেড ট্যাক্সও বামফ্রন্ট আমলে সব রাজ্যগুলোতে যে মূল্যযুক্ত কর, ভ্যাট, সেটা চালু হয়েছিল। আর এটা চালু করার ক্ষেত্রে সমস্ত রাজ্যের অর্থমন্ত্রীদের নিয়ে যে কমিটি হয়েছিল তার নেতৃত্ব দিয়েছিলেন তৎকালীন বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী এবং প্রত্যেক রাজ্যেই এই কর রাজস্ব বৃদ্ধি ঘটেছিল। তাছাড়া আপনি যে তথ্যপ্রযুক্তি ব্যবহারের কথা বলেন রাজস্ব আদায়ের ক্ষেত্রে, সেটা সেই সময় ইন্ট্রোডিউস হয়েছিল। তা আপনি এটা রাখলেন না এখানে। স্যার, আপনি এই বাজেট বলতে গিয়ে এক দিকে যেমন ডিমানিটাইজেশনকে হাতিয়ার করেছেন, আর এক দিকে হাতিয়ার করেছেন ঋণ ঋণ,

দেনা দেনা বামফ্রন্ট সরকারের আমলে। স্যার, ভারতবর্ষ স্বাধীন হয়েছিল ১৯৪৭ সালে। ১৯৪৭ সালে স্বাধীন হওয়ার পর পশ্চিমবাংলায় প্রথম নির্বাচন অনুষ্ঠিত হল ১৯৫২ সালে। ১৯৫২ থেকে নির্বাচন চলল, গণনার শেষে ১৯৫৩ সালে রেজাল্ট এল এবং প্রথম গভর্নমেন্ট তৈরি হল। ১৯৫৩ সালে গভর্নমেন্ট ফর্ম করল। এক বছর ধরে নিবার্চন চলেছে। ১৯৫৩ থেকে ২০১১ এই ৫৯ বছরে ধার হল, আপনি বলেছিলেন এই হাউসকে ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা। এই ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা ধার হল ৫৯ বছরে। আর আপনি সাড়ে পাঁচ বছরে কী করলেন সেটা তো বলছেন না? আর আপনার লোনটা কোথায়? আপনার ম্যাকসিমাম লোনটা মার্কেট লোনে। যেটা ডেনজারাস ব্যাপার স্যার। এই বাজেটে আপনি বলছেন যে ২০০৬-০৭ সালে যে ঋণ নিয়েছিল, ১০ বছর পরে এখন তা পরিশোধ করতে হচ্ছে। এ তো আপনি আমার চাইতে ভালো জানেন। অর্থনীতির লোক আপনি। তৎকালীন যে স্বল্পসঞ্চয় প্রকল্প, আপনারা বলেন চিটফান্ড নিয়ে। কখন জন্ম, কখন মৃত্যু এইসব তুলনা টানেন। বামফ্রন্ট সরকারের আমলে স্বল্পসঞ্চয়ে পশ্চিমবাংলা রেকর্ড করেছিল স্যার। সেই স্বল্পসঞ্চয় প্রকল্পে যে নিয়ম কেন্দ্রীয় সরকার স্থির করেছিল তা হল কোনো একটি বছর রাজ্যের সাধারণ মানুষ স্বল্পসঞ্চয় প্রকল্পে যে অর্থ জমাবেন তার ৮০ শতাংশ অর্থ বাধ্যতামূলকভাবেই রাজ্য সরকারের উপর চাপিয়ে দেওয়া হবে খুব চড়া সুদের হারে। যেহেতু স্বল্পসঞ্চয়ের ক্ষেত্রে এ রাজ্যের স্থান হয়েছিল প্রথম তাই কেন্দ্রের নিয়মে এই খাতে চাপানো ঋণটা অনেক বড় বোঝা পশ্চিমবঙ্গ সরকারের উপরে। তখন সারদা, নারদা চিটফান্ড তার জন্য বাড়তে পারেনি। লোকে পোস্টঅফিস দৌড়েছিল স্বল্পসঞ্চয়ের জন্য। আর তার দায় একটা জনগণের সরকার হিসেবে ভারতবর্ষের সংবিধানের বাধ্যবাধকতা, ভারতবর্ষ একটা জনকল্যাণকর রাষ্ট্র, তার বাধ্যবাধকতার দায় তৎকালীন বামফ্রন্ট সরকারকে নিতে হয়েছিল স্যার। এই প্রেক্ষিতটা আপনি যদি না বলেন তাহলে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে বক্তব্য রাখার মানে হল যে এই সরকার আর তার ভুবনবিখ্যাত অর্থমন্ত্রী ফিকি চালানো লোক, তিনি তাহলে এই প্রেক্ষিতটা জানেন না।

[1:10 – 1.20 p.m.]

তা নাহলে বলতে হয় জানলেও আপনি হাউস নয়, গোটা বাংলার মানুষকে মিসলীড করেছেন। স্যার, এই বাজেটের একেবারে শেষের পাতায় হঠাৎ আপনি বললেন ২০১৬-১৭ অর্থবর্ষে এই রাজ্যে ১৩.২৭ লক্ষ কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এখানে উল্লেখ করা প্রয়োজন, ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের যে শ্রমমন্ত্রক তার তথ্য অনুযায়ী সমগ্র দেশের সাম্প্রতিক সময়ে প্রতি বছরে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে দেড় লক্ষের কম অর্থাৎ ১.৫ লক্ষেরও কম। তাহলে আমাদের পশ্চিমবাংলায় যা অর্থমন্ত্রী দাবী করেছেন তাঁর বাজেট বিবৃতিতে যে, এক বছরে ১৩.৭ লক্ষ মানুষের কর্মসংস্থান সৃষ্টি করেছেন। সে কী ভাবে, সেটা আপনি বললেন না এখানে। এই বিষয়ে অত্যন্ত প্রাসঙ্গিক যেটা আপনি যদি জানান এই হাউসকে যে, রাজ্যের কোন কোন ক্ষেত্রে মানে কৃষি বলুন, শিল্প বলুন, পরিষেবা বলুন, কোন কোন ক্ষেত্রে কত কর্মসংস্থান এর মধ্যে সৃষ্টি হয়েছে। এটাই আপনি দিতে পারেননি, এর জেলাওয়াড়ি তথ্য কি দেবেন। স্যার, জনগণের ট্যাক্সের টাকা তুলে উনি এটা করবেন। স্যার, জনগণের টাকা ট্যাক্সের মাধ্যমে তুলবে সরকার, সরকার চলবে। সিঙ্গুরে কি করলেন ? সিঙ্গুরে ডিনামাইট ফাটিয়ে একটা তৈরি হওয়া কারখানা তাকে বিসর্জন করলেন আপনারা। সুপ্রিম কোর্টের ভার্ডিক্ট যাই থাক, হুগলি জেলার সন্তান আমি স্যার, হুগলী জেলায় দাঁড়িয়ে তৎকালীন বিরোধী নেত্রী আজকের পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন ৬০০ একরে কারখানা করবো, আর ৪০০ একর অনিচ্ছুকদের ফেরৎ দেব। তাহলে কোথায় গেল আপনার সেই দেওয়া কথা। কেন কথা রক্ষা করতে পারলেন না। কেন ৪০০ একর ফেরৎ দিয়ে ৬০০ একরে কারখানা করে গোটা জেলার, গোটা রাজ্যের বেকার যুবকদের দিশা দেখাতে পারলো না কেন আপনার গভর্নমেন্ট ? আর যেটাকে ডিনামাইট ফাটিয়ে যার বিসর্জন

দিলেন, সেই ন্যানো প্রোজেক্ট টাটার প্রোজেক্ট তারা সানন্দে গিয়ে কি করেছেন দেখুন স্যার, তারা গুজরাটে গিয়ে তাদের ক্যাপাসিটি হচ্ছে এক বছরে আড়াই লক্ষ গাড়ি তৈরি করতে পারে। স্কেল আপটু ফাইভ ল্যাকস ইন এ ইয়ার। টোয়েন্টি বিলিয়ন ইন্ডিয়ান রুপিজ সেখানে তারা খরচ করেছে। এই ন্যানো কারখানাতে জানুয়ারি ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৫ মধ্যে ৪২,৫৬১ টা গাড়ি সেখানে তৈরি হয়েছে। ১০০ গাড়ী ওই কারখানা থেকে প্রত্যেকদিন বেরোচ্ছে স্যার। ডায়রেক্ট, ইনডায়রেক্ট মিলিয়ে যেটা সব চাইতে বড় ডিমান্ড এই মুহূর্তে গোটা দুনিয়া যে ক্রাইসিসে ভুগছে, গোটা ভারতবর্ষ যে ক্রাইসিসে ভুগছে, গোটা বাংলা যে ক্রাইসিসে ভুগছে কর্মসংস্থা, সেই কর্মসংস্থান ওখানে হয়েছে ২০ হাজার ডায়রেক্ট আর ইনডায়রেক্ট মিলিয়ে। তার কফিনে পেরেক পুঁতলেন আপনারা। স্যার, কর্মসংস্থান বৃদ্ধি অবশ্যই নির্ভর করে রাজ্যের মোট উৎপাদন বৃদ্ধি এবং বিশেষ করে শিল্পের ক্ষেত্রে বাস্তবায়িত বিনিয়োগ। ওই মাঝে মাঝে আপনি কি সব করে দেন না বিশ্ব বঙ্গ সম্মেলন এসব লোক ডেকে প্রত্যেক বছর বলেন এ বছর আড়াই লক্ষ কোটি টাকার প্রস্তাব, এ বছর দু লক্ষ তিরিশ হাজার কোটি টাকার প্রস্তাব। প্রস্তাবনা নয়, বাস্তবায়িত বিনিয়োগের উপরে নির্ভর করে কর্মসংস্থানটা স্যার। এখানে লক্ষ্যণীয় যে আপনার সরকারের নেতৃত্বে রাজ্য সরকারের প্রথম দু বছরে আর্থিক সমীক্ষার তথ্য অনুযায়ী বামফ্রন্ট সরকারের শেষ বছরে - আপনার সরকার বলেছে এটা আমি বলছি না, আপনার সরকার বলেছে বামফ্রন্ট সরকারের শেষ বছরে ২০১০ সালে যেখানে সংগঠিত শিল্পের ক্ষেত্রে ৩২২টি নতুন শিল্পসংহায় ১৫ হাজার ৫২ কোটি টাকা বিনিয়োগ বাস্তবায়িত হয়ে উৎপাদন শুরু হয়েছিল। বাস্তবায়িত হয়ে উৎপাদন শুরু হয়েছিল এক বছরে। সেখানে আপনার সরকার আসার পরে ২০১২ সালে নতুন চালু হওয়া শিল্প সংস্থার সংখ্যা কমতে কমতে দাঁড়ালো ১২টিতে। আপনি বলেছেন, আপনি বলেছেন আপনার আর্থিক সমীক্ষাতে।

আর বাস্তবায়িত বিনিয়োগের পরিমাণও কমে ৩১২ কোটি টাকায় দাঁড়িয়েছে। কিন্তু ঠিক যে আর্থিক সমীক্ষাটা আপনি ২০১২তে বের করলেন তার পরের বছরগুলো থেকে এ বছর পর্যন্ত রাজ্যের আর্থিক সমীক্ষায় এই সারণিটাই ***

আপনি উধাউ করে দিলেন। শিখতে হবে, আপনাকে স্যালুট করতে হবে। আপ ফিককো ফেক কর আয়ে ছুঁয়ে হে। বাঙ্গালকো ফেক রায়ে হেঁ আপ। এবার ঐ সরণিটাকেই আউট করে দিলেন। আর রাখলেন না আপনি। দারুণ মজা। তার বদলে একটা নতুন সারণি উনি এখানে নিয়ে এসেছেন। নির্মায়মান শিল্প আর নির্মিত শিল্পকে একত্রিত করে দেখিয়ে দিয়েছেন। স্যার, একসঙ্গে। যা প্রস্তাবনা আর যা বাস্তবায়ন সেটাকে এক করে দেখিয়ে দিলেন। কিন্তু কত পরিমান বিনিয়োগ কত নির্মিত শিল্প সংস্থাতে বাস্তবায়িত হয়েছে সেটা জানাচ্ছেন না আপনি। কেন? কেন, আপনার এই সিক্রেসি কেন? কি জন্যে এই সিক্রেসি আপনার। আর এই করতে গিয়ে, গতবার শোভনবাবু বলেছিলেন ফিনান্স বিলের উপরে। শোভনবাবু একটা কথা বলেছিলেন যে, এই ইকনমি কথাটা শুধু ইকনমিতে আটকে থাকে না। কথাটা সোসিয় ইকনমিতে দাঁড়িয়ে যায়। আর্থ সামাজিকে দাঁড়িয়ে যায়। এই অর্থনীতির উপর ভিত করে তার সমাজ ব্যবস্থা তৈরি হয়। সেইটাকে তৈরি করতে গিয়ে এমন অর্থনীতি আনছেন যে, সমাজটাকে এমন গাড়ায় ফেলেছেন যে বাইরে কে বাস ভাঙবে, কন্টি ভাঙবে তার বিল আনছেন। আর ভিতরে মারতে মারতে গতবার গৌরাঙ্গ চ্যাটার্জীর মাথার খুলি ফাটালেন, এবারে মান্নানসাহেবের পাঁজরা ভেঙে দিলেন। তাতেও হল না। প্রতিমা রজক আর, জাহানারার বস্ত্র হরণ করতে নেমে পড়লেন।

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মিঃ স্পীকার : এই পোর্শানটা যাবে না। এই পোর্শানটা যাবে না।

.....(গোলমাল).....

শ্রী আমজাদ হোসেন : এই সুযোগে ওড়িশার অর্থমন্ত্রী বলছেন, টানো টানো কত কাপড় টানবে টানো আমি আমেদাবাদের যত কাপড় ছিল সব বাংলার নারীদের গায়ে জুড়ে দিলাম। এই হয়েছে আপনাদের হাল। তাই স্যার, এই কয়েকটি কথা বলে এবং আশা করি এই প্রশ্নে উত্তর দেবেন এই বলে আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

প্রফেসর জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, The West Bengal Finance Bill 2017, সমর্থন করতে গিয়ে কয়েকটা কথা বলি। আপনাকে আমার অনুরোধ স্যার, নিরক্ষর ব্যক্তি যদি দাম্ভিক হয় এবং তার অজ্ঞানতা যদি সে দম্ভের সঙ্গে প্রকাশ করতে চায় তবে তীব্র বিষ ক্রিয়া হয় তার নির্দিষ্ট নমুনা হচ্ছে এটা স্যার। Governor's Speech কি তার উপর ধন্যবাদ প্রস্তাব কি? বাজেট স্পীচ কি তার উপর discussion কি? ফিনান্স বিল কি তার উপর ডিসকাসান কি? মুড়ি মুড়কি সব এক। এই পার্থক্য যারা বোঝে না, দয়া করে ছাত্রছাত্রী অ্যালাউ করবার সময় আপনি সতর্ক থাকবেন স্যার। এই বিধানসভা সম্পর্কে অবমূল্যায়ন হবে। এই বিধানসভায় যে বিধায়ক ফিনান্স বিল আলোচনা করতে গিয়ে ফিনান্সটাকে বাদ দিয়ে গোটাটা socio economic condition এর উপর বলে গেলেন। ফিনান্স বিল এটা। আমি হাতজোড় করছি, দয়া করে আপনি গুরু পাল্টান। আপনি আপনার শিক্ষক পাল্টান। আপনাকে জীবনে মহামূর্খ নয় একেবারে কাঠমূর্খ করে রেখে দেবে আপনার শিক্ষক। স্যার, আমি নির্দিষ্ট আলোচনায় আসি। আমি ধন্যবাদ জানাচ্ছি বিত্তমন্ত্রীকে। এই প্রথম তিনি পশ্চিম বাংলার বিধানসভা এবং বাজেট বিবৃতিতে একটা অনুচ্ছেদ দিয়েছেন যার নাম 'করনীতি'। যা আমরা ইতিপূর্বে দেখতে পাইনি। করনীতি ট্যাক্স স্বচ্ছভাবে, স্পষ্টভাবে তিনি শুধু এই মহতি বিধানসভায় নয় সারা পশ্চিম বাংলার কাছে, দেশের কাছে তুলে ধরার চেষ্টা করেছেন। স্যার, এই বিলটা আনতে হল কেন? বিলটা আনতে হল এই জন্যেই minor correction এর উদ্দেশ্য। এক্সিজিসটিং বিলে যে টেকনিক্যাল ডিফিকালটি ছিল তাকে উনি দূর করার চেষ্টা করেছেন।

দুই, হাইকোর্ট এবং সুপ্রিম কোর্ট ইতিমধ্যে যে রায় দিয়েছে তাকে মান্যতা দিয়ে তিনি বর্তমান tax act-এ befitting amendment এনেছেন। যেটাকে bad law বলেছিল or bad in law বলেছিল সুপ্রিম কোর্ট তাকে মান্যতা দিয়ে তিনি in accordance with the judgement of the Supreme Court, তাকে সংশোধন করতে necessary amendment এনেছেন। তিন নম্বর স্যার, entry tax যে law, তাতে মাইনর এ্যাডজাস্টমেন্ট করেছেন। Minor adjustment স্যার। চার, স্ট্যাম্প ডিউটি যেটা ছিল সেটা ছিল জটিল মতে। তাকে তিনি scientifically restructuring করেছেন। এই ফিনান্স বিলে স্ট্যাম্প ডিউটিটাকে restructuring করা হয়েছে। এই বিলকে সর্বতোভাবে সমর্থন করে আমার বক্তব্যের ইতি টানছি। ধন্যবাদ স্যার।

[1:20 – 1.30 p.m.]

এবং পঞ্চমতঃ স্যার, এই বিল এনে manufacturing sector অর্থাৎ ক্ষুদ্র অতি ক্ষুদ্র manufacturer যারা তৈরি করেন, তাদের কেউ ঠোঙা তৈরি করেন, কেউ নানারকম বাক্স তৈরি করেন, তাদের এই manufacturing শিল্পটাকে encourage করার জন্য তাদের কিছু relief দিয়েছেন। ষষ্ঠতঃ স্যার, Taxation Tribunal Act, 1987-এ যে পরিধি তাতে অনেক কিছু অন্তর্ভুক্ত ছিল না। এই Annexure দিয়ে সেগুলিকে এরমধ্যে অন্তর্ভুক্ত করেছেন এবং মাননীয় বিত্তমন্ত্রীকে ধন্যবাদ এর আগের অর্থমন্ত্রী একটা typed copy দিতেন, তাতে জড়িয়ে মড়িয়ে যে কি থাকত বাপের শ্রাদ্ধ ছিল আমার বোঝার। এরা কি বুঝতো কিনা জানি না। মুর্খদের তো বোঝার দরকার হয় না। কিন্তু আপনি এটাকে প্রথম print করে দিয়েছেন,

যাতে জ্বল জ্বল করছে বুঝতে পারা যাচ্ছে যে কি আপনি বলতে চেয়েছেন। তার জন্য ধন্যবাদ। সপ্তমতঃ স্যার, শুধু সুপ্রিম কোর্টের আইন অনুযায়ী উনি আইন করেননি Action taken-এর retrospective effect দিয়েছেন এবং যেটা টাকাটা ফেরৎ দেওয়ার দেবেন এবং action-গুলোকে তিনি revalidate করে দিয়েছেন। Validation Act যেটা আইনের well-established, well-taken conventional system সেটাও উনি করেছেন। অষ্টমতঃ স্যার, এই বিলটা এনে তিনি কতগুলোতে tax মকুব করে দিয়েছেন। এবং নবমতঃ,, কারণ নয়-ছয় ভাগ্যে হয়, আমি ৯ দিয়েই শেষ করবো স্যার, এই Finance Bill টা এনে তিনি waste bag থেকে ময়লা যেগুলো কে আমরা ফেলে দিই, যেগুলো পরিবেশ দূষণ করে, যেগুলো সমাজের পক্ষে জঞ্জাল-সেগুলোকে নিয়ে যারা manufacturing শিল্প করবে তাকে total free করে দিয়েছেন tax থেকে। এই ৯টা উদ্দেশ্য নিয়ে এই Taxation Bill-টা তিনি এনেছেন। উনি যেটা বললেন স্যার, উনি Stamp Duty-টা ছাড় দেননি। ব্যাপারটা হচ্ছে-All agreements should be registered. এটাই হচ্ছে নিয়ম agreement আমি কথায় বললাম মৌখিক করলাম তার মূল্য সেই তাই। মানুষকে cheat হতে হত ওদের রাজত্বে। বিত্তমন্ত্রী বললেন- The document should be registered. যে Agreement should be registered এবং এই registration-এর সময় সব টাকা দেওয়ার ভয়ে লোকে Agreement Dead registration করতো না। অথবা টাকার অঙ্ক চেপে, black money তৈরি হত। উনি বললেন, না বাবা, তোমাদের সব টাকা দিতে হবে না। তুমি শুধু initial starting - ধরো তুমি একটা ফ্ল্যাট কিনবে, তুমি একটা agreement করছো with the promoter বা developer। তুমি যে agreement-টা করছো সেটার ২% tax দেবে। তোমাকে total tax দিতে হবে না এবং তুমিই ২% agreement দিয়ে অনির্দিষ্টকাল চালিয়ে গেলে হবে না। উনি ফাঁকিটা ধরতে পেরেছেন। তুমি যদি চার বছরের মধ্যে ওটাকে register করো তাহলে balancing amount দিয়ে তুমি registration করে নিতে পারবে। এতে লাভ কি হল স্যার, এতে লাভ হল এই - চার বছরে জায়গার দাম বাড়বে। চার বছরে ভ্যাটের দাম বাড়বে। চার বছরে revenue stamp-এর দাম বাড়বে – উনি বললেন, না, তোমাকে বাবা excess দিতে হবে না। কিন্তু অর্থমন্ত্রী আবার রাজ্যের revenue-টাকে guard করে দিলেন। এই যেমন প্লেনের বা ট্রেনের system কি, ৩০% ticket প্রথম book করে দিল। তেমনি উনি টাকাটা book করে নিলেন। ওনার State Government-এর revenue ও বাড়লো আবার যে agreement করলো সেও উপকৃত হল। টাকাটা বাড়লে তাকে দিতে হবে না। That is the contribution : innovative, constructive, এবং সঙ্গে সঙ্গে স্যার প্রগতিশীল। এই চারটি attitude নিয়ে মাননীয় বিত্তমন্ত্রী Finance Bill-টা এনেছেন। দ্বিতীয় স্যার to reduce the rate of stamp duty in the proprietary account. Proprietor account means Sir, ধরুন স্যার, যত সমস্ত auction হয়, stamp টাকা তারা যারা টেন্ডার গ্রহণ করে, তারা এজেন্টের মাধ্যমে নিতে পারে অথবা এজেন্ট নিজেও নিতে পারি। উনি বললেন, এজেন্ট যদি নিজে নেয়, proprietor হয় তাহলে তারজন্য একটা concession rate-এ stamp duty লাগবে। আর সে যদি ব্যবসা করে তাহলে তুমিও ব্যবসা করছো আমাকেও ব্যাবসার profit দাও। তুমি যদি নিজে book করো তাহলে তোমার ক্ষেত্রে এক আর তুমি যদি নিজে না করে out of the interest পেতে চাও profit পেতে চাও তাহলে তুমিও profit নেবে আমিও profit নেব। This is the amendment Sir.

থার্ড যেটা বলছেন, ওয়েস্ট বেঙ্গল ট্রাইবুনাল এ্যাক্ট যেটা ছিল,এই এ্যাক্টে এখানে দেওয়া আছে, এইগুলো ছিল না, যেটা আমাদের সেক্রেটারী সাহেব পড়ে গেলেন। এই এ্যানেক্সচার সিডিউলটা দেখুন স্যার। এই এ্যানেক্সচার সিডিউল যেখানে Extract of the West Bengal Tribunal

Act,1987, এই এতগুলো স্যার ছিল না এ্যানেক্সচার পেজে সেগুলোকে উনি ঢুকিয়ে দিয়ে গেলেন,এইগুলো ট্রাইবুনালে অন্তর্ভুক্ত হল। এইগুলো ট্রাইবুনালের অন্তর্ভুক্ত হলে কি ট্রাইবুনাল হচ্ছে স্যার, হাইকোর্টের সিঙ্গেল বেঞ্চের যে পাওয়ার, ট্রাইবুনালেরও সেই পাওয়ার। এটা তিনি কালকে যে বিবৃতি দিয়েছিলেন যে পাহাড় প্রমাণ জমে আছে হাইকোর্টে, আমি সেইগুলোকে আনতেও পারছি না, ট্রাইবুনালের মধ্যে এগুলো ঢুকিয়ে দিয়ে গেলে যাতে ইজি ডিসপোজাল হয় রেভিনিউ কালেকশান হয়, এবং যাতে ডিসপিউট তাড়াতাড়ি মেটে এইজন্য ট্রাইবুনালের মধ্যে এগুলোকে এনে দিয়ে গেলেন। এটা স্যার, এ্যানেক্সচারে সুন্দর করে প্রিন্ট কপি দেওয়া আছে। চতুর্থতঃ যে জন্য স্যার, ওয়েস্ট বেঙ্গল এই সুপ্রিম কোর্টে এন্ট্রি ট্যাক্সের ব্যাপারে। এন্ট্রি ট্যাক্সের ব্যাপারে যেটা ছিল, একজিসটিং ল টাকে সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বলেছিল, দিস ইজ ব্যাড ইন ল। তো, সুপ্রিম কোর্ট, হাইকোর্ট যখন অর্ডার দিয়েছে উনি বললেন According to that আমি কারেকশান করে নিলাম। কারেকশান করে দিলাম, এই যে আগে যেমন শেয়ার বিক্রি করলে ব্রোকাররা একটা ফেসিলিটি পেত, ডাইরেক্ট হলে ইনডাইরেক্ট পেতেন, সুপ্রিম কোর্ট অনুযায়ী, তিনি বললেন, এটা স্যার, রেট্রসপেক্টিভ এফেক্ট দিয়েছেন। ভদ্রলোক তো,ভদ্রলোকের মতন কাজ করেছেন। তুমি আমাকে পয়সা দিয়ে দিয়েছ বলে আমি মেরে দিলাম,ঐ ধান্দার মধ্যে আমাদের বিত্তমন্ত্রী নেই। এ্যাকর্ডিং টু ফাইন সেন্টিমেন্ট, according to the decision of the court আমি দুই বছর আগে থেকে এই যে এফেক্ট দিলাম, আমি এফেক্ট যেদিন থেকে দিলাম,২০১৬ থেকে তোমার যে এক্সেস এ্যামাউন্ট আমি ফেরৎ দেব। আর বাকি যে এ্যাকশান টেকেন তোমায় রিভ্যালিডেট করে দিয়ে গেলাম, যাতে তুমিও না ঠকো,গভর্নমেন্ট না ঠকে। দিস ইজ দি এ্যামেন্ডমেন্ট স্যার। নাম্বার সিক্স স্যার, দি ওয়েস্ট বেঙ্গল ভ্যালু অ্যাডেড ট্যাক্স, 2003 is sought to be amended. তবে আমি বিত্তমন্ত্রীকে অনুরোধ করবো, এই যে ভ্যালু এ্যাডেড ট্যাক্স আপনি করলেন, আপনি তো কালকে জি এস টির কথা বলছিলেন, If the GST is introduced, then what will be the necessary amendments that has to be done. Is there any threat to this amendment or the necessary amendment will suffice the purpose? স্যার, যদি একটু বলে যান। স্যার, এটা হচ্ছে To give relief from payment of tax by a dealer having a turnover of more than 10 lakhs and upto 20 lakhs। এইখানে আপনি একটু রিলিফ দেওয়ার চেষ্টা করেছেন। স্যার, আগে এটা কি ছিল। স্যার, কনফার্মেশান এটা হচ্ছে কনফিউশান ছিল স্কিম, এটা হচ্ছে কম্পোজিট স্কিম স্যার। ছোট ছোট যারা ব্যাবসাদার, যারা ৫ লক্ষ, ১০ লক্ষ টাকার, তারা যদি ডিটেল দফাওয়ারি ইনকাম ট্যাক্স দেয়, সেই ভয়ে তারা দিত না। সেই ভয়ে তারা দিত না। আমাদের বিত্তমন্ত্রী বললেন, বাবা তোমাদের ভয় নেই। তোমাদের দফাওয়ারি দিতে হবে না। তোমরা একটা কম্পোজিট স্কিমে এসো, এবং কম্পোজিট স্কিমে দাও এবং এই খানেই তিনি পরে আবার ম্যানুফ্যাকচারারদের জন্য বললেন যে তোমার যদি ২০ লক্ষ টাকা অবধি ম্যানুফ্যাকচারিং হয় তাহলে তুমি, তোমার ট্যাক্স, যাকে বলে লাম্প-সাম, যাকে বলে এ্যাডহক, সেই মতে দিলে চলবে। ফাইনালি স্যার, উনি একটা ফাইন এ্যামেন্ডমেন্ট এনেছেন এবং যেখানে analogy ছিল, এ্যানামলি ছিল এবার,এ্যানামলি ছিল রিগার্ডিং ফাইন। অর্থাৎ ফাইনটা কি, যারা স্যার ইমপোর্ট করে জিনিস, সেই ইমপোর্টের সময় কি হয়, না ইমপোর্টের সময় যে ইনকাম ট্যাক্স,যে ইনকাম ট্যাক্স এর যে এর আগেরটা আছে স্যার, যে ইনকাম ট্যাক্স যে অডিট, ইনকাম ট্যাক্স এর অডিট, আর ভ্যাটের অডিট আলাদা ছিল। বিত্তমন্ত্রী কি করেছেন,একবার ইনকাম ট্যাক্স এর অডিটে তার ব্যালান্সশীটে দেখা যাচ্ছে এক রকম ইনকাম এক্সপেন্ডিচার, আবার ভ্যাটেও সেই রকম অডিট রিপোর্টে দেখছে চ্যাটার্ড এ্যাকাউন্টেট আর এক রকম স্যার তার ফিগার। উনি বললেন, আরে বাবা তোমার ইনকাম

ট্যাক্স এর অডিট রিপোর্ট এক, আর ভ্যাটের অডিট রিপোর্ট আর এক রকম কেন বাবা,তোমার এই দ্বিচারিতায় যাবার দরকার নেই, তুমি ইনকাম ট্যাক্সে যে অডিট রিপোর্টটা দাও,ভ্যাটেও সেই অডিট রিপোর্টটা সাপ্লাই করো।

[1:30 – 1:40 p.m.]

তোমাকে আমি লাঘব করে দিলাম। তোমাকে আমি হ্যারাসমেন্ট থেকে বাঁচিয়ে দিলাম। আমরা যখন আমদানি করি তখন একটা ওয়ে বিল নিতে হয়। ওয়ে বিল নিতে গেলে অনেকে কি করে - ওয়ে বিলটা নিল না, মালটা নিয়ে চলে গেল। চুরি বিদ্যা বড় বিদ্যা, যদি না পড় ধরা। এখন যদি ধরা পড়ে যায়, আগে আইনটা ছিল বিলো ফোর পারসেন্ট তার ওপরে ১৫ পারসেন্ট। উনি ভ্যাট আইন গতবারে চেঞ্জ করেছেন। ৫ পারসেন্ট হয়ে গেছে বিলো, ফাইন হচ্ছে ২৫ পারসেন্ট। ট্যাক্স পেয়েবেল টুয়েলভ পারসেন্ট সেটাও হয়ে গেছে ২৫ পারসেন্ট। তারফলে কি হল। যে ফোর পারসেন্ট ফাঁকি দিল তারও ২৫, যে টুয়েলভ পারসেন্ট ফাঁকি দিল তারও ২৫। এটা ইনজাস্টিস, এটা হতে পারে না। তাই তিনি বললেন, ফাইভ পারসেন্ট অ্যান্ড অ্যাবাভ, একটা দাও বা তুমি ১৫ পারসেন্ট দাও, আর যারা টুয়েলভ পারসেন্ট তারা ২৫ পারসেন্ট ফাইন দাও। দ্যাট ইজ দ্য অ্যামেন্ডমেন্ট। ফাইনালি তিনি যেটা ৬ নম্বরে বলেছেন to recover mandatory provision to give relief to the dealers reducing the amount of penalty এটা তিনি সাইন্টিফিক করেছেন। ৪ হলেও ২৫, ৫ হলেও ২৫, ১২ হলেও ২৫। যারা ১২ পারসেন্ট দেবে তাদের টার্ন ওভার বেশি। তারাও যা দেবে আর ৪ পারসেন্ট তাই দেবে, এই discrepancy টা তিনি দূর করে দিয়েছেন। Finally to completely exempt from payment of tax on biodiesel excluding ethanol etc. কতগুলি তিনি একদম ট্যাক্স ফ্রি করে দিয়েছেন। Concession তিনি করেছেন, to lower the rate of tax from 14.5% to 5% on sales of machinery for generation of electricity from waste. বিদ্যুৎমন্ত্রী এখানে আছেন। স্যার, বিদ্যুৎ মন্ত্রী আপনাদের তা বাঁচিয়ে দিয়ে গেলেন, from 14.5% to 5% - একেবারে এত কনসেসান ? কেন ? wastage থেকে তারা বিদ্যুৎ জেনারেট করবে। তাদের জন্য তিনি এই কনসেসানটা দিলেন যাতে encourage করার জন্য। Very very encouraging proposal. আমি সমস্ত দিক দিয়ে এই বিলটাকে বিশ্লেষণ করে দেখেছি, সংস্কার একে বলে। সংস্কার মানে নোটবন্দি নয়, সংস্কার মানে বাক্সবন্দি নয়, সংস্কার মানে খাইয়ে দিয়ে ধীরে ধীরে যেটা মানুষ হজম করতে পারবে, সেই অর্থেই করা। স্যার, আপনাকে যদি এক ড্রাম ভিটামিন খাইয়ে দিই আপনি মোটা হয়ে যাবেন না, আমিও মোটা হয়ে যাব না, বরং আমি মারা যাব। সুতরাং আমাদের বিত্তমন্ত্রী ট্যাক্স নীতিকে নিয়ে এই অ্যামেন্ডমেন্টের মাধ্যমে অর্থনীতিকে স্ট্রেংদেন করতে গিয়ে যাতে কাস্টমাররা, কনজিউমাররা, গ্রাহকরা যাতে ভীত হয়ে না যায়-কালকে উনি বারবার বলছিলেন-উনি চেষ্টা করেছেন ইন্সপেক্টাররাজকে খতম করতে। উনি চেষ্টা করেছেন 'আপনা হাত জগন্নাথ' তৈরি করতে। তোমার ট্যাক্সের জন্য তুমি উকিলকে পয়সা দেবে কেন, তোমার ট্যাক্সের জন্য এক্সপ্লয়েট করবে শিক্ষিত যারা, অর্থনীতি জানা কিছু মানুষ। কেন ? তোমার যা আছে সেল ভাউচার, তোমার যা পারচেজ ভাউচার তোমার যা, সেইমত তুমি স্মল ট্রেডার, তুমি ট্যাক্স দাও। এটা ইনক্লুসান। অর্থনীতিতে আন্তর্জাতিক ক্ষেত্রে আজকে সবচেয়ে বড় ইনক্লুসান। আমাদের ভারতবর্ষে মাত্র ১৩০ কোটি মানুষ ২পারসেন্ট সামথিং অ্যাবাভ আজকে ট্যাক্সের মধ্যে ইনক্লুডেড। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের বিত্তমন্ত্রী, আমাদের রাজ্যের যাতে অধিক সংখ্যক মানুষকে আজকে ট্যাক্সের মধ্যে স্বতস্ফূর্তভাবে, টর্চার নয়, রেড নয়, এ্যারেস্ট নয়, আইন নয়, স্বতস্ফূর্তভাবে যাতে ইনক্লুড করা যায়, এইজন্য এই দ্য ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল, ২০১৭

এনেছেন। ফিনান্স বিল মানে আমরা কি বুঝতাম। ফিনান্স বিল মানে আরো কিছু এল, চাপলো কর। ফিনান্স বিল মানে আরো কর বৃদ্ধি। এটা ডঃ অমিত মিত্রের ফিনান্স বিল স্যার। এটাই সাপোর্টিভ, এটা রিলিফ দিচ্ছে। সুতরাং এই ফিনান্স বিলকে আমি সর্বাত্মকভাবে সাপোর্ট করে মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রী যিনি হেডে আছেন, তাঁদের আমি সর্বাত্মকভাবে ধন্যবাদ জানিয়ে আমার নিবেদন শেষ করছি। ধন্যবাদ স্যার, নমস্কার।

শ্রী প্রদীপ কুমার সাহা : স্যার, The West Bengal Finance Bill, 2017 যেটা মাননীয় মন্ত্রীমহাশয় হাউসে পেশ করেছেন তাতে তিনি কিছু সংশোধনীর কথা বলছেন এবং আগামী দিনের ট্যাকস পরিকল্পনা এবং সেই পরিকল্পনা পাশ করার জন্য তিনি কিছু বার্তা আমাদের কাছে রেখেছেন। এই ফিনান্স বিলে তিনি কিছু অ্যামেন্ডমেন্ড করতে চেয়েছেন। এটা করতে গিয়ে তিনি এই হাউসে যে বাজেট পেশ করেছেন তাতে তিনি দেখিয়েছেন দিনের পর দিন আমাদের রাজ্যে কীভাবে রেভিনিউ কালেকশান বাড়ছে। তিনি দেখিয়েছেন ২০১৫-১৬ সালে আমাদের স্টেট একসাইজ কালেকশান ছিল ৪০১৫.১২ কোটি টাকা, সেটা ২০১৭-১৮ সালে বেড়ে দাঁড়িয়েছে ৫৭৮১.৩৮ কোটি টাকা। এইভাবে তিনি সেলস ট্যাকসের ক্ষেত্রেও দেখিয়েছেন ২৬,০৫০ কোটি টাকা, সেটা ২০১৭-১৮ সালে বেড়ে দাঁড়িয়েছে ৩৪,৬৭৯ কোটি টাকা। আমরা যদি একটু দেখি, তাহলে দেখব আমাদের রাজ্যে বিভিন্ন রকম কর আদায় বেড়েছে। ২০১৫-১৬ সাল থেকে ২০১৭-১৮ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছে সাড়ে তেরো হাজার কোটি টাকার মতো। স্বাভাবিকভাবে রাজ্য সরকারের নিজস্ব করের জায়গাটা দারুণভাবে বাড়ছে। রাজ্য সরকার আরও পরিকল্পনা করছে কর আদায়ের পথটাকে কীভাবে সুন্দরভাবে প্রশস্ত করা যায়। এই প্রশস্ত করতে গিয়ে তিনি যে কাজগুলো করছেন তার মধ্যে একটি হচ্ছে চুঙ্গী কর। একটা রাজ্য থেকে আরেকটা রাজ্যে মাল পরিবহণের ক্ষেত্রে যে কর বসে তার কিছু পরিবর্তন ঘটছে। এই জায়গায় দাঁড়িয়ে থেকে তার কাছে আমি বলতে চাই, ২০১২ সালে এই বিধানসভায় আপনারা একটা আইন পাশ করেছিলেন। সেই আইনটা পাশ করার সময় বিরোধী সদস্যরা আপনাকে বার বার বলেছিল এই যুক্তরাস্ট্রীয় কাঠামোর মধ্যে থেকে এই রকমভাবে একটি কর আমরা বসাতে পারিনা। বিষয়টি নিয়ে হাইকোর্টে যাবার পর বিরোধী সদস্যরা যে কথা বলেছিল সেই কথায় হাইকোর্ট বলেছে এবং সেই আইনটা বাতিল করতে হয়েছে। আপনারা তারপরে বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্টে গেছেন। সুপ্রিম কোর্ট থেকে আপনাদের কাছে কি অর্ডার এসেছে আমি জানিনা, নিশ্চয় ঘুরিয়ে ফিরিয়ে কোন অর্ডার আপনারা পেয়েছেন। আপনারা সেটা এখন আবার চালু করতে চাইছেন। আমার বক্তব্য হল, সংশোধন যা করবেন বা যেটা করতে চাইছেন সেটা আপনারা করবেন, কিন্তু আবার ২০১২ সালের ঘটনার পুনরাবৃত্তি হবে নাতো। এই বিষয়টা একটু চিন্তা করবেন। জ্যোর্তিময়বাবু তো বক্তৃতা করার সময় আমাদের মুর্খ বলে দিল, তাছাড়া অনেক সুন্দর কথা বললেন, আপনারা সব অনেক জানেন। আগের দিন বিত্তমন্ত্রী আমাদের তন্ময় বাবুকে এমন বললেন, তাতে আমার চৈতন্যদেবের একটা কথা আমার মনে পড়ছে। আমরা তো নবদ্বীপের পাশের মানুষ তাই ওখানে রূপ সনাতনের একটা কথা মনে পড়ছে। এক সময় নবদ্বীপে দিগ্বিজয় পণ্ডিত এসেছিলেন।

[1:40 – 1.50 p.m.]

আর যখন এলেন তিনি তখন খুব বলে যাচ্ছেন কোথায় চৈতন্য, কত বড় পণ্ডিত নিমাই দেখি। একথা শুনে ওদের যে ভাইপো, সেই ভাইপোর তো দারুণ রাগ হয়ে গেল। সে বললে আমার সঙ্গে এসো তো তর্ক করতে। সেই সময় দাঁড়িয়ে তাদের সেই চৈতন্যদেবের শিষ্য রূপ সনাতন দুই ভাই বলছেন, 'বৈষ্ণব কাকে বলে তুমি জানো ?' তিনি বললেন, 'তৃণাবোতি

শুনিতেন,তরু রূপে সহিষ্ণুনা' তাই স্বাভাবিকভাবেই বলতে চাই, যে সময় দাঁড়িয়ে বৈষ্ণব কাকে জ্ঞান দিচ্ছেন, তৃণাবোতি শুনিতেন। তাই স্বাভাবিকভাবেই একথা আমি আপনাদের কাছে আজকে বলতে চাই যে, এই ভাবে একজন বিধায়কের বিবৃতিকে এমন ব্যাখ্যা করতে গিয়ে এই সভায় দাঁড়িয়ে, এই রকম হয় বোঝে না, হয়তো না বললেই ভাল হয়। কারণ আমি জ্যোর্তিময়বাবু উনি পণ্ডিত মানুষ, উনি অধ্যাপনা করেছেন, ছাত্রদের পড়িয়েছেন। তাই স্বাভাবিকভাবেই বলতে হচ্ছে একেবারে আমরা গণ্ডমূর্খ, এটা কিন্তু নয়। এবার বক্তব্য রাখতে গিয়ে এই জায়গাটাই স্বাভাবিক-ভাবেই বলছি আপনাদের এত টাকা পয়সা কালেকশান হচ্ছে, আপনারা এক সময় বলতেন দিল্লীতে দাঁড়িয়ে আপনারা গুডস সার্ভিস ট্যাক্সের কথা ওখানে পাশ করাবেন, সব করলেন। এখানে বিধানসভায় পাশ করালেন না। এখন বুঝেছেন এতে মধু আছে, এর থেকে অনেক বেশি টাকা আসবে। তাই আজকে তার পক্ষে কথা বলছেন। আপত্তি নেই এতে আমাদের। আমাদের কথা হচ্ছে এটা, রাজ্য যেভাবে টাকা আয় করছে এবং যেভাবে দান খয়রাতি করছে, যেভাবে মেলা-খেলা করছেন-করুন যখন আপনাদের টাকা আছে। কিন্তু কি অন্যায় করেছে বলুন তো রাজ্য সরকারের কর্মচারীরা। আপনারা বলেছিলেন এই মহতি সভায় ২০১৫ সালে ২৭ শে নভেম্বর সপ্তম বেতন কমিশন আপনারা বসিয়েছিলেন। ২০১৬ সালে ২৬শে নভেম্বরের মধ্যে তার রিপোর্ট পেশ করার কথা ছিল। কিন্তু তারপর আপনারা কি করলেন আরও এক বছর মেয়াদ বৃদ্ধি করলেন। আচ্ছা এক বছর মেয়াদ বৃদ্ধি করলেন, সপ্তম বেতন কমিশন কবে হচ্ছে বা প্রকাশ হবে এখন এটা তাকিয়ে আছে আকাশের দিকে। আপনারা গতকাল কি সুন্দর ভাবে স্টেট ট্রাইবুনাল, সেখানে দারুণ একটা রায়দান পেয়ে গেছেন। তাই স্বাভাবিকভাবেই এই জায়গায় দাঁড়িয়ে আমাদের বিরোধী কণ্ঠস্বর এখানে একটাই কথা বলবার জন্য - এত যখন আয়, এত যখন আয় বাড়ছে দিনের পর দিন - আমি আপনাদের কাছে এই কথা বলতে চাই, দয়া করে এই রাজ্য সরকারী কর্মচারীদের ডি.এ. আবার কিছু ঘোষণা করুন অথবা আপনারা যে বেতন কমিশন করছেন সেটা দ্রুত প্রকাশ করার ব্যাপারে নিশ্চয় গুরুত্ব দেবেন,এই আবেদন এই সভায় রাখছি। পাশাপাশি যে কথাটা বলতে চাইছি,আপনারা খুব সুন্দরভাবে একটা জায়গায় এখানে ফিনান্স বিলে বলেছেন, এই বিলে যেটা হচ্ছে স্ট্যাম্প ডিউটির ব্যাপারে রেজিস্ট্রির কথা বলেছেন, প্রথম বছরে করলে কত ছাড় দেবেন সুন্দর বলেছেন। আসলে এখানে একটা বিষয় লুকিয়ে আছে। কোন বিষয়টা লুকিয়ে আছে ওখানে দিল্লীতে নরেন্দ্র মোদি বলেছেন আর আপনারা পশ্চিমবঙ্গের শরিক হয়েছেন। এখানে প্রমাণ করে দিয়েছেন, আসলে মোদি ভাই, দিদিভাই-এর সেটিং। উনিও আবাসন শিল্পে আছেন, আবাসন শিল্পে আছেন। এই ডিমানিটাইজেশানের অনেক আগে থেকেই আবাসনের একটা খারাপ অবস্থা আসছিল। আসলে আমি যে কথাটা বলতে চাই, আপনারাও বুঝছেন রাজারহাটে যারা তোলাবাজি করে,রাজারহাটে যারা সিন্ডিকেট রাজনীতি করছে, এই আবাসন শিল্পে তাদের বাজারটা খুব খারাপ যাচ্ছে। এই মুহূর্তে তাদের বাড়িঘর কেনার জায়গাটা খুব খারাপ অবস্থা, লোকজন কিনতে চাইছেন না। এটা করে যদি এই শিল্পটাকে চাঙ্গা করতে পারেন। এর সঙ্গে অনেক অনুসারি শিল্প আছে, সঙ্গে সিন্ডিকেট তোলাবাজের মতো, তোলাবাজি তো আরও একটু চাঙ্গা হয়তো করতে পারবেন। যাই হোক ফিনান্স এই বিলে, তারা তে বিষয়গুলো বলেছেন তার ভাল দিক, ভাল কামোনা করি, অন্য কোন কথা না বলে এই সভায় আমার কথা শেষ করছি।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্র মহাশয় ২০১৭-১৮ আর্থিকবর্ষে যে বাজেট পেশ করেছেন এবং বাজেট পেশের পরে এই বাংলার যে সাড়ে ন' কোটি মানুষের- আগামী দিনের মা-মাটি-মানুষের নেত্রী মাননীয়া মমতা ব্যানার্জীর নেতৃত্বে যে অর্থনৈতিক প্রগতি, সেই প্রগতির যাত্রায় কীভাবে সঠিক দিক নির্দেশিত

হবে - তার জন্য আজকের এই ফিনান্স বিলে আপনি সম্পূর্ণরূপে যে বার্তাটা দিয়েছেন, সেটা বিরোধী দলের যাঁরা আছেন, ইতিমধ্যে আমাদের অধ্যাপক জ্যোতির্ময় কর- যদিও তাঁদের যে বক্তব্য, সেই সম্পর্কে সম্ভাব্য জ্ঞান না থাকায় - এটাই বলেছেন যে, অন্ততঃ একটা বিল, সেই সম্পর্কে বলতে গেলে বিলের ডিটেলসটা জেনে তারপর বললে ভাল হয়। সেটাই তিনি বলেছেন। তিনি তার বক্তব্যের মধ্যে যাবতীয় কথা তুলে ধরেছেন। আমি যে বিষয়টা আপনাদের সামনে আমি তুলে ধরতে চাই, আজকে এই অর্থনৈতিক বিলে ভারতবর্ষে সব থেকে বেশি আমাদের যে বিপদ, সেই বিপদ সম্বন্ধে আমরা সবাই নিঃসন্দেহে উপলব্ধি করছি যে, আমাদের সামনে কোন্ কোন্ বিষয় বিপদ থেকে উদ্ধার হতে হবে। ইতিমধ্যে প্রথম বক্তা ডিমানিটাইজেশনের ব্যাপারে বলেছেন, কিন্তু এই বিলের মধ্যে বাস্তব দিকটা তিনি উপলব্ধি করতে পারলেন না যে এর মধ্যে কতটা যথার্থতা আছে। বিপদ কাদের। বিপদ হচ্ছে আমাদের প্রায় ৯০ কোটি মানুষের। আমরা যারা বিভিন্ন জায়গায় এই বাংলার গ্রামে-গঞ্জে বসবাস করি এবং যে সমস্ত ছোট ছোট দোকানদার, যারা বিভিন্ন জায়গায় উৎপাদন করে, বিভিন্ন জায়গায় ছোট ছোট ক্ষুদ্র শিল্প, যেটা নিয়ে আমরা অহঙ্কার করি এই পশ্চিমবাংলার মা-মানুষের সরকার, শিল্প যারা দেখতে পায় না, কিন্তু বিগত পাঁচ বছরে ছোট ছোট শিল্প এই পশ্চিমবাংলায় ব্যাপক আকারে বিভিন্ন জায়গায় হয়েছে। তাদের সামনে যে সমূহ বিপদ, সেই বিপদ থেকে উদ্ধার করার জন্য তিনি প্রয়োজনীয় বিষয়গুলো এই বিলের মধ্যে দিয়ে, পূর্বেকার যে বিষয়টা ছিল, সেখান থেকে অ্যামেন্ডমেন্ট করে নিয়ে এসেছেন। এটাই হচ্ছে বাস্তব। আমরা জানি, আপনাদের বিরোধী দলের প্রথম বক্তা যেটা বলছিলেন, ৩৪ বছরে তাদের আয়, এই পশ্চিমবাংলার বাজেট করতে গিয়ে ২১ হাজার টাকা তাঁরা দাবি করলেন এক্ষুণি। কিন্তু আজকে ২০ হাজার, ১০ হাজার থেকে ৩৪ বছরে এই সময় লেগেছিল। কিন্তু পাঁচ বছরের মধ্যে সেটা ৪২ হাজার হয়, তাহলে আগামীদিনে ক্যাপিটাল এক্সপেন্ডিচার হবে, আমাদের বাজেটে আজকে অর্থমন্ত্রীর দায়িত্বটা কী ? জনগণ আজকে আমাদের সরকার চালানোর জন্য যে ভাবে তাদের অর্থ দেয়, আমাদের অধিকার হচ্ছে আমরা সেগুলো এক্সপেন্ডিচার কীভাবে করব, কীভাবে জনগণের কাছে আমরা সঠিকভাবে এই খরচটা দিয়ে আমাদের এই রাজ্যটাকে এগিয়ে নিয়ে যাব, সেই পরিপ্রেক্ষিত ধরেই আপনাদের সামনে জানাতে চাইছি, ৪২ হাজার কোটি টাকা দিয়ে এই পশ্চিমবাংলার অর্থনৈতিকভাবে আমাদের এই মা-মাটি-সরকারের মাননীয় অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্র এই রাজ্যকে এগিয়ে দেওয়ার জন্য ট্যাক্স এবং আমাদের সরকারের মানুষের জন্য যে জিনিসগুলো তুলে ধরেছেন, তার পরিপ্রেক্ষিতেই আমাদের বিপদ থেকে রক্ষা করার জন্য আমাদের মুখ্যমন্ত্রী ৮ ই নভেম্বর যে বার্তাটা দিয়েছিলেন, সেই বার্তাটির মধ্যেই কিন্তু এই বিষয়টাও তার উল্লেখ ছিল যে ছোট ছোট দোকানদারদের কীভাবে আমাদের বাঁচাতে হবে। আমি প্রথম এটা দিয়েই শুরু করছি, তার কারণ ইতিমধ্যে অন্যান্য বিষয়গুলো আমাদের অধ্যাপক জ্যোতির্ময় কর তুলে ধরেছেন। আমি কেবল এই জায়গাটাই উল্লেখ করছি। To extend the benefit of composition scheme currently being enjoyed by traders having turnover upto Rs.50 lakh to small manufacturing dealers and give them an option to pay tax at a small percentage of the turnover.এটা বুঝতে পারছেন যে, এই ম্যানুফ্যাকচারিং যে জিনিসগুলো, বাংলার বিভিন্ন জায়গায় এই ছোট ছোট দোকানদারের মাধ্যম দিয়ে আমাদের এই রাজ্যে আজকে বহু যুবকের কর্মসংস্থান হয়েছে।

[1:50 – 2.00 p.m.]

যেটা আপনারা বুঝতে পারছেন না, ১৩ লক্ষ টা কি করে বলছেন। আর বাস্তবটা যদি বুঝতে পারতেন, বুঝতে যদি পারতেন তাহলে চৌত্রিশ বছর ধরে - এই বাজেট থেকে অনেক

ভাষণ শুনলাম- মেলা, খেলা কিন্তু জানেন কি এই চৌঁত্রিশ বছরে আপনাদের সব দপ্তরের বিভিন্ন জায়গায় মেলা ছিল, খেলাও ছিল। তখন সেই মেলা, খেলাটা কার পকেটে গিয়েছিল জানে না। কিন্তু এখন দেখতে পাচ্ছেন, তাই মনে হচ্ছে, মেলা, খেলাগুলো আজকে হচ্ছে। বিগত দিনে চৌঁত্রিশ বছরে বাম সরকারের, বলুন না, এখানে পূর্বে যাঁরা আপনাদের মন্ত্রী ছিল, তাদের প্রত্যেকের বাজেটের মধ্যে মেলাও ছিল, খেলাও ছিল। তাহলে ক্রীড়া দপ্তরের দরকার কী? আপনাদের কি দরকার ছিল ক্রীড়াদপ্তরের। দরকার ছিল না যুবদপ্তর। আর কৃষি দপ্তরের মেলা - আপনাদের যারা কৃষিমন্ত্রী ছিলেন, মেলা তাহলে করতেন না, তাতে তাদের ছিল। সেই বাজেটেই ধরা ছিল অথচ আপনারা সেগুলো দেখেননি। খুব মুশকিল ব্যাপার, আপনাদের বাজেটের মধ্যে ধরা ছিল। বাজেটের টাকাগুলো উল্টো পকেটে নিয়ে গেলেন। এই জিনিসগুলো আপনারা বুঝতে পারেননি। যার জন্য আপনাদের রড় অসুবিধা। মানুষ বুঝেছে বলেই আপনাদের ঘাড় ধরে নামিয়ে দিয়েছে। এটাই হচ্ছে বাস্তব। এটাই আপনাদের জানিয়েছি এখানে। বাস্তবটা হচ্ছে এই, আজকে ডিমনিটাইজেশান-এর কথা বললেন। কিন্তু আজকে রাজ্যসভার বিজেপি, আমাদের ভারতবর্ষের প্রধানমন্ত্রী মোদি সাহেব ভারতবর্ষে আসেন রামমন্দির নিয়ে। রাম নাম করতে গিয়ে সীতারামকে বসিয়ে ঐ ডিমানিটাইজেশান নিয়ে রাজ্যসভায় খুব ভালো ভাবে একসঙ্গে বসে তার ফুল সার্টিফিকেট দিয়ে আসলেন। এটাই বড় দুঃখের বিষয়। এটাই বড় দুঃখের জিনিস যে, আমাদের এই জায়গায় দাঁড়িয়ে চৌঁত্রিশটা বছর ধরে পশ্চিমবাংলায় উৎসব আপনারা করেছেন। উৎসব হচ্ছে, প্রতি বছর দশটি করে বন্ধ। ওটা ছিল আপনাদের উৎসব এবং সেই উৎসবে যত টাকা, যত কিছু লোক নিয়ে এসে এই বাংলাকে বন্ধ করিয়েছেন। আজ যুবকদের কাছে আপনাদের স্লোগান ছিল এটাই, হোক কলরব, হোক কলরব, যুবকদের মধ্যে করেছিলেন। আর বাংলায় মা-মাটি-মানুষের সরকার, হোক উন্নয়ন। এটাই হচ্ছে। হোক উন্নয়নের একমাত্র বার্তা পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের এই সরকারের। এই জন্য বলতে এসেছি আপনাদের কাছে আজকের রাম আর সীতারাম ইয়েচুরি একসঙ্গে ভাবছেন, রাম সীতারাম একজায়গায় যাবে। আজকে তাই আপনাদের বলছি, হবে না, পশ্চিমবাংলায় রাম হবে না, সীতারামও আর থাকবে না। এইটুকু বলছি পরিষ্কার করে। আপনাদের সামনে জানিয়ে দিতে চাইছি। আর আমি আপনাদের জানাতে চাই, পশ্চিমবাংলায় আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বিষয়গুলির ওপর সব থেকে বেশি দায়িত্ব দিয়েছেন। এন্ট্রি ট্যাক্স-এ আপনাদের জানিয়ে রাখছি ..(নয়েজ).. হ্যাঁ, আপনারা জানেন তো, এন্ট্রি ট্যাক্সে আপনাদের যে বিষয়টা আছে, আমাদের এই আজকে থেকে আমাদের রাজ্য থেকে সব মাল যায়। আগামী দিন এই বাংলার মুখ্যমন্ত্রী চেয়েছেন কী? আমরা তো লোককে খাওয়াবো।

পাশের বাড়ি বিপদ হলে, আমার বাড়িতে বিপদ আসবে, আগুন জ্বলবে। তাই ভারতবর্ষে পৌঁছে গিয়ে বলেছেন, বিপদ আসছে, নিজের বাংলা আজকে তৈরি। এবং তার জন্যে আমাদের সব থেকে বেশি দরকার এই বাংলায় আমরা সারা ভারতবর্ষের লোক মানুষকে খাইয়ে, পড়িয়ে বাঁচিয়ে রাখব। বিপদ থেকে যারা আসবে তাদের কাছ থেকে রক্ষা দেব। এটা হচ্ছে বাস্তব ভিত্তি আমাদের। এই পশ্চিমবাংলার অর্থমন্ত্রী বাজেটের মধ্য দিয়ে আপনাদের কাছে এটাই বলতে এসছেন। বুঝলেন না কিছু। আজকে চৌঁত্রিশ বছরে বুঝলেন না কিছু। মানুষকে দিলেন না কিছু। মানুষকে কেবলমাত্র আজকে মনে হচ্ছে বার বার কেবলমাত্র একটাই স্বপ্ন দেখেছিলেন, টাটা আসবে আর বাংলার মানুষ টাটা টাটা করে, টাটা টাটা বাই বাই আপনাদের জানিয়ে দিয়ে বুঝেছে, টাটা আজকে কোন জায়গায় দাঁড়াবে না। আপনাদের এই ভাবে পশ্চিমবাংলায় সর্বনাশা দিন। যাদের নিয়ে আপনারা আলোচনা করছেন, তাদেরকে বিদায় দিয়ে বাংলার মানুষ মমতা ব্যানার্জীর নেতৃত্বে/অমিত মিত্রের এই যে বাজেট সেই বাজেটে এই অর্থনৈতিক বিলে ব্যাপক

আকারে আগামী দিনে ভারতবর্ষে বিপদের থেকে বাংলার মানুষকে বাঁচিয়ে রাখবে, রক্ষা করবে এর জন্য পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি bill no.5 of 2017 , "The West Bengal Finance Bill, 2017", যে বিল এই হাউজে মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটা কথা বলতে চাই।

যদিও বিরোধী রাজনৈতিক দলের অবস্থান দেখে মাঝেমধ্যে মনে হয় এঁরা ফিন্যান্স বিলের প্রয়োজনীয়তা, ফিন্যান্স বিলের দায়িত্ব, ফিন্যান্স বিলের দাম তাঁরা বুঝতে পারেননি। একদিকে ১৩২ বছরের একটা রাজনৈতিক দল প্রতিদিন সকালবেলা এসে নাটক করেন, একঘণ্টা চিৎকার-চেঁচামেচি করেন বেরিয়ে চলে যান, বাজেটের আলোচনায় নিজেদের জড়াতে চান না। আরেকটা রাজনৈতিক দল, ৩৩ বছর শাসন করার পরে ফিন্যান্স বিল নিয়ে এখানে বলতে এসে তাঁরা ফিন্যান্স বিলের বিষয় নিয়ে বেশী বলার থেকে অন্য বিষয়ে চলে যান। কারণ সেই বিষয়ে বলার মতো জায়গায় বোধ হয় নিজেরা থাকেন না। ভালোই লাগল অশোক দিন্দা সাহেবের বক্তৃতার একটা ব্যাপার। কারণ এর আগে কোন দিন ভারতবর্ষের ধর্মীয় নেতাদের নিয়ে কিছু বলেননি তাঁরা, বলতেন না। এখন দেখলাম বাঁচার জন্য মার্ক্স-এঙ্গেলস, লেনিন-স্টালিনকে বাদ দিয়ে চৈতন্যের ঘাড়ে তাঁদের চাপতে হয়েছে। এটা ভালো লেগেছে যে, তাঁরা চৈতন্যকে অন্তত বিপদে পড়ে মানলেন। আর আমজাদ বলেছেন চিটফান্ড নিয়ে বলতে গিয়ে বলেছেন আমজাদ নারদা, সারদার উত্থান, ইত্যাদি নিয়ে। কিন্তু আমজাদের হয়তো মনে নেই, ভুলে যেতে চাইছেন, 'সঞ্চয়িতা'র উত্থান পতন। সবটাই তোমাদের আমলে। সঞ্চয়িনির উত্থান এবং পতন তোমাদের আমলে। ওভারল্যান্ডের উত্থান এবং পতন তোমাদের আমলে। অ্যানুইটির উত্থান এবং পতন তোমাদের আমলে। কয়েক কোটি মানুষকে শেষ করে দিয়ে হারিয়ে গেলো এইসব সংস্থাগুলো। কোন শাস্তি পায়নি। কোথায় গেলেন সঞ্চয়িতার মালিক? ওপর থেকে পড়ে মারা গেলেন না হারিয়ে গেলেন তা জানা গেলো না। তোমদের মুখে নারদা, সারদা মানায় না। একটু ভেবে বল।

যাইহোক, এই সব বিষয়ে বলার থেকে আমি একটা-দুটো বিষয়ে বলছি, যদিও ফিন্যান্স বিল নিয়ে খুব বেশী কিছু বলার থাকে না। কারণ, বাজেট পেশের পরে দুটো বিল মাননীয় অর্থমন্ত্রীকে পেশ করতেই হয়। একটা ফিন্যান্স বিল এবং অন্যটা অ্যাপ্রোপ্রিয়েশন বিল। ফিন্যান্স বিলে যে সমস্ত কর এবং পরিবর্তন হয় সেগুলোকেই সামনে নিয়ে আসেন। মাননীয় অর্থমন্ত্রী কর-নীতিকে সবার সামনে আলাদা করে নিয়ে এসেছেন আমাদের বোঝার সুবিধার জন্য।

মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাতে হয় যে, আমাদের এ রাজ্যে আসার পরে ই-ট্যাক্সেশন, শুধুমাত্র স্বচ্ছতা আনার জন্য নয়, শুধুমাত্র সততা আনার জন্য নয়, ই-ট্যাক্সেশন প্রয়োগ করে মাননীয় অর্থমন্ত্রী বাংলার রাজস্ব ১০৩ শতাংশ বৃদ্ধি করে বাংলার অর্থনীতিকে সুদৃঢ় করার চেষ্টা করেছেন, সুদৃঢ় করছেন। এর জন্য মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাতে হয়, ধন্যবাদ জানাতে হয়। এই ই-ট্যাক্সেশনের ভিত্তিতে আমাদের সরকার, মা-মাটি-মানুষের সরকার সারা ভারতবর্ষের অন্য রাজ্যগুলোর সঙ্গে যে মূল্যায়ন হয়েছে তাতে এক নম্বর স্থান অর্জন করেছে। আমরা ভারতবর্ষে প্রথম হয়েছি। তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী এবং বাংলার অর্থমন্ত্রীকে বাংলার মানুষ হিসাবে আবার অভিনন্দন জানাতে হবে এবং বাংলার অর্থমন্ত্রীকেও ধন্যবাদ জানাতে হবে। আমরা দেখেছি বিভিন্ন জায়গায় তিনি পরিবর্তন এনেছেন।

জি.এস.টি নিয়ে বলতে গিয়ে, গত বাজেটে বলতে গিয়ে বামফ্রন্টের একজন বিধায়ক বলছিলেন যে, "জি.এস.টি নিয়ে আপনি শুরু করেছিলেন চলে এলেন কেন, পরে আবার ঢুকছেন কেন ?" জি.এস.টি নিয়ে চলে আসা বা ঢোকার ব্যাপার নয়, জি.এস.টি যাতে মানুষের উপকারে কাজে লাগে, জি.এস.টি চালু হলে পরে যাতে সাধারণ মানুষ উপকৃত হয় সেটাকে দৃঢ় ভাবে প্রতিষ্ঠিত করার জন্য যা দরকার মাননীয় অর্থমন্ত্রী করেছেন। আজকে যখন আমাদের সেই দাবি প্রতিষ্ঠিত হয়েছে, আমরা যখন প্রমাণ করতে পেরেছি ক্ষুদ্র ব্যবসায়ীরা উপকৃত হবে জি.এস.টি.-তে, সেই জি.এস.টি. চালুর পরে আমাদের রাজ্যের রাজস্ব আদায়ে কোন নেতিবাচক প্রভাব পড়বে না তখন আমরা জি.এস.টি.-কে সমর্থন করছি।

[2:00 – 2.10 p.m.]

আমাদের মাননীয় মন্ত্রী সুদৃঢ়ভাবে আমাদের কথা দিল্লির নেতৃত্বের কাছে, দিল্লির শাসকের কাছে, ভারতবর্ষের সমস্ত সরকারের মন্ত্রীদের সামনে প্রতিষ্ঠিত করতে পেরেছেন, তাই আবার ধন্যবাদ জানাচ্ছি মাননীয় অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্র মহাশয়কে। এখানে ভ্যাট নিয়ে জ্যোতির্ময়বাবু বলেছেন। ভ্যাটের কথা, ক্ষুদ্রশিল্পের লোকজন ভ্যাট প্রক্রিয়া চালু রাখতে গিয়ে তাদের অনেক কিছু কাগজপত্র ভ্যাট রেজিস্ট্রেশনের জন্য জমা দিতে হয়। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী বুঝতে পেরেছেন যে শুধুমাত্র ছোট ব্যাবসা, ছোট ব্যবসায়ী- তাকে যদি এত লাইন দিয়ে এতভাবে কাজ করতে হয় তাহলে তার নিজের কাজের অসুবিধা হবে। তারজন্য অফিসে এসে যে সমস্ত নথিপত্র জমা দিতে হয় সেটা তুলে দিয়ে উনি প্রস্তাব রাখছেন, সম্পূর্ণভাবে এই নথিপত্র জমা দেওয়া ব্যবস্থাকে তুলে দিয়ে তিনি ভ্যাট প্রক্রিয়াটাকে আরো সরলীকরণ করছেন। যার জন্য ক্ষুদ্র ব্যবসায়ীরা উপকৃত হবে। এর আগে ক্ষুদ্র এবং ছোট ব্যবসায়ীদের রিলিফ দেওয়ার জন্য ২০১৫ সালে ভ্যাটের প্রাথমিক স্তরে এক লপ্তে ৫ লক্ষ টাকা থেকে ১০ লক্ষ টাকায় নিয়ে গেছেন। এবার উনি প্রস্তাব রাখছেন ১০ লক্ষ টাকাটা ২০ লক্ষ টাকায় বাড়িয়ে দিয়ে ক্ষুদ্র ব্যবসায়ীদের উপকার করার জন্য। শুধুমাত্র কর বেশি বাড়িয়ে দিয়েই যে কর আদায় হয়, সেটা ঠিক কথা নয়। করের পদ্ধতি সরলীকরণ করলে পরে বেশি সংখ্যক মানুষ কর দেওয়ার জন্য উৎসাহীত হয়ে বেশি করে কর জমা দেন। তার প্রমাণ পশ্চিমবাংলার রাজস্ব বৃদ্ধি। তার প্রমাণ বাংলার অর্থনীতিকে সুদৃঢ় করার যে চেষ্টা বাংলার অর্থমন্ত্রী করছেন, তা প্রতিষ্ঠিত হচ্ছে তাঁর এই সমস্ত কাজের মধ্য দিয়ে। অভিন্ন অডিট রিপোর্ট দেওয়ার ব্যবস্থা- এর আগে ক্ষুদ্র ও ছোট ব্যবসায়ীদের সুবিধে দেওয়ার জন্য অডিট রিপোর্ট জমা দেওয়ার ন্যূনতম বার্ষিক টার্নওভারের সীমা ২০১১ সালে যেটা তিন কোটি টাকা ছিল সেটা আজকে বাড়িয়ে দশ কোটি টাকা করে দিয়েছেন। যারাজন্য ক্ষুদ্র ও ছোট ব্যবস্যায়ীরা উপকৃত হবেন। অডিট রিপোর্ট তুলে দেওয়ার প্রস্তাবও তিনি রাখছেন। যাতে ডিলাররা নিজেদের আয়ের অডিট রিপোর্ট নিজেরা জমা দিতে পারেন। যার জন্য তিরিশ হাজারের উপরে ছোট ব্যবসায়ী উপকৃত হবেন। এই উপকারে উপকৃত হবেন তারা, তাদের উৎসাহ বাড়বে। তারা যাতে ট্যাক্স দিয়ে সত্যিকারের এই ব্যাবসার সাথে জড়িত হতে পারেন। মাননীয় অর্থমন্ত্রী এই সরলীকরণ করে বাংলার ক্ষুদ্র ব্যাবসায়ীদের যেমন উপকার করছেন ঠিক তেমনি ভাবেই মাননীয় অর্থমন্ত্রী এর মধ্য দিয়েই কর আদায়ের পরিমাণটা বাড়ানোর যে স্বপ্ন দেখছেন সেটা বাস্তবায়িত হচ্ছে। আমরা দেখেছি ছোট ও মাঝারি যে ব্যাবসায়ীরা আছেন, যাদের বার্ষিক টার্নওভার ৫০ লক্ষ টাকা তাদেরও এই স্কিমের মধ্যে আনার প্রস্তাব রাখছেন তিনি। যার জন্য ৩৩ হাজার উৎপাদনমূলক ব্যাবসায়ীরাও উপকৃত হবেন। বাংলার মানুষকে আরো বেশি করে ব্যাবসায় উৎসাহিত করে এই কাজের মধ্যে জড়িত রাখার জন্য মাননীয় অর্থমন্ত্রী যে কাজ করছেন, তার ফসল হিসাবে ব্যাবসায়ীরা আরো বেশি করে ভ্যাট দেওয়ার জন্য উৎসাহিত হচ্ছেন।

শুধুমাত্র কলকাতায় একটা অফিস নয়, শুধুমাত্র কলকাতার বুকে একটা অফিস তৈরি করলে পরে বাংলার অন্য জায়গার মানুষদের সেই কলকাতার অফিসে আসতে হয়। ব্যাবসায়ীদের সুবিধের জন্য চারটে নতুন অফিস তৈরি করছেন। আলিপুরদুয়ারে- উত্তরবঙ্গের মানুষদের সুবিধের জন্য, দীঘায়- পূর্ব মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুরের মানুষের সুবিধার জন্য, রাজারহাটে- নদিয়া এবং উত্তর ২৪ পরগনার মানুষের সুবিধার জন্য, আর কসবায়- দক্ষিণ ২৪ পরগনা ও কলকাতার মানুষের সুবিধার জন্য। বেশি করে, বেশি সংখ্যক মানুষ যাতে এই ব্যবস্থার মধ্যে জড়িয়ে পড়েন এবং উনি আরো প্রস্তাব রাখছেন শিলিগুড়িতে যে অফিসটা আছে সেখানে আলাদা চার্জ অফিস ভাগ করার ফলে ব্যাবসায়ীরা লাভবান হবেন। এইভাবেই শুধুমাত্র ট্যাক্স আদায় বাড়িয়ে দিয়ে, শুধুমাত্র ট্যাক্স চাপিয়ে দিয়ে, আদায় করা নয়, ট্যাক্সের আদায়ের ব্যবস্থাটাকে সরলীকরণ করার মধ্য দিয়ে মানুষের ট্যাক্স ফাঁকি দেওয়ার ইচ্ছেটাকে আরো কমিয়ে দিয়ে বেশি সংখ্যক মানুষ যাতে ট্যাক্স দেওয়ার জন্য এগিয়ে আসেন তার ব্যবস্থা করছেন। এরজন্য মাননীয় অর্থমন্ত্রীকে আবার অভিনন্দন জানাচ্ছি।

স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশানের জন্য জ্যোতির্ময়দা বলে গেছেন যে স্ট্যাম্প ডিউটিতে ২% দিয়ে প্রথম রেজিস্ট্রেশান হয় সেটাতে মানুষ যেমন উপকৃত হবেন আবার চার বছরের মধ্যে বাকি টাকাটা দিয়ে রেজিস্ট্রেশান পদ্ধতিটা কমপ্লিট করতে হবে। এর মধ্যে আরও একটা জিনিস আছে রেজিস্ট্রেশান ফি যেটা চালু আছে এখন ১.১% দিতে হয়। সেটাকে ১% - নিয়ে যাচ্ছেন যেটা বাস্তবিক অর্থে ৯% কমানোর সমান হয়। যে মানুষ একটা বড় সম্পত্তি কিনবে .১% -টাই সেই মানুষটার জন্য কিন্তু অনেক বেশি উপকার করবে। অনেক কম টাকায় সেটা করতে পারবেন তারা। এইভাবেই মানুষকে আরো বেশি করে রেজিস্ট্রেশনের জন্য শুধু কম টাকাটা দেখিয়ে দিয়ে নয়, সর্বাধিক টাকা দেওয়ার জন্য একটা ব্যবস্থা করছেন। মানুষের উপকার করছেন এবং জমির দলিল, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট এক বছরের যদি কেউ সেটা রেজিস্ট্রেশান করেন তারজন্য ২০% ছাড় দেওয়ার প্রস্তাব রাখছেন মাননীয় অর্থমন্ত্রী। এইভাবে বাংলার অর্থনীতিকে সুদৃঢ় করে, বাংলার বেশিরভাগ মানুষকে এর মধ্যে জড়িয়ে নেওয়ার কাজ করে বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার স্বপ্ন দেখছেন বাংলার অর্থমন্ত্রী। তাকে ধন্যবাদ জানিয়ে, মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে এবং বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার কথা শেষ করছি, নমস্কার, সবাই ভাল থাকুন।

শ্রী অশোক দিন্দা : অনারেবেল ডেপুটি স্পীকার স্যার, এতক্ষণ ধরে আমাদের ফিনান্স মিনিস্টার ডঃ অমিত মিত্র মহাশয় "The West Bengal Finance Bill, 2017" যা পেশ করেছেন মহতী সভায় এবং যা এতক্ষণ ধরে আলোচিত হচ্ছে - আমি প্রথমেই কারোর উপর কোন ভাষা, বাক্য প্রয়োগ করতে চাই না। আমি জ্যোতির্ময়বাবুকে সম্মান করি। উনি আলোচনা করতে গিয়ে আমাদের আঘাত দিয়েছেন, আমরা আঘাতটা নিলাম। আমার প্রশ্ন হল, এটা ঠিকই রাজ্য সরকারের ট্যাক্স আদায় করার লিমিটেশান, আমাদের যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থাতে রাজ্য সরকারের ট্যাক্স আদায়ের একটা সীমাবদ্ধতা আছে। এই লিমিটেশানটা নিশ্চিত আমরা সকলেই অনুভব করি। এটাই হচ্ছে গাইড লাইন অফ ইন্ডিয়ান ফেডারাল স্ট্রাকচারাল সিস্টেমের মধ্যে পড়ে। আমি এই ফিনান্স বিল দেখছি যেটা অর্থমন্ত্রী এনেছেন। শুধুমাত্র স্ল্যাবটাকে এদিক-ওদিক করা হয়েছে। ২০১২ সালে যে এন্ট্রি ট্যাক্স করা হয়েছিল সেটা আমরা বিরোধিতা করেছিলাম। তা সত্ত্বেও বিল হয়েছিল। পরে মহামান্য হাইকোর্টে যায়। হাইকোর্ট সেটাকে বাতিল করে। পরবর্তীকালে মহামান্য সুপ্রিম কোর্টে যাওয়ার ফলে আপনারা পেয়েছেন। সেটাকে একটু অ্যামেন্ড করে, একটু নতুন মোড়ক, রংটং লাগিয়ে আবার অ্যামেন্ড করে এই বিলটাকে আপনারা এনেছেন। আমার প্রশ্ন হল, আবার করুন আপত্তি নেই। আমার কথা হল, বকেয়া ট্যাক্স যা ডিউ রয়েছে সেটা আদায় করার কি পরিকল্পনা আছে আপনার। যে সব ট্যাক্সগুলো নিয়ে মামলা ঝুলছে, কেস

পেন্ডিং আছে। সেগুলোকে কত তাড়াতাড়ি ডঃ মিত্র ফিনান্স বিল বিতর্ক নিয়ে বলেছিলেন, আমরা একটা অ্যাডজাস্ট করে, কমপ্রোমাইজ করে আমরা কেসগুলো ডিসপোজ অফ করার চেষ্টা করছি। সম্মানীয় অর্থমন্ত্রীর কাছে আমার একটা আবেদন, ট্যাক্স আদায় করার জন্য যে মামলাগুলো পড়ে রয়েছে, পেন্ডিং রয়েছে সেই মামলাগুলোতে কমপ্রোমাইজ করে যত তাড়াতাড়ি সেগুলো নিষ্পত্তি করে আমাদের ট্যাক্স আদায়ের দিকটা ভাল করা যায়, আরো সুদৃঢ় করা যায়, আরো মজবুত করা যায়, আরো যাতে কালেকশান বাড়ে সেদিকে নজর দেওয়ার জন্য আমি বলছি। সুতরাং মামলাগুলোকে নিষ্পত্তি করার জন্য একটা পজিটিভ অ্যাটিচুট, একটা পজেটিভ ডায়রেকশান আমাদের এখান থেকে হওয়া উচিত কীভাবে মামলাগুলোকে নিষ্পত্তি করা যায়।

[2:10 – 2.20 p.m.]

আর নগরোন্নয়নের জন্য, এই নগরোন্নয়নের জন্য যে সমস্ত আবাসন শিল্পগুলো গড়ে উঠছে, এটা ঠিকই নোটবন্দির ফলে টাকা-পয়সা যেগুলো রয়ে গিয়েছিল, বাজারে বের করতে পারছে না, আবাসন শিল্প মার খাচ্ছে। আর আবাসন শিল্পকে কেন্দ্র করে যে পলিটিকালরাজ, যে তোলাবাজি শুরু হয়ে গেছে, শিল্প বন্ধ হলে তো আমাদের অনেক ক্ষতি, যারা রয়েছেন তাদের হাত বন্ধ হয়ে যাবে। তাই সেটাকে চাঙ্গা করবার জন্য আমরা বলছি ওই শিল্পটাকে বাঁচাও, রেজিস্ট্রেশান কর কমিয়ে দাও, সময় বাড়িয়ে দাও, কিছু ফি কমিয়ে দাও। কারণ আমাদের সিন্ডিকেটরা তোলাবাজি ছেড়ে যাবে কোথায়। এই দৃষ্টিভঙ্গির দিকে তাকিয়ে যদি করে থাকেন তাহলে আমার কিছু বলার নেই। নিশ্চিতভাবে আবাসন শিল্প থাকুক। আবাসন শিল্প গড়ে উঠুক। যার টাকা আছে, যে ঠিকমতো ইনকাম ট্যাক্স দেবে, টাকা দেবে, সে ব্যবস্থা করবে, আমাদের কোন আপত্তি নেই। কিন্তু আমি কাদের সুযোগটা পাইয়ে দেবো? যারা কুড়ি লাখ, বাইশ লাখ, ত্রিশ লাখ টাকা দিয়ে বাড়ি কিনবে? তাদের কাছে রেজিস্ট্রেশান ফি দেড় লাখ, দু'লাখ টাকাটা কোন ব্যাপার নয়। যারা চল্লিশ লক্ষ টাকা দিয়ে বাড়ি কিনবেন, ফ্ল্যাট কিনবেন, অ্যাপার্টমেন্ট কিনবেন, তাদেরকে বলব যে তুমি এক পারসেন্ট, দু পারসেন্ট দাও। আরও এক বছর সময় নাও। সময় নিয়ে আমাদের কিছু কিছু দাও। আর চল্লিশ লাখ টাকায় বাড়িটা কিনে আমাকে বাঁচাও। আর আমার তোলাবাজদের বাঁচাও। আমার সিন্ডিকেটরা, তোলাবাজরা ব্যাবসা করছে, ওদের বাঁচিয়ে দাও। সুতরাং এই বিষয়টি খুব সিরিয়াসলি ভাবা উচিত। বিষয়টি নিয়ে সিদ্ধান্ত নেওয়া উচিত, বিষয়টি নিয়ে চিন্তা করা উচিত। এই মহতি সভার কাছে আমার এইটাই অ্যাপিল, যারা এই ধরনের কাণ্ড কারখানা করে তাদের শুধুমাত্র উৎসাহিত করার জন্য যেন এই জিনিসটা না হয়। আর একটা কথা এফেকটিভ ট্যাক্স আদায় করবার কোন সুনির্দিষ্ট পরিকল্পনা বা ইঙ্গিত এটার মধ্যে পেলাম না। আমি আমার বক্তব্য দীর্ঘায়িত করতে চাই না। ট্যাক্স আদায় করুন, ট্যাক্সটা যেন সাধারণ মানুষের কাজে ব্যবহার হয়। শুধুমাত্র ক্লাব, উৎসব - এসবের মধ্যে ব্যবহার না হয়। সাধারণ মানুষের কাছে কর আদায় হচ্ছে। করটা জনহিতকর কার্যে ব্যবহার হোক। কোন ক্লাবে বা কোন মণ্ডপে, নদীতে, উৎসবে, সমুদ্রে যেন নিক্ষেপ না হয়। এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি অল্প করে কিছু বলতে চাই। তার কারণ আমার বিশেষ রেসপেকটেড মেম্বার্সরা খুব সুন্দর করে বলেছেন এবং আমার ভাল লাগল যে জ্যোতির্ময় কর মহাশয় প্রফেসারদের মতন খুব সুন্দর করে সাজিয়ে বলেছেন। তার সঙ্গে আমি দেখলাম যে নতুন নতুন পয়েন্ট আমাদের উজ্জ্বলবাবু এবং শীলভদ্রবাবু অন্য রকম অ্যাঙ্গেলে বলেছেন। আর সবচেয়ে ভাল লাগল যে প্রদীপ কুমার সাহা মহাশয়, রেসপেকটেড

সাহা, তিনি ওভারঅল আমায় সাপোর্ট দিলেন। সেটা দেখেও আমার ভাল লাগল, অবজেকটিভলি সাপোর্ট দিলেন। আনফরচুনেটলি শুরুতেই যিনি বলেছিলেন আমাদের আমজাদ হোসেন সাহেব, উনি আজকে ফাইনান্স বিলের উপরে ঠিক বললেন না। মনে হল বাজেটের উপরে বলছেন। হয়তো বাজেটে বলতে দেওয়ার চান্স ওঁর পার্টি ওকে দেয়নি, তাই আজকে ঘুরে ফাইনান্স বিলেই সেই কথাগুলো বলে গেলেন। তার জন্য আমি দুঃখ প্রকাশ করব। নিশ্চয় নেক্সট টাইমে আপনার পার্টি আপনাকে বাজেটের উপরে বলার সুযোগ দেবেন। উনি যা বলেছেন, ফাইনান্স বিলের সম্বন্ধে উনি বিশেষ কিছু বলেননি, আমি সেটা ধর্তব্যের মধ্যে নিচ্ছি না। স্যার, প্রথম প্রশ্ন হচ্ছে এই ফাইনান্স বিল লিমিটেড টু স্পেসিফিক স্টেটমেন্ট অ্যান্ড অবজেক্টস অ্যান্ড রিজিনস - যে বিভিন্ন বিলগুলোকে চেঞ্জ করে কীভাবে ট্যাক্সের স্ট্রাকচারকে ফাইনান্স বিলের মাধ্যমে এগিয়ে নিয়ে যাওয়া যায়। তার রূপরেখাটা কী? তার পেছনে ফিলোজফিটা কী? এটা নিশ্চয় আমাদের বক্তব্য যাঁরা রেখেছেন, তারা এই সম্বন্ধে ইঙ্গিত করেছেন। প্রথম হচ্ছে ক্ষুদ্র ব্যাবসা।

ছোট ব্যাবসা তার উপর ট্যাক্সে সবথেকে বেশি অসুবিধা হয়।তাদের কাছে বড় বড় consulting farm নেই। যাদের তারা দিয়ে দেয় তোমরা ট্যাক্স কর। নিজেদের করতে হয়, সময় দিতে হয়। কীভাবে তাদের এই ট্যাক্সের পর্যায় আরো ease of doing business করা যায় এটা কিন্তু philosophy-এর একটা বড় পার্ট আজকের এই finance bill -এ যাতে আমি specifically দেখিয়ে দেব কোন কোন ক্ষেত্রে আমরা কিছু করতে পেরেছি। দ্বিতীয় স্যার stock market কোলকাতায় - আমি শুনছি কিন্তু আমি data থেকে কনফার্ম করতে পারছি না। শুনছি নাকি ১২ হাজার trades হয় প্রত্যেকদিন কলকাতায় stock exchange-এ। পাঁচ হাজার যদি হয়, ছয় হাজারও যদি দিনে হয় তাহলে চিন্তা করুন বছরে কত লক্ষ লক্ষ trading হয়। কিন্তু এই পর্যন্ত আমরা কখনো নজর দিইনি যে নতুন নতুন instrument স্টক মার্কেটিংয়ে introduce হয়েছে। সেইগুলির দিকে আমরা কোনদিন নজর দিইনি। Proprietory account যেটা হয়তো 60% of stock market trade, ৫০%তো বটেই তার প্রতিও কোনদিন নজর দেওয়া হয়নি। সেহেতু আজকে এই overall চিন্তার পিছনে দুই নম্বর ইস্যু হচ্ছে এই modern instrument যেগুলি এসেছে স্টক মার্কেটের ক্ষেত্রে স্ট্যাম্প ডিউটির মাধ্যমেকি করে সেই গুলিকে কীভাবে উৎসাহিত করা যায় যাতে কলকাতার স্টক এক্সচেঞ্জ আবার পুরনো গরিমাতে ফিরে যেতে পারে। আমি শুনে খুব চিন্তিত যে একটা চেষ্টা চলছে যে বিভিন্ন স্টক এক্সচেঞ্জ সারা ভারতবর্ষে আছে সেগুলিকে হাটিয়ে দিয়ে একটা, দুটো stock exchange করার চেষ্টা চলছে বলে আমি সংবাদ মাধ্যমে দেখেছি। তারা কিন্তু জানেন না যে কলকাতা stock exchange -এ হয়তো ১২ হাজার trade/ per day হচ্ছে। এটাকে কী করে নতুন জীবন দেওয়া যায় তারজন্য বাজেটে আমরা ছোট্ট করে চেষ্টা করেছি। তৃতীয় স্যার, entry tax. আপনি জানেন স্যার সুপ্রিম কোর্ট পর্যন্ত গেছে। সুপ্রিমকোর্টে রাজ্যরা যে ফাইল করেছিল, জিতেছে। কিন্তু সুপ্রিম কোর্ট বলেছে প্রত্যেকটা রাজ্যে আলাদা করে small bench হবে, তাদের নিজের perspective দিয়ে। স্যার Entry ট্যাক্স নিয়ে একটা conclusion -এ আসবো। কিন্তু স্যার এন্ট্রি কে করে ? যারা বাইরে থেকে import করে। তার মানে অন্য রাজ্য থেকে import করে বা বিদেশ থেকে করে। তাদের মধ্যে যারা ক্ষুদ্র মানুষ আছেন, ক্ষুদ্র ব্যাবসায়ীরা আছেন আমরা কি কোন relief দিতে পারি তাদের ? এই সেই সুযোগ এই বাজেটে। চতুর্থ স্যার, আপনি জানেন স্যার housing sector - এই demonetisation -এর ধাক্কায় ভয়ঙ্কর ভেঙে পড়েছিল। Housing-এর সুবিধা কি স্যার, হাউসিংয়ে শুধুমাত্র flat -ই তৈরি হয় না বা commercial establishment তৈরি হয় না। অনেক জিনিস ব্যবহার করা হয় যাতে আমরা vat পাই। তার মানে this has multiplied effect। আপনি যে fittings কিনবেন, ভ্যাট দেবেন, আপনি যে bathroom fitting তৈরি করবেন vat দেবেন। Housing

এমন একটা জিনিস যে ক্ষেত্রে নানারকম ভাবে রাজস্ব জোগাড় করা হয়। সেটা কয়েকজন সদস্য বলেছেন যে রাজস্ব আদায়ের কী কী আছে এতে। এটাও একটা সেক্টর যার মাধ্যমে আমি আশা করছি আসছে দিনে রাজস্ব generated হবে। সেটার philosophy-এর পজিশনটা কি স্যার ? প্রথম হচ্ছে ছোট ও ক্ষুদ্র ব্যাবসা। তাদের কী করে সুবিধা করা যায়, যাতে তাদের ব্যাবসা করতে পারে ট্যাক্সের পিছনে সময় নষ্ট না করে, harrassment না হয়। দ্বিতীয় modern sector-টা কি ? আধুনিক সেক্টর যেটা লোকের চোখে পড়ে, stock market তৃতীয় আর একটি স্যার ট্যাক্স, এন্ট্রি ট্যাক্স। সেখানে ছোট ব্যাবসায়ীদের দিতে পারি আমরা যাতে তারা ব্যাবসা করতে পারে চতুর্থ হাউসিং। স্যার এইবারে স্পেশিফিক আসছি। এটা হয়তো চোখে পড়েনি, স্যার, যে আমরা stamp duty reduce করেছি এতে agreement to sale তার সাধারণ বক্তব্য কী ? যেদিন মধ্যবিত্ত একটা মানুষ সে যেদিন একটা flat book করবে, বুক করে সেই bookingটা registered করবে। সাধারণত ব্যাংকের মাধ্যমে হয় স্যার।

[2:20 – 2.30 p.m.]

সেদিনই কিন্তু তাকে ৭% ট্যাক্স দিয়ে দিতে হবে। সেটাই হচ্ছে স্ট্যাম্প ডিউটি। সেটা কিন্তু ব্যাংক দেয় না। আমার একজন কলিগ একথা বলেছিলেন তার বক্তব্য রাখতে গিয়ে - সে কোথা থেকে পাবে ? আপনি ধরুন ২০ লক্ষ টাকার একটা প্রপার্টি কিনছেন, আপনার পকেট থেকে ৭% আর ১ % রেজিস্ট্রেশান দিতে হবে। সেটা কিন্তু তারা দিতে পারে না। যারজন্য তারা ফ্ল্যাটটা কেনে না। মার্কেটে মন্দা এসে যায়। আমি কি করেছি স্যার ? মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে আমি ঠিক করেছি যে, এইখানে আমাদের একটা স্টিমুলেশান দিতে হবে। আমি টিভিতে দু-তিনজন মধ্যবিত্তদের সাথে আলোচনা করে দেখলাম তারা বলছেন এতোদিন তারা ফ্ল্যাট বুক করছিলেন না, তারা বলছেন এবারে গিয়ে বুক করে দেবেন। ৭% না দিয়ে ২ % জোগাড় করে দিয়ে দিতে পারব আর বাকি চার বছরের মধ্যে ৫% রোজগার করে - করে জোগাড় করে নেব। তাতে এটাতে স্টিমুলেশান হবে। দ্বিতীয় স্যার ট্রেডিং অন প্রোপাইটারি অ্যাকাউন্ট। স্যার এটা আমরা বুঝি না আমাদের বোঝার কথা না। এটার ক্ষেত্রে দেখছি স্যার ট্রেডিং মেম্বার্স অর ইট সেল্ফ আমরা একটা আর্টিকেল ক্রিয়েট করেছি ৪৩(এ)। নো রেকর্ড অফ ট্রানজাকশান। সেখানে আমরা কি করেছি স্যার ? রিডিউস করেছি স্ট্যাম্প ডিউটিতে, যাতে প্রোপাইটারি ট্রেডিং বেড়ে যায়। এতে কি হবে স্যার ? যাতে বাকি রাজ্যে যেখানে ট্রেডিং হয় তারা ওখান থেকে কলকাতা স্টক এক্সচেঞ্জে চলে আসবে। আমাদেরই রাজস্ব বাড়বে। দ্বিতীয় স্যার - নতুন ট্রেডিং শুরু হয়ে গিয়েছে- কারেন্সী। ইন্টারেস্ট রেট ট্রেডিং - ডেট সিকিউরিটি ইনক্লুডিং বন্ড - এগুলোর ট্রানজাকশান শুরু হয়ে গিয়েছে আমাদের স্টক মার্কেটে। এতে আমাদের যে স্ট্যাম্প ডিউটি ছিল খুব উঁচুতে - তাতে কি হচ্ছিল ? অন্য রাজ্যে চলে যাচ্ছিল। এবারে আমরা সেখানেও রিলিফ দিয়ে তাদের আমাদের রাজ্যে ডেকে আনছি। তাতে রাজস্ব বাড়বে। কত বাড়বে ? সেটা বছরের শেষে আমরা বুঝতে পারব। নিশ্চয়ই রাজস্ব বাড়বে। স্যার একটা কথা বলে দিই সেটা হয়তো সবার চোখে পড়েনি। এই যে ২% স্ট্যাম্প ডিউটি ফ্ল্যাট বুকিংয়ের ক্ষেত্রে বলেছি। একটা খুব অসুবিধা ছিল - আজ আপনি একটা ফ্ল্যাট বুক করলেন, আপনার সেই ফ্ল্যাটের দাম ধরা যাক ১০০ টাকা, চার বছর পরে যখন স্ট্যাম্প ডিউটি দেবেন সেটা হয়ত তখন ২০০ টাকা হয়ে গিয়েছে, বাকি যে ৫% ছিল, সেটা দিতে গিয়ে আপনার পক্ষে সম্ভব হবে না। তাই আমরা কি বলেছি ? এই চার বছরের মধ্যে যেকোন সময়ই আপনি বাকি এই ৫% দেবেন আজকে যে আই.জি.আর -এর ভ্যালু, সেই ভ্যালুর উপরে দেবেন, ৪ বছর পরে ভ্যালুর উপরে দিতে হবে না।

স্যার অনেকে বলল - দেখলাম সংবাদ মাধ্যমে যে তারা এটা চিন্তাই করতে পারেনি যে সাহস করে একটি সরকার বলবে যে আজকে যা দাম যেটা বুকিং প্রাইস আই.জি.আর -এর ভ্যালুর সাথে তুলনা করে, চার বছর পরে হয়ত আপনার ফ্ল্যাটের ভ্যালু তিনগুণ হয়ে গিয়েছে বা ডবল হয়ে গিয়েছে তার উপরে স্ট্যাম্প ডিউটি দিতে হবে না স্যার। আজকের উপরে স্ট্যাম্প ডিউটি দিতে হবে। দিস ইজ এ বিগ রিলিফ স্যার। এরপরে আসছি স্যার exemption for payment of entry tax to dealers and in turnover of import upto Rs. 5 lac during a return period তারমানে কোয়ার্টার, subject to a maximum total reduction of Rs.20 lac এর মানেটা কি স্যার ? এর মানে হচ্ছে, আপনি একটা ব্যাবসা করেন অন্য রাজ্য থেকে বা বিদেশ থেকে আপনি ইমপোর্ট করেন। হয়ত ইনপুট ইমপোর্ট করেন, তারথেকে আবার নতুন প্রোডাক্ট তৈরি হয়। আমি এই বাজেটে স্যার সাবমিট করেছি তাদের একটা রিলিফ দিয়ে দেওয়ার। ২০ লক্ষ টাকা অবধি import upto Rs.20 lacs a year turn over, আপনাকে আর এন্ট্রি ট্যাক্স দিতে হবে না। এতে স্যার কতজন উপকৃত হবে ? এই কথাটার উত্তর আমি সময় হয়নি বলে দিইনি। শুনলে খুশি হবেন যে ১৭ হাজার ছোট এবং ক্ষুদ্র ব্যাবসাদার - যারা এই ট্রেডিং করেন- inter-state ট্রেডিং করেন, তারা এই ছোট্ট পরিবর্তনের মাধ্যমে বেনিফিটেড হবে। এবারে আসছি স্যার ছোট ক্ষুদ্র ব্যাবসায়ীদের আরও কিছু সুবিধা দেওয়ার - এটা জ্যোতির্ময়বাবু বলেছেন - ১০ লক্ষের উপরে যেই আপনার টার্ন ওভার হবে আপনাকে ভ্যাট দিতে হবে।

হ্যারাসমেন্ট থেকে বাঁচানোর জন্য, আপনার সময়ে ব্যাবসা করার জন্য ১০ লক্ষ টাকা একলপ্তে ২০ লক্ষে নিয়ে গেছি। ২০ লক্ষ তে কতজন উপকৃত হবে পশ্চিমবঙ্গে? ২৬ হাজার ব্যাবসায়ী উপকৃত হবে এই একটা অ্যাকশানের জন্য। স্যার, এবারে আসছি কম্পোজিশান স্কিম। এপর্যন্ত যারা ট্রেড করত তারাই কম্পোজিশান স্কিম পেত। তারমানে পুরো ভ্যাট দিতে হবে না, ৫০ লক্ষ অবধি টার্নওভার হলে অল্প ভ্যাট দিয়ে, এক পার্সেন্ট, ওয়ান কোয়াটার পার্সেন্ট, হাফ পার্সেন,অল্প ভ্যাট দিয়ে তাদের আর ট্যাক্স ডিপার্টমেন্টের সঙ্গে কোনো আদানপ্রদান করতে হবে না। এটা শুধু ট্রেডারদের জন্য ছিল। আজ পশ্চিমবঙ্গে যেভাবে ক্ষুদ্র ম্যানুফ্যাকচারিং শুরু হয়ে গিয়েছে, স্যর, এই বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিটে দুটো অপূর্ব সেসান হল। একটা হচ্ছে ভেন্ডারাইজেশান যে ভেন্ডার ডেভলাপমেন্ট। আপনি আজকে লুধিয়ানাতে যাবেন, সেখানে সাইকেল তৈরি হচ্ছে। সেখানে আপনি দেখবেন ছোটো ছোটো ভেন্ডার ওই সাপ্লাই করছে। গুরগাঁওতে যাবেন মোটোর সাইকেলের জন্য, দেখবেন ছোটো ছোটো ভেন্ডার সাপ্লাই করছে। এ বামফ্রন্ট সরকার চিন্তাই করেনি। ভেন্ডার না হলে বড় আসে না। ভেন্ডারাইজেশানের সুন্দর সেসান হল। সেই ভেন্ডারের জন্য একটু রিলিফ চাই। ৫০ লক্ষ টাকা অবধি ছোটো হাওড়ার হাটে যে টার্নওভার হয়, আমার দাদু আমাকে হাত ধরে নিয়ে ? গিয়েছিল যখন ছোটো ছিলাম। সেই হাওড়ার হার্ট এই লেফ্ট ফ্রন্টের সময় উঠে গেল। ছোট্টো দিও ছোট্টো ক্যারাট, ছোট্টো ছোট্টো ড্রিলিং মেশিন হাওড়ার হাটে ছিল স্যার, ৫০ লাখের কম যাদের ম্যানুফ্যাকচারিং টার্নওভার, এবার থেকে তারাও কম্পোজিশান স্কিমের অ্যাডভান্টেজ পাবে। আমি আশা করছি এতে বিরাট কর্মসংস্থানের সুবিধা হবে। স্যার, একটা উদাহরণ দিতে চাই সেদিন আমি সারা ভারতবর্ষের লেভেলে একটি খবরের কাগজে, এখানে কম্পিটিটিভ প্রসেসে অ্যাওয়ার্ড দেওয়ার ছিল। আমি সেই অ্যাওয়ার্ডটা দেওয়ার জন্যে অ্যাজ এ চিফগেস্ট গিয়েছিলাম। স্যার, আমার সবচেয়ে ভালো লাগল ১০০ কোটির নীচে যারা দু'জন অ্যাওয়ার্ড পেল, বেস্ট এমপ্লয়ার হিসেবে অ্যাওয়ার্ড পেল, বেস্ট এমপ্লয়মেন্ট যারা দিয়েছে, ১০০ কোটির নীচে। তারা দু'জন কতজনকে কর্মসংস্থান দিয়েছেন জানেন? পাঁচ হাজার আর দুই হাজার। তার মনে কি? ছোটো ব্যাবসা সবচেয়ে বেশি লেবার ইনটেনসিভ। আমি অবাক হয়ে গেলাম এতো, মানে একটা ইমোশান এসে গেল যে

১০০ কোটির নীচে টার্নওভারে ৫০০০ লোককে চাকরি দিয়েছে যে নাম্বার ওয়ান হয়েছে এবং দ্বিতীয় জন ২০০০ জন লোককে চাকরি দিয়েছে, অ্যাওয়ার্ড পেয়েছে। অদ্ভূত হচ্ছে ১০০০ কোটি টার্নওভারে ওপরে যখন আমরা গেলাম তখন দেখলাম ৭০০, ৮০০, ৫০০, ১০০০। কারণ তারা তো মেশিন ওরিএন্টেড। সেই জন্য অপূর্ব হচ্ছে এই ক্ষুদ্র, মাঝারি, ছোটো ব্যাবসাকে স্টিমুলেট করলে এবং সবচেয়ে বড় কথা এক লক্ষ কোটি টাকার বেশি ব্যাঙ্ক লেন্ডিং পশ্চিমবঙ্গের ছোটো ব্যাবসা পেয়েছে নাম্বার ওয়ান ইন ইন্ডিয়া 1.2 lakh crore bank lending পশ্চিমবঙ্গে এম.এস.এম.ই. কে দেওয়া হয়েছে। ওই অ্যাওয়ার্ড গিভিং-এ গিয়ে আমি সত্যি ইমোশানাল হয়ে পড়লাম। যে ছোটো ব্যাবসা, ক্ষুদ্র ব্যাবসা ৫ হাজার লোককে চাকরি দিচ্ছে, ১০০ কোটি টাকা সবে টার্নওভার। এই কথা ভেবে স্যার, কম্পোজিশান স্কিমে ম্যানুফ্যাকচারারদের নিয়ে আসা হয়েছে ৫০ লক্ষের নীচে যাদের টার্নওভার দে উইল গেট এ হিউজ অ্যাডভান্টেজ। এর পরে আসাছি স্যার, আপনারা জানেন যে ভ্যাট অডিট রিপোর্ট, আলাদা করে অডিট রিপোর্ট করতে হত। তাছাড়া আপনি ইনকাম ট্যাক্স দিচ্ছেন তার আলাদা অডিট রিপোর্ট অডিটাররাই করছে, দুটোই অডিটাররা করছে। আমি বললাম দুটো কেন দিতে হবে? Let it be only one. যেই আপনি ইনকাম ট্যাক্সের অডিট রিপোর্ট দেবেন সেইটাকে ভ্যাট গ্রহণ করে নেবে। আবার দ্বিতীয়বার সেই মানুষকে গিয়ে তাড়াহুড়ো করতে হবে। স্যার, এই কম্পোজিশান স্কিমে কতজন বেনিফিট করবে? যেটা বললাম ম্যানুফ্যাকচারিং ৩৩০০০।

[2:30 – 2.40 p.m.]

এই অডিট রিপোর্ট থেকে, সিঙ্গল অডিটে কতজন বেনিফিট করবে ? ৩০ হাজার। তারপর আর একটা পরিপ্রেক্ষিতে, যেটা হয়তো কারো চোখে পড়েনি - পরিবেশ বান্ধব। আজকে আমরা গ্লোবাল ওয়ার্মিং এর কথা বলি, কত বড় বড় লেকচার দিই, কিন্তু শেষ পর্যন্ত proof of the pudding lies in eating, সরকার পরিবেশ বান্ধব হিসাবে কি করেছে, এই প্রশ্ন আজকে মানুষ করতে পারে complete exemption from payment of tax of bio diesel excluding ethanol, bio mass, bricate, পরিবেশ বান্ধব। Of course, hair clips, hair bands, solar water heater stimulation এখানে এসে তৈরি করবে, পশ্চিমবঙ্গে। পশ্চিমবঙ্গে এখনও গরীব মানুষ কেরোসিন স্টোভ ব্যবহার করে। আমার কনস্টিটিউয়েন্সিতে দেখেছি গ্রামে গ্রামে অনেক মানুষ কেরোসিন স্টোভ ব্যবহার করে, খানিকটা গ্যাসও রাখে। কেরোসিন স্টোভে নো ট্যাক্স। পাতার কাপ এবং প্লেট, টেরাকোটার টাইলস, একদম natural products, এদিকে কেউ নজর দেননি। complete exempted। এবং পরিবেশ বান্ধব আর একটা পার্ট। আজকে সারা পৃথিবীতে চেষ্টা হচ্ছে কি করে একটা শহরে যে waste generated হয়, পাহাড় হয়ে যায়। ছোটবেলায় ধাপার পাশ দিয়ে যেতে যেতে দেখতাম কি ভাবে সেই পাহাড় তৈরী হচ্ছে। সেই ওয়েস্ট থেকে কি করে ইলেকট্রিসিটি তৈরি করা যায়, তার জন্য যে মেশিনারি, সেই মেশিনারি যদি কেউ আনতে চায়, কিনতে চায় ইলেকট্রিসিটি জেনারেশনের জন্য, waste থেকে, সেখানে ১৪.৫% ট্যাক্স ছিল স্যর, কেউ লক্ষ করেনি, সেটাকে ৫% করে দিয়েছি। কতজন লোকের সুবিধা, কত ছোট ব্যাবসায়ীর সুবিধা দিতে পেরেছি আমরা, তার একটা total দিয়েছি। ১৭ হাজার এন্ট্রি ট্যাক্স থেকে বেনিফিটেড হবে। ২৬ হাজার VAT special turnover ২০ লক্ষ করার জন্য বেনিফিটেড হবে। ৩৩ হাজার ক্ষুদ্র manufacturing, who will be the heart of the Bengal। একসময় হাওড়ার হার্টকে বলা হত শেফিল্ড অফ দা ইস্ট। আমরা সেই ভাবনা-চিন্তা নিয়ে মমতা ব্যানার্জীর নেতৃত্বে এগিয়ে যাচ্ছি। হোয়াই শেফিল্ড ? শেফিল্ড ইজ ডেড, হাওড়া হাট ইজ ডেড। আমরা নতুন রেকর্ড তৈরী করব। তাতে ৩৩ হাজার ক্ষুদ্র ম্যানুফ্যাকচারার

বেনিফিটেড হবে ফ্রম দা কম্পোজিশন স্কিম। ৩০ হাজার বেনিফিটেড হবে অডিট থেকে। সেইহেতু ১ লক্ষ ৬ হাজার ক্ষুদ্র এবং ছোট ব্যাবসায়ী এই ফিনান্স বিল থেকে বেনিফিটেড হবেন। এটা কারো চোখে পড়েনি। এটা বলে শেষ করব যে, এই ফিনান্স বিলের মধ্যে ৪ টে পরিপ্রেক্ষিত লুকিয়ে রয়েছে, যেটা স্পষ্ট হয়ে উঠছে আপনাদের সবাইকার বক্তব্য যা শুনলাম তার মাধ্যমে। ক্ষুদ্র এবং ছোট ব্যাবসায় ১.২ লক্ষ কোটি ব্যাঙ্ক ধার দিয়েছে ৫ বছরে। তার মানে GDP এর যে গ্রোথ দেখছেন খানিকটা সেখান থেকে এসেছে। দ্বিতীয় - স্টক মার্কেট, এদিকে কেউ নজর দেননি। তৃতীয় এন্ট্রি ট্যাক্স। চতুর্থ স্টিমুলেটিং হাউসিং, এবং পঞ্চম পরিবেশ বান্ধব। স্যার চেষ্টা করেছি এই ভাবে এই ৫ টি পিলারের উপর দাঁড়িয়ে এই ফিনান্স বিলকে তৈরী করার। আমার বিশেষ রেস্পেকটেড মেম্বাররা যা বলেছেন আমি শুনেছি স্যার, কিছু শিখেছি, কিছু কিছু জিনিস মনে রেখাপাত করেছে, তার জন্য ধন্যবাদ তাঁদের। এটা বলে শেষ করছি যে, এই ভাবে মমতা ব্যানার্জীর নেতৃত্বে আমরা এগিয়ে যাব স্ট্রাটেজিক্যালি। সেই স্ট্রাটেজিটা আপনাদের সামনে তুলে ধরলাম। ধন্যবাদ স্যার।

Mr. Speaker : Now the question before the House is that The West Bengal Finance Bill, 2017 be taken into consideration. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clauses 2 - 7

Mr. Speaker: There is no amendment to Clauses 2 - 7. So I put

Clauses 2 -7 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill.

Mr. Speaker: There is no amendment to Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No' 'Ayes' have it. 'Ayes' have it. The Bill is passed. The Bill is passed।

মাননীয় সদস্যগণ,আপনাদের সকলের অবগতির জন্য জানাচ্ছি যে হলদিয়া ডেভলপমেন্ট অথরিটি আমাদের মাননীয় মন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারীর মাধ্যমে আমাদের এখানে লেদার ব্যাগস পাঠিয়েছেন মাননীয় সব সদস্যদের জন্য এবং সেইগুলো আপনাদের কাছে অনুরোধ করব আমাদের এখানে পাবলিকেশন কাউন্টার থেকে সবাই সংগ্রহ করবেন।

The West Bengal Appropriation Bill, 2017

Dr. Amit Mitra : Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 2017.

(Secretary, then read the title of the Bill)

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2017 be taken into consideration.

Smt. Tapasi Mondal

শ্রীমতী তাপসী মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে বলতে চাই, দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন বিল ২০১৭ উনি এনেছেন। এখানে বিরোধিতা করার কিছু নেই। প্রথা অনুযায়ী উনি এনেছেন, তবুও কতগুলি বিষয় আলোচনার করতে চাইছি। ভোট অন অ্যাকাউন্টে যে অর্থ তিনি ধরেছেন সেটা নিশ্চয়ই খরচ হবে। কিন্তু স্যার, কয়েকটি জায়গায় দেখতে পাচ্ছি অর্থ বরাদ্দ হচ্ছে, অনেক দপ্তর বাজেটের সেই টাকা যথাসময়ে খরচ করতে পারছেন না। আলোচনায় বিরোধী কণ্ঠ স্তব্ধ করার চেষ্টা করছেন। কার্যতঃ বিরোধী শূন্য বাজেট পেশ হোক, বাজেট আলোচনা নামক প্রহসন হয়েছে। বিরোধী দলনেতা থেকে বিরোধী মহিলা বিধায়কদের উপর যে লাঞ্ছনা হয়েছে। এই ঐতিহাসিক সদনে, ঐতিহ্য ভূলুণ্ঠিত করা আপনাদের কাজ তা আপনারা বুঝিয়ে দিয়েছেন। যাই হোক, আমি আর সেদিকে যেতে চাইছি না। আমি ভেবেছিলাম মাননীয় অর্থমন্ত্রী এই বাজেট ভাষণের মাধ্যমে সারা পশ্চিমবঙ্গের মানুষ বেশ কিছুদিন ধরে অধীর আগ্রহে চাতক পাখির মতো তাকিয়ে আছে এই বাজেট শোনার জন্য, দেখার জন্য। বোঝার জন্য কেন্দ্রের সঙ্গে রাজ্যের ডি.এ'র ফারাক রয়েছে ৪৬ পার্সেন্ট। তার সুরাহা আমরা বাজেটের কোথাও পাইনি। যুব কল্যাণ দপ্তরের রাজ্যের যুবকদের কর্মসংস্থান প্রকল্পের ভূমিকায় যে অর্থ তা বিশ্বাস করা খুবই কঠিন। পরিযায়ী শ্রমিকদের আশ্বস্ত করার প্রকল্পটি রাজ্যের যুব কল্যাণ দপ্তরের আওতায় রয়েছে। রাজ্যের ওভারসীজ ইন্ডিয়া অ্যাফরসেশন এক বছর আগে ২০১৫ সালে চালু হয়েছে। ২০১৬-১৭তে বরাদ্দ ছিল ৫০লক্ষ টাকা যারা এক পয়সাও ব্যয় হয়নি। বিদেশ থেকে কাজ হারিয়ে আসা মানুষের বিকল্প কোন জীবিকার ব্যবস্থা এই প্রস্তাবে নেই। ২০১৭-১৮তে বরাদ্দ কমিয়ে মাত্র ২০লক্ষ টাকা ধরা হয়েছে। কর্মসংস্থানের লক্ষ্যে ওয়েস্ট বেঙ্গল স্টেট মিশন ফর এমপ্লয়মেন্ট নামক গালভরা ব্যাপার শুনেছিলাম।

[2:40 – 2.50 p.m.]

২০১৬-১৭ সালের বাজেট বরাদ্দের ঘোষণা ছিল ৫০ লক্ষ টাকা, কিন্তু বাস্তবে বরাদ্দ মাত্র ১০ লক্ষ টাকা হল। বাকি টাকা কোথায় গেল স্যার? বাকি টাকা যুব কল্যাণ দপ্তর পায়নি। ভোকেশনাল ট্রেনিং অন হেল্থ এমপ্লয়মেন্ট মিশন প্রকল্পে বরাদ্দ ধরা ছিল- ২০১৬-১৭ তে ঘোষিত ছিল ২ কোটি টাকা। ছাড়া হয়েছে মাত্র ২৪ হাজার টাকা। এই টাকাতে স্যার, ২৪ হাত মাটির রাস্তা তৈরি করা সম্ভব কি না একবার ভেবে দেখবেন। বাকি টাকা কোথায় গেল স্যার, কোন খাতে ব্যয় হল এটা আমরা বুঝতে পারছি না। স্বনির্ভরতার লক্ষ্যে, হাজার হাজার ছাত্র যুবকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে কিভাবে এদের রাস্তা দেখানো হবে সেটাও বুঝতে পারছি না। প্রজেক্ট ফর প্রিপেয়ারিং দ্য এডুকেটেড ইউথ ফর এমপ্লয়মেন্ট এতে ২০১৬-১৭ তে বরাদ্দ ছিল চার কোটি টাকা। কিন্তু খরচ হয়েছে ৫১ লক্ষ টাকা। পিছিয়ে সেই রাজ্যের শ্রম দপ্তরও। প্রকল্প, উদীয়মান স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প, এই প্রকল্পে সর্বোচ্চ ৫০ হাজার টাকার ব্যাবসার উদ্যোগ নিতে পারেন এক যুবক। তারমধ্যে সর্বোচ্চ ২৫% ভর্তুকি- শ্রম দপ্তর সূত্রে জানা গেছে। ২০১১-১২

সালে ভর্তুকি দিয়েছিলেন ৩ কোটি ৪৯ লক্ষ৯০ হাজার টাকা। তারপর লাগাতার সেই ভর্তুকির পরিমাণ কমেছে। ২০১৫-১৬ তে ছিল ১ কোটি ৮৪ লক্ষ ৬০ হাজার টাকা। এই বছরে ২০১৬-১৭ তে এখনও পর্যন্ত ভর্তুকির পরিমাণ ১ কোটি টাকাও পেরোয়নি। আপনারা বারবার বলেন প্রাইমারী টেট পরীক্ষায় প্রতিবছর প্রচুর নিয়োগ করবেন। কিন্তু এমন পরীক্ষা করান যে হাইকোর্ট বারবার আপনাদের বিরুদ্ধেই রায় দেয়। তারপর তোলাবাজি এমন জায়গায় পৌঁছে গিয়েছে, প্রাথমিক নিয়োগে তোলাবাজির অন্ত নেই। লক্ষ লক্ষ টাকায় চাকরি দেবার নাম করে রাজ্যের মানুষ যে কথাগুলি শুনে থাকেন, চাকরি পাওয়া লোকগুলি স্যার কোথায় থাকে একটু জানালে ভালো হয়। আমরা একটা বিধানসভার মানুষ সেখানে এই মানুষজনকে দেখতে পাই না। বিগত পাঁচ বছরে দেখতে পাইনি স্যার। এই খাতের টাকাগুলি কোথায় যাচ্ছে স্যার? সেগুলি একটু বলতে হবে।বস্তুতঃ পাঁচ বছরে চাকরির নামে যেগুলিকে চালানো হয়েছে সেগুলি আসলে সিভিক পুলিশের মতো কিছু দৈনিক মজুরীর কর্মী নিয়োগ বা কিছু ঠিকা কর্মীর কিছু দুর্নীতির নিয়োগ, স্থায়ী সরকারি চাকরি হাতে গোনা কয়েকজন কর্মী। শূন্যপদের সংখ্যা বেড়েছে। কর্মীরা তাদের সরকারি পরিষেবার অবস্থা শোচনীয়।

(এইসময় মাইক অফ হয়ে যায়)

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় স্পীকার স্যার, আমি অ্যাপ্রোপ্রিয়েশন বিলে যাওয়ার আগে যেহেতু ব্যক্তিগতভাবে দু একটা কথা আমার সম্পর্কে বলা হয়েছে, দুঃখ এবং অভিমান করা হয়েছে আমি সেই বিষয়ে একটু আলোকপাত করতে চাই। আমি বন্ধুদের বলি - কালিদাসের একটা বিখ্যাত উক্তি আছে অভিজ্ঞানম শকুন্তলমে।(১)'পরমার্থেন ন পৃথতাং বচঃ', (২) 'পরিহাস বিজল্পিতং সখে' - অর্থাৎ আমি যেসব কথা বলেছি তাকে পরিহাস বলে জেনো, এরমধ্যে কোন সত্যতা নেই। আসলে স্যার, ইট খেয়ে পাটকেলটা মেরে দিয়েছি। ব্যক্তিগতভাবে কোন ধাক্কা দেওয়ার আমার ইচ্ছা ছিল না। দুষ্মন্ত এটা বলেছিল কখন স্যার, যখন দুষ্মন্ত গেলেন শিকার করতে, শিকার করতে গিয়ে দুষ্মন্ত শকুন্তলার প্রেমে আসক্ত হলেন। একদিকে হরিণের আকর্ষণ,আর একদিকে হরিণনয়নার আকর্ষণ।দুটো আকর্ষণের মধ্যে পড়ে রাজধানীতে ফিরতে বিলম্ব হল। এরমধ্যে পুত্রের জন্মদিন উপলক্ষ্যে রাজমাতা রাজপ্রাসাদ থেকে দুষ্মন্তকে রাজধানীতে ফিরে যাওয়ার জন্য দূত পাঠালেন। একদিকে মায়ের আদেশ, অন্যদিকে অরণ্যানীর আকর্ষণ। রাজা বিদূষককে বললেন "তুমি মায়ের কাছে পুত্রের মতো, তুমি যাও কিন্তু এখানকার ঘটনাকে সত্য বলে জেনো না।" আমিও তেমনি এটা আপনাকে আঘাত করার জন্য বলিনি। এটা জাস্ট আমি বলেছি।

স্যার, এই যে অ্যাপ্রোপ্রিয়েশন যে বিল এটাতে আইডিয়া দেওয়ার চেষ্টা হচ্ছে যে অ্যাপ্রোপ্রিয়েশন বিলের যেন কোন গুরুত্ব নেই। কিন্তু অ্যাপ্রোপ্রিয়েশন বিলটা বিধানসভায় পাশ করাতে হয়। তা পাশ না করে এলে কি ক্ষতি হয়। স্যার, আমি বলছি ইন দ্য ওয়েস্টমিনিস্টার পালামেন্টারি সিস্টেম ডিগনিটি অফ অ্যাপ্রোপ্রিয়েশন বিল ইন দ্য পার্লামেন্টারি

ইটালিয়ান পালামেন্টারি ডেমোক্র্যাটিক সিস্টেমেও তার গুরুত্ব অসীম। সুতরাং সবচেয়ে বেশি ইন্টারেস্ট নেওয়া উচিত ছিল বিরোধী পক্ষের অ্যাপ্রোপ্রিয়েশন বিলে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, সবচেয়ে বেশি ফাঁকা হচ্ছে এই অপোজিশন। এরথেকেই বোঝা যাচ্ছে গণতান্ত্রিক সিস্টেমের প্রতি তারা কত কম আসক্ত। স্যার, অ্যাপ্রোপ্রিয়েশন বিল, এটা ডেলিভার করার আগে আমি প্রেক্ষাপট অর্থাৎ socio-economic condition of the State কি ছিল বিত্তমন্ত্রীর সামনে তার ওপর আলোকপাত করছি। কর্ম সংস্কৃতির অভাব ছিল। যারা কাজ করবে - একটা ঐতিহাসিক

উক্তি আছে আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রীর, "আমি কি চেয়ার-টেবিলকে দিয়ে কাজ করাবো ?" মাননীয় বিত্তমন্ত্রী যখন আসেন তখন পশ্চিমবাংলার টোটাল কর্ম-সংস্কৃতি বিধ্বস্ত। দ্বিতীয় স্যার, আকাশ প্রমাণ রেভিনিউ ডেফিসিট। আমজাদ সাহেব বললেন যে, ওনারা ৩৪ বছরে ১০ থেকে ২০তে নিয়ে গেছেন। আর মাননীয় বিত্তমন্ত্রী ৬ বছরে ২০ থেকে ৪২-এ নিয়ে চলে গেলেন। তাহলে কম্পারেটিভ স্টাডিটা কি হ'ল ? আমজাদ সাহেব আপনি পার ইয়ার ধরে নিন। পার ইয়ার ধরে নিলে আপনি বুঝতে পারবেন যে .....(নয়েজ) ..... এমন একটা কথা বলবেন, সে কথার যেন গুরুত্ব থাকে। তৃতীয় কি স্যার ? তৃতীয় হচ্ছে, সিটু ও আলিমুদ্দিনের দাপট ওভার দি গভর্নমেন্ট। নো ডিফারেন্স, নো ডিফারেন্স। কেন্দ্রীয় সরকারের বঞ্চনা, কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণ। আমরা ভ্যালেনটাইন দিবস পালন করি স্যার। এদের আমলে এটা ডেভিল ভ্যালেনটাইন হয়ে গিয়েছিল। ওরা ফ্রেন্ডলি ছিলনা। That was the economic perspective of the State আর কী ছিল স্যার ? আমি অবাক হয়ে গেলাম স্যার। এই যে বিধানসভা সচিবালয়, এটা কি আমরা অ্যাপয়েন্টমেন্ট দিয়েছি ? আমরা এতো বছর বিধানসভায় আছি, সচিবালয়কে আক্রান্ত করে, সচিবালয়ের সামনে একটা করে ফোস্টুন টাঙ্গিয়ে দিয়ে,সচিবালয়কে অসম্মানজনক অস্বস্তিকর পরিবেশে আমরা কোনোদিন ফেলতে দেখিনি স্যার। আমরাও তো বিরোধী পক্ষে ছিলাম। এটা কি হচ্ছে স্যার ? সচিবালয়ে যাঁরা ছিলেন, সচিবালয়ে আজকে দীর্ঘদিন যাঁরা আছেন, তাঁদের যদি আজকে চ্যালেঞ্জ করা হয়, তাহলে ম্যানেজ করবে কে ? এখানে তো লালবাজারের পুলিশ আসবে না স্যার। সুতরাং এই যে একটা অভ্যেস তৈরি হয়ে গেছে disruption, এই যে একটা অভ্যেস তৈরি হয়ে গেছে ডিস্টার্বেন্স - আজকে সচিবালয়কে আঘাত করে দিয়েছে, কাণ্ডজ্ঞান এরা ভুলে গেছে স্যার। আমি অ্যাপ্রপ্রিয়েশন বিলের মূল যে অভিমুখ, সেই অভিমুখকে আমি প্রশংসা করি। এতগুলো adverse situation বিপক্ষে আমাদের পক্ষে কি ছিল ? এক বুদ্ধিমান বিচক্ষণ বিত্তমন্ত্রী। আর আমাদের পক্ষে কি ছিল স্যার ? এক নেত্রী, যিনি গতিশীল, ইনোভেটিভ এবং যিনি স্বপ্ন দেখেন, স্বপ্নকে বাস্তব করার জন্য যিনি পরিশ্রম করেন - মমতা বন্দ্যোপাধ্যায়। সেইজন্য ওয়ার্ক কালচারকে ঘোরাতে কর্ম সংস্কৃতিকে তৈরি করে আজকে অর্থনৈতিক অভিমুখকে ঠিক দিকে নিয়ে যেতে আমরা পেরেছি। আজকে মাত্র ৬ বছরের মধ্যে আমরা দ্বিগুণ রেভিনিউ কালেকশন করেছি, কালকে বিত্তমন্ত্রী বলেছেন ৩.৭৫ থেকে ০.৯৭ এ আপনি নিয়ে গেছেন। কই, ভারতবর্ষের অন্য স্টেট তো করেনি। যদি আমি জানি যে আমাদের অর্থনৈতিক অভিমুখ, ডাইরেকশন্ ঠিক আছে, আমি কেন ডিষ্টার্ব করতে যাবো ? আমি কেন অ্যাপ্রোপ্রিয়েশন বিলে বলতে যাবো যে, না এই খরচ তুমি কোরো না, এই খরচ সর্বনাশা খরচ, এই খরচ স্টেটের পক্ষে যাবে না, এই খরচ জনগণের পক্ষে যাবে না। আমি যদি দেখি আমার আজকে রেভিনিউ ডেফিসিট কমছে, স্যার আজকে কি হচ্ছে ? মাইনাস লোন রিপেমেন্ট। আমাদের লোন ইয়ারলি কত। উনি হিসেব দেখিয়ে দিয়েছেন যে, ইয়ারলি আমরা ফোর থাউজেন্ড লোন করছি। ইয়ারলি ফোর থাউজেন্ড লোন করে আমরা কি করছি ? Debt to GDP রেশিও ৪০.৬৫ টু ৩২.৫৮ এ এনেছি। এটা নেহাত ইয়ার্কির কথা নয়। এটা ফাঁকি দিয়ে হয় না। এই যে ৪০.৬৫ থেকে ৩২.৫৮ এ নিয়ে আসা - এটা এমনিতে হয় না। আমাদের অভিমুখ ঠিক আছে, কীসে ? আমি বারবার যেটা বলি - গাছ তোমার নাম কী ? ফল দেখে চিনতে পারবে। আমাদের অ্যানুয়াল গ্রোথ কী ? সারা ভারতবর্ষের মধ্যে আমাদের অ্যানুয়াল গ্রোথ সবচেয়ে বেশি - ২৩.৬৩% স্যার।

[2:50 – 3.00 p.m.]

... State capital expenditure যেটা আমরা বলি, আজকে আমার দুঃখ হয় দিলীপবাবু চলে গেছেন, স্যার, in the central budget difference between plan expenditure and

non plan expenditure এটাকে তুলে দেওয়া হল, স্যার। In the year 1938 when Subhas Bose was the President of National Congress under the Chairmanship of Pandit Jawhar Lal Neheru তিনি Planning Commission নিয়ে এসেছিলেন। প্ল্যান ছাড়া কোন জীবন চলে, aim ছাড়া কোন মানুষ বাঁচে, sailor ছাড়া কোন নৌকা চলে। আমি planning কত খরচা করবো, আমার non plan যেটা তাতে খরচা হবেই, প্রাকৃতিক দুর্যোগ এলে, বিধ্বংসী বন্যা এলে, খরা হলে, মড়ক এলে, আপনাকেতো কিছু expenditure দিতেই হবে। আমার ঘরে যত crisis থাক আপনি বাচ্ছার জন্য একটা চকোলেট কিনবেনই যাত্রা দেখতে গেলে। That is separate thing, কিন্তু whole Expenditure এর কি attitude থাকবে? আমার Expenditure এর লক্ষ্য হবে Capital create করা যেমন আমি যখন গাছ লাগাই ফল দেয়, আমি যখন ধান লাগাই ধান দেয়, তেমনি আমার infrastructure আমার expenditure আমি এমন ভাবে করবো তাতে state capital created হয়, যেটা আমাকে return দিয়ে দেবে। long sustainable growth স্যার, ওঁরা ৩৪ বছরে ২ কোটি মানুষকে নিয়ে এসেছিলেন, আর আমরা ৬ বছরে সাড়ে ৮ কোটি মানুষকে আমরা আমাদের আমরা নানারকম যে benefit দিচ্ছি state benefit-এর আওতায় এনেছি। বলুন না ভারতবর্ষের আর একটা স্টেটের নাম। ভারতবর্ষের একটা স্টেটের নাম বলুন। যেখানে অলমোস্ট 85% of population have been covered বাই দা স্টেট, benificiary scheme আজকে Annual growth 41%। স্যার, আমি বলছিলাম কি জানেন, শেষ ৪ বছরেও একটা ছোট্ট উদাহরণ নিই, ওঁনারাতো সব সময় মুখ্যমন্ত্রীর কথা বলেন, যেহেতু স্বাস্থ্য দপ্তর মুখ্যমন্ত্রীর হাতে বলে। স্যার, অভিমুখটা দেখার জন্য বলছি, Appropriation of Bill will spend money for the specific purpose. আপনি মেডিকেলে কেন টাকা দেবেন, শেষ ৪ বছরে Left Front ২টো মেডিকেল কলেজ করেছিল। only 2। প্রথম ৪ বছরে মমতা ব্যানাজীর গভর্নমেন্ট করলো ৬টা। Health is the first care, health is the second care and health is the last care and also final care. সুতরাং এখানে করা হল। স্যার, SNSU"স্যার, দীর্ঘ ৩৪ বছর গেছে SNSU কটা ? জিরো, নো, নো, নো। মা মাটি মানুষের সরকার মমতা ব্যানার্জীর গভর্নমেন্ট ৬ বছরে ৪১টা SNSU হয়েছে। আপনি মেডিকেলে টাকা দেবেন না? আপনি appropriate করবেন না স্বাস্থ্য খাতের টাকা? সেই জন্যই It is not a mere convention Do you suggest any alternative expenditure? Do you place any alternative expenditure before our Hon-ble Finance Minister? No alternative, Sir. আমাদের অভিমুখ অত্যন্ত স্পষ্ট। স্যার, নথিভুক্ত শিশু মৃত্যুর হার, ওরা যখন ছেড়ে যান স্যার, 45.9 ছিল। As on date 23.6। আপনি শিশু মৃত্যু ঠেকাতে টাকা খরচা করবেন না ? স্যার, মেডিকেল কলেজ ছাত্র সংখ্যা, কোন দিকে যাবেন। ST, SC, minority muslim আজকে সব ধরা আছে এই বাজেটে, এবং তার Appropriation বিলে বিরোধীদের জোরালো বক্তব্যতেই তাই বিধানসভার অনুমোদিত ব্যয়কে approprite করার স্বার্থে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী যে The West Bengal Appropriation Bill, 2017 এই হাউসে পেশ করেছেন তাকে সমর্থন করছি। দুটো কথা, প্রথম যিনি বক্তব্য রাখলেন তিনি বললেন, যে এটা সমর্থন করতেই হবে। হ্যাঁ, সমর্থন করতেই হবে, না করলে সরকার আগামী দিনে খরচ করার ক্ষেত্রে অসুবিধায় পড়বে। মাননীয় অধ্যাপক জ্যোতির্ময় কর যে কথা বললেন যে, সত্যিই যদি অ্যাপ্রোপ্রিয়েশন বিল না পাশ হয় তাহলে সরকারই সাংবিধানিক সংকটে পড়বে। স্বভাবতই এর গুরুত্ব অপরিসীম। এর আগেই সাপ্লিমেন্টারি বিল এবং অ্যাডিশনাল ট্যাক্স বিল এখানে পাস হয়েছে। দেখা যাচ্ছে ১৭,২৯৪ কোটি

১০ লক্ষ ৯০ হাজার টাকা যেটা কনসলিডেটেড ফান্ড থেকে আলাদা করে নিতে হচ্ছে। এর আগের দিনে সাপ্লিমেন্টারি বিলে বলতে গিয়ে মাননীয় বিধায়ক তন্ময়বাবু বলছিলেন যে, এগ্রিকালচার বাজেটে যে অর্থ ধরা আছে তার থেকে বেশি অর্থ খরচ হল কেন, সাপ্লিমেন্টারি হচ্ছে কেন তাহলে সরকার সঠিকভাবে সেটা বিচারবিবেচনা করেনি। আমরা বর্ধমান জেলার মানুষ। আমরা দেখেছি গতবার খরার সময় অত্যধিক খরা হয়েছিল এবং তার ফলে ফসলের প্রচুর ক্ষতি হয়েছিল। এর আগে ৩৪ বছর পশ্চিম বাংলায় বামফ্রন্ট সরকার ছিল। আমরা কোন দিন দেখিনি খরায় কৃষকের ফসলের ক্ষতি হওয়ার পরে সেই কৃষককে পুনরায় চাষ করার জন্য সরকার আর্থিক সাহায্য করছে। কিন্তু আমাদের সরকার সেই সাহায্য করেছিল। ঠিক তেমনি একটা সময় অতিরিক্ত বর্ষণে প্রচুর ফসল নষ্ট হয়ে গেল। সেই কৃষক আবার নতুন করে যাতে চাষ করতে পারে, ফসল ফলাতে পারে তার জন্য সরকার সেই ক্ষতিগ্রস্ত কৃষকদের ফসল ফলাবার জন্য অনুদান দিলেন এবং কৃষকদের ক্ষতিগ্রস্ত হওয়া থেকে রক্ষা করলেন। এর ফলে যে অতিরিক্ত অর্থ ব্যয় হচ্ছে এগুলো তো আগে থেকে ধরা থাকে না। আর আগে যেটা হত এই যে ন্যাচারাল ক্যালামিটির প্রশ্ন, আগে সব দায়টা থাকতো কেন্দ্রীয় সরকারের। কিন্তু পরবর্তী দিনে কেন্দ্রীয় সরকার বাজেটে প্রত্যেক রাজ্যের জন্য একটা নির্দিষ্ট অর্থ বরাদ্দ করে শেষ করে দিলেন। তাতে যদি তার বেশি ক্ষতি হয় সে দায় রাজ্যের। স্বভাবতই সেই দায়গুলো রাজ্যের ঘাড়ে পড়ছে। আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী কোনদিনই নবান্নে বসে রাজ্য চালাবো এ কথা ভাবেননি। বিভিন্ন সময়, বিভিন্ন এলাকায় ঘুরে সাধারণ মানুষের কী অসুবিধা সেটা উপলব্ধি করে সেটাকে যাতে ফুলফিল করা যায় সেই লক্ষেই তিনি এগিয়েছেন। এইরকমই একটা ঘটনার কথা মনে পড়ছে। মাননীয়া মুখ্যমন্ত্রী দুর্গাপুর থেকে বর্ধমান আসছেন মাটিতীর্থ উৎসবের উদ্বোধন করতে। বুদবুদের রাস্তার পাশে প্রাইমারি স্কুলের ছেলেমেয়েরা খেলা করছে। তিনি দেখলেন যে তাদের কারোর কারোর পায়ে জুতোও নেই। তিনি সঙ্গে সঙ্গে মাটিতীর্থ উৎসবে এসে ঘোষণা করলেন যে, এখন থেকে এই ধরনের বাচ্চাদের জুতোও সরকার দেবে। এখন এটাতো বাজেটে ধরা থাকে না স্বভাবতই এটা বাজেটে বাড়বে। এর ফলে সাপ্লিমেন্টারি বাজেট হবে এবং সেই বাজেটকে অ্যাপ্রোপ্রিয়েশন বিলে পাস করাতে হবে। তাছাড়া তার বাস্তবিক রূপ পাবে না। এই ধরনের বিভিন্ন খাতে সাধারণ হেডে বাজেটে যা ধরা থাকে বিভিন্ন কারণে সরকারকে যখন গণমুখী হতে হয়, বাস্তবমুখী হতে হয় এবং বাস্তব পরিষেবা দেওয়ার জন্য তাকে এগোতে হয় তখন বিভিন্ন খাতে সাপ্লিমেটারি খরচ বাড়বেই। সেই খরচকে যদি আমরা অনুমোদন দিই তাহলে আগামী দিনে কাজ করার ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হবে। সেই কারণে মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সঠিক এবং এর মাধ্যমে আগামী দিনে আমাদের রাজ্যের যে প্রয়োজন তা মিটবে এবং রাজ্যের উন্নয়ন অব্যাহত থাকবে। সেই কারণেই এ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[3:00 – 3.10 p.m.]

শ্রী কানাই চন্দ্র মন্ডল : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে এখানে যে, Appropriation Bill উত্থাপন করেছেন, ২০১৭ সেই বিলকে constitution obligation থেকে তাকে সমর্থন করছি। এখানে Appropriation Bill-এর উপরে যে আলোচনা সেই আলোচনাতে আয় এবং ব্যয় গতকালকেই সেটা পাশ হয়ে গেছে। সুতরাং, এই বিষয় নিয়ে আর বলার তেমন কিছু নেই। তাসত্ত্বেও এখানে গতকালকের হাউস ও আজকে হাউসের প্রেক্ষিতে এখানে অনেকগুলি কথা আলোচনার মধ্যে আসছে। ধান ভানতে শিবের গীত সবাই যখন বিলের উপর আলোচনা করছেন, তখন তার বাইরেও কিছু আলোচনা এসে যাচ্ছে। এখানে মাননীয় অর্থমন্ত্রী তাঁর পাণ্ডিত্যের বিষয়ে

আমাদের কোনো সংশয় নেই। তিনি গতবারেও যখন আলোচনায় তুলেছিলেন তখনও তখন তিনি মার্ক্সের কথা বলেছিলেন, লেনিনের কথা বলেছিলেন, স্টালিনের কথা বলেছিলেন। এবারে তাঁর ভাষণে তিনি বলেছেন, এবং গতকালকে supplementary budget-এ মাননীয় তাপসবাবু, উনি আদর্শের উপরে আক্রমণ করলেন। মার্ক্সবাদের উপর আক্রমণ করলেন এবং আক্রমণ করে তিনি বক্তৃতা দিলেন। Supplementary budget-এর উপরে তিনি বক্তৃতা দেননি। আমি যে কথা বলতে চাই, হরিদ্বার এবং ***এক নয় অনেক পার্থক্য। ...(গোলমাল)...।

মিঃ স্পীকার : এই *** শব্দটি বাদ যাবে।

শ্রী কানাই চন্দ্র মন্ডল : এখানে দাঁড়িয়ে মার্ক্স সারা পৃথিবীতে যে তত্ত্ব আবিষ্কার করেছিলেন। দ্বন্দ্বমূলক বস্তুবাদ যা বিজ্ঞান - যে বিজ্ঞানকে সমাজ জীবনে প্রয়োগ করে সারা পৃথিবীকে নাড়িয়ে দিয়েছিলেন। আমরা কখনও তাপসবাবুর কথায় হিটলারের বক্তৃতা শুনিনি। আমরা মুসোলিনির কথা শুনছি না। আমরা শুনি লেনিনের কথা, স্টালিনের কথা। যার নেতৃত্বে সাম্রাজ্যবাদ পিছু হটেছিল, পিছু হটা শুধু না তৃতীয় বিশ্বের দেশগুলি তারা স্বাধীনতা পেয়েছিল। ভারতবর্ষের মতো দেশকে স্বাধীনতা পাওয়ার ক্ষেত্রে সুযোগ তৈরি করে দিয়েছিল সেই নেতৃত্ব। এই ইতিহাস পড়া দরকার। যদি অর্থমন্ত্রী মনে করেন, আজকে Appropriation Bill এখানে আলোচনা হচ্ছে, তিনি বাজেটের উপরে বলছেন, এই সম্পর্কে তিনি যদি এখানে ডিবেট করতে চান আমি মাননীয় স্পীকারকে অনুরোধ করবো, কোথায় এই বিষয়ে কখন আলোচনা হবে তা ঠিক হোক।

এখানে দাঁড়িয়ে যখন মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আপনারা চলেন, তখন আমরাও বামপন্থীরা একটা আদর্শ অনুপ্রেরণায় চলি। তার উপরে আঘাত করা কারোর উচিত নয়। এসম্পর্কে ডিবেট হওয়ার সুযোগ আছে। থাকতে পারে। আমি বলতে চাইছি, আগে আমি সুযোগ পাইনি - তাই আজ একথা বললাম আপনাদের কাছে। আমি যেটা বলতে চাইছি আপনাদের কাছে আজকে কর্মসংস্থানের প্রশ্নে Appropriation Bill-এ আজকে Non-Plan-এ খরচ হচ্ছে বেশি আর Plan-এ খরচ কম। আজকে গোটা রাজ্যের যে Development কোথায়, কোথায় উন্নয়ন ? আজকে কলকাতা শহর, আজকে কোথায় রাজারহাট, নতুন কি হয়েছে ছ'বছরে ? পরিসংখ্যান দিয়ে উনি বলবেন। আমাদের কাছে উনি শ্বেতপত্র দিয়ে বলবেন বামফ্রন্ট সরকারের ৩৪ বছরে যে রাজারহাট তৈরি হয়েছিল যা স্বপ্ন। আজকে তিনি বলবেন নতুনভাবে তিনি তার কি কি পরিকল্পনা করেছেন। আজকে তার পরিকাঠামো কি তৈরি করেছেন বলবেন। আজকে Appropriation Bill-এ আজকে যখন বলছেন যে কর্মসংস্থান হচ্ছে, আজকে কর্মসংস্থানের কথা বলা হচ্ছে, আজকে আমাদের পশ্চিমবাংলায় হিসাব করুন, হিসাব করে দেখা যাচ্ছে শুধু কেরালাতে একটা Statistics বলছে ১৭ লক্ষ ছেলে পশ্চিমবাংলার - কেরালাতে কাজ করে। আরবে কাজ করছে, মুম্বাইতে কাজ করছে বহু রাজ্যে কাজ করছে। আজকে কেন এই রাজ্যে - কর্মসংস্থানের আপনি পরিসংখ্যান দিচ্ছেন, ৬৫ লক্ষ ৬৩ লক্ষ, কখনও পরিসংখ্যান দিচ্ছেন ৪৩ লক্ষ ১৩ লক্ষ। আজকে কেন আমাদের যুব অংশ আমাদের রাজ্যে কাজ না পেয়ে বাইরে যাচ্ছে। আর এখানে শিল্প স্থাপনের যতটুকু সুযোগ ছিল আজকে এখানে সিঙ্গুর - এখানে দাঁড়িয়ে আপনি এটাকে সিলেবাসে যুক্ত করছেন ? আজকে যা হওয়ার আগামীদিনে পশ্চিমবাংলায় পেরেক এবং পেরেকের যন্ত্রণায় পশ্চিমবাংলার বেকার যুবক ছটপট করবে। পশ্চিমবাংলার যুবকদের চাকরি হবে না, কর্মসংস্থান হবে না। এই ব্যবস্থা তৈরি করেছেন আজ। তার symptom গোটা পশ্চিমবাংলা জুড়ে আজকে শুরু হয়েছে – ভাঙড় শুধু না।

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

আজকে ভাঙড় শুধু নয়, আজকে আউশগ্রাম, আজকে টোটাল ডেভলপমেন্ট আটকে যাচ্ছে। তাহলে আপনার অ্যাপ্রোপ্রিয়েশান বিলে - যে রেভিনিউ আদায় করতে পারতেন, আজকে কয়লা থেকে রেভিনিউ কত, আজকে ডিজেল, পেট্রোল, আজকে ডিজেলের প্রকৃত দাম কত - ১৬ টাকা ৫০ পয়সা। আমার রাজ্যে ডিজেল,পেট্রোল কত টাকা দামে বিক্রি হচ্ছে ? ডিজেল, তার থেকে কত রেভিনিউ পাচ্ছেন ? আপনি এখানে দাঁড়িয়ে কার উপরে ট্যাক্স বাড়াচ্ছেন ? গত পরশুদিনকে যখন আমি এলাকায় যাচ্ছি, আমার কাছে কিছু কৃষক আমাকে অভিযোগ করে বললেন যে ডি সি আর, আমার রেকর্ড করার জন্যে ডি এস আরে টাকা লাগতো মাত্র ১টাকা করে ডি সি আর, এক শতক জমি রেকর্ড করার জন্য টাকা লাগত। আজকে ম্যাসেজ গেছে, সারা রাজ্যের সমস্ত বি.এল.আর.ও.র কাছে, সেই ম্যাসেজ হচ্ছে ৪০টাকায় এক লাফে একটা ডি সি আর পেতে শতকে রেকর্ড করতে হবে। কোথা থেকে টাকা তুলছেন ? আজকে কৃষক তার ফসলের দাম পায় না, আজকে বিদ্যুতেরও দাম বাড়ছে, সারের দাম - আজকে আপনার বাজেটে আপনি রেভিনিউ আদায় করছেন, নন প্ল্যানে আপনি গত বছর ১০ হাজার কোটি টাকা খরচ করেছেন, শুধু জেলায় জেলায় মুখ্যমন্ত্রীর সফরের জন্য টাকা খরচ হচ্ছে। আজকে ব্লকগুলিতে যে ওন ফান্ড থাকছে, সমস্ত টাকা আজকে গাড়ি, ঘোড়া, আজকে পরিবহণের জন্যে দলীয় মিটিং, সরকারি মিটিং-এর নামে করছেন, তার জন্য কোটি টাকা খরচ হচ্ছে; এই টাকা আজকে প্রপার কাজে খরচ হচ্ছে না। আজকে পরিসংখ্যানে যে তপশীল জাতি, উপজাতি যাদের কথা আপনারা বলেন, যাদের জন্য আপনারা ভোটে জিতেছেন, আজকে প্রতি বছর তাদের বরাদ্দ কমে যাচ্ছে। তাদের ক্ষেত্রে আজকে - আপনার প্রাইমারী স্কুল, তপশীল জাতি '১৪-'১৫তে ১.৯৬ শতাংশ ছুট হয়েছিল, আজকে এই বৎসর সেটা বেড়ে হয়েছে ৩.৪১। আজকে সংখ্যালঘুদের ক্ষেত্রে ১.১১থেকে সেইটা বেড়ে হয়েছে,২.২৬। আজকে ছুট বাড়ছে, সংখ্যালঘু তপশীল জাতি। আজকে একটা প্রাইমারি ক্ষেত্রে, কি উচ্চ মাধ্যমিকের,প্রাথমিকের ক্ষেত্রে আজকে যাদের জন্য বাজেটের প্রকৃত টাকা গরীবের জন্য খরচ করা দরকার, আজকে সেই টাকা খরচ না করে আজকে সবুজ সাথী, করা হচ্ছে আজকে দিল্লি যখন চাল দেয়, তখন সবুজ সাথী হয়, আজকে সংখ্যালঘুদের খাদ্য সাথী হয়। আজকে দিল্লি না দিলে পরে তখন বঞ্চনা হয়। আপনি তো রেভিনিউ বাড়িয়েছেন, আপনার বাজেটে প্রতিফলন আছে, আজকে নোটবন্দী বাঘবন্দী খেলার পরেও আপনার টাকা বেড়েছে। আপনি বাজেটে বলেছেন। আজকে অ্যাপ্রোপ্রিয়েশান বিলে আমি বলতে চাই, আজকে আপনার অভিমুখ হওয়া দরকার গরীবের জন্য তপশীলি জাতি, আদিবাসী উপজাতি, কৃষক ও আজকের জন্য অর্থের অভাবে পঞ্চায়েত ডিফাং হয়ে গেছে। কোন টাকা বরাদ্দ নাই, কেন্দ্রীয় বরাদ্দ ছাড়া। এন আর ই জি এ ছাড়া বরাদ্দ নাই। ডিফাং হয়ে গেছে সারা রাজ্যের পঞ্চায়েত। আপনারা প্রত্যেকটা এম এল এ আছেন,বুকে হাত দিয়ে বলুন কি পঞ্চায়েতের করুণ অবস্থা তৈরি হয়েছে, কোথায় ডেভেলপমেন্ট ? এত টাকার বাজেট, সেই বাজেটের প্রতিফলন আজকে কোথায় ? আজকে বাঘবন্দী খেলায়, আজকে নোটবন্দী খেলায়, আজকে খুবই ভাললাগে, যখন মুখ্যমন্ত্রী সারা দেশ জুড়ে আন্দোলন করছিলেন, আমরা দেখেছি, কালো টাকা, সারদার টাকা সাদা হয়েছে, এক। দুই হচ্ছে, তারপরে যখন চিৎকার চেঁচামেচি ...

(সময় শেষ হয়ে যাওয়ায়, বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই অতিরিক্ত অনুমোদন চেয়ে আজ যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল আনা হয়েছে, গতকাল সেই অতিরিক্ত অনুমোদনের ব্যাপারে বিশদ আলোচনা হয়েছে।

[3:10 – 3.20 p.m.]

এই অতিরিক্ত ব্যয়ের সিংহভাগই সামাজিক উন্নয়ন প্রকল্পের জন্য, যার কয়েকটি উদাহরণ আমি দিতে চাই। অতিরিক্ত ব্যয়ের মধ্যে ভোটেড পোর্শান, যেটাতে স্যার ভোট হবে, সেটা হচ্ছে ১৪,৭০৮ কোটি। এটা হচ্ছে ভোটেড পোর্শান। আমার সিনিয়ার কলিগ কোড করেছেন। সেটা ঠিকই। কিন্তু ভোটেড পোর্শানটা শুধু ১৪,৭০৮। স্যার, এই যে বললাম, সামাজিক পরিকাঠামো সম্বন্ধে অ্যাপ্রোপ্রিয়েশানে মধ্যে বেশিরভাগ কী আছে। ইন্দিরা আবাস যোজনা - ১,৬০৯ কোটি। ন্যাশনাল রুরাল হেল্থ মিশান - ৪৮৭ কোটি। Relief on account of natural calamity - ৩৬১ কোটি। WBSEDCL, রুরাল ইলেক্ট্রিফিকেশান স্কিম, গ্রামে যাতে বিদ্যুৎ পৌঁছাতে পারে, সেখানে অ্যাপ্রোপ্রিয়েশানে আছে ১,০২২ কোটি। নিশ্চয় সেটা সবাই সাপোর্ট করবেন। আমার বন্ধুরাও নিশ্চয় সাপোর্ট করবেন। প্রধান মন্ত্রী গ্রাম সড়ক যোজনা, এক্ষেত্রে ১,১৮৩ কোটি, নিশ্চয় সাপোর্ট পাব। Grant to WBPDCL, এখানে আমার পাওয়ার মিনিস্টার উপস্থিত ছিলেন, ৬৪৫ কোটি। Crop Insurance Scheme, এক্ষুনি গ্রামের মানুষের কথা বলছিলেন আমাদের কানাই চন্দ্র মন্ডল সাহেব, রেসপেক্টেড মেম্বার। এই crop insurance অত্যন্ত গুরুত্বপূর্ণ, তারজন্য ১৪১ কোটি। Supply of rice to the APL, BPL families. কত জানেন স্যার - ৩,১৩৭ কোটি। Green City Mission, যার প্রতিফলন আপনারা বাজেটে দেখেছেন। একটি পিকচার পেয়েছেন যে কীভাবে আমরা চেষ্টা করছি Green জিনিসটাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য। Green City Mission-এর জন্য ৪৫৬ কোটি। Rural Drinking Water Supply Scheme Project, নিশ্চয় সাপোর্ট পাব স্যার আমার অপোজিশানের বন্ধুদের কাছ থেকে, ১৩৩ কোটি। এইভাবে নানা সামাজিক পরিকাঠামোর ওপরে এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলের আজকে যেটা আলোচ্য বিষয়, ১৪,৭০৮ কোটি, allocated for the approval of the House. স্যার, আমি একটা কথা বলতে চাই, এই অ্যাপ্রোপ্রিয়েশান ও ফাইনান্স বিলের মাঝামাঝি সেটা হল, Integrated Financial Management System। স্যার, আপনি শুনে খুশি হবেন West Bengal is the only State in the country, একমাত্র রাজ্য যেখানে ক্যাশ অথবা চেকের মাধ্যমে ট্রেজারি থেকে কোনো পেমেন্ট করা হয় না। It is electronically transmitted। প্রত্যেকের মাইনে, তার পেনশান, তার ডি ও বি, ডিরেক্ট বেনিফিট, সমস্ত জিনিস কম্পিউটারের মাধ্যমে ডিজিট্যালি, ইলেকট্রনিক্যালি transmitted করা হয়। স্যার, ভারতবর্ষে আর কোনো রাজ্য নেই যেখানে অ্যাচিভ করতে পেরেছে। এটা রিজার্ভ ব্যাঙ্কের ই-কুবেরের যে সফটওয়্যার তৈরি করেছিল, কোনো রাজ্য তার অ্যাডভান্টেজ নিতে পারে নি। পশ্চিমবঙ্গ সেই অ্যাডভান্টেজ নিয়েছে। যার জন্য আজকে যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল এনেছি, শুধু click on the bottom, আপনার সামনে-সমস্ত ডিটেল এগিয়ে আসছে। তাই আমি বলব, পশ্চিমবঙ্গ নানা জিনিসে নম্বর ওয়ান হয়েছে। এটা তো শুধু নম্বর ওয়ানই নয়, আজ পর্যন্ত আমি চ্যালেঞ্জ করে বলছি একটি রাজ্য এই লেভেল অফ ডিজিটাইজেশানে যেতে পারেনি। আমরা শুনি ক্যাশলেস, অমুক, তমুক, শুনছি। ওয়ার্ডস, ফাঁকা আওয়াজ। পশ্চিমবঙ্গ করে দেখিয়েছে। যার সমস্ত মাইনে, সমস্ত পেনশান, সমস্ত ডিরেক্ট বেনিফিট ট্রেজারি থেকে সোজা চলে যায় ইলেক্ট্রনিক্যালি টু দ্য বেনিফিসিয়ারিজ, through Integrated Financial Management System. কে বলেছে স্যার, কেন্দ্রীয় সরকার কমপিটিশান করেছিল। একটি মাত্র রাজ্য করতে পেরেছিল, তাকে ফার্স্ট প্রাইজ দিতে বাধ্য হল। সেই ফার্স্ট প্রাইজ কোথায় দেওয়া হল - arrangement - গান্ধীনগরে সেরিমনি হল। পশ্চিমবঙ্গের মানুষ, তাদের হাত গিয়ে গান্ধীনগর থেকে সেই প্রাইজটা নিয়ে এল।

তাই বলব, আজকে এই অ্যাপ্রোপ্রিয়েশান বিল তৈরি করতে খুব সুবিধা হয়েছে। তার কারণ it is totally electronics, easily understanding। আমার বন্ধু কানাই চন্দ্র মন্ডল

সাহেব বলেছেন কোন না কোন সময় মার্কস-লেনিন-স্তালিন সম্বন্ধে ডিবেট করার জন্য। স্যার, আজ আমি এই হাউসের সময় নেব না, শুধু একটা কথা আমি উদাহরণস্বরূপ এখানে বলতে চাই। ছোটবেলায় 'গোর্কির মাদার' বলে একটা থিয়েটার দেখতে গিয়েছিলাম। বিশাল মানুষ অভিনয় করছিলেন সেই থিয়েটারে। তখন থেকেই গোর্কি সম্বন্ধে আমার খুব একটা কৌতূহল ছিল। সেদিন একটা নতুন রিসার্চ পড়তে পড়তে অবাক হয়ে গেলাম, according to latest research গোর্কি সাপোর্ট করেছিলেন রাশিয়ান রেভিলিউশানকে। গোর্কির সঙ্গে লেনিনের স্ত্রীর ভালো সম্পর্ক ছিল। তিনি গিয়ে ওকে বললেন, তুমি আবার এইসব উল্টোপাল্টা হিউম্যান রাইটস সম্বন্ধে লিখছো কেন, তুমি একটু অন্য জায়গা থেকে ঘুরে এসো। জানি না এইকথা এখানে কজন জানেন। গোর্কি কিন্তু তারপরে রাশিয়া থেকে ইতালিতে চলে গেলেন পরে যখন স্তালিন বুঝতে পারলেন গোর্কির একটা ভ্যালু আছে, তখন একটা অদ্ভুত ঘটনা হয়েছিল স্যার, গোর্কি ২৫০০ চিঠি পেয়েছিল রাশিয়া থেকে - 'ফিরে এসো, ফিরে এসো, ফিরে এসো'। শেষ পর্যন্ত গোর্কি রাশিয়াতে ফিরে গেল। লাস্ট কি রিসার্চ হয়েছে জানেন স্যার, সেই চিঠিগুলো কে লিখেছিল, KGB অর্গানাইজড করেছিল চিঠিগুলো লেখার জন্য। ২৫০০ চিঠি রাশিয়া থেকে ইতালিতে গোর্কির কাছে পৌঁছাল। উনি তো ভাবলেন রাশিয়ার লোকেরা আমাকে চাইছে, সেই চিঠি নিয়ে উনি আবার রাশিয়ায় ফিরে এলেন এবং জীবনের শেষে তিনি অনেক দুঃখ পেয়েছেন। কিন্তু স্তালিন বুঝতে পেরেছিলেন গোর্কিকে ফিরিয়ে এনে চেয়ারম্যান অফ দি লিটারারি অ্যাসোসিয়েশান করে যে independent thinking-কে কীভাবে কন্ট্রোল করা যায়। তাই স্যার, কোন দিন না কোন দিন আপনি সুযোগ দিলে এই নিয়ে আমি শিখব, আরও আলোচনা করব। স্যার, আমি অত্যন্ত বাধিত, এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলে আমাকে বলার সুযোগ করে দিয়েছেন বলে। ধন্যবাদ স্যার।

Mr. Speaker : Now the question before the House is that the West Bengal Appropriation Bill, 2017 be taken into consideration. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

CLAUSE '2 & 3'

Mr. Speaker: There is no amendment to Clause 2 & 3. So I put Clause 2 & 3 do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

SCHEDULE

Mr. Speaker: There is no amendment to the Schedule of the Bill. So I put Schedule do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker: There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Dr. Amit Mitra: Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker: Now the question before the House is that the West Bengal Appropriation Bill, 2017, as settled in the Assembly, be passed. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, no

Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

Adjournment

The House was then adjourned at 3.19 p.m. till 11.00 a.m. on Monday, the 20th February, 2017 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 20th February, 2017 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 23 Ministers-in-Charge, 09 Ministers of State and 222 Members.

[11:00 – 11.10 a.m.]

Starred Questions

(to which oral answers were given)

বিপর্যয় মোকবিলায় গৃহীত পদক্ষেপ

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৯) **শ্রী কল্লোল খাঁ** ঃ বিপর্যয় ব্যবস্থাপনা ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বিপর্যয় মোকাবিলায় রাজ্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে আমি আমাদের মাননীয় বিধায়ক শ্রীকল্লোল খাঁ এর প্রশ্নের উত্তরে বলছি

Q: What Steps has the State Government taken and is taking to mitigate Disasters in the State?

ANSWER

STEPS TAKEN BY THE DEPARTMENT OF DISASTER MANAGEMENT FOR DISASTER MITIGATION

Combating natural calamities through a process of Preparedness, Mitigation, Response, Rehabilitation and Reconstruction in the State is the main responsibility of the Department of Disaster Management. Due to the geophysical diversity, West Bengal is affected by different types of natural calamities like flood, drought, hailstorm, landslide, cyclone, earthquake, fire etc. causing substantial damage. This Department, with its expertise, undertakes prevention activities and steps to mitigate and coordinate timely rescue and relief operation to minimize the loss of lives and property. Above all, this Department, as the principal coordinating agency for Disaster Management in the State, takes active part in post-disaster reconstruction and rehabilitation work with other Departments concerned. The Department also assists the common people by issuing timely warnings to minimize the loss caused by various natural disasters like floods, cyclones which can be forecast thereby enabling the affected population to minimize their loss.

Some of the major steps taken by the Department of Disaster Management for mitigation of disasters are;

1) **Establishment of round the clock Emergency Operation Centre :** An Emergency Operation Centre (EOC) has been established at the Department which is operational 24X7, 365 days and responds to any natural disaster anywhere in the State and outside also in quick time. A toll free nuniber 1070 has been kept at the EOC for the masses to communicate.

2) **Preparation of Disaster Management Plan:** The Department prepares Disaster Management Plans at State Level, District Level, Sub-Division Level and Block Level and updates it every year. SOPs of all the Departments are included in this plan. The DM Plan for 2016-17 has been prepared and put up to SDMA for approval.

3) **SMS based Early Warning System :** The Department developed SMS based Early Warning System thorugh the IT Department in English and Bengali for alerting all the mobile users in the districts of the State regarding advent of natural calamities like cyclone, tsunami, heavy rainfall, etc. Early Warning SMS service for the government officials at State, district, block and up to Gram Panchayat level are operational. In extreme cases, even the mass can be warned through this system.

.....(At this stage, all the Hon'ble Members of INC and the Left Front parties were raising slogans before of the podium of the Hon'ble Speaker)....

Construction of Flood Shelter and Relief Godown–Flood Shelters and Relief Godowns are constructed in District/Sub-Division and Block level from State Plan Fund. The present rate for construction of a Flood Shelter is Rs.50.00 lakh and Relief Godown is Rs. 13.76 lakh. Presently there are 493 numbers of Flood Shelters and 286 numbers of Relief Godowns in West Bengal.

...(Noise).....

Construction of Multi Purpose Cyclone Shelter–The Department is constructing 225 Multi Purpose Cyclone Shelters in the 3 coastal districts in 18 numbers of Blocks of North 24 Parganas, South 24 Parganas and East Medinipur under the schemes National Cyclone Risk Mitigation Project-II (NCRMP-II), Integrated Coastal Zone Management Project (ICZMP) and Prime Minister's National Relief Fund.

.....(Noise).....

Disaster Management Kit–This was introduced during the year 2013-14 for distribution among the victims of natural calamities. This composite family Kit comprises of two sub-kits namely Shelter/Clothing kit and Utensil kit. From the year 2015-16, one more kit namely Dignity Kit for the women has been included in this Family Kit.

....(Noise)...

National School Safety Programme–This programme was started in 2011-12 with a view to "Capture the Young Mind" through capacity building and creating awareness among the officials, teachers and students on earthquake and landslides in 200 schools each in the districts of Darjeeling, Jalpaiguri & Cooch Behar for which Rs. 2,65,83,264/- was allotted. The programme ended on 30/06/2015 and all the selected 600 schools in 3 districts were covered successfully

...(Noise)....

Implementation of Web Based Incident Response Software–The Department is implementing a Web Based Incident Response Software (Previstar CPS) at the EOC through WEBEL Technology Ltd. for better management of disasters by real time analysis of data. Initially the project will cover the districts of Howrah, Hooghly, North 24 Parganas, South 24 Parganas and Kolkata. All the infrastructural data of the districts, along with the latitude and longitude, has been fed into the system for easy and real time access. Alerts for any situation can be sent to the group of officials of District/ Sub-Division/Block/GP level and to anyone whose number is fed into the system simultaneously through SMS, e-mail and Voice Call. Any area, where a disaster strikes, can be monitored in real time if the incidents with lat/long data of the places are fed into the system. The effectiveness of this system has recently been checked in the Tsunami Mock Drill on 26/9/2015.

....(Noise).....

Awareness Campaign Awareness generation amongst the masses through Melas such as Subhas Mela, Millan Mela, Ganga Sagar Mela, Vivek Mela, Mati Utsav, Sramik Mela, Sundarban Mela, Kreta Surakha Mela etc. and though advertisements in TV Channels, magazines and awareness camps and also through printing of Calendars, Leaflets & Booklets depicting pictures of seasonal hazards and Dos and Don'ts during the disasters. Mock Drills on Flood, Earthquake and Cyclone are regularly conducted in selected districts. A weekly talk show on Natural Disaster was telecast in Door Darshan for 52 episodes. Experts explain the cause and Dos and Don'ts during disasters, answer all the queries from people over live calls.

[11:10 – 11.20 a.m.]

10) **Pre-positioning of NDRF & SDRF Teams in strategic places:** For the last 3 years NDRF teams are being prepositioned at Siliguri, Kakdwip, Sandeshkhali and Ghatal for reducing response time to reach the disaster affected areas.

11) **Major Relief Works:** Department of Disaster Management organized relief operation during two major disasters during 2015-16. One is Flood in 12 Districts in South Bengal and the other is Landslide in Darjeeling.

12) **Gratuitous Relief:**

i) Normal GR : 12 kg wheat per month is provided to a fixed number of indigent families of all the blocks 1,77,269 people were provided with NGR during 2016-17.

ii) Special GR : 12 kg Rice is provided to the indigent people and people affected by Natural Calamity. 12,432 people were provided with Spl GR during 2016-17.

iii) Leprosy GR: 12 kg Rice is provided to the identified beneficiaries suffering from leprosy. 5797 people were provided with LGR during 2016-17.

iv) Cash GR : Rs 120/- per month is provided to the indigent families. 47,708 people were provided with Cash GR during 2016-17.

13) **Ex Gratia Grant:** This grant is provided to the next of-kins of any person who dies in any Natural Calamity, Accidental Fire, Snake Bite, Sun Stroke or Road Accident. The rates of assistance is are as follow :

i) Natural Calamity/Accidental Fire/Road Accident - @ Rs 2.00 lakh

ii) Snake Bite/Sun Stroke - @ Rs 1.00 lakh

For severely injured cases Rs 1.00 lakh is sanctioned.

Rs. 903.00 Lakh were disbursed for 717 Death cases during 2016-17.

14) **House Buildling Grant:** This grant is provided to the families whose houses are fully or partially damaged due to any Natural Calamity or Accidental Fire. The rates of assistance is are as follow:

i) **House Building Grant (N/C)**

a) Fully damaged Pucca House : @ 70000/- (Rs 75000/- for hilly areas)

b) Fully damaged Kutcha House : @ 17600/

c) Severely damaged Pucca House : @ Rs. 12600/

d) Severely damaged Kutcha House : @ Rs. 3800/

e) Partially damaged Pucca House : @ Rs. 3800/

f) Partially damaged Kutcha House : @ Rs. 2300/

g) Damaged /Destroyed Huts : @ Rs. 1500/

Rs 1,048.24 Lakh were disbursed for 13,326 number of Houses during 2016-17.

ii) **House Building Grant (Fire)**

a) Fully damaged Pucca House : @ Rs. 35000/

b) Fully damaged Kutcha House : @ Rs. 15000/

c) Partially damaged Pucca House : @ Rs. 6300/

d) Partially damaged Kutcha House : @ Rs. 3200/

Rs 161.55 Lakh were disbursed for 692 number of Houses during 2016-17.

15) **Economic Rehabilitation Grant :** This grant is provided to economically poor section of people for commencement of business, the upper limit being Rs 10000/-. Sewing Machines are also provided to persons having certificate in sewing.

16) **Relief Materials :** Relief Materials are distributed among people affected by Natural Calamities and Accidental Fire. The materials are; Tarpaulin, Dhuti, Saree, Lungi, Salwar Kameez, Pajama Panjabi, Children's Garments, Blanket and Wrapper.

Disbursement of Relief Materials for MLA Quota during 2016-17

Sl. No.	Item	Quantity (No. of pieces)	Amount (Rs. In crore)
1.	Dhuti	1,75,200	2.7331
2.	Saree	2,62,800	6.2021
3.	Lungi	87,600	0.9110
4.	Children's Garments (Boys)	65,700	1.0417
5.	Children's Garments (Girls)	65,700	1.1419
6.	Salwar Kamiz	73,000	1.9163
7.	Wrapper	1,75,200	3.0485

8.	Woolen Blanket	1,75,200	3.1886
9.	Pajama & Punjabi	65,700	1.6694
Total:			21.8526

.....(At this stage, all the Hon'ble Members of INC and the Left Front parties continued raising slogans before of the podium of the Hon'ble Speaker)....

.....(ইংরেজী) .....

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী জাভেদ খান সাহেবকে ধন্যবাদ জানাই, সর্বপরি মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ২০১১ সালে ক্ষমতায় আসার পরে যে ভয়াবহ বন্যা পশ্চিমবাংলায় হয়েছিল ম্যানমেড বন্যা, বামফ্রন্ট সরকারের পরিকল্পনা ছিল না এবং সেই বন্যাকে যে ভাবে মোকাবিলা করেছিলেন নিশ্চিত ভাবে এই বিধানসভা আন্তরিকভাবে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানায়। অত্যন্ত সুষ্ঠভাবে আমরা সেই বন্যার মোকাবিলা করেছিলাম।

.....(তুমুল গোলমাল).....

(এই সময় মাননীয় বিরোধী সদস্যগণ বিধানসভার ওয়েলে নেমে বিক্ষোভ দেখাতে থাকেন).....

আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে তিনি নিশ্চিতভাবে মা-মাটি-মানুষের সরকারের তরফ থেকে রাজ্য বিপর্যয় মোকাবিলার বিভিন্ন দিকে দৃষ্টিপাত করেছেন। এই পবিত্র বিধানসভায় আমি শুধু একটা কথা বলতে চাই, বিগত বামফ্রন্ট সরকারের আমলে এই দপ্তর আমার মনে হয় ছিল কি ছিল না বাংলার মানুষ জানত না। ...(গোলমাল).....আমরা ২০০১ সাল থেকে ২০১৬ সালের ভিতরে রাজ্য বিপর্যয় মোকাবিলা দপ্তরের তরফ থেকে বিভিন্ন জায়গায় সুনামির জন্য এবং বন্যা মোকাবিলার জন্য গারমেন্ট সহ বিভিন্ন রকম ক্ষয়ক্ষতির জন্য মানুষ সাহায্য পাচ্ছেন। আমার প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে বিগত দিনে বামফ্রন্ট সরকারের আমলে এই রাজ্য বিপর্যয় মোকাবিলার জন্য ২০০৯-১০, ১০-১১ সালে কত অর্থ এই দপ্তর খরচ করেছিল এটা জানাবেন কি? ...(গোলমাল).....

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে বলি উনি স্পেশিফিক যেটা চেয়েছেন ২০০৯-১০এর, সেটা আমার কাছে উপস্থিত নেই। পরে আমি আমার দপ্তর থেকে নিয়ে উনাকে দিয়ে দেব। ...(গোলমাল).....

শ্রী কল্লোল খাঁ : মাননীয় মন্ত্রী মহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন, পশ্চিমবাংলায় আপনার দপ্তর নতুন করে যে সুনামি বাংলার উপর দিয়ে গিয়েছে, বিভিন্ন ঝড়, ঝঞ্ঝা গিয়েছে, সেই ব্যাপারে কোন অত্যাধুনিক পরিকল্পনা আপনার দপ্তর গ্রহণ করেছে কি না জানাবেন?

শ্রী জাভেদ আহমেদ খান : ...(গোলমাল).....স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী কল্লোল খাঁকে জানাই আমাদের দপ্তর সব রকমের ব্যবস্থা নিয়েছে। উনি ঠিকই বলেছেন, আগে যাদের গভর্নমেন্ট ছিল তখন এই দপ্তর ছিল কি ছিল না সেটা একটা বড় প্রশ্ন ছিল। আজকে দপ্তরটা সচল হয়েছে এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর farsightedness এর জন্য হয়েছে। এই দপ্তরটা আগে আপনারা দেখেছেন কোন কাজ করত না। ...(গোলমাল).....এখন আমাদের

সরকার আসার পরে দপ্তরের বাজেটও যেমন বেড়েছে তেমনই আধুনিকীকরণও করেছি। সেখানে আপনারা দেখতে পারবেন আমাদের দপ্তরে যেমন মাল্টিপারপাস সাইক্লোন সেন্টার তৈরি হচ্ছে তেমনই ডিসট্রিক্ট প্ল্যানও তৈরি হচ্ছে ইরিগেশানের জন্য। তার সংগে ট্রেনিংও দেওয়া হচ্ছে। তার সংগে আমাদের বিভিন্ন স্কিম তৈরি হয়েছে এটাকে মোকাবিলা করবার জন্য স্যার সব রকমের ইকুইপমেন্টস আসছে। তার মধ্যে ভলান্টিয়ারাও থাকছে। তারা কোন রকম বিপর্যয় হলে ছুটে যাচ্ছে। ...(গোলমাল).....আগে কলকাতার দিকে তাকিয়ে থাকতে হত। এখান থেকে লোক যাবে, টিম যাবে তারপর মোকাবিলা করা হত। এখন আমরা প্রত্যেকটা ডিসট্রিক্টে দুইখানা করে গাড়ি দিয়েছি। সেখানে সবরকমের যন্ত্রপাতি আছে। কোন রকমের বিপর্যয় হলে, রাতের অন্ধকারে হলেও তার মোকাবিলা করবার জন্য সব আছে। ২০ টি ডিসট্রিক্টে আমরা সেইরকম যন্ত্রপাতির ব্যবস্থা করতে পেরেছি। ...(গোলমাল).....

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে একটা অতিরিক্ত প্রশ্ন আপনার দপ্তরের মাধ্যমে সারা বাংলায় মাল্টিপারপাস সাইক্লোন সেন্টার আপনি কতগুলো তৈরি করেছেন? যদি সম্ভব হয় জেলাওয়ারি রিপোর্টটা দেন তাহলে ভাল হয়।

মিঃ স্পীকার : উনি এর আগে প্রশ্নের উত্তরে বলেছেন। আগের কোশ্চেনে উনি এলাবোরেটলি বলেছেন। আপনি বোধহয় মিস করে গেছেন। তবু মাননীয় মন্ত্রী মহোদয় বলে দেন।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আমাদের তিনটি ভাগে ফ্লাড সেন্টার আছে।...(গোলমাল)..... একটা সাইক্লোন সেন্টার আছে, প্রাইম মিনিস্টার রিলিফ ফান্ডে হয়। ন্যাশনাল সাইক্লোন রিলিফ ফান্ড প্রোগ্রামের মাধ্যমে একটা হয়, Integrated Coastal Zone Managementর মাধ্যমে একটা হয়। আমাদের স্টেট প্ল্যান থেকে ৪৯৩ টি ফ্লাড সেন্টার তৈরি হয়েছে। সেটার কাজ চলছে। এক একটা ফ্লাড সেন্টার প্রায় ৫০ লক্ষ টাকা খরচা করা হয়েছে। উনি এলাবোরেটলি চেয়েছেন। আমি সেটাও দিয়ে দেব। প্রাইম মিনিস্টার ন্যাশনাল রিলিফ ফান্ডে আমাদের প্রায় ৫০ টা তৈরি হচ্ছে। ...(গোলমাল).....১৩৮ পয়েন্ট ৬৮ কোটি টাকা খরচা হচ্ছে। প্রায় সব জায়গায় কাজ চলছে। আর ন্যাশনাল সাইক্লোন রিলিফ প্রোগ্রামের মাধ্যমে স্যার প্রায় ১৫০খানা ন্যাশনাল মাল্টিপারপাস সাইক্লোন সেল্টার তৈরি হয়েছে। ...(গোলমাল).....

১৮ টি ব্লকের মধ্যে তৈরি হচ্ছে স্যার। প্রায় ৭০৫.৪৫ কোটি টাকা খরচ হচ্ছে। এই কাজগুলো চলছে। ইন্ট্রিগ্রেটেড কোস্টাল জোন প্রোজেক্ট ম্যানেজমেন্ট হিসাবে ২৫টি তৈরি হচ্ছে। তারমধ্যে ১০৫.৩৯ কোটি টাকা খরচ হবে। এক একটা প্রোজেক্ট কস্ট হবে ৪.৩১ কোটি টাকা। আর যেটা ন্যাশানাল সাইক্লোন স্কীম তারজন্য খরচ হবে ৩ কোটি ৮৫ লক্ষ টাকা প্রত্যেকটা ইউনিটে খরচ হবে। আর প্রাইম মিনিস্টারস্ ন্যাশানাল রিলিফ ফান্ড থেকে যেটা খরচ হচ্ছে। সেটা ২ কোটি ৮০ লক্ষ টাকা পার ইউনিট খরচা হচ্ছে। আমাদের সরকার ত্রাণ সেল্টারের জন্য স্টেট প্ল্যান থেকে যা খরচ করছে সেটা হচ্ছে - পূর্ব মেদিনীপুর জেলায় ২২টি আর পশ্চিম মেদিনীপুর জেলায় ৭৮টি। বর্ধমান জেলায় ৩১ টা, বীরভূম জেলায় ৮টি। কোচবিহারে ২৩ টা হচ্ছে, আলিপুরদুয়ারে ১টা হচ্ছে। দার্জিলিংয়ে ৫ টা হচ্ছে। দক্ষিণ দিনাজপুর ৩৪ টি, হুগলিতে ৩২ টা। হাওড়াতে ৪১ টা, জলপাইগুড়িতে ৭টি, মালদাতে ৩২ টা, মুর্শিদাবাদ ৪৬ টা, নদীয়াতে ২৬, নর্থ ২৪ পরগনাতে ৫৪ টা, সাউথ ২৪ পরগনাতে ২৩, উত্তর দিনাজপুর ৩০ টা হচ্ছে স্যার। এটা হচ্ছে স্যার, ফ্লাড সেল্টারগুলো এবং প্রাইম মিনিস্টারস্ ন্যাশানাল রিলিফ ফান্ডের আন্ডারে। পি.এম. এন.আর.এফ. - এর মাধ্যমে ঐ সব ডিস্ট্রিক্টে হচ্ছে এবং তার মধ্যে আমাদের পূর্ব মেদিনীপুরে ১৫ টা হচ্ছে। ৫০ টার হিসাব দিচ্ছি স্যার

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনি এই লিস্টটা দিয়ে দেবেন।

Mr. Rohit Sharma : Hon'ble Speaker, Sir, through you I would like to put my question before Hon'ble MIC. He said that the relief materials were sent during the natural calamities. I would like to express here, Sir, that the relief materials which were sent to the victims were specially meant for the people in the plains as because in the hills people do not wear dhotis. May I request the Hon'ble MIC to take this into account that whenever relief materials are sent to the hills they may be sent as per the requirements of the climatic condition. Secondly, Sir, the houses which have been damaged in the year 2013-14 they are yet to get the relief from the government, because there is a confusion whether the report is to be sent through the DM or it has to be sent through the Principal Secretary of the GTA. May I request the Hon'ble MIC to please highlight on this issue. Thank you, Sir.

Shri Javed Ahmed Khan : Sir, I will thank Mr. Rohit Sharma. First of all, let him aware that for the hills there is always special programme and specially for the hill people we give money directly to the DM for purchase of the clothes. We know that the clothes which are supplied or the relief materials we supply for the plains cannot match their requirements. So, we give money and the DM in consultation with the MLAs, themselves purchase from the local market. Regarding the other things which they required during the last landslide, we provided to the GTA. We cannot provide to the higher authorities because GTA is the authority for getting the living materials and also the cash drawn as conpensation and it is according to the procedure and the rules framed by the Central Government or the State Government, it has to go through the GTA and during the last landslide we have given more than Rs 27 crores to the GTA for building up houses, roads, factories and infrastructures which have been damaged.

.....(গোলমাল).....

[11:30 – 11.40 a.m.]

(এই সময়ে বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্যগণ এবং বাম পরিষদীয় দলের মাননীয় সদস্যগণ স্পীকার পোডিয়ামের সামনে গিয়ে স্লোগান দিতে থাকেন।)

শ্রী শীলভদ্র দত্ত: মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে বিনীতভাবে জানতে চাইছি বিধানসভার ভেতরে এবং বাইরে কংগ্রেস এবং সি.পি.এম যে বিপর্যয়ের মধ্যে পড়েছে, এর থেকে এদের উদ্ধার করার মতো কোন ব্যবস্থা বা প্রস্তাব মাননীয় মন্ত্রীর হাতে আছে কিনা জানালে ভাল হয়।

Mr. Speaker: This question you need not reply.

শ্রী জাভেদ আহমেদ খান: স্যার, হেল্থ ডিপার্টমেন্টের কাছে উদ্ধার করার মতো ব্যবস্থা আছে। এটা মেন্টাল ডিজিজ আছে। এই মেন্টাল ডিজিজের জন্য হেল্থ ডিপার্টমেন্ট ব্যবস্থা নিতে পারে।

.....(গোলমাল).....

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবেল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন- সুন্দরবন অঞ্চলে আপনি ইতিপূর্বে ঘোষণা করেছিলেন যে ৫০টি মাল্টিপারপাস সাইক্লোনিক সেন্টার তৈরি হবে। আপনি ইতিমধ্যে জানালেন যে ২৩ টি দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবনে অঞ্চলে নির্মিত হয়েছে। বাকি ২৭টি ডিজাস্টার ম্যানেজমেন্ট দপ্তর থেকে কবে নাগাদ এগুলো তৈরি হবে এবং তার জন্য কোন অর্থ বরাদ্দ হয়েছে কি না? যদি অর্থ বরাদ্দ হয়ে থাকে তাহলে সেই বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই - এর আগে প্রশ্নের উত্তরে বলেছি আমাদের চারখানা ফ্লাড সেন্টার স্টেট গভর্নমেন্টের under স্টেট প্ল্যান তৈরি হয়। সেখানে দক্ষিণ ২৪ পরগনায় ২৩টি তৈরি হচ্ছে। তার সঙ্গে প্রাইম মিনিস্টার ন্যাশানাল রিলিফ ফান্ডের মাধ্যমে ১৫ টি মাল্টিপারপাস সাইক্লোন সেন্টার তৈরি হচ্ছে। এক একটা সাইক্লোন সেন্টার - যেটা স্টেট প্ল্যানে ৫০লক্ষ টাকা করে, আর যেটা প্রাইম মিনিস্টার ন্যাশানাল রিলিফ ফান্ডে হচ্ছে, ১৫টি, সেগুলিতে ২ কোটি ৮০ লক্ষ টাকা করে per unit তৈরি করার জন্য বরাদ্দ হচ্ছে। তার সঙ্গে National Cyclone Risk Mitigation প্রোগ্রামের মাধ্যমে দক্ষিণ ২৪ পরগনায় প্রায় ৭৫টি মাল্টিপারপাস সাইক্লোন সেন্টার তৈরি হচ্ছে। তাতে ৩কোটি ৮৫লক্ষ টাকা পার ইউনিটে খরচা হচ্ছে এবং কাজ চলছে। এজেন্সিগুলো যারা কাজ করছে - ইঞ্জিনিয়ারিং প্রজেক্ট ইন্ডিয়া লিমিটেডে, এটা প্রাইম মিনিস্টার রিলিফ ফান্ডে যেটা আছে, তারা করছে। তার সঙ্গে Hindustan Steel Works Construction Company Limited করছে। National Cyclone Risk Mitigation Programme এ Disaster ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের উদ্যোগে monitoring হচ্ছে। Bridge and Roof Company ১০১টি সাইট করছে Delhi Employees' State Limited ৪৯টি করছে। Integrated Coastal Zone Management Project এর মাধ্যমে আমরা ২৫টি তৈরি করছি। ২৫টিই ২৪ পরগনার সাউথে হচ্ছে। এক একটা ইউনিটে খরচা হচ্ছে ৪ কোটি ২১ লক্ষ টাকা করে। আর কনস্ট্রাকশান যেটা করছে, ম্যাকিনটোস বার্ন লিমিটেড করছে ২৫টি এবং এটা খুব শীঘ্র শেষ হবে।

.....(গোলমাল).....

শ্রীমতী নার্গিস বেগম : স্যার, আপনার মাধ্যম দিয়ে আমি বিভাগীয় মন্ত্রীর কাছে জানতে চাই আমার জেলা হচ্ছে বর্ধমান। আমার বর্ধমান জেলায় কতগুলি স্কুলে ছাত্রছাত্রীদের বিপর্যয় মোকাবিলার ট্রেনিং দেওয়া হচ্ছে বা হবে? তাছাড়া রিলিফ ফান্ড থেকে পুজোর সময় বা ঈদের সময় যে কাপড়গুলো দেওয়া হয়, সেগুলি চেক কাপড়। আমাদের গ্রামের মানুষরা প্রিন্টেড কাপড় পছন্দ করে। আপনার মাধ্যম দিয়ে ওনার কাছে আমার অনুরোধ এবারে চেক কাপড় না দিয়ে যদি প্রিন্টেড কাপড় দেওয়া হয় তাহলে ভাল হয়। এই বিষয়টি আপনি অনুগ্রহ করে যদি বিবেচনা করেন তাহলে ভাল হয়।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া বিধায়িকার প্রশ্নের উত্তরে বলি আমাদের নর্থ বেঙ্গলের তিনখানা জেলায় - দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ারে দুশো করে স্কুলে ট্রেনিং দেওয়া হয়েছে এবং ট্রেনিং কমপ্লিট হয়েছে। এরপরে আমরা সারা পশ্চিমবঙ্গের স্কুলে বিপর্যয় মোকাবিলা করার জন্য কি কি করতে হবে এবং কি করা উচিত, তার ট্রেনিং আরম্ভ করব। আর উনি যেটা বলেছেন যে পুজোর সময় বা ঈদের সময়ে আমরা যে কাপড়গুলো দিই, শাড়ির সম্বন্ধে অনেকেই আমার কাছে আবেদন করেছেন।

.....(গোলমাল).....

শাড়ি দেখে তার ডিজাইনটা চেঞ্জ করা হবে স্যার। সেটা আমরা বিবেচনা করছি স্যার। সেটা বিবেচনার পর্যায়ে আছে সেটা অ্যাপ্রুভ হতে গেলে সেই অনুযায়ী কাজটা আমরা করব। চেক বা অন্য কোন ডিজাইন যেটা অ্যাপ্রুভ হবে সেই অনুযায়ী সেটা আমরা করব।

* প্রশ্ন নম্বর ১০২

নট রেসপন্ডেড

নদীয়ার প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৯) **শ্রী সমীর কুমার পোদ্দার** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে নদীয়া জেলায় চালু প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত (ব্লকওয়ারী তথ্যসহ) ?

ডঃ পার্থ চ্যাটার্জী : .....(গোলমাল).....৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে নদীয়া জেলায় চালু প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ২,৬২০টি। (ব্লকওয়ারী তথ্য সংযুক্ত করা হল)

ক্রমিক নং	ব্লক/ পৌরসভার নাম	স্কুল সংখ্যা
১	চাকদহ	২২২
২	চাপড়া	১৫৫
৩	হাঁসখালি	১৬৬
৪	হরিণঘাটা	১২১
৫	কালিগঞ্জ	১৭৬
৬	করিমপুর -১	৯৬
৭	করিমপুর -২	১১৩
৮	কৃষ্ণগঞ্জ	৯৫
৯	কৃষ্ণনগর -১	১৭৭
১০	কৃষ্ণনগর -২	৭৬
১১	নবদ্বীপ	৮৯
১২	নাকাশিপাড়া	১৮৫
১৩	রানাঘাট -১	১২৩
১৪	রানাঘাট -২	১৮৭
১৫	শান্তিপুর	১১৭

১৬	তেহট্ট - ১	১৩২
১৭	তেহট্ট - ২	৮৩
১৮	বীরনগর পৌরসভা	১৬
১৯	চাকদহ পৌরসভা	৪৪
২০	গয়েশপুর পৌরসভা	২৪
২১	কল্যাণী পৌরসভা	১৮
২২	কৃষ্ণনগর পৌরসভা	৬২
২৩	নবদ্বীপ পৌরসভা	৫০
২৪	রানাঘাট পৌরসভা	২৯
২৫	শান্তিপুর পৌরসভা	৪৭
২৬	রানাঘাট কুপারস নোটিফায়েড এরিয়া অথরিটি	৫
২৭	তাহেরপুর নোটিফায়েড এরিয়া অথরিটি।	১২
মোট		২,৬২০

শ্রী সমীর কুমার পোদ্দার : .....(গোলমাল)..... স্যার আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন নদীয়া জেলায় ২ হাজার ৬২০টা প্রাথমিক বিদ্যালয় আছে। ছাত্রছাত্রীর সংখ্যা বাড়ছে, শিক্ষক নিয়োগ হয়েছে এবং বেশ কিছু জায়গায় আস্তে আস্তে গ্রামের সংখ্যাও বাড়ছে। প্রাথমিক বিদ্যালয়ে সরকারের কোন পরিকল্পনা আছে কি না যে আরো বেশি করে প্রাথমিক বিদ্যালয় তৈরি করা এবং থাকলে এটা কি ডিসটেন্স অনুযায়ী হবে না জনসংখ্যা ভিত্তিতে হবে সেটা যদি মাননীয় মন্ত্রী জানান তবে ভাল হয়।

ডঃ পার্থ চ্যাটার্জী : .....(গোলমাল)..... মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই যে আমাদের প্রায় সাড়ে চার হাজারের মতন প্রাথমিক বিদ্যালয় আছে। মুশকিল হয়েছে জনসংখ্যা বা ডিসটেন্স নয় - ছাত্রছাত্রীদের উপস্থিতি। আমরা দেখতে পাচ্ছি। বহু জায়গায় প্রাথমিক বিদ্যালয়ে একজন শিক্ষক আছে, একজন ছাত্র আছে। আবার অনেক জায়গায় দেখা যাচ্ছে ২০০ জন ছাত্রছাত্রী আছে আর ৪ জন শিক্ষক-শিক্ষিকা আছে। এই যে একটা বৈষম্য আছে সেটাকে আমরা র‍্যাশনালাইজ করেছি। এবং তাতে দেখছি বেশ কিছু স্কুলে বিগত সাড়ে তিন দশকে সি.পি.আই.এম -এর জমানায় ওগুলি পার্টি অফিসে পরিণত হয়েছে।

[11:40 – 11.50 a.m.]

(গোলমাল)

সেখানে গণশক্তি বিক্রি হয় আর কিছুই কাজ হত না । আমরা আসার পরে সেখানে নতুন করে পরিকাঠামো গঠন করেছি । মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সর্বপ্রথম এই শিশুদের জন্য জুতো দেওয়া , তারপরে পরিকাঠামো উন্নয়ন এবং সেখানে খেলার জন্য খেলার জিনিসপত্র দেওয়া। অর্থাৎ একটা স্কুলকে আরও আকর্ষণীয় করে তোলা, পড়াশুনাটা নিয়মিত করা, শিক্ষকরা

নিয়মিত ক্লাস করুক, ছাত্র ছাত্রীদেরকে নিজেদের সন্তানের মতো দেখুক স্নেহ করুক। সুতরাং সেইদিকে নজর না দিয়ে বিগত ৩৪-৩৫ বছর ধরে যে কাজ চলেছে, আমরা তার থেকে সরে এসে প্রকৃত শিক্ষা দেওয়ার জন্য ব্যবস্থা নিয়েছি এবং আমরা দেখব যে যেখানে প্রয়োজন আছে প্রাথমিক স্কুল করার আমরা সেখানে নিশ্চয়ই করব।

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার প্রশ্ন,গত ২০০৭ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত এই যারা চিৎকার করছে স্যার, তারা মাত্র ২৫টা প্রাথমিক বিদ্যালয় তৈরি করেছিল এবং গত ২০১১ থেকে ২০১৬ সাল পর্যন্ত ৭৫৮টা নতুন প্রাথমিক বিদ্যালয় তৈরি হয়েছিল। এই এরা চিৎকার করছে, সেখানে আমাদের মা-মাটি-মানুষের সরকারের শিক্ষামন্ত্রী নিঃশব্দে কাজ করে যাচ্ছেন।আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে প্রশ্ন করছি আগামিদিনে যে বাজেট ধরা হয়েছে, সেই বাজেটে পশ্চিমবঙ্গে নতুন প্রাথমিক বিদ্যালয় তৈরির কোন পরিকল্পনা আছে কি না ? আমার কেতুগ্রাম বিধানসভায় দু-একটি গ্রাম বেড়েছে, সেখানে নতুন প্রাথমিক বিদ্যালয় করা যাবে কি না জানাবেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, শুধু স্কুল বাড়ানোটা কাজ নয়। স্কুলের সঙ্গে সঙ্গে ছাত্র-ছাত্রীদের সেই বিদ্যালয়ে আনাটাও আমাদের কাজ। আগে ছিল কমরেডদের কর্মসংস্থানের ব্যবস্থা, আর পড়াশুনাটা ছাড়া গণশক্তি কাগজ পড়া, আর উল বোনাটাও অনেকের কাছে ছিল। এখন আমরা সেটাকে ছাত্রছাত্রীদের যাতে প্রকৃত পড়াশুনা করানো যায় তার ব্যবস্থা করছি এবং আমাদের মূল লক্ষ্য হচ্ছে, যে আছে তারা প্রশিক্ষিত হোক। এলিমেন্টারী এডুকেশানের মূল কথা হচ্ছে যে বেস তৈরি করা। যদি প্রাইমারি শিক্ষায় ভিত্তিটা ভাল করে তৈরি না করা যায়, আচরণবিধি ভাল করে না তৈরি করা যায়, শিক্ষকরা সেদিকে যদি নজর না দেন, তাহলে তাদের যে ভিত্তি - সেই ভিত্তিটা নষ্ট হয়ে যাবে। আমরা সে দিকে নজর দিচ্ছি এবং যেখানে - যেখানে প্রয়োজন হবে আমরা বিদ্যালয় তৈরি করব এবং তার আগে দেখে নেব সেখানে ছাত্র ছাত্রী আছে কি না।

শ্রীমতী সেলিমা খাতুন (বিবি) : মাননীয় স্পীকারের মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, আমাদের যেসমস্ত আপার প্রাইমারি বা উচ্চ মাধ্যমিক গার্লস স্কুলগুলো আছে, সেই বালিকা বিদ্যালয়ের ম্যাডামদের সি.সি.এল বা মেটারনিটি লিভ দিতে গিয়ে স্বাভাবিক কারণে অনেক সময় স্কুলগুলোর ক্লাস বা অ্যাকাডেমিক সেশান শেষ করতে অসুবিধায় পড়তে হয়। তাই শিক্ষামন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, ঐসমস্ত বিদ্যালয়ে মেল টিচার নিয়োগের কোন পরিকল্পনা আছে কি ?

ডঃ পার্থ চ্যাটার্জী : অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। কিন্তু মুশকিল হচ্ছে যে মহিলাদের যদি বিশেষভাবে তারা যদি সন্তান সম্ভবা হন তাহলে তাদের যদি ছুটি না দেওয়া যায় তাহলে কি অসুবিধা হয় সকলেই জানে। আমাদের সরকার মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সে দিকে নজর দিয়েছে। শুধু তাই নয়, সন্তান পালনের জন্যও ৭৩০ দিন ছুটির ব্যবস্থা করেছে।

(কংগ্রেস পরিষদীয় দল এবং বামফ্রন্ট দলের সদস্যরা পোডিয়ামে দাঁড়িয়ে স্লোগান দিতে থাকেন।)

এখন স্কুলগুলোকে দায়িত্ব নিতে হবে যে কে সন্তানসম্ভবা; প্রথমে যিনি হবেন তাকে তো দিতেই হবে। সুতরাং এখানে আটকানো যাবে না। কিন্তু এমনি মেডিক্যাল লিভ, ক্যাজুয়াল লিভ এব্যাপারে সতর্ক থাকতে হবে। এই ব্যাপারে আমি সহমত পোষণ করি যে এই সময়কালে অন্যদেরকে দায়িত্ব ভাগ করে দিয়ে ক্লাসগুলো চালাতে হবে।

(নয়েজ)

শ্রী মনোজ তিগ্গা : মাননীয় অধ্যক্ষ মহোদয় কে মাধ্যম সে মাননীয় শিক্ষা মংত্রী কে পাস অতিরিক্ত প্রশ্ন জৈসে কি অলীপুরদ্বার জিলা কে অন্তগর্ত মদারীহাট বিধানসভা, তো অলীপুরদবার জিলে মেঁ বিশেষ করকে হিন্দী ভাষা -ভাষী নেপালী ভাষা -ভাষী এবং বংগলা ভাষা - ভাষী সভী লোগ রহতে হৈ তো বহাঁ পর বিশেষ করকে প্রাইমরী স্কুল মেঁ মিডিয়ম বাইজ স্টুডেন্ট এবং টীচর কা রৈশিয়ো নিকালা জায জৈসে নেপালী মিডিয়ম কা, হিন্দী মিডিয়ম কা বংগলা মিডিয়ম কা, তো বহাঁ পর কিতনা Actual Post হৈ, রিক্রুমেন্ট করনে কে লিএ সুবিধা হোগা। ক্যোকি এক সাথ রৈশিয়ো নিকালা জায তো হিন্দী মিডিয়ম অৌর নেপালী মিডিয়ম মেঁ পোস্ট রহতে হুএ ভী নহীঁ নিকল পাতা হৈ তো অলগ অলগ কিয়া জায তো অচ্ছা রহেগা। মাননীয় শিক্ষা মংত্রী সে মেরা অনুরোধ হৈ কি ঐসা হো সকতা হৈ যা নহীঁ ?

(নয়েজ)

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখনও পর্যন্ত আমাদের যে সমস্ত স্কুল গুলোয়, প্রাথমিক বিদ্যালয়ে বিভিন্ন ভাষায় সুযোগসুবিধা আছে, সাঁওতালি, বাংলা, নেপালি, হিন্দি, ইংরেজি। সুতরাং নতুন করে করবার কোনো পরিকল্পনা নেই। কিন্তু দেখা যাচ্ছে যে হিন্দিতে পর্যাপ্ত পরিমাণ শিক্ষক আসছে না। নেপালিতে পর্যাপ্ত পরিমাণ শিক্ষক আসছে না। ডাকাতরা যারা ছিল তারা সমস্ত রকম ডাকাতি করে চলে গিয়েছে। এখন ছিঁচকে চোররা ভিতরে রয়েছে। সুতরাং তারা যতক্ষণ পর্যন্ত না এই কাজ বন্ধ করবে ততক্ষণ পর্যন্ত সুষ্ঠু শিক্ষা ব্যবস্থা যা তারা ধ্বংস করে দিয়েছিল, তা পুনর্গঠনের কাজে মমতা বন্দ্যোপাধ্যায় নেমেছেন সে কাজ সম্পন্ন হবে। আপনার যদি কোনো বিশেষ দাবি থাকে, অনুরোধ থাকে আপনি আমাদের জানাতে পারেন।

(নয়েজ)

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা যে গত বামফ্রন্ট সরকারের সময়ে ইনস্টিটিউশনাল যে এডুকেশান, সেই আইডিয়া চলে যাচ্ছিল। একটা স্কুল দেখলে মনে হত পোড়াবাড়ি। একটা হসপিটাল দেখলে মনে হত শ্মশানবাড়ি। কিন্তু আজকে আমাদের মা-মাটি-মানুষের সরকারের রাজত্বে একটা ইনস্টিটিউশানকে বিদ্যা মন্দিরের মতো যোগ্য স্থান দেওয়া হয়েছে তা আপনি কিছুটা ইঙ্গিত দিলেন। কিন্তু আমার প্রশ্ন প্রাইমারি স্কুল গুলোতে আমার বাড়ি আমার বাগান যে পরিকল্পনা নিয়েছেন এটা সমস্ত স্কুলে সম্প্রসারিত করতে কি রকম সময় লাগবে বা কি রকম টাকা খরচা হবে তা যদি আলোকপাত করেন।

(নয়েজ)

ডঃ পার্থ চ্যাটার্জী : এই ধরনের প্রশ্নের উত্তর দিতে গেলে, আপনি লিখিতভাবে দেবেন নিশ্চয়ই দেব। কিন্তু আমাদের ছিঁচকে চোরদের চিৎকারে আপনাকে উত্তর দিলে তো বোঝা যাবে না। ছিঁচকে চোররা আগে ডাকাতি করেছে এখন ছিঁচকে চোরের গলা বেড়েছে। চোরের মায়ের বড় গলা। এখন আপনাকে বলি এতদ্‌সত্ত্বেও মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে শিক্ষা এগোচ্ছে এবং আমরা সর্বপ্রথম শিক্ষক নিয়োগের ব্যবস্থা করাতে ছিঁচকে চোর আর ডাকাতদের গলার স্বর বেড়েছে। যারা এতদিন পর্যন্ত করেননি, যারা প্যারাটিচার করেছে ৬৮ হাজার, তারা এখন আর দায়িত্ব নিতে চাইছে না। আপনার যে প্রশ্ন, আপনার প্রশ্নের উত্তরে বলি আমার বাড়ি আমার বাগান এটা আমরা ছড়িয়ে দেব। শুধু তাই নয় প্রাইমারিতে খেলনার সরঞ্জামও আমরা দিচ্ছি এবং বাথরুম করে দিচ্ছি। এটাও লক্ষ করবেন যে ছাত্র-ছাত্রীদের মিড ডে মিল নিয়ে এই ছিঁচকে

চোররা অনেক কিছু ডাকাতি করেছে। এখন সেগুলোর দিকেও আমরা নজর দিচ্ছি। যাতে প্রকৃত ভাবে ছাত্রদের হাতে সরকারের দেওয়া টাকা এবং খাদ্য ঠিকমতো ছাত্র-ছাত্রীরা পেতে পারে, রাস্তায় বসে খেতে না হয়, আর টাকা যাতে অন্যত্র না যায় তার ব্যবস্থা করা।

[11:50 – 12.00 Noon.]

(নয়েজ - এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দলের এবং বামফ্রন্টের বিধায়কগণ নিজেদের আসন ত্যাগ করে পোডিয়ামে দাঁড়িয়ে চিৎকার করে স্লোগান দিতে থাকেন)।

মুশকিল হচ্ছে, ছিঁচকে চোরদের ভালো লাগছে না। এতদিন ডাকাতি করেছে, এখন গলা বাড়িয়ে এখানে প্রতিবাদ করছে। মানুষের কাছে গিয়ে প্রতিবাদ করুক। ৬ টা লোকও এখানে নেই। আজকে ২০ তারিখ, শেষ দিন, সাংবাদিকরা আছে, টি.ভি.ক্যামেরা আছে, এটা পর্যন্ত চলবে, কাল থেকে ওদের খুঁজে পাওয়া যাবে না।

শ্রীমতী সোনালী গুহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে আমার প্রশ্ন, বামফ্রন্টের আমলে দক্ষিণ ২৪ পরগনা জেলায় কতগুলো প্রাথমিক বিদ্যালয় চালু ছিল এবং আমাদের আমলে কতগুলো প্রাথমিক বিদ্যালয় চালু হয়েছে এবং ভবিষ্যতে কতগুলো বিদ্যালয় চালু করার প্রচেষ্টা আপনার আছে, অনুগ্রহ করে যদি জানান।

(নয়েজ)

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি একটু আগেই বলেছি যে সাড়ে ৫ হাজার থেকে ৬ হাজার প্রাথমিক বিদ্যালয় আমরা তৈরি করেছি। এখন যারা অশিক্ষিতের দল হতে চায়, তাদের সন্তানদের বোকা বানাতে চায়, মূর্খ বানাতে চায়, তারা চিৎকার করে। স্কুল করেনি বামফ্রন্টের আমলে, শিক্ষক নিয়োগ করেনি বামফ্রন্ট আমলে, শুধুমাত্র কাগজ বিক্রি করেছে আর উল বুনেছে, এছাড়া আর কিছু কাজ হয়নি। আমি আপনাকে বলছি, দক্ষিণ ২৪ পরগনায় স্কুলের সংখ্যা বেড়েছে। আপনি যদি লিখিতভাবে দেন তাহলে লিখিত প্রশ্নের উত্তর আমি দিতে পারব।

শ্রীমতী বীণা মন্ডল : আমার জেলা উত্তর ২৪ পরগণাতে ২০০৯ সালে যেসব বেকার যুবক-যুবতীরা পরীক্ষা দিয়েছিল, ইতিমধ্যে তাদের মৌখিক পরীক্ষাও হয়ে যায়, সেইসব বেকার যুবক-যুবতীদের নিয়োগের ক্ষেত্রে সরকারের কোন ভাবনাচিন্তা বা পরিকল্পনা আছে কিনা যদি অনুগ্রহ করে জানান।

(নয়েজ)

ডঃ পার্থ চ্যাটার্জী : প্রথম প্রশ্নের উত্তর - এটা বিচারাধীন আছে। আর, ২০০৯ এর বিষয়ে আমাদের কোন সহানুভূতি নেই।

শ্রী আবদুর রহমান (লিটন) : ২০১১ সালে মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার আগে যে প্রাথমিক বিদ্যালগুলিতে যে হেডমাস্টার আছে সবগুলোই কিন্তু বামফ্রন্টের হেডমাস্টার। সেইসব বিদ্যালয়ে যে ব্যাপক ভাবে মিড-ডে-মিল চুরি হচ্ছে, সেই ব্যাপারে ভিজিলেন্স কমিটি তৈরি করা এবং মিড-ডে-মিলে যে চুরি হচ্ছে সেটা বন্ধ করার কোন পরিকল্পনা কি আছে ?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় বিধায়ক অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছেন। আমাদের জেলা স্তরে আছে, কিন্তু তাকে আরও সক্রিয় করতে হবে। যে চাল সরকারের কাছ থেকে যায়, অভিযোগ পাওয়া যাচ্ছে সেই চাল স্কুল পর্যন্ত অনেক জায়গায় যাচ্ছে না। যে ডিম দেওয়া হয় সেই ডিম সব জায়গায় পৌঁছচ্ছে না। ডি.এম. দের আন্ডারে এই মিড-ডে-মিল এর বিষয়টা আছে। মাননীয়া

মুখ্যমন্ত্রীও বলেছেন আধিকারিকদের মাঝেমধ্যে স্কুলে গিয়ে মিড-ডে-মিলে অংশ নিতে হবে, যাতে তাদের মান ঠিক থাকে এবং ছাত্রছাত্রীরাও সঠিক মানের পায়। এই নিয়ে যে অনিয়মের অভিযোগ আছে সেটা আমরা নিজেরা দেখছি এবং ছাত্রছাত্রীরা যাতে উচ্চ মানের সঠিকভাবে সরকার প্রদত্ত যেসমস্ত সামগ্রী দেওয়া হয়, সেইসব সামগ্রীর সদ্ব্যবহার করে তার জন্য আমাদের নজরদারি আরও বাড়ানো হচ্ছে।

(এই সময় বিরোধী কংগ্রেস পরিষদীয় দল এবং বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের মাননীয় সদস্য ও সদস্যাগণ স্পীকারস্ পোডিয়ামের সামনে স্লোগান দিতে থাকেন।)

শ্রী নরেশ চন্দ্র বাউড়ি : স্যার, মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন - বাস্তবে দেখা যাচ্ছে অনেক প্রাথমিক বিদ্যালয়ে প্রচুর ছাত্রছাত্রী রয়েছে। অথচ ৫০ - ৬০ মিটারের মধ্যে পাশের একটা স্কুলে ছাত্রছাত্রীর সংখ্যা কম। এই দুটো স্কুলকে মার্জ করার কোন পরিকল্পনা আপনার আছে কি?

....(গোলমাল)...

ডঃ পার্থ চ্যাটার্জী : আবার বলি অত্যন্ত ভালো প্রশ্ন। আসলে বামফ্রন্ট সরকার শুধু স্কুল করেছে। সেখানে শুধু ক্যাডার ঢোকানোর জন্য। এখন দেখা যাচ্ছে যে স্কুলের বিল্ডিংগুলো আছে, কিন্তু ছাত্রছাত্রী নেই।যেইমাত্র আমরা মার্জ করব, তখন অনেক মূর্খের দল আছে, এখানে এসে বলবে যে, আমরা স্কুলের সংখ্যা কমিয়ে দিয়েছি।আসল কথা হচ্ছে ছাত্রছাত্রীদের জোগাড় করা। আমরা এদিকে সমন্বয় রক্ষা করে ডি. আই. দেরকে বলেছি। ডি. এম.দের কাছে অনুরোধ করেছি। আমাদের শিক্ষা দপ্তর এই ব্যাপারে সতর্ক আছে। এবং যাতে সময়মতো সব কিছু দুটো স্কুলেই যাতে সমভাবে ছাত্রছাত্রী থাকে, তার ব্যবস্থা নেবে।

....(গোলমাল)....

District Central Co-operative Bank in Alipurduar

*104। (Admitted Question No. *521) **Shri Sourav Chakraborty :** Will the Minister-in-Charge of Co-operation Department be pleased to state

(a) Whether it is a fact that newly created Alipurduar district does not have a District Central Co-operative Bank (D.C.C.B.) of its own as yet; and

(b) If so, does the State Government contemplate the proposal of forming a D.C.C.B. in this district?

* প্রশ্ন নং ১০০ Daha fag: ..... (not responded)....

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক তার প্রশ্নের উত্তরে জানাই, (ক)হ্যাঁ, এটা সত্যি যে, নব গঠিত আলিপুরদুয়ার জেলায় কোন নিজস্ব কেন্দ্রীয় সমবায় ব্যাংক নেই। (খ)এই মুহূর্তে এই রকম কোন প্রস্তাব রাজ্য সরকারের কাছে নেই।

....(গোলমাল)...

ডঃ সৌরভ চক্রবর্তী : আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করছি- এই মুহূর্তে আমাদের রাজ্যে পরিবর্তনের সরকার, মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে আন্ডার দ্য লিডারশিপ অফ শ্রীমতী মমতা বন্দোপাধ্যায়, কো অপারেটিভ মুভমেন্ট হ্যাজ বিন এস্ট্যাবলিশড। হাউ মেনি ডি সি সি বি আর দেয়ার ইন আওয়ার স্টেট অ্যান্ড হোয়াট ইজ দেয়ার কন্ডিশন, অলসো বীরভূম ডি সি সি বি, তার অবস্থা কি এবং পরিস্থিতি কি?

...(গোলমাল)...

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, আমাদের রাজ্যে মোট ১৭টি ডি সি সি বি আছে। উনি আরও বিস্তারিতভাবে জানতে চেয়েছেন। এরমধ্যে ময়নাগুড়ি সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড। বাঁকুড়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড। বীরভূম ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড,বর্ধমান সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড। দক্ষিণ দিনাজপুর ডিস্ট্রিক্টসেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, দার্জিলিং ডিস্ট্রিকট সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, হুগলি ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, হাওড়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, জলপাইগুড়ি ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড,মালদা ডিস্ট্রিক্টসেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, মুগবেড়িয়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, নদীয়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, পুরুলিয়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, রায়গঞ্জ সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, তমলুক সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, বিদ্যাসাগর সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক লিমিটেড, এই ১৭ টি সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক আছে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, দীর্ঘ ৩৪ বছরে বামফ্রন্ট সরকারের আমলে সমবায় ব্যবস্থাকে এরা দুর্নীতিতে ভরিয়ে দিয়েছিল। এবং বিভিন্ন ডি সি সি বি গুলিকে এরা প্রায় দেউলিয়া করে দিয়েছিল। বর্তমান সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী আন্তরিক প্রচেষ্টার মধ্য দিয়ে আমরা অনেকগুলি ডি সি সি বি কে আমরা রিভাইভ করে, যেমন, তারমধ্যে বীরভূম সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাংক সেখানে সেই ব্যাংকটা আবার চালু হয়েছে এবং আমরা তাদেরকে লাইসেন্স দিতে সক্ষম হয়েছি। (ক্রমশ)

..... (গোলমাল) .....

[12:00 Noon – Till Recess.]

.....(গোলমাল) .....আমরা তাদের লাইসেন্স দিতে সক্ষম হয়েছি। .....(গোলমাল) ..... ঠিক একই ভাবে আরবানে বালি কো-অপারেটিভ ব্যাঙ্কেও আমরা একই ভাবে লাইসেন্স দেওয়ার ব্যবস্থা করেছি, যেটা বামফ্রন্ট সরকারের আমলে দেউলিয়া হয়ে গিয়েছিল। .....(গোলমাল) .....

Mr. Speaker: The Question Hour is over.

Starred Questions

(to which answers were laid on the 'Table')

প্রাথমিক কৃষি সমবায় সমিতির সংখ্যা

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *১১) শ্রী অসিত মিত্র ঃ সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে রাজ্যে মোট প্রাথমিক কৃষি সমবায় সমিতির সংখ্যা কত; এবং

(খ) উক্ত সমবায়গুলির মোট সদস্যসংখ্যা কত?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে রাজ্যে মোট প্রাথমিক কৃষি সমবায় সমিতির সংখ্যা ৫৮৯৯ টি।

(খ) উক্ত সমবায়গুলির মোট সদস্য সংখ্যা ৪৫,৪৭,০২৩ জন।।

বন্যা নিয়ন্ত্রণ কেন্দ্র

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯) **শ্রী সেক ইব্রাহিম আলি** ঃ বিপর্যয় ব্যবস্থাপনা ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় কতগুলি বন্যা নিয়ন্ত্রণ কেন্দ্র আছে; এবং

(খ) উক্ত এলাকায় নতুন করে বন্যা নিয়ন্ত্রণ কেন্দ্র গড়ে তোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

বিপর্যয় ব্যবস্থাপন ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

(ক) প্রথমত, "বন্যা নিয়ন্ত্রণ কেন্দ্র" এই দপ্তরের অন্তর্ভুক্ত নয়। এ বিষয়ে তথ্য সেচ ও জলপথ দপ্তর থেকে পাওয়া যেতে পারে। দ্বিতীয়ত, এই দপ্তর "বন্যাশ্রয় কেন্দ্র নির্মাণের ব্যবস্থা করে থাকে। সেইমতো, ৩১শে ডিসেম্বর,২০১৬ সাপেক্ষে পূর্ব মেদিনীপুর জেলায় ২২(বাইশ)টি ও পশ্চিম মেদিনীপুর জেলায় ৭৮(আটাত্তর) টি "বন্যাশ্রয় কেন্দ্র" নির্মাণের ব্যবস্থা করা হয়েছে।

এ ছাড়াও পূর্ব মেদিনীপুর জেলায় প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল –এর মাধ্যমে ১৫টি বহুমুখী সাইক্লোন আশ্রয়কেন্দ্র ও ন্যাশানাল সাইক্লোন রিস্ক মিটিগেশন প্রোজেক্ট--এর মাধ্যমে ৩০টি বহুমুখী সাইক্লোন আশ্রয়কেন্দ্র নির্মাণের কাজ চলছে।

(খ) পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, "বন্যা নিয়ন্ত্রণ কেন্দ্র' এই দপ্তরের অন্তর্ভুক্ত নয়। এ বিষয়ে তথ্য সেচ ও জলপথ দপ্তর থেকে পাওয়া যেতে পারে। সাধারণত জেলাশাসকদের তরফ থেকে "বন্যাশ্রয় কেন্দ্র" নির্মাণের প্রস্তাব এলে তা বিবেচনা করা হয়ে থাকে।

GOVERNMENT BUSINESS

LAYING OF AMENDMENT TO THE RULES

Amendment to the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Recruitment) Rules, 2004

Dr. Partha Chatterjee : Sir, I beg to lay the amendment to the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Recruitment) Rules, 2004

published in the Kolkata Gazette Extraordinary dated the 30th December, 2016 under Notification No.3172-Estt./7L-12/2002 (Pt-I) dated the 26th December, 2016 issued by the Land and Land Reforms Department, Government of West Bengal.

Presentation of the Third and the Fourth Reports of the Standing Committee on Science & Technology, Information Technology and Biotechnology (2016 2017)

Shri Parash Dutta : Sir, with your kind permission, I beg to present -

(a) The third Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Biotechnology (2016-2017) on the over-all activities of Biotechnology in West Bengal; and

(b) The Fourth Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Biotechnology (2016-2017) on the prospect of Science, Technology and Biotechnology in North Bengal.

LAYING OF ACCOUNTS AND REPORTS

The Annual Statement of Accounts together with Audit Report thereon, of the West Bengal Electricity Regulatory Commission for the year 2015-2016

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to lay the Annual Statement of Accounts together with Audit Report thereon, of the West Bengal Electricity Regulatory Commission for the year 2015-2016.

The Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2015-2016

Shri Swapan Debnath : Sir, I beg to lay the Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2015-2016.

.....(Noise).....

.....(এই সময় বিরোধী কংগ্রেস ও বামফ্রন্ট পরিষদীয় দলের সদস্য/সদস্যাগণ মাননীয় স্পীকার মহাশয়ের পোডিয়াম ছেড়ে শ্লোগান দিতে দিতে নিজ নিজ আসনে গিয়ে বসেন) .....

মে ন শ ন

..... (প্রচণ্ড গোলমাল) .....

শ্রী শেখ শেহেনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, গত পাঁচ বছরে অনেক হাইস্কুলকে হায়ার সেকেন্ডারিতে আপগ্রেডেশন করা হয়েছে। সেই সময় আমার বিধানসভা এলাকার অনেক স্কুল ও হাই স্কুল থেকে হায়ার সেকেন্ডারিতে আপগ্রেডেশন হয়েছে। আমার কেতুগ্রাম ১ নম্বর ব্লকে শ্রীগোপালপুর ললিতসুন্দরী বালিকা বিদ্যালয়টিকে আপগ্রেডেশনের জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবং ওখানে ৭৫জন শিক্ষক নেই, গত বামফ্রন্টের আমল থেকেই নেই, এখন ..... **(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।)**

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপুর্ণ ব্যাপারে বক্তব্য রাখছি। স্যার, আপনি জানেন যে, গত ১৪ তারিখ থেকে ডিজিটাল রেশন কার্ডের কাজ আরম্ভ হয়েছে।

..... (গোলমাল) .....

আজ ২০ তারিখ সেই রেশন কার্ড-এর কাজ বন্ধ হয়ে যাবে। এখনও বহু মানুষ ডিজিটাল রেশন কার্ডের জন্য অ্যাপ্লাই করতে পারেনি। এই কাজ কলকাতা কর্পোরেশনের সোসাল সেকশানের মাধ্যমে চলছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো আরও কয়েক দিন বাড়িয়ে দিলে ভালো হয়, যারা apply করতে পারেননি, তাঁরা সুযোগ পাবেন।

..(তুমুল হট্টগোল)...

(At this stage the House was adjourned till 1P.M.)

[1:00 – 1.10 p.m.]

...(হাউস শুরু হওয়ার সঙ্গে সঙ্গেই কংগ্রেস পরিষদীয় দল এবং বামফ্রন্টের মাননীয় সদস্য ও সদস্যাগণ মাননীয় স্পীকারের উদ্দেশ্যে কিছু বলতে থাকেন)...

...(গোলমাল)...

মিঃ স্পীকার : আমি আপনাকে শুনবো, আপনি অ্যাপ্রনটা খুলে ফেলুন, আমি শুনবো। এ্যাপ্রনটা খুলে ফেলুন আমি শুনবো, প্লিজ। আমি আপনাকে অনুরোধ করছি আপনি অ্যাপ্রনটা খুলে ফেলুন, আমি শুনবো।।

...(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের সদস্য শ্রী মনোজ চক্রবর্তী মহাশয় অ্যাপ্রনটা খুলে রাখেন)...

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, গত ৬ তারিখে আমরা যারা বিরোধীরা আছি সবাই মিলে, No Confidence Motion জমা দিয়েছিলাম। আপনাকে এই হাউসে বলতে হবে। আমাদের বেশি কথা নয়, আপনাকে বলতে হবে আমাদের No Confidence Motion-এর fate কী হল? আপনি কবে ঘোষণা করবেন এখনই দাঁড়িয়ে আপনাকে বলতে হবে।

মিঃ স্পীকার : আমি আপনাকে দিয়ে দেবো। In course of this day আমার রুলিংটা আমি দিয়ে দেবো on this point. শুনুন, according to the rules and procedure of

West Bengal Legislative Assembly আপনাদের এটা after the lapse of 14 days এবং আমরা calculate করে দেখেছি, যে 14 days শেষ হওয়ার পরে এটাকে leave দেওয়া যায়। Since that period has not expired. এটা হবে না।

..(গোলমাল)...

....(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য-সদস্যাগণ এবং বামফ্রন্টের মাননীয় সদস্য-সদস্যাগণ মাননীয় স্পীকারের পোডিয়ামের সামনে বিক্ষোভ দেখাতে থাকেন)...

আমি বলেছি তো No Confidenceটা আপনার leave দেওয়া যাবেনা। যেহেতু ১৪ দিন পার হয়নি। leave দেওয়া যাবে না। আমি রুলিং দিয়ে দেবো। আপনি যান, আমি রুলিং দিয়ে দিচ্ছি। আপনি বসুন, আমি রুলিং দিয়ে দিচ্ছি। আপনারা জায়গায় বসুন আমি এখনই রুলিং দিয়ে দেবো।

...(নয়েজ)...

Mr. Speaker: প্লীজ, প্লীজ আপনি অ্যাপ্রনটা খুলে নিন। আমি রুলিংটা দিয়ে দিচ্ছি, খুলুন। প্লীজ, প্লীজ। The Notice on Resolution under Article 179 (c) of the Constitution of India read with rule 201 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly signed by Shri Abdul Mannan and 28 other Members for removal of the Speaker was received on 6th February, 2017. As per provision contained in rule 201(2) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly at least 14 days' notice is required to move the Motion for leave to move the Resolution. According to Practice and Procedure of Parliament by M N Kaul and S.L. Shakdher (6th edition, 2009), page 108, in computing the period of 14 days, both the terminal days are excluded. The present Session of the Assembly is scheduled to adjourn sine die after the conclusion of the sitting of the House today. Since the Notice is short of the prescribed period of 14 days, the Notice of the Resolution has not been proceeded with.

.....(Noise and interruptions).....

Legislation

Mr. Speaker : Now I call upon Shri Sovan Chatterjee, Minister in-charge of Environment Department may please introduce the Bill.

(At this stage all the Hon'ble Members of Indian National Congress and Left Front rushed to the Hon'ble Speaker's podium and shouting.)

Shri Sovan Chatterjee: Mr. Speaker, Sir, with your kind permission, I beg to introduce the East Kolkata Wetlands (Conservation and Management) (Amendment) Bill, 2017.

(Secretary read the Title of the Bill)

Shri Sovan Chatterjee: Mr. Speaker, Sir, with your kind permission, I beg to move that the East Kolkata Wetlands (Conservation and Management) (Amendment) Bill, 2017 be taken into consideration.

...(noise and interruptions)...

[1:10 – 1.20 p.m.]

শ্রী স্বর্ণ কমল সাহা : স্যার, বিল নম্বর 4 অফ ২০১৭, ইস্ট কলকাতা ওয়েটল্যান্ডস (কনজারভেশান অ্যান্ড ম্যানেজমেন্ট)(এ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৭ টু অ্যামেন্ড ইস্ট কলকাতা ওয়েটল্যান্ডস(কনজারভেশান অ্যান্ড ম্যানেজমেন্ট)অ্যাক্ট ২০০৬। স্যার, আমি আমাদের মাননীয় মন্ত্রীর শোভন চট্টোপাধ্যায়ের আনীত বিল যেটা এই পবিত্র সদনে পেশ হয়েছে তার সমর্থনে আমি কয়েকটি কথা এই সদনের সামনে রাখতে চাই। স্যার, ১৯৭১সালে এই বছরে ইরানের রামসার শহরে ইউনেসকোর উদ্যোগে যে আলোচনা সভা ডাকা হয়েছিল, কনভেনশান ডাকা হয়েছিল, তাতে বিশ্বের বিভিন্ন দেশের প্রতিনিধিরা সেই সম্মেলনে হাজির হয়েছিলেন। এবং সেই সম্মেলনের মূল উদ্দেশ্য ছিল ওয়েটল্যান্ড নিয়ে। সারা বিশ্বের যে সমস্ত ওয়েটল্যান্ডগুলো আছে, সেই ওয়েটল্যান্ড নিয়ে একটা সিদ্ধান্ত ঘোষণা করা। যেহেতু এটা ইরানের রামসার শহরে এই সম্মেলনটা হয়েছিল, এই সম্মেলনটাকে কেন্দ্র করে যে সিদ্ধান্ত ঘোষণা হয়েছিল, সেই সিদ্ধান্ত রামসার কনভেনশান হিসাবে ঘোষিত হয়েছিল। এর মূল উদ্দেশ্য ছিল যে সমস্ত বিশ্বের ওয়েটল্যান্ডগুলো আছে,সেই ওয়েটল্যান্ড মানব সমাজের স্বার্থে, মানব জাতির স্বার্থে, বিভিন্ন দেশের পরিবেশের স্বার্থে এই ব্যাপারে সিদ্ধান্ত ঘোষণা হয়েছিল। সেখান থেকে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, একদম বিশ্বের বিভিন্ন দেশের ২২০০ ওয়েটল্যান্ড যাকে রামসার ল্যান্ডের আওতায় আনা হয়েছিল। আমাদের ভারতবর্ষে ২৬টি ওয়েটল্যান্ডকে রামসার ল্যান্ড হিসাবে ঘোষণা করা হয়েছে।

...(এইসময় বিরোধী কংগ্রেস ও বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের সকল সদস্য ও সদস্যাগণ স্পীকার পোডিয়ামের সামনে গিয়ে বিক্ষোভ দেখাতে থাকেন।)...

রামসার ল্যান্ড ঘোষিত হওয়ার পর এই রামসার ল্যান্ড যেগুলো ওয়েটল্যান্ড এই ওয়েটল্যান্ডে একটা ন্যাশানাল এবং ইন্টার ন্যাশনাল স্তরে বিশেষ গুরুত্ব বহন করে। এই গুরুত্ব নিয়েই আমাদের পশ্চিমবঙ্গে একমাত্র ওয়েটল্যান্ড যেটা ইস্ট ক্যালকাটা ওয়েটল্যান্ড সেটাকে রামসার ল্যান্ড হিসাবে ঘোষণা করা হয়েছিল। এই রামসার ল্যান্ডের উদ্দেশ্য ছিল, পরিবেশ দূষিত না করে মানুষের স্বার্থে এই ব্যবস্থাপনাকে এগিয়ে নিয়ে যাওয়া। আমাদের এইরকম একটা কমিটি তৈরি করা হয়েছিল।

...(এইসময় বিরোধী কংগ্রেস ও বিরোধী বামফ্রন্ট পরিষদীয় দলের সকল সদস্য ও সদস্যাগণ স্লোগান দিতে দিতে সভাকক্ষ ত্যাগ করেন।)...

ওই কমিটি ২০০৬ সালে তৈরি করা হয়েছিল। 'ইউনেসকো'র উদ্যোগে রামসার যে কনভেনশান হয়েছিল সেই কনভেনশানে যে সমস্ত ক্রাইটেরিয়াগুলো আছে যে ক্রাইটেরিয়া দিয়ে আমাদের এই রামসার ল্যান্ড চিহ্নিত, ইস্ট কলকাতা ওয়েটল্যান্ড। এই ইস্ট ক্যালকাটা ওয়েটল্যান্ড যাতে আমরা সাসটেনেবেল ইউজের ব্যবস্থা করি। অর্থাৎ যাতে পরিবেশ দূষণ না করে পরিবেশকে দূষিত হতে না দিয়ে এটা ইউজ করতে হবে। এই ব্যাপারে আমাদের কলকাতায় যে ইস্ট কলকাতা ওয়েটল্যান্ড রয়েছে যেটা রামসার ল্যান্ড হিসাবে চিহ্নিত হয়ে আছে, ভারতবর্ষে ২৬টা রামসার ল্যান্ড চিহ্নিত হয়েছে। আন্তর্জাতিক স্তরে এর গুরুত্ব অনেক। এর ওপরেও একটা রেস্ট্রিকশান আনা হয়েছে আন্তর্জাতিক স্তরে। সেই রেস্ট্রিকশানগুলো মেনটেন করার জন্য একটা কমিটি তৈরি করে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছিল এবং যেখানে এই রামসার ল্যান্ডগুলো চিহ্নিত হয়ে আছে, সাইট হিসাবে চিহ্নিত হয়ে আছে। সেখানকার সরকার

একটা ব্যবস্থাপনার মাধ্যমে ইন্টারন্যাশনাল যে সিদ্ধান্তগুলো হয়েছিল, রেস্ট্রিকশানগুলো আনা হয়েছিল সেই রেস্ট্রিকশানগুলো যাতে যথাযথভাবে প্রয়োগ হতে পারে তারজন্য একটা কমিটি গড়া হয়েছিল। এবার আমাদের মাননীয় মন্ত্রী শোভন চট্টোপাধ্যায় যে বিলটি এনেছেন সেই বিলের পেছনে অনেকগুলো কারণ আছে। আমি মনে করি, এখানে প্রথম কথা হল, এটার জন্য যে দায়িত্ব অর্পণ করা হয়েছে, অনেকগুলো দায়িত্ব আছে। অনেকগুলো পাওয়ার দেওয়া আছে এই কমিটিকে, যে কমিটি আজকে অ্যামেন্ড করে নতুনভাবে লিস্ট তৈরি করা হচ্ছে, ২০১৭, ইস্ট কলকাতা রামসার ল্যান্ড যে উদ্যোগ করা হয়েছে, অনেকগুলো রেস্ট্রিকশান, পাওয়ার আর ফাংশান রয়েছে। এরমধ্যে বিশেষ করে যে পাওয়ারগুলো রয়েছে সেগুলো হল to determine boundaries of East Calcutta Wetland on the field as shown in the map in Schedule II বিশেষ গুরুত্বপূর্ণ ২-১টি পয়েন্ট, রেস্ট্রিকশানগুলো আমি পড়ে শোনাচ্ছি, to take measure to abate pollution in the East Calcutta Wetlands and conserve flora, fauna on the bio diversity in general. এই রেস্ট্রিকশানগুলো রয়েছে। এগুলো আমাদের যে কমিটিতে দেওয়া আছে, যে committee অ্যামেন্ড হবে যে অ্যামেন্ডমেন্টের মাধ্যমে আগামীদিনে এইসমস্ত দায়িত্বগুলো যাতে যথাযথ ব্যবস্থা করা হয় তার জন্যই প্রয়োজনীয়তা রয়েছে। এর মধ্যে আরো পয়েন্ট রয়েছে to promote basic conservation principles like sewage fed pisciculture and eco-tourism in the East Calcutta wetlands. To enforce land use control in the substantially water body oriented areas and other areas in the East Calcutta wetlands. এই সমস্ত দায়িত্বগুলো যাতে যথাযথভাবে পালন হয় এবং এই দায়িত্বগুলো যেহেতু আমাদের পরিবেশ দপ্তরের নিয়ন্ত্রণের মধ্যে থাকে তাই যে কমিটি ছিল এর আগে, কমিটির যে সদস্যরা ছিলেন, সেই সদস্যদের কিছু পরিবর্তন করে আমাদের নতুন যে কমিটি অ্যামেন্ডমেন্টের মধ্যে আনা হয়েছে, Section 3 sub section II তে যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে সেই অ্যামেন্ডমেন্টে আগে চিফ সেক্রেটারি ছিলেন এই কমিটির চেয়ারম্যান, এখন যুগের প্রয়োজনে সেটা পরিবর্তন করার দরকার হয়েছে।

এই কমিটির যে পাওয়ার, এই কমিটির যে ফাংশান, সেই ফাংশানগুলো যথাযথভাবে যাতে প্রয়োগ হতে পারে এবং এই যে ওয়েটল্যান্ডস বিলের উদ্দেশ্য, সেই উদ্দেশ্যগুলো কোথাও কোনভাবে যাতে বিঘ্নিত না হয় সেটা নিয়ন্ত্রণে আনার জন্য আগে চিফ সেক্রেটারি ছিলেন এর চেয়ারম্যান, এখন যেটা অ্যামেন্ডমেন্ড আনা হয়েছে তাতে বলা হয়েছে পরিবেশ দপ্তরের যিনি মন্ত্রী হবেন তিনি হবেন এর চেয়ারম্যান। আর চিফ সেক্রেটারি এর মেম্বার হিসাবে থাকবেন। সেক্রেটারি, ডিপার্টমেন্ট অফ আরবান ডেভালপমেন্ট, তিনি হবেন সেক্রেটারি মেম্বার। এইভাবে যে সমস্ত পরিবর্তনগুলো আনা হয়েছে, এই পরিবর্তনগুলো আনার পিছনে দীর্ঘদিনের একটা যুক্তি আছে। ২০০৬ সালে একটা কমিটি করা হয়েছিল। কলকাতা শহরের আরবানাইজেশান বাড়ছে এবং সেখানে যে আন-অথরাইজড কনস্টাকশান হচ্ছে তাকে নিয়ন্ত্রণে আনার জন্য ও সেগুলিকে ডেমোলিশ করার পাওয়ার এই কমিটিকে দেওয়া হয়েছে। সেইগুলোকে যথাযথভাবে পালন করার উদ্দেশ্যে একটা শক্তিশালী এবং এফেকটিভ কমিটি যাতে গঠন করা যায় সেই উদ্দেশ্য নিয়েই এই অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। এই অ্যামেন্ডমেন্টটা আনার যুক্তি অবশ্যই আছে। কারণ আমরা জানি লিস্ট অফ ওয়েটল্যান্ডস ইন্টারন্যাশনাল রয়েছে সারা বিশ্বে ২২০০, আর আমাদের দেশে রয়েছে ২৬টি ওয়েটল্যান্ডস। আর পশ্চিমবঙ্গে রয়েছে মাত্র একটি ইস্ট কলকাতা ওয়েটল্যান্ডস। ইন্টারন্যাশনালি আমাদের যে আইন আছে, এই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য রাজ্য সরকারেরও কিছু দায়িত্ব রয়েছে। সেই দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য আমাদের এই পরিবর্তনটা আনাপ্রয়োজন হয়ে পড়েছে। সারা বিশ্বে যে ওয়েটল্যান্ডস আছে, তার আয়তনের পরিমাণ হচ্ছে

২.১ মিলিয়ন স্কোয়ার মিটার। অর্থাৎ একটা ছোটখাট দেশের তুলনায় বেশি। সারা বিশ্বে এই ওয়েটল্যান্ডসের প্রভাব রয়েছে। আমাদের পশ্চিমবাংলায় যে ইস্ট কলকাতা ওয়েটল্যান্ডস আছে এটা আমাদের রামসার ওয়েটল্যান্ডস হিসাবে চিহ্নিত হয়ে আছে। রামসার যে বিধিনিষেধগুলো আরোপ করেছে, যেভাবে এই ওয়েটল্যান্ডসগুলো মেইনটেইন করা হবে, সামাজিক স্তরে এবং পরিবেশ স্তরে এই ব্যবহারগুলো যথাযথভাবে করার জন্য আজকে এটা প্রয়োজন হয়ে পড়েছে। তাই আমি মনে করি মাননীয় মন্ত্রী মহাশয় শুধু কলকাতা পুরসভার মেয়র নন, তিনি পরিবেশ দপ্তরের দায়িত্বেও রয়েছেন। এই ওয়েটল্যান্ডসের কনজারভেশান তার দায়িত্বেই আছে। পরিবেশ রক্ষা করে এই এলাকাটাকে সংরক্ষণের আওতায় আনতে হবে। আমার মনে হয় এটা নিয়ে কোন বিতর্ক হওয়া উচিত নয়। বিরোধী বন্ধুরা আজকে ওয়াক আউট করলেন। এই সেশানে আমরা দেখতে পাচ্ছি ছোটখাট ঘটনাকে বড় আকার নিয়ে তার গণ্ডগোল করছে। নির্বাচিত প্রতিনিধি হিসাবে আমরা এই সদনে উপস্থিত হই এলাকার মানুষের কথা বলার জন্য, সেই কাজে ওরা বিঘ্ন ঘটাচ্ছে। শুধুমাত্র রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এরা এই কাজ করছে এবং এই সদনের পবিত্রতা নষ্ট করার চেষ্টা করছে। এটা ঠিক হচ্ছে না। নির্বাচিত প্রতিনিধি হিসাবে বিধানসভায় তারা সেই এলাকার মানুষের প্রতিনিধিত্ব করার সুযোগ পেয়েছে, সেই দায়িত্ব এরা যথাযথভাবে পালন করছে না। আজকে বিরোধী শূন্য অবস্থায় এই বিলটা পেশ হল, আরও যথাযথভাবে এই বিলটার উপরে আলোচনা হতে পারতো যদি বিরোধীরা তাঁদের কিছু কথা এখানে রাখতে পারতেন।

[1:20 – 1.30 p.m.]

যদি বিরোধীরা তাদের কিছু কথা এখানে রাখতে পারতেন। আমরা তাই আজকে এই বিরোধী শূন্য অবস্থায় এই বিলটা পাশ হওয়ার ক্ষেত্রে আমি মনে করি এটা সুন্দর হত, সঠিক হত, আরও কনস্ট্রাকটিভ হত, যদি তাঁরাও থাকতেন,তাঁদের যদি কিছু সাজেশান থাকত। তারা হাউসে নেই। তাই আমি আজকে মাননীয় মন্ত্রী শোভন চট্টোপাধ্যায়ের আনীত যে বিল,সেই বিলের সমর্থনে আমি আমার প্রস্তাব রাখছি। আপনারা আমাদের এই হাউস থেকে যে সিদ্ধান্তগুলো নেওয়া হয়েছে। যাদের লিস্টে ইনক্লুড করা হল অ্যামেন্ডমেন্টের সাথে সেকশান 3 সাবসেকশান 2 তে তারা হলেন Minister-in-Charge, Department of Environment, Government of West Bengal, Chairperson. Chief Secretary to the Government of West Bengal, Member. Additional Chief Secretary or the Principal Secretary or the Secretary, as the case may be, Department of Environment, Government of West Bengal, Member-Secretary

(4) হল Additional Chief Secretary or the Principal Secretary or the Secretary, as the case may be, Department of Land and Land Reforms and Refugee Relief and Rehabilitation, Government of West Bengal তিনিও Member.

(5) Additional Chief Secretary or the Principal Secretary or the Secretary, as the case may be, Department of Fisheries, Government of West Bengal. এই দপ্তরটা আমাদের ইস্ট কলকাতার Wetlandএর সঙ্গে সংযুক্ত, প্রচুর ভেড়ি ওখানে আছে, Fisheries প্রচুর ওখানে রয়েছে। এই লিস্টে তাদেরও দপ্তরের একজনকে রাখা হয়েছে।

(6) Additional Chief Secretary or the Principal Secretary or the Secretary, as the case may be, Department of Forests, Government of West Bengal এইখানে প্রচুর ফরেস্ট ডিপার্টমেন্টের বিভিন্ন দপ্তরের প্রচুর কাজ রয়েছে,তাদেরকেও রাখা হয়েছে।

(7) Additional Chief Secretary or the Principal Secretary or the Secretary, as the case may be, Department of Panchayats and Rural Development ওনাদের একজনকে মেম্বার করা হয়েছে।

(8) Additional Chief Secretary or the Principal Secretary or the Secretary, as the case may be, Department of Irrigation and Waterways.

(9) Additional Chief Secretary or the Principal Secretary or the Secretary, as the case may be, Department of Tourism. ওখানে ইকো টুরিজমের একটা ব্যবস্থা হতে পারে। তাদেরকেও সেখানে মেম্বার করে রাখা হয়েছে।

(10) Four experts to be nominated by the State Government each in the areas of wetland ecology, hydrology, fisheries and socio-economics এই দপ্তরেও একজনকে এখানে রাখা হয়েছে। তাই আমি মনে করি, আজকেই এই বিলটি যেটা আনা হয়েছে, Statement of Objects and Reasons আমি মনে করি এটা প্রয়োজন হয়ে পড়েছে। এর পিছনে কোন আর্থিক দায় নেই রাজ্যের,অথচ প্রয়োজন আছে আমাদের রাজ্যের এই সেক্টরে, আমাদের যে বিলটা আমেন্ডমেন্টের জন্য আনা হয়েছে - তাই আমি আজকে এই বিলটা পাশ করার জন্য আবেদন রেখে আমি আমার কথা শেষ করছি,নমস্কার।

Shri Sovan Chatterjee : (Contg. in Beng.) ----

শ্রী শোভন চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, আমাদের এই হাউসে শ্রদ্ধেয় মাননীয় সদস্য শ্রী স্বর্ণকমল সাহা,যে ভাবে এই বিলটার কথা Wetland নিয়ে আজকে এই বিলটা সভায় পেশ করা হয়েছে। যা অনুমোদনের জন্য এবং সে সম্বন্ধে যে ভাবে ব্যাখ্যা করলেন আমি তার সঙ্গে একমত। কারণ এই বিলিটি যে অ্যামেন্ডমেন্ট প্রসেস করা হয়েছে, আপাতত দৃষ্টিতে দেখলে, এই বিলটির মধ্যে কি আছে, অনেকে অনুধাবন করতে পারবেন না। কিন্তু প্রায় উত্তর ২৪ পরগনা এবং দক্ষিণ ২৪ পরগনায় যে ১২৫০০ হেক্টর জমি - যাকে "Ramsar Convention" বাংলায় যেদিন আমাদের বিরোধী পক্ষরা বেরিয়ে গেলেন, তারা শুনলে অনুধাবন করতে পারতেন, যারা আছেন তাঁরা অনুধাবন করবেন।

যেদিন প্রস্তাব আকারে পাঠানো হয়েছিল, এটা একটা আন্তর্জাতিক চুক্তির পর্যায়ে রামসর কনভেনশানে অ্যাডমিট হয়েছিল। কিন্তু যাঁরা কলকাতার আশেপাশে থাকেন বা কলকাতা শহরে বিমান বন্দর দিয়ে আসেন, এই কলকাতা পৌরসভার অন্তর্ভুক্ত এলাকার মধ্যে দিয়ে প্রায় ৩২ টি বছর আমার সমস্ত স্তরে কাজ করার সুযাগ হয়েছে। আজকে এই হাউসে পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখোপাধ্যায়ও এক সময় আরবান মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স দপ্তরের অধীনেই কলকাতা পৌরসভার মেয়র ছিলেন। অনুধাবন করতে পারবেন যে, ৩০০ বছরের শহর কলকাতা, যে শহরের পরিকল্পনা আস্তে আস্তে বেড়ে উঠেছে সেই আমলের তুলনায়, যেহেতু জনসংখ্যা বেড়েছে। যেহেতু কলকাতা একটা প্রায় কড়াইয়ের মতন অবস্থা, তাই সেই শহরের অভ্যন্তরে কোথা থেকে পানীয় জল আসবে, কোথা থেকে নিকাশি জল কোন্ জায়গা থেকে বেরিয়ে যাবে, এই শহরের রাস্তা কোথায় হবে, এই শহরের জন্য সামগ্রীকভাবে একটা পরিকল্পনা তৈরি হয়েছিল, যারা কলকাতা শহরে প্রতিনিয়ত সেনসাস অনুযায়ী ৫০ লক্ষ মানুষ আসে, তারা যে বর্জ্য তৈরি করেন, সেগুলো কোথায় ফেলা হবে, সমস্তটাই বাস্তবিক পরিকল্পনার মধ্যে ছিল। তার মধ্যেই ১২ হাজার ৮০০ হেক্টর জমির মধ্যে প্রায় ৫০০ একর জমি যদি প্রয়োজন হয়, নিশ্চয়ই জলাভূমি সংরক্ষণের জন্য যদি কোন প্রস্তাব হয়, সেই প্রস্তাব

বাস্তবিক ভাবে পর্যালোচনা করা হোক, এটা সব সময় গ্রহণযোগ্য। কিন্তু যেদিন আমরা বুঝতে পারলাম এই কলকাতা শহর কত বড় ক্ষতিগ্রস্ত হয়েছে, ১৯৯৭-৯৮ সাল থেকে ১৯৯৯ সালে প্রস্তাব দেওয়া হল। জমি কলকাতা পুরসভার, যেহেতু আমি কলকাতা পুরসভার মেয়রও, তার প্রসেস হবার সময় সুব্রতদা তখন মেয়র, চলে গেল রামসর কনভেনশানে, জানতে পারল না কলকাতা পুরসভা। সেখান থেকে ভারত সরকার হয়ে আন্তর্জাতিক চুক্তিতে হল, যে এই জমির কোন পরিবর্ধন, পরিমার্জন হবে না। কোন পরিবর্ধন, পরিমার্জনের জন্য প্রস্তাব রেখে আজকে এই কমিটি পরিবর্তনের কথা বলা হচ্ছে না। বলা হচ্ছে, ২০০০ সালের পর ২০ শে ডিসেম্বর যেদিন দিল্লীতে বসে থেকে আমরা, সুব্রতদাও রয়েছেন, বললেন আজ একটা সুখবর আছে, ২০ শে ডিসেম্বর, ২০০৭ - যে, কলকাতা শহরের উন্নয়নের জন্য আঠেরো'শ কোটি টাকা পাওয়া গেছে। সেই প্রস্তাবের প্রসেস যখন আমরা করতে শুরু করলাম, একটার পর একটা প্রস্তাব যখন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কাছে যাচ্ছে, গত সতেরো-আঠেরো বছর ধরে কখনও জওহরলাল নেহেরু আরবান রিন্যুয়াল স্কীম, কখনও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কলকাতা এনভায়রনমেন্ট ইমপ্রুভমেন্ট প্রজেক্ট, কখনও ওয়ার্ল্ড ব্যাঙ্কের কোন প্রজেক্ট, যখনই দেওয়া হচ্ছে সমস্তটা ঠিক আছে। বললেন, জঞ্জালগুলো কোথায় নিয়ে গিয়ে ফেলবেন, সেই জায়গাটার নাম সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে, সেই দাগ এবং প্লটগুলো রামসর কনভেনশনে সই করে দিয়ে গেছে। ভারতবর্ষের সরকার কোন দিন ভাবল না যে এই কলকাতার মত একটা মেট্রো সিটি, যার পরিকল্পনার অধীনে একটা জায়গা রাখা হল, সেই জায়গাটাকে আমরা যদি অধিগ্রহণ করে নিই অর্থাৎ ব্যবহারের জন্য যদি কোন আন্তর্জাতিক চুক্তি করে যাই, তাহলে সেই কলকাতা শহরের অলটারনেটিভ কী ব্যবস্থা হল, তদানীন্তন বাম সরকারও ভাবলেন না, তদানীন্তন ভারত সরকারও ভাবলেন না। আন্তর্জাতিক চুক্তিতে যারা এসে গেলেন, তাঁরাও এই নিয়ে ভাবলেন না। বহু দিন বহু ক্ষেত্রে পৌরসভা পরিচালনা করতে গিয়ে, অন্ততঃপক্ষে আজকে সদনের কাছে জানাই, এক টাকা-দু টাকা নয়, জঞ্জাল নগরী কলকাতা শহরকে বলত, কলকাতা শহরে জঞ্জাল উঠে গেছে, জঞ্জাল হয়ত দেখতে পান না কমপ্যাক্টর ভ্যাটে, কিন্তু সেই জঞ্জালের যেটাকে ল্যান্ড ফেস সাইড বলে, সেই ল্যান্ড ফেস সাইডে আজও সেখানে আমাদের জঞ্জাল ফেলতে হয়। আমরা জানি, এটা কতটা রীতি বিরুদ্ধ হচ্ছে।

[1:30 – 1.40 p.m.]

সমস্তটাই ওয়েটল্যান্ড অথোরিটির কাছে পার্মিশান নিয়ে প্রসেসে গেছে। আমরা সার তৈরি করতে পারতাম। আমরা ইলেকট্রিসিটি জেনারেট করতে পারতাম। আমরা জনস্বার্থে কিছু কাজে লাগাতে পারতাম। আমরা জানি, মহামান্য কোর্টের আদেশে সেখানে কোন ধরনের কনস্ট্রাকশান, বড় কাজ করা যাবে না, এটা ছিল। তারপর সেই কনজার্ভেশান মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে বার বার করে যখন আমি ফেললাম তখন একদিন উপলব্ধি করবার চেষ্টা করলেন। রাজারহাটে তিনি কুড়ি একর জমির ব্যবস্থা করে দিলেন। আবান ডেভেলপমেন্ট মিনিস্ট্রিকে বললেন যে, নিউটাউন অথোরিটির কাছ থেকে কুড়ি একর জমি যেখানে কলকাতা পৌরসভার চারশো থেকে পাঁচশো একর জায়গা যাকে ব্যবহার করা যায় না সেই কুড়ি একর জমিতে করতে হচ্ছে। এই কথাগুলো কেন বলছি। একটা তো কমিটি চেঞ্জ হচ্ছে, বিভাগের মন্ত্রী হিসাবে ধান ভানতে শিবের গান করি না। শুধু সাদা মাথায় দেখে বলুন, আপনারা সব দায়িত্বশীল? সরকার চালিয়েছেন, পৌরসভা চালিয়েছেন। গড়িয়ার ওপর থেকে মেট্রোপলিটন এয়ারপোর্ট পর্যন্ত যাওয়ার জন্য একদিন ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাস তৈরি হ'ল। আর বাইপাসটা, যেই বাইপাসটা তৈরি হ'ল তখন ১২০ ফুটের একটা রাস্তা, তার একটা পাশ ইস্ট কলকাতা হয়ে গেল টোটালটা ওয়েটল্যান্ড, বাঁদিকটা অথাৎ, ১২০ ফুটের একটা রাস্তা মানুষের প্রয়োজনে, বিমানবন্দর যাওয়ার প্রয়োজনে। এর জন্য

কোন বৈজ্ঞানিক ভিত্তিতে আলোচনা হ'ল না। এর জন্য ভালো-মন্দ দিকটা পর্যালোচনা করা হ'ল না। এর জন্য কোন নির্দিষ্ট দৃষ্টিভঙ্গিতে বিভিন্ন জায়গার মতামত, বিভিন্ন ডিপার্টমেন্ট তাই এই জায়গায় চলতে চলতে, মুখ্যসচিব এটাকে পরিচালনা করতেন, প্রধান ছিলেন। আমি সরকারের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানাই। এর পর কতদূর এগোতে পারব, জানি না। আমি রামসারকে ডেকেছি আগামী মাসে। আসুন, দেখে যান, বাস্তব ভিত্তি কোথায়। মানুষ তার জীবিকার প্রয়োজনে কত হাজার লোক, শ'নয়, কত হাজার হাজার বাড়ি চোখের সামনে এই ওয়েটল্যান্ডে হয়ে গেছে। তাদের ভবিষ্যৎ কি? তাদের রাজ্যসরকার- বি.এল.আর.ও মিউটেশান দেয় না। ভেবে দেখুন, কলকাতা পৌরসভা তাদেরকে মিউটেশান বা ট্যাক্সেশান এ্যাসেসমেন্টের প্রসেসে নিয়ে আসতে পারে না। পরিবেশ দপ্তর তাদের ছাড়পত্র দেয় না। আমাদের মাননীয় সদস্য বলতে গিয়ে বলছেন, আমি একটা কথা বলি যে, সার্টেন প্রসেস আছে আর্বানাইজেশানের। তাই সেই জায়গায় দাঁড়িয়ে এই কমিটি কখনও এ্যাক্টিভ রোল পার্ট করে নি যে, বাস্তব ভিত্তির ওপরে দাঁড়িয়ে নির্দিষ্ট কলকাতা ইস্ট ওয়েটল্যান্ড আইন আছে। সেই আইনের মধ্যেই এই শহরের একটা প্রান্তর শুধুমাত্র বেয়ার ল্যান্ড হিসাবে পড়ে থাকবে, এটা হয় না। সেই ল্যান্ডের চরিত্র পরিবর্তন না করে সেই বিশেষ দিকগুলি পরিদর্শন করে, ইকোলজিক্যাল ব্যালেন্স দেখে এই ল্যান্ডের বিভিন্ন দিক পর্যালোচনা করে এর প্রপার ইউটিলাইজেশান হওয়া প্রয়োজন। আমি কথা দিতে পারি পরিবেশ মন্ত্রী হিসাবে আমি চিরকাল থাকব না। আমি কথা দিতে পারি, আমি নিশ্চয় চিরকাল কলকাতার মেয়র থাকব না। কিন্তু যতদিন বেঁচে থাকব ভারতবর্ষের নাগরিক, পশ্চিমবঙ্গবাসী, কোলকাতার অধিবাসী হিসাবে বেঁচে থাকার প্রয়োজনে আমি বলতে পারি যে, কলকাতা পৌরসভা পরিবেশ দপ্তরে এমন দিয়ে যাব, এমন জায়গায় তৈরি করে দিয়ে যাব, একটি জলাশয়ও আমরা বোজাতে দেব না। জলাশয়ের কোনও রকম চরিত্র পরিবর্তন করতে দেব না। সেই সিদ্ধান্তের বাস্তবিকতার দিক থেকে সম্পূর্ণ দিক পর্যালোচনা করবার জন্য এই সদনের সদস্যদের অনুরোধ করব। আমি সেই আবেদন করব, যে প্রস্তাব আজকে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে, আজকে এই দপ্তরের পক্ষ থেকে রেখেছে, সেই দপ্তরের মন্ত্রী হিসাবে হয়তো সেদিন যেদিন এটা গঠন হবে সেদিনও যদি এই দায়িত্বে থাকি, এর পর্যালোচনা করার বিষয়টা বাস্তব ভিত্তিতে করার জন্য, বিজ্ঞান ভিত্তিতে করার জন্য সেখানে পরিবেশবিদরা তাঁদের বক্তব্য রাখুক, মানুষের সঙ্গে যাঁরা রয়েছেন বিভিন্ন জনতার সঙ্গে, তাঁরা তাদের বক্তব্য রাখুন। পর্যালোচনা করে এই সম্বন্ধে ভবিষ্যতের একটা নীতি-নির্ধারণ করার জন্য, বাস্তবিক সিদ্ধান্তের জন্য আজকে মুখ্যসচিব সরকার পরিচালনা করবার জন্য যে ক্যাবিনেটে বা সরকারের মুখ্য দায়িত্বে থাকেন, সেই জায়গায় দাঁড়িয়ে এত কাজের মধ্যে সেই দপ্তরের যিনি মন্ত্রি হবেন, তিনি এর দায়িত্ব নিয়ে পরিবেশ সম্বন্ধীয় বিষয়টাকে পর্যালোচনা করে এই ইস্ট কলকাতা ওয়েটল্যান্ডের সামগ্রিক পর্যালোচনা হোক। এই আশা রেখে, আমি সদস্যদের কাছে এই বিলকে অনুমোদন দেওয়ার জন্য অনুরোধ রাখব, ধন্যবাদ, নমস্কার।

Mr. Speaker: The question before the House is that The East Kolkata Wetlands (Conservation and Management) (Amendment) Bill, 2017 be taken into consideration. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause -2

Mr. Speaker: There is no amendment to Clause 2. So I put Clause 2 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As

many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the title of the Bill

Mr. Speaker: There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Now I call upon the Minister-in-Charge of Environment Department may please move the motion for acceptance of the Bill.

Shri Sovan Chatterjee: Mr. Speaker, Sir, with your kind permission, I beg to move that the East Kolkata Wetlands (Conservation and Management) (Amendment) Bill, 2017 as settled in the Assembly, be passed.

Mr Speaker: The question before the House is that The East Kolkata Wetlands (Conservation and Management) (Amendment) Bill, 2017 be passed.

As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

Suspension of Rule 312

Mr. Speaker: Hon'ble Members, today is the last day of the current Session of West Bengal Legislative Assembly. The Annual Financial Statement of the Government of West Bengal for the year 2017-2018 was presented to the Assembly on the 10th February, 2017. As announced from the Chair, 15th February, 2017 was the last date for giving notices of Cut Motions to demands for grants of all Departments. A number of Cut Motions have been received in this Secretariat during that period and the said Cut Motions have not yet been moved.

Now in terms of rule 312 of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, all pending notices of Cut Motions would lapse on the prorogation of the House.

I, therefore, propose to move the following Resolution for suspension of rule 312 so that the said Cut Motions do not lapse merely on the ground of Prorogation:

This House do suspend rule 312 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly in its application to the pending notices of cut motions to the various demands for Grants moved

in the House on the 16th February, 2017 and resolves that all notices of cut motions to the Demands for Grants given by the Members shall not lapse on the prorogation of the current Session of the Assembly.

I think the Resolution is adopted.

The Resolution is adopted.

West Bengal Legislative Assembly Business Transacted During the Fourth Session of the Sixteenth Legislative Assembly (3rd February to 20th February, 2017)

Mr. Speaker: Today the 20th February, 2017 is the last day of the Fourth Session of the Sixteenth Legislative Assembly. Before I adjourn the House sine die, I would like to narrate in brief the business transacted during this Session (Position as on the 20th February, 2017)

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
BUSINESS TRANSACTED DURING THE FOURTH
SESSION OF THE SIXTEENTH LEGISLATIVE ASSEMBLY
(3RD FEBRUARY TO 20TH FEBRUARY, 2017)

MR. SPEAKER: Today the 20th February, 2017 is the last day of the Fourth Session of the Sixteenth Legislative Assembly. Before I adjourn the House sine-die, I would like to narrate in brief the busines transacted during this 16 Session.

(Position as on the 20th February, 2017)

1. QUESTIONS :

(A)	Total Number of Notices of Questions received	531
(B)	Number of Questions allocated	441
	(i) Starred	436
	(ii)Unstarred	5
(C)	Total Number of Questions admitted	288
	(i) Starred	283
	(ii) Unstarred	5
(D)	Total Number of Question disallowed	24

(E)	Total Number of Questions replied	101
	(i) Starred	101
	(ii) Unstarred	NIL
(F)	(i) Total Number of replies to Questions received from the Department but not yet placed in the order paper (Starred and Unstarred)	118
	(ii) Number of Questions pending with the Departments	69
	(iii) Number of Questions under Process	129

In addition, I would like to make an announcement that Starred Questions to which replies have been received in this Secretariat but not answered in the House would be treated as Unstarred ones and replies thereto would be circulated to the Members.

2. GOVERNMENT BILLS :

(A)	Number of Bills introduced	6
(B)	Number of Bills passed	6

3. CALLING ATTENTION NOTICE :

(A)	Notices received	6
(B)	Notices admitted	5
(C)	Statement made	1

In this connection I would also like to make an announcement that replies to Calling Attention Notices admitted by me and not replied in the House would be sent direct to the Members concerned.

4. NOTICE OF RESOLUTION UNDER RULE 201

	Notice received (Not proceeded with for sort of prescribed period of 14 days)	1

5. MOTION UNDER RULE 185 :

(A)	Notice received	1
(B)	Disallowed	1

6. STATEMENT MADE UNDER RULE 346

	Statement made	1

7.	**LAYING OF RULES AND AMENDMENT TO THE RULES :**	
(A)	Notice received	1
(B)	Rules laid	1
(C)	Amendment to the Rules Laid	2
8.	**LAYING OF NOTIFICATION**	
(A)	Notices received	2
(B)	Notifications laid	2
9.	**LAYING OF ORDINANCE**	
(A)	Notice received	1
(B)	Ordinance laid	1
10.	**LAYING OF REPORTS, ACCOUNTS ETC. OF GOVERNMENT COMPANIES AND UNDERTAKINGS etc.**	
	Reports and Accounts etc. laid	5
11.	**MENTION CASES**	26
12.	**NUMBER OF SITTINGS**	12
13.	**TOTAL HOUR OF SITTINGS**	35 hours 27 minutes (upto 1.30 p.m. today)

[1:40 – 1.50 p.m.]

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই স্বল্প সময়ের বাজেট অধিবেশনের প্রথম পর্বে আমরা সমস্ত বিধায়করা অংশগ্রহণ করেছি। বিভিন্ন বিলে আলোচনা করেছি। অর্থমন্ত্রী প্রদত্ত যে বাজেট- এক কথায় এই নোট বন্দির বাজারে মানুষের পাশে দাঁড়িয়ে মানুষকে সাহায্য করবার যে দিশা দেখিয়েছেন আপনার মাধ্যমে আমি মমতা বন্দ্যোপাধ্যায়কে সর্বপ্রথম ধন্যবাদ জানাতে চাই। আমি ধন্যবাদ জানাতে চাই আপনাকেও। আপনি অসীম ধৈর্যর সঙ্গে বিধানসভার কার্য পরিচালনা করেছেন। নানাবিধ উত্তেজক মন্তব্য, অসংসদীয় আচরণ বিরোধী পক্ষের কেউ কেউ করেছেন তাতে আমরা স্তম্ভিত। শুধু তাই নয়, যে অল্প সংখ্যক বিধায়করা আছে, তারা এখানে এসে যদি গঠনোত্তক ভূমিকা পালন করতেন জনপ্রতিনিধি হিসাবে, তাহলে অন্তত বিধানসভার গরিমা পালিত হত। উল্টে কখনও কখনও সরকারের বিরুদ্ধে অনাস্থা এনে, কখনও কখনও আপনার মতন অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা এনে তারা সভার কাজকে সংবাদমুখী করতে চেয়েছেন। যেখানে তাদের দরকার ছিল মানুষমুখী হওয়ার। আমরা তবুও বলবো যে বিরোধীরা ভাল মতন এই অধিবেশনে যতটুকু সুযোগ পেয়েছিলেন, বাজেট অধিবেশনের মত অধিবেশন তারা বিভিন্নভাবে ব্যবহার করলেন না, তাতে আমি খেদ প্রকাশ করি। কিন্তু আমরা অবাক হয়ে দেখলাম যে কোন রুলিং বিধিসম্মত আইনের দ্বারা মাননীয় অধ্যক্ষ যখন দিচ্ছেন তখন সেখানেও তারা আপত্তি

করছেন। নানারকম পয়েন্ট অব অর্ডার- আমি জানি না, বিরোধী দলের বিশেষ করে সিপিএম এবং কংগ্রেসের এই যে যৌথ উদ্যোগ চলছে জয়েন্ট সেক্টর, এরা কখন পয়েন্ট অব অর্ডার দিতে হয় সেই বিষয়েও তাদের সম্যক জ্ঞান আছে কিনা আমার সন্দেহ হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তা সত্ত্বেও আমি দেখলাম তাদেরকে সুযোগ করে দিতে। এটাই তো গণতন্ত্র। আমরা অনেক সময় রুষ্ট হচ্ছি কেন দিচ্ছেন উনি? তবুও তিনি বিরোধী দলকে সেই সুযোগ করে দিয়েছেন। আমি আমাদের বিধায়কদের, মন্ত্রিসভার সদস্যদের সকলকে অভিনন্দন জানাই। আপনারা সংসদীয় আচরণের মধ্য দিয়ে নিজেরা নিজেদের জায়গায় ছিলেন নানারকম প্ররোচনা সত্ত্বেও। মন্ত্রীরা সময়মত তাঁদের উত্তর সঠিকভাবে দিয়েছেন। আমি ধন্যবাদ জানাই উপাধ্যক্ষকে। অধ্যক্ষ যখন ছিলেন না সেই সময় তিনি কাজ অত্যন্ত সাবলীলভাবে সামলেছেন। আমি ধন্যবাদ জানাই বিজেপি এবং গণমুক্তি মোর্চার বিধায়করা যারা নানা প্ররোচনা সত্ত্বেও শুভবুদ্ধি উদয়ের ফলে তাঁরা বিধানসভার কাজে উপস্থিত ছিলেন।

আমি ধন্যবাদ জানাই, সমস্ত স্টাফদের আমাদের অ্যাসেম্বলীর সেক্রেটারি এবং তার সহযোগীদের। যারা এখানে বসে নোট নিয়েছেন তারা আমাদের বিধানসভার নিরাপত্তা রক্ষীরা, মহিলারা এবং নিরাপত্তা রক্ষীরা প্রহৃত হয়েছেন। লজ্জাকর ব্যাপার কিন্তু তাঁরা তাঁদের দায়িত্ব সম্পর্কে সচেতন ছিলেন। আমি তাদের ধন্যবাদ দিই। আমি পশ্চিমবঙ্গের পুলিশ যারা বাইরে আমাদের সকলের নিরাপত্তা দেখবার জন্য সাহায্য করেছেন, আমি তাদেরকে ধন্যবাদ দিই। আমি ধন্যবাদ দিই, সংবাদ মাধ্যমকে। প্রিন্ট মিডিয়া এবং ইলেকট্রনিক মিডিয়াকে যে তারা ধৈর্য ধরে এই সভার কাজ দেখেছেন, তাঁদের মত করে রিপোর্ট দিয়েছেন এবং আমরা আশা করবো তাঁদের কাছে যে ভাল বিতর্ক যদি আপনাদের সংবাদের প্রথম দিকে আসে তাহলে বোধহয় জনগণ আরো বেশি উপকৃত হবে। হয়তো কিছু কিছু ক্ষেত্রে টি.আর.পি. কমতে পারে কিন্তু এই কাজটা শুরু করলে টি.আর.পি.বাড়তে পারে। আমাদের অধিবেশন আজকে শেষ হচ্ছে কিন্তু আমাদের দফাওয়াড়ি বাজেট আবার শুরু হবে শীঘ্রই। আমাকে সবাইকে অনুরোধ করবো আপনারা বইটি ভাল করে পড়বেন এবং যখন আবার এই হাউস বসবে তখন সেই হাউসে আপনারা আবার অংশ নিয়ে সমস্ত বিভাগীয় দপ্তরের বিষয়ে আপনারা আপনার বক্তব্য পেশ করবেন। বিরোধীরা নেই হয়তো গাছতলায় বসে আছেন কখন ছবি উঠবে। আমি তাদের কাছেও বলছি যে আপনারা ছবি তোলা বন্ধ করে এখানে আসুন। আমরা না হয় সাংবাদিকদের বলবো, আমাদের খবর-টবর দিও না ওদের খবর দাও। তাহলে বুঝবে যে এখানে বিরোধী দল আছে। শুধুমাত্র ছবি তোলার জন্য বিরোধিতা করবার যে রাজনীতি এই জয়েন্ট স্টিকার কোম্পানিরা করছে তাতে কিন্তু গণতন্ত্র গৌরবান্বিত হচ্ছে না। আবার অধ্যক্ষ মহাশয়কে শুভেচ্ছা জানাই,অভিনন্দন জানাই তাঁর সুষ্ঠুভাবে, বলিষ্ঠভাবে সভা পরিচালনা করবার জন্য।

শ্রী দিলীপ কুমার ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা মোটামুটি পরম্পরা তৈরি হয়ে গেছে বিরোধী দল থেকে আমাকে সবসময় ধন্যবাদ দিতে হয় সেই জন্য আমি নিজেকে গৌরাবান্বিত মনে করছি। ওনারা এই দায়িত্বটা আমাকে দিয়ে গেছেন। এবারে বিধানসভা নরমে গরমে ভালই চলেছে। মাননীয় অর্থমন্ত্রী তার অভিজ্ঞতা দিয়ে বাজেট পেশ করেছেন। যেখানে যেখানে সম্ভব আমরা তাকে সমর্থন করেছি কিন্তু আমাদের দায়িত্ব বিরোধী হিসাবে সেটা পালন করারও চেষ্টা করেছি। সবার উপরে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার উপর দিয়ে যেভাবে এক্সসারসাইজ হয়েছে আমার মনে হয় গত চারটি অধিবেশনের মধ্যে এটাই সবচেয়ে বেশি হয়েছে। সংঘর্ষ,সংঘাতের ভিতর দিয়ে পুরো সপ্তাহ আমরা পার করেছি এবং যা যা কার্যক্রম ছিল সেটা সুচারু রূপে পালিত হয়েছে এটাও আমাদের কাছে একটা আনন্দের ব্যাপার।

মাননীয় শিক্ষামন্ত্রী তিনিও খুব চাপ নিয়েছেন। সব ব্যাপারটা ওনাকে লক্ষ করে হয়।তিনিও ধৈর্যের পরীক্ষা দিয়েছেন,পরিশ্রম করেছেন, উপস্থিত থেকেছেন। তিনিও ধন্যবাদ পাওয়ার যোগ্য। সর্বোপরি মাননীয়া মুখ্যমন্ত্রীকে আরো অধিক সময় আমরা সদনে আশা করেছিলাম, হয়তো ততটা পাইনি। আশা করবো, তিনি আমাদের সঙ্গে বেশি সময় কাটাবেন। বিধানসভার পরিবেশ দিনে দিনে গরম হয়ে উঠছে। বাইরের চেয়ে ভিতরের রাজনীতি বেশি হচ্ছে আমার মনে হচ্ছে। জানি না, এটা সমীচিন কি না কিন্তু বিরোধীরা যারা আছেন, যাদের উপর পুরোপুরি দায়িত্ব সরকারকে সঠিক পথে পরিচালিত করার তারাই পথ হারিয়ে ফেলছেন ধীরে ধীরে, চিন্তার বিষয় এটা সংসদের ক্ষেত্রে, সংসদীয় রাজনীতির ক্ষেত্রে। আমি নিজে খুব অল্প দিন রাজনীতিতে এসেছি, বিধায়ক হয়েছি প্রথমবার। আমার যারা সাথী তারাও খুব নতুন। আমরা যাদের কাছে শিখবো ভেবেছিলাম, তারা নিজের মাস্টার মশাইয়ের জায়গাটা ধীরে ধীরে হারিয়ে ফেলছেন।

[1:50 – 2.00 p.m.]

যাইহোক, সংসদ চলবে, সদন চলবে। যতদূর আমি জেনেছি খুব তাড়াতাড়ি আমরা আবার মিলিত হব। আমি আশা করব ততদিনে সবাই নিজের অতীতকে চিন্তাভাবনা করে নিজের ভবিষ্যতের কাজকে ঠিক রাস্তায় নিয়ে যাবেন এই আশা রেখে সরকার এবং বিরোধী সবাইকে - সর্বোপরি সদন চালাবার জন্য যে সমস্ত কর্মচারী, মাননীয় মার্শাল - এর সঙ্গে যারা যুক্ত, তাদের সুচারু আর পরিশ্রমের ফলে সুন্দরভাবে সদন চলতে পারে। আমার যেটা মনে হয়েছে সদনে এসে যে আমরা সবাই একটা পরিবারের মতো। বাংলার মানুষ বিধানসভার দিকে তাকিয়ে থাকেন। আমরা এখানে আইন তৈরি করতে এসেছি, সেটা আমরা কতটা করছি। আমি আশা করব সদনের পরিবেশ আরও ভাল হবে, আরও ফলপ্রসূ হবে এবং পরবর্তী সময়ে যখন মিলিত হবো, তখন আনন্দের সঙ্গে মিলিত হবো। সবাই সুখে-শান্তিতে থাকবেন এই কামনা করে, মাননীয় অধ্যক্ষ মহাশয় এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানিয়ে, সবাইকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে শেষ করছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বারের হাউস অত্যন্ত সরগরম ছিল। আপনি তার ধৈর্য্যের পরিচয় দিয়েছেন এবং সর্বান্তভাবে এই হাউসের গরিমা রক্ষা করার চেষ্টা করেছেন এবং আপনার অনুপস্থিতিতে ডেপুটি স্পীকার মহাশয় করেছেন, সেইজন্য আপনাকে আমাদের সকলের পক্ষ থেকে কৃতজ্ঞতা, শুভেচ্ছা। আর ডেপুটি স্পীকার মহাশয়কেও শুভেচ্ছা। মান্যবর সংসদীয় মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী আমাদের সকলের হয়ে বলেছেন। আমি রাজ্যের মান্যবর মুখ্যমন্ত্রী, এই হাউসের লিডার, তিনি প্রারম্ভিক সেশানে সব কটি দিক নিয়ে আলোকপাত করেছেন। তাঁকেও আমাদের পক্ষ থেকে ধন্যবাদ। বিশেষ করে আমাদের বিধায়কগণ - সমস্ত বিধায়কদেরই আমি ধন্যবাদ দিই এবং শুভেচ্ছা জানাই। বিরোধীদের আচরণ গণতন্ত্রের পক্ষে যত খারাপ হোক না কেন, এই হাউসে দীর্ঘদিন সদস্য হিসাবে আমি পরিলক্ষিত করেছি, যা আমাদের সকলকে বেদনা দিয়েছে এবং আপনাকেও তারা বিব্রত করেছে। আমি আশা করি যে আগামী সেশানে তাঁরা তাঁদের মত পাল্টাবেন এবং গণতন্ত্রের যে পীঠস্থান, এই পীঠস্থান আমাদের বিধানসভা, তার গরিমা এবং গর্ব সম্বন্ধে তাঁরা সতর্ক থেকে আমাদের সকলের সঙ্গে এই হাউস পরিচালনা করবেন। যারা বিরোধী দলের পক্ষ থেকে জে.জি.এম এবং বি.জে.পির সদস্য ছিলেন, তাদেরকেও ধন্যবাদ জানাচ্ছি। বিশেষ করে আমাদের মন্ত্রীমণ্ডলী- স্যার,প্রত্যেকটি দপ্তরে আপনি যখন দেখেছেন, সব ব্যাপারেই আমাদের মন্ত্রীমন্ডলী, তাঁর আমাদের সঙ্গে থেকেছেন, এই হাউসের গরিমা বৃদ্ধি করেছেন। তাদেরকেও আমি ধন্যবাদ জানাই। আমি ধন্যবাদ জানাই বিধানসভার মাননীয় সচিব

এবং সমস্ত কর্মচারী বন্ধুদের এবং রাইটার্স, যারা অনেক বাধার সম্মুখীন হয়েও এই অ্যাসেম্বলিকে সুষ্ঠু পরিচালনার জন্য সহযোগিতা করেছেন। আমি প্রেস এবং মিডিয়াকেও আমাদের পক্ষ থেকে ধন্যবাদ, শুভেচ্ছা জানাচ্ছি। কারণ তারাও অবস্থা যাই থাকুক, এই বিধানসভার গরিমা তারা তুলে ধরার চেষ্টা করেছেন। এই কটি কথা বলে, আপনার সুস্বাস্থ্য কামনা করে, আপনাদের সুস্বাস্থ্য কামনা করে এবং বিরোধীরা যেভাবে আপনাকে লক্ষ করে আপনার ধৈর্য্যচ্যুতি ঘটাবার চেষ্টা করেছেন কিন্তু আপনি স্পীকার হিসাবে এই পশ্চিমবাংলায় ধৈর্য্যের পরিচয় দিয়ে আপনি বিধানসভার গরিমা রক্ষা করেছেন। আপনাকে আর একবার - আমার ডেপুটি চিফ হুইপ শ্রী তাপস রায় এবং আমাদের সকলকে আর একবার আমার পক্ষ থেকে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

Shri Haider Aziz Safwi: (In Beng. Contg.)....

মিঃ ডেপুটি স্পীকার : আজকে হাউসের শেষ দিন। শীঘ্র আবার হাউস বসবে। আমাদের এবার একটু প্রবলেম হয়েছিল। কিন্তু যেভাবে হাউসটা কন্ডাক্ট করা হয়েছে, এজন্য আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি। আমি ধন্যবাদ দিচ্ছি আমাদের পরিষদীয় মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জীকে,উনি সব সময় সাহায্য করেছেন। আমাদের নির্মল ঘোষ এবং তাপস রায় - এরা দু'জনেই খুব সাহায্য করেছেন।

সবথেকে ভাল রোল প্লে করেছে আমাদের পুরো স্টাফ, সেক্রেটারি ও জয়েন্ট সেক্রেটারি। ওদের ছাড়া হাউজ কনডাক্ট করা খুব মুশকিল হয়ে যায়। আমাদের মার্শাল স্টাফদের এইবার কাজ করতে হয়েছে বেশি। আমি ওদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। আমি আশা করি আমরা শীঘ্রই মিট করব। আবার হাউজটা ভালভাবে হবে। আমি আবার প্রত্যেককে ধন্যবাদ দিচ্ছি আপনারা সবাই এখানে এসেছেন, প্রেজেন্ট আছেন এবং হাউজ কনডাক্ট করতে সাহায্য করেছেন। ধন্যাবাদ, নমস্কার।

মিঃ স্পীকার : এইবার আমার পালা। নিজেকে নিজে ধন্যবাদ দিতে খুব খারাপ লাগে। আমি ধন্যবাদের কোন কাজ করেছি কি না জানি না সেটা আমাদের যে মাননীয় সদস্যরা আছেন তারাই বিচার করবেন। আমাদের এই অধিবেশনের আজকে শেষ দিন। সবাই বলেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী এসেছিলেন এবং মন্ত্রী সভার সদস্য তাঁরা সবাই উপস্থিত ছিলেন। আমাদের যে সমস্ত বিধায়করা রয়েছেন সরকার পক্ষ হোক, বিরোধী পক্ষ হোক সবাইকে আমি ধন্যবাদ জানাই। তবে আমি একটি অনুরোধ করব মাননীয় সদস্যদের যে বিধানসভা চালানোর ক্ষেত্রে সবার সহযোগিতা আমরা চাই। বিধানসভায় আমরা সবাই নির্বাচিত হয়ে এসেছি মানুষের কথা বলার জন্য। সরকার যে সমস্ত বিল আনছে, গুরুত্বপূর্ণ বিল - তার উপর আলোকপাত করার জন্য। সরকারের সমালোচনা করার এরথেকে ভাল জায়গা আছে বলে আমার বিশ্বাস হয় না। সারা পশ্চিমবঙ্গের কথা এই বিধানসভাতে এসে একমাত্র বলা যায়,যেটা হয়তো অন্যান্য জায়গায় বলার সুযোগ পাওয়া যায় না। সেইজন্য আমার মনে হয় যে বিধানসভায় থেকে, বিধানসভায় প্রশ্ন-উত্তর পর্বে থেকে এবং বিলের উপর আলোচনা করে, বিভিন্ন বিষয়ে আলোচনা করে তবেই এঁদের দায়িত্বটা সঠিকভাবে পালন করতে পারবেন। আমার আরো খারাপ লাগে কারণ এই সদনে এইবারে যে ধরনের ঘটনা ঘটে গেল - সেই সময় অনেক স্কুল, কলেজের ছেলে মেয়েরা এসেছিল, আমাদের গ্যালারি ভর্তি ছিল, তারা কি ইমপ্রেশন নিয়ে গেল এই বিধানসভা সম্বন্ধে - আমার এটা ভাবতে খুব খারাপ লাগে। যদিও সংসদীয় গণতন্ত্রে উত্তেজনা থাকবে, সব জায়গায় উত্তেজনা হয় কিন্তু সেটার একটা সীমারেখা টানার দরকার আছে। যারা দায়িত্বশীল বিধায়ক রয়েছেন, তাদের দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে এবং তাদের সেই রকম ভাবে কাজ করতে হবে। তাহলে আমাদের গণতন্ত্র আরো বলিষ্ঠ হবে।পার্লামেন্টারি প্র্যাকটিশ এবং

প্রসিডিওর সম্বন্ধে আমরা যে গর্ব করি, সেই গর্বটা আমরা আরো বেশি করে করতে পারব। যাইহোক আমি এটা সবার কাছে আবেদন করব। আমাদের পরবর্তী অধিবেশন শীঘ্রই শুরু হবে দফাওয়ারি বাজেট। সবার সহযোগিতা চাই, সবাই আসবেন- এটা আমি আশা করি। তবে এটা পালামেন্টরি অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট বলবেন। যারা প্রেস মিডিয়া রয়েছেন তাঁদের ধন্যবাদ জানাই যে, আপনারা অনেক নিষ্ঠার সঙ্গে কাজ করেছেন। আর আমাদের এখানে যাঁরা বসে রয়েছেন রিপোর্টার, আমি তাঁদেরও ধন্যবাদ দেব। আমাদের যাঁরা রিপোর্টার বসে রয়েছেন, আমি তাঁদের বিশেষভাবে ধন্যবাদ দেব। আপনারা দেখেছেন আমাদের বিরোধী পক্ষের যাঁরা সদস্য রয়েছেন তাঁরা এখানে যেভাবে চিৎকার, চেঁচামেচি করেছেন, হইচই হট্টোগোল করেছেন তার মধ্যেও মাথা ঠান্ডা রেখে আমাদের সেক্রেটারিয়েট স্টাফরা যেভাবে কাজ করে যাচ্ছেন, তাঁরা যেভাবে বিধায়কদের বক্তব্য গুলি রেকর্ড করছেন, এটা সত্যি প্রশংসার প্রাপ্য। এত গণ্ডগোলের মধ্যেও তাঁরা ঠান্ডা মাথায় কাজ করে যাচ্ছেন। মাননীয় সদস্য যাঁরা রয়েছেন, দিনের দিন অনেকে এসে বলেন আনরিভাইসড কপি চাই। সেটাও ওনারা মাননীয় বিধায়কদের দেন। সুতরাং এঁরা ধন্যবাদের যোগ্য। সেই সঙ্গে সঙ্গে আমাদের সিকিউরিটি স্টাফদের উপরও অনেক চাপ গেছে। আপনারা দেখেছেন যে ঘটনা ঘটেছে, সেই ঘটনার বিবরণ আমি এখানে বিস্তারিতভাবে দেব না, যেহেতু এনকোয়ারি রিপোর্ট যা রয়েছে সেক্রেটারীকে আমি তদন্ত করতে দিয়েছি। তবে এটা না হলেই ভাল হত এবং আমরা যাঁরা দায়িত্বশীল সদস্য রয়েছি, যাঁরা এক একটা দলের নেতৃত্ব দিই, তাঁদের কাছে আমি আরো বেশি দায়িত্বের প্রত্যাশা করেছিলাম। যাইহোক আগামী দিনে হয়তো সুষ্ঠুভাবে হতে পারবে। মাননীয়া মুখ্যমন্ত্রী এসেছিলেন এবং বিধানসভায় অনেক সময় কাটিয়ে গিয়েছিলেন তাঁকে ধন্যবাদ জানাই। আমাদের অনেক গুরুত্বপূর্ণ বিল এইবারে পাশ হয়েছে। বিলের উপর আলোচনা হয়েছে, গভর্নর অ্যাড্রেসের উপর এবং বাজেটের উপর ভাল আলোচনা হয়েছে। আলোচনার মান আগের থেকে উন্নত হয়েছে। মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাব এটা তাঁরই অধিবেশন বলা যেতে পারে। বাজেট হচ্ছে সম্পূর্ণ অর্থকেন্দ্রীক, অর্থমন্ত্রীর দপ্তর কেন্দ্রীক। তিনি প্রত্যেকদিন এখানে এসেছেন। মন্ত্রীসভার সদস্য যাঁরা এখানে বসে আছেন, সেই মাননীয় সদস্যরা তাঁরা প্রত্যেকটা প্রশ্নের উত্তর দিয়েছেন। তাঁরাও ধৈর্য্যের সঙ্গে বিরোধীদের কথাবার্তা শুনেছেন, তাঁদেরও ধন্যবাদ জানাই। আমাদের মাননীয় ডেপুটি স্পীকার রয়েছেন তাকে ধন্যবাদ জানাই। চিফহুইপ,অ্যাডিশনাল চিফহুইপ ও অন্যান্য যাঁরা রয়েছেন তাঁদেরও ধন্যবাদ জানাই।

[2:00 – till Adjournment]

আর বিরোধী দলের দিলীপ বাবু - এটা ঠিকই যে এটা মিয়ার ফরম্যালিটি- এটা বুঝতে আমার কোন দ্বিধা নেই তবুও আপনি ধন্যবাদ দিয়েছেন, তাই আপনাকেও আমি বিশেষকরে ধন্যবাদ জানাই। আপনি নিজেও উপলব্ধি করতে পেরেছেন যে বিরোধীদের ভূমিকা বিধানসভায় আরও দায়িত্বশীল হওয়া উচিত এবং এই প্রার্থনা যেন সবার কাছে যায়। এই প্রত্যাশা করে আমি আর একটা কথা আপনাদের বলব, আপনারা জানেন যে এই ভাঙচুরের ঘটনাকে কেন্দ্র করে একটা বিরোধী দল থেকে আমাদের সরকারের বিশেষকরে এই যে ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ার যাঁরা রয়েছেন - পি.ডবলিউ.ডি-র তাঁদের সম্বন্ধে একটা প্রশ্ন তোলা হয়েছে যে ১২ হাজার টাকায় সারানো যায়। আমি শনিবার দিন আমার দপ্তর খোলা রেখেছিলাম। শনিবার দিন আমার দপ্তরের আধিকারিকরা বিধানসভায় ছিলেন। আমি বলেছিলাম বিরোধী দলের যাঁরা এই প্রশ্ন তুলেছিলেন, তাঁরা যদি কোন ইঞ্জিনিয়ারকে নিয়ে আসেন দেখাবার জন্য, তাহলে আপনারা তাঁদের অনুমতি দেবেন। তাঁরা এটা এগজামিন করুন, তাঁরা এসে দেখে যাক। কিন্তু তাঁরা এখানে ১২.০০টা ১২.৩০ পর্যন্ত এখানে ছিলেন কেউ আসেননি। আমি এই সঙ্গে আর একটি প্রসঙ্গ তুলতে পারি - এটা অপ্রাসঙ্গিক হবে কিনা জানিনা, এটা কোন বিদ্বেষমূলক কথা নয়, কিন্তু এটা আমাদের

সবাইকে বুঝতে হবে যে, যাঁরা এখানে অভিযোগ করে গেলেন যে ১২ হাজার টাকায় রিপেয়ার করা যায়, তাঁদের ঘর রিপেয়ার করার জন্য আমাদের যেসমস্ত সিভিল ইঞ্জিনিয়াররা রয়েছেন তাঁরা এস্টিমেট দিয়েছেন - সেই দলের ঘর রেনোভেট করতে গেলে ১১লক্ষ ৫১ হাজার ৯৯৫ টাকা খরচ চেয়েছে। তখন কিন্তু আমাদের এখানকার পি.ডবলিউ.ডি-র সিভিল ইঞ্জিনিয়ার সম্বন্ধে একটা প্রশ্ন তাঁরা করেননি এবং এই টাকাটা দিয়ে তাঁদের ঘর নতুন করে সাজিয়ে দেওয়া হয়েছে তাঁদের চাহিদা মতন। সুতরাং আমাদের ইঞ্জিনিয়াররা যাঁরা রয়েছেন এখানে সেই ইঞ্জিনিয়াররা সরকারি নিয়ম অনুযায়ী তাঁরা এস্টিমেটে দেন, এখানে লুকোচুরির কোন ব্যাপার নেই। আমরা তো সবাইকে আহ্বান করি। যে পাবলিক টেন্ডার আমরা করি, যে টেন্ডারের মধ্যে যাঁরা টেন্ডারের লোয়েস্ট বীডার আছে, তাঁদের ডেকে নিয়ে তাঁদের কাজকর্মের কি কোয়ালিটি আছে সেসব দেখে অনেক সময় আমাদের সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। যাইহোক এই প্রসঙ্গে বলি যে, আমাদের কিছু কিছু রিপেয়ার করা বাকি আছে, এখনও সম্পূর্ণ নতুন করে আমরা লাগাতে পারিনি, বক্স কোম্পানীর সঙ্গে আমরা যোগাযোগ করেছি এবং তাঁদের ইঞ্জিনিয়াররা আসবেন, তাঁদের দেখার পরিপ্রেক্ষিতে এটা আমরা রিপেয়ার করব। পরবর্তী কি সিদ্ধান্ত হয় সেটা নিশ্চয়ই আপনাদের জানাব। সবাই ভাল থাকবেন, সুস্থ থাকবেন।

The House was then adjourned sine die at 2:02 p.m.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

Vol.-146, No.- I

(Budget Session, 2017)

(From 3rd February to 20th February, 2017)

[The 3rd, 6th, 7th, 8th, 9th, 10th, 13th, 14th, 15th, 16th 17th and 20th February 2017]

Index

Date : 03.02.2017

Governor's Address /PP-1-10

Motion on the Governor's Speech /PP-10-11

Report of the Business Advisory Committee /PP-11-12

Date : 06.02.2017

Obituary References /PP-13-17

Date : 07.02.2017

Leave of Absence under rule 242 /PP-19-20

Laying of Report /P-21

Discussion on Governor's Address

Discussed by — শ্রী অসিত মিত্র / PP-22-25
— শ্রী জ্যোতির্ময় কর / PP-25-29
— ডঃ সুজন চক্রবর্তী / PP-29-32
— শ্রী কালিপদ মন্ডল / PP-32-35
— শ্রীমতী ফিরোজা বেগম / PP-35-38
— শ্রীমতী মহুয়া মৈত্র / PP-38-42
— শ্রী অশোক দিন্দা / PP-42-44
— শ্রী সমীর কুমার জানা / PP-44-48
— শ্রী নগেন্দ্র নাথ রায় / PP-48-49
— শ্রী সমীর চক্রবর্তী / PP-49-51
— শ্রী ধীরেন্দ্রনাথ লায়েক / PP-52
— শ্রী কল্লোল খাঁ / PP-53-55

— শ্রী মইনুল হক / PP-55-58
— শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী / PP-58-60
— শ্রী প্রদীপ কুমার সাহা / PP-60-63
— শ্রীমতী রত্না ঘোষ কর / PP-63-65
— শ্রী শংকর মালাকার / PP-65-68
— শ্রী স্নেহাশিস চক্রবর্তী / PP-68-71
— শ্রী সুজিত চক্রবর্তী / PP-71-72
— শ্রী প্রবীর কুমার ঘোষাল / PP-72-75
— শ্রী রফিকুল ইসলাম মন্ডল / PP-75-76
— শ্রী শীলভদ্র দত্ত / PP-76-79
— শ্রী মোস্তাক আলম / PP-79-81
— শ্রী সুজিত বোস / PP-82-84
— শ্রী সৌরভ চক্রবর্তী / PP-84-86
— শ্রীমতী জাহানারা খান / PP-86-88
— শ্রী দুলাল মুর্মু / PP-88-90
— শ্রী শ্যামল মন্ডল / PP-90-92
— শ্রী মিল্টন রশিদ / PP-92-94
— শ্রী দীপক কুমার হালদার / PP-94-96
— শ্রীমতী প্রতিমা রজক / PP-96-99
— শ্রী সওকত মোল্লা / PP-99-101

Date – 08.02.2019

Laying of Report

Laid by— Mr. Speaker / P-103

Presentation of Committee Report

Presented by– Shri Kalipada Mandal' /P-103

Laying of Rules

laid by– Shri Sobhandeb Chottopadhyay /P-103

Laying of Amendments to the Rules

laid by– Shri Molay Ghatak /P-103

Laying of Report and Accounts

laid by– Shri Sobhandeb Chottopadhyay /P-104

Discussion on Governor's Address

Discussed by — শ্রী ভূপেন্দ্র নাথ হালদার / PP-105-107

— শ্রী পার্থ ভৌমিক / PP-107-111
— শ্রী অশোক ভট্টাচার্য্য / P-111-113
— শ্রী মনোজ টিগ্গা / PP-113-114
— শ্রী অখিল গিরি / PP-114-115
— শ্রী Shri Amar Singh Rai / PP-116-117
— শ্রী আনিসুর রহমান / PP-117-119
— শ্রী অপূর্ব সরকার / PP-120-123

— শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-124-132

replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-133

Legislation

The West Bengal Maintenance of Public Order (Amendment) Bill, 2017 /PP–154-164

Discussed by — শ্রী ফিরহাদ হাকিম / PP-154-157

— ডঃ আশীষ ব্যানার্জী / P-157

— শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-159-163

replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-158-159

Ruling from the Chair / PP-150-151

Suspension of member from the Assembly Chamber / P-152

Date-09.02.2017

Starred Questions
(to which oral Answers were given)

*২ — শ্রীমতী ফিরোজা বিবি
— শ্রী খগেশ্বর রায়
— শ্রী শীলভদ্র দত্ত

— শ্রী আব্দুল খালেক মোল্লা

— শ্রী হিতেন বর্মন
— শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী
— শ্রী দীপক কুমার হালদার
— শ্রী অসিত মজুমদার
— শ্রী সমীর কুমার জানা
— শ্রীমতী রত্না ঘোষ কর
— শ্রী মনোজ টিগ্গা
replied by — শ্রীমতী অসীমা পাত্র / PP-165-168
*৬ — শ্রী জয়ন্ত নস্কর
— শ্রীমতী রহিমা মন্ডল
— শ্রী পুলিন বিহারী রায়
— শ্রীমতী নীলিমা নাগ
— শ্রীমতী বীণা মন্ডল
replied by — শ্রী রাজীব ব্যানার্জী / PP-168-170
*১৮ — শ্রী পুলিন বিহারী রায়
— শ্রীমতী নার্গিস বেগম
— শ্রী নরেশ চন্দ্র বাউড়ি
replied by — শ্রী রাজীব ব্যানার্জী / PP-171-172
*১৬ — শ্রী কল্লোল খাঁ
— শ্রী শীতল কুমার সর্দার
replied by — শ্রী রাজীব ব্যানার্জী / PP-172-174
*৪ — শ্রী মানস মজুমদার
replied by — শ্রী চূড়ামণি মাহাত / P-174
*১০ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
replied by — শ্রী চূড়ামণি মাহাতো / PP-174-175
*১৪ — শ্রী কালীপদ মন্ডল
— শ্রী অসীম কুমার মাঝি
— শ্রীমতী সোনালী গুহ
— শ্রী শীতল কুমার সর্দার
— শ্রী কল্লোল খাঁ
— শ্রী ব্রজমোহন মজুমদার
— শ্রী তাপস রায়

replied by — শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী / PP-175-179

Starred Questions

(to which answers were laid on the 'Table')

*১ — শ্রী রফিকুল ইসলাম / PP-179-180
*৩ — শ্রীমতী শ্যামলী প্রধান / P-181
*৫ — শ্রী নর্মদা চন্দ্র রায় / PP-181-182
*৯ — শ্রী প্রদীপ কুমার সাহা / P-182
*১১ — শ্রী সেক ইব্রাহিম আলি / P-182
*১২ — শ্রী শ্রীকান্ত মাহাত / P-183
*১৩ — শ্রী অসিত মিত্র / P-183
*১৫ — ডঃ সুখবিলাস বর্মা / PP-183-184
*১৭ — শ্রী নগেন্দ্র নাথ রায় / P-184

Calling Attention (Notice) /P-184

Laying of Notifications /PP-184-185

Mention Cases

raised by — শ্রী শেখ শাহনাওয়াজ /P-185
— ডাঃ এম নুরুজ্জামান /P-185
— শ্রীমতী নার্গিস বেগম /P-185

Statement under Rule 346

made by — শ্রী সুব্রত মুখার্জী /PP-185-188

Report of Business Advisory Committee /P-188

Motion

by Dr. Partha Chatterjee /P-189

Legislation

The West Bengal Universities and Colleges

(Administration and regulation) Bill, 2017 /PP-189-211

Discussed by — শ্রী দিলীপ কুমার ঘোষ / PP-189-191
— ডঃ রবিরঞ্জন চট্টোপাধ্যায়/ PP-191-194
— শ্রী সমীর কুমার জানা / PP-194-197
— শ্রী ব্রজমোহন মজুমদার / PP-197-199
— ডঃ আশীষ ব্যানার্জী / PP-199-202

replied by – ডঃ পার্থ চ্যাটার্জী / PP-202-207

The West Bengal (Control of Expenditure)

(Amendment) Bill, 2017 /PP-211-214

Discussed by — ডঃ আশীষ ব্যানার্জী / PP-211-212

replied by – ডঃ পার্থ চ্যাটার্জী / PP-212-213

Date – 10.02.2017

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the Year 2017-2018 /P-215-241

Laying of Fiscal Policy Statement /P-242

Date – 13.02.2017

Starred Questions

(to which oral answers were given)

*২৪ — শ্রী সমীর কুমার জানা
— শ্রী শীলভদ্র দত্ত
— শ্রী সেখ শাহনাওয়াজ
— Shri Amar Singh Rai
— শ্রী কল্লোল খাঁ
— শ্রীমতী নার্গিস বেগম
— শ্রী অসিত মজুমদার
— শ্রী সত্তকত মোল্লা
— শ্রী দীপক কুমার হালদার
— শ্রী শ্রীকান্ত মাহাত
— শ্রী পার্থ ভৌমিক
— শ্রী পুলিন বিহারী রায়
— শ্রী তাপস কুমার সাহা
— শ্রী আব্দুল খালেক মোল্লা
— শ্রী শীতল কুমার সর্দার
— শ্রী বুলুচিক বরাইক

— শ্রী তমোনাশ ঘোষ
— শ্রীমতী বনশ্রী মাইতি
— শ্রীমতী রহিমা মন্ডল
— শ্রী সৌরভ চক্রবর্তী
— শ্রীমতী বৈশালী ডালমিয়া

replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-244-258

Starred Questions
(to which answers were laid on the 'Table')

*১৯ — শ্রী রফিকুল ইসলাম / PP-258-259
*২০ — শ্রী মানস মজুমদার / P-259
*২১ — শ্রী অসিত মিত্র / PP-259-260
*২৩ — শ্রীমতী শ্যামলী প্রধান / P-260
*২৫ — শ্রী সুজিত চক্রবর্তী / P-260
*২৭ — শ্রী সেক ইব্রাহিম আলি / P-260-261

Calling Attention /P-261

Mention Cases

Raised by — শ্রী সেখ শাহনাওয়াজ /P-262
— শ্রীমতী মিতালী রায় /P-262

General Discussion on Budget

Discussed by — শ্রী জুট লাহিড়ী / PP-262-265
— শ্রী স্নেহাশীষ চক্রবর্তী / PP-265-269
— শ্রী দিলীপ কুমার ঘোষ / PP-269-273
— শ্রী অসিত মজুমদার / PP-273-275
— শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা / PP-275-276
— শ্রীমতী ফিরদৌসী বেগম / PP-277-279
— শ্রীমতী নমিতা সাহা / PP-279-280
— শ্রী শ্রীকান্ত মাহাত / PP-280-283
— শ্রী অরূপ খাঁ / PP-283-285
— শ্রী সত্যজিৎ বিশ্বাস / PP-285-288

Date - 14.02.2017

Starred Questions

(to which oral answers were given)

*৩১ — শ্রী অসিত মজুমদার
— ডঃ রোহিত শর্মা
— শ্রীমতী রত্না ঘোষ কর
— শ্রী হিতেন বর্মন
— শ্রী অসীম কুমার মাঝি
— শ্রীমতী রহিমা মন্ডল
replied by — শ্রী শোভন চ্যাটার্জী / PP-289-293
*৩৩ — শ্রী সমীর কুমার জানা
— শ্রী জ্যোতির্ময় কর
— শ্রী কালিপদ মন্ডল
— শ্রী নবীনচন্দ্র বাগ
replied by — শ্রী সৌমেন কুমার মহাপাত্র / PP-293-296
*৩৫ — শ্রী সেখ শাহনাওয়াজ
— ডাঃ এম. নুরুজ্জামান
— শ্রী মানস মজুমদার
replied by — শ্রী সৌমেন কুমার মহাপাত্র/ PP-296-298
*৩৭ — শ্রী আব্দুল খালেক মোল্লা
— শ্রী তাপস রায়
— শ্রী পুলিনবিহারী রায়
— শ্রী শীলভদ্র দত্ত
replied by — শ্রী সাধন পান্ডে / PP-298-300
*৩৯ — শ্রী কল্লোল খাঁ
— শ্রী নির্মল ঘোষ
— Dr. Rohit Sharma
— শ্রী সমীর চক্রবর্তী
replied by — শ্রী মলয় ঘটক / PP-300-303
*৪১ — শ্রী কালিপদ মন্ডল
replied by — শ্রী মলয় ঘটক / PP-303-304

Starred Questions

(to which answers were laid on the 'Table')

*৩০ — শ্রী রফিকুল ইসলাম / PP-304-305
*৩২ — শ্রী অসিত মিত্র / P-305
*৩৪ — শ্রী মানস মুখার্জী / PP-305-306
*৩৬ — শ্রী রুনু দত্ত / PP-306-307
*৩৮ — শ্রী প্রদীপ কুমার সাহা / P-307
*৪০ — শ্রী সেক ইব্রাহিম আলি / P-307
*৪২ — শ্রীমতী তাপসী মন্ডল / P-308
*৪৩ — শ্রী হিতেন বর্মন / P-308
*৪৪ — ডঃ সুখবিলাস বর্মা / PP-308-309
*৪৫ — শ্রী মহসীন আলি / P-309
*৪৬ — শ্রী আনিসুর রহমান / PP-309-310
*৪৭ — শ্রীমতী জাহানারা খান / PP-310-311
*৪৮ — শ্রী অপূর্ব সরকার / P-311
*৪৯ — শ্রী রাম শঙ্কর হালদার / PP-311-313

Calling Attention (Statement)

Made by — ডঃ সৌমেন কুমার মহাপাত্র/ PP-314-315

Mention cases

Raised by— শ্রী আব্দুল খালেক মোল্লা / P-315
— শ্রীমতী মিতালি রায় / P-315
— ডাঃ এম. নুরুজ্জামান / P-315

General Discussion on Budget

Discussed by— শ্রী পরশ দত্ত / PP-316-319
— ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা / PP-319-323
— শ্রী সমীর কুমার জানা / PP-323-326
— ডঃ সৌরভ চক্রবর্তী / PP-326-329
— শ্রী সেখ শাহনাওয়াজ / PP-329-330
— শ্রীমতী রমা বিশ্বাস / PP-331-333
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-333-337

— শ্রী কল্লোল খাঁ / PP-337-339
— ডাঃ নির্মল মাঝি / PP-339-341
— শ্রী মনোজ টিগ্গা / PP-341-343
— শ্রীমতী নার্গিস বেগম / PP-343-344
— শ্রী শ্যামল মন্ডল / PP-344-346
— শ্রী সত্তকত মোল্লা / PP-346-348
— শ্রী খগেন মুর্মু / PP-348-350
— শ্রী শীতল কুমার সর্দার / PP-350-351
— শ্রী রমেন্দ্রনাথ বিশ্বাস / PP-351-353
— শ্রী আনিসুর রহমান / PP-353-356
— শ্রীমতী মিতালী রায় / PP-356-358
— শ্রীমতী রহিমা মন্ডল / PP-358-359
— Shri Ali Imran Ramz / PP-363-366
— শ্রী সুকুমার মাহাত / PP-366-368

Date : 15.02.2019

Starred Questions
(to which oral answers were given)

*৫১ — শ্রী সমীর কুমার জানা
— শ্রীমতী নার্গিস বেগম
— শ্রী অলোক কুমার মাঝি
— শ্রী জয়ন্ত নস্কর
— শ্রী সুকরা মুন্ডা
— শ্রী হিতেন বর্মন
— শ্রী অসিত মজুমদার
— শ্রী পুলিন বিহারী রায়
— শ্রী মানস মজুমদার
— শ্রী আব্দুল খালেক মোল্লা
— শ্রী দীপক কুমার হালদার
— শ্রী জুট লাহিড়ী
— শ্রী সুভাষ মন্ডল
— শ্রী ব্রজমোহন মজুমদার / PP-369-378

replied by — শ্রী শুভেন্দু অধিকারী
*৫৫ — শ্রী দেবেশ মন্ডল
— শ্রী কল্লোল খাঁ
— শ্রী গুলশন মল্লিক
— শ্রী মনোজ টিগ্গা
— শ্রী আব্দুর রহমান
— শ্রীমতী মিতালী রায়
— Shri Rohit Sharma
— শ্রী বিশ্বনাথ দাস / PP-378-382
replied by — শ্রী শুভেন্দু অধিকারী
*৫৩ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
— শ্রী জয়ন্ত নস্কর
— শ্রী অমর সিংহ রাই
replied by — শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-382-384

Starred Questions
(to which answers were laid on the 'Table')

*৫০ — শ্রী অসিত মিত্র / P-384
*৫২ — শ্রী বিশ্বনাথ চৌধুরী / P-385
*৫৪ — শ্রী নর্মদা চন্দ্র রায় / P-385
*৫৬ — শ্রী অশোক কুমার দিন্দা / P-385
*৫৭ — শ্রী রুনু দত্ত / PP-385-386
*৫৮ — শ্রী মিল্টন রশিদ / P-386
*৫৯ — শ্রী প্রদীপ কুমার সাহা / P-386
*৬০ — শ্রী সেক ইব্রাহিম আলি / PP-386-387

Consideration of the First Report of the Committee of Privileges (2016-2017) /P-387

Leave of Absence /P-388

Calling Attention (Notice) /P-388

Laying of Reports and Accounts /P-389

Mention Cases

Raised by — শ্রী সেখ শাহনাওয়াজ / P-389
— ডাঃ এম. নুরুজ্জামান / P-389

— শ্রীমতী মিতালি রায় / P-389
— শ্রীমতী নার্গিস বেগম / P-389
— শ্রী দুলাল মুর্মু / PP-389-390
— শ্রী শীলভদ্র দত্ত / P-390
— শ্রী বিশ্বজিৎ দাস / P-390
— শ্রী সমীর চক্রবর্তী / P-390
— শ্রীমতী মহুয়া মৈত্র / P-390
— শ্রী প্রদ্যুৎ কুমার ঘোষ / P-391
— শ্রী অশোক ভট্টাচার্য্য / P-391

Presentation of the Report of the B.A. Committee /PP-391-392

— by Mr. Speaker

General Discussion on Budget

Discussed by — শ্রী রাম শঙ্কর হালদার / PP-392-394
— শ্রী উদয়ন গুহ / PP-394-397
— শ্রী দীপক কুমার হালদার / PP-397-400
— শ্রী অশোক দিন্দা / PP-400-401
— শ্রীমতী মহুয়া মৈত্র / PP-401-404
— শ্রী সুজিত বসু / PP-404-407
— শ্রী সুজিত চক্রবর্তী / PP-407-408
— শ্রী ধীমান রায় / PP-408-410
— শ্রীমতী শ্যামলী প্রধান / PP-410-412
— শ্রী অর্ঘ্য রায় প্রধান / PP-412-415
— শ্রী স্বাধীন সরকার / PP-415-416
— শ্রী সমীর চক্রবর্তী / PP-416-419
— শ্রী রুনু দত্ত / PP-419-420
— শ্রীমতী বনশ্রী মাইতি / PP-420-422
— ডাঃ এম. নুরুজ্জামান / PP-422-424
— শ্রী ধীরেন্দ্রনাথ লায়েক / PP-424-426
— শ্রী হিতেন বর্মন / PP-426-428
— শ্রী আব্দুর রেজ্জাক / PP-428-429

— শ্রী রফিকুর রহমান / PP-430-431
— শ্রী বিশ্বজিৎ দাস / PP-431-433
— শ্রীমতী বীণা মন্ডল / PP-433-435
— শ্রীমতী জাহানারা খান / PP-435-437
— শ্রী সুকুমার দে / PP-437-439

Date : 16.02.2017

Held Over Starred Questions
(to which oral answers were given)

*৮ — শ্রী সমীর কুমার জানা
— শ্রী অসিত মজুমদার
— শ্রী চন্দ্রনাথ সিনহা / PP-441-443

Starred Questions
(to which oral answers were given)

*৬২ — শ্রীমতী ফিরোজা বেগম
— শ্রীমতী নার্গিস বেগম
— শ্রী আব্দুল খালেক মোল্লা
— শ্রী স্বপন কুমার বেলথারিয়া
— শ্রী বিশ্বজিৎ কুন্ডু
— শ্রী পুলিন বিহারী রায়
— শ্রী মইনুদ্দিন সামস
— শ্রী অলোক কুমার মাঝি
replied by — রাজীব ব্যানার্জী / PP-443-447
*৬৮ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
— শ্রী কালীপদ মন্ডল
— শ্রী সুজিত বসু
— শ্রী মানস মজুমদার
— ডাঃ নির্মল মাঝি / PP-447-451
replied by — রাজীব ব্যানার্জী
*৬৪ — শ্রী জয়ন্ত নস্কর
— শ্রীমতী সোনালী গুহ

— শ্রী অখিল গিরি
— শ্রী কল্লোল খাঁ
replied by — শ্রী গৌতম দেব / PP-451-455
*৬৬ — শ্রী সমীর কুমার জানা
*৭২ — শ্রী কালীপদ মন্ডল
replied by — শ্রী গৌতম দেব / PP-455-457
*৭০ — শ্রী শ্রীকান্ত মাহাত
replied by — শ্রী চূড়ামণি মাহাত / P-457

Starred Questions

(to which answers were laid on the 'Table')

*৬১ — শ্রী মানস মুখার্জী / PP-457-558
*৬৩ — শ্রীমতী শ্যামলী প্রধান / P-558
*৬৫ — শ্রী নর্মদা চন্দ্র রায় / P-558
*৬৭ — শ্রী প্রদীপ কুমার সাহা / PP-558-559
*৬৯ — শ্রী অসিত মিত্র / P-459
*৭১ — শ্রী সুখবিলাস বর্মা / PP-459-460
*৭৩ — শ্রী মহসীন আলি / P-460
*৭৪ — শ্রী হিতেন বর্মন/ P-460
*৭৫ — শ্রী নগেন্দ্র নাথ রায় / P-461
*৭৬ — শ্রী রুনু দত্ত / PP-461-462
*৭৭ — শ্রী অপূর্ব সরকার / P-462
*৭৮ — শ্রী আলবিরুনী জুলকারনাইন / PP-462-463
*৭৯ — শ্রী মোস্তাক আলম / P-463
*৮০ — শ্রী রামশঙ্কর হালদার / PP-463-464

Report to the House under Rule 233 /PP-464-465

Calling Attention (Notice) /P-466

Mention Cases

raised by — শ্রী আব্দুল খালেক মোল্লা / P-466
— শ্রী শীতল কুমার সর্দার / P-466
— শ্রী দীপক কুমার হালদার/ P-467

General Discussion on Budget

discussed by — অশোক ভট্টাচার্য্য / PP-467-471
— শ্রী নির্মল ঘোষ / PP-471-474
— শ্রী তমনাশ ঘোষ / PP-474-477
— Dr. Rohit Sharma / P-477-478
— শ্রী তাপস রায় / PP-478-482
— ডঃ সুজন চক্রবর্তী / PP-482-488

replied by — ডঃ অমিত মিত্র / PP-488-493

Budget of the Government of West Bengal for 2017-2018 /PP-494-506

Announcement regarding reallocation of Departments to the Standing Committees of West Bengal Legislative Assembly /PP-506-509

Discussion and voting on Demands for Supplementary Grants of the Government of West Bengal for the year 2016-2017 P/509-540

discussed by — শ্রী আনিসুর রহমান / PP-518-521
— শ্রী জ্যোতির্ময় কর / PP- 521/524
— শ্রী নগেন্দ্রনাথ রায় / P-524
— শ্রী পরশ দত্ত / PP-524-525
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-525-528

Date : 17.02.2017

Starred Questions

(to which oral answers were given)

*৮২ — অসিত মজুমদার
— শ্রী পুলিন বিহারী রায়
— শ্রীমতী সেলিমা খাতুন
— শ্রী বিশ্বজিৎ কুন্ডু
— শ্রীমতী নীলিমা নাগ (মল্লিক)
— শ্রী শীলভদ্র দত্ত
— শ্রীমতী নার্গিস বেগম
— শ্রী মানস মজুমদার

replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-541-545

*৮৪ — শ্রী তাপস কুমার সাহা
— শ্রীমতী নীলাবতী সাহা

— শ্রীমতী রত্না ঘোষ কর
— শ্রী জগদীশ চন্দ্র বর্মা বসুনীয়া
— শ্রী দুলাল মুর্মু
— শ্রী মইনুদ্দিন সামস
— শ্রী বাসুদেব মেটে
— শ্রী মনোজ টিগ্গা
replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-546-549
*৮৬ — ডাঃ সমীর কুমার জানা
— শ্রী নির্মল মাজি
— শ্রী অসীম কুমার মাঝি
— শ্রী দিনেন রায়
— শ্রী সুভাষ মন্ডল
replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-550-553
*৮৮ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
*৯০ — শ্রী দেবেশ মন্ডল
— শ্রী ফজল করিম মিঞা
*৯৪ — শ্রী কল্লোল খাঁ
*৯৬ — শ্রীমতী মহুয়া মৈত্র
replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-553-557

Starred Questions
(to which answers were laid on the 'Table')

*৮১ — শ্রী রফিকুল ইসলাম / P-557
*৮৩ — শ্রী অসিত মিত্র / PP-557-558
*৮৭ — শ্রী মানস মুখার্জী / P-558
*৮৯ — শ্রীমতী শ্যামলী প্রধান / PP-558-559
*৯১ — শ্রী নর্মদা চন্দ্র রায় / P-560
*৯২ — শ্রী শেখ শাহনাওয়াজ / PP-560-561
*৯৩ — শ্রীমতী প্রতিমা রজক / P-561
*৯৫ — শ্রী রুনু দত্ত / P-561
*৯৭ — শ্রী প্রদীপ কুমার সাহা / PP-561-562
*৯৮ — শ্রী সেক ইব্রাহিম আলি / P-562
*৯৯ — শ্রী অশোক ভট্টাচার্য্য / PP-562-563

Mention Cases

replied by— শ্রী শেখ শাহনাওয়াজ / P-563

— শ্রীমতী নার্গিস বেগম / P-563

Legislation

The West Bengal Finance Bill /PP-563-583

Discussed by — শ্রী সেখ আমজাদ হোসেন / PP-563-567

— শ্রী জ্যোতির্ময় কর / PP-567-571

— শ্রী প্রদীপ কুমার সাহা / PP-571-572

— শ্রী উজ্জ্বল বিশ্বাস / PP-572-575

— শ্রী শীলভদ্র দত্ত / PP-575-577

— শ্রী অশোক দিন্দা / PP-577-578

replied by — ডঃ অমিত মিত্র / PP-578-583

The West Bengal Appropriation Bill, 2017 /PP-584-593

Discussed by — শ্রীমতী তাপসী মন্ডল / PP-584-585

— শ্রী জ্যোতির্ময় কর / PP-585-587

— শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী / PP-587-588

— শ্রী কানাই চন্দ্র মন্ডল / PP-588-590

replied by — ডঃ অমিত মিত্র / PP-590-592

Date : 20.02.2017

Starred Questions

(to which oral answers were given)

*১০১ — শ্রী কল্লোল খাঁ

— শ্রী অখিল গিরি

— Dr. Rohit Sharma

— শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা

— শ্রীমতী নার্গিস বেগম

replied by — শ্রী জাভেদ আহমেদ খান / PP-595-604

*১০৩ — শ্রী সমীর কুমার পোদ্দার

— শ্রী শেখ শাহনাওয়াজ

— শ্রীমতী সেলিমা খাতুন

— শ্রী মনোজ টিগ্গা

— শ্রী জ্যোতির্ময় কর
— শ্রীমতী সোনালী গুহ
— শ্রীমতী বীণা মন্ডল
— শ্রী আব্দুর রহমান
— শ্রী নরেশ চন্দ্র বাউড়ি / PP-604-609

*১০৪ — শ্রী সৌরভ চক্রবর্তী

replied by — শ্রী অরূপ রায় / PP-609-610

Starred Questions
(to which answers were laid on the 'Table')

*১০০ — শ্রী অমিত মিত্র / PP-610-611

*১০২ — শ্রী সেক ইব্রাহিম আলি / P-611

Laying of Amendment to the Rules /PP-611-612

Laying of Accounts and Reports /PP-612

Mention Cases

raised by — শ্রী শেখ শাহনাওয়াজ / P-613
— শ্রী আব্দুল খালেক মোল্লা / P-613

Legislation

The East Kolkata Wetlands (Conservation and Management) (Amendment) Bill,2017 /PP-614-621

Discussed — শ্রী স্বর্ণ কমল সাহা / PP-615-618

replied by — শ্রী শোভন চট্টোপাধ্যায় / PP-618-620

Suspension of Rule 312 /PP-621-622

Business Transacted during forth session /PP-622-624

Closing of fourth session

Speech delivered by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-624-625
— শ্রী দিলীপ কুমার ঘোষ / PP-625-626
— শ্রী নির্মল ঘোষ / PP-626-627
— মিঃ ডেপুটি স্পীকার / P-627
— মিঃ স্পীকার / PP-627-629